75613
0014
CALCUTTA
CENTRAL
LIBRARY
UNIVERSITY

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুখ্য-কর্ম্মকিঙ্কর :—
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস., ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড এইচ (লণ্ডন)।
শ্রীহরেন্দ্র নাথ মণ্ডল, এম্. কম্।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত। ১৫ই পৌষ, ১৩৭৩।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সকালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

ওঁশ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌহাটি
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্‌বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্‌বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিত আর্য্যশাস্ত্রে

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

ষষ্ঠঃ স্কন্ধঃ

পণ্ডিতকুলতিলক-শ্রীযগেন্দ্রনাথশর্ম্মাদ্রিকৃতাধ্যয়সমলঙ্কৃতঃ।

পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতঃ

ষষ্ঠঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ

[অজামিলস্যোপাখ্যানম্, বিষ্ণুদূত-যমদূতয়োশ্চ সংবাদঃ।]

পরীক্ষিদুবাচ।

নিবৃত্তিমার্গঃ কথিত আদৌ ভগবতা যথা।
ক্রমযোগোপলক্ষেন ব্রহ্মণা যদসংসৃতিঃ ॥১
প্রবৃত্তিলক্ষণশ্চৈব ত্রৈগুণ্যবিষয়ো মুনে।
যোঽসাবলীনপ্রকৃতের্গুণসর্গঃ পুনঃ পুনঃ ॥২
অধর্মলক্ষণা নানা নরকাশ্চানুবর্ণিতাঃ।
মন্বন্তরঞ্চ ব্যাখ্যাত আদ্যঃ স্বায়ম্ভুবো যতঃ ॥৩
প্রিয়ব্রতোত্তানপদোর্বংশশ্চরিতানি চ।
দ্বীপ-বর্ষ-সমুদ্রাদ্রি-নদ্যুদ্যান-বনস্পতীন্ ॥৪
ধরামণ্ডলসংস্থানং ভাগলক্ষণমানতঃ।
জ্যোতিষাং বিবরাণাঞ্চ যথেদমসৃজদ্ বিভুঃ ॥৫

অন্বয়ঃ

শ্রীকৃষ্ণায় নমঃ। রাজা পরীক্ষিৎ উবাচ। আদৌ দ্বিতীয়ে তৃতীয়ে চ স্কন্ধে ভগবতা সর্বজ্ঞেন ত্বয়া যথা যথারং মদবোধায়-কূলতয়েন নিবৃত্তিমার্গঃ কথিতঃ। যৎ যেন মার্গেণ ক্রমযোগোপ-লক্ষেন (ক্রমেণ যোগঃ অর্চিরাদিপ্রাপ্তিঃ তেন উপলক্ষেন) ব্রহ্মণা সহ অসংসৃতিঃ মোক্ষঃ ভবতি ॥১

হে মুনে। অলীনপ্রকৃতেঃ (ন 'লীনা' ভগবদনুগ্রহং বিনা ন নিবৃত্তা প্রকৃতিঃ মায়া যস্য প্রাণিনঃ তস্য) পুনঃ পুনঃ গুণসর্গঃ (ভোগার্থং গুণকার্য্যদেহারম্ভঃ যস্মিন্ সঃ) ত্রৈগুণ্য-বিষয়ঃ (ত্রৈগুণ্যে স্বর্গাদিসুখম্ এব বিষয়ঃ প্রাপ্যং ফলং যস্য সঃ) যঃ অসৌ প্রবৃত্তিলক্ষণঃ মার্গঃ চৈব ত্বয়া কথিতঃ ॥২

অধর্মলক্ষণাঃ (অধর্মৈঃ লক্ষ্যন্তে দৃশ্যন্তে অনুভূয়ন্তে অথবা অধর্মং লক্ষয়ন্তি স্বকার্যতয়া জ্ঞাপয়ন্তি ইতি বা) নানাঃ বিবিধাঃ নরকাঃ পঞ্চমস্কন্ধান্তে চ অনুবর্ণিতাঃ, যতঃ যস্মিন্ স্বায়ম্ভুবঃ ব্রহ্মপুত্রঃ মনুঃ সঃ আদ্যঃ প্রথমঃ মন্বন্তরঃ চ ব্যাখ্যাতঃ ॥৩

প্রিয়ব্রতোত্তানপদোঃ বংশঃ ব্যাখ্যাতঃ, তদ্বংশচরিতানি চ ব্যাখ্যাতানি। বিভুঃ সর্বভুবনসমর্থঃ, পরমেশ্বরঃ দ্বীপাদীন্ যথা অসৃজৎ, তথা ব্যাখ্যাতম্ ॥৪

ভাগতঃ লক্ষণতঃ মানতঃ চ ধরামণ্ডল-সংস্থানং তথা জ্যোতিষাং সূর্য্যাদীনাং বিবরাণাং চ ইদং সংস্থানং যথা বিভুঃ অসৃজৎ, তথা ত্বয়া ব্যাখ্যাতম্ ॥৫

প্রথম অধ্যায়

[অজামিলের উপাখ্যান্, বিষ্ণুদূত ও যমদূতের সংবাদ।]

রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে মুনিবর! আপনি দ্বিতীয় স্কন্ধে যথাযথরূপে নিবৃত্তিমার্গের বর্ণন করিয়াছেন। উক্ত মার্গ অবলম্বনকারী পুরুষ ক্রমশঃ অর্চিঃ-প্রভৃতি লোক অতিক্রমপূর্বক ব্রহ্মার নিকট উপস্থিত হইয়া যথাকালে তাঁহার সহিত মুক্তি লাভ করেন।১

ইহার পর আপনি তৃতীয় স্কন্ধে—যে পুরুষের প্রকৃতির সৃষ্টিপ্রবৃত্তি লয় প্রাপ্ত হয় নাই, তাহার সম্বন্ধে ত্রিগুণময় স্বর্গাদি সুখলাভের উপযোগী প্রবৃত্তিমার্গের ব্যাখ্যা করিয়াছেন। এই প্রবৃত্তি-মার্গ অবলম্বনকারী পুরুষের বিষয়ভোগের জন্য বারবার দেহসৃষ্টি হইয়া থাকে।২

এইরূপ, অধর্মের ফলস্বরূপ নানাপ্রকার নরক-সমূহেরও বর্ণন করিয়াছেন এবং মন্বন্তরের ব্যাখ্যা করিয়াছেন। স্বায়ম্ভুব মন্বন্তর উহার মধ্যে প্রথম।৩

আর, আপনি প্রিয়ব্রত ও উত্তানপাদের বংশ ও তাঁহাদের চরিতসমূহ বর্ণন করিয়াছেন এবং বিধাতা দ্বীপ, বর্ষ, সমুদ্র, পর্বত, নদী, উদ্যান, বৃক্ষ, ভূমণ্ডল, জ্যোতিষ্কসমূহ ও সপ্ত পাতাল যেরূপে সৃষ্টি করিয়াছেন, তাহাদের আকৃতিবিশেষও বিভাগ, লক্ষণ ও পরিমাণানুসারে যথাযথ ব্যাখ্যা করিয়াছেন। ৪—৫

অধুনেহ মহাভাগ যথৈব নরকান্নরঃ।
নানোগ্রযাতনান্ নেয়াৎ তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥৬

শ্রীশুক উবাচ।

ন চেদিহৈবাপচিতিং যথাংহসঃ
কৃতস্য কুর্য্যাম্মন-উক্তি-পাণিভিঃ।
ধ্রুবং স বৈ প্রেত্য নরকানুপৈতি
যে কীর্ত্তিতা মে ভবতস্তিগ্মযাতনাঃ ॥৭
তস্মাৎ পুরৈবাম্বিহ পাপনিষ্কৃতৌ
যতেত মৃত্যোরবিপদ্যতাত্মনা।
দোষস্য দৃষ্ট্বা গুরুলাঘবং যথা
ভিষক্ চিকিৎসেত রুজাং নিদানবিৎ ॥৮

রাজোবাচ।

দৃষ্ট-শ্রুতাভ্যাং যৎ পাপং জানন্নপ্যাত্মনোঽহিতম্।
করোতি ভূয়ো বিবশঃ প্রায়শ্চিত্তমথো কথম্ ॥৯
কচিন্নিবর্ত্ততেঽভদ্রাৎ কচিচ্চরতি তৎ পুনঃ।
প্রায়শ্চিত্তমথোঽপার্থং মন্যে কুঞ্জরশৌচবৎ ॥১০

অধুনা নানোগ্রযাতনান্ (নানাঃ অনেকবিধাঃ উগ্রাঃ তীব্রাঃ যাতনাঃ বেদনাঃ যেষু তান্) নরকান্ ইহ জীবসমূহে নরঃ পাপিজনঃ অপি যথা নানোপায়েন ন এব ইয়াৎ গচ্ছেৎ, হে মহাভাগ! অধুনা মে মহ্যং তৎ ব্যাখ্যাতুম্ অর্হসি ॥৬

শ্রীশুকঃ উবাচ। ইহ জন্মনি মন-উক্তি-পাণিভিঃ মনো-বাক্-কায়ৈঃ ব্যস্তৈঃ সমস্তৈঃ বা কৃতস্য অংহসঃ পাপস্য, ইহৈব জন্মনি যথা যথাবৎ শাস্ত্রনিয়মেন চেৎ যদি অপচিতিঃ প্রায়শ্চিত্তং ন কুর্য্যাৎ, তদা সঃ পাপী প্রেত্য মৃত্বা, যে ময়া ভবতঃ কীর্ত্তিতাঃ যে তিগ্মযাতনাঃ (তিগ্মাঃ যাতনাঃ যেষু তে) নরকান্ বৈ ঈপতি প্রাপ্নোতি ॥৭

তস্মাৎ তস্মাৎ রোগাণাং, নিদানবিৎ (নিদানং কারণং বেত্তি যঃ) ভিষক্ বৈদ্যঃ দোষস্য গুরুলাঘবং মহত্বম্ অল্পত্বং চ দৃষ্ট্বা বিচার্য্য যথা চিকিৎসেত, তথা দোষস্য পাপস্য, গুরুলাঘবং বিচার্য্য, মৃত্যোঃ পুরা অবিপদ্যতা অক্ষীয়মাণেন আত্মনা পাপনিষ্কৃতৌ প্রায়শ্চিত্তে ইহ অস্মিন্ জন্মনি এব আশু শীঘ্রম্ এব যতেত ॥৮

রাজা পরীক্ষিৎ উবাচ। দৃষ্টশ্রুতাভ্যাং (দৃষ্টং রাজদণ্ড-লোক-নিন্দাদি, শ্রুতং নরকপাতাদি তাভ্যাং) পাপম্ আত্মনঃ অহিতম্ অনিষ্টং জানন্ অপি যৎ যস্মাৎ বিবশঃ, তদ্বাসনাধীনঃ সন্ ভূয়ঃ প্রায়শ্চিত্তানন্তরং পাপং করোতি, অথ তস্মাৎ কারণাৎ প্রায়শ্চিত্তং কথং (তেন সমূলদোষনিবৃত্তৌ পুনঃ পাপপ্রবৃত্ত্যসম্ভবাৎ ন তেন সমূলপাপনিবৃত্তিঃ ইতি) ॥৯

যস্মাৎ ক্বচিৎ কদাচিৎ অভদ্রাৎ পাপং নিবর্ত্ততে, ক্বচিৎ

হে মহাভাগ! মানুষ যাহাতে নানারূপ তীব্র যাতনাময় নরকসমূহে গমন না করে, সম্প্রতি আপনি আমার নিকট তাহা ব্যাখ্যা করুন ॥৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মানব যদি ইহলোকেই নিজ মন, বাক্য ও শরীর দ্বারা অনুষ্ঠিত পাপের যথাবিধি প্রায়শ্চিত্ত না করে, তাহা হইলে সে মৃত্যুর পর—আমি পূর্বে তীব্র যাতনাময় যে সকল নরকের কথা বলিয়াছি, সে সকল নরকে নিশ্চয়ই গমন করে ॥৭

রোগের মূলকারণবিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন চিকিৎসক যেরূপ রোগসমূহের মূলীভূত দোষসমূদয়ের গুরুত্ব লঘুত্ব বিবেচনাপূর্বক যথোচিত চিকিৎসা করেন, সেরূপ মানবও মৃত্যুর পূর্বেই সুস্থ দেহেই ইহলোকে অতি সত্বর—কৃত পাপের নিষ্কৃতির জন্য (পাপের গুরুত্ব লঘুত্ব অনুসারে) যথোচিত প্রায়শ্চিত্তসম্পাদনে যত্নবান্ হইবে ॥৮

রাজা প্রশ্ন করিলেন—হে মুনিবর! পাপ করিলে রাজদণ্ড এবং নরক প্রাপ্তি ঘটে—এইরূপে প্রত্যক্ষ এবং শাস্ত্রদ্বারা পাপকে নিজের অহিতকর জানিতে পারিলেও মানুষ প্রায়শ্চিত্তের পরও পুনরায় যেন পাপের বশীভূত হইয়াই পাপানুষ্ঠান করে। এ অবস্থায় তাহার কিরূপ প্রায়শ্চিত্ত হইল? ৯

প্রায়শ্চিত্তের পর মানুষ কখনও পাপ হইতে

শ্রীবাদরায়ণিরুবাচ।

কর্ম্মণা কর্ম্মনির্হারো ন হ্যাত্যন্তিক ইষ্যতে।
অবিদ্বদধিকারিত্বাৎ প্রায়শ্চিত্তং বিমর্শনম্ ॥১১
নাশ্নতঃ পথ্যমেবান্নং ব্যাধয়োঽভিভবন্তি হি।
এবং নিয়মকৃদ্ রাজন্ শনৈঃ ক্ষেমায় কল্পতে ॥১২

কালান্তরে পুনঃ তদেব আচরতি; অথ তস্মাৎ প্রায়শ্চিত্তং কুঞ্জরশৌচবৎ (যথা কুঞ্জরঃ স্নাতোঽপি রজোভিঃ আত্মানং মলিনীকরোতি তথা) অপার্থং ব্যর্থম্ অহং মন্যে ॥১০

শ্রীবাদরায়ণিঃ উবাচ। কর্ম্মণা কৃচ্ছ্রপ্রায়শ্চিত্তাদিনা কর্ম্মণঃ পাপস্য নির্হারঃ নাশঃ আত্যন্তিকঃ সমূলঃ ন হি ইষ্যতে; যতঃ অবিদ্বদধিকারিত্বাৎ (অবিদ্বান্ এব অধিকারী যস্মিন্ প্রায়শ্চিত্তে তস্য ভাবঃ তত্ত্বং তস্মাৎ) প্রায়শ্চিত্তং তু বিমর্শনম্ আত্ম-সাক্ষাৎকারলক্ষণম্ এব ॥১১

পথ্যম্ এব অন্নম্ অশ্নতঃ পুরুষান্ যথা ব্যাধয়ঃ ন অভি-ভবন্তি ন বাধন্তে কিন্তু শনৈঃ শনৈঃ নিবর্ত্তন্তে, এবং হি নিয়মকৃৎ নিয়মেন তপ-আদিকর্ত্তা শনৈঃ শনৈঃ হে রাজন্! ক্ষেমায় আত্মতত্ত্বসাক্ষাৎকারায় কল্পতে সমর্থো ভবতি ॥১২

নিবৃত্ত হয়, কখনও বা পুনরায় উক্ত পাপকর্ম্মের অনুষ্ঠান করে। অতএব উক্ত প্রায়শ্চিত্তকে আমি হস্তীর স্নানের ন্যায় নিরর্থকই মনে করি।১০

শ্রীশুকদেব বলিলেন—চান্দ্রায়ণব্রতপ্রভৃতি কর্ম্মরূপ প্রায়শ্চিত্ত দ্বারা পাপকর্ম্মের সমূলে বিনাশ হয় না। কারণ, অবিদ্বান্ পুরুষগণই কর্ম্মরূপ প্রায়শ্চিত্তের অধিকারী বলিয়া তাহাদের অবিদ্যা বিনষ্ট না হওয়ায় প্রায়শ্চিত্ত দ্বারা তৎকালে পাপ নষ্ট হইলেও অবিদ্যামূলক সংস্কারবশতঃ পুনরায় পাপকর্ম্মে প্রবৃত্তি হয়। অতএব জ্ঞানই পাপের মুখ্য প্রায়শ্চিত্ত (যেহেতু, জ্ঞানদ্বারা অবিদ্যার মূলোচ্ছেদ ঘটিলে পুনরায় পাপ-প্রবৃত্তি জন্মিতে পারে না)।১১

হে রাজন্! যে ব্যক্তি হিতকর অন্ন ভোজন করে, তাহাকে যেরূপ রোগসমূহ অভিভূত করিতে

তপসা ব্রহ্মচর্য্যেণ শমেন চ দমেন চ।
ত্যাগেন সত্য-শৌচাভ্যাং যমেন নিয়মেন বা ॥১৩
দেহ-বাগ্-বুদ্ধিজং ধীরা ধর্ম্মজ্ঞাঃ শ্রদ্ধয়ান্বিতাঃ।
ক্ষিপন্ত্যঘং মহদপি বেণুগুল্মমিবানলঃ ॥১৪
কেচিৎ কেবলয়া ভক্ত্যা বাসুদেবপরায়ণাঃ।
অঘং ধুন্বন্তি কার্ৎস্ন্যেন নীহারমিব ভাস্করঃ ॥১৫

তপসা একাদশ্যুপবাসাদিনা, ব্রহ্মচর্য্যেণ উপকুর্ব্বাণব্রহ্মচর্য্যেণ, শমেন মনসঃ নিয়মেন, দমেন বাহ্যেন্দ্রিয়াণাং নিগ্রহেণ, ত্যাগেন অন্নাদিদানেন, সত্যেন যথার্থভাষণেন, শৌচেন স্নানাদিনা দমেন অহিংসাদিনা, নিয়মেন জপার্চ্চনাদিনা বা ॥১৩

এবং সাধনাভ্যাসেন ধীরাঃ সর্ব্বতঃ বিরক্তাঃ ধর্ম্মজ্ঞাঃ জ্ঞাতধর্ম্মরহস্যাঃ (গুরুবেদান্তবাক্যেষু) শ্রদ্ধান্বিতাঃ জনাঃ অনলঃ যথা বেণুগুল্মং দহতি, তথা দেহ-বাগ্-বুদ্ধিজং মহৎ অপি অঘং পাপং ক্ষিপন্তি নাশয়ন্তি ॥১৪

অহো! ভাস্করঃ যথা নীহারং বিনাশয়তি, তথা বাসুদেব-পরায়ণাঃ (বাসুদেবঃ এব পরম্ অয়নম্ আশ্রয়ঃ যেষাং তে) কেচিৎ জনাঃ কেবলয়া ভক্ত্যা এব অঘং কার্ৎস্ন্যেন সমূলং ধুন্বন্তি বিনাশয়ন্তি ॥১৫

পারে না, সেরূপ যিনি নিয়মপরায়ণ, তিনিই ক্রমশঃ তত্ত্বজ্ঞানরূপ পরমমঙ্গললাভে সমর্থ হন।১২

অগ্নি যেরূপ বৃহৎ বেণুগুল্ম অর্থাৎ বাঁশবনকেও দগ্ধ করে, সেইরূপ ধর্ম্মজ্ঞ ও শ্রদ্ধাযুক্ত বিদ্বান্ ব্যক্তিগণ মনের একাগ্রতারূপ তপস্যা, ব্রহ্মচর্য্য, শম অর্থাৎ মনঃসংযম, দম অর্থাৎ বাহ্য ইন্দ্রিয়বর্গের নিয়ন্ত্রণ, দান, সত্য, শৌচ, অহিংসা প্রভৃতি যম এবং জপ প্রভৃতি নিয়ম দ্বারা—দেহ, বাক্য ও বুদ্ধিদ্বারা অর্জ্জিত মহৎ পাপকেও বিনষ্ট করেন। ১৩-১৪

(জ্ঞানরূপ পূর্ব্বোক্ত মুখ্য প্রায়শ্চিত্ত অতি দুঃসাধ্য বলিয়া অপর একটি মুখ্য প্রায়শ্চিত্ত বলিতেছেন) সূর্য্য যেরূপ কুজ্ঝটিকা দূর করেন, তদ্রূপ ভগবান্ শ্রীহরির একান্ত শরণাগত কোন কোন ব্যক্তিগণ তপস্যাদি নিরপেক্ষা কেবল ভক্তিদ্বারাই পাপরাশিকে সম্পূর্ণভাবে দূরীভূত করেন।১৫

ন তথা হ্যঘবান্ রাজন্ পূয়েত তপ-আদিভিঃ।
যথা কৃষ্ণার্পিতপ্রাণস্তৎপুরুষনিষেবয়া ॥১৬
সন্নীচীনো হ্যয়ং লোকে পন্থাঃ ক্ষেমোঽকুতোভয়ঃ।
সুশীলাঃ সাধবো যত্র নারায়ণপরায়ণাঃ ॥১৭
প্রায়শ্চিত্তানি চীর্ণানি নারায়ণপরাঙ্মুখম্।
ন নিষ্পুনন্তি রাজেন্দ্র সুরাকুম্ভমিবাপগাঃ ॥১৮
সকৃন্মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো—
নিবেশিতং তদ্গুণরাগি যৈরিহ।
ন তে যমং পাশভৃতশ্চ তদ্ভটান্
স্বপ্নেঽপি পশ্যন্তি হি চীর্ণনিষ্কৃতাঃ ॥১৯
অত্র চোদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
দূতানাং বিষ্ণুযময়োঃ সংবাদস্তং নিবোধ মে ॥২০
কান্যকুব্জে দ্বিজঃ কশ্চিদ্দাসীপতিরজামিলঃ।
নাম্না নষ্টসদাচারো দাস্যাঃ সংসর্গদূষিতঃ ॥২১

হে রাজন্! তৎপুরুষনিষেবয়া (তৎপুরুষাঃ কৃষ্ণভক্তাঃ তেষাং নিরন্তরং সেবয়া) কৃষ্ণার্পিতপ্রাণঃ কৃষ্ণে অর্পিতাঃ (কৃষ্ণবিষয়েভ্যঃ) পরাবর্ত্য তদ্ভজনোন্মুখীকৃতাঃ প্রাণাঃ ইন্দ্রিয়াণি যেন তথাবিধঃ সন্ পূর্ব্বম্ অঘবান্ মহাপাতকী অপি যথা পূয়েত শুধ্যেৎ, তথা তপস্যাদিভিঃ ন পূয়েত ॥১৬

অয়ং ভক্তিমার্গঃ এব হি লোকে সন্নীচীনঃ সমীচীনঃ অকুতোভয়ঃ (ন কুতশ্চিৎ বিঘ্নাদেঃ ভয়ং যস্মিন্ সঃ) ক্ষেমঃ নরকাদিসর্ব্বদুঃখতঃ রক্ষকঃ পন্থাঃ; যত্র মার্গে (সহায়ীকৃতাঃ) নারায়ণপরায়ণাঃ সুশীলাঃ সাধবঃ সন্তি ॥১৭

হে রাজেন্দ্র! আপগাঃ নদ্যঃ যথা সুরাকুম্ভং ন নিষ্পুনন্তি, তথা চীর্ণানি আচরিতানি প্রায়শ্চিত্তানি নারায়ণ-পরাঙ্মুখং জনং ন নিষ্পুনন্তি ॥১৮

তদ্গুণরাগি (তস্য কৃষ্ণস্য গুণেষু লীলাসু রাগমাত্রম্ অস্তি নতু তত্তজ্ঞানং যস্য তথাভূতং) যৈঃ যৈঃ প্রাণিভিঃ ইহ সংসারে কৃষ্ণপদারবিন্দয়োঃ সকৃৎ একবারম্ অপি নিবেশিতং বলাৎ স্থাপিতং, চীর্ণনিষ্কৃতং (চীর্ণং কৃতং সর্ব্ব-পাপপ্রায়শ্চিত্তং যৈঃ তে তথাভূতাঃ) এব তে স্বপ্নে অপি যমং পাশভৃতঃ তদ্ভটান্ যমদূতান্ চ হি নিশ্চিতং ন পশ্যন্তি ॥১৯

অত্র তত্রোক্তঃ নামপাপনাশকত্বে বিষ্ণু-যময়োঃ দূতানাং সংবাদং পুরাতনম্ ইমং বক্ষ্যমাণম্ ইতিহাসং পুরাবিদঃ উদাহরন্তি দৃষ্টান্তেন বর্ণয়ন্তি; তৎ মে মতঃ তৎ নিবোধ জানীহি ॥২০

কান্যকুব্জে পুরে নাম্না অজামিলঃ (অজয়া অবিদ্যয়া মিলঃ মিলনং জ্ঞানচক্ষুঃ তিরোভাবঃ চ যস্য তথাবিধঃ) অতঃ দাসীপতিঃ দাস্যাঃ সংসর্গেণ দূষিতঃ মোহিতচিত্তঃ; অতঃ নষ্টঃ সদাচারঃ সন্ধ্যাবন্দনাদিলক্ষণঃ আচারঃ যস্য সঃ তাদৃশঃ

(ইহা জ্ঞানমার্গ অপেক্ষাও শ্রেষ্ঠ—ইহাই বলিতেছেন) ভগবদ্ভক্তের সেবার প্রভাবে যিনি ভগবান্ শ্রীকৃষ্ণে নিজ প্রাণ সমর্পণ করেন, তিনি যেরূপ পবিত্র হন, হে রাজন্! পাপী ব্যক্তি তপস্যাদি-দ্বারা সেরূপ পবিত্র হইতে পারে না।১৬

কৃপালু ও নিষ্কাম ভগবৎপরায়ণ মহাপুরুষগণ এই ভক্তিমার্গে একনিষ্ঠ রহিয়াছেন, অতএব এই মার্গ সর্বতোভাবে নির্ভয় ও সমীচীন।১৭

হে মহারাজ! নদীসমূহ যেরূপ সুরাভাণ্ডকে শুদ্ধ করিতে পারে না, তদ্রূপ অনুষ্ঠিত প্রায়শ্চিত্ত-সমূহও ভগবদ্বিমুখ অশুদ্ধ ব্যক্তিকে সম্পূর্ণভাবে শুদ্ধ করে না।১৮

যাঁহারা ভগবান্ শ্রীকৃষ্ণের পাদপদ্মযুগলে তদীয়-গুণানুরাগী নিজ চিত্তকে একবারমাত্রও নিবিষ্ট করিতে সমর্থ হইয়াছেন, তাঁহারা স্বপ্নেও পাপকর্মের দণ্ডদাতা যমরাজ এবং বন্ধনরজ্জুধারী তাঁহার অনুচরগণকে দর্শন করেন না। যেহেতু ভগবৎ-পাদপদ্মে মনোনিবেশ দ্বারাই তাঁহাদের সকল পাপের প্রায়শ্চিত্ত অনুষ্ঠিত হইয়াছে।১৯

হে রাজন্! এ বিষয়ে প্রাচীন পণ্ডিতগণ বিষ্ণু-দূত ও যমদূতের সংবাদরূপ যে পুরাতন ইতিহাস দৃষ্টান্তরূপে বর্ণন করেন, আপনি আমার নিকট তাহা শ্রবণ করুন।২০

কান্যকুব্জ নগরে দাসীপতি অজামিলনামক এক

বন্ধ্যৈঃ কৈতবৈশ্চৌর্য্যৈর্গর্হিতাং বৃত্তিমাশ্রিতঃ।
বিভ্রৎ কুটুম্বমশুচির্যাতয়ামাস দেহিনঃ ॥২২
এবং নিবসতস্তস্য লালয়ানস্য তৎব্রতান্
কালোঽত্যগাম্মহান্ রাজন্নষ্টাশীত্যায়ুষঃ সমাঃ ॥২৩
তস্য প্রবয়সঃ পুত্রা দশ তেষাস্তু যোঽবমঃ।
বালো নারায়ণো নাম্না পিত্রোশ্চ হৃদয়ং দয়িতো ভৃশম্ ॥২৪

স বদ্ধহৃদয়স্তস্মিন্নর্ভকে কলভাষিণি।
নিরীক্ষমাণস্তল্লীলাং মুমুদে জরঠো ভৃশম্ ॥২৫
ভুঞ্জানঃ প্রপিবন্ খাদন্ বালকং স্নেহযন্ত্রিতঃ।
ভোজয়ন্ পায়য়ন্ মূঢ়ো ন বেদাগতমন্তকম্ ॥২৬
স এবং বর্তমানোঽজ্ঞো মৃত্যুকাল উপস্থিতে।
মতিঞ্চকার তনয়ে বালে নারায়ণাহ্বয়ে ॥২৭

এবম্বৃত্তঃ কশ্চিৎ দ্বিজঃ আসীৎ ॥২১

বন্ধ্যৈঃ (বন্ধ্যা ইহেন, অন্যৈঃ দ্যূতৈঃ) কৈতবৈঃ বঞ্চনাদিভিঃ, চৌর্য্যৈঃ পরস্বাপহারৈঃ চ গর্হিতাং নিন্দিতাং বৃত্তিং জীবিকাম্ আশ্রিতঃ, অতএব অশুচিঃ সন্ কুটুম্বং বিভ্রৎ পুষ্ণন্ দেহিনঃ প্রাণিনঃ যাতয়ামাস পীড়য়ামাস ॥২২

এবং দুরাচারেণ নিবসতঃ বর্তমানস্য, তথা তৎ তস্যাঃ দাস্যাঃ সুতান্ লালয়ানস্য তস্য অজামিলস্য, হে রাজন্! আয়ুষঃ অষ্টাশীত্যা সংখ্যয়া গণ্যাঃ সমাঃ সংবৎসরাঃ, মহান্ কালঃ অত্যগাৎ ॥২৩

অস্য প্রবয়সঃ বৃদ্ধস্য অপি দশ পুত্রাঃ জাতাঃ; তেষু যঃ অবমঃ কনিষ্ঠঃ নাম্না নারায়ণঃ, স পিত্রোঃ মাতুঃ পিতুঃ চ ভৃশম্ অত্যন্তং দয়িতঃ প্রিয়শ্চ আসীৎ ॥২৪

সঃ জরঠঃ বৃদ্ধঃ অপি তস্মিন্ কলভাষিণি মধুরবাবে, অর্ভকে বালে, বদ্ধহৃদয়ঃ (বদ্ধং হৃদয়ং যেন সঃ) তস্য লীলাং বালচেষ্টাং নিরীক্ষমাণঃ ভৃশং মুমুদে ॥২৫

সঃ মূঢ়ঃ মায়ামোহিতচিত্তঃ অজামিলঃ বালকে স্নেহেন যন্ত্রিতঃ নিবদ্ধহৃদয়ঃ এব স্বয়ং ভুঞ্জানঃ প্রপিবন্ খাদন্ চর্ব্বয়ন্, তং বালকম্ অপি ভোজয়ন্ পায়য়ন্ চ বর্তমানঃ আগতম্ অন্তকং মৃত্যুং ন বেদ ॥২৬

এবং বর্তমানঃ অজ্ঞো মূঢ়ঃ সঃ অজামিলঃ মৃত্যুকালে উপস্থিতে সতি নারায়ণাহ্বয়ে বালে তনয়ে মতিং চকার তৎস্মরণং চকার ॥২৭

ব্রাহ্মণ দাসীর সংসর্গে দূষিত হইয়া সদাচারহীন হইয়াছিল।২১

পণ রাখা, দ্যূতক্রীড়ার আচরণ, বঞ্চনা ও চৌর্য্যাদিরূপ নিন্দনীয় বৃত্তি আশ্রয় করিয়া কুটুম্ববর্গের ভরণপোষণে রত সেই কদাচার ব্রাহ্মণ লোকসমূহকে উৎপীড়িত করিত।২২

হে মহারাজ! এইরূপ দুষ্কর্মসহকারে দাসীর গর্ভজাত নিজ পুত্রগণকে পালন করিতে করিতে সেই ব্রাহ্মণের অষ্টাশীতি বৎসররূপ দীর্ঘ আয়ুষ্কাল অতিবাহিত হইয়াছিল।২৩

সেই বৃদ্ধ ব্রাহ্মণের দশটি পুত্র হইয়াছিল, তাহাদের মধ্যে কনিষ্ঠ পুত্রটির নাম নারায়ণ এবং সে পিতা-মাতার অতি প্রিয় ছিল।২৪

বৃদ্ধ অজামিলের চিত্ত মধুরভাষী সেই কনিষ্ঠ শিশুপুত্রের প্রতি একান্ত আসক্ত ছিল এবং সে তাহার বালকোচিত ক্রীড়াদি দর্শনে অতিশয় প্রীতি লাভ করিত।২৫

স্নেহাবদ্ধ অজামিল ভোজনকালে স্বয়ং পান ভোজনে রত হইয়া পুত্র নারায়ণকেও পান ভোজন করাইত। এইরূপে পুত্রগতপ্রাণ বৃদ্ধ এমনই মোহগ্রস্ত হইয়াছিল যে, মরণ নিকটবর্তী হইলেও সে তাহা বুঝিতে পারে নাই।২৬

এইরূপে কালযাপন করিতে করিতে সেই অজ্ঞ ব্রাহ্মণ নিজ মৃত্যুকাল উপস্থিত হইলে কনিষ্ঠ পুত্র নারায়ণের প্রতিই সর্বতোভাবে মনোনিবেশ করিয়াছিল।২৭

স পাশহস্তাংস্ত্রীন্ দৃষ্ট্বা পুরুষানতিদারুণান্।
বক্রতুণ্ডানূর্দ্ধরোম্ন আত্মানং নেতুমাগতান্ ॥২৮
দূরে ক্রীড়নকাসক্তং পুত্রং নারায়ণাহ্বয়ম্।
প্রাবিতেন স্বরেণোচ্চৈরাজুহাবাকুলেন্দ্রিয়ঃ ॥২৯
নিশম্য ম্রিয়মাণস্য মুখতো হরিকীর্ত্তনম্।
ভর্ত্তুর্নাম মহারাজ পার্ষদাঃ সহসাপতন্ ॥৩০
বিকর্ষতোঽন্তর্হৃদয়াদ্দাসীপতিমজামিলম্।
যমপ্রেষ্যান্ বিষ্ণুদূতা বারয়ামাসুরোজসা ॥৩১

বক্রাণি তুণ্ডানি মুখানি যেষাং তান্, ঊর্দ্ধানি রোমাণি যেষাং তান্, পাশহস্তান্ অতি দারুণান্ ত্রীন্ পুরুষান্ আত্মানং নেতুম আগতান্ দৃষ্ট্বা ॥২৮

আকুলেন্দ্রিয়ঃ সঃ দূরে ক্রীড়নকাসক্তং নারায়ণাহ্বয়ং পুত্রং প্রাবিতেন দ্রুতং নীতেন, স্বরেণ উচ্চৈঃ আজুহাব ॥২৯

ম্রিয়মাণস্য মুখতঃ (পুত্রস্নেহাৎ নারায়ণ ইতি) ভর্ত্তুঃ স্বামিনঃ নারায়ণং নাম নিশম্য শ্রুত্বা তস্য তং হরিকীর্ত্তনং মত্বা হে মহারাজ ! ভগবতঃ পার্ষদাঃ সহসা ঝটিতি আপতন্ আযযুঃ ॥৩০

অন্তর্হৃদয়াৎ দাসীপতিম্ অজামিলং বিকর্ষতঃ নিঃসারয়তঃ, যমস্য প্রেষ্যান্ দূতান্ বিষ্ণুদূতাঃ ওজসা বলাৎকারেণ, বারয়ামাসুঃ ॥৩১

উচুর্নিষেধিতাস্তাংস্তে বৈবস্বতপুরঃসরাঃ।
কে যূয়ং প্রতিষোদ্ধারো ধর্মরাজস্য শাসনম্ ॥৩২
কস্য বা কুত আয়াতাঃ কস্মাদস্য নিষেধথ।
কিং দেবা উপদেবা বা যূয়ং কিং সিদ্ধসত্তমাঃ ॥৩৩
সর্ব্বে পদ্মপলাশাক্ষাঃ পীতকৌশেয়বাসসঃ।
কিরীটিনঃ কুণ্ডলিনো লসৎপুষ্করমালিনঃ ॥৩৪
সর্ব্বে চ নূত্নবয়সঃ সর্ব্বে চারুচতুর্ভুজাঃ।
ধনুর্নিষঙ্গাসি-গদা-শঙ্খ-চক্রাম্বুজশ্রিয়ঃ ॥৩৫

তদা তে বৈবস্বতপুরঃসরাঃ (বৈবস্বতস্য যমস্য পুরঃসরাঃ কৃত্যাঃ এবং নিষেধিতাঃ সন্তঃ ধর্ম্মরাজস্য (ধর্ম্মাধর্ম্মনির্ণেতুঃ যমরাজস্য) শাসনম্ আজ্ঞাং, প্রতি যোদ্ধারঃ যূয়ং কে ইতি তান্ ভগবৎপার্ষদান্ প্রতি ঊচুঃ ॥৩২

কস্য কৃত্যাঃ কুতঃ বা যূয়ং আগতাঃ ; কস্মাৎ হেতোঃ অস্য নয়নং নিষেধথ, যূয়ং কিং দেবাঃ ঔপদেবাঃ যক্ষগন্ধর্ব্বাদয়ঃ কিংবা সিদ্ধসত্তমাঃ শ্রেষ্ঠাঃ বা ॥৩৩

পদ্মপলাশাক্ষাঃ (পদ্মপলাশবৎ অক্ষিণী যেষাং তে পীতে কৌশেয়ে বাসসী যেষাং তে) কিরীটিনঃ কুণ্ডলিনঃ লসৎপুষ্কর-মালিনঃ (লসন্ত্যঃ শোভমানাঃ পুষ্করমালাঃ সন্তি যেষাং তে) তথা যূয়ং যূয়ন্তে ॥৩৪

সর্ব্বে নূত্নবয়সঃ (নূত্নং নবং বয়ঃ যেষাং তে) চারবঃ চত্বারঃ

তৎকালে অজামিল নিজকে লইয়া যাইবার জন্য আগত, অতিভয়ঙ্কর, বক্রমুখ, উন্নত রোমধারী ও পাশহস্ত তিনটি পুরুষকে দর্শন করিয়া কাতরচিত্তে, উচ্চৈঃস্বরে নারায়ণনামক সেই কনিষ্ঠ পুত্রকেই আহ্বান করিয়াছিল। নারায়ণ তৎকালে দূরে খেলার দ্রব্যে আসক্ত ছিল। ২৮-২৯

হে মহারাজ! এ সময়ে মুমূর্ষু অজামিলের মুখে হরিকীর্ত্তন শ্রবণ করিয়া—যেহেতু ইহা নিজেদের প্রভুর নাম, এই হেতু বিষ্ণুদূতগণ সত্বর আসিয়া তথায় উপস্থিত হইলেন।৩০

তৎকালে যমদূতগণ হৃদয়ের মধ্যভাগ হইতে দাসীপতি অজামিলকে (অর্থাৎ তাহার সূক্ষ্ম শরীরকে) বাহির করিবার জন্য আকর্ষণ করিতে-ছিল, এ অবস্থায় বিষ্ণুদূতগণ বলপূর্বক তাহাদিগকে বারণ করিয়াছিলেন।৩১

বিষ্ণুদূতগণকর্ত্তৃক এইরূপে নিষিদ্ধ হইয়া যমদূতগণ বলিলেন—ধর্ম্মরাজের আজ্ঞায় বাধাপ্রদান-কারী তোমরা কে ? ৩২

তোমরা কাহার অধীন ? কোথা হইতে আসিয়াছ ? কেনই বা এই পাপীকে লইয়া যাইতে বাধা দিতেছ ? তোমরা কি দেবতা, অথবা উপ-দেবতা, কিংবা সিদ্ধ সাধু মহাপুরুষ ? ৩৩

তোমাদের নয়নযুগল পদ্মপত্রের ন্যায় আয়ত, তোমরা সকলেই পীতবর্ণ কৌশেয় বস্ত্র, কিরীট, কুণ্ডল ও মনোরম পদ্মমালা ধারণ করিয়াছ। তোমরা বয়সে নবীন এবং রমণীয় চারিটি বাহু,

দিশো বিতিমিরালোকাঃ কুর্ব্বন্তঃ স্বেন তেজসা।
কিমর্থং ধর্মপালস্য কিঙ্করান্ নো নিষেধথ ॥৩৬

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তে যমদূতৈস্তে বাসুদেবোক্তকারিণঃ।
তান্ প্রত্যূচুঃ প্রহস্যেদং মেঘনির্হ্রাদয়া গিরা ॥৩৭

শ্রীবিষ্ণুদূতা ঊচুঃ।

যূয়ং বৈ ধর্মরাজস্য যদি নির্দ্দেশকারিণঃ।
ব্রূত ধর্মস্য নস্তত্ত্বং যচ্চ ধর্মস্য লক্ষণম্ ॥৩৮

ধনুঃ, তূণ, খড়্গ, গদা, শঙ্খ, চক্র ও পদ্মধারী তোমাদের শোভা বর্ধন করিয়াছে। তোমরা নিজ তেজঃপ্রভাবে দিঙ্মণ্ডলের অন্ধকার দূর করিয়া, অপর সকল পদার্থের অর্থাৎ তেজোময় পদার্থমাত্রেরই আলোক অভিভূত করিয়াছ। (এরূপ বিচিত্ররূপধারী তোমাদিগকে আমরা চিনিতে পারি নাই বলিয়া ক্রোধ করিও না)। আমরা যমরাজের ভৃত্য, তোমরা আমাদিগকে কর্ত্তব্যসাধনে বাধা দিতেছ কেন? ৩৪-৩৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! যমদূতগণ এরূপ বলিলে সেই বিষ্ণুদূতগণ বিস্ময়ে হাস্য করিয়া মেঘের ন্যায় গম্ভীর স্বরে বলিলেন।৩৭

শ্রীবিষ্ণুদূতগণ বলিলেন—তোমরা যদি ধর্মরাজেরই আজ্ঞাপালক হও, তাহা হইলে ধর্মের স্বরূপ ও প্রমাণ কি? ইহা আমাদের নিকট বর্ণন কর।৩৮

কথংস্বিদ্ধ্রিয়তে দণ্ডঃ কিং বাস্য স্থানমীপ্সিতম্।
দণ্ড্যাঃ কিং কারিণঃ সর্ব্বে আহো—
স্বিৎকতিচিন্নৃণাম্ ॥৩৯

যমদূতা ঊচুঃ।

বেদপ্রণিহিতো ধর্মো হ্যধর্মস্তদ্বিপর্য্যয়ঃ।
বেদো নারায়ণঃ সাক্ষাৎ স্বয়ম্ভূরিতি শুশ্রুম ॥৪০
যেন স্বধাম্নামী ভাবা রজঃসত্ত্বতমোময়াঃ।
গুণনামক্রিয়ারূপৈর্বিভাব্যন্তে যথাতথম্ ॥৪১

ধর্ম্মরাজের আজ্ঞাপালক হইলে ধর্ম্মের স্বরূপ ও প্রমাণ কি? ইহা আমাদের নিকট বর্ণন কর ॥৩৮

কথং কেন প্রকারেণ নৃভিঃ দণ্ডঃ ধ্রিয়তে; অস্য দণ্ডস্য স্থানং (ধ্রিয়তে অস্মিন্ ইতি স্থানং কারণং) কিং বা কর্ম্মকারিণঃ সর্ব্বে এব দণ্ড্যাঃ দণ্ডার্হাঃ স্যুঃ, অহো অথবা নৃণাং মধ্যে কতিচিৎ অবশিষ্টাঃ এব দণ্ডার্হাঃ (তর্হি ভগবন্নামগ্রহণেন নিষ্পাপস্য দণ্ডে প্রবৃত্তা অনর্থকারিণঃ যূয়মেব দণ্ড্যাঃ স্যুরেব্বেতি) ॥৩৯

যমদূতাঃ ঊচুঃ। বেদেন প্রণিহিতঃ যঃ সঃ এব ধর্ম্মঃ, তদ্বিপর্য্যয়ঃ বেদনিষিদ্ধঃ তু অধর্ম্মঃ; যতঃ বেদঃ হি সাক্ষাৎ স্বয়ম্ভূঃ নারায়ণঃ ইতি বয়ং শুশ্রুমঃ শ্রুতবন্তঃ ॥৪০

যেন স্বধাম্নি অক্ষরাত্মনি ব্রহ্মণি অমী দৃশ্যমানাঃ, রজঃসত্ত্বতমোময়াঃ ভাবাঃ গুণকার্য্যভূতাঃ দেহাঃ, গুণনামক্রিয়ারূপৈঃ

কি প্রকারে দণ্ড ধারণ করা হয়? দণ্ডের বিষয় কি? কর্ম আচরণ করিলে সকলেই কি দণ্ডলাভের যোগ্য হয়, অথবা মানবগণের মধ্যে কতিপয় ব্যক্তিই দণ্ডনীয় হয়।৩৯

যমদূতগণ বলিল—যাহা (যে কর্ম) বেদবিহিত তাহাই ধর্ম, আর যাহা বেদনিষিদ্ধ উহাই অধর্ম। বেদ (নারায়ণ হইতে নিশ্বাসের ন্যায় অনায়াসে আবির্ভূত হন বলিয়া তাহা) সাক্ষাৎ নারায়ণ এবং স্বয়ম্ভু—ইহা আমরা শুনিয়াছি। (ইহাদ্বারা যাহা বেদবিহিত, তাহাই ধর্ম—ধর্মের ঈদৃশ স্বরূপ এবং তদ্বিষয়ে বেদকে প্রমাণ বলা হইল)।৪০

(নারায়ণ কে? তাহা বলা হইতেছে)

যিনি সাত্ত্বিক, রাজস ও তামস এই প্রাণীসমুদয়কে শান্তত্ব প্রভৃতি গুণ, ব্রাহ্মণ প্রভৃতি সংজ্ঞা, অধ্যয়নাদি ক্রিয়া এবং বর্ণাশ্রমাদি রূপ (ধর্ম বা

সূর্য্যোঽগ্নিঃ খং মরুদ্দেবঃ সোমঃ সন্ধ্যাহনী দিশঃ।
কং কুঃ স্বয়ং ধর্ম্ম ইতি হ্যেতে দেহস্য সাক্ষিণঃ ॥৪২
এতৈরধর্ম্মো বিজ্ঞাতঃ স্থানং দণ্ডস্য যুজ্যতে।
সর্ব্বে কর্ম্মানুরোধেন দণ্ডমর্হন্তি কারিণঃ ॥৪৩
সম্ভবন্তি হি ভদ্রাণি বিপরীতানি চানঘাঃ।
কারিণাং গুণসঙ্গোঽস্তি দেহবান্ ন হ্যকর্ম্মকৃৎ ॥৪৪
যেন যাবান্ যথাধর্ম্মো ধর্ম্মো বেহ সমীহিতঃ।
স এব তৎফলং ভুঙ্‌ক্তে তথা তাবদমুত্র বৈ ॥৪৫
যথেহ দেবপ্রবরাস্ত্রৈবিধ্যমুপলভ্যতে।
ভূতেষু গুণবৈচিত্র্যাৎ তথান্যত্রানুমীয়তে ॥৪৬
বর্ত্তমানোঽদ্ধয়োঃ কালো গুণাভিজ্ঞাপকো যথা।
এবং জন্মান্তয়োরেতদ্ধর্ম্মাধর্ম্মনিদর্শনম্ ॥৪৭

গুণনামাদিভিঃ যথাযথং) যথাযোগ্যং বর্ণাশ্রমাদিকারিবিভাগপূর্ব্বকং) বিচ্যবান্তে বিরচ্যন্তে, সঃ নারায়ণঃ এব ॥৪১

সূর্য্যঃ অগ্নিঃ (অন্যান্যভিমানিনঃ দেবাঃ গ্রাহ্যাঃ), খম্ আকাশঃ, মরুৎ পবনঃ, দেবঃ অন্তর্য্যামী, সোমঃ চন্দ্রঃ, অহনী অহশ্চ রাত্রিশ্চ, কম্ উদকং, কুঃ পৃথ্বী, স্বয়ং ধর্ম্মঃ ধর্ম্মাভিমানী দেব ইতি এতে দেহস্য জীবস্য ধর্ম্মাধর্ম্ময়োঃ সাক্ষিণঃ ॥৪২

এতৈঃ সূর্য্যাদিসাক্ষিভিঃ বিজ্ঞাতঃ অধর্ম্মঃ দণ্ডস্য স্থানং যুজ্যতে কারণং সম্পদ্যতে। সর্ব্বত্র একদা পাপাসম্ভবাৎ একদা দণ্ডানর্হত্বে অপি ক্রমেণ পাপসম্ভবাৎ সর্ব্বে পাপকারিণঃ ক্রমেণ দণ্ডম্ অর্হন্তি ॥৪৩

কারিণাং ভদ্রাণি পুণ্যানি, বিপরীতানি পাপানি চ সম্ভবন্তি; যস্মাৎ তেষাং গুণসঙ্গঃ সত্ত্বাদিগুণসম্বন্ধঃ অস্তি; অতএব হে অনঘাঃ। কশ্চিৎ অপি দেহবান্ জনঃ ক্ষণমপি অকর্ম্মকৃৎ (কায়িক-বাচিক-মানসিক-ব্যাপার-বিনির্ম্মুক্তম্ এব ন তিষ্ঠতি ইতি) ॥৪৪

যেন যাবান্ যৎপ্রমাণকঃ, যথা যেন প্রকারেণ ধর্ম্মঃ অধর্ম্মঃ বা ইহ সমীহিতঃ কৃতঃ, সঃ এব তৎফলং তাবৎ প্রমাণকং তথা ততঃ ইব সুখদুঃখাদিকম্ অমুত্র স্বর্গনরকাদৌ জন্মান্তরে বা ভুঙ্‌ক্তে ॥৪৫

হে দেবপ্রবরাঃ। যথা ইহ জন্মনি ভূতেষু প্রাণিষু ত্রৈবিধ্যং সুখিত্বং দুঃখিত্বম্ উভয়মিশ্রিতত্বং চ উপলভ্যতে, তথা গুণবৈচিত্র্যাৎ সত্ত্বাদি-গুণবৈচিত্র্যেণ অন্যত্র জন্মান্তরে অপি সুখদুঃখাদিকম্ অনুমীয়তে ॥৪৬

যথা বর্ত্তমানঃ বসন্তাদিঃ কালঃ অদ্ধয়োঃ ভূত-ভাবিনোঃ বসন্তয়োঃ গুণাভিজ্ঞাপকঃ (গুণানাং পুষ্প-ফলানাম্ অভিজ্ঞাপকঃ

লক্ষণ) অনুসারে নিজ স্বরূপে যথাযথ পৃথগ্‌ভাবে প্রকাশ করেন (তিনিই নারায়ণ) ।৪১

(এই ব্যক্তি অধর্ম্ম করিয়াছে, ইহা কিরূপে জানিতে পারা যায়? ইহার উত্তর) সূর্য্য, অগ্নি, আকাশ, বায়ু, চন্দ্রদেব, সন্ধ্যাকাল, দিবা, রাত্রি, দিক্‌সমূহ, জল, পৃথিবী এবং স্বয়ং ধর্ম্মরাজ—ইঁহারা প্রাণীমাত্রেরই কর্ম্মের প্রত্যক্ষদর্শী ।৪২

সুতরাং ইঁহারাই এই ব্যক্তির অধর্ম্ম অবগত হইয়াছেন। আর, এই অধর্ম্মই দণ্ডের বিষয়। কর্ম্মানুসারে সকল অধর্ম্মকারীই যথাযোগ্য দণ্ডলাভের যোগ্য হয় ।৪৩

কর্ম্মিপুরুষমাত্রেরই সত্ত্বাদি-গুণত্রয়ের সহিত সম্বন্ধ থাকায় গুণানুসারে কর্ম্মে শুভ ও অশুভ উভয়েরই সংঘটন হয়। দেহধারী কখনও কর্ম্ম না করিয়া থাকিতে পারে না। সুতরাং জীবমাত্রই কর্ম্মী এবং কর্ম্মিমাত্রই যথোচিত দণ্ডযোগ্য ।৪৪

ইহলোকে যে ব্যক্তি যেভাবে যে পরিমাণ অধর্ম্ম বা ধর্ম্মের অনুষ্ঠান করে, পরলোকে সে নিশ্চয়ই সেভাবে সেই পরিমাণে তাহার ফল ভোগ করিয়া থাকে। (ইহাদ্বারা দণ্ডধারণের প্রকার বলা হইয়াছে) ।৪৫

হে দেবপ্রধানগণ। ইহলোকে প্রাণিগণের মধ্যে গুণগত বৈচিত্র্যহেতু যেরূপ—শান্ত, ঘোর ও মূঢ়, অথবা সুখী, দুঃখী ও সুখদুঃখী, কিংবা ধার্ম্মিক, অধার্ম্মিক ও উভয়স্বরূপ—এ জাতীয় তিনপ্রকার ভাব লক্ষিত হয়, সেরূপ পরলোকেও এই ত্রিবিধ ভাবের অনুমান করা যায় ।৪৬

বর্ত্তমান বসন্তাদি কাল যেরূপ অতীত ও ভবিষ্য

মনসৈব পুরে দেবঃ পূর্ব্বরূপং বিপশ্যতি।
অনুমীমাংসতেঽপূর্ব্বং মনসা ভগবানজঃ ॥৪৮
যথাঽঽত্মতমসা যুক্ত উপাত্তে ব্যক্তমেব হি।
ন বেদ পূর্বমপরং নষ্টজন্মস্মৃতিস্তথা ॥৪৯

পঞ্চভিঃ কুরুতে স্বার্থান্ পঞ্চ বেদাথ পঞ্চভিঃ।
একস্তু ষোড়শেন ত্রীন্ স্বয়ং সপ্তদশোঽশ্নুতে ॥৫০
তদেতৎ ষোড়শকলং লিঙ্গং শক্তিত্রয়ং মহৎ।
ধত্তেঽনুসংসৃতিং পুংসি হর্ষ-শোক-ভয়ার্তিদাম্ ॥৫১

অনুবাদকঃ), এবম্ এতং জন্ম অপি অন্বয়োঃ কৃতভাবিজন্মনোঃ ধর্মাধর্মনিদর্শনম্ (ধর্মাধর্মৌ নিদর্শয়তীতি তথা) ॥৪৭

দেবঃ দৃষ্ট্যাদিক্রীড়াপরঃ ভগবান্ অজঃ যমঃ পুরে সংযমন্যাং বা প্রাণিনাম্ অন্তর্হৃদয়ে স্থিতঃ সন্ মনসা এব পূর্বরূপং দেবমনুষ্যাদি-ধর্মাধর্মাদিযুক্তং বিশেষেণ পশ্যতি জানাতি, তথা অনু অনন্তরম্ অপূর্বং ভাবিরূপং চ মনসা মীমাংসতে ॥৪৮

যথা তমসা যুক্তঃ অজঃ জীব ব্যক্তং প্রাচীন-কর্মাভিব্যক্তং বর্তমানম্ এব দেহম্ উপাত্তে অহম্ ইতি মন্যতে, তথা নষ্ট-জন্ম-স্মৃতিঃ (নষ্টা জন্মপরম্পরা স্মৃতিঃ যস্য সঃ) পূর্বম্ অপরং ভূতং ভাবিনং চ জন্মাদিকং ন বেদ ॥৪৯

পঞ্চভিঃ কর্মেন্দ্রিয়ৈঃ স্বার্থান্ কুরুতে অথ তথা পঞ্চভিঃ শ্রোত্রাদিভিঃ জ্ঞানেন্দ্রিয়ৈঃ, পঞ্চ শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধান্ বেদ জানাতি ; ষোড়শেন মনসা সহ সপ্তদশঃ ষোড়শোপাধ্যন্তর্গতঃ অপি স্বয়ম্ একঃ এব তু ত্রীন্ জ্ঞানকর্মেন্দ্রিয়-মনোবিষয়ান্ অশ্নুতে ভুঙ্‌ক্তে ॥৫০

তৎ এতৎ ষোড়শকলং (দশেন্দ্রিয়াণি একং মনঃ পঞ্চ তন্মাত্রাণি চ ইতি একং ষোড়শকলাঃ অংশাঃ যস্মিন্ তৎ) মহৎ দুর্নিবারং শক্তিত্রয়ং জ্ঞানত্রয়কার্যং লিঙ্গং সূক্ষ্মং শরীরং ধর্মাধর্মানুষ্ঠানদ্বারা পুংসি জীবে হর্ষ-শোক-ভয়ার্তিদাম্ অনুসংসৃতিং দেব-মনুষ্যাদিযোনিং ধত্তে বিন্দতে ॥৫১

বসন্তাদি কালের পুষ্প ফলাদি গুণ-সম্পদের জ্ঞাপক হয়, সেরূপ বর্তমান জন্ম ও অতীত এবং ভবিষ্যৎ জন্মের ধর্মাধর্মের নির্দেশ করে (অর্থাৎ মানুষের বর্তমান জন্মে ধর্মাধর্ম উভয়ের আচরণ দেখিয়া অতীত এবং ভবিষ্যৎ জন্মেও তাহার উভয়প্রকার কর্মেরই সংঘটন অনুমান করা হয়) ।৪৭

(ধর্মাধর্মনির্ণয়ে সাধারণের ইহাই বিচার প্রণালী) কিন্তু ধর্মরাজ (যম) নিজ সংযমনীপুরীতে থাকিয়াই মনের দ্বারাই জীবের পূর্বরূপ ধর্মাধর্মাদিযুক্ত পূর্ব-স্বরূপ বিশেষভাবে জানিতে পারেন। অনন্তর তাহার অপূর্বরূপ অর্থাৎ তাহার সম্বন্ধে যাহা যোগ্য, তাহা বিচার করেন। যেহেতু তিনি ভগবান্ অজ অর্থাৎ ব্রহ্মার তুল্য ।৪৮

নিদ্রিত ব্যক্তি যেরূপ স্বপ্নপ্রকাশিত দেহাদি পদার্থকেই—আমি বা আমার জ্ঞানে অনুসরণ করে, পরন্তু জাগরণকালীন দেহাদি কিংবা পূর্বস্বপ্নদৃষ্ট দেহাদির অনুসন্ধান করে না, সেরূপ অবিদ্যাগ্রস্ত জীবও পূর্ব জন্মের স্মৃতি নষ্ট হওয়ায় পূর্ব জন্মের কর্ম-দ্বারা লব্ধ বর্তমান দেহাদিকেই অহংজ্ঞানে উপাসনা (অনুসরণ) করে, পূর্ব দেহাদির সন্ধান করে না ।৪৯

জীব বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পাঁচটি কর্মেন্দ্রিয়দ্বারা বাক্যোচ্চারণাদি পঞ্চপ্রকার কার্য্য করিয়া থাকে, চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়দ্বারা যথাক্রমে রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শ এই পাঁচটি বিষয় অনুভব করে। পঞ্চ কর্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ বিষয় ইহাদের অতিরিক্ত মন ষোড়শস্থানীয় এবং জীব সপ্তদশ-স্থানীয়। এই জীব সর্বদা মনের সম্বন্ধযুক্ত হইয়াও স্বয়ং একাকীই কর্মেন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয় ও মনের বিষয়-সমূহ উপভোগ করে ।৫০

সত্ত্বাদি ত্রিগুণের কার্যস্বরূপ এই ষোড়শাবয়ব-বিশিষ্ট অনাদি লিঙ্গশরীর জীবের হর্ষ, শোক, ভয় ও পীড়াজনক সংসারচক্রের বিধান করে ।৫১

দেহস্থোঽক্রিয়ষড়্‌বর্গো নেচ্ছন্ কর্মাণি কার্য্যতে।
কোশকার ইবাত্মানং কর্মণাচ্ছাদ্য মুহ্যতি ॥৫২
ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্মকৃৎ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম গুণৈঃ স্বাভাবিকৈর্বলাৎ ॥৫৩
লব্ধ্বা নিমিত্তমব্যক্তং ব্যক্তাব্যক্তং ভবত্যুত।
যথাযোনি যথাবীজং স্বভাবেন বলীয়সা ॥৫৪

অক্রিয়ষড়্‌বর্গঃ (ন ক্রিয়তে ষড়্‌বর্গঃ পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি একং মনঃ চ যেন সঃ) অজ্ঞঃ তত্র আত্মাজ্ঞানবান্, নেচ্ছন্ অপি তেন সম্বন্ধেন বলাৎ কর্মাণি কার্য্যতে অতঃ তেন কর্ত্রিতেন কর্মণা কোশকারঃ ইব আত্মানম্ আচ্ছাদ্য মুহ্যতি ॥৫২

হি যস্মাৎ কশ্চিৎ অপি প্রাণী ক্ষণম্ অপি জাতু কদাচিৎ, অপি অকর্মকৃৎ কায়িকাদি-ব্যাপার-রহিতঃ ন তিষ্ঠতি। হি নিশ্চিতং স্বাভাবিকৈঃ স্বতঃসিদ্ধৈঃ (পূর্ব্বকর্ম-সংস্কারবশাৎ রাগাদিরূপেণ পরিণতৈঃ) গুণৈঃ (সত্ত্বাদিভিঃ) অবশঃ এব বলাৎ কর্ম কার্য্যতে ॥৫৩

অব্যক্তম্ অদৃষ্টং পুণ্যপাপাত্মকং নিমিত্তং লব্ধা এব যথাযোনি যাদৃক্সদৃশং, যথাবীজং পিতৃসদৃশং, স্ত্রীরূপং পুরুষরূপা বা, ব্যক্তাব্যক্তং স্থূলং বা বলীয়সা প্রবলেন, স্বভাবেন শরীরং ভবতি ॥৫৪

এষ প্রকৃতিসঙ্গেন পুরুষস্য বিপর্য্যয়ঃ।
আসীৎ স এব ন চিরাদীশসঙ্গাদ্ বিলীয়তে ॥৫৫
অয়ং হি শ্রুতসম্পন্নঃ শীলবৃত্তগুণালয়ঃ।
ধৃতব্রতো মৃদুর্দান্তঃ সত্যবাঙ্ মন্ত্রবিচ্ছুচিঃ ॥৫৬
গুর্ব্বগ্ন্যতিথিবৃদ্ধানাং শুশ্রূষুরনহঙ্কৃতঃ।
সর্ব্বভূতসুহৃৎ সাধুর্মিতবাগনসূয়কঃ ॥৫৭

পুরুষস্য (ভগবদংশত্বাৎ সচ্চিদানন্দরূপস্য জীবস্য) প্রকৃতি-সঙ্গেন (মায়য়া স্বরূপাবরণেন) এষঃ বিপর্য্যয়ঃ দেহেন্দ্রিয়াদৌ আত্মাধ্যাসেন স্বরূপানন্দানুভূতিপূর্ব্বকদুঃখাদিলক্ষণঃ আসীৎ; সঃ এব জীবঃ ঈশসঙ্গাৎ ভগবদ্ভজনাৎ এব ন চিরাৎ শীঘ্রম এব বিলীয়তে মুক্তো ভবতি ॥৫৫

হি নিশ্চিতং, শ্রুতসম্পন্নঃ অধীতবেদঃ, শীলবৃত্তগুণালয়ঃ (শীলং শুদ্ধভাবঃ, বৃত্তং সদাচারঃ, গুণাঃ ক্ষমাদয়ঃ, তেষামালয়ঃ খনিঃ) ধৃতব্রতঃ জপপূজাপরায়ণঃ, মৃদুঃ কোমলচিত্তঃ, দান্তঃ জিতেন্দ্রিয়ঃ, সত্যবাক্, মন্ত্রবিৎ শুচিঃ শুদ্ধদেহঃ ॥৫৬

গুর্ব্বগ্ন্যতিথিবৃদ্ধানাং শুশ্রূষু সেবকঃ, অনহঙ্কৃতঃ অহঙ্কার-রহিতঃ, সর্ব্বভূতসুহৃৎ, সর্ব্বপ্রাণিহিতকারী, সাধুঃ পরলোক-সাধনতৎপরঃ, মিতবাক্ অল্পভাষী, অনসূয়কঃ পরেষু দোষারোপ-রহিতঃ ॥৫৭

কোশকার (গুটিপোকা) যেরূপ নিজ দেহনির্গত সূত্রদ্বারা কোশ (আবরণ গৃহ) নির্মাণ করিয়া স্বয়ংই তন্মধ্যে আবদ্ধ হয়, পরন্তু তাহা হইতে বাহির হইবার উপায় জানিতে পারে না, সেরূপ কামাদি ষড়্‌রিপুর বশীভূত অজ্ঞ জীবও অনিচ্ছাসত্ত্বেও লিঙ্গশরীরের প্রেরণায় কর্মরত হইয়া সংসারবন্ধন রচনাপূর্বক স্বয়ংই তাহাতে আবদ্ধ হয়, পরন্তু বন্ধনমুক্তির উপায় জানিতে পারে না ।৫২

কোন ব্যক্তিই কদাপি ক্ষণকালও কর্ম না করিয়া থাকিতে পারে না, পরন্তু পূর্বজন্মের কর্মানুরূপ সংস্কার হইতে উৎপন্ন গুণময় অনুরাগাদি সকলকেই অবশ অবস্থায় কর্ম করাইয়া থাকে ।৫৩

পূর্বজন্মের কর্মরূপ অদৃষ্ট কারণ আশ্রয় করিয়া ইহজন্মে জীবের বলবান্ স্বভাব অর্থাৎ কর্মবাসনানুসারে মাতৃতুল্য বা পিতৃতুল্য স্থূল ও সূক্ষ্ম শরীর লাভ হইয়া থাকে ।৫৪

প্রকৃতির সঙ্গহেতুই পুরুষ অর্থাৎ জীবের বিচিত্র সংসারভাবরূপ এই বিপর্যয় উপস্থিত হইয়াছে। পরন্তু ভগবদ্ভজনহেতু সত্বরই তাহার এই বিপর্যয় বিলীন হইয়া থাকে ।৫৫

এই অজামিল পূর্বে শাস্ত্রজ্ঞানসম্পন্ন, সুস্বভাব, সদাচার ও ক্ষমাদি সদ্‌গুণের আধার, নিয়মনিষ্ঠ, মৃদুপ্রকৃতি, ইন্দ্রিয়দমনশীল, সত্যবাদী, মন্ত্রজ্ঞ, পবিত্র, নিরহঙ্কার, সকল প্রাণীর সুহৃৎ, সাধু, পরিমিতভাষী, অনসূয়াশূন্য এবং গুরু, অগ্নি, অতিথি ও বৃদ্ধ ব্যক্তিগণের সেবাপরায়ণ ছিল ।৫৬-৫৭

একদাসৌ বনং যাতঃ পিতৃসন্দেশকৃদ্ দ্বিজঃ।
আদায় তত আবৃত্তঃ ফল-পুষ্প-সমিৎ-কুশান্ ॥৫৮
দদর্শ কামিনং কঞ্চিচ্ছূদ্রং সহ ভুজিষ্যয়া।
পীত্বা চ মধু মৈরেয়ং মদাঘূর্ণিতলোচনঃ ॥৫৯
মত্তয়া বিস্রংসিতয়া ব্যপেতং নিরপত্রপম্।
ক্রীড়ন্তমনু গায়ন্তং হসন্তমনয়ান্তিকে ॥৬০
দৃষ্ট্বা তাং কামলিপ্তেন বাহুনা পরিরম্ভিতাম্।
জগাম হৃচ্ছয়বশং সহসৈব বিমোহিতঃ ॥৬১

পিতৃসন্দেশকৃৎ তদাজ্ঞাকারী, অসৌ দ্বিজঃ অজামিলঃ বনং যাতঃ। ততঃ বনাৎ ফল-পুষ্প-সমিৎ-কুশান্ আদায় গৃহীত্বা, যদা আবৃত্তঃ পরাবৃত্তঃ ॥৫৮

(তদা) মৈরেয়ং মধু নৈষ্টীং সুরাং পীত্বা মদেন আঘূর্ণিতে ভ্রান্তে লোচনে নেত্রে যস্যাঃ তয়া, তথা ভুজিষ্যয়া সাধারণয়া ভোগায়িয়া দাস্যা সহ ক্রীড়ন্তং কঞ্চিৎ শূদ্রং পথি দদর্শ ॥৫৯

অতএব মত্তয়া যথাবদনুসন্ধান-রহিতয়া বিশেষেণ ভ্রংসনী নীবী যস্যাঃ তয়া সহ ব্যপেতং স্বাচারাৎ ভ্রষ্টং নিরপত্রপং নির্লজ্জম্ অন্তা অন্তিকে সমীপে অনয়া সহ হসন্তম্ অনুগায়ন্তং ক্রীড়ন্তং তং শূদ্রম্ ॥৬০

তথা কামলিপ্তেন কামোদ্দীপকাগুরুচন্দনাদিনা লিপ্তেন শূদ্রস্য বাহুনা পরিরম্ভিতাম্ আলিঙ্গিতাং তাং দৃষ্ট্বা সহসৈব প্রারব্ধবশাৎ বিমোহিতঃ সন্ সঃ অজামিলঃ তদ্রূপস্য তস্য বশং জগাম ॥৬১

যাবৎ সত্ত্বং ধৈর্য্যং, যথাশ্রুতং যাবদ্ধাস্ত্রজ্ঞানং, তাবৎ তদ্বলেন আত্মনা বিবেকবুদ্ধ্যা আত্মানং মনঃ স্বয়ম্ অপি মদনবেপিতং (মদনেন কামেন বেপিতং কম্পিতং) মনঃ সমাধাতুং বশীকর্ত্তুং, ন শশাক ॥৬২

তন্নিমিত্তস্মরব্যাজ-গ্রহগ্রস্তঃ (তৎ তস্যাঃ দর্শনম্ এব নিমিত্তং যস্য স্মরব্যাজস্য প্রারব্ধরূপস্য গ্রহস্য তেন গ্রস্তঃ) অতএব বিচেতনঃ চিন্তাহিতবিবেকশূন্যঃ অজামিলঃ তাং দ্বিজম্ এব মনসা ধ্যায়ন্ স্বধর্মাৎ বিরেমে ভ্রষ্টঃ জাতঃ ॥৬৩

যথা গ্রাম্যৈঃ মনোরমৈঃ কামৈঃ বিষয়ৈঃ সা প্রসীদেত, তথা পিত্র্যেণ যাবতা অর্থেন তাম্ এব তোষয়ামাস ॥৬৪

একদিন ঐ ব্রাহ্মণ পিতার আদেশপালনের জন্য বনে যাইয়া তথা হইতে ফল, পুষ্প, সমিধ্ ও কুশ আহরণপূর্বক প্রত্যাবর্তনকালে পথের নিকটেই নিজ আচারভ্রষ্ট এক কামুক শূদ্রকে কোন ভোগ্যা দাসীর সহিত মিলিত অবস্থায় দেখিয়াছিল। তৎকালে মৈরেয়নামক মদ্যবিশেষ পান করিয়া সেই দাসী মত্তা হইয়াছিল, মত্ততাহেতু তাহার নেত্রদ্বয় ঘূর্ণিত হইতেছিল এবং বস্ত্রবন্ধন শিথিল হইয়া পড়িয়াছিল। আর সেই শূদ্রও তখন নির্লজ্জভাবে তাহার নিকটে ক্রীড়া, গান ও হাস্য করিতেছিল ॥৫৮-৬০

তৎকালে অজামিল সেই দাসীকে শূদ্রকর্তৃক কামোদ্দীপক অঙ্গরাগলিপ্ত বাহুদ্বারা আলিঙ্গনাবদ্ধা দেখিয়া সহসা বিমোহিতচিত্তে কামদেবের বশীভূত হইয়াছিল ॥৬১

সে তখন নিজের যতটা ধৈর্য্য ও শাস্ত্রজ্ঞান ছিল তদনুসারে নিজকে স্বয়ংই সংযত রাখিতে চেষ্টা করিয়াও কামচঞ্চল চিত্তকে কোনরূপেই সংযত করিতে সমর্থ হইল না ॥৬২

অনন্তর সে সেই দাসীর দর্শনজনিত কামরূপ গ্রহকর্তৃক গ্রস্ত ও স্মৃতিভ্রষ্ট হইয়া সর্বদা মনে মনে সেই দাসীকেই ধ্যান করিতে করিতে নিজ ধর্ম হইতে বিরত হইয়াছিল ॥৬৩

তৎকালে সে, ঐ দাসী যাহাতে নিজের প্রতি প্রসন্না হয়, সেজন্য সমস্ত পৈতৃক ধনসম্পত্তি এবং গ্রাম্য মনোরম কামনীয় বস্তুসমূহদ্বারা তাহার সন্তোষ উৎপাদন করিতে লাগিল ॥৬৪

বিপ্রাং স্বভার্য্যামপ্রৌঢ়াং কুলে মহতি লম্ভিতাম্।
বিসসর্জ্জাচিরাৎ পাপঃ স্বৈরিণ্যাপাঙ্গবিদ্ধধীঃ ॥৬৫
যতস্ততশ্চোপনিন্যে ন্যায়তোঽন্যায়তো ধনম্।
বভারাস্যাঃ কুটুম্বিন্যাঃ কুটুম্বং মন্দধীরয়ম্ ॥৬৬
যদসৌ শাস্ত্রমুল্লঙ্ঘ্য স্বৈরচার্য্যতিগর্হিতঃ।
অবর্ত্তত চিরং কালমঘায়ুরশুচির্মলাৎ ॥৬৭

তত এনং দণ্ডপাণেঃ সকাশং কৃতকিল্বিষম্।
নেষ্যামোঽকৃতনির্বেশং যত্র দণ্ডেন শুধ্যতি ॥৬৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে অজামিলোপাখ্যানে শ্রীবিষ্ণুযমপুরুষসংবাদে প্রথমোঽধ্যায়ঃ ॥১

স্বৈরিণ্যাঃ শূদ্রায়াঃ অপাঙ্গবিদ্ধধীঃ (অপাঙ্গৈঃ কটাক্ষৈঃ বিদ্ধা ধীঃ যস্য তথাবিধঃ) সঃ পাপঃ পাপিষ্ঠঃ মহতি কুলে লম্ভিতাং, পরিণীতাম্, অপ্রৌঢ়াং যুবতীং, স্বকীয়াং বিপ্রাং ভার্য্যাম্ অচিরাৎ গার্হস্থ্যষড়ভাগকালে এব বিসসর্জ্জ তাক্তবান্ ॥৬৫

যতস্ততঃ ন্যায়তঃ কৃষ্যাদিব্যাপারতঃ, অন্যায়তঃ চৌর্য্যাদিনা বা ধনম্ উপনিন্যে তেন যস্যা ধীঃ বুদ্ধিঃ যস্য সঃ অয়ম্ অজামিলঃ কুটুম্বিন্যাঃ অস্যাঃ কুটুম্বং বভার ॥৬৬

যৎ যস্মাৎ অসৌ শাস্ত্রম্ উল্লঙ্ঘ্য স্বৈরচারী অতিগর্হিতঃ (অতি অতিশয়েন গর্হিতঃ নিন্দিতঃ) অঘায়ুঃ (অঘং পাপং তদর্থমেব আয়ুঃ জীবনং যস্য সঃ) অতএব মলাৎ রাগাদিদোষাৎ মূত্রান্নভোজনাৎ চ অশুচিঃ সন্ চিরকালম্ অবর্ত্তত ॥৬৭

ততঃ তস্মাৎ এবং কৃতকিল্বিষং কৃতপাপম্ অথচ অকৃতনির্বেশম্ (ন কৃতঃ নির্বেশঃ প্রায়শ্চিত্তং যেন তম্) এনং দণ্ডপাণেঃ যমরাজস্য সকাশং সমীপং বয়ং নেষ্যামঃ। যত্র দণ্ডেন শুধ্যতি শুদ্ধো ভবিষ্যতি ॥৬৮

ইতি ষষ্ঠে শ্রীযুগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতানুবাদে প্রথমোঽধ্যায়ঃ

পশ্চাৎ এই পাপমতি ব্রাহ্মণ ঐ কুলটার কটাক্ষে বিমুগ্ধচিত্ত হইয়া মহাবংশজাতা, ব্রাহ্মণকন্যা, পরিণয়-সূত্রে আবদ্ধা ও যুবতী নিজ ভার্য্যাকেও পরিত্যাগ করিয়াছিল ।৬৫

নীচমতি এই অজামিল তৎকালে ন্যায় ও অন্যায়ভাবে যে কোন স্থান হইতে ধন সংগ্রহ করিত এবং এই দাসী গৃহিণীর কুটুম্ববর্গেরই ভরণ পোষণ করিত ।৬৬

যেহেতু অশুচি, স্বেচ্ছাচারী, অতিনিন্দিত স্বভাব, শূদ্রা নারীর অন্নরূপ অশুচিদ্রব্যভোজী এই পাপজীবন অজামিল শাস্ত্রবিধি লঙ্ঘনপূর্বক জীবনের দীর্ঘকাল অতিবাহিত করিয়াছে এবং কৃত পাপের কোনরূপ প্রায়শ্চিত্ত করে নাই, অতএব আমরা এই পাপিষ্ঠকে দণ্ডধারী যমরাজের নিকটে লইয়া যাইব—যেখানে পাপী জীব যথাযোগ্য দণ্ড লাভ করিয়া শুদ্ধ হয় ।৬৭-৬৮

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে ষষ্ঠ স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্তীর্থকৃত-বঙ্গভাষানুবাদসহিত
প্রথম অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[যমদূতসমীপে বিষ্ণুদূতানাং ভাগবতধর্ম্মনাম-মাহাত্ম্যকথনম্, যাম্যপাশমুক্তস্যাজামিলস্য ভগবদারাধনয়া পরমধামগমনঞ্চ।]

শ্রীবাদরায়ণিরুবাচ।

এবং তে ভগবদ্দূতা যমদূতাভিভাষিতম্।
উপধার্য্যাথ তান্ রাজন্ প্রত্যাহুর্নয়কোবিদাঃ ॥১

শ্রীবিষ্ণুদূতা ঊচুঃ।

অহো কষ্টং ধর্ম্মদৃশামধর্ম্মঃ স্পৃশতে সভাম্।
যত্রাদণ্ড্যেদপাপেষু দণ্ডো যৈর্ধ্রিয়তে বৃথা ॥২
প্রজানাং পিতরো যে চ শাস্তারঃ সাধবঃ সমাঃ।
যদি স্যাত্তেষু বৈষম্যং কং নাস্তি শরণং প্রজাঃ ॥৩
যদ্ যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদীহতে।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥৪
যস্যাঙ্কে শির আধায় লোকঃ স্বপিতি নির্ব্বৃতঃ।
স্বয়ং ধর্ম্মমধর্ম্মং বা ন হি বেদ যথা পশুঃ ॥৫
স কথং স্বর্পিতাত্মানং কৃতমৈত্রমচেতনম্।
বিশ্রম্ভণীয়ো ভূতানাং সঘৃণো দ্রোগ্ধুমর্হতি ॥৬

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ উবাচ। হে রাজন্! নয়কোবিদাঃ শাস্ত্রীয়-মীমাংসাদি-নিরূপণে পণ্ডিতাঃ তে ভগবদ্দূতাঃ এবং যমদূতানাম্ অভিভাষিতম্ উক্তম্, উপধার্য্য শ্রুত্বা, তান্ প্রতি আহুঃ ॥১

শ্রীবিষ্ণুদূতাঃ ঊচুঃ। অহো মহাকষ্টং প্রাপ্তম্! যতঃ ধর্ম্মদৃশাং ধর্ম্মাধর্ম্মবিবেকিনাম্ অপি সভাম্ অধর্ম্মঃ স্পৃশতে; যত্র সভায়াং যৈঃ ধর্ম্মদৃগ্ভিঃ যমাদিভিঃ অপাপেষু অতঃ অদণ্ড্যেষু দণ্ডানর্হেষু বৃথা দণ্ডাঃ ধ্রিয়তে ॥২

যে চ প্রজানাং পিতরঃ পিতৃবৎ পালকাঃ, শাস্তারঃ গুরুবৎ শিক্ষকাঃ, সাধবঃ ইষ্টদাতকাঃ, সমাঃ সমদর্শিনঃ, যদি তেষু বৈষম্যং স্যাৎ, প্রজাঃ তদা কং শরণং যান্তি ॥৩

যৎ শ্রেষ্ঠঃ (ধর্ম্মজ্ঞতয়া শ্রেষ্ঠত্বেন অভিমতঃ জনঃ) যৎ যৎ আচরতি, ইতরঃ তত্তৎ আচারং দৃষ্ট্বা তত্তদেব ঈহতে করোতি। সঃ শ্রেষ্ঠঃ, যৎ শাস্ত্রং প্রমাণং কুরুতে, অন্তঃ অপি লোকঃ প্রাণী তৎ অনুবর্ত্ততে অনুসরতি ॥৪

যস্য শ্রেষ্ঠস্য অঙ্কে উৎসঙ্গে শিরঃ আধায় লোকঃ নির্ব্বৃতঃ নিশ্চিন্তঃ এব স্বপিতি, সঃ ধর্ম্মং ধর্ম্মানুগতং পালনং করোতু অধর্ম্মং তদ্বিপরীতং ছেদনং বা করোতু তৎ স্বয়ং পশুঃ যথা তথা ন বেদ জানাতি ॥৫

অতঃ ভূতানাং বিশ্রম্ভণীয়ঃ বিশ্বসনীয়ঃ, সঘৃণঃ পরক্লেশদর্শনে দ্রবীভূতচিত্তঃ যঃ তদা কৃতমৈত্রং কৃতবিশ্বাসং, তথা স্বর্পিতা-

দ্বিতীয় অধ্যায়

[বিষ্ণুদূতগণের যমদূতসমীপে ভাগবতধর্ম্ম-নাম-মাহাত্ম্যকথন এবং যমের পাশ হইতে মুক্ত অজামিলের ভগবদারাধানায় পরধামে গমন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ন্যায়নিপুণ সেই বিষ্ণুদূতগণ যমদূতগণের পূর্ব্বোক্ত বাক্য শ্রবণ করিয়া প্রত্যুত্তরে এরূপ বলিয়াছিলেন।১

শ্রীবিষ্ণুদূতগণ বলিলেন—হায়! কি কষ্টের কথা। ধর্ম্মদর্শী সাধুগণের সভাকে অধর্ম্ম স্পর্শ করিয়াছে, যেহেতু ধর্ম্মদর্শীগণ সম্প্রতি নিজ সভায় দণ্ডের অযোগ্য নিষ্পাপ ব্যক্তিগণের প্রতি বৃথা দণ্ডের ব্যবস্থা করিতেছেন।২

সর্ব্বত্র যাঁহারা সমদর্শী, সেই সাধুগণই লোক-সমূহের পালক ও শাসক বলিয়া পরিচিত, যদি তাঁহাদের মধ্যে বৈষম্যভাবের উদয় হয়, তাহা হইলে প্রজাগণ কাহার আশ্রয় গ্রহণ করিবে? ৩

লোকসমাজে শ্রেষ্ঠ ব্যক্তি যাহা যাহা আচরণ করেন, সাধারণ লোক তদনুরূপ আচরণেরই চেষ্টা করে এবং শ্রেষ্ঠ ব্যক্তি যাহা প্রমাণরূপে স্থাপন করেন, সাধারণ লোক তাহারই অনুসরণ করিয়া থাকে।৪

পশুর ন্যায় ধর্ম্ম অথবা অধর্ম্মবিষয়ে স্বয়ং

অঞ্জ হি কৃতনির্বেশো জন্মকোট্যংহসামপি।
যদ্ ব্যাজহার বিবশো নাম স্বস্ত্যয়নং হরেঃ ॥৭
এতেনৈব হ্যঘোনোঽস্য কৃতং স্যাদঘনিষ্কৃতম্।
যদা নারায়ণায়েতি জগাদ চতুরক্ষরম্ ॥৮
স্তেনঃ সুরাপো মিত্রধ্রুগ্ ব্রহ্মহা গুরুতল্পগঃ।
স্ত্রী-রাজ-পিতৃ-গোহন্তা যে চ পাতকিনোঽপরে ॥৯

সর্ব্বেষামপ্যঘবতামিদমেব সুনিষ্কৃতম্।
নামব্যাহরণং বিষ্ণোর্যতস্তদ্বিষয়া মতিঃ ॥১০
ন নিষ্কৃতৈরুদিতৈর্ব্রহ্মবাদিভি-
স্তথা বিশুধ্যত্যঘবান্ ব্রতাদিভিঃ।
যথা হরের্নামপদৈরুদাহৃতৈ-
স্তদুত্তমঃশ্লোকগুণোপলম্ভকম্ ॥১১

ন্যানম (নিতরাম্ অপিতঃ আত্মা যেন তম্) অচেতনম্ অঙ্গং কলং কলং শ্লোকুম অর্হতি ॥৬

অয়ম অজামিলঃ, হি নিশ্চিতং জন্মকোটিংহসাং কোটি-জন্মার্জিত-পাপানাম অপি কৃতনির্বেশঃ কৃতপ্রায়শ্চিত্তঃ এব। যৎ যস্মাৎ বিবশঃ এব হরেঃ স্বস্ত্যয়নং মোক্ষসাধনং নাম ব্যাজহার উচ্চারিতবান্ ॥৭

যদা (পুত্রস্য নামকরণ-ভোজনাদি-সময়ে) নারায়ণ আয় আগচ্ছ, ইতি চতুরক্ষরং জগাদ উচ্চারিতবান্, তদা এব এতেন পুত্রোপচরিতনাম্না এব অস্য অঘোনঃ অঘবতঃ (অনেক-জন্ম সঞ্চিতস্য) অঘস্য নিষ্কৃতঃ প্রায়শ্চিত্তং কৃতং স্যাৎ। স্তেনঃ স্বর্ণস্তেয়ী, সুরাপঃ, মিত্রধ্রুক্, গুরুতল্পগঃ, স্ত্রী-রাজ-পিতৃ-গোহন্তা, যে চ অপরে পাতকিনঃ তথাবিধাঃ ॥৮-৯

সর্ব্বেষাম্ অপি অঘবতাম্ ইদং বিষ্ণোঃ নাম ব্যাহরণং নামোচ্চারণম্ এব সুনিষ্কৃতং শ্রেষ্ঠং প্রায়শ্চিত্তং, যতঃ নামব্যাহরণাৎ তদ্বিষয়া নামোচ্চারক-পুরুষবিষয়া (অয়ঞ্চ মদীয়োঽয়ং ময়া সর্ব্বতো রক্ষণীয় ইতি) ভগবতঃ মতিঃ ভবতি। অথবা তদ্বিষয়া সেব্যতয়া ভগবদ্বিষয়া পুরুষস্য মতিঃ ভবতি ॥১০

যথা উদাহৃতৈঃ উচ্চারিতৈঃ হরেঃ নাম্নঃ পদৈঃ অবয়বৈঃ পদানি বিশুধ্যতি, তথা ব্রহ্মবাদিভিঃ ঋষাদিভিঃ উদিতৈঃ বিধিভিঃ ব্রতাদিভিঃ নিষ্কৃতৈঃ প্রায়শ্চিত্তৈঃ ন বিশুধ্যতি। যতঃ তৎ নাম পদোচ্চারণম্ এব উত্তমঃশ্লোকস্য মহাপুরুষস্য, যে গুণাঃ ঐশ্বর্য্যাদয়ঃ তেষাম্ উপলম্ভকং প্রকাশকম্, অথবা গুণান্ উচ্চারণ-

অনভিজ্ঞ সাধারণ লোক যাঁহার ক্রোড়দেশে মস্তক রাখিয়া নিশ্চিন্তচিত্তে নিদ্রামগ্ন হয়, প্রাণিমাত্রেরই বিশ্বাসভাজন সেই পুরুষ যদি দয়ালু হন, তাহা হইলে যে ব্যক্তি মিত্রভাবে আত্মসমর্পণ করিয়াছে, তিনি কিরূপে সেই অচেতন অর্থাৎ অসাবধান অজ্ঞ লোকের অপকার করিতে পারেন ? ৫-৬

এই অজামিল যেহেতু অবশ অবস্থায়ও শ্রীহরির নাম উচ্চারণ করিয়াছে, সেইহেতুই কোটি-জন্মকৃত পাপরাশিরও প্রায়শ্চিত্ত করিয়াছে। এই হরিনাম কেবলমাত্র প্রায়শ্চিত্ত নহে, পরন্তু পরম মঙ্গলময় মোক্ষপদেরও সাধন হয় ।৭

যেহেতু এ ব্যক্তি (পুত্রের আহ্বানরূপে) 'নারায়ণ আয় (এ দিকে এস)' এরূপ বলায় আভাসেও 'নারায়ণ' এই ভগবন্নাম উচ্চারণ করিয়াছে, ইহাতেও এই পাপীর পাপের প্রায়শ্চিত্ত অনুষ্ঠিত হইয়াছে ।৮

সুবর্ণচোর, সুরাপায়ী, মিত্রদ্রোহী, ব্রহ্মঘাতী, গুরুপত্নীগামী, স্ত্রীহন্তা, রাজহন্তা, পিতৃঘাতী ও গোহত্যাকারী ব্যক্তি এবং অন্যান্য যে সকল পাপিগণ জগতে প্রসিদ্ধ রহিয়াছে, তাহাদের সকলের সম্বন্ধেই ভগবান্ বিষ্ণুর নামোচ্চারণই শ্রেষ্ঠ প্রায়শ্চিত্ত ; কারণ—এই নাম উচ্চারণহেতুই সেই পাপীর প্রতি ভগবানের মতি অর্থাৎ এ ব্যক্তি আমার রক্ষণীয় এরূপ বুদ্ধির উদয় হইয়া থাকে ।৯-১০

ভগবান্ শ্রীহরির নামপদসমূহ উচ্চারিত হইলে তদ্দ্বারা পাপী ব্যক্তি যেরূপ বিশুদ্ধ হয়, মনুপ্রভৃতি বেদবাদী ঋষিগণকর্তৃক নির্ধারিত চান্দ্রায়ণাদি ব্রত-রূপ প্রায়শ্চিত্ত দ্বারা সেরূপ শুদ্ধিলাভ করিতে পারে না। এই নামোচ্চারণ ভগবান্ শ্রীহরির গুণ-সমূহেরও উপলব্ধি করায় বলিয়া পাপক্ষয়মাত্রের সাধক চান্দ্রায়ণাদি অপেক্ষা ইহার পরম বৈশিষ্ট্য রহিয়াছে ।১১

নৈকান্তিকং তদ্ধি কৃতেঽপি নিষ্কৃতে
মনঃ পুনর্ধাবতি চেদসৎপথে।
তৎ কর্মনির্হারমভীপ্সতাং হরে-
র্গুণানুবাদঃ খলু সত্ত্বভাবনঃ ॥১২

অথৈনং মাপনয়ত কৃতাশেষাঘনিষ্কৃতম্।
যদসৌ ভগবন্নাম ম্রিয়মাণঃ সমগ্রহীৎ ॥১৩

সাঙ্কেত্যং পারিহাস্যং বা স্তোভং হেলনমেব বা।
বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিদুঃ ॥১৪

পতিতঃ স্খলিতো ভগ্নঃ সন্দষ্টস্তপ্ত আহতঃ।
হরিরিত্যবশেনাহ পুমান্ নার্হতি যাতনাঃ ॥১৫

গুরূণাঞ্চ লঘূনাঞ্চ গুরূণি চ লঘূনি চ।
প্রায়শ্চিত্তানি পাপানাং জ্ঞাত্বোক্তানি মহর্ষিভিঃ ॥১৬

কর্তরি উপলক্ষয়তি প্রাপয়তি ॥১১

হি যস্মাৎ তস্মিন্ নিষ্কৃতে প্রায়শ্চিত্তে কৃতে অপি অসৎপথে পাপমার্গে মনঃ পুনঃ ধাবতি চেৎ, তৎতস্য কর্মনির্হারং কর্মণাং পাপানাং নির্হারম্ আত্যন্তিকনাশম্, অভীপ্সতাম্ ইচ্ছতাং জনানাং সম্বন্ধে হরেঃ গুণানুবাদঃ এব খলু নিশ্চয়েন প্রায়শ্চিত্তম্; যতঃ সঃ সত্ত্বভাবনঃ অন্তঃকরণশোধকঃ ॥১২

যৎ যস্মাৎ অসৌ ম্রিয়মাণঃ এব ভগবন্নাম সমগ্রহীৎ সম্পূর্ণম্ ইচ্ছারহিতবান্, অতঃ কৃতশেষাঘনিষ্কৃতং (কৃতম অশেষপাপম অঘানাং নিষ্কৃতং প্রায়শ্চিত্তং যেন তম্, এনম্ অথ যঃ ন অপনয়ত ॥১৩

সাঙ্কেত্যং পুত্রাদৌ সঙ্কেতেন কৃতং, পরিহাস্যং পরিহাসেন কৃতম্, স্তোভং কথাপীতালাপ-পূরণার্থং কৃতম্, হেলনং হেলয়া কৃতম্, বৈকুণ্ঠস্য ভগবতঃ নাম্নাং গ্রহণম্ উচ্চারণম্ অশেষাণি সমূলানি অঘানি পাপানি হরতি ইতি শাস্ত্রার্থতত্ত্বজ্ঞাঃ বিদুঃ জানন্তি ॥১৪

পতিতঃ (পর্বতাদিভ্যঃ), স্খলিতঃ ভূমৌ, ভগ্নঃ ভগ্নগাত্রঃ সর্পাদিভিঃ সংদষ্টঃ, জ্বরাদিভিঃ তপ্তঃ, দণ্ডাদিভিঃ আহতঃ অপি যঃ পুমান্ হরিঃ ইতি আহ, সঃ যাতনাঃ ন অর্হতি ॥১৫

গুরূণাং পাপানাং গুরূণি প্রায়শ্চিত্তানি তথা লঘূনাং পাপানাং লঘূনি প্রায়শ্চিত্তানি মহর্ষিভিঃ যাজ্ঞবল্ক্যাদিভিঃ জ্ঞাত্বা বিচার্য এব উক্তানি ॥১৬

চান্দ্রায়ণাদি প্রায়শ্চিত্তের অনুষ্ঠানের পরও যদি মন পুনরায় পাপ পথে ধাবিত হয়, তাহা হইলে উহা ঐকান্তিক পাপশোধক বলিয়া গণ্য হইতে পারে না। অতএব যাঁহারা পাপের আত্যন্তিক ক্ষয় ইচ্ছা করেন, তাঁহাদের পক্ষে শ্রীহরির গুণকীর্তনই উত্তম প্রায়শ্চিত্ত, কারণ তাহা চিরকালের জন্য চিত্তকে বিশুদ্ধ করিয়া থাকে।১২

যেহেতু এই অজামিল ম্রিয়মাণ অবস্থায় ভগবানের নাম গ্রহণ করিয়াছিল, এই হেতুই তাহার সকল পাপের প্রায়শ্চিত্ত অনুষ্ঠিত হইয়াছে, অতএব ইহাকে তোমরা নরকের পথে লইয়া যাইবে না।১৩

পুত্রপ্রভৃতির সংজ্ঞারূপেই হউক, অথবা পরিহাস-প্রসঙ্গেই হউক, কিংবা গীতালাপ পরিপূরণের জন্যই হউক, অথবা অবহেলায়ই হউক—যে কোনরূপেই শ্রীহরির নামগ্রহণ করিলে উহা অশেষ পাপ বিনষ্ট করে—ইহা শাস্ত্রজ্ঞগণ অবগত আছেন ॥১৪

উচ্চ স্থান হইতে পতিত, পথগমনকালে স্খলিত, যে কোনরূপে ভগ্নদেহ, সর্পাদিদ্বারা দষ্ট, জ্বরাদি পীড়ায় সন্তপ্ত, কিংবা দণ্ডাদিদ্বারা আহত হইয়া জাতিবর্ণ-নির্বিশেষে যে কোন ব্যক্তি অবশেও 'হরি' এই শব্দটি উচ্চারণ করিলে সে নরকাদি যাতনা প্রাপ্ত হয় না।১৫

মনুপ্রভৃতি মহর্ষিগণ বিচারপূর্বক গুরু পাপের গুরু প্রায়শ্চিত্ত এবং লঘু পাপের লঘু প্রায়শ্চিত্ত বর্ণন করিয়াছেন (পরন্তু ভগবানের নাম সম্বন্ধে এরূপ বিচার করা হয় নাই, যেহেতু একটিমাত্র নাম স্মরণ করিলেই পাপী সকল পাপ হইতে বিমুক্ত হয়)।১৬

তৈস্তান্যঘানি পূয়ন্তে তপোদানব্রতাদিভিঃ।
নাধর্মজং তদ্ধৃদয়ং তদপীশাঙ্ঘ্রিসেবয়া ॥১৭
অজ্ঞানাদথবা জ্ঞানাদুত্তমঃশ্লোকনাম যৎ।
সঙ্কীর্ত্তিতমঘং পুংসো দহেদেধো যথানলঃ ॥১৮
যথাগদং বীর্য্যতমমুপযুক্তং যদৃচ্ছয়া।
অজানতোঽপ্যাত্মগুণং কুর্য্যান্মন্ত্রোঽপ্যুদাহৃতঃ ॥১৯

অন্বয়ঃ তৈঃ তপোদানব্রতাদিভিঃ প্রায়শ্চিত্তৈঃ তানি অঘানি পূয়ন্তে নশ্যন্তি। অধর্মজং তদ্ধৃদয়ং (তেষাম্ অঘানাং হৃদয়ং সংস্কারাখ্যং তু) ন নশ্যতি; ঈশাঙ্ঘ্রিসেবয়া ভগবদ্ভক্ত্যা তু তৎ অপি নশ্যতি ॥১৭

জ্ঞানাৎ অথবা অজ্ঞানাৎ অপি যৎ সংকীর্ত্তিতম্ উত্তমঃশ্লোকস্য ভগবতঃ বিষ্ণোঃ তৎ নাম অনলঃ যথা এধঃ কাষ্ঠরাশিং দহতি তথা পুংসঃ অঘং দহেৎ ॥১৮

যথা বীর্য্যবত্তমম্ বীর্য্যতমম্ অগদম্ ঔষধং যদৃচ্ছয়া অকস্মাৎ এব উপযুক্তং ভক্ষিতং সৎ তত্ত্ব অজানতঃ অপি আত্মগুণম্ আরোগ্যাং কুর্য্যাৎ, এবং মন্ত্রঃ অপি উদাহৃতঃ উচ্চারিতঃ স্বকার্য্যং (সর্ব্বপাপনিবৃত্তিপূর্ব্বকং ভগবৎপ্রাপ্তিলক্ষণং) কুর্য্যাৎ ॥১৯

শাস্ত্রোক্ত বিভিন্ন তপস্যা, দান ও ব্রতপ্রভৃতি দ্বারা কেবলমাত্র বিভিন্ন পাপেরই ক্ষয় হয়, পরন্তু পাপকর্তার পাপজনিত চিত্তের মালিন্য নষ্ট হয় না, কিংবা হৃদয়ের পাপসংস্কারও দূরীভূত হয় না, কিন্তু ভগবানের পাদসেবাদ্বারা চিত্তের মালিন্য বা পাপের সংস্কারও বিনষ্ট হয় ।১৭

অগ্নি যেরূপ বালকাদি দ্বারা কাষ্ঠরাশির মধ্যে অজ্ঞানতঃ নিক্ষিপ্ত হইলেও নিঃশেষভাবে কাষ্ঠরাশি দগ্ধ করে, সেরূপ জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ যে কোনরূপেই ভগবানের নাম সংকীর্ত্তন করিলে উহা মানবমাত্রেরই পাপরাশি নিঃশেষভাবে দগ্ধ করিয়া থাকে ।১৮

যেরূপ অভিজ্ঞ ব্যক্তির নিকট হইতে গুণ না জানিয়াও কোন ব্যক্তি যদৃচ্ছায় কোন অতি বীর্যবান্ ঔষধ সেবন করিলে উহা নিজ গুণ অবশ্যই প্রকাশ

শ্রীশুক উবাচ।
ত এবং সুবিনির্ণীয় ধর্মং ভাগবতং নৃপ।
তং যাম্যপাশান্নির্ম্মুচ্য বিপ্রং মৃত্যোরমুমুচন্ ॥২০
ইতি প্রমুদিতা যাম্যা দূতা যাত্বা যমান্তিকম্।
যমরাজ্ঞে যথা সর্ব্বমাচচক্ষুররিন্দম ॥২১
দ্বিজঃ পাশাদ্বিনির্ম্মুক্তো গতভীঃ প্রকৃতিং গতঃ।
ববন্দে শিরসা বিষ্ণোঃ কিঙ্করান্ দর্শনোৎসবঃ ॥২২

শ্রীশুকঃ উবাচ। হে বিষ্ণুদূতাঃ এবং ভাগবতং ধর্মং সুষ্ঠু যুক্তিপূর্ব্বকং বিনির্ণীয়, হে নৃপ! তং বিপ্রম্ অজামিলং যাম্যপাশাৎ নির্ম্মুচ্য মৃত্যোঃ দেহবিয়োগলক্ষণাৎ অপি অমুমুচন্ মোচয়ামাসুঃ ॥২০

ইতি এবং প্রমুদিতা নিরাবৃতাঃ যাম্যাঃ দূতাঃ যমস্য অন্তিকং সমীপং যাত্বা গত্বা, হে অরিন্দম শত্রুনিসূদন! তস্মৈ যমরাজে যমরাজায় যথাবৎ সর্ব্বম্ আচচক্ষুঃ কথয়ামাসুঃ ॥২১

দ্বিজঃ অজামিলঃ যমস্য পাশাৎ বিনির্ম্মুক্তঃ অতঃ গতভীঃ নির্ভয়ঃ বিষ্ণুদূতানাং দর্শনেন উৎসবঃ যস্য সঃ অতএব প্রকৃতিং স্বস্থচিত্ততাং গতঃ সন্ তান্ বিষ্ণোঃ কিঙ্করান্ শিরসা ববন্দে ॥২২

করে, সেইরূপ ভগবানের নামরূপ মন্ত্রও যেভাবেই গ্রহণ করা হউক না কেন, উহা নিজ কার্য অবশ্যই করিয়া থাকে। কারণ—বস্তুর স্বাভাবিক শক্তি নিজকার্য করিবার সময় কাহারও শ্রদ্ধাদি অপেক্ষা করে না ।১৯

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! শ্রীবিষ্ণুদূত এইরূপ সুন্দরভাবে ভাগবত ধর্ম নিরূপণ করিয়া অজামিলকে যমদূতগণের পাশ হইতে মোচনপূর্বক মৃত্যুর গ্রাস হইতে মুক্ত করিয়াছিলেন ।২০

হে রিপুদমন! এইরূপে যমদূতগণ বিষ্ণুদূতগণ কর্তৃক পরাজিত হইয়া যমরাজের নিকটে যাইয়া যথাযথ সমুদয় ঘটনা নিবেদন করিয়াছিল ।২১

এদিকে অজামিল পাশবন্ধন হইতে মুক্তিহেতু নির্ভয় ও প্রকৃতিস্থ হইয়া বিষ্ণুদূতগণের দর্শনে আনন্দিত হইল এবং অবনত মস্তকে তাঁহাদিগকে প্রণাম করিল ।২২

তং বিবক্ষুমভিপ্রেত্য মহাপুরুষকিঙ্করাঃ।
সহসা পাশমুৎসৃজ্য তত্রান্তর্দধিরেঽনঘ ॥২৩
অজামিলোঽপ্যথাকর্ণ্য দূতানাং যমকৃষ্ণয়োঃ।
ধর্ম্মং ভাগবতং শুদ্ধং ত্রৈবেদ্যঞ্চ গুণাশ্রয়ম্ ॥২৪
ভক্তিমান্ ভগবত্যাশু মাহাত্ম্যশ্রবণাদ্ধরেঃ।
অনুতাপো মহানাসীৎ স্মরতোঽশুভমাত্মনঃ ॥২৫
অহো মে পরমং কষ্টমভূদবিজিতাত্মনঃ।
যেন বিপ্লাবিতং ব্রহ্ম বৃষল্যাং জায়তাত্মনা ॥২৬
ধিগ্মাং বিগর্হিতং সদ্ভির্দুষ্কৃতং কুলকজ্জলম্।
হিত্বা বালাং সতীং যোঽহং সুরাপামসতীমগাম্ ॥২৭
বৃদ্ধাবনাথৌ পিতরৌ নাম্যবন্ধূ তপস্বিনৌ।
অহো ময়াধুনা ত্যক্তাবকৃতজ্ঞেন নীচবৎ ২৮
সোঽহং ব্যক্তং পতিষ্যামি নরকে ভৃশদারুণে।
ধর্ম্মঘ্নাঃ কামিনো যত্র বিন্দন্তি যমযাতনাঃ ॥২৯

তম্ অজামিলং বিবক্ষুং বক্তুম্ ইচ্ছন্তম্ অভিপ্রেত্য জ্ঞাত্বা তস্য পাশতঃ এব ধৃতঃ তে মহাপুরুষকিঙ্করাঃ বিষ্ণুদূতাঃ, হে অনঘ! তত্র সহসা এব অন্তর্দধিরে ॥২৩

অথ অজামিলঃ অপি যমকৃষ্ণয়োঃ দূতানাং সংবাদে কৃষ্ণদূতেভ্যঃ ভাগবতং ভগবৎপ্রাপ্তিসাধনং, শুদ্ধং হিংসাদি দোষরহিতং, ধর্ম্মং নামসংকীর্ত্তনাদি-লক্ষণং তথা যমদূতেভ্যঃ ত্রৈবেদ্যং বেদত্রয়-প্রতিপাদ্যং গুণাশ্রয়ং অবিদ্বৎকর্ত্তৃকং সংসার-ফলকং প্রায়শ্চিত্তাদিকম্ আকর্ণ্য শ্রুত্বা অথ অনন্তরম্ ॥২৪

তথা হরেঃ সর্ব্বদুঃখহর্ত্তুঃ মাহাত্ম্যশ্রবণাৎ ভগবতি আশু ভক্তিমান্ আসীৎ; যতঃ আত্মনঃ অতীতং দুরাচারং স্মরতঃ তস্য অজামিলস্য মহান্ অনুতাপঃ আসীৎ ॥২৫

অহো! যেন ময়া বৃষল্যাং শূদ্র্যাং (পুত্ররূপেণ) জায়তা জায়মানেন আত্মনা যেন ব্রহ্ম বিপ্লাবিতং ব্রাহ্মণত্বং নাশিতং, তস্য অবিজিতাত্মনঃ অবশীকৃতচিত্তস্য মে মম পরমং কষ্টম্ অভূৎ জাতম্ ॥২৬

অহো! সতীং পতিব্রতাং বালাং তরুণীং স্ত্রীং হিত্বা পরিত্যজ্য যঃ অহম্ অসতীং সুরাপাং শূদ্রাম্ অগাং গতবান্, অতঃ সদ্ভিঃ বিগর্হিতং নিন্দিতং দুষ্কৃতং পাপকর্ত্রীং কুলকজ্জলং (কুলস্য কজ্জলং কলঙ্কভূতং) মাং ধিক্ ॥২৭

অহো (অবীতবেদেনাপি) অকৃতজ্ঞেন পিতৃকৃতপালনাদিকং বিস্মৃত্য অধুনা দাসী-সম্বন্ধ-সময়ে এব ময়া বৃদ্ধৌ অনাথৌ রক্ষক-পোষক-হীনৌ, নাস্তবন্ধূ (নাস্তি অন্যঃ বন্ধুঃ পুত্রাদিঃ যয়োঃ তৌ) অতঃ তপস্বিনৌ সন্তাপৌ জনকৌ জননীং জনকং চ নীচবৎ অন্ত্যজাদিবৎ ত্যক্তৌ ॥২৮

ধর্ম্মঘ্নাঃ কামিনঃ যত্র নরকে যম-যাতনাঃ বিন্দন্তি লভন্তে,

হে পুণ্যশীল মহারাজ! তৎকালে অজামিল কিছু বলিতে ইচ্ছুক ইহা বুঝিতে পারিয়া বিষ্ণুদূতগণ তাহার দৃষ্টির সম্মুখেই সেস্থানেই অদৃশ্য হইলেন।২৩

তৎকালে অজামিল যমদূতগণের বর্ণিত বেদত্রয়-প্রোক্ত সগুণ ধর্ম এবং বিষ্ণুদূতগণের বর্ণিত গুণাতীত বিশুদ্ধ ভাগবত (সাক্ষাৎ ভগবন্নির্দিষ্ট) ধর্মের কথা শ্রবণ করিয়া শ্রীহরির মাহাত্ম্য শ্রবণহেতু সত্বরই ভগবানে ভক্তিযুক্ত হইয়াছিল এবং নিজের পূর্বকৃত পাপের কথা স্মরণ করায় তাহার অতিশয় অনুতাপ প্রকাশ পাইয়াছিল।২৪-২৫

হায়! ইন্দ্রিয়দমনে অসমর্থ হওয়ায় আজ আমার নিদারুণ দুঃখেরই কারণ উপস্থিত হইল, যে আমি শূদ্রার গর্ভে পুত্ররূপে জন্ম গ্রহণ করিয়া ব্রাহ্মণত্ব বিসর্জন দিয়াছি।২৬

যে আমি যুবতী সতী ভার্য্যাকে পরিত্যাগ করিয়া মদ্যপায়িনী অসতী শূদ্রা রমণীর সঙ্গ করিয়াছি, সাধুগণকর্তৃক নিন্দিত ও কুলকলঙ্কস্বরূপ সেই দুরাচার আমাকে ধিক্।২৭

হায়! আমার বৃদ্ধ, অনাথ ও সন্তাপগ্রস্ত পিতামাতার পুত্রাদি অন্য কোন বান্ধব ছিল না, অথচ আমি অকৃতজ্ঞ হইয়া নীচ জনের ন্যায় তৎকালেই তাঁহাদিগকে ত্যাগ করিয়াছিলাম।২৮

অতএব যেস্থানে ধর্মনাশক কামুক ব্যক্তিগণ যমযাতনা ভোগ করে, আমিও নিশ্চয়ই সেই অতি ভয়ঙ্কর নরকে গতিলাভ করিব।২৯

কিমিদং স্বপ্ন আহোস্বিৎ সাক্ষাদ্ দৃষ্টমিহাদ্ভুতম্।
ক যাতা অদ্য তে যে মাং ব্যকর্ষন্ পাশপাণয়ঃ ॥৩০
অথ তে ক গতাঃ সিদ্ধাশ্চত্বারশ্চারুদর্শনাঃ।
ব্যমোচয়ন্নীয়মানং বদ্ধা পাশৈরধো ভুবঃ ॥৩১
অথাপি মে দুর্ভগস্য বিবুধোত্তমদর্শনে।
ভবিতব্যং মঙ্গলেন যেনাত্মা মে প্রসীদতি ॥৩২

অস্যথা ম্রিয়মাণস্য নাশুচের্যদীপতেঃ।
বৈকুণ্ঠনামগ্রহণং জিহ্বা বক্তুমিহার্হতি ॥৩৩
ক চাহং কিতবঃ পাপো ব্রহ্মঘ্নো নিরপত্রপঃ।
ক চ নারায়ণেত্যেতদ্ভগবন্নাম মঙ্গলম্ ॥৩৪
সোঽহং তথা যতিষ্যামি যতচিত্তেন্দ্রিয়ানিলঃ।
যথা ন ভূয় আত্মানমন্ধে তমসি মজ্জয়ে ॥৩৫

তস্মিন্ দুস্তরদারুণে অত্যুৎকটে নরকে অহং বাক্যং নিশ্চিতং পতিষ্যামি ॥২৯

যদা চ ভগবান্ ঐশ্বর্য্যাদিমান্ স্বরাট্ সর্ব্বদেবাধিপতিঃ ইন্দ্রঃ পরীক্ষন্ পরীক্ষণাৎ অপি গুরোঃ সংজ্ঞাং স্থিতিং স্থানজ্ঞানং ন অধিগতঃ ন প্রাপ্তঃ, তদা (গুরুবৈমুখ্যেন রক্ষকাভাবাৎ কথমস্মাকং নির্ব্বাহো ভবিষ্যতি ইতি) ধিয়া ধ্যায়ন্ সর্ব্বৈঃ সুরৈঃ যুক্তঃ অপি আত্মনঃ মনসঃ শর্ম্ম স্বাস্থ্যং ন অলভত ॥১৭

সভামধ্যে গুরুর প্রতি অবজ্ঞা প্রকাশ করিয়া বস্তুতই অন্যায় কার্য্য করিয়াছি ।১১

কোন পণ্ডিত ব্যক্তির পক্ষে স্বর্গরাজের অতুলনীয় ঐশ্বর্য্যও কামনীয় হইতে পারে না ; যেহেতু আমি সাত্ত্বিক দেবতাগণের অধিপতি হইলেও এই ঐশ্বর্য্যই অদ্য আমাকে আসুরভাবাপন্ন করিয়াছে ।১২

রাজাসনে উপবিষ্ট ব্যক্তি অপর কাহাকেও দেখিয়া প্রত্যুত্থান করিবেন না—এ কথা যাঁহারা বলেন, তাঁহারা পরম ধর্ম অবগত নহেন ।১৩

যাঁহারা এরূপ কুমার্গের উপদেশ করেন, তাঁহারা তামস অধোগতি প্রাপ্ত হন, সুতরাং যাহারা তাঁহাদের কথায় বিশ্বাস স্থাপন করে, প্রস্তররচিত নৌকার আরোহী ব্যক্তিগণের ন্যায় তাহারাও সেই উপদেশকগণের সঙ্গেই অধোগামী হইয়া থাকে ।১৪

সম্প্রতি আমি শঠতা ত্যাগ করিয়া দেবতাগণের আচার্য সেই অগাধবুদ্ধি ব্রাহ্মণকে নিজ মস্তক দ্বারা তাঁহার চরণ স্পর্শসহকারে প্রসন্ন করিব ।১৫

দেবরাজ ইন্দ্র এরূপ বিচার করিতেছেন, এ-অবস্থায় ভগবান্ বৃহস্পতি সমধিক নিজ মায়াবলে গৃহ হইতে অদৃশ্য হইলেন ।১৬

অনন্তর স্বর্গরাজ্যের অধীশ্বর ভগবান্ ইন্দ্র দেবগণের সহিত মিলিত হইয়া একাগ্রচিত্তে চিন্তা করিয়াও যখন বৃহস্পতির সন্ধানের কোন উপায়ই স্থির করিতে পারিলেন না, তখন তিনি চিত্তে অতিশয় দুঃখ অনুভব করিয়াছিলেন ।১৭

তচ্ছ্রুত্বৈবাসুরাঃ সর্ব্বে আশ্রিত্যৌশনসং মতম্।
দেবান্ প্রত্যুদ্যমং চক্রুর্দুর্মদা আততায়িনঃ ॥১৮
তৈর্বিসৃষ্টেষুভিস্তীক্ষ্ণৈর্নিভিন্নাঙ্গোরুবাহবঃ।
ব্রহ্মাণং শরণং জগ্মুঃ সহেন্দ্রা নতকন্ধরাঃ ॥১৯
তাংস্তথাভ্যর্দ্দিতান্ বীক্ষ্য ভগবানাত্মভূরজঃ।
কৃপয়া পরয়া দেব উবাচ পরিসান্ত্বয়ন্ ॥২০

ব্রহ্মোবাচ।
অহোবত সুরশ্রেষ্ঠা হ্যভদ্রং বঃ কৃতং মহৎ।
ব্রহ্মিষ্ঠং ব্রাহ্মণং দান্তমৈশ্বর্য্যান্নাভ্যনন্দত ॥২১
তস্যায়মনয়স্যাসীৎ পরেভ্যো বঃ পরাভবঃ।
প্রক্ষীণেভ্যঃ স্ববৈরিভ্যঃ সমৃদ্ধানাঞ্চ বঃ সুরাঃ ॥২২
মঘবন্ বিষতঃ পশ্য প্রক্ষীণান্ গুর্ব্বতিক্রমাৎ।
সম্প্রত্যুপচিতান্ ভূয়ঃ কাব্যমারাধ্য ভক্তিতঃ।
আদদীরন্ নিলয়নং মমাপি ভৃগুদেবতাঃ ॥২৩

তৎ বৃহস্পতেঃ বৈরনাদরেণ (দেবোপেক্ষয়া) শ্রুত্বা এব দুর্মদাঃ সর্ব্বে অসুরাঃ ঔশনসং মতঃ শুক্রাচার্য্যসংমতিম্ আশ্রিতা আততায়িনঃ গৃহীতশস্ত্রাঃ সন্তঃ দেবান্ প্রতি উদ্যমং চক্রুঃ (তেষাং নাশায় যুদ্ধং চক্রুঃ) ॥১৮

তদা তৈঃ অসুরৈঃ বিসৃষ্টৈঃ তীক্ষ্ণৈঃ ইষুভিঃ বাণৈঃ নিভিন্নানি অঙ্গানি উরু-শির-আদীনি উরবঃ বাহবশ্চ যেষাং তে তথাভূতাঃ অতঃ লজ্জয়া নতকন্ধরাঃ (আনতাঃ কন্ধরাঃ যেষাং তে) সহেন্দ্রাঃ ইন্দ্রেণ সহিতাঃ দেবাঃ ব্রহ্মাণং শরণং যযুঃ জগ্মুঃ ॥১৯

তান্ দেবান্ তথা উক্তপ্রকারেণ অসুরৈঃ অত্যর্দ্দিতান্ পীড়িতান্ বীক্ষ্য ভগবান্ আত্মভূঃ দেবঃ অজঃ ব্রহ্মা তান্ পরিসান্ত্বয়ন্ পরয়া কৃপয়া উবাচ ॥২০

ব্রহ্মা উবাচ। অহো আশ্চর্য্যং যত্ত যেষে হে সুরশ্রেষ্ঠাঃ! ঐশ্বর্য্যাৎ ঐশ্বর্য্যমদাৎ হাস্তং জিতেন্দ্রিয়ং ব্রহ্মিষ্ঠং ব্রহ্মজ্ঞানিনং ব্রাহ্মণং মদাৎ ন অভ্যনন্দত ন অভিনন্দিতবন্তঃ, তৎ বঃ যুষ্মাভিঃ মহৎ অভদ্রম্ অকার্য্যম্ এব কৃতম্ ॥২১

ততৈব অনয়ত অন্যায়ত যুষ্মাকম্ অয়ং বিপাকঃ ফলম্ আসীৎ, যৎ হে সুরাঃ! প্রক্ষীণেভ্যঃ স্ববৈরিভ্যঃ পরেভ্যঃ অসুরেভ্যঃ সমৃদ্ধানাম্ অপি যুষ্মাকং পরাভবঃ আসীৎ ॥২২

হে মঘবন্! গুর্ব্বতিক্রমাৎ পূর্ব্বং প্রক্ষীণান্ সম্প্রতি তু কাব্যং শুক্রং ভক্তিতঃ আরাধ্য ভূয়ঃ উপচিতান্ যুষ্মাকং বিষতঃ শত্রূন্ পশ্য মম ব্রহ্মণঃ অপি নিলয়নং স্থানং ব্রহ্মলোকম্ আদদীরন্ ॥২৩

তৎকালে দেবরাজ ইন্দ্রের এরূপ বিপত্তির কথা শুনিয়াই দুর্দান্ত অসুরগণ শুক্রাচার্য্যের অনুমতি-অনুসারে অস্ত্র উদ্যত করিয়া দেবতাগণের বিরুদ্ধে সংগ্রামে প্রবৃত্ত হইয়াছিল।১৮

যুদ্ধে অসুরগণকর্ত্তৃক নিক্ষিপ্ত তীক্ষ্ণ বাণসমূহের আঘাতে দেবতাগণের উরু, বাহু ও অন্যান্য অঙ্গ সমুদয় বিদীর্ণ হইলে তাঁহারা ইন্দ্রের সহিত অবনত মস্তকে ব্রহ্মার আশ্রয় গ্রহণ করিলেন।১৯

পদ্মযোনি ভগবান্ ব্রহ্মা দেবতাগণকে ঐরূপ পীড়িত হইতে দেখিয়া পরম কৃপাসহকারে সান্ত্বনা দান করিতে করিতে এরূপ বলিয়াছিলেন।২০

শ্রীব্রহ্মা বলিলেন—অহো! শ্রেষ্ঠ দেবতাগণ! তোমরা যে ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া জিতেন্দ্রিয় ব্রহ্মনিষ্ঠ ব্রাহ্মণ বৃহস্পতিকে অভিনন্দন কর নাই, ইহা তোমাদের গুরুতর অন্যায় কার্য্য হইয়াছে।২১

হে দেবগণ! তোমাদের সেই অন্যায় কার্য্যেরই এই ফল হইল যে—এতকাল তোমরা সমৃদ্ধিশালী হইয়া যাহাদিগকে বধ করিয়াছ, সেই ক্ষীণবল শত্রুগণের নিকট হইতেই সম্প্রতি তোমাদের পরাজয় ঘটিয়াছে।২২

হে দেবরাজ! তুমি শত্রুগণের কথাই চিন্তা করিয়া দেখ। তাহারা এক সময়ে গুরুর মর্য্যাদা লঙ্ঘন করায় অতিশয় ক্ষীণ বল হইয়াছিল, পুনরায় তাহারা ভক্তি সহকারে শুক্রাচার্য্যের আরাধনা করিয়া সম্প্রতি বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে। এমন কি শুক্রাচার্য্যের সেবক সেই দৈত্যগণ ইচ্ছা করিলে আমার স্থান পর্য্যন্ত অধিকার করিতে পারে।২৩

ত্রিপিষ্টপং কিং গণয়ন্ত্যভেজ্য-
মন্ত্রা ভৃগূণামনুশিক্ষিতার্থাঃ।
ন বিপ্রগোবিন্দগবীশ্বরাণাং
ভবন্ত্যভদ্রাণি নরেশ্বরাণাম্ ॥২৪
তদ্বিশ্বরূপং ভজতাশু বিপ্রং
তপস্বিনং ত্বাষ্ট্রমথাস্তবন্তম্।
সভাজিতোঽর্থান্ স বিধাস্যতে বো
যদি ক্ষমিষ্যধ্বমুতাস্য কর্ম্ম ॥২৫

শ্রীশুক উবাচ।
ত এবমুদিতা রাজন্ ব্রহ্মণা বিগতজ্বরাঃ।
ঋষিং ত্বাষ্ট্রমুপব্রজ্য পরিষ্বজ্যেদমব্রুবন্ ॥২৬
দেবা ঊচুঃ।
বয়ং তেঽতিথয়ঃ প্রাপ্তা আশ্রমং ভদ্রমস্তু তে।
কামঃ সম্পাদ্যতাং তাত পিতৃণাং সময়োচিতঃ ॥২৭
পুত্রাণাং হি পরো ধর্ম্মঃ পিতৃশুশ্রূষণং সতাম্।
অপি পুত্রবতাং ব্রহ্মন্ কিমুত ব্রহ্মচারিণাম্ ॥২৮

ভৃগূণাং শুক্রাচার্য্যাণাম্ অনুশিক্ষিতার্থাঃ (অনুশিক্ষিতঃ এব অর্থঃ পুরুষার্থত্বেন উপাদেয়ঃ যেষাং তে) অভেজ্যমন্ত্রাঃ (অভেজ্যঃ মন্ত্রঃ মন্ত্রণা যেষাং তে) অসুরাঃ ত্রিপিষ্টপং কিং গণয়ন্তি? যতঃ বিপ্রগোবিন্দগবীশ্বরাণাং (বিপ্রাঃ গোবিন্দঃ গাবঃ চ ঈশ্বরাঃ অনুগ্রাহকাঃ যেষাং তেষাং) নরেশ্বরাণাং অভদ্রাণি ন ভবন্তি ॥২৪

তৎ তস্মাৎ অথ আত্মবন্তং (আত্মা সর্ব্বাত্মা ভগবান্ বাসুদেবেন বিদ্যতে যস্য তং) তপস্বিনং বিপ্রং ত্বাষ্ট্রং ত্বষ্টুঃ পুত্রং বিশ্বরূপম্ আশু ভজত। সঃ যুষ্মাভিঃ সভাজিতঃ সৎকৃতঃ সন্ বঃ যুষ্মাকম্ অর্থান্ মনোরথান্ বিধাস্যতে, যদি তস্য কর্ম্ম অনুরূপক্ষমাভং ক্ষমিষ্যধ্বম্ ॥২৫

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! তে দেবাঃ ব্রহ্মণা এবম্ উক্তাঃ অতঃ বিগতজ্বরাঃ (বিগতঃ জ্বরঃ অসুরজনিতঃ সন্তাপঃ যেষাং তে তথাবিধাঃ) সন্তঃ ঋষিং শান্তস্বভাবং ত্বাষ্ট্রং বিশ্বরূপম্ উপব্রজ্য তং পরিষ্বজ্য ইদং বক্ষ্যমাণম্ অব্রুবন্ ॥২৬

দেবাঃ ঊচুঃ। বয়ম্ অতিথয়ঃ যাচকাঃ তে তব আশ্রমং প্রাপ্তাঃ আগতাঃ। অতঃ হে তাত! পিতৃণাম্ অস্মাকং সময়োচিতঃ এতৎকালযোগ্যঃ কামঃ মনোরথঃ সম্পাদ্যতাং, তে তব ভদ্রম্ অস্তু ॥২৭

সতাং পুত্রাণাং হি পরঃ উৎকৃষ্টঃ ধর্ম্মঃ পিতৃশুশ্রূষণং পরঃ

যাহাদের মন্ত্রণা অপরের জানার উপায় নাই, শুক্রাচার্য্যের শিষ্য সেই অসুরগণ এখন আর স্বর্গলোককে গণ্য করিবে কেন? ব্রাহ্মণ, গোবিন্দ ও গো-সমূহ যাহাদের প্রতি অনুগ্রহ প্রকাশ করেন, কেবলমাত্র সেই সকল নরপতিগণেরই কোনরূপ অমঙ্গল ঘটিতে পারে না (সম্প্রতি তোমরা কর্ম্মদোষে নিজ গুরু ব্রাহ্মণ বৃহস্পতির অনুগ্রহে বঞ্চিত বলিয়া তোমাদের এরূপ অমঙ্গল অযৌক্তিক নহে) ।২৪

হে দেবগণ! অতএব সম্প্রতি তোমরা অতিসত্বর ত্বষ্টার পুত্র জিতেন্দ্রিয়, তপস্বী, ব্রাহ্মণ বিশ্বরূপের নিকট যাইয়া তাঁহার সেবা কর। যদি তোমরা তাঁহার অনুরূপক্ষপাভিভারূপ পূর্ব কার্য্যের ক্ষমা করিয়া পূজা করিতে পার, তাহা হইলে তিনি নিশ্চয়ই তোমাদের অভীষ্ট সাধন করিবেন ।২৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ব্রহ্মার এরূপ উপদেশ বাক্যদ্বারা দেবতাগণের সন্তাপ দূরীভূত হইলে তাঁহারা ত্বষ্টার পুত্র ঋষি বিশ্বরূপের নিকটে যাইয়া তাঁহাকে আলিঙ্গনপূর্বক এরূপ বলিয়াছিলেন ।২৬

দেবতাগণ বলিলেন—হে বৎস! আমরা অদ্য অতিথিরূপে তোমার আশ্রমে উপস্থিত হইয়াছি। তোমার মঙ্গল হউক। পিতৃগণের সময়োচিত কামনা পরিপূরণ কর ।২৭

হে ব্রাহ্মণ! সৎপুত্রগণ পুত্রবান্ অর্থাৎ গৃহস্থ হইলেও তাহাদের পক্ষে পিতৃসেবাই পরম ধর্ম, অতএব ব্রহ্মচারী পুত্রগণের পক্ষে যে পিতৃসেবা পরম ধর্ম—এ বিষয়ে আর বক্তব্য কি ।২৮

আচার্য্যো ব্রহ্মণো মূর্ত্তি পিতা মূর্ত্তিঃ প্রজাপতেঃ।
ভ্রাতা মরুৎপতের্মূর্ত্তির্মাতা সাক্ষাৎ ক্ষিতেস্তনুঃ ॥২৯
দয়ায়া ভগিনী মূর্ত্তির্ধর্ম্মস্যাত্মাঽতিথিঃ স্বয়ম্।
অগ্নেরভ্যাগতো মূর্ত্তিঃ সর্ব্বভূতানি চাত্মনঃ ॥৩০
তস্মাৎ পিতৃণামার্ত্তানামার্তিং পরপরাভবম্।
তপদাপনয়ংস্তাত সন্দেশং কর্ত্তুমর্হসি ॥৩১

বৃণীমহে ত্বোপাধ্যায়ং ব্রহ্মিষ্ঠং ব্রাহ্মণং গুরুম্।
যথাঞ্জসা বিজেষ্যামঃ সপত্নাংস্তব তেজসা ॥৩২
ন গর্হ্যস্তি হ্যর্থেষু যবিষ্ঠাঙ্ঘ্র্যভিবাদনম্।
ছন্দোভ্যোঽন্যত্র ন ব্রহ্মন্ বয়ো জ্যৈষ্ঠস্য কারণম্ ॥৩৩

শ্রীঋষিরুবাচ।

অভ্যর্থিতঃ সুরগণৈঃ পৌরোহিত্যে মহাতপাঃ।
স বিশ্বরূপস্তানাহ প্রসন্নঃ শ্লক্ষ্ণয়া গিরা ॥৩৪

ধর্ম্মঃ ভবতি, তদা ব্রহ্মচারিণঃ ভবাদৃশাং পিতৃসেবা পরো ধর্ম্মঃ ইতি—কিমুত বক্তব্যম্ ॥২৮

আচার্য্যঃ (উপনীয় তু যঃ শিষ্যং বেদমধ্যাপয়েদ্ দ্বিজঃ। সকল্পং সরহস্যং চ তমাচার্য্যং প্রচক্ষ্যতে ইতি স্মৃত্যুক্তলক্ষণঃ) ব্রহ্মণঃ বেদস্য মূর্ত্তিঃ; পিতা প্রজাপতেঃ ব্রহ্মণঃ মূর্ত্তিঃ, ভ্রাতা মরুৎপতেঃ ইন্দ্রস্য মূর্ত্তিঃ; মাতা সাক্ষাৎ ক্ষিতেঃ তস্যঃ মূর্ত্তিঃ ॥২৯

ভগিনী দয়ায়াঃ মূর্ত্তিঃ; অতিথিঃ স্বয়ং সাক্ষাৎ ধর্ম্মস্য আত্মা মূর্ত্তিঃ; অভ্যাগতঃ অগ্নেঃ মূর্ত্তিঃ, (জ্ঞাতপূর্ব্বকত্বাজ্ঞাতপূর্ব্বকত্বেন অতিথ্যভ্যাগতয়োঃ ভেদো জ্ঞেয়ঃ) সর্ব্বভূতানি স্থাবরজঙ্গমানি আত্মনঃ সর্ব্বাত্মনঃ ভগবতঃ মূর্ত্তয়ঃ ॥৩০

তস্মাৎ হে তাত! পিতৃণাম্ আর্ত্তানাম্ অস্মাকং পরেভ্যঃ শত্রুভ্যঃ পরাভবরূপাম্ আর্ত্তিং স্বতপসা অপনয়ন্ সন্দেশম্ আজ্ঞাং কর্ত্তুং পালয়িতুম্ অর্হসি ॥৩১

ব্রহ্মিষ্ঠং ভগবদ্ভক্তং ব্রাহ্মণং গুরুং ত্বা ত্বাম্ উপাধ্যায়ং গুরুত্বেন বৃণীমহে; যেন উপাধ্যায়বরণপ্রকারেণ তব তেজসা অঞ্জসা অনায়াসেন এব সপত্নান্ স্বশত্রূন্ বয়ং বিজেষ্যামঃ ॥৩২

হে ব্রহ্মন্ বেদজ্ঞ! অর্থেষু প্রয়োজননিমিত্তং হি যবিষ্ঠস্য কনিষ্ঠস্য অভ্যুত্থিবাদনং ন গর্হ্যতি বৃদ্ধাঃ, (যতস্তত্ত্ব) ছন্দোভ্যঃ অন্যত্র বেদজ্ঞানং বিহায় বয়ঃ জ্যৈষ্ঠস্য জ্যেষ্ঠত্বস্য ন কারণং, কিন্তু বেদজ্ঞত্বমেব জ্যেষ্ঠত্বস্য কারণম্ ॥৩৩

ঋষিঃ শুকঃ উবাচ। সুরগণৈঃ পৌরোহিত্যে এবম্ অভ্যর্থিতঃ প্রার্থিতঃ সঃ মহাতপাঃ বিশ্বরূপঃ প্রসন্নঃ সন্ শ্লক্ষ্ণয়া মধুরয়া গিরা তান্ দেবান্ আহ ॥৩৪

আচার্য্য সাক্ষাৎ বেদের মূর্ত্তি, পিতা প্রজাপতির মূর্ত্তি, ভ্রাতা মরুৎপতি ইন্দ্রের মূর্ত্তি এবং মাতা সাক্ষাৎ ধরিত্রীর মূর্ত্তি ।২৯

এইরূপ ভগিনী দয়ার মূর্ত্তি, অতিথি সাক্ষাৎ ধর্ম্মের মূর্ত্তি, অভ্যাগত ব্যক্তি অগ্নির মূর্ত্তি এবং নিখিল প্রাণিবর্গ আত্মার (বিভুর অথবা নিজের) মূর্ত্তি-স্বরূপ ।৩০

হে বৎস! অতএব আমরা তোমায় পিতৃজন বলিয়া তুমি এই পীড়িত পিতৃগণের শত্রুকৃত পরাভব-জনিত পীড়াসমূহ নিজ তপস্যাদ্বারা দূর করিয়া আমাদের আদেশ রক্ষা কর ।৩১

আমরা যাহাতে তোমার তেজঃপ্রভাবে শত্রুগণকে জয় করিতে পারি, সেজন্য ব্রহ্মনিষ্ঠ, ব্রাহ্মণ ও গুরুস্বরূপ তোমাকে উপাধ্যায় অর্থাৎ পুরোহিতরূপে বরণ করিতেছি ।৩২

হে ব্রাহ্মণ! প্রয়োজনানুরোধে কনিষ্ঠের পদবন্দনা নিন্দনীয় নহে। বিশেষতঃ বেদজ্ঞান বর্জ্জন করিয়া কেবলমাত্র বয়স দ্বারা জ্যেষ্ঠত্ব বিচার্য্য হয় না (অতএব তুমি বয়সে কনিষ্ঠ হইলেও বেদজ্ঞ বলিয়া আমাদিগের অপেক্ষা জ্যেষ্ঠ এবং আমাদের প্রণম্য) ।৩৩

ঋষি শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! এইরূপে দেবতাগণ মহাতপস্বী বিশ্বরূপকে পৌরোহিত্য গ্রহণের জন্য আবেদন করিলে তিনি প্রসন্ন হইয়া তাঁহাদিগকে মধুর বাক্যে এরূপ উত্তর দান করিয়াছিলেন ।৩৪

বিশ্বরূপ উবাচ।

বিগর্হিতং ধর্ম্মশীলৈরস্মদ্ব্রহ্মবর্চ্চউপব্যয়ম্।
কথং নু মদ্বিধো নাথা লোকেশৈরভিযাচিতম্।
প্রত্যাখ্যাস্যতি তদ্ভিন্নঃ স এব স্বার্থ উচ্যতে ॥৩৫
অকিঞ্চনানাং হি ধনং শিলোঞ্ছনং
তেনৈব নির্ব্বর্ত্তিতসাধুসংক্রিয়ঃ।
কথং বিগর্হ্যং নু করোম্যধীশ্বরাঃ
পৌরোধসং ত্বাতি যেন দুর্ম্মতিঃ ॥৩৬

বিশ্বরূপঃ উবাচ। পৌরোহিত্যং ধর্ম্মশীলৈঃ বিগর্হিতং নিন্দিতং, যতঃ ব্রহ্মবর্চ্চ-উপব্যয়ং (ব্রহ্মবর্চসঃ উপব্যয়ঃ অধিক্ষয়ঃ যস্মাৎ তৎ) তথাপি মদ্বিধঃ মদ্সদৃশঃ তদ্ভিন্নঃ তেষাং ভবতাং শিক্ষার্থং লোকেশৈঃ ত্বদ্বাভিঃ অভিযাচিতং কথং প্রত্যাখ্যাস্যতি ? হে নাথাঃ ! অস্মাকং তু যঃ এব দেবব্রহ্মচর্য-প্রতিপালনম্ এব স্বার্থঃ স্বকর্তব্যঃ উচ্যতে ॥৩৫

শিলোঞ্ছনং (ক্ষেত্রস্বাম্যুপেক্ষিত-কণিশোপাদানং শিলং ; হট্টাদৌ পতিতব্রীহ্যাদেকৈকাদানম্ উঞ্ছনং) এব অকিঞ্চনানাং ধনম্। তেনৈব বিধিবদ্ধেন ইহ নির্ব্বর্ত্তিতসাধু-সংক্রিয়ঃ (নির্ব্বর্ত্তিতাঃ সাধুনাং সদাচারাণাং সতাং লৌকিকা-লৌকিকা ক্রিয়া যেন সঃ তথাবিধঃ অহং) বিগর্হ্যং তেজোহাপিকরম্, অতঃ নিন্দ্যং পৌরোধসং যেন দুর্মতিঃ দুষ্যতি তৎ যে অধীশ্বরাঃ ! কথং করোমি ॥৩৬

তথাপি ভবদ্ভিঃ ভবদ্ভিঃ কিমং অপি প্রার্থিতম্ অহং ন প্রতিক্রোমি ; অতঃ ভবতাং সর্বং প্রার্থিতম্ অহং প্রাণৈঃ অর্থৈঃ চ সাধয়ে ॥৩৭

শ্রীবাদরায়ণিঃ উবাচ মহতপাঃ বিশ্বরূপঃ তেভ্যঃ দেবেভ্যঃ এবং প্রতিশ্রুত্য প্রতিজ্ঞায় ঐষ্টৈঃ কৃতঃ পরমেণ সমাধিনা চিত্তৈকাগ্র্যেণ পৌরোহিত্যে চক্রে ॥৩৮

উপনতঃ ইদম্ ইতি ঔপনসী তয়া বিদ্যয়া গুরুম্ অপি সুরবিদ্বিষাং দৈত্যানাং শ্রিয়ং বৈষ্ণব্যা (বিষ্ণুঃ দেবতা অস্যা ইতি বৈষ্ণবী তয়া) শ্রীনারায়ণ-কবচাত্মিকয়া বিদ্যয়া আজহ্রে বিষ্ণুঃ সমর্থঃ বিশ্বরূপঃ মহেন্দ্রায় অদাৎ ॥৩৯

শ্রীবিশ্বরূপ বলিলেন—হে প্রভুগণ! পৌরোহিত্য অধর্মের কারণ বলিয়া ধর্মশীলগণ ইহার নিন্দাই করেন। বিশেষতঃ ইহাদ্বারা পূর্ব সঞ্চিত ব্রহ্মতেজের ক্ষয় হইয়া থাকে। অথচ আমি লোকপালগণের নিকট হইতে শিক্ষালাভের যোগ্য, এ অবস্থায় তাঁহাদের প্রার্থিত বিষয়টি কিরূপে প্রত্যাখ্যান করিব ? যেহেতু লোকপালগণের প্রার্থনা প্রত্যাখ্যান না করাই আমাদের ন্যায় শিষ্যের স্বার্থ বলিয়া গণ্য হয় ।৩৫

হে অধীশ্বরগণ! শিল অর্থাৎ ক্ষেত্রে পতিত ও কৃষকাদি কর্তৃক উপেক্ষিত ধান্যাদি সংগ্রহ এবং উঞ্ছ অর্থাৎ হট্টাদিতে পতিত ধান্যাদি সংগ্রহই অকিঞ্চন ব্যক্তিগণের সম্পদ্। আমি তাদৃশ বৃত্তি দ্বারাই গৃহাশ্রমে সাধুগণের সৎক্রিয়া সম্পাদন করি। অতএব যে পৌরোহিত্য লাভ করিলে নির্বোধ ব্যক্তিগণ দুষ্ট হয়, আমি কিরূপে সেই নিন্দনীয় বৃত্তি গ্রহণ করিতে পারি ?৩৬

তথাপি আমি আপনাদের ন্যায় গুরুবর্গের প্রার্থিত বিষয় প্রত্যাখ্যান করিতে পারি না। ইহা ত অল্প কার্য, এতদ্ব্যতীত ও আপনাদের প্রার্থিত সকল কার্যই আমি প্রাণ ও ধনদ্বারা সম্পাদন করিব ।৩৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ। মহাতপস্বী বিশ্বরূপ দেবতাগণের নিকট এরূপ স্বীকারপূর্বক পৌরোহিত্যপদে বৃত হইয়া একনিষ্ঠভাবে স্বীয় কার্য সম্পাদন করিতে লাগিলেন ।৩৮

শুক্রাচার্যের বিদ্যার প্রভাবে অসুরগণের লক্ষ্মী

যয়া গুপ্তঃ সহস্রাক্ষো জিগ্যেঽসুরচমূর্বিভুঃ।
তাং প্রাহ স মহেন্দ্রায় বিশ্বরূপ উদারধীঃ ॥৪০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭

যয়া নারায়ণকবচাখ্যিকয়া বিদ্যয়া গুপ্তঃ রক্ষিতঃ সহস্রাক্ষঃ ইন্দ্রঃ বিভুঃ প্রভুঃ সন্ অসুরাণাং চমূঃ দৈত্যসেনাঃ জিগ্যে, তাং বিদ্যাং সঃ উদারধীঃ বিশ্বরূপঃ মহেন্দ্রায় প্রাহ ॥৪০

ইতি ষষ্ঠস্কন্ধে শ্রীযুতেন্দ্রনাথ শাস্ত্রিকৃতায়াং সপ্তমোঽধ্যায়ঃ ॥

যে বিদ্যাদ্বারা সুরক্ষিত হইয়া দেবরাজ ইন্দ্র অসুরসেনা জয় করিয়াছিলেন, উদারচিত্ত বিশ্বরূপই ইন্দ্রকে তাঁহার উপদেশ দিয়াছিলেন ।৪০

সুরক্ষিতা হইলেও মহাপ্রভাবশালী বিশ্বরূপ বৈষ্ণবী বিদ্যা অর্থাৎ শ্রীনারায়ণ-কবচ দ্বারা সেই লক্ষ্মীকে আকর্ষণ করিয়া ইন্দ্রকে দান করিয়াছিলেন ।৩৯

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
সপ্তম অধ্যায় সমাপ্ত ।

অষ্টমঃ অধ্যায়ঃ

[বিশ্বরূপেণ ইন্দ্রায় নারায়ণবর্ম্মোপদেশঃ ।]

রাজোবাচ ।

যয়া গুপ্তঃ সহস্রাক্ষঃ সবাহান্ রিপুসৈনিকান্ ।
ক্রীড়ন্নিব বিনির্জিত্য ত্রিলোক্যা বুভুজে শ্রিয়ম্ ॥১

ভগবংস্তন্মমাখ্যাহি বর্ম্ম নারায়ণাত্মকম্ ।
যথাততায়িনঃ শত্রূন্ যেন গুপ্তোঽজয়ন্মৃধে ॥২

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ । যয়া বিদ্যয়া গুপ্তঃ রক্ষিতঃ সহস্রাক্ষঃ ক্রীড়ন্ ইব অনায়াসেন সবাহান্ রিপুসৈনিকান্ দৈত্য-সেনাপতীন্ বিনির্জিত্য ত্রিলোক্যাঃ শ্রিয়ং বুভুজে ॥১

অন্বয়ঃ

হে ভগবন্ সর্ব্বজ্ঞ ! তৎ নারায়ণাত্মকং বর্ম্ম কবচং মম আখ্যাহি, যথা যেন অস্ত্রেণ সহায়ভূতেন সেনাপতিনা গুপ্তঃ যুধি যুদ্ধে যেন প্রকারেণ আততায়িনঃ শস্ত্রধারিণঃ শত্রূন্ অজয়ৎ—তৎপ্রকারং মম আখ্যাহি ।২

অষ্টম অধ্যায়

[বিশ্বরূপ কর্ত্তৃক ইন্দ্রকে নারায়ণবর্ম্মের উপদেশ ।]

শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্ ! দেবরাজ ইন্দ্র যে- বিদ্যাদ্বারা সুরক্ষিত হইয়া বাহনসহ শত্রু সৈন্যগণকে অনায়াসে জয় করিয়া ত্রিলোকের ঐশ্বর্য্য সম্পদ্ ভোগ করিয়াছিলেন, সেই নারায়ণ-কবচের কথা, যদ্দ্বারা রক্ষিত হইয়া যুদ্ধে যে ভাবে আততায়ী শত্রুগণকে জয় করিয়াছিলেন—উহা আমার নিকট বর্ণন করুন ।১-২

শ্রীবাদরায়ণিরুবাচ।

বৃতঃ পুরোহিতস্ত্বাষ্ট্রো মহেন্দ্রায়ানুপৃচ্ছতে।
নারায়ণাখ্যং বর্ম্মাহ তদিহৈকমনাঃ শৃণু ॥৩

শ্রীবিশ্বরূপ উবাচ।

ধৌতাঙ্ঘ্রিপাণিরাচম্য সপবিত্র উদঙ্মুখঃ।
কৃতস্বাঙ্গকরন্যাসো মন্ত্রাভ্যাং বাগ্‌যতঃ শুচিঃ ॥৪

নারায়ণপরং বর্ম্ম সংনহ্যেন্ত্বমাগতে।
পাদয়োর্জানুনোরূর্ব্বোরুদরে হৃদ্যথোরসি ॥৫
মুখে শিরস্যানুপূর্ব্ব্যাদোঙ্কারাদীনি বিন্যসেৎ।
ওঁ নমো নারায়ণায়েতি বিপর্য্যয়মথাপি বা ॥৬
করন্যাসং ততঃ কুর্য্যাদ্ দ্বাদশাক্ষরবিদ্যয়া।
প্রণবাদিযকারান্তমঙ্গুল্যঙ্গুষ্ঠপর্ব্বসু ॥৭
ন্যসেদ্ হৃদয় ওঙ্কারং বিকারমনু মূর্দ্ধনি।
ষকারস্তু ভ্রুবোর্মধ্যে ণকারং শিখরা ন্যসেৎ ॥৮

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। বৃতঃ পুরোহিতঃ ত্বাষ্ট্রঃ অনুপৃচ্ছতে মহেন্দ্রায় যৎ নারায়ণাখ্যং বর্ম্ম আহ, তৎ ইহ একমনাঃ শৃণু ॥৩

শ্রীবিশ্বরূপঃ উবাচ। আধিদৈবিকাদিভেদভিন্নে ভয়ে আগতে সতি ধৌতাঙ্ঘ্রিপাণিঃ (ধৌতৌ প্রক্ষালিতৌ অঙ্ঘ্রী পাণী চ যেন সঃ) আচম্য আচমনং কৃত্বা শুচিঃ সপবিত্রঃ উদঙ্মুখঃ উত্তরমুখতয়া উপবিষ্টঃ বাগ্‌যতঃ মৌনী মন্ত্রাভ্যাম্ অষ্টাক্ষর-দ্বাদশাক্ষরাভ্যাং কৃতঃ স্বাঙ্গেষু করয়োশ্চ ন্যাসঃ যেন সঃ নারায়ণপরং বর্ম্ম সংনহ্যেৎ যন্ত্রয়েৎ ॥

"ওঁ নমো নারায়ণায়" ইত্যন্ত অষ্টাক্ষরমন্ত্রস্য প্রণব-সম্পুটিতম্ ওঙ্কারাদ্যেকৈকম্ অক্ষরম্ আনুপূর্ব্ব্যাৎ যথাক্রমেন পাদাদ্যষ্টাঙ্গেষু বিন্যসেৎ ॥

অথবা বিপর্য্যয়ং যথা ভবতি তথা শিরআদি পাদান্তেষু ন্যকারাদ্যোঙ্কারান্তম্ অপি বিন্যসেৎ প্রক্রমেন দ্বাদশাক্ষরস্য ব্যুৎক্রমেন সংহারন্যাসে বা কুর্য্যাৎ ॥৪-৬

"ওঁ নমো ভগবতে বাসুদেবায়" ইতি দ্বাদশাক্ষরমন্ত্রেণ করন্যাসম্ আহ। ততঃ অঙ্গন্যাসানন্তরং দ্বাদশাক্ষরমন্ত্রস্য প্রণবাদিযকারান্তং প্রণব-সম্পুটিতম্ একৈকম্ অক্ষরং দক্ষিণ-তর্জনীম্ আরভ্য বাম-তর্জনী-পর্যন্তম্ অঙ্গুলীষু ন্যসেৎ; পরিশিষ্টম্ অক্ষর-চতুষ্টয়ম্ অঙ্গুষ্ঠয়োঃ আদ্যন্তপর্ব্বসু বিন্যসেৎ ॥৭

পুনঃ "ওঁ বিষ্ণবে নমঃ" ইতি ষড়ক্ষরমন্ত্রেণ ষড়ঙ্গন্যাসম্ আহ। হৃদয়ে ওঙ্কারং, বিকারং মূর্দ্ধনি, ভ্রুবোঃ মধ্যে ষকারং,

শ্রীশুকদেব বলিলেন—ত্বষ্টার পুত্র বিশ্বরূপ দেবগণকর্তৃক পুরোহিত পদে বৃত হইয়া দেবরাজ ইন্দ্রের জিজ্ঞাসার উত্তরে যে নারায়ণকবচ বলিয়াছিলেন, তুমি একাগ্রচিত্তে তাহা শ্রবণ কর।৩

শ্রীবিশ্বরূপ বলিলেন—হে দেবরাজ! কোন ভয় বিপত্তি উপস্থিত হইলে—প্রথমতঃ হস্ত-পদ প্রক্ষালন পূর্বক উত্তরমুখী হইয়া কুশহস্তে আচমন করিবে এবং অষ্টাক্ষর বা দ্বাদশাক্ষর মন্ত্রদ্বারা অঙ্গন্যাস ও করন্যাস করিয়া সংযতবাক্ ও শুদ্ধচিত্তে নারায়ণ-কবচ বন্ধন করিবে। তাহা এইরূপ—পদদ্বয়, জানুদ্বয়, উরুদ্বয়, উদর, হৃদয়, বক্ষঃস্থল, মুখ ও মস্তক—এই সকল অঙ্গের প্রত্যেকটিতে যথাক্রমে —'ওঁ নমো নারায়ণায়' এই মন্ত্রের এক একটি অক্ষর বিন্যস্ত করিবে, অথবা বিপরীতভাবে মস্তক হইতে পদদ্বয় পর্য্যন্ত এই সকল অক্ষর বিন্যাস করা যায়।৪-৬

অনন্তর দ্বাদশাক্ষর বিদ্যা অর্থাৎ 'ওঁ নমো ভগবতে বাসুদেবায়'—এই মন্ত্রে করন্যাস করিবে। তন্মধ্যে 'ওঙ্কার' হইতে 'য়' পর্য্যন্ত দ্বাদশটি অক্ষরের মধ্যে প্রথম আটটি অক্ষর যথাক্রমে দক্ষিণ হস্তের তর্জনী, মধ্যমা, অনামিকা, কনিষ্ঠা, বামহস্তের কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা ও তর্জনী অঙ্গুলীতে বিন্যাসপূর্বক অবশিষ্ট চারিটি অক্ষর দক্ষিণ হস্তের আদিপর্ব, অন্ত্যপর্ব এবং বামহস্তের আদিপর্ব ও অন্ত্যপর্বে বিন্যাস করিবে।৭

(অপর মন্ত্রন্যাস) 'ওঁ বিষ্ণবে নমঃ'—এই

বেকারং নেত্রয়োর্ঘুঞ্জ্যাদ্রেফকারং সর্ব্বসন্ধিষু।
মকারমস্ত্রমুদ্দিশ্য মন্ত্রমূর্ত্তির্ভবেদ্ বুধঃ ॥৯
সবিসর্গং ফড়ন্তং তৎ সর্ব্বদিক্ষু বিনির্দ্দিশেৎ।
ওঁ বিষ্ণবে নম ইতি ॥১০
আত্মানং পরমং ধ্যায়েদ্ ধ্যেয়ং ষট্‌শক্তিভির্যুতম্।
বিদ্যাতেজস্তপোমূর্ত্তিমিমং মন্ত্রমুদাহরেৎ ॥১১

ওঁ হরির্বিদধ্যান্মম সর্ব্বরক্ষাং
ন্যস্তাঙ্ঘ্রিপদ্মঃ পতগেন্দ্রপৃষ্ঠে।
দরারিচর্ম্মাসিগদেষু-চাপ-
পাশান্ দধানোঽষ্টগুণোঽষ্টবাহুঃ ॥১২
জলেষু মাং রক্ষতু মৎস্যমূর্ত্তি-
র্যাদোগণেভ্যো বরুণস্য পাশাৎ।
স্থলেষু মায়াবটুবামনোঽব্যাৎ
ত্রিবিক্রমঃ খেঽবতু বিশ্বরূপঃ ॥১৩

শিখায়া শিখায়াং ফকারং ভ্রুবোঃ, নেত্রয়োঃ বেকারং ঘ্রাণে, সর্ব্বসন্ধিষু রেফকারং ন্যসেৎ। মকারম্ অস্ত্রম্ উদ্দিশ্য ধ্যাত্বা এবং মন্ত্রমূর্ত্তিঃ সন্ তৎ মকারাস্ত্রং "ম", অস্ত্রায় ফট্ ইত্যেবং সবিসর্গং ফড়ন্তং সঃ বুধঃ সর্ব্বদিক্ষু বিনির্দ্দিশেৎ। (মকার-ফকারয়োর্বিন্যাসেন অন্যথা প্রতীতেঃ ভ্রম-নিরাসায় মন্ত্রং দর্শয়তি ওঁ বিষ্ণবে নমঃ ইতি) ৮-১০

ষড়্ভিঃ ঐশ্বর্য্যাদিভিঃ শক্তিভিঃ যুতং বিদ্যা চ মন্ত্রাত্মিকা তেজশ্চ তপশ্চ মূর্ত্তিঃ যস্য তং ধ্যায়েৎ ধ্যাত্বা চ যোগ্যং ধ্যান-রক্ষাদিমূর্ত্তিং পরমং সর্ব্বোৎকৃষ্টম্ আত্মানং পরমাত্মানং ধ্যায়েৎ যা আত্মানং নিজস্বরূপং ধ্যায়েৎ। তদনন্তরম্ ইমং নারায়ণ-কবচাখ্যং মন্ত্রম্ উদাহরেৎ আবৃত্ত্যা জপেৎ ॥১১

ওঁ পতগেন্দ্রপৃষ্ঠে (মনোজবত্বাৎ সর্ব্বত্রগামিনঃ পতগেন্দ্রস্য গরুড়স্য পৃষ্ঠে) ন্যস্তাঙ্ঘ্রিপদ্মঃ ন্যস্তচরণঃ, তথা দরঃ শঙ্খঃ, অরিঃ চক্রং, চর্ম্ম, অসিঃ, গদা, ইষুঃ বাণঃ, চাপঃ ধনুঃ, পাশং চ ইতি অষ্ট আয়ুধানি দধানঃ, অতঃ অষ্টবাহুঃ অষ্টগুণঃ অণিমাদ্যষ্টৈশ্বর্য্যযুক্তঃ হরিঃ মম সর্ব্বরক্ষাং সর্ব্বদেশে সর্ব্বকালে চ মম রক্ষাং বিদধ্যাৎ করোতু ॥১২

যাদাংসি জলজন্তবঃ তেষাং গণেভ্যঃ বরুণস্য পাশাৎ চ মাং জলে তু মৎস্যমূর্ত্তিঃ ভগবান্ রক্ষতু। মায়য়া ব্রহ্মচর্য্য-বামনরূপঃ জাতঃ ভগবান্ স্থলেষু মাং রক্ষতু; তথা ত্রিবিক্রমঃ (ত্রয়ো বিক্রমাঃ যস্য সঃ ত্রিভুবনম্ আদাতুং পাদবিক্ষেপাঃ যস্য সঃ) বিশ্বরূপঃ হরিঃ মাং খে আকাশে রক্ষতু ॥১৩

মন্ত্রের 'ওঙ্কার' হৃদয়ে, 'বি' কার মস্তকে, 'ষ্'কার ভ্রূযুগলের মধ্যভাগে, 'ণ' কার শিখায়, 'বে' কার নেত্রযুগলে ও 'ন' কার সন্ধিস্থানসমূহে বিন্যস্ত করিয়া 'ম' কারকে অস্ত্ররূপে ধ্যান করত সাধক স্বয়ং মন্ত্রমূর্ত্তি হইবেন ।৮-৯

অনন্তর সেই 'ম' কাররূপ অস্ত্রকে বিসর্গযুক্ত করিয়া অন্তে 'ফট্' যোগ করিয়া অর্থাৎ 'মঃ অস্ত্রায় ফট্' এইরূপে পূর্বাদি দিগ্‌বন্ধন করিবে ।১০

অনন্তর ঐশ্বর্য্যাদি ষট্‌শক্তিসম্পন্ন ধ্যেয় পরমাত্মাকে ধ্যান করিবে এবং বিদ্যা, তেজঃ ও তপস্যা যাঁহার মূর্ত্তিস্বরূপ, তাদৃশ এই নারায়ণ-কবচনামক মন্ত্র উচ্চারণ করিবে ।১১

(তাহা এইরূপ) যাঁহার পাদপদ্মযুগল পক্ষিরাজ গরুড়ের পৃষ্ঠদেশে বিন্যস্ত রহিয়াছে এবং যিনি শঙ্খ, চক্র, চর্ম, অসি, গদা, বাণ, ধনুঃ ও পাশ ধারণ করেন, অণিমাদি অষ্টৈশ্বর্য্যযুক্ত অষ্টভুজ সেই শ্রীহরি আমার সর্ব বিষয় রক্ষা করুন ।১২

মৎস্যরূপী ভগবান্ জলমধ্যে বরুণের পাশস্বরূপ জলজন্তুগণ হইতে আমাকে রক্ষা করুন। এইরূপ মায়াদ্বারা ব্রহ্মচারিরূপধারী বামনদেব স্থলভাগে এবং বিশ্বমূর্ত্তি ত্রিবিক্রম আকাশভাগে আমাকে রক্ষা করুন ।১৩

দুর্গেষ্বটব্যাজিমুখাদিষু প্রভুঃ
পায়ান্নৃসিংহোঽসুরযূথপারিঃ।
বিমুঞ্চতো যস্য মহাট্টহাসং
দিশো বিনেদুর্ন্যপতংশ্চ গর্ভাঃ ॥১৪
রক্ষত্বসৌ মাধ্বনি যজ্ঞকল্পঃ
স্বদংষ্ট্রয়োন্নীতধরো বরাহঃ।
রামোঽদ্রিকূটেষ্বথ বিপ্রবাসে
সলক্ষ্মণোঽব্যাদ্ভরতাগ্রজোঽস্মান্ ॥১৫
মামুগ্রধর্মাদখিলাৎ প্রমাদা-
নারায়ণঃ পাতু নরশ্চ হাসাৎ।
দত্তস্ত্বযোগাদথ যোগনাথঃ
পায়াদ্ গুণেশঃ কপিলঃ কর্মবন্ধাৎ ॥১৬
সনৎকুমারোঽবতু কামদেবা-
দ্ধয়শীর্ষা মাং পথি দেবহেলনাৎ।
দেবর্ষিবর্ষ্যঃ পুরুষার্চ্চনান্তরাৎ
কূর্ম্মো হরির্মাং নিরয়াদশেষাৎ ॥১৭

মহাট্টহাসং বিমুঞ্চতঃ কুর্বতঃ যস্য দিশঃ বিনেদুঃ দশসিক্ষু প্রতিধ্বনির্জাতঃ (তৎ শ্রবণে চ) অসুরপত্নীনাং গর্ভাঃ চ ন্যপতন্, সঃ অসুরযূথপারিঃ (অসুরযূথপস্য হিরণ্যকশিপোঃ অরিঃ) প্রভুঃ সমর্থঃ নৃসিংহঃ অটব্যাজিমুখাদিষু (অটবি বনম্ আজিমুখং যুদ্ধভূমিঃ চ আদিঃ যেষাং তেষু) দুর্গেষু সঙ্কটস্থানেষু মাং পায়াৎ রক্ষতু ॥১৪

স্বদংষ্ট্রয়া উন্নীতধরঃ (উন্নীতা রসাতলাৎ উদ্ধৃতা ধরা যেন সঃ) যজ্ঞকল্পঃ (যজ্ঞৈঃ স্বাবয়বভূতৈঃ কল্পাতে নিরূপ্যতে যঃ সঃ) অসৌ বরাহঃ মা মাম্ অধ্বনি মার্গে রক্ষতু। তথা বিপ্রবাসে দেশান্তরে সলক্ষ্মণঃ ভরতাগ্রজঃ দাশরথিঃ শ্রীরামঃ তথা অদ্রিকূটেষু গিরিশিখরেষু রামঃ জামদগ্ন্যঃ মাং রক্ষতু ॥১৫

উগ্রধর্মাৎ অভিচারাদিপ্রবৃত্তিতঃ অখিলাৎ প্রমাদাৎ বিহিতাকরণলক্ষণাৎ চ মাং নারায়ণঃ পাতু; নরাৎ চ মাং হাসাৎ গর্হ্যাৎ পাতু; অযোগাৎ যোগভ্রংশাৎ যোগনাথঃ দত্তঃ দত্তাত্রেয়ঃ চ মাং পাতু; সত্ত্বাদিগুণপ্রেরিতাৎ কর্মবন্ধাৎ মাং গুণাধীশঃ কপিলঃ পায়াৎ ॥১৬

কামদেবাৎ কন্দর্পবেগাৎ মাং সনৎকুমারঃ অবতু রক্ষতু; পথি মার্গে দেবহেলনাৎ (দেবানাং হেলনং নমস্কারাদি যথোচিতম্ অকৃত্বা গমনেন অবজ্ঞানং তস্মাৎ) হয়শীর্ষা হয়গ্রীবঃ অবতু; দেবর্ষিবর্ষ্যঃ নারদঃ পুরুষার্চনান্তরাৎ অবতু, কূর্মঃ হরিঃ অশেষাৎ নিরয়াৎ মাম্ অবতু ॥১৭

যাঁহার অট্টহাস্য ধ্বনিতে দিঙ্মণ্ডল প্রতিধ্বনিত হইয়াছিল এবং অসুররমণীগণের গর্ভপাত ঘটিয়াছিল, অসুরযূথপতি হিরণ্যকশিপুর সংহারকারী প্রভু সেই শ্রীনৃসিংহদেব অরণ্য এবং যুদ্ধোপক্রম প্রভৃতি সঙ্কটস্থানসমূহে আমাকে রক্ষা করুন ।১৪

যিনি নিজ দন্তদ্বারা পৃথিবীকে জলমধ্য হইতে উদ্ধার করিয়াছিলেন, সেই যজ্ঞমূর্তি বরাহদেব আমাকে পথে রক্ষা করুন। এইরূপ পরশুরাম আমাদিগকে পর্বতশৃঙ্গসমূহে এবং লক্ষ্মণ সহিত ভরতাগ্রজ শ্রীরামচন্দ্র আমাদিগকে প্রবাসে রক্ষা করুন ।১৫

ভগবান্ নারায়ণ অভিচারাদিরূপ সকল প্রকার উগ্রধর্ম ও অসাবধানতাজনিত বিপত্তি হইতে, ভগবান্ নর গর্হ্য হইতে, যোগেশ্বর দত্তাত্রেয় যোগবিঘ্ন হইতে এবং গুণসমূহের ঈশ্বর ভগবান্ কপিল কর্মবন্ধন হইতে আমাকে রক্ষা করুন ।১৬

ভগবান্ সনৎকুমার কামদেবের প্রভাব হইতে, হয়গ্রীব পথগমনকালে পথস্থিত দেবতাগণকে নমস্কারাদি না করিলে যে অপরাধ হয়—তাহা হইতে, দেবর্ষিপ্রবর নারদ ভগবানের অর্চনাবিষয়ক দ্বাত্রিংশৎ প্রকার অপরাধস্বরূপ ত্রুটি হইতে এবং কূর্মমূর্তি শ্রীহরি সর্বপ্রকার নরক হইতে আমাকে রক্ষা করুন ।১৭

ধন্বন্তরির্ভগবান্ পাত্বপথ্য-
দ্বন্দ্বাদ্ভয়াদৃষভো নিির্জিতাত্মা।
যজ্ঞশ্চ লোকাদবতাজ্জনান্তাদ্
বলো গণাৎ ক্রোধবশাদহীন্দ্রঃ ॥১৮
দ্বৈপায়নো ভগবানপ্রবোধাদ্
বুদ্ধস্তু পাষণ্ডগণপ্রমাদাৎ।
কল্কিঃ কলেঃ কালমলাৎ প্রপাতু
ধর্মাবনায়োরুকৃতাবতারঃ ॥১৯

অপথ্যাৎ রোগ-জনক-ভক্ষণাৎ মাং ধন্বন্তরিঃ ভগবান্ পাতু ; যস্মাৎ শীতোষ্ণাদিজনিতাৎ ভয়াৎ নির্জিতাত্মা (নির্জিতঃ আত্মা কার্য্যকরণসংঘাতঃ যেন সঃ) ঋষভঃ মাং পাতু ; লোকাৎ জনাপবাদাৎ যজ্ঞঃ যজ্ঞাবতারঃ ভগবান্ পাতু। জনান্তাৎ (জনমিত্রাৎ বঃ অন্তঃ উপঘাতঃ তস্মাৎ) বলঃ বলভদ্রঃ অবতাৎ, ক্রোধবশাৎ সর্পাণাং গণাৎ অহীন্দ্রঃ শেষঃ মাম্ অবতাৎ ॥১৮

অপ্রবোধাৎ অজ্ঞানাৎ মাং দ্বৈপায়নঃ বেদব্যাসঃ ভগবান্ অবতু ; বুদ্ধঃ তু পাষণ্ডগণাং বেদবিরুদ্ধাচারসমূহাৎ প্রমাদাৎ তত্র আলস্যাদিনা প্রবৃত্ত্যভাবাৎ চ মাং প্রপাতু, ধর্ম্মাবনায় (ধর্ম্মস্য অবনায় রক্ষণায়) উরুকৃতাবতারঃ (উরবঃ বহবঃ কৃতাঃ অবতারাঃ যেন সঃ) কল্কিঃ কালমলাৎ কলেঃ সকাশাৎ মাং প্রপাতু ॥১৯

মাং কেশবো গদয়া প্রাতরব্যাৎ
গোবিন্দ আসঙ্গবমাত্তবেণুঃ।
নারায়ণঃ প্রাহ্ণ উদাত্তশক্তি-
র্মধ্যন্দিনে বিষ্ণুররীন্দ্রপাণিঃ ॥২০
দেবোঽপরাহ্ণে মধুহোগ্রধন্বা
সায়ং ত্রিধামাবতু মাধবো মাম্।
দোষে হৃষীকেশ উতার্দ্ধরাত্রে
নিশীথ একোঽবতু পদ্মনাভঃ ॥২১

প্রাতঃ পঞ্চঘটিকাপর্য্যন্তং মাং গদয়া যুক্তঃ কেশবঃ অব্যাৎ ; আসঙ্গবং ষড়্ঘটিকামারভ্য দশঘটিকাপর্য্যন্তং যাম্ আত্তবেণুঃ গোবিন্দঃ অব্যাৎ ; একাদশঘটিকাম্ আরভ্য পঞ্চদশ ঘটিকাপর্য্যন্তং প্রাহ্ণঃ তদা গৃহীতশক্তিঃ নারায়ণঃ অব্যাৎ ; ষোড়শঘটিকাম্ আরভ্য বিংশতিঘটিকাপর্য্যন্তং মধ্যং দিনং তত্র মাং অরীন্দ্রপাণিঃ চক্রহস্তঃ বিষ্ণু অব্যাৎ ॥২০

একবিংশতিঘটিকাম্ আরভ্য পঞ্চবিংশতিঘটিকাপর্য্যন্তং অপরাহ্ণঃ, তত্র মাম্ উগ্রঃ দৈত্যভয়ঙ্করঃ শার্ঙ্গাখ্যং ধনুঃ যস্য সঃ দেবঃ মধুহা মধুসূদনঃ অবতু, ষড়্বিংশতিঘটিকাম্ আরভ্য ত্রিংশদ্ঘটিকাপর্য্যন্তং সায়ং তত্র মাং ত্রিধামা সচ্চিদানন্দ-বিগ্রহঃ মাধবঃ অবতু ; রাত্রেশ্চ ষট্সু বিভাগেষু মাধবো দোষে হৃষীকেশঃ অবতু ; উত অপি অর্দ্ধরাত্রে পঞ্চদশঘটিকা-মারভ্য চতুর্দ্দশ ঘটিকা-পর্য্যন্তকালে তথা নিশীথে পঞ্চদশ ষোড়শ-ঘটিকাদ্বয়-কালে একঃ পদ্মনাভঃ অবতু ॥২১

ভগবান্ ধন্বন্তরি অহিতজনক আহার-বিহার হইতে, জিতেন্দ্রিয় ঋষভদেব শীতোষ্ণাদিজনিত ভয় হইতে, যজ্ঞমূর্ত্তি ভগবান্ লোকাপবাদ হইতে, বলদেব লোককৃত বাধা হইতে এবং নাগরাজ অনন্তদেব ক্রোধী সর্পগণ হইতে আমাকে রক্ষা করুন ।১৮

ভগবান্ বেদব্যাস অজ্ঞান হইতে, বুদ্ধদেব পাষণ্ডমতাবলম্বনরূপ প্রমাদ হইতে এবং ধর্ম্মরক্ষার জন্য মহৎ অবতাররূপে অবতীর্ণ ভগবান্ কল্কি কালাধম কলি হইতে আমাকে রক্ষা করুন ।১৯

ভগবান্ কেশব প্রাতঃকালে (সূর্য্যোদয়ের পর ছয়দণ্ড কাল পর্য্যন্ত) গদাদ্বারা আমাকে রক্ষা করুন। ভগবান্ গোবিন্দ বংশীধারী হইয়া উহার পর ছয়দণ্ড পর্য্যন্ত আমাকে রক্ষা করুন, ভগবান্ নারায়ণ শক্তি-ধারণ পূর্ব্বক পূর্ব্বাহ্ণে আমাকে রক্ষা করুন এবং সুদর্শনধারী বিষ্ণু মধ্যাহ্নকালে আমাকে রক্ষা করুন ।২০

উগ্রধনুর্দ্ধারী ভগবান্ মধুসূদন অপরাহ্ণকালে, ব্রহ্মাদি ত্রিমূর্ত্তিধারী ভগবান্ মাধব সায়ংকালে, ভগবান্ হৃষীকেশ প্রদোষ সময়ে এবং ভগবান্ পদ্মনাভ একাকীই প্রদোষকালের পর হইতে অর্দ্ধ-রাত্রের পূর্ব্ব পর্য্যন্ত ও অর্দ্ধরাত্রকালে আমাকে রক্ষা করুন ।২১

শ্রীবৎসধামাপররাত্র ঈশঃ
প্রত্যূষ ঈশোঽসিধরো জনার্দ্দনঃ।
দামোদরোঽব্যাদনুসন্ধ্যং প্রভাতে
বিশ্বেশ্বরো ভগবান্ কালমূর্ত্তিঃ ॥২২
চক্রং যুগান্তানলতিগ্মনেমি
ভ্রমৎ সমন্তাদ্ভগবৎপ্রযুক্তম্।
দন্দগ্ধি দন্দগ্ধ্যরিসৈন্যমাশু
কক্ষং যথা বাতসখো হুতাশঃ ॥২৩

গদেঽশনিস্পর্শনবিস্ফুলিঙ্গে
নিষ্পিণ্ডি নিষ্পিণ্ড্যজিতপ্রিয়াসি।
কুষ্মাণ্ডবৈনায়কযক্ষরক্ষো-
ভূতগ্রহাংশ্চূর্ণয় চূর্ণয়ারীন্ ॥২৪
ত্বং যাতুধানপ্রমথপ্রেতমাতৃ-
পিশাচবিপ্রগ্রহঘোরদৃষ্টীন্।
দরেন্দ্র বিদ্রাবয় কৃষ্ণপূরিতো
ভীমস্বনোঽরের্হৃদয়ানি কম্পয়ন্ ॥২৫

অপররাত্রে নিশীথাৎ ঊর্দ্ধম্ অরুণোদয়াৎ প্রাক্কালে শ্রীবৎসধামা (শ্রীবৎসঃ রোমাবর্ত্তচিহ্নবিশেষঃ যস্যসি স্ববিগ্রহে যস্যস্থলে যস্য সঃ) ঈশঃ মাম্ অব্যাৎ ; প্রত্যূষে অরুণোদয়প্রারম্ভে অসিধরঃ ঈশঃ জনার্দ্দনঃ অবতু ; প্রভাতে সূর্য্যোদয়াসন্নকালে দামোদরঃ, অনুসন্ধ্যং দিন-রাত্রি-সন্ধ্যয়োঃ কালমূর্ত্তিঃ ভগবান্ বিশ্বেশ্বরঃ মাম্ অব্যাৎ ॥২২

যুগান্তানলবৎ তিগ্মা তীক্ষ্ণা ভগবদ্বা নেমিঃ যস্য তৎ, ভগবতা প্রযুক্তং প্রেরিতং চক্রং সমন্তাৎ অস্মাকং সর্ব্বতঃ ভ্রমৎ সৎ বাতসখঃ বায়ুচালিতঃ হুতাশঃ অগ্নিঃ যথা কক্ষং শুষ্কতৃণং দহতি, তথা অস্মাকং অরিসৈন্যম্ আশু দন্দগ্ধি দন্দগ্ধি অতিশয়েন দহ—অতিশয়েন দহ ॥২৩

অশনিবৎ স্পর্শনঃ যেষাং তে বিস্ফুলিঙ্গাঃ যস্যাঃ তস্যাঃ সম্বোধনে হে গদে! ত্বম্ অজিতস্য ভগবতঃ প্রিয়া অসি! অতঃ ত্বং কুষ্মাণ্ড-বৈনায়ক-যক্ষ-রক্ষোভূতগ্রহান্ নিষ্পিণ্ডি নিষ্পিণ্ডি! সংচূর্ণয় সংচূর্ণয়! অস্মাকম্ অরীন্ চূর্ণয় চূর্ণয় ॥২৪

হে দরেন্দ্র পাঞ্চজন্য! কৃষ্ণেন পূরিতঃ মুখবায়ু-পূরণেন বাদিতঃ, অতএব ভীমস্বনঃ (ভীমঃ স্বনঃ যস্য সঃ) সন্ মম অরেঃ হৃদয়ানি কম্পয়ন্ যাতুধান-প্রমথ-প্রেত-মাতৃ-পিশাচ-বিপ্র-গ্রহ-ঘোরদৃষ্টীন্ বিদ্রাবয় ॥২৫

শ্রীবৎসধারী ঈশ্বর রাত্রির শেষভাগে, ভগবান্ অসিধারী জনার্দন প্রত্যূষকালে, ভগবান্ দামোদর প্রভাতকালে এবং কালরূপী ভগবান্ বিশ্বেশ্বর প্রতি সন্ধ্যাকালে আমাকে রক্ষা করুন।২২

বায়ুচালিত অগ্নি যেরূপ সত্বর শুষ্ক তৃণরাশি দগ্ধ করে, প্রলয়কালীন অগ্নির ন্যায় অতিতীব্র প্রান্তভাগ-যুক্ত সুদর্শনচক্র ভগবৎকর্ত্তৃক প্রেরিত হইয়া চতুর্দ্দিকে ভ্রমণ করিতে করিতে সেরূপ সত্বর শত্রু-সৈন্যকে অতিশয় দগ্ধ করে (এস্থলে শত্রুসৈন্য দগ্ধ করা সুদর্শনের স্বভাবসিদ্ধ কার্য্য বলিয়া প্রার্থনার আবশ্যক না থাকায় শ্লোকে প্রার্থনাসূচক পদ প্রযুক্ত হইল না)।২৩

হে গদে! তোমার বিস্ফুলিঙ্গরাশি বজ্রের ন্যায় দুঃস্পর্শ, তুমিই ভগবান্ শ্রীহরির প্রিয়া, আর আমিও তাঁহার দাস, অতএব তুমি অতিসত্বর কুষ্মাণ্ড, বৈনায়ক, যক্ষ, রাক্ষস, ভূত ও গ্রহগণকে নিষ্পেষণ কর এবং শত্রুগণকে চূর্ণ বিচূর্ণ কর।২৪

হে পাঞ্চজন্য! তোমার শব্দ ভয়ঙ্কর, তুমি শ্রীকৃষ্ণকর্ত্তৃক পরিপূরিত অর্থাৎ নিনাদিত হইয়া শত্রুগণের হৃদয় কম্পিত করিতে করিতে রাক্ষস, প্রমথ, প্রেত, মাতৃকা, পিশাচ, ব্রহ্মরাক্ষস এবং অন্যান্য ঘোর দৃষ্টিশালী উপদ্রবকারিগণকে সত্বর অপসারিত কর।২৫

তং তিগ্মধারাসিবরারিসৈন্য-
মীশপ্রযুক্তো মম ছিন্ধি ছিন্ধি।
চক্ষূংষি চর্ম্মন্ শতচন্দ্র ছাদয়
দ্বিষামঘোনাং হর পাপচক্ষুষাম্ ॥২৬
যন্নো ভয়ং গ্রহেভ্যোঽভূৎ কেতুভ্যো নৃভ্য এব চ।
সরীসৃপেভ্যো দংষ্ট্রিভ্যো ভূতেভ্যোঽংহোভ্য এব চ ॥২৭
সর্ব্বাণ্যেতানি ভগবন্নামরূপানুকীর্ত্তনাৎ।
প্রয়ান্তু সংক্ষয়ং সদ্যো যে নঃ শ্রেয়:প্রতীপকাঃ ॥২৮

তিগ্মা তীক্ষ্ণা ধারা যস্য তৎসম্বোধনে হে তিগ্মধার! হে অসিবর! হে খড়্গশ্রেষ্ঠ! ত্বম্ ঈশেন ভগবতা প্রযুক্তঃ সন্ মম অরিসৈন্যং ছিন্ধি ছিন্ধি! শতচন্দ্র (শতং চন্দ্রাকারাণি মণ্ডলানি যস্মিন্ তৎসম্বোধনে) হে শতচন্দ্র চর্ম্মন্! অঘোনাম্ অঘবতাং পাপচক্ষুষাম্ উগ্রদৃষ্টীনাং চক্ষূংষি ছাদয় ॥২৬

নঃ অস্মাকং যৎ ভয়ং গ্রহেভ্যঃ আদিত্যাদিভ্যঃ নবভ্যঃ অভূৎ, যৎ চ ভয়ং কেতুভ্যঃ উল্কাপাতাদিভ্যঃ, নৃভ্যঃ দুষ্টমনুষ্যেভ্যঃ এব বা যৎ ভয়ম্ অভূৎ, সরীসৃপেভ্যঃ সর্পবৃশ্চিকাদিভ্যঃ, দংষ্ট্রিভ্যঃ সিংহব্যাঘ্রাদিভ্যঃ ভূতেভ্যঃ প্রেতাদিভ্যঃ গ্রহাভূতাদিভ্যঃ অংহোভ্যঃ পাপেভ্যঃ এব বা যৎ ভয়ম্ অভূৎ ॥২৭

এতানি সর্ব্বাণি ভয়ানি যে চ অন্যেন অস্মাকং শ্রেয়সাং প্রতীপকাঃ ব্যাঘাতকাঃ, তে অপি সর্ব্বে ভগবতঃ নামানি রূপাণি চ এষাং অস্ত্রাণি চ তেষাং কীর্ত্তনাৎ সদ্যঃ সংক্ষয়ং প্রয়ান্তু ॥২৮

হে তীক্ষ্ণধার খড়্গপ্রবর! তুমি ভগবৎ-কর্তৃক চালিত হইয়া আমার শত্রুসৈন্যগণকে সত্বর ছেদন কর। হে শতচন্দ্র চর্ম! (ঢাল) তুমি পাপী শত্রুগণের চক্ষু আচ্ছাদিত কর এবং উগ্রদৃষ্টি ব্যক্তিগণের দৃষ্টি নাশ কর।২৬

যে সকল গ্রহ, কেতু, মানুষ, সরীসৃপ, তীক্ষ্ণদন্ত জন্তু, ভূত এবং অন্যান্য পাপাত্মা হইতে আমাদের ভয় উপস্থিত হইয়াছে এবং যাহারা আমাদের মঙ্গললাভে বিঘ্নকারী, তাহারা ভগবানের নাম ও রূপের কীর্তনহেতু সদ্যঃ ক্ষয়প্রাপ্ত হউক।২৭-২৮

গরুড়ো ভগবান্ স্তোত্রস্তোভশ্ছন্দোময়ঃ প্রভুঃ।
রক্ষত্বশেষকৃচ্ছ্রেভ্যো বিষ্বক্সেনঃ স্বনামভিঃ ॥২৯
সর্বাপদ্ভ্যো হরের্নামরূপযানায়ুধানি নঃ।
বুদ্ধীন্দ্রিয়-মনঃ-প্রাণান্ পান্তু পার্ষদভূষণাঃ ॥৩০
যথা হি ভগবানেব বস্তুতঃ সদসচ্চ যৎ।
সত্যেনানেন নঃ সর্ব্বে যান্তু নাশমুপদ্রবাঃ ॥৩১
যথৈকাত্ম্যানুভাবানাং বিকল্পরহিতঃ স্বয়ম্।
ভূষণায়ুধলিঙ্গাখ্যা ধত্তে শক্তীঃ স্বমায়য়া ॥৩২

স্তোত্রাণি বৃহদ্রথন্তরাদি সামানি তৈঃ স্তূয়তে সংস্তূয়তে ইতি স্তোত্রস্তোভঃ ছান্দোময়ঃ বেদমূর্তিঃ (স্তোত্রস্তোমঃ ইতি পাঠে তু স্তোত্রাণাং স্তোমঃ সমূহঃ সামবেদময়ঃ) ভগবান্ ভগবদ্বাহনঃ প্রভুঃ গরুড়ঃ তথা বিষ্বক্সেনঃ (বিষ্বক্ সর্বতঃ সেনা যস্য স ভগবান্) স্বনামভিঃ অশেষকৃচ্ছ্রেভ্যঃ মাং রক্ষতু ॥২৯

হরেঃ নামানি রূপাণি যানানি বাহনানি আয়ুধানি তানি সর্বাপদ্ভ্যঃ নঃ বুদ্ধীন্দ্রিয়-মনঃ-প্রাণান্ পান্তু। তথা পার্ষদ-ভূষণাঃ ভগবৎপার্ষদমুখ্যাঃ চ বুদ্ধ্যাদীন্ পান্তু ॥৩০

বস্তুতঃ পরমার্থতঃ সৎ চ অসৎ চ মূর্তমমূর্তঞ্চ যৎ সর্বং জগৎ যথা হি ভগবান্ এব তদা অনেন সত্যেন নঃ অস্মাকং সর্বে উপদ্রবাঃ নাশং যান্তু ॥৩১

ঐকাত্ম্যানুভাবানাম্ (ঐকাত্ম্যস্য অনুভাবঃ ভাবনা ধ্যানং যেষাং তেষাং) বিকল্পঃ ভেদঃ তদ্রহিতঃ তদ্ভাবনা-রহিতানাং

স্তুতি করা হয়, সেই বেদমূর্তি মহাপ্রভাবশালী ভগবান্ গরুড়—যাঁহার অপর নাম বিষ্বক্সেন—নিজ নাম সমূহ দ্বারা আমাদিগকে সর্বপ্রকার সঙ্কট হইতে রক্ষা করুন।২৯

শ্রীহরির নাম, রূপ, বাহন, অস্ত্র এবং শ্রেষ্ঠ পার্ষদগণ সকল প্রকার আপদ্ হইতে আমাদের বুদ্ধি, ইন্দ্রিয়, মনঃ ও প্রাণকে রক্ষা করুন।৩০

মূর্ত ও অমূর্ত সমগ্র জগৎ ভগবানেরই স্বরূপ—এইরূপ যথার্থ নিশ্চয়হেতু আমাদের সকল উপদ্রব বিনষ্ট হউক।৩১

যাঁহারা সর্বত্র একাত্মকতা অনুভব করেন,

তেনৈব সত্যমানেন সর্বজ্ঞো ভগবান্ হরিঃ।
পাতু সর্বৈঃ স্বরূপৈর্নঃ সদা সর্বত্র সর্বগঃ ॥৩৩
বিদিক্ষু দিক্ষূর্ধ্বমধঃ সমন্তা-
দন্তর্বহির্ভগবান্ নারসিংহঃ।
প্রহাপয়ল্লোকভয়ং স্বনেন
স্বতেজসা গ্রস্তসমস্ততেজাঃ ॥৩৪
মঘবন্নিদমাখ্যাতং বর্ম নারায়ণাত্মকম্।
বিজেষ্যসেঽঞ্জসা যেন দংশিতোঽসুরযূথপান্ ॥৩৫
এতদ্ধারয়মাণস্তু যং যং পশ্যতি চক্ষুষা।
পদা বা সংস্পৃশেৎ সদ্যঃ সাধ্বসাৎ স বিমুচ্যতে ॥৩৬
ন কুতশ্চিদ্ভয়ং তস্য বিদ্যাং ধারয়তো ভবেৎ।
রাজদস্যুগ্রহাদিভ্যো ব্যাধ্যাদিভ্যশ্চ কর্হিচিৎ ॥৩৭
ইমাং বিদ্যাং পুরা কশ্চিৎ কৌশিকো ধারয়ন্ দ্বিজঃ।
যোগধারণয়া স্বাঙ্গং জহৌ স মরুধন্বনি ॥৩৮

ভেদ-দর্শিনাং তু ভূষণায়ুধ-লিঙ্গাখ্যাঃ (ভূষণানি আয়ুধানি সুদর্শনাদীনি লিঙ্গানি চতুর্ভুজাদি মূর্তীঃ আখ্যাঃ রামকৃষ্ণাদি-নামানি) শক্তীঃ জ্ঞানৈশ্বর্যাদীনি স্বমায়য়া বেদ্যো স্বয়ম্ এব ধত্তে ॥৩২

তদা তেনৈব সত্যমানেন যথার্থেন প্রমাণেন সর্বৈঃ স্বরূপৈঃ সর্বজ্ঞঃ ভগবান্ হরিঃ নঃ অস্মান্ সদা সর্বত্র পাতু ॥৩৩

স্বতেজসা গ্রস্তসমস্ততেজঃ (স্বতেজসা গ্রস্তানি অভিভূতানি সমস্তানাং তেজস্বিনাং ব্রহ্মাদীনাং তেজাংসি যেন সঃ) ভগবান্ নারসিংহঃ (অথবা নরসিংহভক্তঃ প্রহ্লাদঃ স্বনেন শ্রীনৃসিংহ-নামগর্জনেন স্বতেজসা স্বপ্রভাবেণ গ্রস্তানি সমস্তানাং দিগ্‌গজ-বিব-শস্ত্রজল-বায়ুাদীনাং তেজাংসি প্রভাবাঃ যেন সঃ) স্বনেন মহাট্টহাসেন লোকভয়ং (লোকেভ্যঃ চেতনাচেতনা-বর্গেভ্যঃ যৎ ভয়ং) তৎ প্রহাপয়ন্ অপসারয়ন্ বিদিক্ষু: আগ্নেয্যাদিষু চতসৃষু দিক্ষু প্রাচ্যাদিষু চতসৃষু ঊর্ধ্বম্ অধঃ সমন্তাৎ সর্বতঃ অন্তঃ বহিঃ চ অস্মান্ পাতু ॥৩৪

হে মঘবন্! ইদং নারায়ণাত্মকং বর্ম আখ্যাতং, যেন দংশিতঃ কবচিতঃ ত্বম্ অসুরযূথপান্ অঞ্জসা অনায়াসেন বিজেষ্যসে ॥৩৫

এতদ্ধারয়মাণঃ জনঃ তু যং যং জনং চক্ষুষা পশ্যতি বা পদা সংস্পৃশেৎ, সঃ অপি সদ্যঃ সাধ্বসাৎ ভয়াৎ বিমুচ্যতে ॥৩৬

এতাং বিদ্যাং ধারয়তঃ জনস্য কুতশ্চিৎ কর্হিচিৎ রাজ-দস্যুগ্রহাদিভ্যঃ ব্যাধ্যাদিভ্যঃ চ ভয়ং ন ভবেৎ ॥৩৭

কৌশিকঃ নাম কশ্চিৎ দ্বিজঃ পুরা ইমাং বিদ্যাং ধারয়ন্ আসীৎ; যোগধারণয়া সঃ মরুধন্বনি নিরুদকে দেশে স্বাঙ্গং কলেবরং জহৌ ॥৩৮

তাঁহাদের দৃষ্টিতে ভগবান্ ভেদরহিত হইয়াও নিজ মায়াবলে ভূষণ, অস্ত্র ও চিহ্নস্বরূপ বিবিধ শক্তি ধারণ করিতেছেন—এইরূপ সত্যপ্রমাণহেতুই সর্বজ্ঞ, সর্বগত, ভগবান্ শ্রীহরি নিজ সর্বপ্রকার স্বরূপদ্বারা সর্বদা সর্বত্র আমাদিগকে রক্ষা করুন ।৩২-৩৩

ভগবান্ নৃসিংহদেব নিজ তেজদ্বারা সমস্ত তেজ গ্রাস করিয়া নিজ গর্জনধ্বনিদ্বারা লোকভয় বিনাশ-পূর্বক দিক্, বিদিক্, ঊর্ধ্ব, অধঃ, অন্তর ও বহির্ভাগে সর্বত্র আমাকে রক্ষা করুন ।৩৪

হে দেবরাজ ইন্দ্র! আমি আপনার নিকট এই নারায়ণকবচ বর্ণন করিলাম। আপনি এই কবচদ্বারা আবৃত হইয়া যুদ্ধে সত্বর অসুরযূথপতি-গণকে পরাজিত করিতে সমর্থ হইবেন ।৩৫

এই কবচধারণকারী ব্যক্তি যাহার যাহার প্রতি দৃষ্টিপাত করিবে, কিংবা পদদ্বারাও যাহাকে যাহাকে স্পর্শ করিবে, সে ব্যক্তিও তৎক্ষণাৎ ভয়বিমুক্ত হইবে ।৩৬

যে ব্যক্তি এই বিদ্যা অর্থাৎ নারায়ণকবচ ধারণ করেন, তাঁহার কখনও রাজা, দস্যু, গ্রহ প্রভৃতি এবং ব্যাধি প্রভৃতি কোন কারণ হইতেই ভয়ের সম্ভাবনা থাকে না ।৩৭

পুরাকালে কৌশিক নামক এক ব্রাহ্মণ এই বিদ্যা ধারণপূর্বক যোগাবলম্বন করিয়া জলশূন্য দেশে

তস্যোপরি বিমানেন গন্ধর্বপতিরেকদা।
যযৌ চিত্ররথঃ স্ত্রীভির্বৃতো যত্র দ্বিজক্ষয়ঃ ॥৩৯
গগনান্ন্যপতৎ সদ্যঃ সবিমানো হ্যবাক্‌শিরাঃ।
স বালখিল্যবচনাদস্থীন্যাদায় বিস্মিতঃ।
প্রাস্য প্রাচীসরস্বত্যাং স্নাত্বা ধাম স্বমন্বগাৎ ॥৪০

শ্রীশুক উবাচ।

য ইদং শৃণুয়াৎ কালে যো ধারয়তি চাদৃতঃ।
তং নমস্যন্তি ভূতানি মুচ্যতে সর্বতো ভয়াৎ ॥৪১

এতাং বিদ্যামধিগতো বিশ্বরূপাচ্ছতক্রতুঃ।
ত্রৈলোক্যলক্ষ্মীং বুভুজে বিনির্জিত্য মৃধেঽসুরান্ ॥৪২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮

যত্র দ্বিজক্ষয়ঃ (দ্বিজস্য ক্ষয়ঃ দেহত্যাগঃ) তস্য উপরি একদা গন্ধর্বপতিঃ চিত্ররথঃ স্ত্রীভিঃ বৃতঃ সন্ এব বিমানেন যযৌ ॥৩৯

কিন্তু তস্য স্নানস্য ঔন্নত্যেনাৎ সদ্যঃ তৎক্ষণমেব সবিমানঃ অবাক্‌শিরাঃ অধঃশিরাঃ সন্ গগনাৎ ন্যপতৎ ॥৪০

সঃ চিত্ররথঃ বালখিল্যানাম্ ঋষীণাং বচনাৎ (এবং ক্বন্ ইতঃ গন্ধং শঙ্খাদি নাস্তথা ইত্যুপদেশাৎ) তস্য অস্থীনি আদায় তথা প্রত্যাবর্তনেন বিস্মিতঃ এব প্রাচীসরস্বত্যাং পূর্ববাহিন্যাং সরস্বত্যাং প্রাস্য প্রক্ষিপ্য তত্র স্নাত্বা চ স্বং ধাম গন্ধর্বলোকম্ অন্বগাৎ অগাৎ ॥৪১

যঃ শৃণুয়াৎ, যথা কালে যঃ আদৃতঃ এব ধারয়তি, সঃ সর্বতো ভয়াৎ মুচ্যতে। তথা তং ভূতানি নমস্যন্তি চ ॥৪২

বিশ্বরূপাৎ এতাং বিদ্যাম্ অধিগতঃ শতক্রতুঃ ইন্দ্রঃ মৃধে যুদ্ধে অসুরান্ বিনির্জিত্য ত্রৈলোক্যলক্ষ্মীং বুভুজে ॥৪২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে অষ্টমোঽধ্যায়ঃ ॥

নিজ দেহ ত্যাগ করিয়াছিলেন।৩৮

যেস্থানে সেই ব্রাহ্মণের দেহত্যাগ ঘটিয়াছিল, উহারই ঊর্ধ্বভাগস্থিত আকাশপথে একদা চিত্ররথ নামক গন্ধর্বরাজ রমণীগণদ্বারা পরিবেষ্টিত হইয়া বিমানযোগে গমন করিতেছিলেন।৩৯

তিনি স্বয়ং অধোমস্তক হইয়া বিমানসহ আকাশ হইতে তথায় পতিত হইলেন এবং পরে বালখিল্য মুনিগণের উপদেশানুসারে বিস্মিত হইয়া সেই ব্রাহ্মণের অস্থিসমূহ লইয়া গিয়া প্রাচী সরস্বতীর জলে নিক্ষেপপূর্বক স্নান করিয়া নিজ স্থানে প্রস্থান করিয়াছিলেন।৪০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! যিনি যথাকালে এই নারায়ণকবচ শ্রবণ করেন এবং যিনি শ্রদ্ধাসহকারে ইহা ধারণ করেন, সকল প্রাণিগণ তাঁহাকে নমস্কার করেন, আর তিনি স্বয়ংও সর্বপ্রকার ভয় হইতে মুক্ত হন।৪১

দেবরাজ ইন্দ্র বিশ্বরূপের নিকট হইতে এই নারায়ণকবচ লাভ করিয়া যুদ্ধে অসুরগণকে পরাজয়-পূর্বক ত্রিলোকের ঐশ্বর্য ভোগ করিয়াছিলেন।৪২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের ষষ্ঠ স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
অষ্টম অধ্যায় সমাপ্ত।

নবমঃ অধ্যায়ঃ

[বিশ্বরূপস্য বিনাশঃ, বৃত্রাসুরস্যোৎপত্তিঃ, দেবকৃতভগবৎস্তবনম্, ভগবতো বরদানঞ্চ।]

শ্রীশুক উবাচ

তস্যাসন্ বিশ্বরূপস্য শিরাংসি ত্রীণি ভারত।
সোমপীথং সুরাপীথমন্নাদমিতি শুশ্রুম ॥১

স বৈ বর্হিষি দেবেভ্যো ভাগং প্রত্যক্ষমুচ্চকৈঃ।
অবদদ্ যস্য পিতরো দেবাঃ সপ্রশ্রয়ং নৃপ ॥২

স এব হি দদৌ ভাগং পরোক্ষমসুরান্ প্রতি।
যজমানোঽবহদ্ ভাগং মাতৃস্নেহবশানুগঃ ॥৩

তদ্দেবহেলনং তস্য ধর্মালীকং সুরেশ্বরঃ।
আলক্ষ্য তরসা ভীতস্তচ্ছীর্ষাণ্যচ্ছিনদ্ রুষা ॥৪

সোমপীথস্তু যৎ তস্য শির আসীৎ কপিঞ্জলঃ।
কলবিঙ্কঃ সুরাপীথমন্নাদং যৎ স তিত্তিরিঃ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে ভারত! তস্য বিশ্বরূপস্য সোমপীথং (সোমস্য পীথং পানং যস্মিন্ তৎ), সুরাপীথম্, অন্নাদম্ (অন্নম্ অত্তীতি) ইতি ত্রীণি শিরাংসি আসন্ ইতি বয়ম্ শুশ্রুম ॥১

হে নৃপ! যস্য বিশ্বরূপস্য পিতরঃ এব দেবাঃ সঃ বিশ্বরূপঃ বর্হিষি যজ্ঞে প্রত্যক্ষং প্রকটং সপ্রশ্রয়ং সবিনয়ং যথা ভবতি তথা দেবেভ্যঃ হবির্ভাগম্ (ইন্দ্রায় ইদম্ অগ্নয়ে ইদম্ ইতি) উচ্চকৈঃ অবদৎ উচ্চারয়ন্ দদৌ ॥২

দেবান্ যজমানঃ অপি সঃ বিশ্বরূপঃ মাতৃস্নেহবশানুগঃ (মাতুঃ রচনায়াঃ দৈত্যেষু স্নেহঃ তেন তদ্বশম্ অনুগচ্ছতীতি) সন্ পরোক্ষং গুপ্তং যথা ভবতি তথা অসুরেভ্যঃ ভাগং দদৌ (দেবযজনকালে) অসুরান্ প্রতি ভাগম্ অবহৎ প্রাপয়ৎ ॥৩

তৎ অসুরেভ্যঃ হবির্দানলক্ষণং তস্য বিশ্বরূপস্য দেবহেলনং দেবাপরাধং ধর্মালীকম্ (ধর্মে অলীকং কপটং চ) আলক্ষ্য জ্ঞাত্বা সুরেশ্বরঃ ইন্দ্রঃ ভীতঃ সন্ রুষা ক্রোধেন তস্য শীর্ষাণি তরসা শীঘ্রম্ এব অচ্ছিনৎ ॥৪

যৎ তস্য সোমপীথাৎ শিরসঃ কপিঞ্জলঃ, সুরাপীথাৎ কলবিঙ্কঃ, তথা অন্নাদাৎ তিত্তিরিঃ ইতি বিশ্বরূপস্য ত্রীণি শিরাংসি ত্রিবিধাঃ পক্ষিণঃ জাতাঃ ॥৫

নবম অধ্যায়

[বিশ্বরূপের বিনাশ, বৃত্রাসুরের উৎপত্তি, দেবকৃত ভগবানের স্তুতি ও ভগবানের বরদান।]

শ্রীশুকদেব বলিলেন—হে ভরতবংশধর! আমরা শুনিয়াছি—সেই বিশ্বরূপের তিনটি মস্তক ছিল। তন্মধ্যে একটি সোমরস পান, একটি সুরাপান এবং একটি অন্নভক্ষণ করিত।১

হে মহারাজ! দেবগণ ছিলেন বিশ্বরূপের পিতৃকুল, বিশেষতঃ তিনি তাঁহাদের পুরোহিত বলিয়া যজ্ঞে উচ্চস্বরে মন্ত্রপাঠ করিয়া প্রত্যক্ষভাবে তাঁহাদের উদ্দেশ্যে সবিনয়ে যজ্ঞভাগ প্রদান করিলেও, মাতৃস্নেহবশতঃ অসুরগণের অনুগত হইয়া গোপনে তাহাদিগকেও যজ্ঞভাগ দান করিতেন এবং তাহা কোন বিশেষ উপায়েই তাহাদের নিকট প্রেরণ করিতেছিলেন।২-৩

ইন্দ্র বিশ্বরূপের দেবগণের প্রতি অবহেলারূপ এই ধর্মবিরুদ্ধ কার্য লক্ষ্য করিয়া অসুরগণের বলবৃদ্ধির আশঙ্কায় ভীত হইলেন এবং ক্রোধবশতঃ সত্বর তাঁহার তিনটি মস্তকই ছেদন করিয়াছিলেন।৪

ঐ ছিন্ন মস্তক তিনটির মধ্যে সোমপানকারী মস্তকটি কপিঞ্জল পক্ষী, সুরাপানকারী মস্তকটি চটক পক্ষী এবং অন্নভক্ষণকারী মস্তকটি তিত্তিরি পক্ষী হইয়াছিল।৫

ব্রহ্মহত্যামঞ্জলিনা জগ্রাহ যদপীশ্বরঃ।
সংবৎসরান্তে তদঘং ভূতানাং স বিশুদ্ধয়ে ॥৬
ভূম্যপ্বৃক্ষময়োষিত্ত্যশ্চতুর্ধা ব্যভজদ্ধরিঃ।
ভূমিস্তুরীয়ং জগ্রাহ খাতপূরবরেণ বৈ ॥৭
ঈরিণং ব্রহ্মহত্যায়া রূপং ভূমৌ প্রদৃশ্যতে।
তুর্য্যং ছেদবিরোহেণ বরেণ জগৃহুর্দ্রুমাঃ ॥৮

তেষাং নির্য্যাসরূপেণ ব্রহ্মহত্যা প্রদৃশ্যতে।
শশ্বৎকামবরেণাংহস্তুরীয়ং জগৃহুঃ স্ত্রিয়ঃ ॥৯
রজোরূপেণ তাস্বংহো মাসি মাসি প্রদৃশ্যতে।
দ্রব্যভূয়োবরেণাপস্তুরীয়ং জগৃহুর্মলম্ ॥১০
তাসু বুদ্বুদফেনাভ্যাং দৃষ্টং তদ্ধরতি ক্ষিপন্।
হতপুত্রস্ততস্ত্বষ্টা জুহাবেন্দ্রায় শত্রবে ॥১১

সঃ হ ইন্দ্রঃ যদপি যদ্যপি ঈশ্বরঃ তাং বারয়িতুং সমর্থঃ, তথাপি ব্রহ্মহত্যাং ব্রহ্মহত্যাজনিতং পাপম্ অঞ্জলিনা এব জগ্রাহ।

সঃ হরিঃ ইন্দ্রঃ এবং ত্বিত্বা সংবৎসরান্তে (ভূতাক্রোশভীতঃ সন্) ভূতানাং মধ্যে বিশুদ্ধয়ে লোকাপবাদ-পরিহারায় স হরিরিন্দ্রো ভূম্যাদিভ্যোঽঘং বিভজ্য দদৌ।

খাতপূরবরেণ (খাতস্য গর্তস্য পূরঃ পূরণং তেন বরেণ খাতং পূরণং সতঃ এব ভবিষ্যতি ইতি ইন্দ্রস্য ভাষাবচনরূপেণ) ব্রহ্মহত্যায়াঃ তুরীয়ং চতুর্থং ভাগং ভূমিঃ জগ্রাহ। ভূমৌ যং ঈরিণম্ উষরং প্রদৃশ্যতে, তৎ ব্রহ্মহত্যায়াঃ রূপম্ এব। ছেদবিরোহেণ (ছেদে সতি বিরোহঃ পুনঃ প্ররোহঃ ভবতু ইতি বরেণ) তুরীয়ং ব্রহ্মহত্যায়াঃ চতুর্থং ভাগং দ্রুমাঃ জগৃহুঃ ॥৬-৮

তেষাং নির্য্যাসরূপেণ ব্রহ্মহত্যা প্রদৃশ্যতে। শশ্বৎ কামবরেণ (যাবৎ প্রসবং গর্ভাধানপর্য্যন্তেন এব পুরুষসঙ্গাৎ সম্ভোগঃ ভবিষ্যতি ইতি সম্ভোগস্য বরেণ) স্ত্রিয়ঃ অংহস্তুরীয়ং পাপস্য তুরীয়ং চতুর্থং ভাগং জগৃহুঃ, তৎ আহুঃ রজোরূপেণ তাসু মাসি মাসি প্রদৃশ্যতে।

দ্রব্যভূয়োবরেণ (ক্ষীরাদৌ দ্রব্যে অপাং ভূয়স্ত্বাৎ নির্ঝর-কূপাদ্যুদকাদিনা ভূয়স্ত্বাৎ অথবা সাংসিদ্ধিকদ্রবস্য ভূয়স্ত্ববরেণ) আপঃ তুরীয়ং মলং পাপস্য চতুর্থং ভাগং জগৃহুঃ; তৎ পাপং বুদ্বুদ-ফেনাভ্যাং তাসু দৃষ্টম (অতঃ এতদভিজ্ঞঃ) তৎ মলাদি ক্ষিপন্ দূরীকুর্বন্ অপঃ হরতি আহরতি (মলাদিনিষ্ঠাহরণে তু তদভিজ্ঞঃ জ্ঞেয়া)॥

দেবরাজ ইন্দ্র ব্রহ্মহত্যাজনিত পাপের নিবারণে সমর্থ হইয়াও অঞ্জলিদ্বারা তাহা গ্রহণ করিলেন এবং সংবৎসরকাল পরে লোকাপবাদ-পরিহারের জন্য ঐ পাপকে চারিভাগ করিয়া ভূমি, জল, বৃক্ষ ও স্ত্রীলোকের মধ্যে উহার এক এক ভাগ অর্পণ করিয়াছিলেন। ইন্দ্র ভূমিকে বলিলেন—তোমার মধ্যে কোন গর্ত হইলে তাহা আপনা হইতেই পূর্ণ হইবে। ভূমি এই বরদ্বারা আকৃষ্টা হইয়াই পাপের চতুর্থাংশ গ্রহণ করিয়াছিল। সেই পাপই অদ্যাবধি ভূমির মধ্যে উষরভাগরূপে দেখা যায় (অতএব উষর ভূমিতে বেদাধ্যয়নাদি পুণ্য কর্ম নিষিদ্ধ)। এইরূপ বৃক্ষকে বলিলেন—তোমার কোন অংশ ছিন্ন হইলেও ঐ অংশের পূরণ হইবে। বৃক্ষ এই বর পাইয়াই পাপের এক চতুর্থাংশ গ্রহণ করিয়া ছিল।৬-৮

অদ্যাবধি বৃক্ষের মধ্যে নির্যাসরূপে সেই পাপ দেখা যায়। গর্ভকালে সম্ভোগ করিলেও তোমাদের গর্ভবিঘাত ঘটিবে না—এরূপ বর পাইয়া রমণীগণ পাপের একভাগ গ্রহণ করিয়াছিল। মাসে মাসে স্ত্রীলোকগণের মধ্যে রজোরূপে সেই পাপ লক্ষিত হয়। দুগ্ধপ্রভৃতি যে-দ্রব্যের সহিত জল মিশ্রিত হইবে—সেই দ্রব্যেরই আধিক্য ঘটিবে (অথবা নির্ঝরাদি দ্বারা সর্বদাই জলের বৃদ্ধি হইবে), এইরূপ বর পাইয়া জলও পাপের এক অংশ গ্রহণ করিয়াছিল। জলের মধ্যে বুদ্বুদ ও ফেনরূপে ঐ পাপ দেখা যায়। কেহ জল হইতে ফেন বা বুদ্বুদ বাহিরে নিক্ষেপ করিলে

ইন্দ্রশত্রো বিবর্দ্ধস্ব মা চিরং জহি বিদ্বিষম্।
অথাস্মাহার্য্যপচনাদুত্থিতো ঘোরদর্শনঃ ॥১২
কৃতান্ত ইব লোকানাং যুগান্তসময়ে যথা।
বিষদ্বিবর্দ্ধমানং তমিষুমাত্রং দিনে দিনে ॥১৩
দগ্ধশৈলপ্রতীকাশং সন্ধ্যাভ্রানীকবর্চ্চসম্।
তপ্ততাম্রশিখাশ্মশ্রুং মধ্যাহ্নার্কোগ্রলোচনম্ ॥১৪
দেদীপ্যমানে ত্রিশিখে শূল আরোপ্য রোদসী।
নৃত্যন্তমুন্নদন্তঞ্চ চালয়ন্তং পদা মহীম্ ॥১৫
দরীগম্ভীরবক্ত্রেণ পিবতা চ নভস্তলম্।
লিহতা জিহ্বয়র্ক্ষাণি গ্রসতা ভুবনত্রয়ম্ ॥১৬
মহতা রৌদ্রদংষ্ট্রেণ জৃম্ভমাণং মুহুর্মুহুঃ।
নিরীক্ষ্য ত্রুদ্রুবুর্লোকা বীক্ষ্য সর্ব্বে দিশো দশ ॥১৭
যেনাবৃতা ইমে লোকাস্তমসা ত্বাষ্ট্রমূর্ত্তিনা।
স বৈ বৃত্র ইতি প্রোক্তঃ পাপঃ পরমদারুণঃ ॥১৮

ততঃ তদনন্তরং হতপুত্রঃ (হতঃ পুত্রঃ যস্য সঃ) ত্বষ্টা ইন্দ্রশত্রো (ইন্দ্রস্য শত্রুঃ ইন্দ্রশত্রুঃ তৎ সম্বোধনে হে ইন্দ্রশত্রো।) মা চিরং শত্রুম্ এব বিবর্দ্ধস্ব, তথা বিদ্বিষং শত্রুম্ ইন্দ্রং জহি ইতি উচ্চারয়ন্ ইন্দ্রায় ইন্দ্রং হন্তুং শত্রবে শত্রুংপরো জুহাব ॥

অথ অনন্তরম্ এব অস্মাহার্য্যপচনাৎ দক্ষিণাগ্নিতঃ যুগান্তসময়ে প্রলয়প্রারম্ভে লোকানাং কৃতান্তঃ কালাত্মা রুদ্রঃ যথা, তথা ঘোরদর্শনঃ ভয়ঙ্করস্বরূপঃ রুদ্রঃ উত্থিতঃ ॥

বিষদ্ সমন্ততঃ (সর্ব্ব উর্দ্ধাধো দশদিক্ষু) ইষু-বিক্ষেপমাত্রং প্রতিদিনং বিবর্দ্ধমানং দগ্ধশৈলপ্রতীকাশম্ অত্যুচ্চং কৃষ্ণবর্ণং সন্ধ্যাভ্রানীকবর্চ্চসম্ (সন্ধ্যাভ্রানীকবৎ বর্চ্চঃ দীপ্তিঃ যস্য তম্)॥

তপ্ততাম্রবৎ শিখাঃ শ্মশ্রূণি যস্য তং, মধ্যাহ্নার্কবৎ উগ্রে সন্তাপকরে ভয়ঙ্করে লোচনে যস্য তং, ত্রিশ্রঃ শিখাঃ শিরাংসি যস্য তস্মিন্, দেদীপ্যমানে শূলে রোদসী আরোপ্য ॥

পদা মহীং চালয়ন্তম্ উন্নদন্তং নৃত্যন্তং নৃত্যাদি কুর্ব্বন্তং দরীগম্ভীরবক্ত্রেণ (দরীবৎ গম্ভীরেণ বক্ত্রেণ) নভস্তলং পিবতা ভক্ষয়তা নক্ষত্রাণি জিহ্বয়া লিহতা, ভুবনত্রয়ং গ্রসতা, মহতা রৌদ্রদংষ্ট্রেণ মুহুঃ মুহুঃ জৃম্ভমাণং তং দৈত্যং বীক্ষ্য দৃষ্ট্বা, বিদ্রুতাঃ ভীতাঃ সর্ব্বে লোকাঃ দশ দিশঃ দ্রুদ্রুবুঃ পলায়িতবন্তঃ ॥১৩-১৭

যেন ত্বাষ্ট্রমূর্ত্তিনা ত্বষ্টুরপত্যরূপেণ তমসা ইমে সর্ব্বে লোকাঃ আবৃতাঃ সঃ বৈ পরমদারুণঃ অতিভয়ঙ্করস্বরূপঃ পাপঃ রুদ্রঃ ইতি প্রোক্তঃ ॥১৮

জলের ঐ পাপ নিরাকরণ করা হয়। অনন্তর ত্বষ্টা পুত্রবধহেতু ক্রুদ্ধ হইয়া ইন্দ্রের বিনাশের জন্য শত্রু-উৎপাদন কামনায় যজ্ঞকর্মে প্রবৃত্ত হইলেন ।৯-১১

তিনি 'হে ইন্দ্রশত্রো! তুমি বৃদ্ধিলাভ করিয়া সত্বর শত্রুসংহার কর' এই বলিয়া যজ্ঞে আহুতি দান করিলে দক্ষিণাগ্নি হইতে এক ঘোরাকৃতি পুরুষ উত্থিত হইয়াছিল ।১২

জগতের প্রলয়কালীন কৃতান্তের ন্যায় সেই পুরুষটি প্রতিদিন চারিদিকে চারিহাত পরিমাণ বৃদ্ধি পাইতেছিল ।১৩

অগ্নিদগ্ধ পর্ব্বতের ন্যায় কৃষ্ণবর্ণ, সন্ধ্যাকালীন মেঘমালার ন্যায় দীপ্তিশালী, উত্তপ্ত তাম্রবর্ণ শিখা ও শ্মশ্রুধারী এবং মধ্যাহ্নকালীন সূর্য্যের ন্যায় প্রখর নেত্রযুক্ত সেই পুরুষ তিনটি শিখাবিশিষ্ট শূলের অগ্রভাগে যেন স্বর্গ ও ভূতলকে আরোপিত করিয়াই নৃত্য ও উচ্চ ধ্বনি করিতে করিতে পদদ্বারা পৃথিবীকে চালিত করিতেছিল। তাহার পর্ব্বতগুহার ন্যায় গভীর মুখ যেন আকাশমণ্ডলকে পান করিতেছিল, জিহ্বাদ্বারা যেন নক্ষত্রগণকে লেহন করিতে লাগিল এবং ঐ মুখ যেন ত্রিভুবনকেই গ্রাস করিতে উদ্যত হইয়াছিল। এইরূপ সেই পুরুষ ভয়ঙ্কর দন্তযুক্ত মুখদ্বারা বারম্বার জৃম্ভা প্রকাশ করিতেছিল (হাই তুলিতেছিল)। এ অবস্থায় তাহাকে দেখিয়া সকলে ভয়ার্ত্ত হইয়া দশ দিকে পলায়ন করিয়াছিল ।১৪-১৭

ত্বষ্টার পুত্র, সাক্ষাৎ তমোগুণস্বরূপ এই পরমদারুণ পাপী পুরুষ যেহেতু তৎকালে এই ত্রিলোক আবৃত

তং নিজয়ুরভিদ্রুত্য সগণা বিবুধর্ষভাঃ।
স্বৈঃ স্বৈর্দিব্যাস্ত্রশস্ত্রৌঘৈঃ সোঽগ্রসৎ তানি কৃৎস্নশঃ ॥১৯
ততস্তে বিস্মিতাঃ সর্ব্বে বিষণ্ণা হ্যস্ততেজসঃ।
প্রত্যৰুমাদিপুরুষমুপতস্থুঃ সমাহিতাঃ ॥২০

দেবা ঊচুঃ।

বায্বগ্ন্যাপ্ক্ষিতয়ত্রিলোকা
ব্রহ্মাদয়ো যে বয়মুদ্বিজন্তঃ।
হরাম যস্মৈ বলিমন্তকোঽসৌ
বিভেতি গন্ধাদরণং ততোঽস্তু নঃ ॥২১
অবিস্মিতং তং পরিপূর্ণকামং
স্বেনৈব লাভেন সমং প্রশান্তম্।
বিনোপসর্পত্যপরং হি বালিশঃ
শ্বলাঙ্গুলেনাতিতিতর্ত্তি সিন্ধুম্ ॥২২

সগণাঃ বিবুধর্ষভাঃ অভিদ্রুত্য স্বৈঃ স্বৈঃ দিব্যাস্ত্রশস্ত্রৌঘৈঃ তং বৃত্রং নির্জ্জঘ্নুঃ; সঃ বৃত্রস্তু তানি অস্ত্রশস্ত্রাণি অগ্রসৎ ভক্ষিতবান্ ॥১৯

এবং প্রত্যুত বিপরীততরং তেজঃ যেষাং তে, সর্ব্বে দেবগণাঃ ততঃ বিস্মিতাঃ অতএব বিষণ্ণাঃ তথা সমাহিতাঃ সন্তঃ আদিপুরুষং ভগবন্তং প্রত্যক্ষম্ অন্তর্যামিণম্ উপতস্থুঃ স্তোত্রৈঃ তুষ্টুবুঃ ॥২০

বায্বগ্ন্যাপ্ক্ষিতয়ঃ (বায্বাদ্যাপঞ্চকক্ষিতানি ত্রয়োবিংশতিঃ তত্ত্বানি তৈঃ নির্ম্মিতাঃ) ত্রিলোকাঃ (ত্রয়ো লোকাঃ তত্রত্যাঃ প্রাণিনঃ চ) তেষাম্ অধিপতয়ঃ ব্রহ্মাদয়ঃ চ (ততঃ অর্ব্বাচীনাঃ) যে বয়ং তে সর্ব্বে উদ্বিজন্তঃ ভীতাঃ সন্তঃ যস্মৈ অন্তকায় কালায় বলিং হরাম বহাম, তৎকালবিহিতং কর্ম্ম কুর্ম্মঃ, অসৌ যস্মাৎ বিভেতি ততঃ পরমেশ্বরাৎ এব নঃ আত্মাকম্ অরণং শরণং রক্ষণম্ অস্তু ॥২১

অবিস্মিতং (ন বিস্মিতম্ আশ্চর্য্যং যত্র তৎ) স্বেনৈব লাভেন স্ব-স্বরূপভূত-পরমানন্দলাভেন পরিপূর্ণকামং (পরিপূর্ণাঃ কামাঃ মনোরথাঃ যস্য তৎ) সমং পক্ষপাতরহিতং, প্রশান্তং রাগাদিশূন্যং, তং বিনা বিহায় যঃ অপরং দেবাদিকং শরণার্থম্ উপসর্পতি গচ্ছতি, সঃ হি নিশ্চিতং বালিশঃ মূর্খঃ এব; যতঃ সঃ শ্বলাঙ্গুলেন (শুনঃ লাঙ্গুলেন) সিন্ধুং সমুদ্রম্ অতিতিতর্ত্তি (অতিতর্ত্তুম্ ইচ্ছতি) ॥২২

করিয়াছিল, সেইহেতু সে 'বৃত্র' (আবরণকারী) এই নামে বিখ্যাত হইয়াছে।১৮

তৎকালে শ্রেষ্ঠ দেবতাগণ নিজ নিজ অনুচর-বর্গের সহিত মিলিত হইয়া তদভিমুখে গমনপূর্বক নিজ নিজ দিব্য অস্ত্রশস্ত্র দ্বারা তাহাকে আঘাত করিলে সে ঐ সকল অস্ত্রশস্ত্র সম্পূর্ণরূপে গ্রাস করিয়াছিল।১৯

অনন্তর সেই দেবতাগণ বিস্মিত, বিষণ্ণ ও তেজোহীন হইয়া একাগ্রচিত্তে অন্তর্যামী আদি-পুরুষের স্তুতি করিতে লাগিলেন।২০

দেবতাগণ বলিলেন—বায়ু, আকাশ, অগ্নি, জল ও পৃথিবী এই পঞ্চ মহাভূত, উক্ত পঞ্চমহাভূতরচিত এই ত্রিলোক, উহার অধিপতি ব্রহ্মাদি দেবতাগণ এবং তাঁহাদের পরবর্ত্তী আমরা সকলে উদ্বেগ-সহকারে যে কালদেবতার উদ্দেশ্যে পূজার উপহার প্রদান করি, সেই কালদেবতাও যাঁহার নিকট হইতে ভয় পাইয়া থাকেন, সেই পরমেশ্বর হইতেই আমাদের রক্ষা হউক অর্থাৎ তিনিই আমাদিগকে বিপদ হইতে ত্রাণ করুন।২১

যিনি উপাধিরূপ সীমারহিত বলিয়া নিজ আত্মলাভ দ্বারাই যাঁহার সর্বপ্রকার কামনা পরিপূর্ণ রহিয়াছে এবং সেইহেতুই রাগাদি বাসনা না থাকায় যাঁহার কোন বিষয়েই কোনরূপ কৌতূহল নাই, যে ব্যক্তি সেই পরমেশ্বর ভিন্ন অপরকে আশ্রয় করে, সে বস্তুতই মূর্খ, যেহেতু সে ব্যক্তি কুক্কুরের লাঙ্গুলের সাহায্যে সমুদ্র উত্তীর্ণ হইতে ইচ্ছা করে।২২

যস্যোরুশৃঙ্গে জগতীং স্বনাবং
মমুর্যথাবধ্য ততার দুর্গম্।
স এব নস্ত্বাষ্ট্রভয়াদ্দুরন্তাৎ
ত্রাতাশ্রিতান্ বারিচরোঽপি নূনম্ ॥২৩

পুরা স্বয়ম্ভূরপি সংযমাম্ভ-
স্যুদীর্ণবাতোর্মিরবৈঃ করালে।
একোঽরবিন্দাৎ পতিতস্ততার
তস্মাদ্ভয়াদ্ যেন স নোঽস্তু পারঃ ॥২৪

য এক ঈশো নিজমায়য়া নঃ
সসর্জ তেনাসু সৃজাম বিশ্বম্।
বয়ং ন যস্যাপি পুরঃ সমীহতঃ
পশ্যাম লিঙ্গং পৃথগীশমানিনঃ ॥২৫

যো নঃ সপত্নৈর্ভৃশমর্দ্যমানান্
দেবর্ষিতির্যঙ্নৃষু নিত্য এব।
কৃতাবতারস্তনুভিঃ স্বমায়য়া
কৃতাত্মসাৎ পাতি যুগে যুগে চ ॥২৬

যস্য মৎস্যমূর্তেঃ উরুশৃঙ্গে বিস্তৃতশৃঙ্গে জগতীং পৃথ্বীরূপাং স্বনাবং বধ্বা মনুঃ (সত্যব্রতঃ নাম রাজা) যথা দুর্গং সঙ্কটং ততার,অতঃ সঃ এব বারিচরঃ গৃহীতমৎস্যরূপশ্চ নারায়ণঃ আশ্রিতান্ নঃ অস্মান্ দুরন্তাৎ ত্বাষ্ট্রভয়াৎ নূনং ত্রাতা রক্ষিষ্যতি ॥২৩

উদীর্ণবাতোর্মিরবৈঃ (উদীর্ণৈঃ উদ্গতৈঃ বাতৈঃ যে ঊর্ময়ঃ তেষাং রবৈঃ) করালে ভয়ঙ্করে সংযমাম্ভসি প্রলয়োদকে পুরা সৃষ্টিপ্রারম্ভে অরবিন্দাৎ নাভিকমলাৎ স্বয়ানাৎ পতিতঃ পতিতপ্রায়ঃ একঃ অসহায়ঃ স্বয়ম্ভূঃ ব্রহ্মা অপি যেন সহায়ভূতেন তস্মাৎ ভয়াৎ ততার, সঃ এব নঃ অস্মাকম্ অপি পারঃ ভয়াৎ তারকঃ অস্তু ॥২৪

যঃ একঃ অসহায়ঃ এব ঈশঃ নিজমায়য়া স্বেচ্ছয়া এব নঃ অস্মান্ সসর্জ তথা যেন অনুগৃহীতাঃ সন্তঃ বয়ং বিশ্বম্ অনুসৃজাম, পরঃ সমীহতঃ অন্তর্যামিতয়া অস্মদাদি-শরীরাণি তত্তৎকার্যেষু প্রেরয়তঃ অপি যস্য চ লিঙ্গং চিহ্নং পৃথগীশমানিনঃ (ততঃ পৃথক্ এব ঈশাঃ বয়ম্ ইত্যভিমানবন্তঃ) বয়ং ন পশ্যাম ॥২৫

যঃ স্বমায়য়া অচিন্ত্যনিজশক্ত্যা নানাতনুভিঃ দেবর্ষিতির্যঙ্-নৃষু কৃতাবতারঃ সন্ সপত্নৈঃ শত্রুভিঃ অসুরাদিভিঃ ভৃশম্ অত্যন্তম্ অর্দ্যমানান্ পীড্যমানান্ নঃ অস্মান্ আত্মসাৎ কৃত্বা স্বকীয়ান্ কৃত্বা যুগে যুগে তত্তদবসরে পাতি ॥২৬

সত্যব্রত মনু প্রলয়কালে যাঁহার বিশাল শৃঙ্গে পৃথিবীরূপ নিজ নৌকাটি আবদ্ধ করিয়া যথাযথভাবে সঙ্কট উত্তীর্ণ হইয়াছিলেন, সেই জলচর মৎস্যমূর্তিই তাঁহার আশ্রিত আমাদিগকে কুত্রাসুরের দুরন্ত ভয় হইতে নিশ্চয়ই রক্ষা করিবেন।২৩

পুরাকালে প্রলয় সমুদ্রের জলরাশি প্রবল বায়ুবেগে উত্থিত তরঙ্গরাজির শব্দে ভয়ঙ্কর হইলে ব্রহ্মা নিজ আবাসস্বরূপ পদ্ম হইতে সেই জলমধ্যে পড়িয়া যাইতেছিলেন, এই অসহায় অবস্থায় যিনি তাঁহাকে সেই ভয় হইতে রক্ষা করিয়াছিলেন, তিনিই আমাদিগকে বিপদ্ হইতে উদ্ধার করুন।২৪

যিনি নিজ মায়াদ্বারা আমাদিগকে সৃষ্টি করিলে পরবর্তী সময়ে আমরা তাঁহারই অনুগ্রহে বিশ্বরচনায় সমর্থ হই, অথচ যিনি আমাদের উৎপত্তির পূর্ব হইতেই অন্তর্যামিরূপে নিজকার্যে রত থাকিলেও আমরা নিজকে পৃথক্ পৃথক্ ঈশ্বর মনে করিয়া তাঁহার রূপ-পরিচয় অবগত হইতে পারি না, সেই পরমেশ্বরকেই আমরা আশ্রয় করিতেছি।২৫

যিনি নিত্যবস্তু হইয়াও নিজ মায়াবলে দেবতা, ঋষি, তির্যক্প্রাণী ও মানবগণের মধ্যে বিভিন্ন শরীরে অবতীর্ণ হইয়া শত্রুগণ কর্তৃক প্রপীড়িত আমাদিগকে আত্মীয়রূপে স্বীকারপূর্বক যুগে যুগে রক্ষা করেন, সেই পরমেশ্বরকেই আমরা আশ্রয় করিতেছি।২৬

তমেব দেবং বয়মাত্মদৈবতং
পরং প্রধানং পুরুষং বিশ্বমন্যম্।
ব্রজাম সর্ব্বে শরণং শরণ্যং
স্বানাং স নো ধাস্যতি শং মহাত্মা ॥২৭

শ্রীশুক উবাচ

ইতি তেষাং মহারাজ সুরাণামুপতিষ্ঠতাম্।
প্রতীচ্যাং দিশ্যভূদাবিঃ শঙ্খচক্রগদাধরঃ ॥২৮

আত্মতুল্যৈঃ ষোড়শভির্বিনা শ্রীবৎসকৌস্তুভৌ।
পর্য্যুপাসিতমুন্নিদ্র-শরদম্বুরুহেক্ষণম্ ॥২৯
দৃষ্ট্বা তমবনৌ সর্ব্বে ঈক্ষণাহ্লাদবিক্লবাঃ।
দণ্ডবৎ পতিতা রাজন্ শনৈরুত্থায় তুষ্টুবুঃ ॥৩০

দেবা ঊচুঃ

নমস্তে যজ্ঞবীর্য্যায় বয়সে উত তে নমঃ।
নমস্তে অদ্ভুতচক্রায় নমঃ সুপুরুহূতয়ে ॥৩১

তম্ এব শরণ্যং শরণার্হম্, আত্মদৈবতং (আত্মনাং জীবানাং দৈবতম্ উপাস্যং) পরং সর্ব্বোত্তমং বিশ্বং বিশ্বরূপং, প্রধানং প্রকৃতিরূপং, তত্রঃ অন্যং নিয়ন্তারং পুরুষং দেবম্ এব বয়ং সর্ব্বে শরণং ব্রজাম; সঃ মহাত্মা নঃ অস্মাকং স্বানাং স্বজনানাং চ শং কল্যাণং বিধাস্যতি ॥২৭

শুকঃ উবাচ। হে মহারাজ! ইতি উপতিষ্ঠতাং তেষাং সুরাণাং সমক্ষে প্রতীচ্যাং দিশি শঙ্খ-চক্র-গদাধরঃ ভগবান্ আবিরভূৎ ॥২৮

শ্রীবৎসকৌস্তুভৌ বিনা আত্মতুল্যৈঃ ষোড়শভিঃ পার্ষদৈঃ সুনন্দাদিভিঃ পর্য্যুপাসিতং সেবিতম্ উন্নিদ্রশরদম্বুরুহেক্ষণং বিকশিতশরৎপদ্মবৎ অক্ষিণী যস্য তম্ ॥২৯

তং দৃষ্ট্বা ঈক্ষণাহ্লাদবিক্লবাঃ (তস্য ঈক্ষণেন যঃ আহ্লাদঃ পরমানন্দঃ তেন বিক্লবাঃ বিবশাঃ) সর্ব্বে দেবাঃ অবনৌ দণ্ডবৎ পতিতাঃ সন্তঃ হে রাজন্! শনৈঃ উত্থায় তুষ্টুবুঃ ॥৩০

দেবাঃ ঊচুঃ। যজ্ঞবীর্য্যায় (যজ্ঞস্য বীর্য্যং ফলজনকত্বং যস্মাৎ তস্মৈ) উত অপি বয়সে কালরূপায় কালায়নে, তে তুভ্যং নমঃ। অদ্ভুতচক্রায় (অদ্ভুতং প্রক্ষিপ্তং অস্মদ্বিঘাতকেষু দৈত্যেষু চক্রং যেন তস্মৈ দৈত্যবিনাশকায় দেবরক্ষকায়) তে তুভ্যং নমঃ; সুপুরুহূতয়ে (শোভনাঃ পুরবঃ হূতয়ঃ নামানি যস্য তস্মৈ) তে নমঃ ॥৩১

যিনি সকলের কারণ বলিয়া বিশ্বরূপে বিরাজমান হইলেও স্বরূপতঃ বিশ্ব হইতে পৃথক্ রহিয়াছেন এবং মতান্তরে জগতের কারণরূপে স্বীকৃত প্রকৃতি পুরুষ যাঁহা হইতে ভিন্ন নহে, আমরা সকলে একমাত্র আশ্রয়যোগ্য সেই আত্মস্বরূপ দেবতাকেই আশ্রয় করিতেছি, সেই মহাপুরুষই নিজ-জনরূপী আমাদের মঙ্গল বিধান করিবেন ।২৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেবতাগণ এরূপ স্তব আরম্ভ করিলে পশ্চিমদিকে শঙ্খ-চক্র-গদাধারী ভগবান্ বিষ্ণু আবির্ভূত হইলেন ।২৮

তাঁহার নয়নযুগল শরৎকালীন প্রস্ফুটিত পদ্ম-যুগলের ন্যায় শোভা পাইতেছিল এবং শ্রীবৎস ও কৌস্তুভ ব্যতীত সুনন্দপ্রভৃতি নিজতুল্য ষোড়শ-সংখ্যক পার্ষদ চারিদিক্ হইতে তাঁহার উপাসনা করিতেছিলেন ।২৯

হে মহারাজ! দেবতাগণ সকলে তাঁহাকে সম্মুখভাগে দর্শন করিয়া আনন্দে বিহ্বল হইয়া ভূতলে দণ্ডবৎ পতিত হইলেন এবং পশ্চাৎ ধীরে ধীরে উঠিয়া স্তুতি করিতে লাগিলেন ।৩০

দেবতাগণ বলিলেন—স্বর্গাদি ফল উৎপাদনের জন্য যাঁহার অলৌকিক সামর্থ্যই সাক্ষাৎ যজ্ঞরূপে প্রকাশিত হইয়াছে, যিনি স্বয়ংই কালরূপে স্বর্গাদি যজ্ঞফলের যে কোন নির্দিষ্ট সময় পর্যন্ত স্থায়িত্ব বিধান করেন, যিনি যজ্ঞবিঘ্নকারী অসুরগণের প্রতি অস্ত্র নিক্ষেপ করেন এবং ঐ সকল প্রভাবহেতু যাঁহার অনেক সুন্দর নাম রহিয়াছে, আমরা সেই আপনাকে প্রণাম করি ।৩১

যত্তে গতীনাং তিসৃণামীশিতুঃ পরমং পদম্।
নার্ব্বাচীনো বিসর্গস্য ধাতর্বেদিতুমর্হতি ॥৩২
ওঁ নমস্তেঽস্তু ভগবন্নারায়ণ বাসুদেবাদিপুরুষ
মহাপুরুষ মহানুভাব পরমমঙ্গল পরমকল্যাণ পরম-
কারুণিক কেবলজগদাধার লোকৈকনাথ সর্ব্বেশ্বর
লক্ষ্মীনাথ পরমহংসপরিব্রাজকৈঃ পরমেণাত্ম-
যোগসমাধিনা পরিভাবিতপরিস্ফুট পারমহংস্যধর্ম্মে-
ণোদ্ঘাটিততমঃকপাটদ্বারে চিত্তেঽপাবৃত আত্মলোকে
স্বয়মুপলব্ধ নিজসুখানুভবো ভবান্ ॥৩৩
দুরববোধ ইব তবায়ং বিহারযোগো যদশর-
ণোঽশরীর ইদমনবেক্ষিতাস্মৎসমবায় আত্মনৈবা-
বিক্রিয়মাণেন সগুণমগুণঃ সৃজসি পাসি হরসি ॥৩৪

তিসৃণাং দেবতির্য্যঙ্মনুষ্যাখ্যানাং গতীনাম্ ঈশিতুঃ প্রাপকস্য তে তব যৎ পরমং পদং সর্ব্বোৎকৃষ্ট-পুরুষোত্তমরূপং তৎসিসর্গস্য অর্ব্বাচীনঃ অস্মদাদিঃ জনঃ হে ধাতঃ! বেদিতুং জ্ঞাতুং ন অর্হতি ॥৩২

হে ভগবন্! তে তুভ্যং নমঃ অস্তু! অচিন্ত্যানন্তগুণপূর্ণে ত্বয়ি বয়ং কিমপি পূজাদিকর্তুং ন শক্তাঃ, কেবলং নমস্কারেণ এব নঃ কৃতার্থতা স্যাৎ। কুটীচক-বহূদক-হংস-নিষ্ক্রিয়-ভেদেন পরিব্রাজকাশ্চতুর্বিধাঃ। তত্র পরমহংসাখ্যৈঃ পরমর্ষিভিঃ পরিব্রাজকৈঃ সন্ন্যাসিভিঃ পরমেণ অতিদৃঢ়েন আত্মযোগ-সমাধিনা পরমাত্ম-বিষয়ক-যমনিয়মাদ্যষ্টাঙ্গ-পূর্ব্বক-চিত্তৈকাগ্র্যেণ পরিভাবিতে সংশোধিতে অন্তঃকরণে পরিস্ফুটঃ পরিস্ফুরিতঃ যঃ পারমহংস্যঃ ধর্ম্মঃ ভগবদ্ভজনং তেন উদ্ঘাটিতং তমঃ অজ্ঞানরূপং কপাটং যস্য তস্মিন্ যাবদ্বৃতে চিত্তে অপাবৃতে প্রকটে আত্মলোকে স্বধামনি অক্ষর-ব্রহ্মণি স্বয়ম্ উপলব্ধঃ কৃপয়া আবির্ভূতঃ নিজসুখস্য অপরিচ্ছিন্নানন্দ-রূপস্য অনুভবঃ যস্য তথাভূতঃ ভবান্। হে নারায়ণ! (নরাণাং সমূহঃ নারঃ তস্য অয়নং প্রবৃত্তিঃ যস্মাৎ তৎ সম্বোধনে) ॥৩৩

যৎ যস্মাৎ অশরীরঃ নিরাশ্রয়ঃ এব অশরীরঃ প্রাকৃতশরীর-রহিতঃ অপি অনবেক্ষিতঃ এব অস্মাকং সমবায়ঃ যেনসহ সাহায্যং যেন সঃ তথাভূতঃ অপি অগুণঃ প্রাকৃত-গুণ-রহিতঃ অপি সর্ব্বোপাদানত্বে অপি অবিক্রিয়মাণেন আত্মনা ইদং সগুণং বিশ্বং সৃজসি পাসি সংহরসি চ। সঃ অয়ং তব বিহারযোগঃ ক্রীড়াপ্রকারঃ দুরববোধঃ এব ॥৩৪

হে বিধাতঃ! আপনি সত্ত্ব, রজঃ ও তমোগুণের নিয়ন্তা। আপনার যে নির্গুণ স্বরূপ, তাহা ত্রিগুণাত্মিকা গতিসমূহের পরম অধিষ্ঠান। ত্রিগুণাত্মিকা সৃষ্টির পরবর্তী কোন ব্যক্তিই আপনার সেই নির্গুণ স্বরূপ অবগত হইতে সমর্থ নহে। অতএব আমরা সেই নির্গুণ স্বরূপের উদ্দেশ্যে কেবলমাত্র নমস্কারই করিতেছি (পরন্তু তাহা বর্ণন করিতে পারি না) ।৩২

হে ভগবন্! হে নারায়ণ! হে বাসুদেব। হে আদিপুরুষ। হে মহাপুরুষ! হে মহানুভব! হে বিশুদ্ধধর্মময়। হে পরমকল্যাণ! হে পরমকারুণিক! হে অদ্বয়স্বরূপ! হে জগদাধার। হে লোকৈকনাথ! হে সর্বেশ্বর। হে লক্ষ্মীকান্ত। পরমহংস পরিব্রাজকগণ অষ্টাঙ্গ যোগমার্গে চিত্তের একাগ্রতাদ্বারা অনুশীলন করিলে ভগবদ্-ভজনের উদ্দেশ্যহেতু চিত্তরূপ দ্বারের তমোময় কপাট উন্মুক্ত হয়। তখন সেই চিত্তমধ্যে প্রত্যক্-স্বরূপের অর্থাৎ অন্তর্যামী তত্ত্বের প্রকট হইলে স্বয়ংই আত্মার যে স্বরূপ-সুখের উপলব্ধি ঘটে, আপনি সেই সুখেরই অনুভবস্বরূপ। আমরা আপনাকে নমস্কার করি ।৩৩

হে ভগবন্! আপনি যে নিরাশ্রয়, দেহহীন এবং নির্গুণ হইয়াও আমাদের কোনরূপ সাহায্য গ্রহণ করিয়াও নির্বিকার নিজ আত্মাদ্বারাই এই গুণময় বিশ্বের সৃষ্টি, পালন ও সংহার কার্য সম্পাদন করিতেছেন, ইহাতে আপনার এই ক্রীড়াযোগ দুর্বোধরূপেই প্রতীত হইতেছে ।৩৪

অথ তত্রভবান্ কিং দেবদত্তবদিহ গুণবিসর্গ-পতিতঃ পারতন্ত্র্যেণ স্বকৃতকুশলাকুশলফলমুপাদদাতি। অহোস্বিদাত্মারাম উপশমশীলঃ সমঞ্জস-দর্শন উদাস্ত ইতি হ বাব ন বিদামঃ ॥৩৫

নহি বিরোধ উভয়ং ভগবত্যপরিমিত-গুণগণ ঈশ্বরোঽনবগাহ্য-মাহাত্ম্যোঽর্ব্বাচীন বিকল্প-বিতর্ক-বিচার-প্রমাণাভাস-কুতর্কশাস্ত্রকলিলান্তঃ-করণাশয়দুর-বগ্রহবাদিনাং বিবাদানবসর উপরতসমস্তমায়াময়ে কেবল এবাত্মমায়ামন্তর্দ্ধায় কো নর্থে দুর্ঘট ইব ভবতি স্বরূপদ্বয়াভাবাৎ ॥৩৬

দমবিদমমতীনাং মতমনুসরসি যথা রজ্জ্বথণ্ডঃ। সর্পাদিধিয়াম্ ॥৩৭

দেবদত্তঃ যথা ইহ সংসারে গুণ-বিসর্গ-পতিতঃ গুণকার্য্যশরীরে প্রবিষ্টঃ পারতন্ত্র্যেণ কাল-কর্ম্ম-স্বভাবাধীনতয়া স্বকৃতয়োঃ সুভাশুভয়োঃ কুশলাকুশলং সুখদুঃখাত্মকং ফলম্ উপাদদাতি অহোস্বিৎ অথবা উদাস্তে উদাসীনতয়া উপশমশীলঃ আত্মারামঃ সন্ সাক্ষিতয়া তত্রভবান্ কিং বর্ত্ততে ইতি বয়ং ন বিদামঃ ॥৩৫

অপরিমিতগুণসর্গে (অপরিগণিতাঃ অপরিমিতা গুণসর্গাঃ জ্ঞান-বৈরাগ্যৈশ্বর্য্যাদয়ঃ শক্তয়ঃ যস্য তস্মিন্) অনবগাহ্যমাহাত্ম্যে (অনবগাহ্যম্ অবিজ্ঞেয়ং মাহাত্ম্যং যস্য তস্মিন্) অর্ব্বাচীনাঃ বস্তু-স্বরূপাসংস্পর্শিনঃ যে বিকল্পাদয়ঃ তে যেষু শাস্ত্রেষু তৈঃ কলিলং ব্যাকুলং দূষিতম্ অন্তঃকরণম্ আশয়ঃ) যস্য দুরবগ্রহস্য তেনৈব বাদিনাং বিবাদস্য অনবসরে অবিষয়ে (তত্র বিকল্পঃ এবং বা এবং বা ইতি ; বিতর্কঃ কিমত্র দুষ্করম্ ; বিচারঃ ইত্থম্ এবেতি ; তত্র প্রমাণাভাসাঃ তদনুগ্রাহকাঃ ; কুতর্কাঃ চ) উপরতসমস্ত-মায়ে (উপরতঃ নিবৃত্তঃ সমস্তঃ মায়াময়ঃ সংসারঃ যস্মিন্ তস্মিন্) এব কেবলে ঈশ্বরে স্বরূপদ্বয়াভাবাৎ (স্বরূপদ্বয়স্য সুখদুঃখাদিমত্বম্ আত্মারামত্বং চ ইতি দ্বয়স্য অভাবাৎ) আত্মমায়াম্ অন্তর্দ্ধায় মধ্যে নিধায়, কো নু অর্থঃ কর্ত্তৃত্বাদিঃ দুর্ঘটঃ অসম্ভবঃ ইব ভবতি ? অতঃ ভগবতি ন বিরোধঃ উভয়ম্ অবিরুদ্ধম্ এব ॥৩৬

সমবতীনাং যথার্থদৃষ্টীনাং, বিষমমতীনাং ভ্রান্তদৃষ্টীনাং,

মনুষ্য-লোকে দেবদত্তপ্রভৃতি যে কোন ব্যক্তি যেরূপ গৃহাদি নির্ম্মাণ করিয়া তন্মধ্যে অবস্থানকালে স্বকৃত শুভ ও অশুভ কর্ম্মের যথোচিত ফল ভোগ করে, ব্রহ্মস্বরূপ আপনিও কি সেরূপ জীবরূপে এই গুণময় সংসারে প্রবেশ করিয়া শুভ ও অশুভ কর্ম্মের ফলভাগী হন ? অথবা—আপনার চিৎশক্তির কোন বিচ্যুতি ঘটে না বলিয়া আপনি আত্মারাম ও উপশমশীল হইয়া সাক্ষিরূপেই সর্ব্বদা অবস্থান করেন ? আমরা এ বিষয় বুঝিতে পারি না।৩৫

হে দেব। আপনার ঐশ্বর্য্য অচিন্তনীয় এবং মাহাত্ম্য তর্কের অগোচর। আপনি স্বতন্ত্র পুরুষ। শাস্ত্রসমূহ অর্ব্বাচীন অর্থাৎ বস্তুর স্বরূপ নির্দ্ধারণে অযোগ্য—বিকল্প, বিতর্ক, বিচার, প্রমাণাভাস ও কুতর্কে পরিপূর্ণ। অতএব বিবিধ বাদিগণের চিত্ত তাদৃশ শাস্ত্রসমূহের আলোচনায় ব্যাকুল হইলে তাহারা তজ্জনিত দুরাগ্রহের বশবর্ত্তী হইয়া যে সকল বিবাদ উত্থাপন করে, আপনার স্বরূপ ঐ সকল বিবাদের অগোচর। আপনি সকল সংসার ভাবের নিবৃত্তিস্থান। আপনি স্বরূপতঃ কেবল অর্থাৎ বিশুদ্ধ অদ্বৈতস্বরূপ—আপনার মধ্যে কর্ত্তৃত্বপ্রভৃতি ধর্ম্ম না থাকিলেও অন্তরালস্থিতা মায়াকে অবলম্বন করিয়াই আপনার কর্ত্তৃত্বাদি স্বীকৃত হয়। আপনার বাস্তব রূপ এক—দুই নহে অর্থাৎ অকর্ত্তৃত্বাদিই বাস্তব রূপ। সুতরাং কর্ত্তৃত্বাদি মায়িক বলিয়া উহাদ্বারা বাস্তব রূপের বাধা হয় না। এভাবে আপনার মধ্যে উভয় ভাবের অবিরোধ সম্ভবপর হইতেছে (কোন বস্তু সম্বন্ধে—'ইহা এরূপ, কিংবা এরূপ' এ জাতীয় বুদ্ধিই বিকল্প, 'এ বিষয়ে কোন্‌টি যথার্থ' এ জাতীয় বুদ্ধিই বিতর্ক এবং 'ইহা এরূপই হইবে' এ জাতীয় বুদ্ধিই বিচার)।৩৬

সর্পাদিবিষয়ে যাহাদের জ্ঞান রহিয়াছে, তাহাদের নিকট অজ্ঞানবশতঃ বাস্তব রজ্জুখণ্ডপ্রভৃতি

স এব হি পুনঃ সর্ব্ববস্তুনি বস্তুস্বরূপঃ সর্ব্বেশ্বরঃ সকলজগৎকারণকারণভূতঃ সর্ব্বপ্রত্যগাত্মত্বাৎ সর্ব্বগুণাভাসোপলক্ষিত এক এব পর্য্যবশেষিতঃ ॥৩৮

অথ হ বাব তব মহিমামৃতরসসমুদ্রবিপ্রুষা সকৃল্লীঢ়য়া স্বমনসি নিষ্যন্দমানানবরতসুখেন বিস্মারিতদৃষ্টিশ্রুতিবিষয়সুখলেশাভাসাঃ পরমভাগবতা একান্তিনো ভগবতি সর্ব্বভূতপ্রিয়সুহৃদি সর্ব্বাত্মনি নিরতনির্ব্বৃতমনসঃ কথমু হ বা এতে মধুমথন পুনঃ স্বার্থকুশলা আত্মপ্রিয়সুহৃদঃ সাধবস্ত্বচ্চরণাম্বুজানুসেবাং বিসৃজন্তি ন যত্র পুনরয়ং সংসারপর্য্যাবর্ত্তঃ ॥৩৯

চ যতম্ অভিপ্রায়ম্ অনুসরসি যথা রজ্জুখণ্ডঃ। যথার্ভকদুর্বিনাং রজ্জুত্বেন সর্পাদিধিয়াং (সর্পাদিবিষয়াঃ ধিয়ঃ যেষাং তেষাং) সর্পত্বেন প্রতিভাসি ॥৩৭

সকলজগতঃ যানি কারণানি মহদাদীনি তেষাম্ অপি কারণভূতঃ সর্ব্বেশ্বরঃ সর্ব্বগুণাভাসোপলক্ষিতঃ (সর্ব্বেষাং গুণাগুণকার্য্যত্বে জড়ানাং বুদ্ধীন্দ্রিয়াদীনাম্ আভাসৈঃ প্রকাশৈঃ উপলক্ষিতঃ অনুমিতঃ) সঃ এব হি ত্বং পুনঃ সর্ব্ববস্তুনি নানারূপেণ প্রতীতঃ বস্তুস্বরূপঃ সদ্রূপঃ এক এব নেতি নেতীতি শ্রুত্যা পর্য্যবশেষিতঃ ॥৩৮

(যস্মাৎ এবম্ভূতস্য তব জ্ঞানমার্গঃ দুঃসাধ্যঃ) অথ তস্মাৎ এব হি হে মধুসূদন! যে একান্তিনঃ বিষয়-ভোগাকাঙ্ক্ষাশূন্যাঃ তব মহিমা এব অমৃতরসসমুদ্রঃ তস্য বিপ্রুষা বিন্দুমাত্রেণ সকৃৎ লীঢ়য়া আস্বাদিতয়া শক্ত্যা স্বমনসি নিষ্যন্দমানেন অতিশয়েন স্রবং যৎ অনবরতং নিরন্তরং সুখং তেন বিস্মারিতাঃ দৃষ্টিশ্রুতিবিষয়াঃ সুখলেশাভাসাঃ যেষাং তে ; তথা সর্ব্বভূতপ্রিয়সুহৃদি সর্ব্বাত্মনি ভগবতি ত্বয়ি নিরত-নির্বৃতমনসঃ (নিরতং প্রতিদিনং নিরন্তরং প্রতিক্ষণং নির্বৃতং সুখেন প্রতিষ্ঠিতং মনো যেষাং তে) স্বার্থকুশলাঃ (স্বার্থে পরমার্থে কুশলাঃ নিপুণাঃ) আত্মপ্রিয়সুহৃদঃ (আত্মা ত্বম্ এব প্রিয়ঃ সুহৃচ্চ যেষাং তে) সাধবঃ অনেকজন্মানুষ্ঠিতসাধনাঃ (আত্মনঃ জীবাত্মনঃ প্রিয়াঃ চ তে সুহৃদশ্চ কৃপালবঃ তে) যে পরমভাগবতাঃ তে এতে তুচ্ছচরণাম্বুজানুসেবাং পুনঃ কথম্ উহ বা বিসৃজন্তি যত্র যস্যাম্ অনুসেবায়াঃ সেবকস্য অয়ং সংসারপর্য্যাবর্ত্তঃ সংসারে ভ্রমণং পুনঃ ভবতি ॥৩৯

যেরূপ মিথ্যা সর্পাদিরূপে প্রকাশ পায়, সেইরূপ আপনিও নিজ মায়াদ্বারা সম ও বিষম বুদ্ধিসম্পন্ন ব্যক্তিগণের অভিপ্রায় অনুসরণ করেন অর্থাৎ আপনার মায়াবশতঃ লোকের মতিভেদ ঘটিলে তাহারা নিজ নিজ বুদ্ধি অনুসারে আপনার মধ্যে সাম্য বা বৈষম্য দর্শন করে, (বস্তুতঃ উদাসীন বলিয়া আপনি কাহারও প্রতি সম অর্থাৎ অনুগ্রহশীলও নহেন, আবার কাহারও প্রতি বিষম অর্থাৎ নিগ্রহশীলও নহেন)।৩৭

জগতের সকল বস্তুর মধ্যে নানারূপে প্রকাশমান তিনিই একমাত্র সৎস্বরূপ, তিনিই সকলের ঈশ্বর এবং নিখিল জগতের কারণসমূহেরও কারণ হন। জড় জগতের যাবতীয় বস্তুসমূহই আমাদের নিকট প্রকাশিত হইতেছে। ইহাদের প্রকাশরূপে পৃথক্ কোন চেতনবস্তুর স্বীকার না করিলে ইহাদের প্রকাশ সম্ভবপর নহে বলিয়াই প্রকাশকরূপে আপনার অস্তিত্ব স্বীকার্য হয়—পরন্তু আপনাকে সাক্ষাৎ দেখা যায় না। জীবকে প্রকাশক বলা যায় না—যেহেতু আপনি জীবগণেরও অন্তর্যামিরূপে বিরাজ করিতেছেন। বস্তুবিচারে 'নেতি নেতি' ইত্যাদিক্রমে সর্ব পদার্থের নিরাস দ্বারা এক আপনিই অবশিষ্ট থাকেন।৩৮

হে মধুসূদন! যাঁহারা আপনার মায়াস্বরূপ সুধারসসিন্ধুর কণামাত্র একবার আস্বাদন করিয়াই নিজ হৃদয় মধ্যে অনবরত প্রবহমান আনন্দরাশির অনুভবহেতু দৃষ্টি ও শ্রুতির বিষয়ীভূত অর্থাৎ ঐহিক ও পারলৌকিক যাবতীয় সুখ-লেশাভাস বিস্মৃত হইয়াছেন, সেই পরমভাগবত সাধু মহাপুরুষগণ

ত্রিভুবনাত্মভবন ত্রিবিক্রম ত্রিনয়ন ত্রিলোক-মনোহরানুভাব তবৈব বিভূতয়ো দিতি-দনুজাদয়শ্চাপি তেঽনুপক্রমসময়োঽয়মিতি স্বাত্মমায়য়া সুরনরমৃগমিশ্রিতজলচরাকৃতিভির্যথাপরাধং দণ্ডং দণ্ডধর দধর্থ এবমেনমপি ভগবন্ জহি ত্বাষ্ট্রমুত যদি মন্যসে ॥৪০

অস্মাকং তাবকানাং তব নতানাং তত ততামহ তব চরণনলিনযুগলধ্যানানুবন্ধহৃদয়নিগড়ানাং স্বলিঙ্গবিবরেণাত্মসাৎকৃতানামনুকম্পানুরঞ্জিত-বিশদরুচিরশিশিরস্মিতাবলোকেন বিগলিতমধুরমুখ-রসামৃতকলয়া চান্ততাপমনঘার্হসি শময়িতুম্ ॥৪১

হে দণ্ডধর! হে ত্রিবিক্রম! (ত্রিষু ভুবনেষু বিক্রমঃ প্রভাবঃ যস্য) হে ত্রিনয়ন! (ত্রিষু লোকেষু পাপাভাবা নয়নং দৃষ্টিঃ যস্য, ত্রিভুবনরক্ষার্থং তদ্বিঘাতকেষু দণ্ডং ধৎসে ইতি ভাবঃ) হে ত্রিভুবনায়তন! (ত্রিভুবনম্ আত্মা স্বরূপং ভবনং স্থানং চ যস্য) হে ত্রিলোক-মনোহরানুভাব! (ত্রিলোকেষু মনোহরঃ অনুভাবঃ লীলা যস্য তৎসম্বোধনে) হে ভগবন্! যে তবৈব বিভূতয়ঃ দৈত্যাঃ দনুজাঃ দানবাশ্চ অমিশপাং মনুষ্যাদয়শ্চ তব এব বিভূতয়ঃ (তেষাম্ উৎপ্রবং দৃষ্ট্বা তব প্রশমহেতুত্বাৎ) তেষাম্ উৎপ্লবমাত্মানং উৎপ্লবকালোঽয়ং ন ভবতি ইতি মত্বা স্বাত্মমায়য়া স্বমায়াশক্তিভিঃ (তত্র সুরাকৃতিভিঃ বামনাদিঃ, নরাকৃতিভিঃ রামকৃষ্ণাদিঃ, মৃগাকৃতিভিঃ বরাহাদিঃ, মিশ্রিতাকৃতিভিঃ হয়গ্রীব-নৃসিংহাদিঃ, জলচরাকৃতিভিঃ মৎস্যকূর্মাদিঃ তৈঃ) যথা তেষাং দণ্ডং দধর্থ এবং তথৈব যদি মন্যসে তদা এনং ত্বাষ্ট্রং বৃত্রম্ অপি জহি ইতি ॥৪০

হে তত হে পিতঃ, হে-তাতামহ হে পিতামহ। হে অনঘ! অনুকম্পয়া অনুবর্তিতং সানুরাগং চ বিশদং নির্মলং কাপট্যাদিদোষশূন্যং রুচিরং মনোহরং শিশিরং সুশীতলং চ যৎ স্মিতং তৎসহিতেন অবলোকনেন; তথা অনুকম্পয়া এব বিগলিতং মুখপদ্মাৎ নির্গতং যৎ মধুরং মোদকরং মুখরসঃ প্রিয়বাক্ সা এব অমৃতকলা তয়া তব চরণকমলদ্বয়ে তদ্ধ্যানেন এব অনুবদ্ধং হৃদয়ে নিগড়ং শৃঙ্খলং যেষাং তেষাং, স্বলিঙ্গ-বিবরণেন নিজমূর্তিপ্রকটনেন

বাস্তব স্বার্থসাধনে সুনিপুণ বলিয়া এবং আপনিই তাঁহাদের প্রিয় ও সুহৃদ বলিয়া একনিষ্ঠভাবে সকলের আত্মস্বরূপ আপনাতেই চিত্তসমর্পণ পূর্বক শান্তিসুখ উপভোগ করিতেছেন। এ অবস্থায় তাঁহারা কিরূপে আপনার পাদপদ্মের সেবা পরিত্যাগ করিতে পারেন? যে সেবার অধিকারিগণকে পুনরায় সংসারে প্রত্যাবর্তন করিতে হয় না।৩৯

হে ভগবন্! ত্রিভুবন আপনার স্বরূপ ও আবাসস্থান অথবা আপনি ত্রিভুবনের আত্মা ও আধার, আপনি ত্রিবিক্রম, ত্রিলোকনায়ক এবং ত্রিলোকের মনোহরস্বভাববিশিষ্ট। হে দণ্ডধর! এই দৈত্য দানব প্রভৃতি উৎপীড়কগণ আপনারই বিভূতি-স্বরূপ। আপনি পূর্বেও ইহাদের অত্যুত্থান কাল লক্ষ্য করিয়া নিজ মায়াবলে কখনও দেবতারূপে, কখনও মনুষ্য ও পশুর মিশ্রিতরূপে, কখনও বা জলচররূপে ইহাদের অপরাধানুযায়ী দণ্ড বিধান করিয়াছেন। অতএব সম্প্রতিও যদি এই বৃত্রাসুরকে বধযোগ্য মনে করেন, তবে তাহার সংহার করুন।৪০

হে পিতঃ! হে পিতামহ! আমরা আপনার নিজ জন এবং আপনার নিকট প্রণত রহিয়াছি। আমাদের হৃদয় আপনার পাদপদ্মযুগলের ধ্যানদ্বারাই শৃঙ্খলাবদ্ধ রহিয়াছে। আর আপনিও নিজ মূর্তি প্রকাশপূর্বক অনুরাগরঞ্জিত বিশদ মনোরম সুশীতল মৃদুহাস্যযুক্ত দৃষ্টিপাত এবং কৃপাহেতু বিগলিত সুমধুর প্রিয়বাক্যরূপ অমৃতকলাদ্বারা আমাদিগকে নিজ জনরূপে স্বীকার করিয়াছেন। অতএব আপনি আমাদের চিত্তের সন্তাপ অবশ্যই দূর করিবেন।৪১

অথ ভগবংস্ত্বয়াস্মাভিরখিলজগদ্গুরুৎপত্তিস্থিতি-লয়নিমিত্তায়মানদিব্যমায়াবিনোদস্য সকলজীব-নিকায়ানামন্তর্হৃদয়েষু বহিরপি চ ব্রহ্মপ্রত্যগাত্মস্বরূপেণ প্রধানরূপেণ চ যথাদেশকালদেহাবস্থানবিশেষং তদুপাদানোপলম্ভকতয়ানুভবতঃ সর্ব্বপ্রত্যয়সাক্ষিণ আকাশশরীরস্য সাক্ষাৎ পরব্রহ্মণঃ পরমাত্মনঃ কিয়ানিহ বার্থবিশেষো বিজ্ঞাপনীয়ঃ স্যাদ্ বিস্ফুলিঙ্গাদিভিরিব হিরণ্যরেতসঃ ॥৪২

অতএব স্বয়ং তদুপকল্পয়াস্মাকং ভগবতঃ পরমগুরোস্তব চরণশতপলাশচ্ছায়াং বিবিধবৃজিন-সংসারপরিশ্রমোপশমনীমুপসৃতানাং বয়ং যৎকামেনোপসাদিতাঃ ॥৪৩

অথো ঈশ জহি ত্বাষ্ট্রং গ্রসন্তং ভুবনত্রয়ম্।
গ্রস্তানি যেন নঃ কৃষ্ণ তেজাংস্যস্ত্রায়ুধানি চ ॥৪৪

আত্মসাৎ-কৃতানাং স্বকীয়ত্বেন অঙ্গীকৃতানাং তব নতানাং ভাবকানাম্ অস্মাকং হে অনঘ। অন্তঃস্থিতং তাপং বৃত্রভয়ং শময়িতুম্ অর্হসি ॥৪১

হে ভগবন্। হিরণ্যরেতসঃ অগ্নেঃ অংশভূতৈঃ বিস্ফুলিঙ্গাদিভিঃ যথা প্রকাশঃ ন ক্রিয়তে, অথ তথা অস্মাভিঃ অপি সর্ব্বপ্রত্যয়সাক্ষিণঃ (সর্ব্বেষাং প্রত্যয়ানাং বুদ্ধ্যাদীনাং সাক্ষিণঃ) যতঃ সর্ব্বজীব-নিকায়ানাম্ অন্তর্হৃদয়েষু ব্রহ্মস্বরূপেণ উদাসীনতয়া প্রত্যগাত্মা অন্তর্যামিতয়া তথা বহিরপি প্রধানস্বরূপেণ চ স্থিতস্য অতএব দেশ-কাল-দেহাবস্থানবিশেষং তেষাম্ উপলম্ভকতয়া প্রকাশতয়া অনুভবতঃ অখিলজগতাম্ উৎপত্তিস্থিতিলয়েষু নিমিত্তায়মানা যা দিব্যা অঘটনঘটনাত্মিকা মায়া তয়া বিনোদঃ যস্য তস্য আকাশবৎ অনিপ্তং নির্ব্বিকারং শরীরং স্বরূপং যস্য তস্য সাক্ষাৎ পরব্রহ্মণঃ পরমাত্মনঃ অচিন্ত্যানন্তশক্তিমতঃ পরব্রহ্মণঃ তব ইহ ইদানীং কিয়ান্ বৈ নিজঃ ইতি অর্থবিশেষঃ বিজ্ঞাপনীয়ঃ স্যাৎ ॥৪২

অতঃ (সর্ব্বজ্ঞত্বাৎ) বয়ং যৎকামেন (যস্য কামনয়া) উপসাদিতাঃ প্রাপিতাঃ, পরমগুরোঃ ভগবতঃ তব বিবিধবৃজিন-সংসার-পরিশ্রমোপশমনীং (বিবিধৈঃ নানাবিধৈঃ বৃজিনৈঃ যঃ সংসারপরিশ্রমঃ তস্য উপশমকরীং) চরণশতপলাশচ্ছায়াম্ (চরণম্ এব শতপলাশং কমলং তস্য ছায়াম্) উপসৃতানাং শরণাগতানাম্ অস্মাকং তব কার্য্যং স্বয়ম্ এব উপকল্পয় সম্পাদয় ॥৪৩

অথ হে ঈশ! যেন নঃ অস্মাকং তেজাংসি অস্ত্রাণি অস্ত্রাঃ আয়ুধানি চ গ্রস্তানি, হে কৃষ্ণ। ভুবনত্রয়ং গ্রসন্তং ত্বাষ্ট্রং জহি ॥৪৪

হে ভগবন্! আপনি নিখিল জগতের সৃষ্টি-স্থিতিসংহারকারিণী নিজ মায়াদ্বারা ক্রীড়া করিতেছেন এবং এই হেতুই জীব সকলের হৃদয়ে ব্রহ্ম ও অন্তর্যামিরূপে এবং বহির্ভাগে প্রকৃতিরূপে দেশ, কাল, দেহ ও অবস্থা বিশেষের অনুকূলভাবে তাহাদের উপাদানাভিজ্ঞ হইয়া সকলকে অনুভব করিতেছেন। আপনার স্বরূপ আকাশের ন্যায় নির্লিপ্ত বলিয়া আপনি বুদ্ধি প্রভৃতির সাক্ষী, পরব্রহ্ম ও পরমাত্মা। আপনি সকলই অবগত আছেন। অতএব অগ্নির স্ফুলিঙ্গ প্রভৃতি যেরূপ অগ্নিকে প্রকাশ করিতে পারে না, সেরূপ আমরাই বা আপনার নিকট কোন্ কার্য্য বিষয়ে প্রকাশ করিতে পারি ?৪২

অতএব আপনার চরণছায়া বিবিধ পাপজনিত সংসার শ্রান্তি দূর করে বলিয়া আমরা যে কামনায় পরমগুরু ভগবৎস্বরূপ আপনার সেই চরণছায়ায় উপনীত হইয়াছি, আপনি স্বয়ংই আমাদের সে কার্য্য সম্পাদন করুন।৪৩

হে কৃষ্ণ। হে ঈশ! যে কৃত্রাসুর আমাদের তেজ, অস্ত্র ও আয়ুধসমূহ গ্রাস করিয়া সম্প্রতি ত্রিভুবন গ্রাস করিতেছে, আপনি তাহার সংহার করুন।৪৪

হংসায় দহ্রনিলায় নিরীক্ষকায়
কৃষ্ণায় মৃষ্টযশসে নিরুপক্রমায়।
সংসংগ্রহায় ভবপান্থনিজাশ্রমাপ্তা-
বন্তে পরীষ্টগতয়ে হরয়ে নমস্তে ॥৪৫

শ্রীশুক উবাচ।
অথৈবমীড়িতো রাজন্ সাদরং ত্রিদশৈর্হরিঃ।
সমুপস্থানমাকর্ণ্য প্রাহ তানভিনন্দিতঃ ॥৪৬

হংসায় তুরীয়ায়, দহ্রনিলয়ায় হৃদয়াকাশ-নিকেতায়, নিরীক্ষকায় দৃশ্যাদিসাক্ষিণে, মৃষ্টযশসে (মৃষ্টং রুচিকরং যশঃ যস্য তস্মৈ) নিরুপক্রমায় আদিশূন্যায়, সংসংগ্রহায় (সন্তিঃ পরমহংসৈর্বিবেকিভিঃ অন্যৎ সর্বং বিহায় সংগৃহ্যতে ইতি তস্মৈ) ভবপান্থায় ভবরূপে পথি বর্ত্তমানঃ, তত্র জনস্য নিজাশ্রমাপ্তৌ স্বশরণপ্রাপ্তৌ সত্যাং সংসারস্য অন্তে পরীষ্টগতয়ে (পরীষ্টা সর্বতঃ পূজিতা উত্তমা গতিঃ ফলরূপা যস্য তস্মৈ) হরয়ে ভক্তক্লেশহরণশীলায় কৃষ্ণায় সদানন্দস্বরূপায় তে নমঃ ॥৪৫

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! এবং সাদরং যথা স্যাৎ তথা ত্রিদশৈঃ দেবৈঃ ঈড়িতঃ স্তুতঃ অভিনন্দিতঃ প্রসাদিতঃ চ হরিঃ স্বকীয়ম্ উপস্থানম্ স্তোত্রম্ আকর্ণ্য অথ অনন্তরং তান্ প্রাহ ॥৪৬

শ্রীভগবানুবাচ।
প্রীতোঽহং বঃ সুরশ্রেষ্ঠা মদুপস্থানবিদ্যয়া।
আত্মৈশ্বর্য্যস্মৃতিঃ পুংসাং ভক্তিশ্চৈব যয়া ময়ি ॥৪৭
কিং দুরাপং ময়ি প্রীতে তথাপি বিবুধর্ষভাঃ।
ময্যেকান্তমতির্নান্যন্মত্তো বাঞ্ছতি তত্ত্ববিৎ ॥৪৮
ন বেদ কৃপণঃ শ্রেয় আত্মনো গুণবস্তুদৃক্।
তস্য তানিচ্ছতো যচ্ছেদ্ যদি সোঽপি তথাবিধঃ ॥৪৯

শ্রীভগবান্ উবাচ। হে সুরশ্রেষ্ঠাঃ! পুংসাম্ আত্মৈশ্বর্য্যস্মৃতিঃ (আত্মনঃ মম ঐশ্বর্য্যস্য স্মৃতিঃ) ময়ি ভক্তিঃ চ যয়া বিদ্যয়া ভবিষ্যতি তয়া মদুপস্থানবিদ্যয়া (মদীয়ং যৎ উপস্থানং স্তোত্রং তৎসম্বিতয়া বিদ্যয়া জ্ঞানেন) বঃ যুষ্মাকম্ অহং প্রীতঃ অস্মি ॥৪৭

ময়ি প্রীতে পুংসাং কিং দুরাপং দুর্লভং? তথাপি হে বিবুধর্ষভাঃ। দেবশ্রেষ্ঠাঃ। ময়ি একান্তা ভক্তিঃ যস্য সঃ তত্ত্ববিৎ জনঃ মত্তঃ অন্যৎ ন বাঞ্ছতি ॥৪৮

গুণবস্তুদৃক্ (গুণেষু বিষয়েষু তত্ত্বদর্শী) কৃপণঃ পুরুষঃ আত্মনঃ শ্রেয়ঃ ন বেদ ন জানাতি। তান্ বিষয়ান্ ইচ্ছতঃ তস্য অজ্ঞস্য যদি কশ্চিৎ তান্ বিষয়ান্ যচ্ছেৎ দদ্যাৎ, সঃ দাতা অপি তথাবিধঃ অজ্ঞঃ এব ॥৪৯

হে ভগবন্! আপনি সদানন্দময়, বিশুদ্ধ, অনাদি পুরুষরূপে বুদ্ধি প্রভৃতির সাক্ষী হইয়া জীবের হৃদয়াকাশে বিরাজ করিতেছেন। আপনার যশ বিশুদ্ধ এবং সাধুগণ সর্বদা আপনাকেই আশ্রয় করেন। সংসারমার্গস্থিত জীবগণ নিজ নিবাসস্থান প্রাপ্ত হইলে সংসারদশার অবসানে আপনাকেই পরমগতিরূপে লাভ করে।৪৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! তৎকালে দেবতাগণ ভক্তি সহকারে এরূপ স্তুতি করিলে ভগবান্ শ্রীহরি সেই স্তুতিবাক্য শ্রবণে সন্তুষ্ট হইয়া তাঁহাদিগকে এরূপ বলিয়াছিলেন।৪৬

শ্রীভগবান্ বলিলেন—হে শ্রেষ্ঠ দেবতাগণ! আমি তোমাদের স্তোত্র এবং জ্ঞানদ্বারা সন্তুষ্ট হইয়াছি। ইহাদ্বারা জীবগণের নিজের অসংসারী স্বরূপের স্মরণ এবং আমার প্রতি ভক্তির উদয় হইয়া থাকে।৪৭

হে দেবতাশ্রেষ্ঠগণ! আমি সন্তুষ্ট হইলে কাহারও পক্ষে যদিও কোন বস্তুই দুর্লভ হয় না, তথাপি যিনি একনিষ্ঠভাবে আমাতেই চিত্ত সমর্পণ করেন, সেরূপ কোন তত্ত্বজ্ঞ ব্যক্তি আমার নিকট আমাভিন্ন অন্য কোন বস্তুই প্রার্থনা করেন না।৪৮

যে ব্যক্তি বিষয়সমূহকেই যথার্থ বস্তু বলিয়া জ্ঞান করে, সে অতিশয় দীন; সে কখনও নিজের মঙ্গল জানিতে বা লাভ করিতে পারে না। আর সে বিষয়সমূহ প্রার্থনা করিলে যে উহা দান করে, সে ব্যক্তিও তাহারই তুল্য অজ্ঞ।৪৯

স্বয়ং নিঃশ্রেয়সং বিদ্বান্ ন ব্যনক্ত্যজ্ঞায় কর্ম্ম হি।
ন রাতি রোগিণোঽপথ্যং বাঞ্ছতোঽপি ভিষক্তমঃ ॥৫০
মঘবন্ যাত ভদ্রং বো দধ্যঞ্চমৃষিসত্তমম্।
বিদ্যাব্রততপঃসারং গাত্রং যাচত মা চিরম্ ॥৫১
স বা অধিগতো দধ্যঙ্ঙশ্বিভ্যাং ব্রহ্ম নিষ্কলম্।
যদ্বা অশ্বশিরো নাম তয়োরমরতাং ব্যধাৎ ॥৫২
দধ্যঙ্ঙাথর্ব্বণস্ত্বষ্ট্রে বর্ম্মাভেদ্যং মদাত্মকম্।
বিশ্বরূপায় যৎ প্রাদাৎ ত্বষ্টা যৎ ত্বমধাস্ততঃ ॥৫৩
যুষ্মভ্যং যাচিতোঽশ্বিভ্যাং ধর্ম্মজ্ঞোঽঙ্গানি দাস্যতি।
ততস্তৈরায়ুধশ্রেষ্ঠো বিশ্বকর্ম্মবিনির্ম্মিতঃ।
যেন বৃত্রশিরো হর্ত্তা মত্তেজ-উপবৃংহিতঃ ॥৫৪

ভিষক্তমঃ সদ্বৈদ্যঃ হি যথা অপথ্যং বাঞ্ছতঃ অপি রোগিণঃ যথা তৎ ন রাতি ন দদাতি, তদ্বৎ যঃ স্বয়ং নিঃশ্রেয়সং পরমানন্দপ্রাপ্তিসাধনং ভগবদ্ভজনং বিধান্ জানাতি, সঃ অজ্ঞায় কর্ম্ম দুঃখকারণং বিষয়প্রাপ্তিসাধনং হি ন ব্যক্তি ॥৫০

হে মঘবন্! ঋষিসত্তমং দধ্যঞ্চং যাত এব যূয়াকং ভদ্রং ভবিষ্যতি; বিদ্যাব্রততপঃসারং (বিদ্যয়া শ্রুতেঃ তপসা চ সারং কঠিনং গাত্রং শরীরং) মা চিরং শীঘ্রং যাচত যাচধ্বম্ ॥৫১

অশ্বিভ্যাং সকাশাৎ অশ্বশিরঃ (অশ্বস্য শিরঃ) অধিগতঃ প্রাপ্তঃ সঃ মুনিঃ দধ্যঙ্ঙ নিষ্কলং শুদ্ধং ব্রহ্ম অশ্বিভ্যাং প্রাদাৎ উপদিদেশ যৎ বা জ্ঞানং তয়োঃ অমরতাং নাম ব্যধাৎ ॥৫২

কিঞ্চ আথর্বণঃ দধ্যঙ্ঙ অভেদ্যং মন্ত্রান্তরৈঃ অনিবার্য্যং, মদাত্মকং বর্ম্ম শ্রীনারায়ণকবচম্ অধিগতঃ সন্ যৎ ত্বষ্ট্রে প্রাদাৎ ত্বষ্টা বিশ্বরূপায় পুত্রায় প্রাদাৎ; ততঃ বিশ্বরূপাৎ ত্বম্ অবাপ্তবান্ অসি ॥৫৩

অশ্বিভ্যাং যাচিতঃ যথা স্বশিরঃ প্রাদাৎ তথা সঃ ধর্ম্মজ্ঞঃ ময়া যাচিতঃ যুষ্মভ্যম্ অঙ্গানি দাস্যতি। ততঃ তৈঃ অশ্বিভিঃ বিশ্বকর্ম্মণা বিনির্ম্মিতঃ আয়ুধশ্রেষ্ঠঃ বজ্রঃ ভবিষ্যতি, যেন মত্তেজসা উপবৃংহিতঃ ভবান্ বৃত্রস্য শিরঃ হর্ত্তা হরিষ্যতি ॥৫৪

যিনি মুক্তি অর্থাৎ পরম মঙ্গল পদ অবগত আছেন, তিনি কখনও অজ্ঞলোককে সংসারবন্ধনের কারণস্বরূপ প্রবৃত্তিমার্গের উপদেশ দান করিতে পারেন না, যেহেতু রোগী অপথ্য সেবনে ইচ্ছুক হইলেও সুচিকিৎসক কখনও তাহা দান করেন না ॥৫০

হে দেবরাজ! তোমাদের মঙ্গল হউক, তোমরা সত্বর ঋষিশ্রেষ্ঠ দধীচির নিকট যাইয়া বিদ্যা, ব্রত ও তপোবলে দৃঢ় তদীয় দেহটি প্রার্থনা কর ॥৫১

অথর্ব্বঋষির সন্তান এই দধীচি স্বয়ং বিশুদ্ধ ব্রহ্মবিদ্যা অবগত হইয়া অশ্বিনীকুমারদ্বয়কে তাহা উপদেশ করিয়াছিলেন। 'অশ্বশিরঃ' এই নামে সুপ্রসিদ্ধ সেই ব্রহ্ম বিদ্যাই অশ্বিনীকুমারদ্বয়কে জীবন্মুক্ত করিয়াছে ॥৫২

অথর্ববেদজ্ঞ দধীচিই ত্বষ্টাকে নারায়ণবর্মনামক অভেদ্য কবচ দান করিয়াছিলেন, ত্বষ্টা উহা বিশ্বরূপকে দান করেন এবং তুমি বিশ্বরূপের নিকট হইতে তাহা গ্রহণ করিয়াছ ॥৫৩

তোমাদের জন্য অশ্বিনীকুমারদ্বয় দধীচির নিকট প্রার্থনা করিলে ধর্মজ্ঞ, বিশেষতঃ শিষ্যবৎসল ঋষি অবশ্যই নিজ অঙ্গসমূদয় দান করিবেন। অনন্তর বিশ্বকর্মা দধীচির অস্থিদ্বারা বজ্ররূপ উত্তম অস্ত্র নির্মাণ করিলে তুমি আমার তেজে বলীয়ান্ হইয়া উক্ত অস্ত্রদ্বারা বৃত্রাসুরের শিরশ্ছেদ করিবে ॥৫৪

তস্মিন্ বিনিহতে যূয়ং তেজোঽস্ত্রায়ুধসম্পদঃ।
ভূয়ঃ প্রাপ্স্যথ ভদ্রং বো ন হিংসন্তি চ মৎপরান্ ॥৫৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে নবমোঽধ্যায়ঃ ॥৯

তস্মিন্ বিনিহতে বঃ যুষ্মাকং ভদ্রং ভবিষ্যতি। যূয়ং তেজোঽস্ত্রায়ুধসম্পদঃ ভূয়ঃ প্রাপ্স্যথ। যতঃ মৎপরান্ ন কঃ অপি হিংসন্তি ॥৫৫

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীধাগড়নাথ-সান্নিরুদ্ধাধ্বরে নবমোঽধ্যায়ঃ ॥

বৃত্রাসুরের নিকট হইতে তোমরা পুনরায় নিজ নিজ তেজ, অস্ত্র, আয়ুধ ও সম্পদরাশি লাভ করিবে। আমার ভক্তগণকে কেহ হিংসা করিতে পারে না, অতএব তোমাদের মঙ্গল হউক ।৫৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ঘটকচূড়ামণি কৃত বঙ্গভাষানুবাদসহিত
নবম অধ্যায় সমাপ্ত।

দশমঃ অধ্যায়ঃ

[দধীচিসমীপতো দেবানাং তদস্থিযাচনম্, তেন বজ্রস্য নির্ম্মাণম্, দেব-দানবয়োর্যুদ্ধঞ্চ।]

শ্রীবাদরায়ণিরুবাচ।

ইন্দ্রমেবং সমাদিশ্য ভগবান্ বিশ্বভাবনঃ।
পশ্যতামনিমেষাণাং তত্রৈবান্তর্দ্দধে হরিঃ ॥১

তথাভিযাচিতো দেবৈর্ঋষিরাথর্ব্বণো মহান্।
মোদমান উবাচেদং প্রহসন্নিব ভারত ॥২

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ উবাচ। বিশ্বভাবনঃ ভগবান্ হরিঃ এবম্ ইন্দ্রং সমাদিশ্য তত্র অনিমেষাণাং দেবানাং পশ্যতাম্ এব অন্তর্দ্দধে ॥১

অন্বয়ঃ

(যথা ভগবতা শিক্ষিতঃ) তথা দেবৈঃ যাচিতঃ আথর্ব্বণঃ ঋষিঃ মহান্ দধীচঃ মোদমানঃ অপি হে ভারত। প্রহসন্ ইব ইদম্ উবাচ ॥২

দশম অধ্যায়

[দধীচি মুনির নিকট হইতে দেবগণকর্ত্তৃক তাঁহার অস্থি যাচ্ঞা, তাহার দ্বারা বজ্রের নির্মাণ এবং দেবতা ও দানবদিগের যুদ্ধ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! জগৎপতি ভগবান্ শ্রীহরি দেবরাজ ইন্দ্রকে এরূপ আদেশ করিয়া দেবতাগণের দৃষ্টির সম্মুখে সেখানেই অন্তর্ধান করিয়াছিলেন ।১

হে ভরতকুলনন্দন! অনন্তর দেবতা ও ঋষিগণ মহাত্মা দধীচির নিকট দেহ প্রার্থনা করিলে, তিনি অন্তরে হর্ষযুক্ত হইলেও তাঁহাদের মুখ হইতে ধর্মতত্ত্ব শ্রবণ করিতে ইচ্ছুক হইয়া প্রকাশ্যে যেন প্রত্যাখ্যান করিয়াই উপহাসের ভঙ্গীতে এরূপ বলিয়াছিলেন ।২

অপি বৃন্দারকা যূয়ং ন জানীথ শরীরিণাম্।
সংস্থায়াং যত্ত্বভিদ্রোহো দুঃসহশ্চেতনাপহঃ ॥৩
জিজীবিষূণাং জীবানামাত্মা প্রেষ্ঠ ইহেপ্সিতঃ।
ক উৎসহেত তং দাতুং ভিক্ষমাণায় বিষ্ণবে ॥৪

দেবা ঊচুঃ।

কিং নু তদ্দুস্ত্যজং ব্রহ্মন্ পুংসাং ভূতানুকম্পিনাম্।
ভবদ্বিধানাং মহতাং পুণ্যশ্লোকেড্যকর্ম্মণাম্ ॥৫

নূনং স্বার্থপরো লোকো ন বেদ পরসঙ্কটম্।
যদি বেদ ন যাচেত নেতি নাহ মদীশ্বরঃ ॥৬

ঋষিরুবাচ।

ধর্ম্মং বঃ শ্রোতুকামেন যূয়ং মে প্রত্যুদাহৃতাঃ।
এষ বঃ প্রিয়মাত্মানং ত্যজন্তং সন্ত্যজাম্যহম্ ॥৭
নোৎসহেঽধ্রুবেণাত্মনা নাথা ন ধর্ম্মং ন যশঃ পুমান্।
ঈহেত ভূতদয়য়া স শোচ্যঃ স্বাবরৈরপি ॥৮

হে বৃন্দারকাঃ দেবাঃ! সংস্থায়াং মৃত্যৌ যঃ তু চেতনাপহঃ মূর্চ্ছাজনকঃ, অতঃ দুঃসহঃ অভিদ্রোহঃ দুঃখলক্ষণোপদ্রবঃ শরীরিণাং ভবতি, তং যূয়ং ন জানীথ ॥৩

ইহ জীবানাং জিজীবিষূণাম্ আত্মা দেহঃ, প্রেষ্ঠঃ প্রিয়তমঃ, মরণসময়ে অপি ঈপ্সিতঃ; অতঃ ভিক্ষমাণায় অতিবিক্লবেণ যাচমানায় বিষ্ণবে অপি তং দাতুং কঃ উৎসহেত ॥৪

দেবাঃ ঊচুঃ। হে ব্রহ্মন্! ভূতানুকম্পিনাং প্রাণিষু দয়াতিশয়বতাং পুণ্যশ্লোকেড্যকর্ম্মণাং (পুণ্যশ্লোকঃ সৎকীর্ত্তিভিঃ অপি ঈড্যানি স্তুত্যানি কর্ম্মাণি যেষাং তেষাং) মহতাম্ উদারচিত্তানাং ভবদ্বিধানাং পুংসাং যৎ দুস্ত্যজং তৎ নু কিম্ ইতি ॥৫

স্বার্থপরঃ লোকঃ নূনং নিশ্চিতং পরসঙ্কটং ন বেদ ন জানাতি; যদি যাচকঃ বেদ তদা ন যাচেত, যদি ঈশ্বরঃ দাতুসমর্থঃ বেদ, তদা সোঽপি ন উপেক্ষেত ইতি আহ ॥৬

ঋষিঃ উবাচ। যঃ যুষ্মাকং মুখাৎ ধর্ম্মং শ্রোতুকামেন ময়া যূয়ং প্রত্যুদাহৃতাঃ নিরূপিতাঃ ইব উক্তাঃ ন বস্তুতঃ। অতএব এষঃ অহং প্রিয়ম্ অপি ত্যজন্তং দেহং যঃ যুষ্মাকম্ আর্থং ত্যজামি ॥৭

হে নাথাঃ! যঃ পুমান্ ভূতানাং দয়য়া অক্ষয়েণ অনিত্যেন আত্মনা দেহেন ধর্ম্মং যশঃ বা ন ঈহেত ন সম্পাদয়েৎ, সঃ স্থাবরৈঃ অপি শোচ্যঃ ॥৮

হে দেবগণ! দেহধারী জীবগণের মরণকালে চেতনানাশক যে দুঃসহ দুঃখ উপস্থিত হয়, তাহা কি তোমরা জান না?৩

যাহারা ইহলোকে জীবিত থাকিতে ইচ্ছা করে, দেহ তাহাদের পরম প্রিয় বস্তুরূপে অভীষ্ট, এ অবস্থায় স্বয়ং বিষ্ণুও যদি প্রার্থনা করেন, তাহা হইলেও বা কোন্ ব্যক্তি সেই দেহদানে উৎসাহিত হইতে পারে?৪

দেবগণ বলিলেন—হে ব্রহ্মন্! পুণ্যকীর্ত্তি ব্যক্তিগণও যাঁহাদের কার্য্যের প্রশংসা করেন, আপনাদের ন্যায় জীবদয়ালু সেই মহাপ্রাণ ব্যক্তিগণের পক্ষে কোন্ বস্তুর ত্যাগই বা দুঃসাধ্য হইতে পারে?৫

হে ঋষিবর! স্বার্থপর ব্যক্তি নিশ্চয়ই অপরের কষ্ট অনুভব করিতে পারে না; যদি অনুভব করিত, তাহা হইলে কোন ব্যক্তিই অপরের নিকট নির্বিচারে কোন বস্তু প্রার্থনা করিত না, আর আঢ্য ব্যক্তিও পরের দুঃখ বুঝিতে পারিলে যাচকগণের প্রতি প্রত্যাখ্যানসূচক 'না' শব্দ উচ্চারণ করিতে পারিত না।৬

দধীচি বলিলেন—হে দেবগণ! তোমাদের নিকট হইতে ধর্মতত্ত্ব শুনিবার ইচ্ছা করিয়াই আমি পূর্বোক্ত প্রত্যুত্তর দান করিয়াছিলাম। যা হোক—এ দেহ আমার অতি প্রিয় হইলেও একদিন অবশ্যই সে আমাকে ত্যাগ করিবে, অতএব তোমাদের প্রার্থনায় এখনই আমি উহা ত্যাগ করিতেছি।৭

হে প্রভুগণ! যে ব্যক্তি জীবগণের প্রতি দয়া

এতাবানব্যয়ো ধর্ম্মঃ পুণ্যশ্লোকৈরুপাসিতঃ।
যো ভূতশোকহর্ষাভ্যামাত্মা শোচতি হৃষ্যতি ॥৯
অহো দৈন্যমহো কষ্টং পারক্যৈঃ ক্ষণভঙ্গুরৈঃ।
যন্নোপকুর্য্যাদস্বার্থৈর্মর্ত্ত্যঃ স্বজ্ঞাতিবিগ্রহৈঃ ॥১০

শ্রীবাদরায়ণিরুবাচ।

এবং কৃতব্যবসিতো দধ্যঙ্ঙাথর্ব্বণস্তনুম্।
পরে ব্রহ্মণ্যাত্মানং সন্দধন্ জহৌ ॥১১

যতাক্ষাসুমনোবুদ্ধিস্তত্ত্বদৃগ্ধ্বস্তবন্ধনঃ।
আস্থিতঃ পরমং যোগং ন দেহং বুবুধে গতম্ ॥১২
অথেন্দ্রো বজ্রমুদ্যম্য নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা।
মুনেঃ শক্তিভিরুৎসিক্তো ভগবত্তেজসান্বিতঃ ॥১৩
বৃতো দেবগণৈঃ সর্ব্বৈর্গজেন্দ্রোপর্য্যশোভত।
স্তূয়মানো মুনিগণৈস্ত্রৈলোক্যং হর্ষয়ন্নিব ॥১৪

আত্মা স্বয়ং ভূতানাং শোকেন শোচতি হর্ষেণ চ হৃষ্যতি—ইতি তত্ত্ব যঃ ধর্ম্মঃ সঃ এতাবান্ অব্যয়ঃ পুণ্যশ্লোকৈঃ চ উপাসিতঃ ॥৯

অস্বার্থৈঃ ক্ষণভঙ্গুরৈঃ, পারক্যৈঃ স্বজ্ঞাতিবিগ্রহৈঃ (স্বং বিত্তং জ্ঞাতয়ঃ পুত্রাদয়ঃ বিগ্রহঃ দেহঃ তৈঃ) যৎ যঃ মর্ত্ত্যঃ ন উপকুর্য্যাৎ পরোপকারং ন কুর্য্যাৎ, তত্র তত্ত্ব অহো দৈন্যম্ অহো কষ্টং, তত্ত্ব জীবনং নিরর্থকম্ এব ॥১০

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। এবং কৃতং ব্যবসিতং নিশ্চয়ঃ যেন সঃ আথর্ব্বণঃ দধ্যঙ্ যত্রে ব্রহ্মণি ভগবতি আত্মানং মনঃ সন্দধন্ তত্ত্বং জহৌ ॥১১

যতাক্ষাসুমনোবুদ্ধিঃ (যতঃ বশীকৃতাঃ অক্ষাঃ ইন্দ্রিয়াণি অসবঃ প্রাণাঃ মনঃ বুদ্ধিঃ চ যেন সঃ) তত্ত্বদৃক্, ধ্বস্তবন্ধনঃ (ধ্বস্তঃ নিরস্তঃ বন্ধনং দেহাদ্যধ্যাসলক্ষণং দুঃখানুভবকারণং যস্য সঃ) পরমং যোগং সমাধিম্ আস্থিতঃ সন্ গতং ত্যক্তং দেহং ন বুবুধে দেহত্যাগ-জনিতং দুঃখং ন অনুভূতবান্ ॥১২

মুনেঃ শক্তিভিঃ (ঋগ্বিধিভিঃ যজুর্বিধিভিঃ সামভিঃ ইতি বহবঃ পাঠাভেদাঃ) অস্থিভিঃ বিশ্বকর্ম্মণা নির্ম্মিতং ব্রহ্মন্ উদ্যম্য ভগবত্তেজসা অন্বিতঃ উৎসিক্তঃ উদ্রিক্তঃ অথ ইন্দ্রঃ।

সর্ব্বৈঃ দেবগণৈঃ বৃতঃ মুনিগণৈঃ স্তূয়মানঃ চ ইন্দ্রঃ ত্রৈলোক্যং হর্ষয়ন্ ইব গজেন্দ্রোপরি অশোভত ॥১৩-১৪

বশতঃ এই অনিত্য দেহদ্বারা ধর্ম্ম বা যশ অর্জ্জনে ইচ্ছা না করে, অচেতন স্থাবরগণও তাহার জন্য শোক করিয়া থাকে ।৮

যে ব্যক্তি অপর প্রাণিগণের শোককালে শোকগ্রস্ত এবং হর্ষকালে হর্ষযুক্ত হয়, তাহার এ জাতীয় ধর্ম্মকেই পুণ্যকীর্ত্তি মহাজনগণ সনাতন বলিয়া বর্ণনা করিয়াছেন ।৯

মরণশীল মনুষ্যাদি প্রাণী যে, পরকীয় অর্থাৎ পরিণামে অপরের ভোগ্য এবং স্বার্থসাধনের অনুপযোগী ক্ষণভঙ্গুর ধনসম্পদ্, পুত্রাদি পরিজন ও দেহদ্বারা পরের উপকার করে না—ইহাই অতিশয় দৈন্য ও অতিশয় দুঃখের কথা ।১০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অথর্ব ঋষির সন্তান দধীচি এরূপ কৃতনিশ্চয় হইয়া জীবাত্মাকে পরব্রহ্ম ভগবানে যুক্ত করিয়া অর্থাৎ উভয়ের ঐক্য-সম্পাদন পূর্ব্বক দেহত্যাগ করিয়াছিলেন ।১১

তৎকালে ইন্দ্রিয়, প্রাণ, মন ও বুদ্ধিবৃত্তির সংযমপূর্ব্বক তত্ত্বদর্শী সেই ঋষিপ্রবর সর্ব্বপ্রকার বন্ধনমুক্ত হইয়া পরম যোগদশায় প্রতিষ্ঠা লাভ করায় নিজ দেহের পতন অনুভব করিতে পারেন নাই ।১২

অনন্তর বিশ্বকর্ম্মা দধীচির অস্থিসমূহদ্বারা বজ্র নির্ম্মাণ করিলে, দেবরাজ ইন্দ্র উহা ধারণপূর্ব্বক ভগবানের তেজে বলীয়ান্ হইয়া ঐরাবতের উপরে শোভা পাইয়াছিলেন। তৎকালে দেবতাগণ তাঁহাকে চতুর্দ্দিক্ হইতে বেষ্টন করিলে মুনিগণ তাঁহার স্তব করিতেছিলেন। এ অবস্থায় তিনি যেন সমগ্র জগতেরই হর্ষ বিস্তার করিয়াছিলেন ।১৩-১৪

বৃত্রমভ্যদ্রবচ্ছেত্তু মসুরানীকযূথপৈঃ ।
পর্য্যস্তমোজসা রাজন্ ক্রুদ্ধো রুদ্র ইবান্তকম্ ॥১৫
ততঃ সুরাণামসুরৈ রণঃ পরমদারুণঃ ।
ত্রেতামুখে নর্ম্মদায়ামভবৎ প্রথমে যুগে ॥১৬
রুদ্রৈর্বসুভিরাদিত্যৈরশ্বিভ্যাং পিতৃবহ্নিভিঃ ।
মরুদ্ভির্ঋভুভিঃ সাধ্যৈর্বিশ্বেদেবৈর্মরুৎপতিম্ ॥১৭
দৃষ্ট্বা বজ্রধরং শক্রং রোচমানং স্বয়া শ্রিয়া ।
নামৃষ্যন্নসুরা রাজন্মৃধে বৃত্রপুরঃসরাঃ ॥১৮

নমুচিঃ শম্বরোঽনর্ব্বা দ্বিমূর্দ্ধা ঋষভোঽসুরঃ ।
হয়গ্রীবঃ শঙ্কুশিরা বিপ্রচিত্তিরয়োমুখঃ ॥১৯
পুলোমা বৃষপর্ব্বা চ প্রহেতির্হেতিরুৎকলঃ ।
দৈতেয়া দানবা যক্ষা রক্ষাংসি চ সহস্রশঃ ॥২০
সুমালি-মালিপ্রমুখাঃ কার্ত্তস্বরপরিচ্ছদাঃ ।
প্রতিষিধ্যেন্দ্রসেনাগ্রং মৃত্যোরপি দুরাসদম্ ॥২১
অভ্যর্দয়ন্নসম্ভ্রান্তাঃ সিংহনাদেন দুর্ম্মদাঃ ।
গদাভিঃ পরিঘৈর্বাণৈঃ প্রাস-মুদ্গর-তোমরৈঃ ॥২২

হে রাজন্ । প্রলয়সময়ে ক্রুদ্ধঃ রুদ্রঃ যথা অন্তকং যমং হন্তুম্ অভিদ্রবতি, তথা ক্রুদ্ধঃ ইন্দ্রঃ অসুরানীকযূথপৈঃ পর্য্যস্তং পরিবৃতং বৃত্রং হন্তুম্ ওজসা বেগেন অভ্যদ্রবৎ ॥১৫

ততঃ বৈবস্বতমন্বন্তরস্য প্রথমে চতুর্যুগে ত্রেতামুখে প্রারম্ভে নর্মদায়াঃ তীরে সুরাণাম্ অসুরৈঃ, সহ পরমদারুণঃ রণঃ অভবৎ ॥১৬

রুদ্রৈঃ, বসুভিঃ, আদিত্যৈঃ, অশ্বিভ্যাম্, পিতৃভিঃ, বহ্নিভিঃ, মরুদ্ভিঃ, ঋভুভিঃ, সাধ্যৈঃ, বিশ্বেদেবৈঃ সহ স্বয়া শ্রিয়া রোচমানং বজ্রধরং মরুৎপতিং শক্রং দৃষ্ট্বা বৃত্রপুরঃসরাঃ অসুরাঃ হে রাজন্ ! মৃধে যুদ্ধে ন অমৃষ্যন্ ॥১৭-১৮

তদা কার্ত্তস্বর-পরিচ্ছদাঃ স্বর্ণালঙ্কারভূষিতাঃ নমুচিঃ, শম্বরঃ, অনর্ব্বা, দ্বিমূর্দ্ধা, ঋষভঃ, হয়গ্রীবঃ, শঙ্কুশিরাঃ, বিপ্রচিত্তিঃ, অয়োমুখঃ, পুলোমা, বৃষপর্ব্বা, প্রহেতিঃ, হেতিঃ, উৎকলঃ ইত্যাদয়ঃ সহস্রশঃ দৈতেয়াঃ, দানবাঃ, যক্ষাঃ, রক্ষাংসি, সুমালি-মালিপ্রমুখাশ্চ মৃত্যোঃ অপি দুরাসদম্ ইন্দ্রসেনাগ্রং প্রতিষিধ্য সিংহনাদেন দুর্ম্মদাঃ অসম্ভ্রান্তাঃ ইব অভ্যর্দয়ন্ পীড়িতবন্তঃ ।

তথা গদাভিঃ, পরিঘৈঃ, বাণৈঃ, প্রাসৈঃ, মুদ্গরৈঃ, তোমরৈঃ, শূলৈঃ, পরশ্বধৈঃ, খড়্গৈঃ, শক্তীভিঃ, ভুশুণ্ডিভিঃ অন্যৈঃ শস্ত্রৈঃ চ বিধুর্ষভান্ দেবশ্রেষ্ঠান্ সর্ব্বতঃ অবাকিরন্

হে মহারাজ ! পুরাকালে ভগবান্ রুদ্র যেরূপ ক্রোধভরে অন্ধকনামক অসুরের সংহারের জন্য তাহার অভিমুখে ধাবিত হইয়াছিলেন, দেবরাজ ইন্দ্রও সেরূপ তৎকালে অসুরযূথপতিগণ কর্ত্তৃক পরিবেষ্টিত বৃত্রের অভিমুখে প্রবলভাবে ধাবিত হইয়াছিলেন ।১৫

অনন্তর ত্রেতাযুগ আরম্ভ হওয়ার উপক্রমদশায় সত্যযুগে নর্মদানদীর তীরদেশে দেবতা ও অসুরগণের মধ্যে অতিঘোরতর যুদ্ধ হইয়াছিল ।১৬

হে মহারাজ ! সেই যুদ্ধে রুদ্রগণ, বসুগণ, আদিত্যগণ, অশ্বিনীকুমারযুগল, পিতৃগণ, অগ্নিগণ, মরুদ্গণ, ঋভুগণ, সাধ্যগণ ও বিশ্বদেবগণের সহিত বজ্রধারী দেবরাজ ইন্দ্রকে নিজ দীপ্তিদ্বারা শোভা পাইতে দেখিয়া বৃত্র প্রভৃতি অসুরগণ সহ্য করিতে পারিল না ।১৭-১৮

তৎকালে নমুচি, শম্বর, অনর্বা, দ্বিমূর্দ্ধা, ঋষভ, হয়গ্রীব, শঙ্কুশিরা, বিপ্রচিত্তি, অয়োমুখ, পুলোমা, বৃষপর্বা, প্রহেতি, হেতি, উৎকল এবং সুমালী ও মালি প্রভৃতি সহস্র সহস্র দৈত্য, দানব, যক্ষ ও রাক্ষসগণ স্বর্ণময় পরিচ্ছদে বিভূষিত হইয়া, সাক্ষাৎ যম অপেক্ষাও দুর্ধর্ষ ইন্দ্রসেনাগণের অগ্রভাগে বাধা দানপূর্বক নির্ভীক-চিত্তে সিংহনাদ করিতে করিতে শ্রেষ্ঠ দেবতাগণকে উৎপীড়িত করিয়া গদা, পরিঘ, বাণ, প্রাস, মুদ্গর, তোমর, শূল, পরশু, খড়্গ

শূলৈঃ পরশ্বধৈঃ খড়্গৈঃ শতঘ্নীভির্ভুশুণ্ডিভিঃ।
সর্ব্বতোঽবাকিরন্ শস্ত্রৈরস্ত্রৈশ্চ বিবুধর্ষভান্ ॥২৩
ন তেঽদৃশ্যন্ত সঞ্ছিন্নাঃ শরজালৈঃ সমন্ততঃ।
পুঙ্খানুপুঙ্খং পতিতৈর্জ্যোতীংষীব নভোঘনৈঃ ॥২৪
ন তে শস্ত্রাস্ত্রবর্ষৌঘা ছাসেদুঃ সুরসৈনিকান্।
ছিন্নাঃ সিদ্ধপথে দেবৈর্লঘুহস্তৈঃ সহস্রধা ॥২৫
অথ ক্ষীণাস্ত্রশস্ত্রৌঘা গিরিশৃঙ্গদ্রুমোপলৈঃ।
অভ্যবর্ষন্ সুরবলং চিচ্ছিদুস্তাংশ্চ পূর্ব্ববৎ ॥২৬

তানক্ষতান্ স্বস্তিমতো নিশাম্য
শস্ত্রাস্ত্রপূগৈরথ বৃত্রনাথাঃ।
দ্রুমৈর্গিরিণাং বিবিধাদ্রিশৃঙ্গৈ—
রবিক্ষতাংস্তত্র সুরেন্দ্রসৈনিকান্ ॥২৭
সর্ব্বে প্রয়াসা অভবন্ বিমোঘাঃ
কৃতাঃ কৃতা দেবগণেষু দৈত্যৈঃ।
কৃষ্ণানুকূলেষু যথা মহৎসু
ক্ষুদ্রৈঃ প্রযুক্তা ঊষতী রূক্ষবাচঃ ॥২৮

অভ্যবর্ষন্ ॥১৯-২৩

পুঙ্খানুপুঙ্খং (পুঙ্খঃ শরস্য মূলপ্রদেশঃ একস্য মূলপ্রদেশম্ অন্যস্য তৎসংলগ্নঃ পরস্য পুঙ্খঃ যথা ভবতি তথা) পতিতৈঃ শরজালৈঃ তে দেবাঃ সমন্ততঃ সংছন্নাঃ আচ্ছাদিতাঃ সন্তঃ নভোঘনৈঃ ছন্নানি জ্যোতীংষি যথা তথা ন অদৃশ্যন্ত ॥২৪

লঘুহস্তৈঃ দেবৈঃ সিদ্ধপথে আকাশমার্গে সহস্রধা ছিন্নাঃ তে শস্ত্রাস্ত্রবর্ষৌঘাঃ (শস্ত্রাণাম্ অস্ত্রাণাং চ যানি বর্ষাণি তেষাম্ ওঘাঃ) সুরসৈনিকান্ ন হি আসেদুঃ ন প্রাপুঃ ॥২৫

ততঃ ক্ষীণাস্ত্রশস্ত্রৌঘাঃ দৈত্যাঃ অথ অনন্তরং গিরিশৃঙ্গদ্রুমোপলৈঃ (উপলৈঃ পাষাণৈঃ) সুরবলম্ অভ্যবর্ষন্, তাংশ্চ পূর্ব্ববৎ

শতঘ্নী ও ভুশুণ্ডি প্রভৃতি অস্ত্রশস্ত্র দ্বারা সকলকে চারিদিক্ হইতে আচ্ছন্ন করিয়াছিল ।১৯-২৩

আকাশস্থিত চন্দ্র-সূর্য্যাদি জ্যোতিষ্কগণ মেঘাচ্ছন্ন হইলে যেরূপ তাহাদিগকে আর দেখা যায় না, সেরূপ অসুরগণ কর্তৃক নিক্ষিপ্ত বাণসমূহের একটির মূলভাগে অপরটির মূলভাগ সংলগ্ন হইলে সেই নিবিড় বাণজালদ্বারা চারিদিক্ হইতে আচ্ছন্ন হওয়ায় দেবতাগণও দৃষ্টিগোচর হইতেছিলেন না ।২৪

পরন্তু দেবতাগণ শত্রুনিক্ষিপ্ত সেই অস্ত্রসমুদয়কে দ্রুতহস্তে নিজ অস্ত্রাদি প্রয়োগদ্বারা আকাশপথেই সহস্রভাগে ছেদন করায় ঐ সকল অস্ত্রশস্ত্র দেবসৈন্যগণকে স্পর্শ করিতে পারে নাই ।২৫

এইরূপে নিজ অস্ত্রশস্ত্র ক্ষয়প্রাপ্ত হইলে অসুরগণ

চিচ্ছিদুঃ ॥২৬

শস্ত্রাস্ত্রপূগৈঃ (শস্ত্রাণাম্ অস্ত্রাণাম্ পূগৈঃ সমূহৈঃ) অক্ষতান্ ক্ষতশূন্যান্, স্বস্তিমতঃ সুখিনঃ তথা দ্রুমৈঃ বৃক্ষৈঃ বিবিধাদ্রিশৃঙ্গৈঃ তৎপ্রহারৈঃ চ অবিক্ষতান্ ক্ষতশূন্যান্ ইন্দ্রসৈনিকান্ নিশাম্য দৃষ্ট্বা বৃত্রনাথাঃ অসুরাঃ অভবন্ ভীতাঃ ত্রাসিতাঃ ॥২৭

কৃষ্ণানুকূলেষু (কৃষ্ণঃ অনুকূলঃ যেষাং তেষু তথাবিধেষু-গৃহীতেষু) মহৎসু যথা ক্ষুদ্রৈঃ বিবেকশূন্যৈঃ পুরুষৈঃ প্রযুক্তাঃ ঊষতীঃ শাপরূপাঃ পরুষাঃ রূক্ষাঃ বাচঃ অকল্যাণকর্ত্র্যঃ ন ভবন্তি, তথা দেবগণেষু দৈত্যৈঃ কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ কৃতাঃ সর্ব্বে প্রয়াসাঃ বিমোঘাঃ বৃথাঃ অভবন্ ॥২৮

দেবসেনাসমূহের প্রতি পর্বতের শৃঙ্গ, বৃক্ষ ও প্রস্তর নিক্ষেপ করিতে আরম্ভ করিয়াছিল এবং দেবতাগণও পূর্বের ন্যায় ঐ সকল খণ্ড বিখণ্ড করিয়াছিলেন ।২৬

অনন্তর বৃত্রাসুরের অধীন অসুর সৈন্যগণ অস্ত্রশস্ত্র, বৃক্ষ, প্রস্তর ও পর্বত-শৃঙ্গসমূহ নিক্ষেপ সত্ত্বেও ইন্দ্র-সৈন্যগণকে অক্ষত ও সুখী দেখিয়া ভীত হইয়াছিল ।২৭

দুর্জ্জনগণ মহাপুরুষগণের প্রতি পীড়াজনক কঠোর বাক্য প্রয়োগ করিলেও উহা যেরূপ বিফল হয় অর্থাৎ তদ্দ্বারা মহাপুরুষগণের যেরূপ কোন বিকার ঘটেনা, সেরূপ শ্রীকৃষ্ণ যাঁহাদের অনুকূল, সেই দেবতাগণের প্রতি অসুরগণের বারবার আক্রমণ-চেষ্টাও সম্পূর্ণরূপেই বিফল হইয়াছিল ।২৮

তে স্বপ্রয়াসং বিতথং নিরীক্ষ্য
হরাবভক্তা হতযুদ্ধদর্পাঃ।
পলায়নায়াজিমুখে বিসৃজ্য
পতিং মনস্তে দধুরাতসারাঃ ॥২৯

বৃত্রোঽসুরাংস্তানসুগাত্মনস্বী
প্রধাবতঃ প্রেক্ষ্য বভাষ এতৎ।
পলায়িতং প্রেক্ষ্য বলঞ্চ ভগ্নং
ভয়েন তীব্রেণ বিহস্য বীরঃ ॥৩০

কালোপপন্নাং রুচিরাং মনস্বিনাং
জগাদ বাচং পুরুষপ্রবীরঃ।
হে বিপ্রচিত্তে নমুচে পুলোমন্
ময়ানর্ব্বন্ শম্বর মে শৃণুধ্বম্ ॥৩১

জাতস্য মৃত্যুর্ধ্রুব এব সর্ব্বতঃ
প্রতিক্রিয়া যস্য ন চেহ কৃপ্তা।
লোকো যশশ্চাথ ততো যদি দ্যুং
কো নাম মৃত্যুং ন বৃণীত যুক্তম্ ॥৩২

হতযুদ্ধদর্পাঃ (হতঃ নিবৃত্তঃ যুদ্ধে দর্পঃ গর্ব্বঃ যেষাং তে) আততায়িনঃ (আততঃ পত্নৈঃ গৃহীতঃ সারঃ ধৈর্য্যং যেষাং তে) যতঃ হরৌ অভক্তাঃ তে অসুরাঃ স্বপ্রয়াসং বিতথং ব্যর্থং নিরীক্ষ্য দৃষ্ট্বা, আজিমুখে যুদ্ধারম্ভে পতিং বৃত্রং বিসৃজ্য পলায়নায় মনঃ দধুঃ ॥২৯

তীব্রেণ ভয়েন ভগ্নং পত্নৈঃ ক্ষতমুরুং তথা পলায়িতং স্বং বলঞ্চ সৈন্যং প্রেক্ষ্য, তথা অনুগান্ তান্ অসুরান্ চ প্রধাবতঃ পলায়মানান্ প্রেক্ষ্য মনস্বী বীরঃ বৃত্রঃ বিহস্য উপহাসং কৃত্বা এতৎ বভাষ ॥৩০

পুরুষ প্রবীরঃ বৃত্রঃ কালোপপন্নাং সময়োচিতাং মনস্বিনাং রুচিরাং সৌষ্ঠবযুক্তিকাং বাচং জগাদ। হে বিপ্রচিত্তে! হে নমুচে! হে পুলোমন্! হে শম্বর! হে ময়! হে অনর্ব্বন্! মে বাচং শৃণুধ্বং শৃণুত ॥৩১

আততায়িনাং সর্ব্বতঃ মৃত্যুঃ সর্ব্বত্র ধ্রুবঃ অনিবার্য্যঃ এব; যস্য মৃত্যোঃ প্রতিক্রিয়া নিবৃত্ত্যুপায়ঃ ইহ সংসারে ন চ কৃপ্তা নৈব ভগবতা নির্ম্মিতা। ততঃ মৃত্যোঃ যদি লোকঃ ব্রহ্মলোকঃ ইহ যশঃ চ স্যাৎ, অথ তর্হি অমুং যুক্তং সমীচীনং মৃত্যুং কঃ নাম জনঃ ন বৃণীত ॥৩২

যুদ্ধরত সেই অসুরগণ যদিও মহাবলরূপে সুপ্রসিদ্ধ ছিল, তথাপি শ্রীহরির প্রতি ভক্তি না থাকায় দেবতাগণ অনায়াসেই তাহাদের ধৈর্য্যহানি ঘটাইয়া যুদ্ধ বিষয়ে দর্প চূর্ণ করিলে, তাহারা নিজ নিজ চেষ্টা বিফল হইতে দেখিয়া সংগ্রামক্ষেত্রে নিজেদের প্রভু বৃত্রাসুরকে পরিত্যাগ করিয়াই পলায়নের ইচ্ছা করিয়াছিল ।২৯

মহাবীর ও মনস্বী বৃত্রাসুর প্রথমতঃ নিজ সৈন্যগণকে মহাভয়ে ভগ্ন ও পলায়নরত এবং পশ্চাৎ অনুগত সুপ্রসিদ্ধ বীরগণকেও ইতস্ততঃ ধাবিত হইতে দেখিয়া উচ্চ হাস্য করত এরূপ বলিয়াছিল ।৩০

মহাবীরপুরুষ বৃত্রাসুর মহামনাঃ ব্যক্তিগণের হৃদয়গ্রাহী ও সময়োচিত বাক্য উচ্চারণপূর্বক বলিল —হে বিপ্রচিত্তে! হে নমুচে। হে পুলোমন্। হে ময়। হে অনর্বন্। হে শম্বর। আমি যাহা বলিতেছি—শ্রবণ কর ।৩১

সর্বত্র জন্মশীল ব্যক্তির মৃত্যু সুনিশ্চিত রহিয়াছে, অদ্যাবধি ইহার কোন প্রতিকার আবিষ্কৃত হয় নাই, এ অবস্থায় সেই মৃত্যু হইতে যদি যশঃ ও স্বর্গলাভ সম্ভবপর হয়, তাহা হইলে কোন্ মনস্বী ব্যক্তি সেই সমীচীন মৃত্যুকে সাদরে বরণ না করে ?৩২

দ্বৌ দম্মতাবিহ মৃত্যু দুরাপৌ
যদ্ ব্রহ্মসন্ধারণয়া জিতাসুঃ।
কলেবরং যোগরতো বিজহ্যাদ্
যদগ্রণীর্বীরশয়েঽনিবৃত্তঃ ॥৩৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে দশমোঽধ্যায়ঃ ॥১০

ইহ সংসারে দ্বৌ মৃত্যু দুরাপৌ দুর্লভৌ ইতি বিচক্ষণৈঃ সম্মতৌ অভিপ্রেতৌ। যোগরতঃ যোগমার্গে প্রবৃত্তঃ জিতাসুঃ বশীকৃতপ্রাণোপ্রিয়ঃ সন্ ব্রহ্মসন্ধারণয়া ভগবদ্ধ্যানেন কলেবরং এতাদৃশং ইতি যৎ সঃ একঃ মৃত্যুঃ। তথা অগ্রণীঃ (ধনুর্যুদ্ধে স্বয়ং প্রবৃত্তঃ সন্ অন্যান্ সৈনিকান্ অপি প্রবর্ত্তয়তি) অনিবৃত্তঃ অপরাঙ্মুখঃ সন্ বীরশয়ে রণভূমৌ কলেবরং বিজহ্যাৎ ইতি যৎ সঃ চ একঃ মৃত্যুঃ ॥৩৩

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীধরস্বামিকৃতায়াং দশমোঽধ্যায়ঃ।

হে বীরগণ! যোগী পুরুষ ব্রহ্মধারণাদ্বারা প্রাণবায়ু জয় করিয়া এবং যুদ্ধক্ষেত্রে অগ্রগামী বীর পুরুষ রণে পরাঙ্মুখ না হইয়া যেভাবে দেহত্যাগ করেন, ইহলোকে তাদৃশ দুইপ্রকার মৃত্যুই শাস্ত্রসম্মত, পরন্তু দুর্লভ।৩৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ঘটকচূড়ামণি কর্তৃক বঙ্গভাষানুবাদসহিত
দশম অধ্যায় সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ

[বৃত্রস্য জ্ঞান-ভক্তি-বৈরাগ্যযুক্ত-বীরোচিতবাক্যকথনম্।]

শ্রীশুক উবাচ।
ত এবং শংসতো ধর্ম্যং বচঃ পত্যুরচেতসঃ।
নৈবাগৃহ্ণন্ত সম্ভ্রান্তাঃ পলায়নপরা নৃপ ॥১

বিশীর্য্যমাণাং পৃতনামাসুরীমমরার্দনঃ।
কালানুকূলৈস্ত্রিদশৈঃ কাল্যমানামনাথবৎ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ,—হে নৃপ! এবং শংসতঃ কথয়তঃ পত্যুঃ বৃত্রস্য, ধর্ম্যং ধর্ম্মোপেতং বচঃ অচেতসঃ ব্যাকুলহৃদয়াঃ, সম্ভ্রান্তাঃ ভীতাঃ, পলায়নপরাঃ তে অসুরাঃ নৈব অগৃহ্ণন্ ॥১

কালানুকূলৈঃ (কালঃ অনুকূলঃ যেষাং তৈঃ) ত্রিদশৈঃ দেবৈঃ কাল্যমানাং বিদ্রাব্যমাণাম্ অতএব অনাথবৎ ইব বিশীর্য্যমাণাম্ আসুরীং স্বকীয়াং পৃতনাং সেনাম্ অমরার্দনঃ

একাদশ অধ্যায়

[বৃত্রকর্তৃক জ্ঞান, ভক্তি ও বৈরাগ্যযুক্ত এবং বীরোচিত বাক্য কথন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! তৎকালে অসুরগণের প্রভু বৃত্রাসুর পূর্বোক্ত প্রকার ধর্মসঙ্গত বাক্য বলিলেও ভীত ও পলায়নরত সেই জ্ঞানহীন অসুরগণ তাহা গ্রহণ করিল না।১

হে মহারাজ! অনুকূল কালের প্রভাবে দেবতাগণ যুদ্ধে অসুরগণকে ছত্রভঙ্গ করিয়া বিতাড়িত করিলে

দৃষ্ট্বাতপ্যত সংক্রুদ্ধ ইন্দ্রশত্রুরমর্ষিতঃ।
তান্ নিবার্য্যৌজসা রাজন্নির্ভর্ৎস্যেদমুবাচ হ ॥৩
কিং ব উচ্চরিতৈর্মাতুর্ধাবদ্ভিঃ পৃষ্ঠতো হতৈঃ।
নহি ভীতবধঃ শ্লাঘ্যো ন স্বর্গ্যঃ শূরমানিনাম্ ॥৪
যদি বঃ প্রধনে শ্রদ্ধা সারং বা ক্ষুল্লকা হৃদি।
অগ্রে তিষ্ঠত মাত্রং মে ন চেদ্ গ্রাম্যসুখে স্পৃহা ॥৫
এবং সুরগণান্ ক্রুদ্ধো ভীষয়ন্ বপুষা রিপূন্।
ব্যনদৎ সুমহানাদো যেন লোকা বিচেতসঃ ॥৬

তেন দেবগণাঃ সর্ব্বে বৃত্রবিস্ফোটনেন বৈ।
নিপেতুর্মূর্চ্ছিতা ভূমৌ যথৈবাশনিনা হতাঃ ॥৭
মমর্দ্দ পদ্ভ্যাং সুরসৈন্যমাতুরং
নিমীলিতাক্ষং রণরঙ্গদুর্ম্মদঃ।
গাং কম্পয়ন্নুদ্যতশূল ওজসা
নালং বনং যূথপতির্যথোন্মদঃ ॥৮

ইন্দ্রশত্রুঃ বৃত্রঃ ॥২

দৃষ্ট্বা অতপ্যত; তথা অমর্ষিতঃ দেবপরাক্রমম্ অসহমানঃ অতএব সংক্রুদ্ধঃ সন্ ওজসা বলাৎকারেণ তান্ ত্রিদশান্ নিবার্য্য নির্ভর্ৎস্য চ ইদং বক্ষ্যমাণং বচনম্ উবাচ ॥৩

কিম্ ইতি যাতুঃ উচ্চরিতৈঃ পুরীষবৎ নির্গতৈঃ, (যতঃ যুদ্ধং ত্যক্ত্বা পলায়মানৈঃ) পৃষ্ঠতঃ হতৈঃ দৈত্যৈঃ যুষ্মাকং কিং ফলম্? যতঃ ভীতবধঃ (ভীতানাং যঃ বধঃ সঃ) শূরমানিনাং যুষ্মাকং ন শ্লাঘ্যঃ নাপি স্বর্গ্যঃ স্বর্গহেতুঃ ॥৪

যদি যঃ যুষ্মাকং প্রধনে যুদ্ধে শ্রদ্ধা, হৃদি সারং ধৈর্য্যং বা অস্তি চেৎ, তথা গ্রাম্যসুখে স্পৃহা ইচ্ছা চেৎ ন অস্তি তদা মাত্রং ক্ষণমাত্রং, হে ক্ষুল্লকাঃ ক্ষুদ্রাঃ। মে মম অগ্রে তিষ্ঠত ॥৫

ভীষ্ত ॥৫

সুমহৎপ্রাণঃ বৃত্রঃ ক্রুদ্ধঃ এবং স্বীয় বপুষা দেহেন রিপূন্ সুরগণান্ ভীষয়ন্ ব্যনদৎ নাদং চকার; যেন নাদেন লোকাঃ বিচেতসঃ জাতাঃ ॥৬

তেন বৃত্রবিস্ফোটনেন (বাহৌ করতলাঘাতশব্দেন) মূর্চ্ছিতাঃ সর্ব্বে দেবগণাঃ যথা অশনিনা হতাঃ, তথা ভূমৌ-নিপেতুঃ ॥৭

রণরঙ্গদুর্ম্মদঃ (রণরঙ্গে রণকর্ম্মণি দুষ্ঠু দুষ্টঃ উৎকটঃ মদঃ যস্য সঃ) অতএব উদ্যতশূলঃ (উদ্যতং শূলং যেন সঃ) বৃত্রঃ ওজসা বলাখ্যেন গাং পৃথিবীং কম্পয়ন্ উন্মাদঃ যূথপতিঃ যথা নালং বনং তথা আতুরং ভয়াদ্ বিবশং নিমীলিতাক্ষং সুরসৈন্যং মমর্দ্দ ॥৮

তাহা দেখিয়া অসহিষ্ণু ও ক্রুদ্ধ ইন্দ্রশত্রু অসুরশ্রেষ্ঠ বৃত্রাসুর দুঃখবোধ করিল এবং বলপূর্বক তাহাদিগকে বারণ করিয়া দেবতাগণকে ভর্ৎসনা করিতে করিতে এরূপ বলিয়াছিল।২-৩

হে দেবগণ! যাহারা পলায়ন করিতে যাইয়া পশ্চাদ্ভাগে আহত হইয়াছে, সেই সকল অসুর নিজ মাতার পুরীষের ন্যায় হীন বলিয়া তাহাদের দ্বারা তোমাদের প্রয়োজন কি। যাঁহারা বীরত্বের অভিমান করেন, তাঁহাদের পক্ষে ভীত শত্রুকে বধ করা ইহলোকে কীর্ত্তি ও পরলোকে স্বর্গের কারণ হইতে পারে না।৪

হে ক্ষুদ্রপ্রাণগণ! যদি তোমাদের যুদ্ধবিষয়ে শ্রদ্ধা ও হৃদয়ে ধৈর্য্য থাকে এবং ঐহিক বিষয়সুখ-ভোগে আসক্তি না থাকে, তাহা হইলে ক্ষণকালমাত্র আমার সম্মুখে অবস্থান কর।৫

মহাবল ক্রুদ্ধ বৃত্রাসুর নিজ শত্রু দেবতাগণকে নিজ মূর্তিদ্বারা ভয়গ্রস্ত করিয়া এরূপ সিংহনাদ করিয়াছিল যে—উহাতে ত্রিভুবন অচেতন হইয়া পড়িল।৬

এইরূপ বৃত্রাসুরের সেই সিংহনাদে তৎকালে দেবতাগণও সকলেই বজ্রাহতের ন্যায় মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইয়াছিলেন।৭

তৎকালে ভয়াতুর দেবসৈন্যগণ নয়ন মুদ্রিত করিয়া অবস্থান করিলে—মদমত্ত গজরাজ যেরূপ নল-বনকে পদদলিত করে, সেরূপ উন্নত-শূলধারী বৃত্রাসুর রণরঙ্গে অভিমত্ত হইয়া নিজবলে ভূমিতল কম্পিত

বিলোক্য তং বজ্রধরোঽত্যমর্ষিতঃ
স্বশত্রবেঽভিদ্রবতে মহাগদাম্।
চিক্ষেপ তামাপততীং দুরত্যয়াং
জগ্রাহ বামেন করেণ লীলয়া ॥৯

স ইন্দ্রশত্রুঃ কুপিতো ভৃশং তয়া
মহেন্দ্রবাহং গদয়োরুবিক্রমঃ।
জঘান কুম্ভস্থল উন্নদন্ মৃধে
তৎকর্ম্ম সর্ব্বে সমপূজয়ন্নৃপ ॥১০

ঐরাবতো বৃত্রগদাভিমৃষ্টো
বিঘূর্ণিতোঽদ্রিঃ কুলিশাহতো যথা।
অপাসরদ্ভিন্নমুখঃ সহেন্দ্রো
মুঞ্চন্নসৃক্ সপ্তদশমুর্ব্বপার্শ্বতঃ ॥১১

ন সন্নবাহায় বিষণ্ণচেতসে
প্রাযুঙ্ক্ত ভূয়ঃ স গদাং মহাত্মা।
ইন্দ্রোঽমৃতস্পর্শিকরাভিমর্শ-
বীতব্যথক্ষতবাহোঽবতস্থে ॥১২

বজ্রধরঃ ইন্দ্রঃ তং বৃত্রং বিলোক্য অত্যমর্ষিত অসহমানঃ এব অভিদ্রবতে সম্মুখমাগচ্ছতে স্বশত্রবে তস্মৈ বৃত্রায় মহাগদাং চিক্ষেপ; দুরত্যয়াং তাম্ আপততীং গদাং সঃ বৃত্রঃ বামেন করেণ লীলয়া জগ্রাহ ॥৯

সঃ উগ্রবিক্রমঃ ইন্দ্রশত্রুঃ বৃত্রঃ ভৃশং কুপিতঃ সন্ মৃধে যুদ্ধে উন্নদন্ তয়া গদয়া মহেন্দ্রবাহম্ ঐরাবতং কুম্ভস্থলে মস্তকে জঘান। হে নৃপ! তত্র তৎ কর্ম সর্ব্বে অপরসৈনিকাঃ সমপূজয়ন্ সংস্তুতবন্তঃ ॥১০

বৃত্রগদাভিমৃষ্টঃ (বৃত্রগদয়া অভিমৃষ্টঃ অভিহতঃ) অতঃ কুলিশাহতঃ (কুলিশেন বজ্রেন আহতঃ) অদ্রিঃ যথা তথা ভিন্নমুখঃ (ভিন্নং বিদীর্ণং মুখং যস্য সঃ) কৃশার্তঃ অতিপীড়িতঃ, অসৃক্ মুঞ্চন্ সহেন্দ্রঃ সপ্তদশহস্তপ্রমাণং দেশম্, অপসরৎ তির্য্যক্ পৃষ্ঠতো যা গতঃ ॥১১

সন্নবাহায় (অবসন্নঃ বাহঃ যস্য তস্মৈ) বিষণ্ণচেতসে (বিষণ্ণং ব্যাকুলং চেতঃ যস্য তস্মৈ) ইন্দ্রায় সঃ মহাত্মা বৃত্রঃ ন প্রাযুঙ্ক্ত ন চিক্ষেপ; ইন্দ্রঃ তু অমৃতস্পর্শী অমৃতস্রাবী, যঃ করঃ তেন অভিমর্শঃ স্পর্শঃ তেন বীতা গতা ব্যথা পীড়া যস্য তথাভূতঃ অক্ষতবাহঃ হস্তী যস্য সঃ তথাভূতঃ অবতস্থে ॥১২

করিয়া পদযুগল দ্বারা তাঁহাদিগকে মর্দন করিয়াছিল ॥৮

বজ্রধারী দেবরাজ তাহার এরূপ আচরণ লক্ষ্য করিয়া অতিশয় ক্রুদ্ধ হইয়াছিলেন এবং নিজের সেই শত্রু দ্রুতবেগে নিজের দিকেই অগ্রসর হইতেছে দেখিয়া তাহার দিকে এক মহাগদা নিক্ষেপ করিয়াছিলেন; পরন্তু বৃত্রাসুর নিজের অভিমুখে আগত সেই দুঃসহ গদাটিকে অনায়াসেই বামহস্তে ধরিয়া ফেলিল ॥৯

হে মহারাজ! অনন্তর মহাবিক্রমশালী ইন্দ্রশত্রু বৃত্রাসুর ক্রোধভরে রণক্ষেত্রে সিংহনাদ করিয়া সেই গদা দ্বারা দেবরাজের বাহন ঐরাবতের কুম্ভস্থলে (মস্তকস্থিত উন্নত পিণ্ডদ্বয়ে) প্রহার করিলে সকলেই তাহার সেই কর্মের প্রশংসা করিয়াছিল ১০

ঐরাবত বৃত্রাসুরের সেই গদার আঘাতে বজ্রাহত পর্বতের ন্যায় বিঘূর্ণিত হইয়া অতিশয় কাতরভাবে ইন্দ্রের সহিতই পশ্চাদ্‌ভাগে অষ্টাবিংশতি হস্ত পরিমিত স্থান চলিয়া আসিয়াছিল, তৎকালে তাহার মুখ বিদীর্ণ হওয়ায় রক্ত বমন হইতেছিল ॥১১

এইরূপে নিজ বাহন ঐরাবত অবসাদগ্রস্ত হওয়ায় ইন্দ্রের চিত্ত ও বিষণ্ণ হইয়াছিল বলিয়া উদারচিত্ত বৃত্রাসুর তাঁহার প্রতি পুনরায় গদা নিক্ষেপ করে নাই। এদিকে ইন্দ্রের অমৃতবর্ষী হস্তস্পর্শে আহত ঐরাবতের ব্যথা দূর হইলে স্বয়ংও স্বস্থচিত্তে অবস্থান করিয়াছিলেন ॥১২

স তং নৃপেন্দ্রাহবকাময়া রিপুং
বজ্রায়ুধং ভ্রাতৃহণং বিলোক্য।
স্মরংশ্চ তৎকর্ম্ম নৃশংসমংহঃ
শোকেন মোহেন হসন্ জগাদ ॥১৩

বৃত্র উবাচ।

দিষ্ট্যা ভবান্ মে সমবস্থিতো রিপু—
র্যো ব্রহ্মহা গুরুহা ভ্রাতৃহা চ।
দিষ্ট্যাঽনুশোঽস্যাহমসত্তম ত্বয়া
মচ্ছূলনির্ভিন্নদৃষদ্ধৃদাচিরাৎ ॥১৪

যো নোঽগ্রজস্যাত্মবিদো দ্বিজাতে—
র্গুরোরপাপস্য চ দীক্ষিতস্য।
বিভ্রভ্য খড়্গেন শিরাংস্যবৃশ্চৎ
পশোরিবাকরুণঃ স্বর্গকামঃ ॥১৫

শ্রী-হ্রী-দয়া-কীর্তিভিরুজ্ঝিতং ত্বাং
স্বকর্ম্মণা পুরুষাদৈশ্চ গর্হ্যম্।
কৃচ্ছ্রেণ মচ্ছূলবিভিন্নদেহ-
মস্পৃষ্টবহ্নিং সমদন্তি গৃধ্রাঃ ॥১৬

সঃ কুদ্ধঃ ভ্রাতৃহণং (ভ্রাতারং বিশ্বরূপং) হতবন্তং তথা আহবকাময়া যুদ্ধেচ্ছয়া বজ্রায়ুধং বজ্রং গৃহীত্বা অবস্থিতং নৃশংসং ক্রূরস্বভাবং তম্, ইন্দ্রং বিলোক্য তৎ কর্ম্ম পাপতমম্, আহঃ স্মরন্ শোকেন মোহেন সন্তপ্তঃ হসন্ ইদং জগাদ উবাচ ॥১৩

বৃত্রঃ উবাচ। হে ব্রহ্মহা! গুরুহা! ভ্রাতৃহা অপরম! রিপুঃ ভবান্ দিষ্ট্যা এব অদ্য মে মম অগ্রতঃ সমবস্থিতঃ। অদ্য শূলেন বিভিন্নং দৃষদ্তুল্যং পাষাণসদৃশং হৃদ্ হৃদয়ং যস্য তেন ত্বয়া বিমিত্তেন অদ্য অচিরাৎ এব অহং ভ্রাতৃঃ অনৃণঃ ভবামি, এতৎ দিষ্ট্যা ভদ্রম্, এব জাতম্ ॥১৪

যঃ স্বর্গকামঃ ভবান্ দ্বিজাতেঃ ব্রাহ্মণস্য, আত্মবিদঃ ভগবদ্ভক্তস্য, স্বগুরোঃ শ্রীনারায়ণকবচাদিকবচমন্ত্র-প্রদস্য, অপাপস্য দীক্ষিতস্য যজ্ঞে দীক্ষাবতঃ নঃ অগ্রজস্য বিশ্বরূপস্য, বিভ্রভ্য (উপাধ্যায়ত্বেন বরণেন বিশ্বাসং কৃত্বা) অকরুণঃ এব খড়্গেন পশোঃ ইব শিরাংসি অবৃশ্চৎ ॥১৫

শ্রীঃ হ্রীঃ দয়া কীর্তিঃ চ তৈঃ উজ্ঝিতং ত্যক্তং স্বকর্ম্মণা নিমিত্তেন পুরুষাদৈঃ (পুরুষান্ অদন্তীতি পুরুষাদাঃ রাক্ষসাঃ তৈঃ) অপি গর্হ্যং নিন্দ্যং, মচ্ছূলেন বিভিন্নঃ দেহঃ যস্য তম্; অতঃ কৃচ্ছ্রেণ মৃতং সম্পৃষ্টবহ্নিং অদগ্ধদেহং, ত্বাং গৃধ্রাঃ সমদন্তি মুখেন ভক্ষয়ন্তি ॥১৬

হে মহারাজ! অনন্তর বৃত্রাসুর ভ্রাতৃঘাতী নিজ শত্রু ইন্দ্রকে বজ্রহস্তে অবস্থান করিতে দেখিয়া এবং তাঁহার নিষ্ঠুর পাপ কর্ম স্মরণ করিয়া শোক ও মোহ সহকারে হাসিতে হাসিতেই এরূপ বলিয়াছিল।১৩

বৃত্রাসুর বলিল—হে মহাপাপিষ্ঠ! তুমি ব্রহ্মঘাতী গুরু হত্যাকারী এবং আমার ভ্রাতৃঘাতক বলিয়া পরম শত্রু—সেই তুমি সম্প্রতি আমার সম্মুখে উপস্থিত হইয়াছ, ইহা আনন্দের বিষয়। আর, ইহাও আমার পরম সৌভাগ্য যে—আমি অদ্য শূলদ্বারা তোমার প্রস্তরতুল্য কঠিন বক্ষঃস্থল বিদীর্ণ করিয়া সত্বরই ভ্রাতৃ-ঋণ হইতে বিমুক্ত হইব।১৪

স্বর্গকামী ব্যক্তিক যেরূপ নিষ্ঠুরভাবে পশুর শিরশ্ছেদ করে, তুমিও সেরূপ স্বর্গের আধিপত্য রক্ষার জন্য আমাদের ভ্রাতৃগণ, নিষ্পাপচিত্ত, যজ্ঞে দীক্ষিত নিজ গুরু ও আমার জ্যেষ্ঠভ্রাতা বিশ্বরূপের বিশ্বাস উৎপাদন করিয়া পশ্চাৎ খড়্গদ্বারা তাঁহার মস্তকসমূহ ছেদন করিয়াছ।১৫

সম্প্রতি লক্ষ্মী, লজ্জা, দয়া ও কীর্তি তোমাকে পরিত্যাগ করিয়াছে এবং নিজ কর্মদোষে তুমি রাক্ষসগণেরও নিন্দার পাত্র হইয়াছ। এ অবস্থায় আমার শূলদ্বারা অতি কষ্টের সহিত তোমার এই দেহ বিদীর্ণ হইলে ইহার অগ্নি সৎকার হইবে না, পরন্তু গৃধ্রগণই ইহা ভক্ষণ করিবে।১৬

অন্যেঽমু যে ত্বেহ নৃশংসমজ্ঞা
যদুদ্যতাস্ত্রাঃ প্রহরন্তি মদ্গম্।
তৈর্ভূতনাথান্ সগণান্ নিশাত-
ত্রিশূলনির্ভিন্ন-গলৈর্যজামি ॥১৭

অথো হরে মে কুলিশেন বীর
হর্ত্তা প্রমথ্যৈব শিরো যদীহ।
তত্রানৃণো ভূতবলিং বিধায়
মনস্বিনাং পাদরজঃ প্রপৎস্যে ॥১৮

সুরেশ কস্মান্ন হিনোষি বজ্রং
পুরঃ স্থিতে বৈরিণি মদ্যমোঘম্।
যা সংশয়িষ্ঠা ন গদেব বজ্রং
স্যান্নিষ্ফলং কৃপণার্থেব যাচ্ঞা ॥১৯

নন্বেষ বজ্রস্তব শক্র তেজসা
হরের্দধীচেস্তপসা চ তেজিতঃ।
তেনৈব শক্রং জহি বিষ্ণুধর্ষিতো
যতো হরির্বিজয়শ্রীর্গুণাস্ততঃ ॥২০

অন্যে তু যে অস্মাঃ সংপ্রতীযানভিজ্ঞাঃ স্বাং স্বাং নৃশংসং ক্রূরম্ অদ্য বর্ত্তমানাঃ যদি উদ্যতাস্ত্রাঃ সন্তঃ ইহ সংগ্রামে মদ্গং মাং প্রহরন্তি প্রহরিষ্যন্তি, তদা নিশাতেন তীক্ষ্ণীকৃতেন ত্রিশূলেন ভিন্নঃ গলঃ যেষাং তৈঃ সগণান্ ভূতপ্রেতাদিগণসহিতান্ ভূতনাথান্ ভৈরবাদীন্ অহং যজামি যক্ষ্যামি ॥১৭

হে বীর! হে হরে ভোঃ ইন্দ্রঃ! অথ অথবা ইহ সংগ্রামে যদি প্রথমং মম সেনায়াং বিলোড্য কুলিশেন বজ্রেণ মম শিরঃ ভবান্ এব হর্ত্তা হরিষ্যতি, তত্র তর্হি ভূতবলিং (ভূতেভ্যঃ বলিঃ) বিধায় তেভ্যঃ অনৃণঃ সন্ মনস্বিনাং বিবেকিনাং পাদরজঃ পদং প্রপৎস্যে প্রাপ্স্যামি ॥১৮

হে সুরেশ! পুরঃস্থিতে বৈরিণি যদি অমোঘং বজ্রং কস্মাৎ ন হিনোষি ন প্রক্ষিপসি! কৃপণার্থা (কৃপণস্য অর্থঃ প্রয়োজনং যস্যাঃ সা) যাচ্ঞা যথা নিষ্ফলা ভবতি, তথা পূর্ব্বনিক্ষিপ্তা-গদা ইব বজ্রং নিষ্ফলং ন স্যাৎ, তত্র যা সংশয়িষ্ঠা সংশয়বতী সা কার্য্যা ॥১৯

হে শক্র! এষঃ তব বজ্রঃ হরেঃ তেজসা দধীচেঃ তপসা চ তেজিতঃ তীক্ষ্ণীকৃতঃ, অতঃ বিষ্ণুনা ধর্ষিতঃ প্রেরিতঃ ত্বং তেনৈব বজ্রেণ শক্রং মাং জহি! যতঃ যস্মিন্ পক্ষে হরিঃ, ততঃ তস্মিন্ পক্ষে বিজয়ঃ শ্রীঃ গুণাঃ সদ্গুণাদয়ঃ ভবন্তি ॥২০

আর অন্য যে সকল দেবতা এই যুদ্ধক্ষেত্রে নিষ্ঠুর-চিত্ত তোমার অনুসরণ করিতেছে, তাহারা যদি অস্ত্র উত্তোলনপূর্বক আমাকে প্রহার করিতে আসে, তাহা হইলে আমি তীক্ষ্ণ ত্রিশূলদ্বারা তাহাদের গলদেশ ছেদন করিয়া তাহাদের দ্বারা পরিবারবর্গসহ ভৈরবাদি ভূতনাথগণের পূজা করিব ।১৭

পক্ষান্তরে, হে বীর ইন্দ্র! যদি তুমিই নিজ বজ্রদ্বারা এই সংগ্রামক্ষেত্রে আমার মস্তক ছেদন কর, তাহা হইলেও আমি এই দেহদ্বারা ভূত বলি প্রদানপূর্বক কর্মবন্ধন হইতে মুক্ত হইয়া জ্ঞানিগণের গন্তব্য পদ লাভ করিব ।১৮

হে দেবরাজ। আমি শত্রুরূপে তোমার সম্মুখে উপস্থিত থাকিলেও তুমি আমার প্রতি অব্যর্থ বজ্রটি কি হেতু নিক্ষেপ করিতেছ না?

কৃপণের নিকট যাচ্ঞা করিলে উহা যেরূপ নিষ্ফল হয়, তোমার গদাটি সেরূপ নিষ্ফল হইয়াছে বটে, পরন্তু এই বজ্র নিষ্ফল হইবে না, সুতরাং এই বজ্র নিক্ষেপে কোনরূপ সন্দেহ করিও না ।১৯

হে ইন্দ্র! তোমার এই বজ্র শ্রীহরির তেজ ও দধীচির তপস্যাদ্বারা শাণিত হইয়াছে, এ বিষয়ে সন্দেহ নাই, অতএব ইহাদ্বারাই তুমি শত্রু সংহার কর। ভগবান্ শ্রীহরি স্বয়ং তোমাকে প্রেরণ করিয়াছেন, সুতরাং যেস্থানে শ্রীহরি অনুকূল, তথায় বিজয়, শ্রী ও সদ্গুণসমূহের উদয় অবশ্যম্ভাবী ।২০



৫/৮

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY.

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

অত্রৈব—

যস্মিন্ রমন্তে মুনয়ো বিদ্যয়া জ্ঞানবিপ্লবে।
তং গুরুং প্রাহ রামেতি রমণাদ্ রাম ইত্যপি ॥

অত্রৈব শ্রীশিব উবাচ—

সীতয়া সহিতং রামনাম জাপ্যং প্রযত্নতঃ।
ইদমেব পরং প্রেমকারণং সংশয়ং বিনা ॥

হনুমান্ কহিলেন—। একবার রামনাম জপ করিলে আজন্মসঞ্চিত পাতক আশু বিনষ্ট হয় দুইবার জপ করিলে কোটি যজ্ঞের ফল প্রদান করেন।

তিনবার জপ করিলে এই রাম স্বরূপে স্থিতি করান, চারিবার জপে রাঘব ঋণী হ'ন।

মানবগণের চিন্তামণি, কল্পতরু, কামধেনু, যাহা অন্য নয় অর্থাৎ আত্মস্বরূপ এমন ফলের সম্যক্ দোহনের আধার, অথবা যাহা অন্য নয় এমন ফলসমূহের উৎপত্তি-স্থিতি-প্রাপ্তিকারক রামনাম।

সংসারে যে মানবগণ নিত্য "রাম" "রাম" এই নাম কীর্ত্তন করেন, তাঁহাদের কখনও মরণ-ভয় আদি হয় না। কলিযুগে রামনামের দ্বারাই মুক্তি হয়, অন্য কোনও উপায়ে হয় না।

অজ্ঞান-উপদ্রবে মুনিগণ যাঁহাতে বিদ্যার দ্বারা রমণ করেন, তাঁহাকে গুরু বশিষ্ঠদেব 'রাম' বলিয়াছেন, রমণ অর্থাৎ সর্ব্বপ্রিয়ত্ব হেতু রাম।

প্রযত্ন-সহকারে সীতার সহিত রামনাম জপ করা কর্ত্তব্য, ইহাই পরম প্রেমলাভের কারণ, এবিষয়ে কোনও সংশয় নাই।

অত্রৈব বাল্মীকি—

অহং তে রামনাম্নশ্চ প্রভাবাদীদৃশোঽভবম্।
অদ্য সাক্ষাৎ প্রপশ্যামি সসীতং লক্ষ্মণেন চ ॥

অত্রৈব—

ইত্যুক্ত্বা প্রণতৌ সোঽপি বিমানেনার্কবর্চসা।
বিষ্ণোঃ পদং রামনাম স্মরণে ফলমীদৃশম্ ॥

[পঞ্চম বর্ষ, মাঘ, ১৩৭৩] [অষ্টম সংখ্যা—লক্ষ্যোদনী যাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্রঘটতীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

• • •

মুখ্য-সম্পূজক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য ডাকমাশুল ১৫·০০ টাকা] [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুখ্য-কর্ম্মকিঙ্কর :—
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস., ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড এইচ (লণ্ডন)।
কিঙ্কর বিমলানন্দ।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্ত্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত। ১৫ই মাঘ, ১৩৭৩।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্ত্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

'আর্য্যশাস্ত্র'

[১৯৫৬ সালের সংবাদপত্র সমূহের রেজিষ্ট্রীকরণ (কেন্দ্রীয়) আইনের ৮নং ধারা অনুসারে নিম্নলিখিত তথ্য প্রকাশিত হইল। ফর্ম নং ৪]

প্রকাশনস্থান—	৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫
প্রকাশনের কালক্রম—	মাসিক
মুদ্রাপকের নাম—	শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
জাতি—	ভারতীয়
ঠিকানা—	৭।২ পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫
প্রকাশকের নাম—	শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
জাতি—	ভারতীয়
ঠিকানা—	৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫
মুখ্য সম্পাদকের নাম—	মহামহোপাধ্যায় শ্রীযুক্তকালীপদতর্কাচার্য্য
জাতি—	ভারতীয়
ঠিকানা—	শান্তিনগর, পোঃ ভদ্রকালী, হুগলী, পশ্চিমবঙ্গ
	শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ
	ভারতীয়
	ভাটপাড়া, ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ
স্বত্বাধিকারিগণের নাম ও ঠিকানা এবং মোট মূলধনের শতকরা এক বা তাহার অধিকসংখ্যক অংশের মালিকগণ।	—শ্রীসত্যধর্মপ্রচারসঙ্ঘ (জয়গুরু সম্প্রদায়) ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫

আমি শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে, উপরিপ্রদত্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

স্বাক্ষর

শ্রীরামরঞ্জন কাব্যব্যাকরণতীর্থ

প্রকাশক

১।৩।৬৭

বিশেষ নিবেদন

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত

সম্পূজক—আর্য্যশাস্ত্র

অহং সমাধায় মনো যথাহ
সঙ্কর্ষণস্তচ্চরণারবিন্দে।
ত্বদ্বজ্রবংহোদলিতগ্রাম্যপাশো
গতিং মুনের্যাম্যপবিদ্ধলোকঃ ॥২১

পুংসাং কিলৈকান্তধিয়াং স্বকানাং
যাঃ সম্পদো দিবি ভূমৌ রসায়াম্।
ন রাতি যদ্ দ্বেষ উদ্বেগ আধি-
র্মদঃ কলির্ব্যসনং সম্প্রয়াসঃ ॥২২

সঙ্কর্ষণঃ ভগবান্ নঃ অস্মান্ যথা আহ, তথা তচ্চরণারবিন্দে (তস্য ভগবতঃ পাদপদ্মে) মনঃ সমাধায় স্থিরীকৃত্য, ত্বদ্বজ্রবংহোদলিত-গ্রাম্যপাশঃ (তব বজ্রস্য বংহসা বেগেন দলিতঃ ছিন্নঃ গ্রাম্যপাশঃ সংসারবন্ধনভূতঃ দেহ যস্য সঃ) অতএব অপবিদ্ধ-লোকঃ (তত্তল্লোকবিষয়ভোগ-বাসনা যেন সঃ তথাবিধঃ সন্) অহং মুনেঃ মননশীলস্য ভক্তস্য গতিং যাস্যামি যাস্তামি ॥২১

(ভগবন্তি) একান্তধিয়াং সমর্পিতচিত্তানাং স্বকানাং স্বকীয়ত্বেন অঙ্গীকৃতানাং পুংসাং (পুংভ্যঃ) যাঃ দিবি ভূমৌ রসায়াং চ সম্পদঃ, তাঃ কিল নিশ্চয়ে হরিঃ ন রাতি ন দদাতি; যৎ যাভ্যঃ সম্পদ্ভ্যঃ দ্বেষঃ অন্যোন্যং বৈরম্, উদ্বেগঃ মনসঃ চাঞ্চল্যম্, আধিঃ মনসঃ সন্তাপঃ, মদঃ গর্ব্বঃ, কলিঃ কলহঃ, ব্যসনং তন্নাশাদৌ দুঃখম্, সম্প্রয়াসঃ সংবর্দ্ধন-সংরক্ষণাদি-প্রযত্নেন শ্রমঃ ভবতি ॥২২

হে দেবরাজ! আমার প্রভু ভগবান্ সঙ্কর্ষণ যেরূপ উপদেশ দান করিয়াছেন, আমি তদনুসারে তাঁহার পাদপদ্মে মনোনিবেশপূর্বক—তোমার বজ্রবেগে বিষয়ভোগবাসনা ছিন্ন হইলে—এ দেহ ত্যাগ করিয়া মননশীল যোগিগণের গতি লাভ করিব (অতএব বজ্রপ্রহারে আমার দুঃখের সম্ভাবনা নাই।)।২১

হে ইন্দ্র! যাঁহারা ভগবানের একনিষ্ঠ ভক্ত, ভগবান্ কখনও সেই নিজ জনগণকে স্বর্গ, মর্ত্য ও পাতালের সম্পদ্‌রাশি দান করেন না; কারণ—ঐ সকল সম্পদ্ হইতে লোকবিদ্বেষ, উদ্বেগ, মনঃপীড়া, মত্ততা, বিবাদ, বিপত্তি ও ক্লেশের উদয় হয়।২২

ত্রৈবর্গিকায়াসবিঘাতমস্মৎ-
পতির্বিধত্তে পুরুষস্য শক্র।
ততোঽনুমেয়ো ভগবৎপ্রসাদো
যো দুর্লভোঽকিঞ্চনগোচরোঽন্যৈঃ ॥২৩

অহং হরে তব পাদৈকমূল—
দাসানুদাসো ভবিতাস্মি ভূয়ঃ।
মনঃ স্মরেতাসুপতেগুর্ণানাং
গৃণীত বাক্ কর্ম্ম করোতু কায়ঃ ॥২৪

হে শক্র! অস্মৎপতিঃ ভগবান্ পুরুষস্য ভক্তজনস্য ত্রৈবর্গিকায়াসবিঘাতং (ত্রৈবর্গিকঃ ধর্মার্থকাম-বিষয়ঃ যঃ আয়াসঃ তস্য বিঘাতং) বিধত্তে। ততঃ আয়াসোপরমাৎ এব ভগবৎ-প্রসাদঃ অনুমেয়ঃ; যঃ প্রসাদঃ অকিঞ্চন-গোচরঃ একান্ত-ভক্তলভ্যঃ; অন্যৈঃ বিষয়াবিষ্টচিত্তৈঃ, দুর্লভঃ এব ॥২৩

(অথ ভগবন্তং প্রার্থয়তে) হে হরে! অহং তব পাদৈক-মূলদাসানুদাসঃ (পাদৌ এব একমূলম্ আশ্রয়ঃ যেষাং দাসানাং তেষাম্ অনুদাসঃ) ভূয়ঃ পুনঃ ভবিতাস্মি ভবিষ্যামি তথৈবম্। অসুপতেঃ প্রাণনাথস্য ভগবতঃ অসুপতিং যাং চ মম মনঃ স্মরেত চিন্তয়েৎ, গুণান্ বাক্ গৃণীত কীর্ত্তয়েৎ, কায়ঃ তস্য কর্ম্ম করোতু ॥২৪

হে ইন্দ্র! আমাদের প্রভু সেই ভগবান্ নিজ ভক্তের ধর্ম, অর্থ ও কামবিষয়ক প্রয়াস দূর করেন। সুতরাং কাহারও তাদৃশ প্রয়াস নিবৃত্ত হইলে তাহার প্রতি 'ভগবান্ প্রসন্ন হইয়াছেন' ইহা অনুমান করা যায়। বস্তুতঃ একমাত্র অকিঞ্চন ব্যক্তিগণই ভগবানের প্রসন্নতা অনুভব করিতে পারেন, অপরের পক্ষে তাহা দুর্লভই হয়।২৩

হে ভগবন্ শ্রীহরে! আমি পুনরায় একমাত্র আপনার পদতলের দাসগণের অনুগত দাস হইব। আমার মন যেন প্রাণাধিপতি আপনার গুণসমূহ স্মরণ করে, বাগিন্দ্রিয় যেন সেই সকল গুণ কীর্ত্তন

ন নাকপৃষ্ঠং ন চ পারমেষ্ঠ্যং
ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম্ ।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা
সমঞ্জস ত্বা বিরহয্য কাঙ্ক্ষে ॥২৫

অজাতপক্ষা ইব মাতরং খগাঃ
স্তন্যং যথা বৎসতরাঃ ক্ষুধার্ত্তাঃ ।
প্রিয়ং প্রিয়েব ব্যুষিতং বিষণ্ণা
মনোঽরবিন্দাক্ষ দিদৃক্ষতে ত্বাম্ ॥২৬

মমোত্তমঃশ্লোকজনেষু সখ্যং
সংসারচক্রে ভ্রমতঃ স্বকর্ম্মভিঃ ।
ত্বন্মায়য়াত্মাত্মজদারগেহে-
ষ্বাসক্তচিত্তস্য ন নাথ ভূয়াৎ ॥২৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে একাদশোঽধ্যায়ঃ ॥১১

হে সমঞ্জস নিখিলসৌভাগ্যনিধে! ত্বা ত্বাং বিরহয্য ত্যক্ত্বা, ন নাকপৃষ্ঠং (নাকঃ স্বর্গঃ তস্য পৃষ্ঠম্ ঐন্দ্রাসনম্) ন পারমেষ্ঠ্যং (পরমেষ্ঠী ব্রহ্মা তস্যেদং ব্রহ্মলোকং), ন সার্ব্বভৌমং (সর্ব্বভূমেঃ ঈশ্বরস্য), ন রসাধিপত্যম্ (ভূমেরধঃ সর্ব্বলোকাধিপত্যং), ন যোগসিদ্ধীঃ (বৈদিকং তান্ত্রিকং অদৃষ্টম্) অপুনর্ভবং মুক্তিং বা অহং ন কাঙ্ক্ষে ন প্রার্থয়ে ॥২৫

অজাতপক্ষাঃ খগাঃ যথা মাতরং দ্রষ্টুম্ ইচ্ছন্তি; ক্ষুধার্ত্তা বৎসতরাঃ যথা স্তন্যং প্রার্থয়ন্তে; ব্যুষিতং দূরদেশগতং প্রিয়ং দ্রষ্টুং বিষণ্ণা প্রিয়া যথা ইচ্ছতি, হে অরবিন্দাক্ষ! মে মম মনঃ তথা ত্বাং দিদৃক্ষতে দ্রষ্টুম্ ইচ্ছতি ॥২৬

স্বকর্ম্মভিঃ সংসারচক্রে ভ্রমতঃ মম উত্তমঃশ্লোকজনেষু (উত্তমঃশ্লোকস্য তব জনেষু ভক্তেষু) সখ্যং ভূয়াৎ! তথা হে নাথ! স্বামিন্! ত্বন্মায়য়া মোহেন আত্মাদিষু (আত্মা দেহঃ আত্মজাঃ পুত্রাঃ, দারাঃ স্ত্রী, গেহং গৃহং তেষু) আসক্তচিত্তস্য সংখ্যং সঙ্গঃ ন ভূয়াৎ ॥২৭

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীযোগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতায়াং একাদশোঽধ্যায়ঃ ॥

করে এবং দেহ যেন আপনার সেবাকার্য্যেই নিযুক্ত থাকে।২৪

হে ভগবান্! আপনি সকল সৌভাগ্যের আধার বলিয়া আমি আপনার সম্পর্কশূন্য অর্থাৎ আপনাকে ত্যাগ করিয়া ধ্রুবলোক, ব্রহ্মলোক, সার্ব্বভৌম পদ, রসাতলের আধিপত্য, যোগসিদ্ধি, এমন কি সাক্ষাৎ মুক্তিপদও কামনা করি না।২৫

হে কমললোচন! যাহাদের পক্ষ উদ্গত হয় নাই, সেই সকল পক্ষিশাবক ক্ষুধার্ত হইলে মাতার দর্শনের জন্য, রজ্জুবদ্ধ গো-বৎস দুগ্ধপানের জন্য এবং প্রোষিতভর্তৃকা কামসন্তপ্তা প্রিয়তমা প্রবাসস্থিত প্রিয়তমের জন্য যেরূপ আকুল হয়, আমার মনও সেরূপ আকুলভাবে আপনাকে দেখিতে ইচ্ছা করিতেছে।২৬

হে প্রভো! আপনার মায়াবশতঃ আমি বিষয়াসক্ত হইয়া নিজ কর্মানুসারে সংসারচক্রে পরিভ্রমণ করিতেছি। এ অবস্থায় উদারকীর্ত্তি আপনার ভক্তগণের প্রতিই যেন আমার সখ্য অর্থাৎ অনুরাগ জন্মে, দেহ, পুত্র, স্ত্রী ও গৃহের প্রতি যেন আসক্তির উদয় না হয়।২৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
একাদশ অধ্যায় সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ

[বৃত্রেণ সহ ইন্দ্রস্য যুদ্ধম্, বৃত্রস্য বধশ্চ।]

ঋষিরুবাচ।

এবং জিহাসুর্নৃপ দেহমাজৌ
মৃত্যুং বরং বিজয়াশ্মন্যমানঃ।
শূলং প্রগৃহ্যাভ্যপতৎ সুরেন্দ্রং
যথা মহাপুরুষং কৈটভোঽপ্সু ॥১

ততো যুগান্তাগ্নিকঠোরজিহ্ব-
মাবিধ্য শূলং তরসাসুরেন্দ্রঃ।
ক্ষিপ্ত্বা মহেন্দ্রায় বিনদ্য বীরো
হতোঽসি পাপেতি রুষা জগাদ ॥২

অথ আপতৎ তদ্ বিচলদ্গ্রহোল্কব-
নিরীক্ষ্য দুষ্প্রেক্ষ্যমজাতবিরুবঃ।
বজ্রেণ বজ্রী শতপর্ব্বণাচ্ছিনদ্
ভুজঞ্চ তস্যোরগরাজভোগম্ ॥৩

ছিন্নৈকবাহুঃ পরিঘেণ বৃত্রঃ
সংরব্ধ আসাদ্য গৃহীতবজ্রম্।
হনৌ ততাড়েন্দ্রমবামরেভং
বজ্রঞ্চ হস্তান্ন্যপতন্মঘোনঃ ॥৪

অন্বয়ঃ

ঋষিঃ শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! অপত্রপ প্রলয়োদকে, মহাপুরুষং বিষ্ণুং কৈটভঃ তদাখ্যঃ দৈত্যঃ যথা অভ্যপতৎ তদ্বৎ বিজয়াৎ মৃত্যুং বরং শ্রেষ্ঠং মন্যমানঃ বৃত্রঃ আজৌ সমরে এবং দেহং জিহাসুঃ ত্যক্তুম্ ইচ্ছুঃ সন্ বরং শূলং প্রগৃহ্য সুরেন্দ্রং বাসবম্ অভ্যপতৎ ॥১

ততঃ ধীরঃ অসুরেন্দ্রঃ বৃত্রঃ যুগান্তাগ্নি-কঠোর-জিহ্বং (যুগান্তাগ্নিবৎ কঠোরা জিহ্বা শিখা যস্য তৎ) শূলম্ আবিধ্য ভ্রাময়িত্বা মহেন্দ্রায় তরসা বেগেন ক্ষিপ্ত্বা বিনদ্য হে পাপ! ত্বং ময়া হতঃ অসি ইতি রুষা জগাদ ॥২

অথ আকাশে আপতৎ আগচ্ছৎ তথা বিচলদ্গ্রহোল্কবৎ (বিচলৎ বিভ্রৎ গ্রহশ্চ উল্কা চ গ্রহোল্কে তদ্বৎ) দুষ্প্রেক্ষ্যং দুঃখেন প্রেক্ষিতুং শক্যং শূলং নিরীক্ষ্য অজাতবিরুবঃ জাতশূন্যঃ এব বজ্রী ইন্দ্রঃ শতপর্ব্বণা (শতং পর্ব্বাণি যস্য তেন) বজ্রেণ তৎশূলম্ অচ্ছিনৎ তথা উরগরাজভোগম্ (উরগরাজঃ বাসুকিঃ তস্য ভোগঃ দেহঃ তদাকারং) তস্য বৃত্রস্য ভুজম্ অচ্ছিনৎ ॥৩

ছিন্নৈকবাহুঃ (ছিন্নঃ একঃ বাহুঃ যস্য সঃ) বৃত্রঃ সংরব্ধঃ কুপিতঃ সন্ গৃহীতবজ্রম্ (গৃহীতঃ বজ্রঃ যেন সঃ তম্) ইন্দ্রম্ আসাদ্য প্রাপ্য পরিঘেণ লৌহদণ্ডবিশেষেণ হনৌ কপোলপ্রান্তে

দ্বাদশ অধ্যায়

[বৃত্রের সহিত ইন্দ্রের যুদ্ধ এবং বৃত্রের বধ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর বৃত্রাসুর যুদ্ধে জয়লাভ করা অপেক্ষা মরণকেই শ্রেষ্ঠ মনে করিয়া সংগ্রামক্ষেত্রে দেহত্যাগ করিতেই ইচ্ছুক হইয়াছিল এবং প্রলয় সমুদ্রজলে কৈটভ দৈত্য যেরূপ ভগবান্ বিষ্ণুর অভিমুখে ধাবিত হইয়াছিল তদ্রূপ বৃত্রাসুরও ত্রিশূল উদ্যত করিয়া ইন্দ্রের অভিমুখে ধাবিত হইল।১

অতঃপর অসুরশ্রেষ্ঠ মহাবীর বৃত্র প্রলয়কালীন অগ্নির ন্যায় প্রচণ্ড-অগ্রভাগযুক্ত ত্রিশূলটিকে বেগে ঘূর্ণিত করিয়া সিংহনাদ সহকারে ইন্দ্রের প্রতি নিক্ষেপপূর্বক ক্রোধভরে—'হে পাপিষ্ঠ! তুমি হত হইয়াছ' এরূপ বলিয়াছিল।২

বজ্রধারী ইন্দ্র আকাশমার্গে কক্ষচ্যুত গ্রহ ও উল্কার ন্যায় দ্রুতবেগে আগত সেই দুর্দর্শ ত্রিশূলটিকে দর্শন করিয়াও অকাতরচিত্তে শতগ্রন্থি-বিশিষ্ট বজ্র-দ্বারা সেই ত্রিশূলটি এবং বাসুকির দেহের ন্যায় স্থূল ও বিশাল বৃত্রাসুরের বাহুটি ছেদন করিয়াছিলেন।৩

এইরূপে একটি বাহু ছিন্ন হইলে বৃত্রাসুর ক্রোধভরে বজ্রধারী ইন্দ্রের নিকটে আসিয়া পরিঘ (লৌহময় অস্ত্রবিশেষ) দ্বারা তাঁহার গণ্ডপ্রান্তে

বৃত্রস্য কর্ম্মাতিমহাদ্ভুতং তৎ
সুরাসুরাশ্চারণসিদ্ধসঙ্ঘাঃ।
অপূজয়ংস্তৎ পুরুহূতসঙ্কটং
নিরীক্ষ্য হাহেতি বিচুক্রুশুর্ভৃশম্ ॥৫
ইন্দ্রো ন বজ্রং জগৃহে বিলজ্জিত-
শ্চ্যুতং স্বহস্তাদরিসন্নিধৌ পুনঃ।
তমাহ বৃত্রো হর আত্তবজ্রো
জহি স্বশত্রুং ন বিষাদকালঃ ॥৬

যুযুৎসতাং কুত্রচিদাততায়িনাং
জয়ঃ সদৈকত্র ন বৈ পরাত্মনাম্।
বিনৈকমুৎপত্তিলয়স্থিতীশ্বরং
সর্ব্বজ্ঞমাদ্যং পুরুষং সনাতনম্ ॥৭
লোকাঃ সপালা যস্যেমে শ্বসন্তি বিবশা বশে।
দ্বিজা ইব সিচা বদ্ধাঃ স কাল ইহ কারণম্ ॥৮

ততাড়। অথ অনন্তরম্ অমরেভম্ ঐরাবতং চ ততাড় তথা মঘোনঃ ইন্দ্রস্য হস্তাৎ বজ্রং চ স্খলতৎ ॥৪

তৎ অতিমহাদ্ভুতং বৃত্রস্য কর্ম সুরাদয়ঃ সর্বে অপূজয়ন্ সংকৃতবন্তঃ। তৎ পুরুহূতসঙ্কটং (পুরুহূতস্য ইন্দ্রস্য সঙ্কটং নিরীক্ষ্য) সুরাদয়ঃ হাহা ইতি শব্দং কৃত্বা ভৃশং চুক্রুশুঃ ॥৫

অরিসন্নিধৌ স্বহস্তাৎ চ্যুতং বজ্রম্ ইন্দ্রঃ বিলজ্জিতঃ এব পুনঃ ন জগৃহে; অতঃ বৃত্রঃ তম্ আহ, হে হরে ইন্দ্র! আত্তবজ্রঃ সন্ ত্বং স্বশত্রুং মাং জহি। অয়ং হি ন বিষাদস্য কালঃ ॥৬

উৎপত্তি-লয়-স্থিতীশ্বরম্ (জগতঃ উৎপত্তৌ, লয়ে উপসংহারে, স্থিতৌ পালনে চ যঃ ঈশ্বরঃ তম্) একম্ অদ্বয়ং সর্বজ্ঞং, সনাতনং, নিত্যং পুরুষং বিনা যুযুৎসতাং যোদ্ধুমিচ্ছতাম্ আততায়িনাং গৃহীত-শস্ত্রাণাং, পরাত্মনাং পরমেশ্বরাধীন-দেহানাম্ একত্র স্বপক্ষে এব সদা জয়ঃ ইতি নিয়মঃ বৈ ন; কুত্রচিৎ জয়ঃ কুত্রচিৎ পরাজয়ঃ অপি ভবেৎ ॥৭

ইমে চতুর্দশ সংখ্যকাঃ সপালাঃ লোকপালসহিতাঃ লোকাঃ যস্য বশে স্থিতাঃ বিবশাঃ সন্তঃ সিচা জালেন বদ্ধাঃ দ্বিজাঃ পক্ষিণঃ ইব যথা শ্বসন্তি চেষ্টন্তে, তথা সঃ কালঃ (কলয়তি ইতি কালঃ) ভগবান্ এব ইহ জয়ে পরাজয়ে চ কারণম্ ॥৮

আঘাত করিয়া পশ্চাৎ ঐরাবতকেও আঘাত করিয়াছিল এবং তাহাতে ইন্দ্রের হস্ত হইতে বজ্রটি স্খলিত হইয়া ভূতলে পতিত হইল ।৪

তৎকালে বৃত্রাসুরের সেই অতিবিচিত্র কর্ম দর্শন করিয়া দেবতা, অসুর, চারণ ও সিদ্ধগণ সমস্বরে প্রশংসা করিলেন এবং দেবরাজ ইন্দ্রের সেই মহাসঙ্কট দেখিয়া উচ্চকণ্ঠে অতিশয় হাহাকার করিয়াছিলেন ।৫

হস্ত হইতে বজ্র বিচ্যুত হওয়ায় দেবরাজ অত্যন্ত লজ্জিত হইয়াছিলেন এবং সেইহেতু শত্রুর সম্মুখে আর উহা গ্রহণ করিলেন না। তখন বৃত্রাসুরই তাঁহাকে সম্বোধন করিয়া বলিল—হে ইন্দ্র! তুমি বজ্র ধারণ করিয়া নিজ শত্রু সংহার কর, এ সময়ে বিষাদ প্রকাশ করা সঙ্গত নহে ।৬

হে ইন্দ্র! একমাত্র জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের অধীশ্বর, সর্বজ্ঞ, নিত্য, অনাদি পুরুষ ব্যতীত, যাঁহাদের দেহ পরাধীন এরূপ কোন যুদ্ধাভিলাষী অস্ত্রধারী ব্যক্তিরই সর্বদা জয়লাভ হয় না, পরন্তু কখনও জয়, কখনও বা পরাজয় ঘটিয়াই থাকে ।৭

হে দেবরাজ! লোকপালকগণের সহিত এই লোকসমুদয় যাঁহার ইচ্ছার বশীভূত থাকিয়া জালে আবদ্ধ পক্ষিগণের ন্যায় স্বয়ং অবশভাবেই নিজ নিজ কার্যে নিযুক্ত রহিয়াছে, কালরূপী সেই ভগবান্‌ই সর্বত্র জয় পরাজয়ের কারণ ।৮

ওজঃ সহো বলং প্রাণমমৃতং মৃত্যুমেব চ।
তমজ্ঞায় জনো হেতুমাত্মানং মন্যতে জড়ম্ ॥৯
যথা দারুময়ী নারী যথা পত্রময়ো মৃগঃ।
এবমুতানি মঘবন্নীশতন্ত্রাণি বিদ্ধি ভোঃ ॥১০
পুরুষঃ প্রকৃতির্ব্যক্তমাত্মা ভূতেন্দ্রিয়াশয়াঃ।
শক্নুবন্ত্যস্য সর্গাদৌ ন বিনা যদনুগ্রহাৎ ॥১১

অবিদ্বানেবমাত্মানং মন্যতেঽনীশমীশ্বরম্।
ভূতৈঃ সৃজতি ভূতানি গ্রসতে তানি তৈঃ স্বয়ম্ ॥১২
আয়ুঃ শ্রীঃ কীর্তিরৈশ্বর্য্যমাশিষঃ পুরুষস্য যাঃ।
ভবন্ত্যেব হি তৎকালে যথানিচ্ছোর্বিপর্য্যয়াঃ ॥১৩
তস্মাদকীর্তিলশসোর্জয়াপজয়য়োরপি।
সমঃ স্যাৎ সুখ-দুঃখাভ্যাং মৃত্যুজীবিতয়োস্তথা ॥১৪

ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ। সহঃ মানসী শক্তিঃ। বলং শরীর-শক্তিঃ। প্রাণম্ অমৃতং মৃত্যুম্ এব তত্তৎ রূপং তং কালম্ এব হেতুম্ অজ্ঞায় অবিজ্ঞায় জনঃ মোহাৎ জড়ম্ অস্বতন্ত্রম্ আত্মানং দেহম্ এব হেতুং মন্যতে ॥৯

ভোঃ মঘবন্ ইন্দ্র! যথা দারুময়ী নারী, যথা পত্রময়ঃ মৃগঃ স্বয়ং পরতন্ত্রম্, এবং সর্ব্বাণি ভূতানি ঈশতন্ত্রাণি ইতি বিদ্ধি জানীহি ॥১০

পুরুষঃ, প্রকৃতিঃ প্রধানং, ব্যক্তং মহত্তত্ত্বম্, আত্মা অহঙ্কারঃ, ভূতানি আকাশাদীনি, ইন্দ্রিয়াণি চক্ষুরাদীনি, আশয়াঃ মনোবুদ্ধিশ্চিত্তং চ এতে যস্য অনুগ্রহং বিনা অস্য বিশ্বস্য সর্গাদৌ ন শক্নুবন্তি সমর্থাঃ ভবন্তি ॥১১

এবম্ ঈশ্বরং স্বতন্ত্রং সর্ব্বনিয়ন্তারম্ অবিদ্বান্ অজানন্ অনীশং পরাধীনম্, অতঃ অসমর্থম্ আত্মানং জীবম্ এব ঈশ্বরং স্বতন্ত্রং মন্যতে। পিত্রাদিরূপৈঃ ভূতৈঃ স্বয়ং ভগবান্ এব ভূতানি সৃজতি, তথা তৈঃ এব তানি গ্রসতে ॥১২

পুরুষস্য আয়ুঃ শ্রীঃ কীর্তিঃ ঐশ্বর্য্যং তথা আশিষঃ চ হি যস্মাৎ তৎকালে আয়ুরাদ্যুচিতে কালে ভগবতঃ এব ভবন্তি, যথা অনিচ্ছোঃ অপি বিপর্য্যয়াঃ অপকীর্ত্ত্যাদয়ঃ, যথা প্রযত্নং বিনা এব ভবন্তি ॥১৩

তস্মাৎ অকীর্ত্তিযশসোঃ জয়াপজয়য়োঃ সুখদুঃখাভ্যাং সুখদুঃখয়োঃ, তথা জীবিতয়োঃ চ সমঃ হর্ষবিষাদহীনঃ স্যাৎ ॥১৪

কালরূপী সেই ভগবান্‌ই জীবগণের মানস শক্তি, দৈহিক শক্তি, প্রাণ, অমৃত ও মৃত্যুস্বরূপ। আশ্চর্য্যের বিষয় এই যে, জীব তাঁহাকে জয়-পরাজয়ের কারণরূপে না জানিয়া জড় দেহকেই উহার কারণ মনে করে।৯

হে ইন্দ্র! কাষ্ঠনির্ম্মিত কোন নারীমূর্ত্তি অথবা পত্রনির্ম্মিত কোন মৃগদেহ যেরূপ মানুষের পরিচালনায়ই ইতঃস্তত চালিত হয়, সেরূপ জগতের সকল প্রাণিবর্গকেই কালরূপী ভগবানের অধীন বলিয়া জানিবে।১০

সেই পরমেশ্বরের অনুগ্রহ অর্থাৎ প্রেরণা ব্যতীত জীব, প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, পঞ্চভূত, ইন্দ্রিয়বর্গ ও অন্তঃকরণ ইহারা এ জগতের সৃষ্টি প্রভৃতি কার্য্যে সমর্থ হয় না।১১

জীব ঈশ্বরেরই অধীন, পরন্তু মীমাংসক প্রভৃতি মতবাদিগণ ইহা না জানিয়া জীবকেই সৃষ্টি প্রভৃতি কার্য্যের স্বতন্ত্র কারণ মনে করেন। বস্তুতঃ ঈশ্বরই স্বয়ং পিতা প্রভৃতির দ্বারা পুত্র প্রভৃতির সৃষ্টি করেন, আবার তিনিই ব্যাঘ্রাদির দ্বারা সেই সৃষ্ট প্রাণিগণের সংহার করিয়া থাকেন।১২

পুরুষের অনিচ্ছা সত্ত্বেও যেরূপ যথাকালে আয়ুঃ, সৌন্দর্য্য, কীর্ত্তি, ঐশ্বর্য্য ও অন্যান্য কাম্য বিষয়সমূহের অভাব ঘটিয়া থাকে, সেরূপ তাহার অনিচ্ছাসত্ত্বেও যথাকালে ঐ সকল বস্তুর প্রাপ্তি অবশ্যম্ভাবী।১৩

এইরূপে সকলই ঈশ্বরের অধীন বলিয়া কীর্ত্তি-অকীর্ত্তি, জয়-পরাজয়, সুখ-দুঃখ ও জীবন-মরণ সকল অবস্থায়ই হর্ষবিষাদশূন্য হইয়া সমভাবে অবস্থান করিবে।১৪

সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতের্নাত্মনো গুণাঃ।
তত্র সাক্ষিণমাত্মানং যো বেদ ন স বধ্যতে ॥১৫
পশ্য মাং নির্জ্জিতং শত্রু বৃক্ষাদ্যুধভুজং মৃধে।
ঘটমানং যথাশক্তি তব প্রাণজিহীর্ষয়া ॥১৬
প্রাণগ্রহোঽয়ং সমর ঈক্ষকো বাহনাসনঃ।
অত্র ন জ্ঞায়তেঽমুষ্য জয়োঽমুষ্য পরাজয়ঃ ॥১৭

শ্রীশুক উবাচ।
ইন্দ্রো বৃত্রবচঃ শ্রুত্বা গতালীকমপূজয়ৎ।
গৃহীতবজ্রঃ প্রহসংস্তমাহ গতবিস্ময়ঃ ॥১৮
ইন্দ্র উবাচ।
অহো দানব সিদ্ধোঽসি যস্য তে মতিরীদৃশী।
ভক্তঃ সর্ব্বাত্মনাত্মানং সুহৃদং জগদীশ্বরম্ ॥১৯
ভবানতার্ষীন্মায়াং বৈ বৈষ্ণবীং জনমোহিনীম্।
যদ্ বিহায়াসুরং ভাবং মহাপুরুষতাং গতঃ ॥২০

সত্ত্বং, রজঃ, তমঃ, ইতি গুণাঃ প্রকৃতেঃ এব ন আত্মনঃ জীবস্য, তত্র কার্য্যকারণাত্মকে দেহে স্থিতম্ আত্মানং যঃ সাক্ষিণম্ অধ্যায়রহিতং সাক্ষিমাত্রং বেদ জানাতি, সঃ ন (বিষাদাদিভিঃ) বধ্যতে ন লিপ্যতে ॥১৫

হে শত্রু! বৃক্ষায়ুধভুজম্ (বৃক্ষঃ ছিন্নম্ আয়ুধং ভুজঃ চ যস্য তম্) অতএব ত্বয়া নির্জ্জিতং তথাপি তব প্রাণজিহীর্ষয়া যথা শক্তি মৃধে যুদ্ধে ঘটমানং চেষ্টমানং মাং পশ্য ॥১৬

অয়ং সমরঃ সমরলক্ষণদ্যূতঃ প্রাণগ্রহঃ (প্রাণাঃ এব গ্রহঃ পণঃ যস্মিন্ সঃ) ঈক্ষকঃ (ঈষবঃ এব অক্ষাঃ যস্মিন্ সঃ) বাহনাসনঃ (বাহনানি হস্ত্যাদীনি এব তথা চাল্যমানানি আসনানি ফলকাঃ যস্মিন্ সঃ) অত্র সমরে অপি (অক্ষপতনাধীন-জয়-পরাজয়বোধিব) অমুষ্য জয়ঃ অমুষ্য পরাজয়ঃ ইতি পূর্ব্বং ন জ্ঞায়তে ॥১৭

শ্রীশুকঃ উবাচ,—গতালীকং নিষ্কপটং বৃত্রবচঃ শ্রুত্বা তং বৃত্রম্ অপূজয়ৎ সংকৃতবান্, তথা গতবিস্ময়ঃ লব্ধবিবেকঃ অতঃ গৃহীতবজ্রঃ ইন্দ্রঃ প্রহসন্ তং বৃত্রম্ আহ ॥১৮

ইন্দ্রঃ উবাচ। অহো হে দানব! ত্বং সিদ্ধঃ কৃতার্থঃ অসি। যস্য তে তব ঈদৃশা বিবেকধৈর্য্যভক্ত্যাদি যুক্তা মতিঃ অস্তি। যতঃ জগতাং সুহৃদং মিত্রম্ ঈশ্বরং সর্বনিয়ন্তারং জগদ্বন্ধুং সর্বাত্মনা অনন্যভাবেন ত্বং ভক্তঃ সেবিতবান্ অসি ॥১৯

ভবান্ বৈ নিশ্চয়ে জনমোহিনীং বৈষ্ণবীং মায়াম্ অতার্ষীৎ, যৎ যস্মাৎ আসুরং ভাবং ক্রৌর্য্য-মৌঢ্যাদিকং বিহায় মহাপুরুষতাং জ্ঞানবৈরাগ্যভক্ত্যাদিতত্ত্বলক্ষণং গতঃ প্রাপ্তঃ ॥২০

সত্ত্ব, রজঃ ও তমঃ—এই তিনটি পদার্থ প্রকৃতিরই গুণ, আত্মার নহে। যে ব্যক্তি আত্মা অর্থাৎ জীবকে উক্ত গুণত্রয়ের সাক্ষী বলিয়া অবগত হন, তিনি হর্ষাদি দ্বারা বদ্ধ হন না।১৫

হে ইন্দ্রে! তুমি আমার দিকেই দৃষ্টিপাত করিয়া দেখ—আমি যুদ্ধে তোমা কর্তৃক পরাভূত হইয়াছি, অধিকন্তু আমার অস্ত্র ও একটি বাহু ছিন্ন হইয়াছে, এ অবস্থায়ও আমি তোমার প্রাণসংহারের ইচ্ছায় যথাশক্তি চেষ্টা করিতেছি।১৬

এই যে যুদ্ধ ইহা অবিকল দ্যূতক্রীড়ার তুল্য; যোদ্ধা ও প্রতিযোদ্ধার প্রাণ অর্থাৎ জীবনই ইহার পণ, বাণাদি অস্ত্রসমূহই পাশা এবং হস্তী প্রভৃতি বাহনসমূহই ইতস্ততঃ চালিত ফলকস্বরূপ। এই যুদ্ধরূপ দ্যূতক্রীড়ায় অমুকের জয় হইবে অমুকের পরাজয় হইবে—ইহা পূর্বে কেহই জানিতে পারে না।১৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেবরাজ ইন্দ্র বৃত্রাসুরের পূর্বোক্ত নিষ্কপট বাক্য শ্রবণ করিয়া উহার প্রশংসা করিলেন এবং বিস্ময়শূন্যচিত্তে বজ্র ধারণপূর্বক হাসিতে হাসিতেই তাহাকে এরূপ বলিয়াছিলেন।১৮

ইন্দ্র বলিলেন হে দানব! যে তোমার এরূপ সুমতির উদয় হইয়াছে, সেই তুমি নিশ্চয়ই সিদ্ধিলাভ করিয়াছ। তুমি জগতের ঈশ্বর ও সুহৃদ্ পরমাত্মাকে সর্বান্তঃকরণে ভজন করিয়াছ।১৯

যেহেতু তুমি অসুরভাব পরিত্যাগপূর্বক মহাপুরুষগণের স্বভাব প্রাপ্ত হইয়াছ, অতএব তুমি

খল্বিদং মহদাশ্চর্য্যং যদ্রজঃপ্রকৃতেস্তব।
বাসুদেবে ভগবতি সত্ত্বাত্মনি দৃঢ়া মতিঃ ॥২১
যস্য ভক্তির্ভগবতি হরৌ নিঃশ্রেয়সেশ্বরে।
বিক্রীড়িতোঽমৃতাম্ভোধৌ কিং ক্ষুদ্রৈঃ খাতকোদকৈঃ ॥২২

শ্রীশুক উবাচ।
ইতি ব্রুবাণাবন্যোন্যং ধর্ম্মজিজ্ঞাসয়া নৃপ।
যুযুধাতে মহাবীর্য্যাবিন্দ্রবৃত্রৌ যুধাং পতী ॥২৩

আবিধ্য পরিঘং বৃত্রঃ কাঞ্চনাঙ্গদভূষিতম্।
ইন্দ্রায় প্রাহিণোদ্ ঘোরং বামহস্তেন মারিষ ॥২৪

স তু বৃত্রস্য পরিঘং করঞ্চ পরিঘোপমম্।
চিচ্ছেদ যুগপদ্দেবো বজ্রেণ শতপর্ব্বণা ॥২৫

দোর্ভ্যা-মুৎকৃত্তমূলাভ্যাং বভৌ রক্তস্রবোঽসুরঃ।
ছিন্নপক্ষো যথা গোত্রঃ খাদ্ভ্রষ্টো বজ্রিণা হতঃ ॥২৬

ইদং খলু মহৎ আশ্চর্য্যং যৎ যস্মাৎ প্রকৃতেঃ তব ভগবতি সত্ত্বাত্মনি বাসুদেবে দৃঢ়া মতিঃ জাতা ॥২১

নিঃশ্রেয়সেশ্বরে (নিঃশ্রেয়সং মোক্ষঃ তস্য ঈশ্বরে দাতরি) ভগবতি হরৌ ভক্তিঃ ভবতি; অমৃতাম্ভোধৌ বিক্রীড়িতঃ ভবন্ যথা ক্ষুদ্রৈঃ খাতকোদকৈঃ গর্ত্তজলৈঃ ন কিঞ্চিৎ প্রয়োজনবদ্ তথা তবাপি স্বর্গাদিভোগাপেক্ষা নাস্তি ॥২২

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! ইতি ধর্ম্মজিজ্ঞাসয়া ব্রুবাণৌ মহাবীর্য্যৌ যুধাংপতী (যুধাং যুদ্ধায় ইতি—যুধঃ যোদ্ধারঃ তেষাং পতী মুখ্যৌ) ইন্দ্রবৃত্রৌ অন্যোন্যং পরস্পরং যুযুধাতে ॥২৩

হে মারিষ! হে আর্য্য! অরিন্দমঃ শত্রুঃ কাঞ্চনাঙ্গদং লৌহনির্ম্মিতং ঘোরং পরিঘম্ আবিধ্য ভ্রাময়িত্বা বামহস্তেন ইন্দ্রায় প্রাহিণোৎ ॥২৪

সঃ তু দেবঃ ইন্দ্রঃ শতপর্ব্বণা বজ্রেণ বৃত্রস্য পরিঘং তথা পরিঘোপমং করং চ যুগপৎ একদৈব চিচ্ছেদ ॥২৫

উৎকৃত্তমূলাভ্যাম্ (উৎকৃত্তং মূলং যয়োঃ তাভ্যাং) দোর্ভ্যাং মূলাভ্যাং রক্তস্রাবঃ রক্তং রুধিরং স্রবতীতি তথা ভূতঃ অসুরঃ বৃত্রঃ বজ্রিণা হতঃ, ছিন্নপক্ষঃ যাং অঞ্চ্যুচ্চপ্রদেশাৎ ভ্রষ্টঃ পতিতঃ গোত্রঃ পর্ব্বতঃ যথা তথা বভৌ বিরেজে ॥২৬

নিশ্চয়ই লোকমোহিনী বিষ্ণুমায়াকে অতিক্রম করিয়াছ।২০

ইহা অত্যন্ত আশ্চর্য্যের বিষয় যে—তুমি রাজসস্বভাব হইলেও সত্ত্বগুণময় ভগবান্ বাসুদেবের প্রতি তোমার মতি দৃঢ়তর হইয়াছে।২১

মুক্তির অধীশ্বর ভগবান্ শ্রীহরির প্রতি যাহার ভক্তি জন্মিয়াছে, সুধাসমুদ্রে বিহাররত সেই তোমার পক্ষে অল্পপরিসর গর্ত্তাদির জলসদৃশ ক্ষুদ্র স্বর্গাদি সুখের প্রয়োজন কি?২২

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! যুদ্ধনিপুণ মহাবলশালী ইন্দ্র ও বৃত্রাসুর ধর্ম্মতত্ত্ব জানিবার ইচ্ছায় পরস্পর এরূপ বাক্যালাপ করিতে করিতে সংগ্রামে রত হইয়াছিলেন।২৩

হে মহামান্য মহারাজ! অনন্তর শত্রুদমনকারী বৃত্রাসুর বামহস্তে লৌহময় একটি ভয়ঙ্কর পরিঘ অস্ত্র ঘূর্ণিত করিয়া ইন্দ্রের প্রতি নিক্ষেপ করিয়াছিল।২৪

পরন্তু দেবরাজ ইন্দ্র শতগ্রন্থিবিশিষ্ট বজ্রদ্বারা বৃত্রাসুরের সেই পরিঘ অস্ত্র এবং পরিঘতুল্য বামবাহু এককালেই ছেদন করিয়াছিলেন।২৫

তৎকালে দুই বাহুর ছিন্ন মূলদেশ হইতে রক্তধারা ক্ষরিত হইতেছিল বলিয়া বৃত্রাসুর ইন্দ্রকর্ত্তৃক আহত ও আকাশ হইতে পতিত ছিন্নপক্ষ পর্ব্বতের ন্যায় শোভা পাইতেছিল।২৬

কৃত্বাধরাং হনুং ভূমৌ দৈত্যো দিব্যুত্তরাং হনুম্।
নভোগম্ভীরবক্ত্রেণ লেলিহোল্বণজিহ্বয়া ॥২৭
দংষ্ট্রাভিঃ কালকল্পাভির্গ্রসিষ্যন্নিব জগত্ত্রয়ম্।
অতিমাত্রমহাকায় আক্ষিপংস্তরসা গিরীন্ ॥২৮
গিরিরাট্ পাদচারীব পদ্ভ্যাং নির্জরয়ন্মহীম্।
জগ্রাস স সমাসাদ্য বজ্রিণং সহবাহনম্ ॥২৯
মহাপ্রাণো মহাবীর্য্যো মহাসর্প ইব দ্বিপম্।
বৃত্রগ্রস্তং তমালোক্য সপ্রজাপতয়ঃ সুরাঃ।
হা কষ্টমিতি নির্ব্বিণ্ণাশ্চুক্রুশুঃ সমহর্ষয়ঃ ॥৩০

নিগীর্ণোঽপ্যসুরেন্দ্রেণ ন মমারোদরং গতঃ।
মহাপুরুষসন্নদ্ধো যোগমায়াবলেন চ ॥৩১

ভিত্ত্বা বজ্রেণ তৎকুক্ষিং নিষ্ক্রম্য বলভিদ্ বিভুঃ।
উচ্চকর্ত্ত শিরঃ শত্রোর্গিরিশৃঙ্গমিবৌজসা ॥৩২

বজ্রস্তু তৎকন্ধরমাশুবেগঃ
কৃন্তন্ সমন্তাৎ পরিবর্ত্তমানঃ।
ন্যপাতয়ৎ তাবদহর্গণেন
যো জ্যোতিষাময়নে বার্ত্রহত্যে ॥৩৩

দৈত্যঃ বৃত্রঃ অধরাং হনুং ভূমৌ কৃত্বা, উত্তরাং হনুং দিবি আকাশে কৃত্বা নভোগম্ভীরবক্ত্রেণ (নভোবৎ গম্ভীরেণ বক্ত্রেণ) লেলিহোল্বণজিহ্বয়া (লেলিহঃ সর্পঃ তদ্বৎ উল্বণা-ভয়ঙ্করা জিহ্বা) ॥২৭

কালকল্পাভিঃ মৃত্যুতুল্যাভিঃ চ দংষ্ট্রাভিঃ জগত্ত্রয়ং গ্রসন্ ইব অতিমাত্রঃ অত্যুচ্ছ্রিতঃ মহাকায়ঃ বৃত্রঃ সঃ তরসা বেগেন গিরীন্ আক্ষিপন্ চালয়ন্ ॥২৮

পদ্ভ্যাং মহীং নির্জরয়ন্ সংচূর্ণয়ন্ পাদচারী গিরিরাট্ ইব সবাহনম্ ঐরাবত-সহিতং বজ্রিণম্ ইন্দ্রং সমাসাদ্য ঝটিতি প্রাপ্য জগ্রাস ॥২৯

মহাপ্রাণঃ মহাবলঃ, মহাবীর্য্যঃ মহাপ্রভাবঃ, মহাসর্পঃ অজাগরঃ যথা দ্বিপং হস্তিনং গ্রসেৎ, তথা ইন্দ্রং বৃত্রগ্রস্তম্ (বৃত্রেণ গ্রস্তম্) আলোক্য সপ্রজাপতয়ঃ সমহর্ষয়ঃ সুরাঃ নির্বিণ্ণাঃ বিষণ্ণাঃ সন্তঃ হা কষ্টম্ ইতি উক্ত্বা চুক্রুশুঃ খেদং চক্রুঃ ॥৩০

অসুরেন্দ্রেণ বৃত্রেণ নিগীর্ণঃ গিলিতঃ তথা উদরং গতঃ অপি মহাপুরুষসন্নদ্ধঃ (মহাপুরুষেণ শ্রীনারায়ণকবচরূপেণ সন্নদ্ধঃ সংশিতঃ) ইন্দ্রঃ যেন যোগমায়াবলেন চ ন মমার ॥৩১

ততশ্চ বলভিৎ বিভুঃ ইন্দ্রঃ বজ্রেণ তৎ কুক্ষিং ভিত্ত্বা নিষ্ক্রম্য গিরিশৃঙ্গম্ ইব শত্রোঃ বৃত্রস্য শিরঃ ওজসা বেগেন উচ্চকর্ত্ত চিচ্ছেদ ॥৩২

আশুবেগঃ অতিবেগান্ অপি বজ্রঃ বৃত্রস্য কন্ধরং কন্ধরাং কৃন্তন্ তস্যাঃ সমন্তাৎ সর্ব্বদিক্ষু পরিবর্ত্তমানঃ অপি জ্যোতিষাং সূর্য্যাদীনাম্ অয়নে দক্ষিণোত্তরগতিরূপে সংবৎসরে যঃ

অনন্তর বিশালদেহ বৃত্রাসুর নীচের চোয়াল ভূতলে ও উপরের চোয়াল স্বর্গলোকে সংলগ্ন করিয়া, আকাশের ন্যায় গভীর মুখমণ্ডল, সর্পের ন্যায় উগ্র জিহ্বা এবং সাক্ষাৎ মৃত্যুর ন্যায় ভয়ঙ্কর তীক্ষ্ণ দন্তরাজি দ্বারা ত্রিভুবন গ্রাস করিতে উদ্যত হইয়াই যেন বেগভরে পর্বতসমূহকে চালিত করিয়া পদযুগল দ্বারা ভূমণ্ডল চূর্ণ করিতে করিতে পদচারী পর্বতের ন্যায় নিকটে আসিয়া ঐরাবতসহ ইন্দ্রকে গ্রাস করিয়াছিল।২৭-২৯

মহাবল ও মহাপরাক্রমশালী মহাসর্প যেরূপ হস্তীকে গ্রাস করে, বৃত্রাসুরও সেরূপই ইন্দ্রকে গ্রাস করিয়াছিল। তৎকালে প্রজাপতিগণ ও মহর্ষিগণের সহিত দেবতাগণ সকলেই ইন্দ্রকে বৃত্রাসুর গ্রাস করিয়াছে দেখিয়া বিষণ্ণচিত্তে—"হায় কি কষ্ট" এরূপ আর্তনাদ করিয়াছিলেন।৩০

অসুররাজ বৃত্র ইন্দ্রকে গ্রাস করিলে তিনি তাহার উদরস্থ হইয়াও শ্রীনারায়ণকবচকর্তৃক সর্বতোভাবে রক্ষাহেতু এবং যোগশক্তি ও মায়ার প্রভাবে মৃত্যুমুখে পতিত হন নাই।৩১

পরন্তু মহাপ্রভাবশালী ইন্দ্র বজ্রদ্বারা বৃত্রের উদর বিদীর্ণ করিয়া তথা হইতে নিষ্ক্রান্ত হইয়াই বলপূর্বক পর্বতশৃঙ্গ-সদৃশ শত্রুর মস্তকটি ছেদন করিয়াছিলেন।৩২

ইন্দ্রের বজ্র দ্রুতবেগযুক্ত হইলেও উহা বৃত্রাসুরের

তদা চ খে দুন্দুভয়ো বিনেদু-
গন্ধর্ব্বসিদ্ধাঃ সমহর্ষিসঙ্ঘাঃ।
বার্ত্রঘ্নলিঙ্গৈস্তমভিষ্টুবানা
মন্ত্রৈর্মুদা কুসুমৈরভ্যবর্ষন্ ॥৩৪

বৃত্রস্য দেহাদ্নিষ্ক্রান্তমাত্মজ্যোতিররিন্দম।
পশ্যতাং সর্ব্বদেবানামলোকং সমপদ্যত ॥৩৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২

অন্বয়ঃ ষট্ত্রিংশত্তত্ত্বাত্মকঃ ভাবভাবর্গণেন বার্ত্রঘ্নতা বৃত্রহত্যাযোগ্যে কালে শিবঃ জপান্তরং ॥৩৩

তদা চ খে স্বর্গে দুন্দুভয়ঃ বিনেদুঃ, গন্ধর্ব্বসিদ্ধাঃ সমহর্ষিসঙ্ঘাঃ বার্ত্রঘ্নলিঙ্গৈঃ বৃত্রহন্তুঃ বীর্যপ্রকাশকৈঃ মন্ত্রৈঃ অভিষ্টুবানাঃ অভিষ্টুবন্তঃ। সমহর্ষিসঙ্ঘাঃ গন্ধর্ব্বসিদ্ধাঃ মুদা হর্ষেণ তম্ ইন্দ্রং কুসুমৈঃ অভ্যবর্ষন্ ॥৩৪

হে অরিন্দম! বৃত্রস্য দেহাৎ নিষ্ক্রান্তম্ আত্মজ্যোতিঃ জীবাখ্যং তেজঃ পশ্যতাং সর্ব্বদেবানাম্ অলোকং লোকাতীতং ভগবন্তং সমপদ্যত প্রাপ ॥৩৫

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীধরস্বামিপাদানুগতায়াং দ্বাদশোঽধ্যায়ঃ ॥

হত্যাকার্য্যে তাহার গ্রীবাদেশের চতুর্দ্দিকে ভ্রমণ করিয়া উহা ছেদন করিতে করিতে সূর্য্য প্রভৃতির উত্তরায়ণে ও দক্ষিণায়ণে যত দিন হয়, ততদিনে অর্থাৎ তিনশত ষাট দিনে উহার পতন ঘটাইয়াছিল ।৩৩

(এইরূপে বৃত্রাসুর নিহত হইলে) তৎকালে আকাশে দুন্দুভিসমূহের ধ্বনি উত্থিত হইল এবং মহর্ষিগণের সহিত গন্ধর্ব ও সিদ্ধগণ বৃত্রসংহারকারী ইন্দ্রের বীর্যপ্রকাশক মন্ত্র উচ্চারণ পূর্বক তাঁহার স্তুতি করিতে করিতে হর্ষসহকারে পুষ্প বর্ষণ করিয়াছিলেন ।৩৪

হে শত্রুদমন মহারাজ! তৎকালে বৃত্রাসুরের দেহ হইতে জ্যোতির্ময় আত্মা নির্গত হইয়া দেবতাগণের দৃষ্টির সম্মুখেই লোকাতীত ভগবান্‌কে প্রাপ্ত হইয়াছিল ।৩৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োদশঃ অধ্যায়ঃ

[ব্রহ্মহত্যাভয়াদিন্দ্রস্য পলায়নম্, অশ্বমেধযজ্ঞেন ব্রহ্মহত্যানিবারণঞ্চ।]

শ্রীশুক উবাচ।

বৃত্রে হতে ত্রয়ো লোকা বিনা শক্রেণ ভূরিদ।
সপালা হ্যভবন্ সদ্যো বিজ্বরা নির্বৃতেন্দ্রিয়াঃ ॥১

দেবর্ষি-পিতৃ-ভূতানি দৈত্যা দেবানুগাঃ স্বয়ম্।
প্রতিজগ্মুঃ স্বধিষ্ণ্যানি ব্রহ্মেশেন্দ্রাদয়স্ততঃ ॥২

রাজোবাচ।

ইন্দ্রস্যানির্বৃতের্হেতুং শ্রোতুমিচ্ছামি ভো মুনে।
যেনাসন্ সুখিনো দেবা হরেদুঃখং কুতোঽভবৎ ॥৩

শ্রীশুক উবাচ।

বৃত্রবিক্রমসংবিগ্নাঃ সর্ব্বে দেবাঃ সহর্ষিভিঃ।
তদ্‌বধায়ার্থয়ন্নিন্দ্রং নৈচ্ছদ্ভীতো বৃহদ্‌বধাৎ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে ভূরিদ! রাজন্! বৃত্রে হতে সতি শক্রেণ বিনা (এবং শক্রং বিহায়) সপালাঃ ত্রয়ঃ লোকাঃ হি সদ্যঃ বিজ্বরাঃ সন্তাপরহিতাঃ নির্বৃতেন্দ্রিয়াঃ আনন্দিতমনসঃ চ অভবন্ ॥১

ততঃ দেবর্ষি-পিতৃ-ভূতানি দৈত্যাঃ দেবানুগাঃ দেবানুচরাঃ গন্ধর্বাদয়শ্চ তথা ব্রহ্মা ঈশঃ ইন্দ্রাদয়শ্চ সর্ব্বে ততঃ স্থানাৎ স্বয়ম্ (অনির্বৃতং শক্রম্ অপৃষ্ট্বৈব) স্বধিষ্ণ্যানি প্রতিজগ্মুঃ ॥২

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে মুনে। ইন্দ্রস্য অনির্বৃতেঃ বিষণ্ণভাবস্য হেতুং কারণং শ্রোতুম্ ইচ্ছামি; যেন বৃত্রবধেন দেবাঃ সুখিনঃ আসন্, তেন হরেঃ ইন্দ্রস্য কুতঃ দুঃখম্ অভবৎ ॥৩

শ্রীশুকঃ উবাচ। বৃত্রবিক্রমসংবিগ্নাঃ ঋষিভিঃ সহ সর্ব্বে দেবাঃ তস্য বৃত্রস্য বধায় ইন্দ্রম্ আর্থয়ন্ প্রার্থয়ন্ত। বৃহদ্‌বধাৎ ব্রাহ্মণবধাৎ ভীতঃ ইন্দ্রঃ তু তৎ ন ঐচ্ছৎ ॥৪

ত্রয়োদশ অধ্যায়

[ব্রহ্মহত্যাভয়ে ইন্দ্রের পলায়ন এবং অশ্বমেধযজ্ঞদ্বারা ব্রহ্মহত্যা নিবারণ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহাবদান্য মহারাজ! বৃত্রাসুর নিহত হইলে ইন্দ্রব্যতীত অন্যান্য লোকপালগণের সহিত ত্রিলোকবাসী সকলেরই সন্তাপরাশি সদ্যঃ দূরীভূত হওয়ায় সকলেই চিত্তে আনন্দ অনুভব করিয়াছিলেন।১

অনন্তর দেবতাগণ, ঋষিগণ, পিতৃগণ, ভূতগণ, দৈত্যগণ, দেবানুচরগণ এবং ব্রহ্মা, মহাদেব ও ইন্দ্রপ্রভৃতি সকলেই নিজ নিজ স্থানে প্রস্থান করিলেন, কিন্তু কেহই ইন্দ্রকে কোন কথা জিজ্ঞাসা করেন নাই।২

শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে মুনিবর! ইন্দ্রের দুঃখের কারণ কি তাহা আমি শুনিতে ইচ্ছা করি। বস্তুতঃ যে বৃত্রবধহেতু সকল দেবতাই সুখী হইয়াছিলেন, তাহাতে ইন্দ্রের কেন দুঃখ উপস্থিত হইয়াছিল?৩

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ। বৃত্রাসুরের পরাক্রমে উদ্বিগ্ন হইয়া ঋষিগণ ও দেবতাগণ তাহাকে বধ করিবার জন্য ইন্দ্রের নিকট প্রার্থনা করিলে ইন্দ্র ব্রহ্মহত্যার ভয়ে ভীত হইয়া প্রথমতঃ তদ্‌বিষয়ে ইচ্ছুক হন নাই।৪

ইন্দ্র উবাচ।

স্ত্রীভূদ্রুমমজলৈরেনো বিশ্বরূপবধোদ্ভবম্।
বিভক্তমনুগৃহ্ণদ্ভির্ব্রহত্যাং ক মার্জ্জ্যহম্ ॥৫

শ্রীশুক উবাচ।

ঋষয়স্তদুপাকর্ণ্য মহেন্দ্রমিদমব্রুবন্।
মাভৈরিষ্যাম ভদ্রং তে হয়মেধেন মাস্ব ভৈঃ ॥৬

হয়মেধেন পুরুষং পরমাত্মানমীশ্বরম্।
ইষ্ট্বা নারায়ণং দেবং মোক্ষ্যসেঽপি জগদ্বধাৎ ॥৭

ব্রহ্মহা পিতৃহা গোঘ্নো মাতৃহাচার্য্যহাঘবান্।
শ্বাদঃ পুক্কশকো বাপি শুধ্যেরন্ যস্য কীর্ত্তনাৎ ॥৮

তমশ্বমেধেন মহামখেন
শ্রদ্ধান্বিতোঽস্মাভিরনুষ্ঠিতেন।
হত্বাপি সব্রহ্মচরাচরং ত্বং
ন লিপ্যসে কিং খলনিগ্রহেণ ॥৯

শ্রীশুক উবাচ।

এবং সঞ্চোদিতো বিপ্রৈর্মরুত্বানহনদ্ রিপুম্।
ব্রহ্মহত্যা হতে তস্মিন্নাসসাদ বৃষাকপিম্ ॥১০

ইন্দ্রঃ উবাচ। অনুগৃহ্ণদ্ভিঃ যদি অনুগ্রহং কুর্ব্বদ্ভিঃ স্ত্রীভূদ্রুমজলৈঃ বিশ্বরূপোদ্ভবম্ এনঃ পাপং বিভক্তম্; বৃত্রহত্যাং তজ্জনিতং পাপং পুনঃ ক্ব কুত্র মার্জ্মি প্রোক্ষণাদি ॥৫

শ্রীশুকঃ উবাচ। তৎ ইন্দ্রবচনম্ উপাকর্ণ্য ঋষয়ঃ মহেন্দ্রম্ ইদম্ অব্রুবন্ যথা হে মহেন্দ্র! হয়মেধেন বয়ং তে ত্বাং যাজয়িষ্যাম তথা চ তে ভদ্রং ভবিষ্যতি পাপাৎ বিনির্ম্মুক্তঃ ভবিষ্যসি। মাস্ব ভৈঃ ভয়ং মা কুরু ॥৬

হয়মেধেন পুরুষং পূর্ণং পরমাত্মানম্ ঈশ্বরং সর্ব্বনিয়ন্তারং দেবং নারায়ণম্ ইষ্ট্বা পূজয়িত্বা জগদ্বধাৎ জগদ্বধজনিতাৎ অপি পাপাৎ ত্বং মোক্ষ্যসে ॥৭

ব্রহ্মহাদি-পুক্কশঃ-পর্য্যন্তাঃ মহাপাতকিনঃ জনাঃ যস্য নাম-কীর্ত্তনাৎ শুধ্যেরন্, তং ভগবন্তং বং শ্রদ্ধান্বিতঃ ভূত্বা অস্মাভিঃ অনুষ্ঠিতেন মহামখেন অশ্বমেধেন ইষ্ট্বা সব্রহ্ম চরাচরং (ব্রাহ্মণসহিতং চরাচরং) হত্বাপি তৎপাপে বয়ং ন লিপ্যসে তর্হি খলস্য বৃত্রস্য নিগ্রহেণ বিগ্রহজনিতেন ন লিপ্যসে ইতি কিং বক্তব্যম্ ইতি ॥৮-৯

শ্রীশুকঃ উবাচ। এবং বিপ্রৈঃ সঞ্চোদিতঃ প্রেরিতঃ মরুত্বান্ ইন্দ্রঃ রিপুং বৃত্রম্ অহনৎ; তস্মিন্ বৃত্রে হতে সতি বৃষাকপিম্ ইন্দ্রং ব্রহ্মহত্যা আসসাদ ॥১০

ইন্দ্র বলিয়াছিলেন—আমি পূর্বে বিশ্বরূপকে বধ করায় যে পাপ উৎপন্ন হইয়াছিল, তৎকালে স্ত্রী, ভূমি, বৃক্ষ ও জল অনুগ্রহপূর্বক তাহা ভাগ করিয়া গ্রহণ করিয়াছিল, পরন্তু সম্প্রতি বৃত্রকে বধ করিলে যে পাপ হইবে তাহা কোথায় প্রক্ষালন করিব ?৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ঋষিগণ ইন্দ্রের বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে এরূপ বলিয়াছিলেন—হে দেবরাজ! তুমি ভীত হইও না, আমরা তোমাদ্বারা অশ্বমেধ যজ্ঞ করাইব, তোমার মঙ্গল হউক ।৬

তুমি অশ্বমেধ যজ্ঞদ্বারা জগতের অধীশ্বর, পরমাত্মা, পরমপুরুষ নারায়ণের আরাধনা করিয়া সমগ্র জগতের বধের পাপ হইতেও মুক্তিলাভে সমর্থ হইবে, বৃত্রবধের পাপ হইতে যে মুক্ত হইবে এবিষয়ে আর বক্তব্য কি ?৭

ব্রহ্মঘাতী, পিতৃঘাতী, গোহত্যাকারী, মাতৃঘাতী ও গুরুহত্যাকারী পাপী ব্যক্তি, কুক্কুরমাংসভোজী দুরাচার এবং নীচ জাতি চণ্ডালও যাঁহার নামাদি কীর্ত্তনের প্রভাবে শুদ্ধিলাভ করে, তুমি আমাদিগ-কর্তৃক অনুষ্ঠিত মহাযজ্ঞ অশ্বমেধ দ্বারা শ্রদ্ধাযুক্তচিত্তে সেই ভগবান্ নারায়ণের আরাধনা করিলে ব্রাহ্মণসহ এই চরাচর জগৎ সংহার করিয়াও পাপলিপ্ত হইবে না, সুতরাং দুষ্ট বৃত্রাসুরকে বধ করিলে যে পাপলিপ্ত হইবে না—এ বিষয়ে আর কথা কি ?৮-৯

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ইন্দ্র ব্রাহ্মণগণের এরূপ প্রেরণাবশতই নিজ শত্রু বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন এবং বৃত্র নিহত হইলে ব্রহ্ম-

তয়েন্দ্রঃ স্মাসহৎ তাপং নির্ঋতির্নামুমাবিশৎ।
ব্রীমন্তং বাচ্যতাং প্রাপ্তং সুখয়ন্ত্যপি নো গুণাঃ ॥১১

তাং দদর্শামৃধাবন্তীং চণ্ডালীমিব রূপিণীম্।
জরয়া বেপমানাঙ্গীং যক্ষ্মগ্রস্তামসৃক্পটাম্ ॥১২

বিকীর্য্য পলিতান্ কেশাংস্তিষ্ঠ তিষ্ঠেতি ভাষিণীম্।
মীনগন্ধ্যনুগন্ধেন কুর্ব্বতীং মার্গদূষণম্ ॥১৩

নভো গতো দিশঃ সর্ব্বাঃ সহস্রাক্ষো বিশাম্পতে।
প্রাগুদীচীং দিশং তূর্ণং প্রবিষ্টো নৃপ মানসম্ ॥১৪

স আবসৎ পুষ্করনালতন্তু-
নলব্ধভোগো যদিহাগ্নিদূতঃ।
বর্ষাণি সাহস্রমলক্ষিতোঽন্যৈঃ
সঞ্চিন্তয়ন্ ব্রহ্মবধাদ্ বিমোক্ষম্ ॥১৫

হত্যার পাপ তাঁহাকে আশ্রয় করিয়াছিল।১০

দেবতাপ্রভৃতি সকলে ইন্দ্রদ্বারা বৃত্রবধ করাইলেও ইন্দ্র একাকীই সেই পাপের সন্তাপ ভোগ করিতে লাগিলেন, পরন্তু কোনরূপেই তাঁহার মনে শান্তি আসিতেছিল না। কারণ—লজ্জাশীল ব্যক্তি যে-কোন কারণে নিন্দাভাগী হইলে ধৈর্য্যাদি সদ্‌গুণসমূহও তাহাকে সুখ দান করে না।১১

তিনি দেখিলেন—মূর্তিমতী চণ্ডালীর ন্যায় সেই ব্রহ্মহত্যা ক্ষয়রোগগ্রস্ত দেহে রক্তবস্ত্র পরিধানপূর্বক পক্ক কেশরাশি ইতস্ততঃ বিক্ষিপ্ত করিয়া 'দাঁড়াও, দাঁড়াও' বলিতে বলিতে তাঁহার পশ্চাদ্ধাবন করিতেছে। জরাবশতঃ তাঁহার সর্বাঙ্গ কম্পিত হইতেছে এবং সে মৎস্যের ন্যায় গন্ধযুক্ত নিজ নিঃশ্বাসবায়ুর গন্ধদ্বারা পথকে দূষিত করিতেছে।১২-১৩

হে মহারাজ! ইন্দ্র তৎকালে ভীত হইয়া আকাশমণ্ডল এবং দশ দিক্ পরিভ্রমণ করিয়াছিলেন এবং কুত্রাপি পরিত্রাণ লাভ করিতে না পারিয়া পশ্চাৎ পূর্ব-উত্তর দিকে যাইয়া সত্বর মানস সরোবরে প্রবেশ করিলেন।১৪

তিনি সেখানে পদ্মের মৃণালসূত্রসমূহের মধ্যে অন্যের অলক্ষ্যে সহস্র বৎসর বাস করিয়া কেবলমাত্র ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্তিলাভের উপায় চিন্তা করিতেছিলেন। একমাত্র অগ্নিই তাঁহার দূত অর্থাৎ যজ্ঞভাগবহনকারী বলিয়া, অথচ জলমধ্যে অগ্নি যজ্ঞভাগ লইয়া প্রবেশ করিতে না পারায় দেবরাজ ভোগহীন অবস্থায়ই সেখানে কাল যাপন করিয়াছিলেন।১৫

তাবৎ ত্রিনাকং নহুষঃ শশাস
বিদ্যাতপোযোগবলানুভাবঃ।
স সম্পদৈশ্বর্য্যমদান্ধবুদ্ধি-
র্নীতস্তিরশ্চাং গতিমিন্দ্রপত্ন্যা ॥১৬
ততো গতো ব্রহ্মগিরোপহূত
ঋতম্ভরধ্যাননিবারিতাংহঃ।
পাপস্তু দিগ্দেবতয়া হতৌজা-
স্তং নাত্যভূদবিতং বিষ্ণুপত্ন্যা ॥১৭
তঞ্চ ব্রহ্মর্ষয়োঽভ্যেত্য হয়মেধেন ভারত।
যথাবদ্দীক্ষয়াঞ্চক্রুঃ পুরুষারাধনেন হ ॥১৮
অথেজ্যমানে পুরুষে সর্ব্বদেবময়াত্মনি।
অশ্বমেধে মহেন্দ্রেণ বিততে ব্রহ্মবাদিভিঃ ॥১৯

তাবৎ কালং বিদ্যাতপোযোগবলানুভাবঃ (বিদ্যা রাজনীতিঃ, তপঃ ব্রতোপবাসাদিঃ, যোগঃ বিচারসামর্থ্যং, বলং শারীরং তৈঃ অনুভাবঃ স্বর্গশাসনসামর্থ্যং যস্য সঃ) নহুষঃ ত্রিনাকং (ন অকং দুঃখং যস্মিন্ ইতি নাকঃ পুণ্যলোকঃ তৃতীয়ঃ নাকঃ ত্রিনাকঃ স্বর্গঃ তং) শশাস। ততশ্চ সম্পদৈশ্বর্য্যাভ্যাং যঃ মদঃ তেন অন্ধা বিবেকরহিতা বুদ্ধিঃ যস্য সঃ, সঃ নহুষঃ ইন্দ্রপত্ন্যা শচ্যা তিরশ্চাং গতিং সর্পযোনিং নীতঃ উপায়েন প্রাপিতঃ ॥১৬

ততঃ নহুষভ্রংশানন্তরম্ ঋতম্ভরধ্যান-নিবারিতাংহঃ (ঋতম্ভরঃ সত্যাসম্ভরঃ হরিঃ তস্য ধ্যানেন নিবারিতম্ অংহঃ যেন সঃ) ইন্দ্রঃ ব্রহ্মগিরা (ব্রহ্মণঃ বা ব্রাহ্মণানাং গিরা বাক্যেন) উপহূতঃ সন্ স্বর্গং গতঃ। দিগ্দেবতয়া ঈশানদিশি স্থিতয়া শ্রীরুদ্রদেবেন হতৌজাঃ (হৃতম্ ওজঃ যস্য সঃ) পাপঃ তু বিষ্ণুপত্ন্যা (ধ্যানসমঃ-কমলবনস্থিতয়া লক্ষ্ম্যা) অবিতং রক্ষিতম্ ইন্দ্রং ন অভ্যভূৎ অভিভবং ন অকরোৎ ॥১৭

হে ভারত! ততঃ ব্রহ্মর্ষয়ঃ অভ্যেত্য সমাগম্য পুরুষারাধনেন পুরুষস্য আরাধনং যস্মিন্ তেন হয়মেধেন তম্ ইন্দ্রং যথাবৎ দীক্ষয়াঞ্চক্রুঃ ॥১৮

অথ ব্রহ্মবাদিভিঃ মুনিভিঃ বিততে অনুষ্ঠিতে অশ্বমেধে সর্ব্বদেবময়াত্মনি পুরুষে সর্ব্বান্তর্যামিনি ভগবতি যজ্ঞেশ্বরে ইজ্যমানে সতি ॥১৯

হে মহারাজ! বিদ্যা, তপস্যা ও যোগবলের প্রভাবে রাজা নহুষ উক্ত সহস্র বৎসর কাল স্বর্গরাজ্যের শাসনে প্রবৃত্ত হইয়াছিলেন, কিন্তু স্বর্গীয় সম্পদ্ এবং ঐশ্বর্যমদে তাঁহার বিবেকবুদ্ধি বিলুপ্ত হওয়ায় ইন্দ্রমহিষী শ্রীশচীদেবী তাঁহাকে সর্পজন্ম লাভ করাইয়াছিলেন। (স্বর্গরাজ্যের আধিপত্য লাভ করিয়া নহুষ এক সময়ে সম্ভোগের জন্য শচীদেবীকে আহ্বান করিলে বৃহস্পতির মন্ত্রণাক্রমে শচীদেবী তাঁহাকে ব্রাহ্মণবাহিত শিবিকাযোগে নিজের নিকট আসিতে অনুরোধ করেন। তদনুসারে নহুষ অগস্ত্যপ্রভৃতি ব্রাহ্মণগণকে বাহক করিয়া শিবিকায় আরোহণপূর্বক শচীদেবীর নিকট যাইতে যাইতে সত্বর পথ অতিক্রম করিবার জন্য পদদ্বারা অগস্ত্যের মস্তক স্পর্শ করিয়া 'সর্প সর্প' (চল চল) এরূপ বলায় অগস্ত্য ক্রুদ্ধ হইয়া 'তুমি সর্প হও' এরূপ অভিশাপ প্রদান করেন। উহারই ফলে নহুষ অজগর সর্প হইয়াছিলেন)।১৬

ভগবান্ বিষ্ণুই যাঁহার প্রভু, ঈশানকোণের অধিপতি সেই রুদ্রদেবতা তৎকালে ইন্দ্রকে রক্ষা করায় হতবীর্য পাপ আর তাঁহাকে অভিভূত করিতে পারে নাই। আর ঋষিগণের বাক্যানুসারে প্রায়শ্চিত্তদ্বারাই আমার পাপ নষ্ট হইবে—এরূপ ধারণাবশতঃ বৃত্রবধে প্রবৃত্তিহেতু তাঁহার যে অপরাধ ঘটিয়াছিল, সত্যবাদী ভগবান্ শ্রীহরির ধ্যানের প্রভাবে তাহারও নিবারণ হইয়াছিল। এ অবস্থায় ব্রাহ্মণগণের আহ্বানে পুনরায় তিনি স্বর্গলোকে প্রত্যাগমন করিয়াছিলেন।১৭

হে ভরতকুলনন্দন! অনন্তর ব্রহ্মর্ষিগণ ইন্দ্রের নিকট উপস্থিত হইয়া যাহাতে মহাপুরুষ বিষ্ণুর আরাধনা হয়, এরূপ ভাবে তাঁহাকে শাস্ত্রবিধানানুসারে অশ্বমেধ যজ্ঞে ব্রতী করিয়াছিলেন।১৮

হে মহারাজ! অনন্তর ব্রহ্মবাদী ঋষিগণ কর্তৃক অনুষ্ঠিত অশ্বমেধ যজ্ঞে দেবরাজ ইন্দ্র সর্বদেবতাময়-পরমাত্মা পরমপুরুষ শ্রীহরির আরাধনায় প্রবৃত্ত

স বৈ ত্বাষ্ট্রবধো ভূয়ানপি পাপচয়ো নৃপ।
নীতস্তেনৈব শূন্যায় নীহার ইব ভানুনা ॥২০

স বাজিমেধেন যথোদিতেন
বিতায়মানেন মরীচিমিশ্রৈঃ।
ইষ্ট্বাধিযজ্ঞং পুরুষং পুরাণ-
মিন্দ্রো মহানাস বিধূতপাপঃ ॥২১

ইদং মহাখ্যানমশেষপাপ্মনাং
প্রক্ষালনং তীর্থপদানুকীর্ত্তনম্।
ভক্তুচ্ছ্রয়ং ভক্তজনানুবর্ণনং
মহেন্দ্রমোক্ষং বিজয়ং মরুত্বতঃ ॥২২

পঠেয়ুরাখ্যানমিদং সদা বুধাঃ
শৃণুন্ত্যথো পর্ব্বণি পর্ব্বণীন্দ্রিয়ম্।
ধন্যং যশস্যং নিখিলাঘমোচনং
রিপুঞ্জয়ং স্বস্ত্যয়নং তথায়ুষম্ ॥২৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩

সঃ পূর্ব্বোক্তঃ ত্বাষ্ট্রবধঃ বৃত্রবধাৎ জাতঃ ভূয়ান্ পাপচয়ঃ যে নৃপ! নীহারঃ ভানুনা ইব পূজিতেন ভগবতা শূন্যায় নীতঃ ॥২০

সঃ ইন্দ্রঃ মরীচিমিশ্রৈঃ বিতায়মানেন অনুষ্ঠিতেন যথোদিতেন ব্যক্তিবেধেন অশ্বমেধেন অধিযজ্ঞং পুরাণং পুরুষম্ ইষ্ট্বা বিধূতপাপঃ সন্ মহান্ আস পূর্ব্ববৎ পূজ্যঃ বভূব ॥২১

ভক্তুচ্ছ্রয়ং (ভক্তেঃ উচ্ছ্রয়ঃ উৎকর্ষঃ যস্মিন্ তৎ) তীর্থপদানুকীর্ত্তনং (তীর্থানি পাদয়োঃ যস্য সঃ তীর্থপাদঃ ভগবান্ তস্য অনুকীর্ত্তনং মাহাত্ম্যবর্ণনং যস্মিন্ তৎ) ভক্তজনানুবর্ণনং ভক্তজনানাং বৃত্রেন্দ্রাণাম্ অনুবর্ণনং যস্মিন্ তৎ মহেন্দ্রমোক্ষং (মহেন্দ্রস্য পাপাৎ মোক্ষঃ যস্মিন্ তৎ) মরুত্বতঃ ইন্দ্রস্য, বিশেষেণ জয়ঃ যস্মিন্ তৎ অশেষপাপানাং প্রক্ষালনং নিবর্ত্তকম্ ইদম্ আখ্যানং মহৎ এব ॥২২

ইন্দ্রিয়ম্ ইন্দ্রিয়-পাটব-করং, ধন্যং ধনপ্রদং, যশস্যং যশোবর্দ্ধকং, নিখিলাঘমোচনং সকলদুঃখনিবর্ত্তকং, রিপুঞ্জয়ং শত্রুজয়প্রদং, স্বস্ত্যয়নং পুত্রপৌত্রাদি-মঙ্গল-কারকং তথা আয়ুষম্ আয়ুর্বর্দ্ধকম্, অথ অতঃ ইদম্ আখ্যানং বুধাঃ পঠেয়ুঃ, অবকাশাভাবে তু পর্ব্বণি পর্ব্বণি তু অবশ্যম্ এব শৃণ্বন্তি ॥২৩

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীযুগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতায়াং ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥

হইলে, সূর্য যেরূপ কুজ্ঝটিকারাশিকে সম্পূর্ণরূপে নাশ করেন, সেইরূপ শ্রীহরিই ইন্দ্রের বৃত্রহত্যামূলক প্রভূত পাপরাশির উচ্ছেদ করিয়াছিলেন।১৯-২০

এইরূপে ইন্দ্র মরীচিপ্রভৃতি ব্রহ্মর্ষিগণকর্তৃক যথাবিধি অনুষ্ঠিত অশ্বমেধ যজ্ঞদ্বারা যজ্ঞেশ্বর পুরাণ-পুরুষ শ্রীহরির আরাধনা করিয়া পাপবিমোচনহেতু পূর্বের ন্যায় মহত্ত্ব প্রাপ্ত হইয়াছিলেন।২১

এই আখ্যানটি অতি মহৎ। ইহাতে বিশেষভাবে ভগবান্ শ্রীহরি ও তাঁহার ভক্তগণের চরিত এবং দেবরাজ ইন্দ্রের পাপমুক্তি ও বিজয় বর্ণিত হইয়াছে। ইহা অশেষ পাপরাশি দূর করিয়া চিত্তে ভক্তির উদ্রেক করিয়া থাকে।২২

পণ্ডিত ব্যক্তিগণ সর্বদা এই আখ্যান পাঠ, অথবা প্রতি পর্বদিবসে ইহা শ্রবণ করিবেন। ইহাতে সকল প্রকার পাপ বিনষ্ট হয় এবং ইন্দ্রিয়বল, ধন, কীর্তি, শত্রুজয়, আয়ুঃ ও মঙ্গল লাভ ঘটিয়া থাকে।২৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত।

চতুর্দ্দশঃ অধ্যায়ঃ

[বৃত্রাসুরস্য পূর্ব্বজন্মবৃত্তান্তকথনম্।]

পরীক্ষিদুবাচ।

রজস্তমঃস্বভাবস্য ব্রহ্মন্ বৃত্রস্য পাপ্মনঃ।
নারায়ণে ভগবতি কথমাসীদ্দৃঢ়া মতিঃ ॥১

দেবানাং শুদ্ধসত্ত্বানামৃষীণাঞ্চামলাত্মনাম্।
ভক্তির্মুকুন্দচরণে ন প্রায়েণোপজায়তে ॥২

রজোভিঃ সমসংখ্যাতাঃ পার্থিবৈরিহ জন্তবঃ।
তেষাং যে কেচনেহন্তে শ্রেয়ো বৈ মনুজাদয়ঃ ॥৩

প্রায়ো মুমুক্ষবস্তেষাং কেচনৈব দ্বিজোত্তম।
মুমুক্ষূণাং সহস্রেষু কশ্চিন্মুচ্যেত সিধ্যতি ॥৪

মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ।
সুদুর্ল্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে ॥৫

বৃত্রস্তু স কথং পাপঃ সর্ব্বলোকোপতাপনঃ।
ইত্থং দৃঢ়মতিঃ কৃষ্ণ আসীৎ সংগ্রাম উল্বণে ॥৬

অন্বয়ঃ

পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! রজস্তমঃস্বভাবস্য পাপ্মনঃ পাপাচারযোগাৎ গৃহীতাসুরদেহস্য বৃত্রস্য ভগবতি নারায়ণে দৃঢ়া মতিঃ নিশ্চলা ভক্তিঃ কথম্ আসীৎ ॥১

শুদ্ধসত্ত্বানাম্ অতএব অমলাত্মনাং শুদ্ধান্তঃকরণানাং দেবানাম্ ঋষীণাং চ মুকুন্দচরণে ভক্তিঃ প্রায়েণ ন উপজায়তে ॥২

জন্তবঃ জীবাঃ পার্থিবৈঃ রজোভিঃ পরমাণুভিঃ সমাঃ সংখ্যাতাঃ অনন্তাঃ উক্তাঃ। তেষাং মধ্যে যে কেচন কতিপয়ে এব মনুজাদয়ঃ শ্রেয়ঃ ভগবদর্পিতং ধর্মং বৈ ঈহন্তে কুর্ব্বন্তি ॥৩

অন্বয়ঃ

হে দ্বিজোত্তম! তেষাং ধর্মানুষ্ঠাতৃণাম্ অপি মধ্যে কেচন বৈ মুমুক্ষবঃ ভবন্তি মুমুক্ষূণাম্ অপি সহস্রেষু কশ্চিৎ এব মুচ্যেত জীবন্মুক্তঃ ভবতি, সিধ্যতি আত্মতত্ত্বং জানাতি ॥৪

হে মহামুনে! মুক্তানাং নিবৃত্তাধ্যাসানাং সিদ্ধানাং জ্ঞানিনাম্ অপি কোটিষু অপি মধ্যে প্রশান্তাত্মা ভোগবাসনা-রহিতান্তঃকরণঃ নারায়ণপরায়ণঃ নিরুপাধিক-ভগবৎ-প্রেমবান্ জনঃ সুদুর্ল্লভঃ এব ॥৫

সর্ব্বলোকোপতাপনঃ (সর্ব্বলোকান্ উপতাপয়তীতি) সঃ

চতুর্দ্দশ অধ্যায়

[বৃত্রাসুরের পূর্ব্বজন্মবৃত্তান্তকথন।]

শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে মুনিবর! রজস্তমঃ-প্রকৃতি পাপাত্মা বৃত্রাসুরের কিরূপে ভগবান্ নারায়ণের প্রতি দৃঢ়া ভক্তির উদয় হইয়াছিল?১

শুদ্ধচিত্ত দেবতাগণ এবং নির্ম্মলান্তঃকরণ ঋষি-গণেরও প্রায়শঃ শ্রীহরির পাদপদ্মে ভক্তির উদয় হয় না।২

এ জগতে পৃথিবীর ধূলিকণার সমসংখ্যক অর্থাৎ অসংখ্য জীব বর্ত্তমান রহিয়াছে, তন্মধ্যে মনুষ্য-প্রভৃতি কতিপয় জীবই মঙ্গললাভের জন্য যথোচিত চেষ্টা করে।৩

হে দ্বিজবর! ঐ সকল ব্যক্তির মধ্যেও অল্প-সংখ্যক ব্যক্তিই মুক্তিলাভে ইচ্ছুক হন, আর সেই মুক্তিকামিগণের মধ্যেও কোন ব্যক্তিবিশেষই গৃহাদির সঙ্গ হইতে মুক্ত হইয়া তত্ত্বজ্ঞান লাভ করিতে সমর্থ হন।৪

হে মহামুনে! গৃহাদির সঙ্গ হইতে মুক্ত সেই তত্ত্বজ্ঞ কোটি কোটি ব্যক্তির মধ্যেও নারায়ণ-পরায়ণ প্রশান্তচিত্ত পুরুষ অতি দুর্লভ।৫

হে প্রভো! এ অবস্থায় সকল লোকের পীড়াজনক পাপাত্মা বৃত্রাসুরের ভয়ঙ্কর সংগ্রামক্ষেত্রেও কিহেতু ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি এরূপ দৃঢ়া ভক্তির উদয় হইয়াছিল? বস্তুতঃ এবিষয়ে আমাদের

অত্র নঃ সংশয়ো ভূয়ান্ শ্রোতুং কৌতূহলং প্রভো।
যঃ পৌরুষেণ সময়ে সহস্রাক্ষমতোষয়ৎ ॥৭

সূত উবাচ।

পরীক্ষিতোঽথ সম্প্রশ্নং ভগবান্ বাদরায়ণিঃ।
নিশম্য শ্রদ্দধানস্য প্রতিনন্দ্য বচোঽব্রবীৎ ॥৮

শ্রীশুক উবাচ।

শৃণুষ্বাবহিতো রাজন্নিতিহাসমিমং যথা।
শ্রুতং দ্বৈপায়নমুখান্নারদাদ্দেবলাদপি ॥৯

আসীদ্ রাজা সার্ব্বভৌমঃ শূরসেনেষু বৈ নৃপ।
চিত্রকেতুরিতিখ্যাতো যস্যাসীৎ কামধুগ্ মহী ॥১০
তস্য ভার্য্যাসহস্রাণাং সহস্রাণি দশাভবন্।
সাস্তানিকশ্চাপি নৃপো ন লেভে তাসু সন্ততিম্ ॥১১
রূপৌদার্য্যবয়োজন্মবিদ্যৈশ্বর্য্যশ্রিয়াদিভিঃ।
সম্পন্নস্য গুণৈঃ সর্ব্বৈশ্চিন্তা বন্ধ্যাপতেরভূৎ ॥১২
ন তস্য সম্পদঃ সর্ব্বা মহিষ্যো বামলোচনাঃ।
সার্ব্বভৌমস্য ভূশ্চেয়মভবন্ প্রীতিহেতবঃ ॥১৩

পাপঃ কৃতঃ তু সংগ্রামে উরণে ভয়ঙ্করস্থানে অপি রুক্মে ইন্দ্রে দৃঢ়ভক্তিঃ (দৃঢ়াঃ নিশ্চলা ভক্তিঃ যস্য সঃ) ভবন্ আসীৎ ॥৬

হে প্রভো! অত্র বৃত্রস্য ভক্ত্যাদিবিষয়ে নঃ অস্মাকং শ্রোতৃণাং ভূয়ান্ সংশয়ঃ ভবতি। তৎকারণং শ্রোতুং কৌতূহলম্ উৎসাহঃ বর্ত্ততে। যঃ বৃত্রঃ পৌরুষেণ সময়ে সহস্রাক্ষম্ ইন্দ্রম্ অতোষয়ৎ ॥৭

সূতঃ উবাচ। শ্রদ্দধানস্য পরীক্ষিতঃ সম্প্রশ্নং নিশম্য শ্রুত্বা ভগবান্ বাদরায়ণিঃ তস্য বচঃ প্রতিনন্দ্য অব্রবীৎ ॥৮

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! দ্বৈপায়নমুখাৎ ব্যাসাৎ দেবলাৎ অপি যথাক্রমেণ ময়া শ্রুতম্ ইমম্ ইতিহাসং ত্বম্ অবহিতঃ সাবধানঃ সন্ যথাবৎ শৃণুষ্ব শৃণু ॥৯

হে নৃপ! শূরসেনেষু দেশেষু চিত্রকেতুঃ ইতি খ্যাতঃ কশ্চিৎ সার্ব্বভৌমঃ রাজা আসীৎ। যস্য মহী কামধুক্ আসীৎ ॥১০

তস্য রাজ্ঞঃ সহস্রাণাং দশ সহস্রাণি একাকোটিঃ ভার্য্যাঃ অভবন্। সাস্তানিকঃ পুত্রোৎপাদনসমর্থঃ অপি সঃ নৃপঃ তাসু সন্ততিং ন লেভে ॥১১

রূপাদিভিঃ সর্ব্বৈঃ গুণৈঃ সম্পন্নস্য অপি তস্য বন্ধ্যাপতেঃ পুত্রং বিনা চিন্তা অভূৎ ॥১২

সার্ব্বভৌমস্য প্রাপ্ত-সকল-ভূমিরাজ্যস্য তস্য চিত্রকেতোঃ সর্ব্বাঃ সম্পদঃ, বামলোচনাঃ মনোহরনেত্রাঃ মহিষ্যঃ তথা ইয়ং ভূঃ চ প্রীতিহেতবঃ ন অভবন্ ॥১৩

প্রবল সংশয় উপস্থিত হওয়ায় ইহার কারণ জানিবার জন্য কৌতূহল জন্মিয়াছে। বৃত্রাসুর ইন্দ্রের ভয়ে ভীত হইয়া ভগবানের শরণাগত হইয়াছিল, এরূপ বলা যায় না—যেহেতু সে যুদ্ধক্ষেত্রে নিজ পরাক্রম-দ্বারা ইন্দ্রকে সন্তুষ্ট করিতে সমর্থ হইয়াছিল বলিয়া তাহার ভীরুতা কল্পনাতীত ।৬-৭

শ্রীসূত বলিলেন—হে মুনিগণ! ভগবান্ শ্রীশুকদেব শ্রদ্ধাযুক্ত মহারাজ পরীক্ষিতের যুক্তিযুক্ত প্রশ্ন শ্রবণ করিয়া উহার অভিনন্দনপূর্ব্বক এরূপ উত্তর বাক্য বলিয়াছিলেন ।৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! আমি এ বিষয়ে পূর্ব্বে মহর্ষি ব্যাসদেব এবং শ্রীনারদ ও দেবলের নিকট যে ইতিহাস শ্রবণ করিয়াছি, সম্প্রতি তুমি মনোযোগসহকারে আমার নিকট তাহা শ্রবণ কর ।৯

হে মহারাজ! পুরাকালে শূরসেন অর্থাৎ মথুরা-মণ্ডলে চিত্রকেতুনামক এক সুপ্রসিদ্ধ সার্ব্বভৌম নরপতি ছিলেন। তাঁহার রাজত্বকালে পৃথিবী ইচ্ছানুরূপ শস্যাদি সম্পদ্ দান করিতেছিল ।১০

তাঁহার এক কোটি ভার্য্যা ছিলেন, পরন্তু তিনি সন্তান উৎপাদনে সমর্থ হইলেও ঐ সকল ভার্য্যার গর্ভে কোন সন্তান লাভ করিতে পারেন নাই ।১১

রাজা চিত্রকেতু রূপ, উদারতা, যৌবন, সৎকুলে জন্ম অর্থাৎ কৌলীন্য, বিদ্যা, প্রভুত্ব ও সম্পদাদি সর্বগুণে অলঙ্কৃত হইলেও বন্ধ্যাপতি বলিয়া অর্থাৎ কোন সন্তান না হওয়ায় দুশ্চিন্তাগ্রস্ত ছিলেন ।১২

অতএব সর্বপ্রকার সম্পদ্, মনোরমা সুন্দরী মহিষীগণ এবং এই পৃথিবী সেই সার্ব্বভৌম নরপতির

তস্যৈকদা তু ভবনমঙ্গিরা ভগবানৃষিঃ।
লোকাননুচরন্নেতানুপাগচ্ছদ্ যদৃচ্ছয়া ॥১৪
তং পূজয়িত্বা বিধিবৎ প্রত্যুত্থানার্হণাদিভিঃ।
কৃতাতিথ্যমুপাসীদৎ সুখাসীনং সমাহিতঃ ॥১৫
মহর্ষিস্তমুপাসীনং প্রশ্রয়াবনতং ক্ষিতৌ।
প্রতিপূজ্য মহারাজ সমাভাষ্যেদমব্রবীৎ ॥১৬

অঙ্গিরা উবাচ।

অপি তেঽনাময়ং স্বস্তি প্রকৃতীনাং তথাত্মনঃ।
যথা প্রকৃতিভির্গুপ্তঃ পুমান্ রাজা চ সপ্তভিঃ ॥১৭
আত্মানং প্রকৃতিষ্বদ্ধা নিধায় ভ্রেয় আপ্নুয়াৎ।
রাজ্ঞা তথা প্রকৃতয়ো নরদেবাহিতাধয়ঃ ॥১৮

ভগবান্ শাপানুগ্রহসমর্থঃ অঙ্গিরা ঋষিঃ এতান্ লোকান্ অনুচরন্ যদৃচ্ছয়া ভগবৎপ্রেরণয়া তু একদা তস্য চিত্রকেতোঃ ভবনম্ উপাগচ্ছৎ ॥১৪

প্রত্যুত্থানার্হণাদিভিঃ বিধিবৎ পূজয়িত্বা কৃতাতিথ্যঃ কৃতসৎকারঃ সুখম্ আসীনং তম্ অঙ্গিরসং সমাহিতঃ সংযতঃ এব রাজা উপাসীদৎ সমীপম্ উপবিবেশ ॥১৫

মহর্ষিঃ তং প্রশ্রয়াবনতং (প্রশ্রয়েণ বিনয়েন অবনতং) ক্ষিতৌ উপাসীনং রাজানং প্রতিপূজ্য সংকৃত্য হে মহারাজ! ইতি সমাভাষ্য ইদম্ অব্রবীৎ ॥১৬

অঙ্গিরা উবাচ। অপি কিং তে তব আত্মনঃ শরীরস্য তথা প্রকৃতীনাম্ অপি অনাময়ম্ আরোগ্যং, তথা স্বস্তি শুভম্ অস্তি? যথা সপ্তভিঃ প্রকৃতিভিঃ মহদহঙ্কারঃ-পঞ্চ-মহাভূত-রূপৈঃ গুপ্তঃ রক্ষিতঃ পুমান্ জীবঃ সুখম্ অনুভবতি তথা রাজা অপি সপ্তভিঃ 'স্বাম্যমাত্য-জনপদদুর্গ-কোষ-সৈন্য-সংজ্ঞাঃ। মন্ত্রো মিত্রঞ্চ' ইতি উক্তলক্ষণাভিঃ গুপ্তঃ এব সুখম্ অনুভবতি (তত্র স্বামী গুরুঃ, মন্ত্রসহায়ঃ মিত্রং, কর্ম্ম-সহায়ঃ অমাত্যঃ) ॥১৭

আত্মানং প্রকৃতিষু অদ্ধা সাক্ষাৎ নিধায় তদনুবর্ত্তিনং কৃত্বা রাজা শ্রেয়ঃ রাজ্যে সুখম্ আপ্নুয়াৎ; তথা হে নরদেব! প্রকৃতয়ঃ অপি রাজ্ঞা আহিতাধয়ঃ নিহিতনিক্ষেপাঃ ধনাদিভিঃ সমৃদ্ধাঃ ভবন্তি ॥১৮

প্রীতি উৎপাদনে সমর্থ হয় নাই।১৩

এরূপ অবস্থায় একদিন ভগবান্ অঙ্গিরা ঋষি যদৃচ্ছাক্রমে সকল লোক ভ্রমণ করিতে করিতে রাজা চিত্রকেতুর নিকট উপস্থিত হইয়াছিলেন।১৪

তৎকালে চিত্রকেতু অভ্যর্থনা ও নানারূপ উপহারাদিদ্বারা যথাবিধি পূজা করিয়া অতিথি-সৎকার সম্পাদন করিলে অঙ্গিরা ঋষি সুখে আসনে উপবেশন করিলেন এবং চিত্রকেতু সংযত-ভাবে তাঁহার নিকটে উপবেশন করিয়াছিলেন।১৫

হে মহারাজ! অনন্তর মহর্ষি অঙ্গিরা নিকটে ভূতলে উপবিষ্ট ও বিনয়াবনত রাজা চিত্রকেতুকে প্রত্যভিনন্দনপূর্ব্বক সম্ভাষণ করিয়া এরূপ জিজ্ঞাসা করিলেন।১৬

অঙ্গিরা বলিলেন—হে মহারাজ! তুমি দৈহিক সুস্থতা অনুভব করিতেছ ত? তোমার নিজের এবং প্রকৃতিসমুদয়ের কুশল ত? জীব যেরূপ মহত্তত্ত্ব-প্রভৃতি সাংখ্য-শাস্ত্রোক্ত সপ্ত প্রকৃতিদ্বারা দেহমধ্যে রক্ষিত হয়, সেরূপ রাজাও সর্ব্বদা নীতিশাস্ত্রোক্ত সপ্তবিধ প্রকৃতি দ্বারাই রক্ষিত হন।১৭

হে মহারাজ! রাজা যেরূপ সাক্ষাৎ প্রকৃতিবর্গের নিকট আত্মসমর্পণ করিয়াই অর্থাৎ সর্ব্ববিষয়ে তাহাদের মতের অনুবর্ত্তী হইয়াই রাজ্যসুখভোগে সমর্থ হন, প্রকৃতিবর্গও সেরূপ রাজপ্রদত্ত কর্ম্মভার প্রাপ্ত হইয়াই ধনসমৃদ্ধি লাভ করিতে পারে।১৮

অপি দারাঃ প্রজামাত্যা ভৃত্যাঃ শ্রেণ্যোঽথ মন্ত্রিণঃ।
পৌরা জানপদা ভূপা আত্মজা বশবর্ত্তিনঃ ॥১৯
যস্যাত্মানুবশশ্চেৎ স্যাৎ সর্বে তদ্বশগা ইমে।
লোকাঃ সপালা যচ্ছন্তি সর্বে বলিমতন্দ্রিতাঃ ॥২০
আত্মনঃ প্রীয়তে নাত্মা পরতঃ স্বত এব বা।
লক্ষয়েঽলব্ধকামং ত্বাং চিন্তয়া শবলং মুখম্ ॥২১

দারাঃ. প্রজাঃ, অমাত্যাঃ চ, ভৃত্যাঃ চ, শ্রেণ্যঃ (সমবায়বিশেষেণ সংঘশো বর্ত্তমানাঃ বণিক্‌বিশেষাঃ), পৌরাঃ পুরবাসিনঃ, জানপদাঃ তত্তদ্দেশাধিকারিণঃ, ভূপাঃ খণ্ডমণ্ডলপতয়ঃ, আত্মজাঃ পুত্রাঃ চ অপি কিং তে বশবর্ত্তিনঃ ভবন্তি ন বা ॥১৯

যস্য আত্মা মনঃ অনুবশঃ অনুবর্ত্তী চেৎ স্যাৎ তদা ইমে সর্বে দারাপত্যাদয়ঃ তদ্বশগাঃ তস্য বশবর্ত্তিনঃ ভবন্তি। তস্মৈ সপালাঃ লোকাঃ সর্বে অতন্দ্রিতাঃ নিরলসাঃ সন্তঃ বলিং পূজাং যচ্ছন্তি ; ভৃত্যাদীনাং কা বার্ত্তা ॥২০

আত্মনঃ তব আত্মা মনঃ স্বতঃ পরতঃ এব বা ন প্রীয়তে ন তুষ্যতি ইতি চিন্তয়া শবলং ব্যাপ্তং তব মুখং দৃষ্ট্বা অলব্ধকামং ত্বাম্ অহং লক্ষয়ে জানামি ॥২১

হে মহারাজ। তোমার ভার্য্যাগণ, প্রজাগণ, অমাত্যগণ, বণিক্‌প্রভৃতি সংঘবদ্ধ জনগণ, মন্ত্রিগণ, নগরবাসিগণ, বিভিন্ন দেশের অধিকারী সামন্ত-রাজগণ এবং পুত্রগণ সকলে তোমার বশবর্ত্তী রহিয়াছে ত ?১৯

হে মহারাজ! যাহার মন নিজের বশীভূত থাকে, পূর্বোক্ত ভার্য্যাপ্রভৃতি সকলেই তাহার বশীভূত হয় এবং লোকপালগণের সহিত সকল লোক সর্বদা নিয়মিতভাবে তাহাকে পূজোপহার প্রদান করে।২০

হে মহারাজ। তুমি যেন চিত্তের সন্তোষ বোধ করিতেছ না। এ অবস্থা কি নিজ হইতে বা অপর হইতে ঘটিয়াছে? তোমার মুখ চিন্তায় মলিন হইয়াছে, অতএব তুমি কোন অভীষ্টলাভে বঞ্চিত হইয়াছ—ইহাই আমার ধারণা।২১

এবং বিকল্পিতো রাজন্ বিদুষা মুনিনাপি সঃ।
প্রশ্রয়াবনতোঽভ্যাহ প্রজাকামস্ততো মুনিম্ ॥২২

চিত্রকেতুরুবাচ।

ভগবন্ কিং ন বিদিতং তপোজ্ঞানসমাধিভিঃ।
যোগিনাং ধ্বস্তপাপানাং বহিরন্তঃ শরীরিষু ॥২৩
তথাপি পৃচ্ছতো ব্রূয়াং ব্রহ্মন্নাত্মনি চিন্তিতম্।
ভবতো বিদুষশ্চাপি চোদিতস্ত্বদনুজ্ঞয়া ॥২৪

হে রাজন্! বিদুষা সর্বজ্ঞেন মুনিনা অপি এবং বিকল্পিতঃ বিবিধ-প্রশ্নবিষয়ীকৃতঃ সঃ প্রজাকামঃ চিত্রকেতুঃ প্রশ্রয়াবনতঃ (প্রশ্রয়েণ বিনয়েন অবনতঃ) সন্ মুনিম্ অভি প্রতি আহ ॥২২

চিত্রকেতুঃ উবাচ। হে ভগবন্! সর্বজ্ঞ! তপোজ্ঞান-সমাধিভিঃ ধ্বস্তপাপানাং (ধ্বস্তং নিরস্তং পাপং চিত্তকালুষ্যং যেষাং তেষাং) যোগিনাং ভবতাং শরীরিষু বহিরন্তঃ যৎ অবস্থিতং, তৎ কিং ন বিদিতম্ ॥২৩

তথাপি হে ব্রহ্মন্! আত্মনি মনসি চিন্তিতং সঙ্কল্পিতং যৎ যৎ বিদুষঃ চাপি পৃচ্ছতঃ ভবতঃ (ভবতা) চোদিতঃ, অহং ত্বদনুজ্ঞয়া এব ব্রূয়াম্ ॥২৪

হে মহারাজ! মহর্ষি অঙ্গিরা সর্বজ্ঞ হইয়াও পূর্বোক্ত সংশয়াত্মক বাক্যে প্রশ্ন করিলে সন্তানকামী রাজা চিত্রকেতু বিনয়াবনত হইয়া তাঁহাকে এরূপ উত্তর দান করিয়াছিলেন।২২

চিত্রকেতু বলিলেন—হে ভগবন্! তপস্যা, জ্ঞান ও যোগের প্রভাবে যাঁহাদের চিত্ত নির্মল হইয়াছে, সেরূপ যোগিপুরুষগণের নিকট দেহধারী জীবগণের বাহিরের ও অন্তরের কোন্ বিষয় অজ্ঞাত থাকে ?২৩

হে ব্রহ্মন্! আপনি আমার সকল বিষয় জানিয়াও যেহেতু প্রশ্ন করিয়াছেন, অতএব আপনার আজ্ঞাদ্বারা পরিচালিত হইয়াই আমি নিজের চিন্তার বিষয় নিবেদন করিতেছি।২৪

লোকপালৈরপি প্রার্থ্যাঃ সাম্রাজ্যৈশ্বর্য্যসম্পদঃ।
ন নন্দয়ন্ত্যপ্রজং মাং ক্ষুত্তৃট্‌কামমিবাপরে ॥২৫
ততঃ পাহি মহাভাগ পূর্বৈঃ সহ গতং তমঃ।
যথা তরেম দুষ্পারং প্রজয়া তদ্ বিধেহি নঃ ॥২৬

শ্রীশুক উবাচ।

ইত্যর্থিতঃ স ভগবান্ কৃপালুর্ব্রহ্মণঃ সুতঃ।
শ্রপয়িত্বা চরুং ত্বাষ্ট্রং ত্বষ্টারমযজদ্ বিভুঃ ॥২৭

জ্যেষ্ঠা শ্রেষ্ঠা চ যা রাজ্ঞো মহিষীণাঞ্চ ভারত।
নাম্না কৃতদ্যুতিস্তস্যৈ যজ্ঞোচ্ছিষ্টমদাদ্ দ্বিজঃ ॥২৮
অথাহ নৃপতিং রাজন্ ভবিতৈকস্তবাত্মজঃ।
হর্ষশোকপ্রদস্তুভ্যমিতি ব্রহ্মসুতো যযৌ ॥২৯
সাপি তৎপ্রাশনাদেব চিত্রকেতোরধারয়ৎ।
গর্ভং কৃতদ্যুতির্দেবী কৃত্তিকাগ্নেরিবাত্মজম্ ॥৩০

ক্ষুত্তৃড্‌ভ্যাম্ অন্নপানকামং পুরুষং যথা স্রক্‌চন্দনাদয়ঃ ন হৃষ্যন্তি তথা লোকপালৈঃ অপি প্রার্থ্যাঃ সাম্রাজ্যৈশ্বর্য্যসম্পদঃ অপ্রজং পুত্রহীনং মাং ন নন্দয়ন্তি ॥২৫

ততঃ হে মহাভাগ! পুত্রাভাবাৎ পূর্বৈঃ পিত্রাদিভিঃ সহ গতং প্রাপ্তং তমঃ নরকং মাং পাহি, তথা প্রজয়া হেতুভূতয়া যথা দুষ্পারং নরকং তরেম ন গচ্ছাম, তম্ উপায়ং নঃ বিধেহি উপদিশ ॥২৬

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ অর্থিতঃ রাজ্ঞা প্রার্থিতঃ সঃ কৃপালুঃ ব্রহ্মণঃ সুতঃ বিভুঃ কার্য্যসমর্থঃ ভগবান্ সর্বজ্ঞঃ অঙ্গিরা ত্বাষ্ট্রং চরুং হবির্বিশেষং শ্রপয়িত্বা সিদ্ধং কৃত্বা ত্বষ্টারম্ অযজৎ ॥২৭

তথা রাজ্ঞঃ মহিষীণাং মধ্যে যা জ্যেষ্ঠা প্রথম-বিবাহিতা, শ্রেষ্ঠা গুণবিশিষ্টা নাম্না কৃতদ্যুতিঃ ইতি প্রসিদ্ধা পত্নী আসীৎ, হে ভারত! তস্যৈ সঃ দ্বিজঃ যজ্ঞোচ্ছিষ্টং যজ্ঞশেষম্ অদাৎ ॥২৮

অথ চরুদানানন্তরং হে রাজন্! ত্বাং হর্ষশোকপ্রদঃ তব আত্মজঃ পুত্রঃ একঃ ভবিতা ভবিষ্যতি ইতি নৃপতিম্ আহ, তথা উক্ত্বা ব্রহ্মসুতঃ অঙ্গিরা ততঃ যযৌ ॥২৯

অগ্নেঃ সকাশাৎ যথা কৃত্তিকা দেবী আত্মজং স্বকম্ অধারয়ৎ, তথা কৃতদ্যুতিঃ অপি তস্য হবিঃ-শেষস্য প্রাশনাৎ তৎক্ষণাৎ এব চিত্রকেতোঃ সকাশাৎ গর্ভম্ অধারয়ৎ ॥৩০

হে ব্রহ্মন্! যে ব্যক্তি ক্ষুধা-তৃষ্ণায় কাতর হইয়া অন্ন ও পানীয় লাভের আকাঙ্ক্ষা করে, মালাচন্দনপ্রভৃতি অপর ভোগ্য বস্তুসমূহ যেরূপ তাহাকে আনন্দ দান করিতে পারে না, যেরূপ লোকপালগণেরও বাঞ্ছনীয় এই সাম্রাজ্য, ঐশ্বর্য্য ও সম্পদ্‌রাশি সন্তানহীন আমাকে আনন্দ দান করিতে পারিতেছে না।২৫

হে মহাভাগ! আমি সন্তানের অভাবে পূর্ব পুরুষগণের সহিত নরকপ্রাপ্তির ভয়ে ভীত হইয়াছি, আপনি আমাকে রক্ষা করুন এবং যাহাতে সন্তানের সাহায্যে দুস্তর নরক উত্তীর্ণ হইতে পারি, তাহার ব্যবস্থা করুন।২৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা চিত্রকেতু এরূপ প্রার্থনা করিলে ব্রহ্মার পুত্র দয়ার্দ্রচিত্ত মহাপ্রভাবশালী ভগবান্ অঙ্গিরা ত্বষ্টৃদেবতার চরু পাক করিয়া তদ্দ্বারা ত্বষ্টৃদেবতার যাগ করিয়াছিলেন।২৭

হে ভরতকুলনন্দন! রাজা চিত্রকেতুর মহিষীগণের মধ্যে যিনি সর্বজ্যেষ্ঠা ও শ্রেষ্ঠা ছিলেন, তাঁহার নাম কৃতদ্যুতি; মহর্ষি অঙ্গিরা তাঁহাকে যজ্ঞের অবশিষ্ট চরুভাগ ভক্ষণ করিতে দিলেন।২৮

অনন্তর ব্রহ্মার পুত্র অঙ্গিরা চিত্রকেতুকে বলিলেন—হে মহারাজ! তোমার একটিমাত্র পুত্র হইবে, কিন্তু সে তোমাকে হর্ষ ও শোক প্রদান করিবে। এই কথা বলিয়াই মহর্ষি অঙ্গিরা তথা হইতে প্রস্থান করিলেন।২৯

হে মহারাজ! কৃত্তিকা যেরূপ অগ্নির ঔরসে নিজ গর্ভে পুত্রসন্তান ধারণ করিয়াছিলেন, দেবী

তস্যা অনুদিনং গর্ভঃ শুক্লপক্ষ ইবোডুপঃ।
ববৃধে শূরসেনেশতেজসা শনকৈর্নৃপ ॥৩১
অথ কাল উপাবৃত্তে কুমারঃ সমজায়ত।
জনয়ন্ শূরসেনানাং শৃংবতাং পরমাং মুদম্ ॥৩২
হৃষ্টো রাজা কুমারস্য স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ।
বাচয়িত্বাশিষো বিপ্রৈঃ কারয়ামাস জাতকম্ ॥৩৩
তেভ্যো হিরণ্যং রজতং বাসাংস্যাভরণানি চ।
গ্রামান্ হয়ান্ গজান্ প্রাদাদ্ধেনূনামর্ব্বুদানি ষট্ ॥৩৪

হে নৃপ! তস্যাঃ গর্ভঃ অপি শুক্লপক্ষে উডুপঃ চন্দ্রঃ ইব শূরসেনেশস্য তেজসা শনকৈঃ ক্রমেণ বরূধে অবর্দ্ধত ॥৩১

অথ কালে প্রসূতি-সময়ে উপাবৃত্তে প্রাপ্তে সতি শূরতাং শূরসেনানাং পরমাং মুদং হর্ষং জনয়ন্ কুমারঃ সমজায়ত ॥৩২

তৎ শ্রুত্বা হৃষ্টঃ রাজা স্নাতঃ শুচিঃ অলঙ্কৃতঃ সন্ বিপ্রৈঃ কুমারস্য আশিষঃ বাচয়িত্বা জাতকং জাতকর্ম্ম কারয়ামাস ॥৩৩

তেভ্যঃ বিপ্রেভ্যঃ হিরণ্যং, রজতং, বাসাংসি, আভরণানি, গ্রামান্, হয়ান্, গজান্, ধেনূনাম্ অর্ব্বুদানি ষট্ চ প্রাদাৎ ॥৩৪

ববর্ষ কামানন্যেষাং পর্জন্য ইব দেহিনাম্।
ধন্যং যশস্যমায়ুষ্যং কুমারস্য মহামনাঃ ॥৩৫
কৃচ্ছ্রলব্ধেঽথ রাজর্ষেস্তনয়েঽনুদিনং পিতুঃ।
যথা নিঃস্বস্য কৃচ্ছ্রাপ্তে ধনে স্নেহোঽন্ববর্দ্ধত ॥৩৬
মাতুস্ত্বতিতরাং পুত্রে স্নেহো মোহসমুদ্ভবঃ।
কৃতঘ্নাতেঃ সপত্নীনাং প্রজাকামস্বরোঽভবৎ ॥৩৭
চিত্রকেতোরতিপ্রীতির্যথা দারে প্রজাবতি।
ন তথান্যেষু সঞ্জজ্ঞে বালং লালয়তোঽন্বহম্ ॥৩৮

কুমারস্য বহ্বং ধনকরং, যশস্যং যশস্করম্, আয়ুষ্যম্ আয়ুঃপ্রদং কর্ম্ম মন্যমানঃ মহামনাঃ রাজা অন্যেষাম্ অপি দেহিনাং কামান্ মনোরথান্ পর্জন্যঃ ইব ববর্ষ যথোচিতং পূরয়ামাস ॥৩৫

নিঃস্বস্য দরিদ্রস্য কৃচ্ছ্রাপ্তে ধনে যথা অনুদিনং স্নেহঃ বর্দ্ধতে, তথা কৃচ্ছ্রলব্ধে তনয়ে রাজর্ষেঃ পিতুঃ স্নেহঃ অববর্দ্ধত ॥৩৬

মাতুঃ কৃতঘ্নাতেঃ পুত্রে মোহসমুদ্ভবঃ স্নেহঃ অতিতরাম্ অববর্দ্ধত। তথা সপত্নীনাং প্রজাকামজ্বরঃ অভবৎ ॥৩৭

অন্বহম্ অনুদিনং বালং পুত্রং লালয়তঃ চিত্রকেতোঃ রাজ্ঞঃ প্রজাবতি দারে যথা প্রীতিঃ তথা অন্যেষু দারেষু ন সংজজ্ঞে ॥৩৮

কৃতঘ্নাতিও সেরূপ উক্ত চরু ভক্ষণ করায়ই চিত্রকেতুর বীর্যে গর্ভধারণ করিলেন।৩০

হে মহারাজ! চন্দ্র যেরূপ শুক্লপক্ষে প্রতিদিন ধীরে ধীরে বৃদ্ধি পাইতে থাকে, রাজা চিত্রকেতুর বীর্য্যজাত কৃতঘ্নাতির সেই গর্ভও সেরূপ প্রতিদিন ধীরে ধীরে বৃদ্ধি লাভ করিতেছিল।৩১

অনন্তর প্রসবকাল উপস্থিত হইলে মহিষী কৃতঘ্নাতির একটি পুত্রসন্তান ভূমিষ্ঠ হইল এবং তাহা শ্রবণ করিয়া শূরসেনদেশবাসী সকলেরই পরম আনন্দের উদয় হইয়াছিল।৩২

তৎকালে পুত্রসন্তানলাভে হৃষ্টচিত্ত রাজা চিত্রকেতু স্নানপূর্বক শুদ্ধ ও অলঙ্কৃত হইয়া ব্রাহ্মণগণের দ্বারা আশীর্বাদ পাঠ করাইয়া পুত্রের জাতকর্ম সম্পাদন করাইয়াছিলেন।৩৩

অনন্তর রাজা চিত্রকেতু সেই ব্রাহ্মণগণকে সুবর্ণ, রজত, বস্ত্র, অলঙ্কার, বহু গ্রাম, অশ্ব, হস্তী এবং ষাট কোটি দুগ্ধবতী গাভী দান করিয়াছিলেন।৩৪

অতঃপর মেঘ যেরূপ লোকের কামনা পূরণ করিয়া অকাতরে বারিধারা বর্ষণ করে, রাজা উদারচেতা চিত্রকেতুও সেরূপ যাহাতে পুত্রের ধন, যশঃ ও আয়ুঃ বৃদ্ধি পায়—সেই ভাবেই অন্যান্য সকলকেই অকাতরে কাম্য বস্তুসমূহ দান করিয়াছিলেন।৩৫

হে মহারাজ! দরিদ্র ব্যক্তির কষ্টলব্ধ ধনের যেরূপ উত্তরোত্তর অনুরাগ বৃদ্ধি পায়, রাজর্ষি চিত্রকেতুরও কষ্টলব্ধ সন্তানের প্রতি সেরূপ ভাবেই উত্তরোত্তর স্নেহ বৃদ্ধি পাইয়াছিল।৩৬

মাতা কৃতঘ্নাতির নবজাত পুত্রের প্রতি মোহজনক স্নেহের উদয় হইয়াছিল এবং পুত্রকামনায় তাঁহার সপত্নীগণের মনস্তাপ জন্মিয়াছিল।৩৭

তৎকালে সর্বদা পুত্রের লালনকার্য্যে আসক্ত চিত্রকেতুর পুত্রবতী মহিষীর প্রতি যেরূপ প্রীতি

তাঃ পর্য্যতপ্যদাত্মানং গর্হয়ন্ত্যোঽভ্যসূয়য়া।
আনপত্যেন দুঃখেন রাজ্ঞশ্চানাদরেণ চ ॥৩৯
ধিগপ্রজাং স্ত্রিয়ং পাপাং পত্যুশ্চাগৃহসম্মতাম্।
স্বপ্রজাভিঃ সপত্নীভির্দাসীমিব তিরস্কৃতাম্ ॥৪০
দাসীনাং কো নু সন্তাপঃ স্বামিনঃ পরিচর্য্যয়া।
অভীক্ষ্ণং লব্ধমানানাং দাস্যা দাসীব দুর্ভগাঃ ॥৪১
এবং সন্দহ্যমানানাং সপত্ন্যাঃ পুত্রসম্পদা।
রাজ্ঞোঽসম্মতবৃত্তীনাং বিদ্বেষো বলবানভূৎ ॥৪২

বিদ্বেষনষ্টমতয়ঃ স্ত্রিয়ো দারুণচেতসঃ।
গরং দদুঃ কুমারায় দুর্ম্মর্ষা নৃপতিং প্রতি ॥৪৩
কৃতত্যাতিরজানন্তী সপত্নীনামঘং মহৎ।
সুপ্ত এবেতি সঞ্চিন্ত্য নিরীক্ষ্য ব্যচরদ্ গৃহে ॥৪৪
শয়ানং সুচিরং বালমুপধার্য্য মনীষিণী।
পুত্রমানয় মে ভদ্রে ইতি ধাত্রীমচোদয়ৎ ॥৪৫

আনপত্যেন অপুত্রত্ব-নিমিত্তেন দুঃখেন, তথা রাজ্ঞঃ অনাদরেণ চ তাঃ প্রজাবহিতাঃ পত্ন্যঃ আত্মানং গর্হয়ন্ত্যঃ অভ্যসূয়য়া সপত্নীনাং দোষারোপেণ পর্য্যতপ্যন্ ॥৩৯

স্বপ্রজাভিঃ সপত্নীভিঃ দাসীন্ ইব তিরস্কৃতাং পত্যুঃ অগৃহ-সম্মতাম্ (ন গৃহে সম্মতাং ন বহুমতাং) অপ্রজাং পাপাং স্ত্রিয়ং ধিক্ ॥৪০

স্বামিনঃ পরিচর্য্যয়া অভীক্ষ্ণং লব্ধমানানাং দাসীনাং কঃ নু সন্তাপঃ ? বরং তু দাস্যাঃ দাসীব অভীব দুর্ভগাঃ ॥৪১

সপত্ন্যাঃ পুত্রসম্পদা এবং সংদহ্যমানানাং তথা রাজ্ঞঃ অসম্মত-বৃত্তীনাং (ন সম্মতা বৃত্তিঃ জীবনং যাসাং তাসাং) পুত্রে বলবান্ বিদ্বেষঃ অভূৎ ॥৪২

বিদ্বেষেণ নষ্টা মতিঃ যাসাং তাঃ দারুণ-চেতসঃ তাঃ স্ত্রিয়ঃ নৃপতিং প্রতি দুর্ম্মর্ষাঃ সত্যঃ কুমারায় গরং বিষং দদুঃ ॥৪৩

সপত্নীনাং মহৎ অঘং বিদ্বেষরূপম্ অপরাধম্ অজানন্তী কৃতত্যাতিঃ বালকঃ সুপ্তঃ এব ইতি সংচিন্ত্য তং প্রতি নিরীক্ষ্য চ গৃহে ব্যচরৎ ॥৪৪

বালং সুচিরং দীর্ঘকালং শয়ানম্ উপধার্য্য জ্ঞাত্বা মনীষিণী কৃতত্যাতিঃ, ভদ্রে ! মে পুত্রম্ আনয় । ইতি ধাত্রীং

জন্মিয়াছিল, অপর ভার্য্যাগণের প্রতি সেরূপ প্রীতি ছিল না ।৩৮

এ অবস্থায় রাজার অপর ভার্য্যাগণ নিজেদের নিন্দা করিতে করিতে—অসূয়া, পুত্রসন্তানের অভাবজনিত দুঃখ এবং রাজার অনাদরহেতু সর্বদা এরূপ পরিতাপ করিতেছিলেন ।৩৯

হায় ! নিঃসন্তানা নারী বস্তুতই পাপীয়সী, তাহাকে ধিক্ । স্বামী তাহাকে ভার্য্যারূপে গণ্য করে না এবং পুত্রবতী সপত্নীগণ তাহার প্রতি দাসীর ন্যায় অনাদরই প্রকাশ করে । বস্তুতঃ দাসীগণ প্রভুর পরিচর্য্যাদ্বারা সর্বদা তাহাদের নিকট আদরই পাইয়া থাকে, অতএব তাহাদের কোনরূপ সন্তাপ ঘটে না, পরন্তু আমরা দাসীর ন্যায় দুর্ভগা ।৪০-৪১

তাহারা সপত্নীর পুত্রসম্পদ্ দর্শন করিয়া সর্বদা এরূপ চিত্তদাহ অনুভব করিতেছিল এবং রাজার নিকটও তাহাদের জীবন অবাঞ্ছিত হইয়াছিল । এ অবস্থায় তাহাদের চিত্তে প্রবল বিদ্বেষের সঞ্চার হইল ।৪২

এইরূপ বিদ্বেষবশতঃ বুদ্ধিনাশ এবং চিত্তে নিষ্ঠুরতার উদয় হইলে তাহারা রাজার সুখের প্রতিও অসহিষ্ণু হইয়া একদা কুমারকে বিষ প্রদান করিয়াছিল ।৪৩

তৎকালে মহিষী কৃতত্যাতি সপত্নীগণের এই ঘোরতর পাপকর্মের কিছুই জানিতে না পারিয়া পুত্রকে দেখিয়াও—সে নিদ্রা যাইতেছে মনে করিয়া নিজ গৃহমধ্যেই ইতস্ততঃ বিচরণ করিতে লাগিলেন ।৪৪

অনন্তর—পুত্র দীর্ঘকাল নিদ্রা গিয়াছে, আর নিদ্রার প্রয়োজন নাই এরূপ মনে করিয়া বুদ্ধিমতী কৃতত্যাতি ধাত্রীকে সম্বোধনপূর্বক—'হে ভদ্রে ! আমার পুত্রকে এখানে লইয়া আস' এরূপ নির্দেশ দান করিয়াছিলেন ।৪৫

সা শয়ানমুপব্রজ্য দৃষ্ট্বা চোত্তারলোচনম্।
প্রাণেন্দ্রিয়াত্মভিস্ত্যক্তং হতাস্মীত্যপতদ্ভুবি ॥৪৬

তস্যাস্তদাকর্ণ্য ভৃশাতুরং স্বরং
ধাত্র্যাঃ করাভ্যামুর উচ্চকৈরপি।
প্রবিশ্য রাজ্ঞী ত্বরয়াত্মজান্তিকং
দদর্শ বালং সহসা মৃতং সুতম্ ॥৪৭

পপাত ভূমৌ পরিরুদ্ধয়া শুচা
মুমোহ বিভ্রষ্টশিরোরুহাম্বরা ॥৪৮

ততো নৃপান্তঃপুরবর্ত্তিনো জনা
নরাশ্চ নার্য্যশ্চ নিশম্য রোদনম্।
আগত্য তুল্যব্যসনাঃ সুদুঃখিতা-
স্তাশ্চ ব্যলীকং রুরুদুঃ কৃতাগসঃ ॥৪৯

শ্রুত্বা মৃতং পুত্রমলক্ষিতান্তকং
বিনষ্টদৃষ্টিঃ প্রপতন্ স্খলন্ পথি।
স্নেহানুবন্ধৈধিতয়া শুচা ভৃশং
বিমূর্চ্ছিতোঽনুপ্রকৃতিদ্বিজৈর্বৃতঃ ॥৫০

স্তনদায়িনীম্ আচোদয়ৎ ॥৪৫

সা ধাত্রী শয়ানং বালম্ উপব্রজ্য উত্তার-লোচনং (উৎপতে তারকে কনীনিকে যয়োঃ তে লোচনে যস্য তথাভূতং) প্রাণেন্দ্রিয়াত্মভিঃ তাক্তং বহির্গতং চ দৃষ্ট্বা হতাস্মি ইতি ব্রুবাণা ভুবি অপতৎ ॥৪৬

করাভ্যাম্ উরঃ যস্যাঃ তস্যা ধাত্র্যাঃ তৎ ভৃশাতুরম্ অতিব্যাকুলম্ উচ্চৈঃ স্বরম্ আকর্ণ্য রাজ্ঞী ত্বরয়া আত্মজান্তিকং প্রবিশ্য সহসা আকস্মিকেন বালং সুতং মৃতং দদর্শ ॥৪৭

দৃষ্ট্বা চ পরিরুদ্ধয়া শুচা শোকেন বিভ্রষ্টশিরোরুহাম্বরা (বিভ্রষ্টাঃ বিকীর্ণাঃ শিরোরুহাঃ অম্বরে চ যস্যাঃ সা) জননী ভূমৌ পপাত। ততঃ চ হে নৃপ! অন্তঃপুরবর্ত্তিনঃ নরাঃ নার্য্যঃ চ সর্ব্বে জনাঃ রোদনং নিশম্য শ্রুত্বা তত্র আগত্য রুরুদুঃ. তথা কৃতাগসঃ কৃতাপরাধাঃ স্ত্রিয়শ্চাপি তুল্যব্যসনাঃ (তুল্যং ব্যসনং যাসাং তাঃ) সুদুঃখিতাঃ তাঃ অপি ব্যলীকং মিথ্যৈব রুরুদুঃ ॥৪৮-৪৯

অলক্ষিতান্তকং (অলক্ষিতঃ অন্তকঃ মৃত্যুঃ যস্য তং) পুত্রং মৃতং শ্রুত্বা বিনষ্ট-দৃষ্টিঃ (বিনষ্টা দৃষ্টিঃ যস্য সঃ) অনুপ্রকৃতিঃ (অনুগতাঃ প্রকৃতয়ঃ অমাত্যাদয়ঃ যস্য সঃ) দ্বিজৈঃ বৃতঃ চিত্রকেতুঃ স্নেহানুবন্ধৈধিতয়া শুচা শোকেন ভৃশম্ অত্যন্তং বিমূর্চ্ছিতঃ সন্ পথি স্খলন্ প্রপতন্ এব তত্র আগত্য ॥৫০

মহিষীর নির্দ্দেশে ধাত্রী কুমারের নিকট গমন করিয়া, তাহার নেত্রযুগলের তারকা ঊর্দ্ধগত এবং দেহটি প্রাণ, ইন্দ্রিয়বর্গ ও জীবকর্ত্তৃক পরিত্যক্ত দেখিয়া—'হায়! আমি প্রাণহারা হইলাম' বলিয়াই ভূতলে পতিত হইয়াছিল।৪৬

অনন্তর ধাত্রী নিজ করযুগলদ্বারা বক্ষঃস্থলে আঘাত করিতে করিতে উচ্চস্বরে অতিশয় আর্ত্তনাদ আরম্ভ করিলে রাজমহিষী সত্বর পুত্রের নিকটে যাইয়া দেখিলেন—বালকটি অকস্মাৎ মৃত্যুমুখে পতিত হইয়াছে।৪৭

অনন্তর তিনি ভূতলে পতিত হইয়াই শোকবশতঃ মূর্চ্ছাগ্রস্তা হইলেন এবং তৎকালে তাঁহার কেশরাশি ও বস্ত্র স্খলিত হইয়া পড়িল।৪৮

অনন্তর রাজার অন্তঃপুরবাসী নরনারীগণ সকলে সেই ক্রন্দন শ্রবণ করিয়া সেখানে আসিয়া সমবেদনায় অতিশয় দুঃখিতচিত্তে রোদন করিয়াছিল এবং অপরাধিনী সেই রাজপত্নীগণও তৎকালে কপটরোদনে প্রবৃত্ত হইয়াছিল।৪৯

অনন্তর অজ্ঞাতকারণে পুত্রের মৃত্যু হইয়াছে ইহা শ্রবণ করিয়া চিত্রকেতুর দৃষ্টিশক্তি লোপ পাইয়াছিল, এ অবস্থায় প্রবল স্নেহবশতঃ উত্তরোত্তর শোকবেগ বর্দ্ধিত হইলে তিনি বার বার মূর্চ্ছা যাইতেছিলেন এবং অমাত্যগণ তাঁহার অনুগমন করিলে তিনি ব্রাহ্মণগণ কর্ত্তৃক বেষ্টিত হইয়া পথমধ্যে কখনও পতিত, কখনও বা স্খলিত হইতে হইতে সেখানে আসিয়া মৃত পুত্রের পদমূলে পতিত হইয়াছিলেন। তৎকালে তাঁহার কেশ ও বস্ত্র

পপাত বালস্য স পাদমূলে
মৃতস্য বিস্রস্তশিরোরুহাম্বরঃ।
দীর্ঘং শ্বসন্ বাষ্পকলোপরোধতো
নিরুদ্ধকণ্ঠো ন শশাক ভাষিতুম্ ॥৫১
পতিং নিরীক্ষ্যোরুশুচার্পিতং তদা
মৃতঞ্চ বালং সুতমেকসন্ততিম্।
জনস্য রাজ্ঞী প্রকৃতেশ্চ হৃদ্রুজং
সতী দধানা বিললাপ চিত্রধা ॥৫২
স্তনদ্বয়ং কুঙ্কুমপঙ্কমণ্ডিতং
নিষিঞ্চতী সাঞ্জনবাষ্পবিন্দুভিঃ।
বিকীর্য্য কেশান্ বিগলৎস্রজঃ সুতং
শুশোচ চিত্রং কুররীব সুস্বরম্ ॥৫৩
অহো বিধাতস্ত্বমতীব বালিশো
যস্ত্বাত্মসৃষ্ট্যপ্রতিরূপমীহসে।
পরে সু জীবত্যপরস্য যা মৃতি-
র্বিপর্য্যয়শ্চেৎ ত্বমসি ধ্রুবঃ পরঃ ॥৫৪
নহি ক্রমশ্চেদিহ মৃত্যুজন্মনোঃ
শরীরিণামস্ত তদাত্মকর্ম্মভিঃ।
যঃ স্নেহপাশো নিজসর্গবৃদ্ধয়ে
স্বয়ং কৃতস্তে তমিমং বিবৃশ্চসি ॥৫৫

মৃতস্য বালস্য পাদমূলে পপাত। বিস্রস্তশিরোরুহাম্বরঃ (বিস্রস্তাঃ বিকীর্ণাঃ শিরোরুহাঃ অম্বরে চ যস্য তথাবিধঃ) সঃ রাজ্ঞী দীর্ঘং শ্বসন্ বাষ্প-কলোপরোধতঃ (বাষ্পকলাভিঃ অশ্রু-বিন্দুভিঃ উপরোধতঃ সংবৃত্তেন নিরুদ্ধঃ কণ্ঠঃ যস্য) সঃ তথাবিধঃ সন্ ভাষিতুং কিঞ্চিৎ বক্তুং ন শশাক ॥৫১

উরু-শুচার্পিতং তীব্রশোকেন ব্যাপ্তং পতিম্, একসন্ততিং (একম্ এব সন্ততিরপং) বালং সুতং চ মৃতং নিরীক্ষ্য তদা রাজ্ঞী অন্তঃপুরজনস্য প্রকৃতেঃ অমাত্যাদেঃ চ হৃদ্রুজং শোকং দধানা সতী চিত্রধা বিললাপ ॥৫২

অঞ্জনবাষ্পবিন্দুভিঃ (অঞ্জনৈঃ বাষ্পবিন্দুভিঃ) কুঙ্কুম-পঙ্কমণ্ডিতং স্তনদ্বয়ং নিষিঞ্চতী সা কৃতদ্যুতিঃ বিগলৎস্রজঃ (বিগলন্ত্যাঃ স্রজঃ যেন তান্) কেশান্ বিকীর্য্য সুস্বরং চিত্রং যথা ভবতি তথা কুররী ইব সুতং শুশোচ চ ॥৫৩

অহো আশ্চর্য্যম্! হে বিধাতঃ! ত্বম্ অতীব বালিশঃ অবিমৃষ্যকারী এব। যতঃ ত্বম্ আত্মসৃষ্টেঃ অপ্রতিরূপং প্রতিকূলম্ ঈহসে চেষ্টসে। যতঃ পরে বৃদ্ধে জীবতি সতি অপরস্য বালস্য যা মৃতিঃ তৎ এবং বিপর্য্যয়ঃ বিপরীতঃ ত্বম্ অসি চেৎ, অতঃ প্রাণিনাং ত্বম্ এব ধ্রুবঃ নিশ্চিতঃ পরঃ শত্রুঃ অসি ॥৫৪

ইহ মৃত্যুজন্মনোঃ কশ্চিৎ ক্রমঃ ন হি বিদ্যতে, শরীরিণাম্ আত্ম-কর্ম্মভিঃ এব তৎ জন্মাদিকম্ অস্ত ইতি চেৎ, তদা নিজ-সর্গবৃদ্ধয়ে যঃ স্নেহপাশঃ তে ত্বয়া কৃতঃ, তম্ ইমং পাশং ত্বং স্বয়ম্ এব বিবৃশ্চসি ছিনৎসি ॥৫৫

স্খলিত হইয়া পড়িল এবং অশ্রুবিন্দুসমূহদ্বারা কণ্ঠ অবরুদ্ধ হইলে তিনি কোন কথা বলিতে না পারিয়া কেবলমাত্র দীর্ঘশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥৫০-৫১

তৎকালে মহিষী কৃতদ্যুতি নিজ পতিকে গুরুতর শোকাক্রান্ত এবং একমাত্র সন্তান শিশুপুত্রটিকে মৃত দেখিয়া অমাত্যপ্রমুখ প্রকৃতিবর্গ ও অপর সকল লোকের মনস্তাপ সৃষ্টি করিয়া নানারূপ বিলাপ করিতে লাগিলেন ॥৫২

তৎকালে তিনি কুঙ্কুমপঙ্কলিপ্ত নিজ স্তনযুগলকে অঞ্জনরঞ্জিত অশ্রুবিন্দুরাশিদ্বারা সিক্ত করিতেছিলেন এবং মাল্যবেষ্টন স্খলিত হইলে উন্মুক্ত কেশরাশি ইতস্ততঃ বিক্ষিপ্ত করিয়া পুত্রের উদ্দেশ্যে কুররীর ন্যায় উচ্চকণ্ঠে বিচিত্র বিলাপ করিয়াছিলেন ॥৫৩

অহো বিধাতঃ! তুমি অতিশয় অজ্ঞ বলিয়াই নিজেই নিজের সৃষ্টির প্রতিকূল আচরণ করিতেছ। যেহেতু সৃষ্টিকার্যে অনুপযোগী বৃদ্ধ পিতা জীবিত থাকিতেছে, অথচ ভবিষ্যৎ সৃষ্টির উপযোগী বালক পুত্রের মৃত্যু হইতেছে—ইহাই বিপরীত ঘটনা (ইহাতে পরিণামে তোমার সৃষ্টিলোপ অবশ্যম্ভাবী) আর যদি স্বভাবতই তোমার আচরণ এরূপ বিপরীত হয়, তাহা হইলে তুমি প্রাণিগণের দুঃখদাতা চিরশত্রু, পরম দয়ালু নহ ॥৫৪

তোমার সৃষ্ট জগতে মৃত্যু ও জন্মের যদি কোন ক্রম না থাকে অর্থাৎ পুত্র জীবিত থাকিতেই

তং তাত নার্হসি চ মাং কৃপণামনাথাং
ত্যক্তুং বিচক্ষ্ব পিতরং তব শোকতপ্তম্।
অস্মস্তরেম ভবতাপ্রজদুস্তরং যদ্
ধ্বান্তং ন ঘাহ্যকরুণেন যমেন দূরম্ ॥৫৬
উত্তিষ্ঠ তাত ত ইমে শিশবো বয়স্যা-
স্ত্বামাহ্বয়ন্তি নৃপনন্দন সংবিহর্ত্তুম্।
সুপ্তশ্চিরং ক্ষপনয়া চ লবান্ পরীতো
ভুঙ্ক্ষ্ব স্তনং পিব শুচো হর নঃ স্বকানাম্ ॥৫৭

হে তাত! কৃপণাং দীনাম্ অনাথাং মাং ত্যক্তুং ত্বং ন অর্হসি। তব শোকেন তপ্তং পিতরং চ বিচক্ষ্ব পশ্য। ভবতা পুত্রেণ অপ্রজদুস্তরং (অপ্রজানাং দুস্তরং) যৎ ধ্বান্তং নরকদুঃখং তৎ অস্মাঃ অনায়াসেন এব বয়ং তরেম। অকরুণেন যমেন সহ দূরং ন যাহি ॥৫৬

হে তাত! ত্বং চিরং বহুকালং সুপ্তঃ, ইদানীম্ উত্তিষ্ঠ। তে তব ইমে বয়স্যাঃ শিশবঃ বালাঃ, হে নৃপনন্দন! সংবিহর্ত্তুং ত্বাম্ আহ্বয়ন্তি আকারয়ন্তি। ভবান্ অশনয়া চ ক্ষুধয়া চ পরীতঃ ব্যাপ্তঃ, অতঃ অস্মৎ ভুঙ্ক্ষ্ব স্তনং পিব। স্বকানাং নঃ অস্মাকং শোকান্ হর অপনয় ॥৫৭

পিতার মৃত্যু হইবে এবং পিতা জীবিত থাকিতেই পুত্রের জন্ম হইবে—যদি এরূপ নিয়ম না থাকে, তাহা হইলে জীবগণের নিজ নিজ কর্মানুসারেই যে কোন সময়ে জন্ম মৃত্যু হউক, তোমাদ্বারা প্রয়োজন কি? আর যদি বল, অধ্যক্ষ ঈশ্বর না থাকিলে কেবলমাত্র জড় কর্মদ্বারা জন্মমরণাদি নিষ্পাদিত হইতে পারে না, তাহা হইলে বলিব তুমি নিজ সৃষ্টি-বৃদ্ধির জন্য যে স্নেহপাশ রচনা করিয়াছ, সম্প্রতি নিজ কার্যদ্বারা স্বয়ংই উহার ছেদন করিতেছ (অতঃপর এ অবস্থা দেখিয়া আর কেহই পুত্রাদির প্রতি স্নেহ করিবে না) ।৫৫

(অনন্তর পুত্রকে সম্বোধন করিয়া বলিলেন) হে বৎস! আমি দুঃখাতুরা অসহায়া, আমাকে পরিত্যাগ করা তোমার সঙ্গত কার্য নহে। তোমার

নাহং তনূজ দদৃশে হতমঙ্গলা তে
মুগ্ধস্মিতং মুদিতবীক্ষণমাননাব্জম্।
কিং বা গতোঽস্য পুনরধ্বয়মন্যলোকং
নীতোঽয়নেন ন শৃণোমি কলা গিরস্তে ॥৫৮

শ্রীশুক উবাচ।

বিলপন্ত্যা মৃতং পুত্রমিতি চিত্রবিলাপনৈঃ।
চিত্রকেতুর্ভৃশং তপ্তো মুক্তকণ্ঠো রুরোদ হ ॥৫৯

হে তনূজ! হে পুত্র! অয়নেন নির্দয়েন যমেন নীতঃ ত্বম্ অপুনরধ্বয়ং পুনরাগমনং যথা ন ভবতি তথা অন্যলোকং যমলোকং বা কিং গতঃ অসি? অহো! হতমঙ্গলা অহং ত্বৎপার্শ্বম্ আগতাপি মুগ্ধস্মিতং (মুগ্ধম্ অল্পং স্মিতং যস্মিন্ তৎ) মুদিতং বীক্ষণং যস্মিন্ তৎ তে তব আননাব্জং মুখকমলং ন দদৃশে ন পশ্যামি তথা কলাঃ মধুরাঃ গিরঃ চ ন শৃণোমি ॥৫৮

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং চিত্র-বিলাপনৈঃ মৃতং পুত্রং বিলপন্ত্যাঃ দদ্ব্যাঃ তস্ত্র্যা চিত্রকেতুঃ কৃশঃ, অত্যর্থং তপ্তঃ অতঃ মুক্তকণ্ঠঃ সন্ রুরোদ ॥৫৯

শোকসন্তপ্ত পিতার প্রতি দৃষ্টিপাত কর। আমরা তোমার সাহায্যেই অপুত্রক জনগণের পক্ষে যাহা দুস্তর, সেই নরক অনায়াসে উত্তীর্ণ হইতে আশা করিতেছি, অতএব তুমি নিষ্ঠুর যমের সহিত দূরে চলিয়া যাইও না ।৫৬

হে বৎস! তুমি উঠ। হে রাজনন্দন! তোমার চিরসঙ্গী বালক বয়স্যগণ খেলার জন্য তোমাকে আহ্বান করিতেছে। তুমি অনেক কাল নিদ্রিত থাকায় ক্ষুধায় কাতর হইয়াছ, অতএব আহার ও স্তন পান কর। আমরা তোমার আত্মীয় বলিয়া আমাদের শোক দূর কর ।৫৭

হে পুত্র! আমি এখানে প্রবেশ করিয়াই তোমার মুখপদ্মের মনোরম মৃদুহাস্য ও নয়নযুগলের প্রফুল্লভাব দেখিতে পাই নাই এবং এখনও তোমার

তয়োর্বিলপতোঃ সর্ব্বে দম্পত্যোস্তদনুব্রতাঃ।
রুরুদুঃ স্ম নরা নার্য্যঃ সর্ব্বমাসীদচেতনম্ ॥৬০
এবং কশ্মলমাপন্নং নষ্টসংজ্ঞমনায়কম্।
জ্ঞাত্বাঙ্গিরা নাম ঋষিরাজগাম সনারদঃ ॥৬১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪

দম্পত্যোঃ তয়োঃ এবং বিলপতোঃ সতোঃ তদনুব্রতাঃ অন্যান্যাদরঃ নরাঃ নার্য্যঃ চ রুরুদুঃ। তথা সর্ব্বম্ এব নগরম্ অচেতনম্ আসীৎ ॥৬০

এবং সর্ব্বং জনং কশ্মলং মোহম্ আপন্নং প্রাপ্তম্ অতএব নষ্টসংজ্ঞং হতচেতনং তথা অনায়কং প্রতিবোধকরহিতং জ্ঞাত্বা সনারদঃ নারদেন সহিতঃ অঙ্গিরা নাম ঋষিঃ তত্র আজগাম ॥৬১

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীধরস্বামিকৃতায়াং চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥

শ্রুতিমধুর অব্যক্ত ভাষা শুনিতে পাইতেছি না। তাহা হইলে—বেস্থান হইতে লোকের আর ইহলোকে প্রত্যাগমন হয় না, নিষ্ঠুর যম কি তোমাকে সেই লোকান্তরেই লইয়া গিয়াছে ?৫৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মহিষী কৃতদ্যুতি মৃত পুত্রের উদ্দেশে এরূপ বিচিত্র বিলাপ-বাক্য প্রয়োগ করিয়া বিলাপময়ী হইলে চিত্রকেতু অতিশয় দুঃখসন্তপ্ত হইয়া মুক্তকণ্ঠে ক্রন্দন করিয়াছিলেন।৫৯

হে মহারাজ! তৎকালে স্ত্রী ও স্বামী উভয়ে এইরূপ বিলাপরত হইলে তাঁহাদের অনুগত নরনারী সকলেই রোদন করিতে লাগিল এবং পরে সকলেই অচেতন হইয়া পড়িয়াছিল।৬০

অনন্তর ভগবান্ অঙ্গিরা ঋষি তাঁহাদের সকলকে এরূপ বিপত্তিগ্রস্ত, অচেতন ও রক্ষকশূন্য জানিতে পারিয়া দেবর্ষি শ্রীনারদের সহিত তথায় আগমন করিলেন।৬১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত-বঙ্গভাষানুবাদসহিত
চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চদশঃ অধ্যায়ঃ

[চিত্রকেতবে নারদাঙ্গিরসোরুপদেশদানম্ ।]

শ্রীশুক উবাচ ।

উচতুর্মৃতকোপান্তে পতিতং মৃতকোপমম্ ।
শোকাভিভূতং রাজানং বোধয়ন্তৌ সদুক্তিভিঃ ॥১

কোঽয়ং স্যাৎ তব রাজেন্দ্র ভবান্ যমনুশোচতি ।
ত্বকাস্য কতমঃ স্বত্বে পুরেদানীমতঃ পরম্ ॥২

যথা প্রয়ান্তি সংযান্তি স্রোতোবেগেন বালুকাঃ ।
সংযুজ্যন্তে বিযুজ্যন্তে তথা কালেন দেহিনঃ ॥৩

যথা ধানাসু বৈ ধানা ভবন্তি ন ভবন্তি চ ।
এবং ভূতানি ভূতেষু চোদিতানীশমায়য়া ॥৪

বয়ঞ্চ ত্বঞ্চ যে চেমে তুল্যকালাশ্চরাচরাঃ
জন্মমৃত্যোর্যথা পশ্চাৎ প্রাঙ্নৈবমধুনাপি তোঃ ॥৫

ভূতৈর্ভূতানি ভূতেশঃ সৃজত্যবতি হন্তি চ ।
আত্মসৃষ্টৈরসতন্ত্রৈরনপেক্ষোঽপি বালবৎ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ । শোকাভিভূতং শোকেন অচেতনীকৃতং মৃতকোপান্তে নব-নরীপে মৃতকোপমং পতিতং রাজানং সদুক্তিভিঃ বোধয়ন্তৌ নারদাঙ্গিরসৌ উচতুঃ ॥১

হে রাজেন্দ্র । ভবান্ যম্ অনুশোচতি, সঃ অয়ং স্বত্বে ব্রহ্ম-কৃতপ্রজাসর্গপাত্রাং পুরা ইদানীম্ অতঃ পরং বা তব কঃ স্যাৎ, ত্বং চ অস্য কতমঃ অসি ॥২

যথা স্রোতসঃ প্রবাহস্য বেগেন বালুকাঃ প্রযান্তি বিযুজ্যন্তে সংযান্তি সংযুজ্যন্তে, তথা কালেন কালবেগেন দেহিনঃ জীবাঃ, অপি সংযুজ্যন্তে বিযুজ্যন্তে চ ॥৩

যথা ধানাসু যবাদিবীজেষু ধানাঃ বীজান্তরাণি ক্বচিৎ কদাচিৎ ভবন্তি, কদাচিৎ ন ভবন্তি ন উৎপদ্যন্তে, উৎপন্নাঃ অপি নশ্যন্তি, এবম্ ঈশ-মায়য়া (ঈশস্য মায়য়া ঈশ্বরস্য) চোদিতানি প্রেরিতানি ভূতানি পুত্রাদিরূপাণি ভূতেষু পিত্রাদিষু ভবন্তি ন ভবন্তি । ভূতানি উৎপন্নানি অপি নশ্যন্তি চ ॥৪

তুল্যকালাঃ বর্তমান-কালীনাঃ বয়ং চ ত্বং চ যে চ ইমে অন্যে

পঞ্চদশ অধ্যায়

[নারদ ও অঙ্গিরা মুনিকর্তৃক চিত্রকেতুকে উপদেশদান]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ ! মহর্ষি অঙ্গিরা ও দেবর্ষি শ্রীনারদ মৃত পুত্রের নিকট পতিত ও শোকে অভিভূত মৃততুল্য রাজা চিত্রকেতুকে নানারূপ সদ্‌বাক্যদ্বারা প্রবোধ দান করিয়া এরূপ বলিয়াছিলেন ।১

হে রাজেন্দ্র ! তুমি সম্প্রতি যাহার জন্য শোক প্রকাশ করিতেছ, বাস্তব বিচারে পূর্বজন্মে, বর্তমান জন্মে এবং ভবিষ্যৎ জন্মে সে তোমার কে ? আর তুমিই বা তাহার কে ?২

স্রোতের বেগে বালুকারাশির যেরূপ পরস্পর সংযোগ ও বিয়োগ ঘটে, সেরূপ জীবগণও কালের প্রভাবে পরস্পর সংযুক্ত এবং পৃথক্ হইয়া থাকে ।৩

বীজসমূহের মধ্যে যেরূপ কোন বীজ হইতে বীজান্তর উৎপন্ন হয়, কোন বীজ হইতে হয় না, আবার কোন বীজ হইতে তাহা হইয়াও নষ্ট হইয়া যায়, সেরূপ পিত্রাদিরূপে পরিচিত কোন জীব হইতে পুত্রাদিরূপে কদাচিৎ অন্য জীবের উৎপত্তি হয়, কখনও বা হয় না, আবার কখনও বা উৎপত্তি হইলেও পশ্চাৎ বিনাশ হইতে দেখা যায় । বস্তুতঃ ঈশ্বরের মায়ার প্রেরণায়ই এই সকল ঘটে বলিয়াই ইহার কোন সত্যতা নাই ।৪

হে মহারাজ ! আমরা, তুমি, অথবা সমকালীন এই স্থাবর জঙ্গম পদার্থসমূহ—ইহাদের কেহই যেরূপ উৎপত্তির পূর্বে ছিল না, মৃত্যুর পরেও থাকিবে না, সেরূপ বর্তমানেও ইহাদের কাহারও কোন বাস্তব সত্তা নাই, (পরন্তু স্বপ্নদৃষ্ট পদার্থের

দেহেন দেহিনো রাজন্ দেহাদ্দেহোঽভিজায়তে।
বীজাদেব যথা বীজং দেহ্যর্থ ইব শাশ্বতঃ ॥৭
দেহদেহিবিভাগোঽয়মবিবেককৃতঃ পুরা।
জাতিব্যক্তিবিভাগোঽয়ং যথা বস্তুনি কল্পিতঃ ॥৮

শ্রীশুক উবাচ।

এবমাশ্বাসিতো রাজা চিত্রকেতুর্দ্বিজোক্তিভিঃ।
বিমৃজ্য পাণিনা বক্ত্রমাধিম্লানমভাষত ॥৯

চরাচরাঃ তে সর্বে যথা জন্মনঃ প্রাক্ মৃত্যোঃ পশ্চাৎ চ ন সন্তি অতঃ হে প্রভো! এতে সর্বে অপি শোচ্যাঃ ॥৫

আত্মসৃষ্টৈঃ অতএব অবতন্ত্রৈঃ স্বকর্মভূতৈঃ পঞ্চমহাভূতকার্যৈঃ পিত্রাদিভিঃ ভূতানি পুত্রাদীন্ ভূতেশঃ জগদীশ্বরঃ অজঃ ভগবান্ অনপেক্ষঃ প্রয়োজন-রহিতঃ অপি বলবৎ লীলয়া এব সৃজতি অবতি পালয়তি তথা হরতি চ ॥৬

হে রাজন্। (পিতুঃ) দেহেন (সংযুক্তাৎ মাতুঃ) দেহাৎ দেহিনঃ পুত্রস্য দেহঃ অভিজায়তে প্রাদুর্ভবতি। যথা বীজাৎ এব বীজং বীজান্তরং জায়তে, তথা দেহী জীবঃ তু অর্থঃ ইব

শাশ্বতঃ নিত্যঃ এব ॥৭

অয়ং জাতি-ব্যক্তি-বিভাগঃ (জাতিঃ গোত্বাদি সামান্যং, ব্যক্তিঃ গবাদি-পিণ্ডবিশেষঃ, তয়োঃ বিভাগঃ) যথা বস্তুনি সন্মাত্রে কল্পিতঃ, তথা অয়ং দেহদেহি-বিভাগঃ দেহদেহিনোঃ ভেদঃ পুরা অনাদিঃ অবিবেক-কৃতঃ অজ্ঞান-কল্পিতঃ ॥৮

শ্রীশুকঃ উবাচ। দ্বিজোক্তিভিঃ এবম্ আশ্বাসিতঃ প্রতিবোধিতঃ রাজা চিত্রকেতুঃ আধিনা ম্লানং বক্ত্রং পাণিনা বিমৃজ্য অভাষত ॥৯

ন্যায় ইহাদের সকলেরই প্রতীতি অসত্য বলিয়া সকল পদার্থই শোচনীয় (এ অবস্থায় একমাত্র পুত্রই তোমার শোকের বিষয় হইতে পারে না)।৫

(যদি সকল পদার্থই অসত্য হয়, তাহা হইলে ইহাদের প্রতীতি এবং 'এই ব্যক্তি আমার পুত্র' ইত্যাদি অভিমান কিরূপে সঙ্গত হয়? এরূপ আশঙ্কার উত্তর বলিতেছেন) ভূতগণের ঈশ্বর পূর্ণকাম বলিয়া সৃষ্টিপ্রভৃতি কার্যের ফলাকাঙ্ক্ষী না হইলেও বালকের ন্যায় লীলাচ্ছলেই নিজ মায়ারচিত পরতন্ত্র ভূতসমূহদ্বারাই ভূতসমূহের সৃষ্টি, পালন ও সংহার করেন (অর্থাৎ কাহারও দ্বারা কাহারও সৃষ্টি, কাহারও দ্বারা কাহারও পালন এবং কাহারও দ্বারা কাহারও সংহার করিতেছেন। বস্তুতঃ ঐ সমুদয় কার্য তাঁহার মায়াবলেই সাধিত হইতেছে বলিয়া এ বিষয়ে বাস্তব বিচারে কোনরূপ অসঙ্গতি ঘটিতে পারে না)।৬

(দেহেরই জন্মাদি ব্যবহার-প্রসিদ্ধ, পরন্তু দেহীর নহে—ইহাই বলিতেছেন) হে মহারাজ। বীজ হইতে যেরূপ অপর বীজই উৎপন্ন হয়, সেরূপ পিতৃপ্রভৃতি দেহধারী ব্যক্তির দেহদ্বারা মাতৃপ্রভৃতি দেহধারীর অপর ব্যক্তির দেহ হইতে পুত্রাদি দেহ-

---

দেহই উৎপন্ন হইতেছে, বীজের উৎপত্তিস্থলে ভূমির যেরূপ কোন পরিবর্তন ঘটে না, এস্থলেও তদ্রূপ দেহসৃষ্টিব্যাপারে দেহী আত্মা কোনরূপ অবস্থান্তর প্রাপ্ত হয় না।৭

(দেহ আছে বলিয়াই জীবকে দেহী বলা হয়, এ অবস্থায় দেহ যদি নশ্বর হয়, তাহা হইলে দেহী আত্মাও অর্থাধীন নশ্বরই হইয়া পড়ে, উহাকে কিরূপে শাশ্বত বলা যায়? এরূপ আশঙ্কার উত্তরে বলিতেছেন) হে মহারাজ। একমাত্র সৎস্বরূপ অদ্বিতীয় ব্রহ্মবস্তুতে—মনুষ্যত্বাদি জাতি এবং মনুষ্যাদি-রূপ ব্যক্তির ভেদ যেরূপ অজ্ঞান বা মায়ারই কল্পনামাত্র, সেরূপ সেই ব্রহ্মবস্তুতেই দেহ ও দেহী—এরূপ ভেদ অজ্ঞান কর্তৃকই অনাদি কাল হইতে রহিয়াছে (সুতরাং অনাদিসিদ্ধ বস্তুসম্বন্ধে কোনরূপ আশঙ্কার উদয় হইতে পারে না)।৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা চিত্রকেতু মহর্ষি অঙ্গিরা ও দেবর্ষি শ্রীনারদকর্তৃক এরূপ আশ্বাসিত হইয়া মনস্তাপে মালিন্যগ্রস্ত নিজ মুখমণ্ডল হস্তদ্বারা মার্জনপূর্বক এরূপ বলিয়াছিলেন।৯

রাজোবাচ।

কৌ যুবাং জ্ঞানসম্পন্নৌ মহিষ্ঠৌ চ মহীয়সাম্।
অবধূতেন বেশেন গূঢ়াবিহ সমাগতৌ ॥১০
চরন্তি ভুবনৌ কামং ব্রাহ্মণা ভগবৎপ্রিয়াঃ।
মাদৃশাং গ্রাম্যবুদ্ধীনাং বোধায়োন্মত্তলিঙ্গিনঃ ॥১১
কুমারো নারদ ঋভুরঙ্গিরা দেবলোঽসিতঃ।
অপান্তরতমা ব্যাসো মার্কণ্ডেয়োঽথ গৌতমঃ ॥১২
বসিষ্ঠো ভগবান্ রামঃ কপিলো বাদরায়ণিঃ।
দুর্ব্বাসা যাজ্ঞবল্ক্যশ্চ জাতুকর্ণস্তথারুণিঃ ॥১৩
রোমশশ্চ্যবনো দত্ত আসুরিঃ সপতঞ্জলিঃ।
ঋষির্ব্বেদশিরা যৌম্যো মুনিঃ পঞ্চশিখস্তথা ॥১৪
হিরণ্যনাভঃ কৌশল্যঃ শ্রুতদেব ঋতধ্বজঃ।
এতে পরে চ সিদ্ধেশাশ্চরন্তি জ্ঞানহেতবঃ ॥১৫
তস্মাদ্ যুবাং গ্রাম্যপশোর্মম মূঢ়ধিয়ঃ প্রভূ।
অন্ধে তমসি মগ্নস্য জ্ঞানদীপ উদীর্য্যতাম্ ॥১৬

অঙ্গিরা উবাচ।

অহং তে পুত্রকামস্য পুত্রদোঽস্ম্যঙ্গিরা নৃপ।
এষ ব্রহ্মসুতঃ সাক্ষান্নারদো ভগবানৃষিঃ ॥১৭

রাজা উবাচ। অবধূতেন বেশেন গূঢ়ৌ ইহ সমাগতৌ মহীয়সাং মহিষ্ঠৌ জ্ঞানসম্পন্নৌ যুবাং কৌ এব ॥১০

মাদৃশাং গ্রাম্যবুদ্ধীনাং বিষয়-সুখাবিষ্ট-মনসাং, মাদৃশাং মূর্খাণাং বোধায় ভগবৎ-প্রিয়াঃ (ভগবান্ প্রিয়ঃ যেষাং তে) ব্রহ্মবিদঃ উন্মত্তলিঙ্গিনঃ (উন্মত্তস্য ইব লিঙ্গং যেষাং তে) ব্রাহ্মণাঃ ভুবনৌ পৃথিব্যাং কামং যথেষ্টং চরন্তি ॥১১

কুমারঃ, নারদঃ, ঋভুরঙ্গিরা, দেবলঃ, অসিতঃ অপান্তরতমা, ব্যাসঃ, মার্কণ্ডেয়ঃ, গৌতমঃ, বসিষ্ঠঃ, ভগবান্ রামঃ, কপিলঃ, বাদরায়ণিঃ, দুর্বাসা, যাজ্ঞবল্ক্যঃ, জাতুকর্ণঃ, আরুণিঃ, রোমশঃ, চ্যবনঃ, দত্তঃ, সপতঞ্জলিঃ আসুরিঃ, বেদশিরা ঋষিঃ, যৌম্যঃ, পঞ্চশিখ মুনিঃ, হিরণ্যনাভঃ, কৌশল্যঃ, শ্রুতদেবঃ, ঋতধ্বজঃ, এতে কুমারাদয়ঃ জীবানাং জ্ঞানহেতবঃ পরমোপকারিণঃ পরে চ সিদ্ধেশাঃ চরন্তি ॥১২-১৫

অতঃ তস্মাৎ অন্ধে তমসি মহামোহে মগ্নস্য গ্রাম্যপশোঃ ভগবৎ বিষয়াসক্তস্য, মূঢ়ধিয়ঃ বিবেক-রহিতস্য মম সম্বন্ধে যুবাম্ এব প্রভূ। অতঃ যুবাভ্যাং জ্ঞানদীপঃ উদীর্য্যতাং প্রবর্ত্ত্যতাম্ ॥১৬

অঙ্গিরা উবাচ। হে নৃপ! পুত্রকামস্য তে তব অহং পুত্রদঃ অঙ্গিরা অস্মি। তথা এষঃ সাক্ষাৎ ব্রহ্মসুতঃ ভগবান্ ঋষিঃ নারদঃ উপস্থিতঃ ॥১৭

রাজা চিত্রকেতু বলিলেন—মহাপুরুষগণের মধ্যে অতিমহান্ ও জ্ঞান-সম্পন্ন আপনারা কে দুইজন অবধূতবেশে স্বরূপ গোপন করিয়া এখানে আগমন করিয়াছেন ?১০

ভগবানের প্রিয় ব্রাহ্মণগণই আমাদের ন্যায় মূঢ়বুদ্ধি জনগণের জ্ঞানসঞ্চারের জন্য উন্মত্ত ব্যক্তির বেশে স্বেচ্ছায় ভূতলে বিচরণ করেন।১১

সনৎকুমার, নারদ, ঋভু, অঙ্গিরা, দেবল, অসিত, অপান্তরতম, ব্যাসদেব, মার্কণ্ডেয়, গৌতম, বশিষ্ঠ, পরশুরাম, কপিল, শুকদেব, দুর্বাসা, যাজ্ঞবল্ক্য, জাতুকর্ণ, আরুণি, রোমশ, চ্যবন, দত্তাত্রেয়, আসুরি, পতঞ্জলি, বেদশিরা ঋষি, যৌম্য, পঞ্চশিখ, হিরণ্যনাভ, কৌশল্য, শ্রুতদেব ও ঋতধ্বজ—ইঁহারা এবং অপর অনেক প্রধান সিদ্ধপুরুষগণ জ্ঞানদানের জন্য সর্বত্র বিচরণ করিয়া থাকেন।১২-১৫

অতএব জ্ঞানপ্রদানে সমর্থ আপনারা উভয়ে অজ্ঞান-অন্ধকারে নিমগ্ন, মূঢ়বুদ্ধি ও গ্রাম্য পশুতুল্য আমার নিকট জ্ঞানপ্রদীপ প্রকাশ করুন।১৬

অঙ্গিরা বলিলেন—হে মহারাজ! আমি পুত্রকামী তোমার পুত্রদাতা অঙ্গিরা ঋষি এবং ইনি সাক্ষাৎ ব্রহ্মার পুত্র দেবর্ষি ভগবান্ শ্রীনারদ।১৭

ইত্থং ত্বাং পুত্রশোকেন মগ্নং তমসি দুস্তরে।
অতদর্হমনুস্মৃত্য মহাপুরুষগোচরম্ ॥১৮
অনুগ্রহায় ভবতঃ প্রাপ্তাবাবামিহ প্রভো।
ব্রহ্মণ্যো ভগবদ্ভক্তো নাবসীদিতুমর্হসি ॥১৯
তদৈব তে পরং জ্ঞানং দদামি গৃহমাগতঃ।
জ্ঞাত্বান্যাভিনিবেশং তে পুত্রমেব দদাম্যহম্ ॥২০
অধুনা পুত্রিণাং তাপো ভবতৈবানুভূয়তে।
এবং দারা গৃহা রায়ো বিবিধৈশ্বর্য্যসম্পদঃ ॥২১
শব্দাদয়শ্চ বিষয়াশ্চলা রাজ্যবিভূতয়ঃ।
মহী রাজ্যং বলং কোষো ভৃত্যামাত্যসুহৃজ্জনাঃ ॥২২
সর্ব্বেঽপি শূরসেনেমে শোকমোহভয়াদিদাঃ।
গন্ধর্ব্বনগরপ্রখ্যাঃ স্বপ্নমায়ামনোরথাঃ ॥২৩
দৃশ্যমানা বিনার্থেন ন দৃশ্যন্তে মনোভবাঃ।
কর্ম্মভির্ধ্যায়তো নানাকর্ম্মাণি মনসোঽভবন্ ॥২৪
অয়ং হি দেহিনো দেহো দ্রব্যজ্ঞানক্রিয়াত্মকঃ।
দেহিনো বিবিধক্লেশ-সন্তাপকৃদুদাহৃতঃ ॥২৫

অধুনা পুত্রশোকেন দুস্তরে তমসি ইত্থং মগ্নং কিন্তু মহাপুরুষ-গোচরং (মহাপুরুষঃ গোচরঃ অনুভববিষয়ঃ যস্য তং) ভগবদ্ভক্তম্ অতঃ অতদর্হং দুঃখানুভবাযোগ্যং ত্বাম্ অনুস্মৃত্য জ্ঞাত্বা ॥১৮

হে প্রভো। ভবতঃ অনুগ্রহায় আবাম্ ইহ প্রাপ্তৌ। ব্রহ্মণ্যঃ ভগবদ্ভক্তঃ ত্বম্ অবসীদিতুং ন অর্হসি ॥১৯

(যদা অহং পূর্ব্বং তব গৃহম্ আগতঃ) তদা এব তে তুভ্যং পরম্ উৎকৃষ্টং ব্রহ্মবিষয়কং জ্ঞানং দদামি দত্তবান্, পরং তু তদা তে তব অন্যাভিনিবেশং পুত্রাগ্রহং জ্ঞাত্বা পুত্রম্ এব অয়ং দদামি অদাম্ ॥২০

অধুনা পুত্রিণাং পুত্রবতাং তাপঃ ভবতা এব অনুভূয়তে, এবং দারাঃ, গৃহাঃ, রায়ঃ অর্থাঃ বিবিধৈশ্বর্য্য-সম্পদঃ শব্দাদয়ঃ বিষয়াঃ রাজ্য-বিভূতয়ঃ চ সর্ব্বে এব চলাঃ ॥

হে শূরসেন। মহী, রাজ্যম্, বলম্, কোষঃ, ভৃত্যাঃ, অমাত্যাঃ, সুহৃজ্জনশ্চ ইমে সর্ব্বে অপি যতঃ গন্ধর্ব্বনগর-প্রখ্যাঃ (গন্ধর্ব-নগরবৎ অকস্মাৎ এব আয়ান্তি অপযান্তি চ), অতঃ স্বপ্নমায়া-মনোরথাঃ (স্বপ্নঃ চ মায়া চ মনোরথাঃ চ তে যথা তথা) শোক-মোহ-ভয়াদিদাঃ এব জ্ঞেয়াঃ ॥২১-২৩

মনোভবাঃ মনোমাত্র-বিভূষিতাঃ বিষয়াঃ অর্থেন তাত্ত্বিক-স্বরূপেণ বিনৈব দৃশ্যমানাঃ, যতঃ ক্ষণান্তরে ন দৃশ্যন্তে। তথা কর্ম্মভিঃ কর্ম্মবাসনাভিঃ অর্থান্ ধ্যায়তঃ পুংসঃ মনসঃ এব নিমিত্তাৎ নানা কর্ম্মাণি অভবন্ ॥২৪

অয়ং দ্রব্যজ্ঞান-ক্রিয়াত্মকঃ অধিভূতাদিদৈবাধ্যাত্মরূপঃ দেহঃ দেহিনঃ হি (দেহী অহম্ ইতি মন্যমানস্য জীবস্য) বিবিধক্লেশ-সন্তাপকৃৎ (বিবিধান্ ক্লেশসন্তাপান্ করোতি ইতি) উদাহৃতঃ

হে মহারাজ! তুমি হরিভক্ত বলিয়া শোকের অযোগ্য হইলেও সম্প্রতি তোমাকে পুত্রশোকবশতঃ এরূপ দুস্তর অজ্ঞান অন্ধকারে নিমগ্ন জানিয়া তোমার প্রতি অনুগ্রহ প্রকাশের জন্যই আমরা এখানে উপস্থিত হইয়াছি। তুমি ব্রাহ্মণগণের হিতকারী এবং ভগবদ্ভক্ত বলিয়া তোমার পক্ষে এরূপ অবসাদগ্রস্ত হওয়া যুক্তিযুক্ত নহে ।১৮-১৯

আমি পূর্ব্বে যে সময়ে তোমার গৃহে আসিয়াছিলাম, তখনই পরম জ্ঞান প্রদান করিতাম, কিন্তু তৎকালে তোমার পুত্রাভিলাষ জানিতে পারিয়া পুত্রদানই করিয়াছিলাম ।২০

পুত্রবান্ ব্যক্তিগণের যে মনস্তাপ অবশ্যম্ভাবী, সম্প্রতি তুমি নিজেই তাহা অনুভব করিতেছ। এইরূপ স্ত্রী, গৃহ, ধন, বিবিধ ঐশ্বর্য ও সম্পদ্‌রাশি সকলই সন্তাপদায়ক ।২১

হে শূরসেনরাজ! ইন্দ্রিয়ভোগ্য শব্দাদি এই বিষয়পঞ্চক, রাজৈশ্বর্য, পৃথিবী, রাজত্ব, বল, ধন-ভাণ্ডার, ভৃত্য, অমাত্য, সুহৃদ্‌বর্গ ও প্রজাবৃন্দ—ইহারা সকলেই অস্থায়ী এবং শোক, মোহ, ভয় ও পীড়াদায়ক। গন্ধর্বগণের ন্যায় সময়বিশেষে ইহাদের আবির্ভাব হইয়া কিছুকাল পরেই বিনাশ ঘটিয়া থাকে। অতএব ইহারা স্বপ্ন, ইন্দ্রজাল ও মনোরথের ন্যায় মিথ্যা বস্তু ।২২-২৩

পূর্বোক্ত পদার্থসমূহ অল্পকাল থাকিয়াই অদৃশ্য হয় বলিয়া ইহাদের সাময়িক প্রতীতিও বাস্তব সত্তা ব্যতীতই হইয়া থাকে (বাস্তব সত্তা থাকিলে

তস্মাৎ স্বস্থেন মনসা বিমৃশ্য গতিমাত্মনঃ।
দ্বৈতে ধ্রুবার্থবিভ্রম্ভং ত্যজোপশমমাবিশ ॥২৬

নারদ উবাচ।

এতাং মন্ত্রোপনিষদং প্রতীচ্ছ প্রয়তো মম।
যাং ধারয়ন্ সপ্তরাত্রাদ্দ্রষ্টা সঙ্কর্ষণং বিভুম্ ॥২৭

যৎ পাদমূলমুপসৃত্য নরেন্দ্র পূর্ব্বে
শর্ব্বাদয়ো ভ্রমমিমং দ্বিতয়ং বিসৃজ্য।
সদ্যস্তদীয়মতুলানধিকং মহিত্বং
প্রাপুর্ভবানপি পরং নচিরাদুপৈতি ॥২৮

ইতি শ্রীমদ্ভাগবতেমহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠ স্কন্ধে পঞ্চোদশোঽধ্যায়ঃ ॥১৫

তত্ত্বদর্শিভিঃ নিরূপিতঃ ॥২৫

তস্মাৎ স্বস্থেন মনসা আত্মনঃ গতিং বিমৃশ্য নিশ্চিত্য দ্বৈতে ধ্রুবার্থ-বিভ্রম্ভং (দ্বৈতে প্রপঞ্চেঽয়ং ধ্রুবঃ অর্থঃ ইতি বিশ্বাসং) ত্যজ। উপশমম্ উপরতিম্ আবিশ আশ্রয় ॥২৬

নারদঃ উবাচ। এতাং বক্ষ্যমাণাম্ মন্ত্রাত্মিকাম্ এব উপনিষৎ তাং মন্ত্রোপনিষদং মম সকাশাৎ প্রয়তঃ সাবধানঃ সন্ প্রতীচ্ছ গৃহাণ; যাং ধারয়ন্ সপ্তরাত্রাৎ বিভুং সর্ব্বগং দ্রষ্টা দ্রক্ষ্যসি ভবান্ ইতি শেষঃ ॥২৭

যৎ পাদমূলম্ (যস্য সঙ্কর্ষণস্য পাদমূলম্) উপসৃত্য প্রাপ্য পূর্ব্বে সর্ব্বাদয়ঃ মহাদেবাদয়ঃ ইমং দ্বিতয়ম্ অহন্তা-মমতাত্মকং ভ্রমং বিসৃজ্য ত্যক্ত্বা সদ্যঃ অতুলানধিকং (অতুলং চ তৎ অনধিকং চ) পরম্ উৎকৃষ্টং তদীয়ং মহিত্বং মহিমানং প্রাপুঃ। হে রাজেন্দ্র। ভবান্ অপি তৎ ফলং নচিরাৎ শীঘ্রম্ এব উপৈতি উপগচ্ছতি ॥২৮

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীযুতেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতায়াং পঞ্চদশোঽধ্যায়ঃ ॥

সর্বদাই ইহাদের প্রতীতি হইত)। অতএব এই সকল পদার্থ মনঃসঞ্জাত অর্থাৎ মনের কল্পনাপ্রসূত মাত্র। যদিও মীমাংসকগণ ইহাদিগকে পুণ্য ও পাপকর্মের ফল বলেন, তথাপি পুরুষ মনের দ্বারা বিষয়সমূহের চিন্তা করিয়াই তাহা পাইবার জন্য কর্মের অনুষ্ঠান করিয়া ফলরূপে স্বর্গাদি প্রাপ্ত হয়, অতএব উক্ত স্বর্গাদিবিষয়ও মূলতঃ মনঃকল্পিত পদার্থ ।২৪

দ্রব্য, জ্ঞান ও ক্রিয়াত্মক অর্থাৎ অধিভূত, অধিদৈব ও অধ্যাত্মস্বরূপ এই জীবদেহই—দেহাত্মাভিমানী জীবের বিবিধ ক্লেশদায়ক বলিয়া মনীষিগণকর্তৃক উক্ত হইয়াছে ।২৫

হে মহারাজ! অতএব তুমি স্থিরচিত্তে আত্মতত্ত্ব বিচার করিয়া দ্বৈত পদার্থসম্বন্ধে 'ইহা সত্য বস্তু' এরূপ বিশ্বাস পরিত্যাগপূর্বক শান্তিমার্গে প্রবেশ কর ।২৬

শ্রীনারদ বলিলেন—হে মহারাজ! তুমি আমার নিকট হইতে একনিষ্ঠ হইয়া এই মন্ত্র উপনিষদ্ গ্রহণ কর। ইহা ধারণ করিয়া তুমি সপ্তরাত্রমধ্যেই সর্বব্যাপক ভগবান্ সঙ্কর্ষণদেবের দর্শনলাভে সমর্থ হইবে ।২৭

হে নরেন্দ্র! শঙ্করপ্রমুখ পূর্ববর্তী দেবতাগণ যে সঙ্কর্ষণদেবের পাদপদ্ম আশ্রয় করিয়া তদীয় অতুলনীয় ও সর্বাধিক পরম মহিমা লাভ করিয়াছিলেন, তুমিও অচিরেই তাহা প্রাপ্ত হইবে ।২৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ঘটকচূড়ামণি কৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

ষোড়শঃ অধ্যায়ঃ

[রাজপুত্রদেহত্যক্তস্য জীবাত্মন আলাপঃ, চিত্রকেতবে নারদস্য সঙ্কর্ষণমন্ত্রদানম্, তজ্জপেন বিদ্যাধরত্বপ্রাপ্তিঃ, ভগবতোঽনন্তস্য দর্শনঞ্চ ।]

শ্রীবাদরায়ণিরুবাচ ।

অথ দেবর্ষয়ো রাজন্ সম্পরেতং নৃপাত্মজম্।
দর্শয়িত্বেতি হোবাচ জ্ঞাতীনামনুশোচতাম্ ॥১

নারদ উবাচ ।

জীবাত্মন্ পশ্য ভদ্রং তে মাতরং পিতরঞ্চ তে ।
সুহৃদো বান্ধবাস্তপ্তাঃ শুচা ত্বৎকৃতয়া কৃশম্ ॥২
কলেবরং স্বমাবিশ্য শেষমায়ুঃ সুহৃদ্বৃতঃ।
ভুঙ্ক্ষ্ব ভোগান্ পিতৃপ্রত্তানধিতিষ্ঠ নৃপাসনম্ ॥৩

জীব উবাচ ।

কস্মিন্ জন্মন্যমী মহ্যং পিতরো মাতরোঽভবন্ ।
কর্ম্মভির্ভ্রাম্যমাণস্য দেবতির্য্যঙ্নৃযোনিষু ॥৪
বন্ধুজ্ঞাত্যরিমধ্যস্থমিত্রোদাসীনবিদ্বিষঃ ।
সর্ব্ব এব হি সর্ব্বেষাং ভবন্তি ক্রমশো মিথঃ ॥৫
যথা বস্তূনি পণ্যানি হেমাদীনি ততস্ততঃ ।
পর্য্যাটন্তি নরেদ্বেবং জীবো যোনিষু কর্ত্তৃষু ॥৬

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ উবাচ। হে রাজন্! অথ দেবর্ষিঃ নারদঃ সম্পরেতং মৃতং নৃপাত্মজং যোগবলেন অনুশোচতাং জ্ঞাতীনাং দর্শয়িত্বা (জীবাত্মন্) ইতি ইত্যাদি হ ওম্ উবাচ ॥১

নারদঃ উবাচ। হে জীবাত্মন্! ত্বৎকৃতয়া শুচা শোকেন কৃশং তপ্তান্ তে তব পিত্রাদীন্ পশ্য। তে ভদ্রং তবাস্তু ॥২

স্বং কলেবরং সমাবিশ্য সুহৃদ্বৃতঃ এব নৃপাসনম্ অধিতিষ্ঠ, তথা পিতৃপ্রত্তান্ পিত্রা দত্তান্ ভোগান্ তথা শেষম্ আয়ুঃ চ ভুঙ্ক্ষ্ব ।৩

অন্বয়ঃ

জীবঃ উবাচ। স্বকর্ম্মভিঃ দেবতির্য্যঙ্নৃযোনিষু ভ্রাম্যমাণস্য মহ্যং মম কস্মিন্ জন্মনি অমী পিতরঃ মাতরঃ চ অভবন্ ॥৪

বন্ধবঃ সম্বন্ধিনঃ, জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ, অরয়ঃ ঘাতকাঃ, মিত্রাণি উপকারকাঃ, মধ্যস্থাঃ ব্যবহারসম্বন্ধিনঃ অপি পক্ষপাতাদি-রহিতাঃ, বিদ্বিষঃ ঈর্ষাসহনেন বিকৃতচিত্তাঃ, উদাসীনাঃ উপেক্ষকাঃ, সর্ব্বে এব প্রাণিনঃ সর্ব্বেষাম্ এব মিথঃ পরস্পরং ক্রমশঃ বন্ধ্বাদয়ঃ ভবন্তি ॥৫

পণ্যানি ক্রয়বিক্রয়যোগ্যানি হেমাদীনি বস্তূনি যথা ততস্ততঃ

ষোড়শ অধ্যায়ঃ ॥

[রাজপুত্রের দেহত্যক্ত জীবাত্মার বাক্যালাপ, চিত্রকেতুকে নারদ কর্তৃক সঙ্কর্ষণ মন্ত্র দান, তাহার জপে বিদ্যাধরত্বপ্রাপ্তি এবং শ্রীভগবান্ অনন্তদেবের দর্শন লাভ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর দেবর্ষি শ্রীনারদ যোগবলে মৃত রাজপুত্রের আত্মাকে অনুশোচনারত জ্ঞাতিগণের দৃষ্টিগোচর করাইয়া সেই আত্মাকেই সম্বোধনপূর্বক এরূপ বলিয়াছিলেন।১

শ্রীনারদ বলিলেন—হে জীবাত্মন্! তোমার মঙ্গল হউক। তুমি নিজ মাতা পিতার দিকে দৃষ্টিপাত কর। ঐ দেখ—তোমার সুহৃদ্ ও বান্ধবগণ তোমার বিচ্ছেদজনিত শোকানলে অতিশয় সন্তপ্ত হইয়াছে।২

(অপমৃত্যুবশতঃ আয়ুষ্কাল পূর্ণ না হইতেই

(অনন্তর মৃত শরীরে প্রবেশপূর্বক) জীব বলিল—আমি কর্মবশতঃ (অনাদিকাল হইতে) দেবতা, তির্যক্ প্রাণী ও মনুষ্যযোনিতে ভ্রমণ করিতেছি। এ অবস্থায় ইঁহারা কোন্ জন্মে আমার পিতামাতা হইয়াছিলেন?৪

বস্তুতঃ জন্মভেদে ক্রমশঃ সকল লোকই সকলের বন্ধু (বিবাহাদিমূলক সম্বন্ধযুক্ত), জ্ঞাতি (সপিণ্ড), শত্রু (ঘাতক), মিত্র (রক্ষক), মধ্যস্থ (শত্রুতামিত্রতা-শূন্য), বিদ্বেষী (দ্রব্যাদির জন্য বিদ্বেষরত) এবং উদাসীন (সর্বত্র নির্লিপ্ত) হইয়া থাকে।৫

সুবর্ণপ্রভৃতি পণ্য দ্রব্যসমূহ যেরূপ ক্রমশঃ ক্রয়-

নিত্যস্যার্থস্য সম্বন্ধো হ্যনিত্যো দৃশ্যতে নৃষু।
যাবদ্ যস্য হি সম্বন্ধো মমত্বং তাবদেব হি ॥৭
এবং যোনিগতো জীবঃ স নিত্যো নিরহঙ্কৃতঃ।
যাবদ্ যত্রোপলভ্যেত তাবৎ স্বত্বং হি তস্য তৎ ॥৮
এষ নিত্যোঽব্যয়ঃ সূক্ষ্ম এষ সর্ব্বাশ্রয়ঃ স্বদৃক্।
আত্মমায়াগুণৈর্বিশ্বমাত্মানং সৃজতে প্রভুঃ ॥৯

ন হ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ঃ স্বঃ পরোঽপি বা।
একঃ সর্ব্বধিয়াং দ্রষ্টা কর্ত্তৃণাং গুণ-দোষয়োঃ ॥১০

নাদত্ত আত্মা হি গুণং ন দোষং ন ক্রিয়াফলম্।
উদাসীনবদাসীনঃ পরাবরদৃগীশ্বরঃ ॥১১

সর্ব্বত্র বস্তুষু পর্য্যটতি এবং জীবঃ অপি কর্ত্তৃষু পিতৃষু যোনিষু ভ্রাতৃষু চ ভ্রমতি ॥৬

নিত্যস্য অবিনষ্টস্য অপি অর্থস্য বস্তুনঃ মনিষুবর্গাদেঃ সম্বন্ধঃ নৃষু অনিত্যঃ দৃশ্যতে, হি যস্মাৎ যাবৎ কালং যস্য বস্তুনঃ যস্মিন্ পুরুষে সম্বন্ধঃ বর্ত্ততে, তাবৎ কালম্ এব তস্য পুরুষস্য তস্য বস্তুনি মমত্বং ভবতি ॥৭

এবং যোনিগতঃ পিত্রাদিসম্বন্ধপ্রাপ্তঃ জীবঃ অপি নিত্যঃ নিরহঙ্কৃতঃ স্বরূপতঃ মমতাদিশূন্যঃ, সঃ যাবৎ-কালং যত্র পিত্রাদৌ সম্বন্ধিনি উপলভ্যতে কর্ম্মবশেন বর্ত্ততে, তত্র পিত্রাদেঃ তস্মিন্ পুত্রাদৌ তাবৎ-কালম্ এব তৎ স্বত্বং, ন তু মরণাৎ উত্তরকালম্ ॥৮

এষঃ জীবঃ নিত্যঃ, অব্যয়ঃ অপক্ষয়াদিশূন্যঃ, সূক্ষ্মঃ, এষঃ সর্ব্বাশ্রয়ঃ, স্বদৃক্ স্বয়ংপ্রকাশঃ, প্রভুঃ আত্মমায়াগুণৈঃ স্বশক্তি-

---

রূপমায়াগুণৈঃ সত্ত্বাদিভিঃ আত্মানম্ এব বিশ্বং বিশ্বাত্মকং সৃজতে সৃজতি ॥৯

অস্য জীবাত্মনঃ কশ্চিৎ অপি অতিপ্রিয়ঃ নাপি কশ্চিৎ অপ্রিয়ঃ অস্তি; যতঃ কশ্চিৎ স্বঃ স্বকীয়ত্বেন অভিমতঃ, পরঃ শত্রুঃ ইতি বা কশ্চিৎ ন অস্তি। গুণদোষয়োঃ ধর্ম্মাধর্ম্ময়োঃ কর্ত্তৃণাং সর্ব্বাসাং (সর্ব্বাঃ বিদ্যঃ বিচিত্রাঃ বুদ্ধয়ঃ তাসাং) দ্রষ্টা সাক্ষী সর্ব্বাত্মকত্বাৎ সঃ একঃ এব রাজতে ॥১০

হি যতঃ আত্মা (সর্ব্বসাক্ষী ভগবান্, অতঃ স্বকর্ম্মণাপি) গুণং পুণ্যং দোষং পাপং ন আদত্তে ন চ ক্রিয়াফলং সুখদুঃখাদিকম্ আদত্তে, যতঃ অবিদ্যা-সম্বন্ধাভাবেন অধ্যাসাভাবাৎ উদাসীনবৎ আসীনঃ পরাবরদৃক্ (পরং কারণম্, অবরং কার্য্যং তৎ পশ্যতীতি) ঈশ্বরঃ স্বতঃ এব রাজতে ॥১১

বিক্রয়কারিগণের মধ্যে একের হাত হইতে অপরের হাতে ঘুরিতে থাকে, জীবও সেরূপ ক্রমশঃ মানবগণের মধ্যে একের নিকট হইতে অপরের নিকট পুত্রাদি নানারূপে ভ্রমণ করে ।৬

আবার জীবদ্দশাতেই পশুপ্রভৃতির সহিত তাহার প্রচুর বর্ত্তমান সম্বন্ধ বিক্রয়াদিদ্বারা নিবৃত্ত হইতে দেখা যায়। সুতরাং যাহার সহিত যাহার যতকাল সম্বন্ধ, তাহার প্রতি তাহার ততকালই 'ইহা আমার' এরূপ মমতা থাকে ।৭

এইরূপ জীব যোনিসম্বন্ধ লাভ করিয়া পুত্রাদিরূপে অপরের সম্বন্ধ প্রাপ্ত হইলেও স্বরূপতঃ নিত্য বস্তু, যেহেতু দেহের জন্মমরণদ্বারা তাহার জন্ম-মৃত্যু ঘটে না। এই হেতুই 'আমি ইহার পুত্র' ইত্যাদিরূপ অভিমানও তাহার নাই। অতএব সে কর্ম্মবশতঃ যতকাল পিতৃপ্রভৃতি সম্বন্ধিগণের নিকট অবস্থান করে, পিতৃপ্রভৃতিরও ততকালই তাহার উপর স্বত্ব থাকে ।৮

এই আত্মা স্বপ্রকাশ বলিয়া দেহাদির আশ্রয়, অতএব জন্মাদিরহিত এবং অপক্ষয়শূন্য বলিয়া নিত্য পদার্থ, অথচ ইনিই নিজের মায়াশ্রিত গুণসমূহদ্বারা নিজেকে বিশ্বরূপে অর্থাৎ সর্ব্বরূপে প্রকাশ করেন ।৯

আত্মা হিত ও অহিতকারী মিত্র ও শত্রুপ্রভৃতি সর্ব্বলোকের সর্ব্বপ্রকার বুদ্ধির সাক্ষিমাত্র বলিয়া বস্তুতঃ সুহৃদাদির সঙ্গরহিত, অতএব তাহার প্রিয় বা অপ্রিয়, আত্মীয় বা পর কেহই নাই ।১০

যেহেতু এই আত্মা দেহাদির অধীন নহেন, অতএব কার্য্য ও কারণসমূহের সাক্ষিমাত্র বলিয়া সর্ব্বত্র উদাসীন থাকেন। আর এইহেতুই তিনি সুখ, দুঃখ ও রাজ্যাদি কর্ম্মফল ভোগ করেন না (আমরা সকলেই এই আত্মা বলিয়া আমাদের মধ্যে কোন ভেদ না থাকায় আমার এবং তোমাদের মধ্যে কোনরূপ সম্বন্ধই নাই। সুতরাং তোমরা শোক বা মোহগ্রস্ত হইও না) ।১১

শ্রীবাদরায়ণিরুবাচ।

ইত্যুদীর্য্য গতো জীবো জ্ঞাতয়স্তস্য তে তদা।
বিস্মিতা মুমুচুঃ শোকং ছিত্ত্বাস্নেহশৃঙ্খলাম্ ॥১২
নির্হৃত্য জ্ঞাতয়ো জ্ঞাতের্দেহং কৃত্বোচিতাঃ ক্রিয়াঃ।
তত্যজুর্দুস্ত্যজং স্নেহং শোকমোহভয়াপহম্ ॥১৩
বালঘ্ন্যো ব্রীড়িতাস্তত্র বালহত্যাহতপ্রভাঃ।
বালহত্যাব্রতং চেরুর্ব্রাহ্মণৈর্নিরূপিতম্ ॥
যমুনায়াং মহারাজ স্মরন্ত্যো দ্বিজভাষিতম্ ॥১৪

শ্রীবাদরায়ণিঃ উবাচ। ইতি এবম্ উদীর্য্য উক্ত্বা জীবঃ যদা গতঃ, তদা তে চিত্রকেতোঃ তস্য বালস্য জ্ঞাতয়ঃ (তদ্বচনেন বিস্মিতাঃ সন্তঃ) আত্মনঃ স্বস্য স্নেহশৃঙ্খলাং ছিত্বা শোকং মুমুচুঃ ॥১২

জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ চিত্রকেতোরন্যে; জ্ঞাতেঃ সপিণ্ডস্য মৃতস্য বালস্য দেহং নির্হৃত্য নীত্বা; উচিতাঃ ক্রিয়াঃ; প্রাক্তনপর্যালিতপর্যন্তাঃ কৃত্বা শোকমোহভয়াপহং দুস্ত্যজং স্নেহং তত্যজুঃ ॥১৩

বাল-হত্যাহত-প্রভাঃ (বালস্য হত্যায়া হত্যা প্রভা যাসাং তাঃ) অতএব ব্রীড়িতাঃ লজ্জিতাঃ তাঃ বালঘ্ন্যঃ রাজপত্ন্যঃ দ্বিজভাষিতং (দ্বিজেন অঙ্গিরসা ভাষিতং বালহননজনিতম্ উভয়-লোকনাশকরং পাপং ভবতি ইতি যৎ উক্তং) তৎ স্মরন্ত্যঃ সন্ত্যঃ হে মহারাজ। প্রায়শ্চিত্তার্থং ব্রাহ্মণৈঃ যৎ বালহত্যাব্রতং

নিরূপিতং, তৎ যমুনায়াং চেরুঃ ॥১৪

ইত্থং দ্বিজোক্তিভিঃ নারদাঙ্গিরো-বাক্যৈঃ প্রতিবুদ্ধাত্মা (প্রতিবুদ্ধঃ জ্ঞাতঃ আত্মা জীবস্বরূপং ভগবৎস্বরূপং চ যেন সঃ) সঃ চিত্রকেতুঃ সরঃ-পঙ্কাৎ নির্গতঃ দ্বিপঃ হস্তী ইব গৃহান্ধকূপাৎ নিষ্ক্রান্তঃ নির্গতঃ ॥১৫

বিধিবৎ কালিন্দ্যাং যমুনায়াং স্নাত্বা কৃতপুণ্য-জল-ক্রিয়ঃ (কৃতাঃ পুণ্যাঃ চরিতনিবর্ত্তকাঃ জলক্রিয়াঃ দেবর্ষিপিতৃতর্পণাদ্যাঃ যেন সঃ) চিত্রকেতুঃ মৌনেন সহ সংযতপ্রাণঃ বশীকৃতেন্দ্রিয়ঃ সন্ ব্রহ্মসুতৌ নারদাঙ্গিরসৌ অবন্দত প্রণনাম ॥১৬

অথ অনন্তরং প্রীতঃ নারদঃ প্রণতায়নে বশীকৃতাত্মঃ-করণাদি-সংঘাতায় প্রপন্নায় শরণাগতায় তস্মৈ ভক্তায় এতাং বিদ্যাং হ উবাচ ॥১৭

করিয়া পুত্রকামনা পরিত্যাগপূর্ব্বক ব্রাহ্মণগণের নির্দ্দেশানুসারে যমুনার তীরে শিশুহত্যার প্রায়শ্চিত্ত করিয়াছিল।১৪

মহর্ষি অঙ্গিরার পূর্ব্বোক্ত বাক্যে মহারাজ চিত্রকেতুর চিত্ত প্রবোধপ্রাপ্ত হইলে মহাবল হস্তী যেরূপ সরোবরের গভীর পঙ্ক হইতে নির্গত হয়, তিনিও সেরূপ গৃহরূপ অন্ধকূপ হইতে নিষ্ক্রান্ত হইয়াছিলেন।১৫

অনন্তর তিনি যমুনার জলে যথাবিধি স্নান ও পিতৃপুরুষের তর্পণাদি ক্রিয়া সম্পাদনপূর্ব্বক মৌনাবলম্বী ও সংযতেন্দ্রিয় হইয়া মহর্ষি অঙ্গিরা ও দেবর্ষি শ্রীনারদকে বন্দনা করিলে, ভগবান্ শ্রীনারদ সন্তুষ্ট হইয়া শরণাগত, জিতেন্দ্রিয় ও ভক্তিমান্ রাজা চিত্রকেতুকে এই বিদ্যার উপদেশ

ওঁ নমস্তুভ্যং ভগবতে বাসুদেবায় ধীমহি।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ॥১৮
নমো বিজ্ঞানমাত্রায় পরমানন্দ-মূর্ত্তয়ে।
আত্মারামায় শান্তায় নিবৃত্তদ্বৈতদৃষ্টয়ে ॥১৯
আত্মানন্দানুভূত্যৈব ধ্বস্তশক্ত্যূর্ম্ময়ে নমঃ।
হৃষীকেশায় মহতে নমস্তেঽনন্তমূর্ত্তয়ে ॥২০

যচ্চন্ত্যপরতেঽপ্রাপ্য ম একো মনসা সহ।
অনামরূপশ্চিন্মাত্রঃ সোঽব্যান্নঃ সদসৎপরঃ ॥২১
যস্মিন্নিদং যতশ্চেদং তিষ্ঠত্যপ্যেতি জায়তে।
মৃন্ময়েষ্বিব মৃজ্জাতিস্তস্মৈ তে ব্রহ্মণে নমঃ ॥২২
যন্ন স্পৃশন্তি ন বিদুর্মনোবুদ্ধীন্দ্রিয়াসবঃ।
অন্তর্ব্বহিশ্চ বিততং ব্যোমবত্তন্নতোঽস্ম্যহম্ ॥২৩

ভগবতে জ্ঞানাদিগুণপূর্ণায় বাসুদেবায় (চিত্তে উপাস্যায়), প্রদ্যুম্নায় (বুদ্ধৌ উপাস্যায়), সঙ্কর্ষণায় (অহঙ্কারে উপাস্যায়), অনিরুদ্ধায় (মনসি উপাস্যায়), তুভ্যং নমঃ নমঃ ধীমহি ধ্যায়েম ইতি ॥১৮

শান্তায় রাগলোভাদ্যন্বিতহিতায়, নিবৃত্ত-দ্বৈত-দৃষ্টয়ে (নিবৃত্তা দ্বৈতে দৃষ্টিঃ অহংমমাধ্যাসলক্ষণা যস্মাৎ তস্মৈ), বিজ্ঞান-মাত্রায় (বিজ্ঞানং চিচ্ছক্তিঃ এব মাত্রা পরিচ্ছদঃ যস্য তস্মৈ), পরমানন্দমূর্ত্তয়ে (পরমানন্দময়ী মূর্ত্তিঃ যস্য তস্মৈ), আত্মারামায় (আত্মনি এব রমমাণায়) নমঃ ॥১৯

আত্মানন্দানুভূত্যা (আত্মনঃ স্বস্য স্বরূপভূতানন্দস্য অনুভবেন) এব ধ্বস্তশক্ত্যূর্ম্ময়ে (ধ্বস্তাঃ নিরস্তাঃ শক্ত্যূর্ম্ময়ঃ মায়াবিজৃম্ভিতাঃ রাগদ্বেষাদয়ঃ যেন তস্মৈ) নমঃ। তথা হৃষীকেশায় (হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাম্ ঈশায় প্রবর্ত্তকায়) অনন্তায় বিপুলে মহতে অনন্তমূর্ত্তয়ে বিগ্রহায় তে নমঃ ॥২০

মনসা সহ যচ্চন্তি (সর্ব্বেন্দ্রিয়েষু) যম্ অপ্রাপ্য উপরতে সতি অপি যঃ চিন্মাত্রঃ সচ্চিদানন্দবিগ্রহঃ সদসৎপরঃ (সদসতঃ প্রকৃতস্থূলসূক্ষ্মরূপাৎ প্রপঞ্চাৎ পরঃ) অনামরূপঃ প্রাকৃত-নামরূপাদিরহিতঃ, সঃ নঃ অস্মান্ অব্যাৎ সংসারভয়াৎ রক্ষতু ॥২১

ইদং কার্য্যকারণাত্মকং বিশ্বং যতঃ জায়তে, জাতং চ যস্মিন্ তিষ্ঠতি, অপ্যেতি লীয়তে চ, তথা মৃন্ময়েষু ঘটাদিষু মৃজ্জাতিঃ মৃত্তত্ত্বমিব যৎ সর্ব্বাত্মস্যূতং তস্মৈ তে ব্রহ্মণে বেদপ্রতিপাদিতায় নমঃ ॥২২

যৎ ব্রহ্ম ব্যোমবৎ নির্লেপতয়া অন্তর্ব্বহিশ্চ বিততং ব্যাপ্তম্ অপি অসবঃ প্রাণাঃ কর্ম্মেন্দ্রিয়াণি ক্রিয়াশক্ত্যা ন স্পৃশন্তি; মনোবুদ্ধী জ্ঞানেন্দ্রিয়াণি চ জ্ঞানশক্ত্যা ন বিদুঃ, তৎ ব্রহ্ম অহং

করিয়াছিলেন ।১৬-১৭

(উক্ত বিদ্যা এইরূপ) হে প্রভো! আমি ভগবান্ বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ—এই চতুর্ব্যূহ-স্বরূপ আপনাকে অন্তরে নমস্কার করি ।১৮

বিজ্ঞানমাত্রই যাঁহার স্বরূপ, পরম আনন্দই যাঁহার বিগ্রহ এবং যাঁহা হইতে দ্বৈত দৃষ্টি নিরস্ত হইয়াছে, সেই আত্মারাম ও প্রশান্তস্বভাব আপনাকে নমস্কার করি ।১৯

আপনি নিজ স্বরূপসুখের অনুভূতিদ্বারাই মায়িক রাগ-দ্বেষাদি পরিহার করিয়াছেন। আপনাকে নমস্কার করি। এরূপ সকল ইন্দ্রিয়ের অধীশ্বর, অতি মহান্ ও অনন্তমূর্ত্তিধারী আপনাকে নমস্কার করি ।২০

মনের সহিত বাগাদি ইন্দ্রিয়সমূহ যাঁহাকে প্রকাশ করিতে না পারিয়া নিবৃত্ত হইলে একমাত্র যিনি স্বয়ংই প্রকাশিত হন, নিখিল কার্যকারণসমষ্টির কারণস্বরূপ সেই নামরূপবিহীন চিন্ময় বস্তু (আপনি) আমাদিগকে রক্ষা করুন ।২১

যাঁহা হইতে এই জগৎপ্রপঞ্চ আবির্ভূত হইয়া যাঁহাতে অবস্থান করে এবং অন্তে যাঁহার মধ্যে লয় প্রাপ্ত হয়—ঘটাদি সকল মৃন্ময় পদার্থের মধ্যেই কারণরূপে অনুগত একমাত্র মৃত্তিকার ন্যায় কার্য-প্রপঞ্চে সর্বত্র কারণরূপে অনুস্যূত সেই ব্রহ্মস্বরূপ আপনাকে নমস্কার করি ।২২

যিনি জগতের অন্তরে ও বাহিরে আকাশের ন্যায় নিরন্তর ব্যাপকভাবে বিরাজ করিলেও প্রাণ ক্রিয়া-শক্তি দ্বারা যাঁহাকে স্পর্শ করিতে, কিংবা মনঃ, বুদ্ধি

দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়োঽমী
যদংশবিদ্ধাঃ প্রচরন্তি কর্ম্মসু।
নৈবাত্মদা লৌহমিবাপ্রতপ্তং
স্থানেষু তদ্দ্রষ্টৃপদেশমেতি ॥২৪

ওঁ নমো ভগবতে মহাপুরুষায় মহানুভাবায় মহা-বিভূতিপতয়ে সকলসাত্বতপরিবৃঢ়নিকরকরকমল-কুট্মলোপলালিতচরণারবিন্দযুগলপরমপরমেষ্ঠিন নমস্তে ॥২৫

শ্রীশুক উবাচ।

ভক্তায়ৈতাং প্রপন্নায় বিদ্যামাদিশ্য নারদঃ।
যযাবঙ্গিরসা সাকং ধাম স্বায়ম্ভুবং প্রভো ॥২৬

চিত্রকেতুস্তু তাং বিদ্যাং যথা নারদভাষিতাম্।
ধারয়ামাস সপ্তাহমবভুক্তঃ সুসমাহিতঃ ॥২৭

ততঃ স সপ্তরাত্রান্তে বিদ্যয়া ধার্য্যমাণয়া।
বিদ্যাধরাধিপত্যঞ্চ লেভেঽপ্রতিহতং নৃপ ॥২৮

নতঃ অস্মি ॥২৩

অমী দেহেন্দ্রিয়-প্রাণ-মনোধিয়ঃ যদংশবিদ্ধাঃ (যস্য চৈতন্যাংশেন বিদ্ধাঃ আবিষ্টাঃ সন্তঃ জাগ্রৎস্বপ্নয়োঃ) কর্ম্মসু স্ববিষয়েষু প্রচরন্তি। অন্যদা সুষুপ্তি-মূর্চ্ছাদৌ অপ্রতপ্তম্ অগ্নি-সম্বন্ধরহিতং লৌহম্ ইব ন প্রচরন্তি। অতঃ স্থানেষু জাগ্রদাদিষু চৈতন্য-সাহচর্য্যাৎ এব জীবঃ তদ্দ্রষ্টৃপদেশং দ্রষ্টৃসংজ্ঞাম্ এতি প্রাপ্নোতি ॥২৪

সকলাঃ যে সাত্বতপরিবৃঢ়াঃ ভক্তশ্রেষ্ঠাঃ তেষাং নিকরস্য সমূহস্য কর-কমলানাং কুট্মলৈঃ মুকুলৈঃ উপলালিতং সেবিতং চরণারবিন্দযুগলং যস্য তৎসম্বোধনে তাদৃশ হে পরমেষ্ঠিন্ ব্রহ্মাদি-সর্ব্বনিয়ন্তঃ। মহানুভবায় জগদ্গুরবাদি-প্রভাবায়, মহাবিভূতিপতয়ে মহাবিভূতিঃ শ্রীঃ তৎপতয়ে, ভগবতে মহাপুরুষায় তে তুভ্যং নমঃ ॥২৫

শ্রীশুকঃ উবাচ। হে প্রভো রাজন্! প্রপন্নায় ভক্তায় এতাং বিদ্যাম্ আদিশ্য নারদঃ অঙ্গিরসা সাকং স্বায়ম্ভুবং ধাম ব্রহ্ম-লোকং যযৌ ॥২৬

চিত্রকেতুঃ অবভুক্তঃ সুসমাহিতঃ সন্ তাং নারদভাষিতাং বিদ্যাং সপ্তাহং ধারয়ামাস জজাপ ॥২৭

ততঃ চ ধার্য্যমাণয়া বিদ্যয়া এব সঃ চিত্রকেতুঃ হে নৃপ! সপ্তরাত্রান্তে অপ্রতিহতম্ অস্খলিত-শাসনং বিদ্যাধরাণাম্ আধিপত্যং লেভে ॥২৮

ও ইন্দ্রিয়বর্গ জ্ঞানশক্তিদ্বারা যাঁহাকে অবগত হইতে সমর্থ হয় না, আমি সেই আপনাকে নমস্কার করি।২৩

লৌহ যেরূপ অগ্নিদ্বারা তপ্ত হইয়াই অপর বস্তুকে দগ্ধ করে, অন্য সময়ে দগ্ধ করিতে পারে না, কিংবা অগ্নিতপ্ত হইলেও যেরূপ অগ্নিকে দগ্ধ করিতে সমর্থ হয় না, সেরূপ দেহ, ইন্দ্রিয়, প্রাণ, মনঃ ও বুদ্ধি ইহারা সেই ব্রহ্ম বস্তুর চৈতন্যাংশ দ্বারা আবিষ্ট হইয়াই জাগ্রৎকালে বা স্বপ্নকালে নিজ নিজ কার্যে প্রবৃত্ত হয়, অন্য সময়ে অর্থাৎ সুষুপ্তি বা মূর্চ্ছাদি-কালে চৈতন্যাংশ দ্বারা আবিষ্ট হইয়া ও মূল-চৈতন্য ব্রহ্ম বস্তুকে স্পর্শ করিতে বা অবগত হইতে সমর্থ হয় না। যদিও জীব দ্রষ্টা, তথাপি জীবও সেই ব্রহ্ম বস্তুকে অবগত হয় না। কারণ—জাগ্রদাদি-কালে ব্রহ্মই দ্রষ্টা এই সংজ্ঞা প্রাপ্ত হন বলিয়া জীবও তাঁহা হইতে ভিন্ন নহে। এ অবস্থায় একের মধ্যে কর্তৃত্ব ও কর্মত্ব উভয়ভাব অসম্ভব বলিয়া ব্রহ্ম ভিন্ন জীবের পক্ষে ব্রহ্মাবগতি বা ব্রহ্মকে প্রকাশ করা সম্ভবপর হয় না (ব্যাখ্যান্তর—জাগ্রতাদিকালে ব্রহ্মই দ্রষ্টা এই সংজ্ঞাপ্রাপ্ত জীবকে অবগত হন, জীব তাঁহাকে অবগত হইতে পারে না)।২৪

হে ভগবন্! আপনি মহাপ্রভাবশালী ও মহা-বিভূতিরাশির অধীশ্বর মহাপুরুষরূপ। নিখিল ভক্ত-প্রবরগণ নিজ নিজ করকমলকলিকাদ্বারা নিরন্তর আপনার পাদপল্লযুগলের সেবা করেন। হে সর্বোত্তম! হে সর্বেশ্বর! আপনাকে নমস্কার করি।২৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেবর্ষি শ্রীনারদ শরণাগত ভক্ত রাজা চিত্রকেতুকে এই

ততঃ কতিপয়াহোভির্বিগৃহ্যেন্দ্রমনোগতিঃ।
জগাম দেবদেবস্য শেষস্য চরণান্তিকম্ ॥২৯

মৃণালগৌরং সিতিবাসসং স্ফুরৎ-
কিরীটকেয়ূরকটিত্রকঙ্কণম্।
প্রসন্নবক্ত্রারুণলোচনং বৃতং
দদর্শ সিদ্ধেশ্বরমণ্ডলৈঃ প্রভুম্ ॥৩০

তদ্দর্শনধ্বস্তসমস্তকিল্বিষঃ
স্বস্থামলান্তঃকরণোঽভ্যয়ান্মুনিঃ।
প্রবৃদ্ধভক্ত্যা প্রণয়াশ্রুলোচনঃ
প্রহৃষ্টরোমানমদাদিপূরুষম্ ॥৩১

স উত্তমঃশ্লোকপদাব্জবিষ্টরং
প্রেমাশ্রুলেশৈরুপমেহয়ন্মুহুঃ।
প্রেমোপরুদ্ধাখিলবর্ণনির্গমো
নৈবাশকৎ তং প্রসমীড়িতুং চিরম্ ॥৩২

ততঃ কতিপয়ৈঃ অহোভিঃ বিগৃহ্য ইন্দ্রেণ দীপ্তেন মনসা গতিঃ যস্য তাদৃশঃ চিত্রকেতুঃ দেবদেবস্য শেষস্য সঙ্কর্ষণস্য চরণান্তিকং জগাম ॥২৯

পদ্মা চ মৃণালং কমলকন্দঃ তদ্বৎ গৌরম্, সিতিবাসসং নীলাম্বরম্, স্ফুরন্তি কিরীটাদীনি যস্য তম্, প্রসন্নবক্ত্রারুণলোচনং প্রসন্নানি বক্ত্রাণি তথা অরুণানি লোচনানি যস্য তম্ তথা সিদ্ধেশ্বর-মণ্ডলৈঃ সনৎকুমারাদীনাং মণ্ডলৈঃ বৃতং প্রভুং সঙ্কর্ষণং দদর্শ ॥৩০

তস্য দর্শনেন ধ্বস্তং সমস্তং কিল্বিষং যস্য সঃ, অতএব স্বচ্ছম্ অবলং চ অন্তঃকরণং যস্য সঃ, তথা প্রণয়েন অশ্রুযুক্তে লোচনে যস্য সঃ, প্রহৃষ্টানি রোমাণি যস্য তথাবিধঃ সন্ মুনিঃ প্রবৃদ্ধয়া ভক্ত্যা আদিপূরুষং সঙ্কর্ষণম্ অভ্যয়াৎ অভিমুখম্ অগচ্ছৎ তথা অনমৎ নবাম ॥৩১

তথা প্রেমাশ্রুলেশৈঃ উত্তমঃশ্লোকস্য শেষস্য পদাব্জয়োঃ বিষ্টরম্ আসনং মুহুঃ উপমেহয়ন্ অভিষিঞ্চন্, প্রেমা উপরুদ্ধঃ অখিলানাং বর্ণানাং নির্গমঃ উচ্চারণং যস্য সঃ মুনিঃ তং প্রসমীড়িতুং স্তোতুং চিরং ন অশকৎ ॥৩২

বিদ্যার উপদেশ করিয়া মহর্ষি অঙ্গিরার সহিত ব্রহ্মলোকে গমন করিয়াছিলেন।২৬

রাজা চিত্রকেতুও শ্রীনারদ যেরূপ নির্দেশ দান করিয়াছিলেন, তদনুসারে সপ্তাহকাল জল মাত্র পান করিয়া একাগ্রচিত্তে দেবর্ষির উপদিষ্ট সেই বিদ্যা ধারণ করিলেন।২৭

হে মহারাজ! সপ্ত রাত্র অতিবাহিত হইলে রাজা চিত্রকেতু উক্ত বিদ্যাধারণের প্রভাবে বিদ্যাধর-গণের আধিপত্যরূপ অব্যর্থ ফললাভে সমর্থ হইয়াছিলেন।২৮

ইহার পর তিনি কয়েকদিনেই বিদ্যার প্রভাবে সমুজ্জ্বল মনোগতি ধারণ করিয়া দেবদেব ভগবান্ অনন্তের চরণপ্রান্তে গমন করিয়াছিলেন।২৯

অনন্তর রাজা চিত্রকেতু সেখানে সমুজ্জ্বল মুকুট, কেয়ূর, কটিসূত্র ও বলয় দ্বারা সুশোভিত, নীলবস্ত্র-ধারী, প্রসন্নবদন, অরুণলোচন ও মৃণালের ন্যায় গৌরবর্ণ প্রভু অনন্তদেবকে সিদ্ধেশ্বরগণ কর্তৃক পরিবৃত অবস্থায় দেখিতে পাইলেন।৩০

ভগবান্ অনন্তদেবের দর্শনে রাজা চিত্রকেতুর সমস্ত পাপ বিনষ্ট এবং অন্তঃকরণ নির্মল ও সুস্থ হইয়াছিল। এ অবস্থায় ভক্তির উদ্রেকহেতু নেত্র-যুগলে প্রেমাশ্রু ও সর্বাঙ্গে রোমাঞ্চের উদয় হইলে তিনি মৌনভাবে সেই আদিপুরুষকে প্রণাম করিয়াছিলেন।৩১

তৎকালে চিত্রকেতু প্রেম-বিগলিত অশ্রুবিন্দুসমূহ দ্বারা উদারকীর্তি ভগবান্ অনন্তদেবের পাদপদ্মযুগলের আসনটিকে বার বার অভিষিক্ত করিয়াছিলেন, কিন্তু প্রেমবশতঃ কণ্ঠমধ্যে বর্ণসমূহের উচ্চারণ অবরুদ্ধ হওয়ায় দীর্ঘকাল পর্যন্ত তাঁহার স্তুতি-রচনায় সমর্থ হন নাই।৩২

ততঃ সমাধায় মনো মনীষয়া
যভাষ এতৎ প্রতিলব্ধবাগসৌ।
নিযম্য সর্ব্বেন্দ্রিয়বাহ্যবর্ত্তনং
জগদ্গুরুং সাত্বততন্ত্রবিগ্রহম্ ॥৩৩

চিত্রকেতুরুবাচ।

অজিত জিতঃ সমমতিভিঃ
সাধুভির্ভবান্ জিতাত্মভির্ভবতা।
বিজিতাস্যেঽপি চ তজ্জতা-
মকামাত্মনাং য আত্মদোঽতিকরুণঃ ॥৩৪

তব বিভবঃ খলু ভগবন্
জগদুদয়-স্থিতিলয়াদীনি।
বিশ্বসৃজস্তেঽংশাংশা-
স্তত্র মৃষা স্পর্দ্ধন্তি পৃথগভিমত্যা ॥৩৫

পরমাণু-পরমমহতো-
স্ত্বমাত্মন্তাস্তরবর্ত্তী ত্রয়বিধুরঃ।
আদাবন্তে সন্নানাং
যদ্ধ্রুবং তদেবান্তরালেঽপি ॥৩৬

ততঃ মনীষয়া বুদ্ধ্যা মনঃ সমাধায় বশীকৃত্য, তথা সর্ব্বেন্দ্রিয়াণাং বাহ্যবর্ত্তনং বিষয়াভিমুখধাবনং নিয়ম্য নিরুধ্য, প্রতিলব্ধা বাক্ যেন সঃ অসৌ চিত্রকেতুঃ সাত্বততন্ত্রবিগ্রহং (সাত্বততন্ত্রং ভক্তিপ্রতিপাদকং পঞ্চরাত্রাদি তদুক্তঃ সচ্চিদানন্দাত্মকঃ বিগ্রহঃ যস্য তং) জগদ্গুরুং সর্বপূজ্যং প্রতি এতং বক্ষ্যমাণং তং তুষ্টাব ॥৩৩

চিত্রকেতুঃ উবাচ। হে অজিত! অকামাত্মনাম্ অপি ভজতাং যঃ অতিকরুণঃ আত্মদঃ সঃ ভবান্ সমমতিভিঃ (স্থাবর-জঙ্গমেষু সমং যাং মতিঃ) জিতাত্মভিঃ সাধুভিঃ জিতঃ স্বাধীনঃ এব কৃতঃ, তথা তে চ ইন্দ্রিয়াদিভিঃ অজিতাঃ অপি ভবতা বিজিতাঃ বশীকৃতাঃ এব ॥৩৪

হে ভগবন্! জগতঃ উদয়-স্থিতি-লয়াদীনি খলু তব এব বিভবঃ বিভূতয়ঃ লীলা এব। বিশ্বসৃজঃ ব্রহ্মাদয়ঃ তু (যতঃ তে পৃথক্ ঈশ্বরাঃ) অপি তু তে তব অংশাংশাঃ (অংশঃ যঃ পুরুষঃ তস্য অংশাঃ) এব। তত্র বিষয়ে বয়ং পৃথগীশ্বরাঃ ইত্যভিমানেন তে মৃষা এব স্পর্দ্ধন্তি ॥৩৫

পরমাণু-পরম-মহতোঃ (পরমাণুঃ সূক্ষ্মং মূলং কারণং, পরম-মহৎ অন্তিমকার্য্যং তয়োঃ) ত্বম্ এব আত্মান্তরবর্ত্তী (আদৌ অন্তে চ অন্তরে মধ্যে চ বর্ত্তিতুং শীলং যস্য সঃ) অতএব ত্রয়বিধুরঃ আদ্যন্তমধ্যশূন্যঃ নিত্যঃ। সন্নানাং সদ্রূপেণ প্রতীয়মানানাং কার্য্যাণাম্ আদৌ অন্তে চ যৎ ধ্রুবং স্থিরম্ অন্তরালে মধ্যে অপি তদেব ধ্রুবম্ (সুবর্ণাদিবৎ) ॥৩৬

অনন্তর তিনি বুদ্ধিবলে মনকে সংযত এবং ইন্দ্রিয়সমূহের বাহ্যবৃত্তি অবরুদ্ধ করিয়া বাক্‌শক্তি প্রাপ্ত হইলে বৈষ্ণব-শাস্ত্রবর্ণিত মূর্ত্তিধারী জগদ্গুরু অনন্তদেবকে এরূপ বলিয়াছিলেন।৩৩

চিত্রকেতু বলিলেন—হে অজিত। অপর লোক আপনাকে জয় করিতে না পারিলেও আপনি পরম-করুণাময় বলিয়া জিতেন্দ্রিয় সমবুদ্ধি সাধুগণ আপনাকে জয় করিয়াছেন অর্থাৎ নিজেদের বশীভূত করিয়াছেন। আর সেই সাধুগণ নিষ্কাম হইলেও ভক্তগণের নিকট আত্মদান করিয়াই আপনি সেই সাধুগণকেও জয় করিয়াছেন।৩৪

হে ভগবন্! এ জগতের সৃষ্টি, স্থিতি ও সংহারকার্য আপনারই লীলা। যাঁহারা জগতের সৃষ্টি প্রভৃতি ক্রিয়ার কর্তা বলিয়া পরিচিত, সেই ব্রহ্মাদি দেবগণ বস্তুতঃ ঈশ্বর নহেন, পরন্তু তাঁহারা আপনারই অংশস্বরূপ পুরুষের অংশমাত্র। তথাপি তাঁহারা অভিমানবশতঃ নিজদিগকে পৃথক্ পৃথক্ ঈশ্বর মনে করিয়া নিরর্থক স্পর্ধা প্রকাশ করেন।৩৫

হে ভগবন্! আপনিই জগতের মূল কারণ সূক্ষ্ম পরমাণু হইতে পরমমহৎপরিমাণ স্থূল অন্তিম-কার্য পদার্থপর্যন্ত সকল পদার্থের আদি, অন্ত ও মধ্যবর্তী বলিয়া এবং স্বয়ং আদি, অন্ত ও মধ্যহীন

ক্ষিত্যাদিভিরেষ কিলাবৃতঃ
সপ্তভির্দশগুণোত্তরৈরণ্ডকোষঃ।
যত্র পততাণুকল্পঃ
সহাণ্ডকোটিভিরনন্তঃ ॥৩৭

বিষয়তৃষো নরপশবো
ন উপাসতে বিভূতীর্ন পরং ত্বাম্।
তেষামাশিষ ঈশ
তদসু বিনশ্যন্তি যথা রাজকুলম্ ॥৩৮

কামধিয়স্ত্বয়ি রচিতা
ন পরম রোহন্তি যথা করম্ভবীজানি।
জ্ঞানাত্মন্যগুণময়ে
গুণগণতোঽস্য বন্ধজালানি ॥৩৯

জিতমজিত তদা ভবতা
যদাহ ভাগবতং ধর্ম্মমনবদ্যম্।
নিষ্কিঞ্চনা যে মুনয়
আত্মারামা যমুপাসতেঽপবর্গায় ॥৪০

দশগুণোত্তরৈঃ (পূর্বস্মাৎ পূর্বস্মাৎ দশগুণম্ উত্তরৈঃ অধিকৈঃ) ক্ষিত্যাদিভিঃ সপ্তভিঃ কিল আবৃতঃ এষঃ অণ্ডকোষঃ ব্রহ্মাণ্ডঃ যত্র যস্মিন্ অণুকল্পঃ অণুতুল্যঃ অনন্তকোটিকোটিভিঃ সহ পততি ভ্রমতি, তৎ তস্মাৎ ভবান্ অনন্তঃ এব ॥৩৭

বিষয়তৃষঃ (বিষয়েষু তৃট্ তৃষ্ণা যেষাং তে) নরপশবঃ নরাকারাঃ পশবঃ এব যে বিষয়কামনয়া যতঃ তে তব বিভূতীঃ বিভূতিরূপান্ ইন্দ্রাদীন্ উপাসতে, ন তু পরং সর্বোত্তমং ত্বাম্। তেষাম্ উপাসকানাম্ আশিষঃ তদ্ভক্তভোগাঃ তদসু উপাস্যদেবতা-নাশানন্তরম্ এব বিনশ্যন্তি, যথা রাজকুল-নাশানন্তরং তদ্ভক্তাঃ তৎসেবকানাং ভোগাঃ বিনশ্যন্তি ॥৩৮

হে পরম-পুরুষোত্তম! কামাঃ রাজ্যাদি-বিষয়াঃ তদর্থম্ অপি ধিয়ঃ মনসঃ ত্বয়ি রচিতাঃ কৃতাঃ চেৎ, তদা করম্ভবীজানি ইব ভর্জিত-বীজানীব ন রোহন্তি দেহান্তরোৎপত্তয়ে ন ভবন্তি। যতঃ অতঃ জীবস্য গুণগণতঃ এব বন্ধ-জালানি সংসার-কারণানি অবস্থা-ধর্মতাধীনি ভবন্তি। অতঃ কামেনাপি জ্ঞানাত্মনি সচ্চিদানন্দ-বিগ্রহে অগুণময়ে প্রাকৃত-গুণ-ভিন্নে ত্বয়ি বুদ্ধিপর্য্য-বসানাৎ মোক্ষঃ ॥৩৯

হে অজিত! যদা ভবান্ ভাগবতং স্বপ্রাপ্তিসাধনভূতম্ অনবদ্যং নির্দোষং ধর্ম্মম্ আহ, তদৈব ভবতা জিতং সর্বোৎ-কর্ষেণ স্থিতম্। হে ভগবন্! নিষ্কিঞ্চনাঃ লৌকৈষণা-বিত্তৈষণা-

---

বলিয়া একমাত্র নিত্য বস্তু। যেহেতু, বলয়-কুণ্ডল প্রভৃতি অলঙ্কার সৃষ্টির পূর্বে এবং ঐ সকল অলঙ্কারের নাশের পরেও যেরূপ সুবর্ণের স্থায়িত্ব দেখা যায় বলিয়া বলয়াদি অবস্থায়ও একমাত্র সুবর্ণ-ই নিত্য বস্তুরূপে স্বীকৃত হয়, সেরূপ জগতে সত্তাবিশিষ্টরূপে প্রতীয়মান কার্য পদার্থসমূহের আদি এবং অন্তে যাঁহাকে স্থিরভাবে বিদ্যমান দেখা যায়, মধ্যভাগে অর্থাৎ কার্যসমূহের বর্তমান দশায় ও একমাত্র সেই বস্তুরই পারমার্থিক সত্তা স্বীকার্য হয়।৩৬

হে দেব! পূর্ব পূর্ব আবরণ অপেক্ষা উত্তরোত্তর দশগুণ অধিক পরিমাণ-বিশিষ্ট ক্ষিতি প্রভৃতি সাতটি আবরণে আবৃত এই ব্রহ্মাণ্ডে সমপরিমাণ কোটি কোটি ব্রহ্মাণ্ডের সহিত আপনার মধ্যে অবস্থান করিয়া ক্ষুদ্র পরমাণুর ন্যায় ভ্রমণ করিতেছে বলিয়া আপনি অনন্ত অর্থাৎ অপরিমেয়।৩৭

হে ঈশ! যাহারা বিষয়াকাঙ্ক্ষী হইয়া আপনার বিভূতিস্বরূপ ইন্দ্রাদি দেবতাগণের উপাসনা করে, অথচ পরমপুরুষ আপনার উপাসনা করে না, তাহারা নরাকার পশু। পরন্তু রাজকুল নষ্ট হইলে রাজার আশ্রয়ে বিষয়ভোগরত ভৃত্যগণের বিষয়-ভোগের যেরূপ পরিসমাপ্তি ঘটে, সেরূপ ঐ নরপশু-গণের উপাস্য দেবতাগণের পতনের পর তাহাদেরও বিষয়ভোগ বিনষ্ট হইয়া থাকে।৩৮

হে পরমপুরুষ! আপনি জ্ঞানস্বরূপ নির্গুণ বস্তু। অতএব ভর্জিত বীজসমূহ যেরূপ অঙ্কুর উৎপাদনে সমর্থ হয় না, সেরূপ আপনার বিষয়ে বিহিত কামনা বাসনাসমূহও পুনর্জন্মের কারণ হয় না। যেহেতু গুণসমূহের সঙ্গ হইতেই জীবের সুখ-দুঃখাদির উদয় হয়, অতএব কামনা সহকারেও নির্গুণস্বরূপ আপনার উপাসনা করিলে উপাসকের

বিষমমতির্ন যত্র নৃণাং
ত্বমহমিতি মম তবেতি চ যদন্যত্র।
বিষমধিয়া রচিতো যঃ
সদ্বিশুদ্ধঃ ক্ষয়িষ্ণুরধর্ম্মবহুলঃ ॥৪১

কঃ ক্ষেমো নিজপরয়োঃ
কিয়ান্ বার্থঃ স্বপরতরুহা ধর্ম্মেণ।
স্বদ্রোহাৎ তব কোপঃ
পরসংপীড়য়া চ তথাঽধর্ম্মঃ ॥৪২

ন ব্যভিচরতি তবেক্ষা
যন্না হ্যভিহিতো ভাগবতো ধর্ম্মঃ।
স্থিরচরসত্ত্বকদম্বে-
ষ্বপৃথগ্ধিয়ো যমুপাসতে ত্বার্য্যাঃ ॥৪৩

নহি ভগবন্নঘটিতমিদং
ত্বদ্দর্শনান্নৃণামখিলপাপক্ষয়ঃ।
যন্নামসকৃচ্ছ্রবণাৎ
পুক্কশোঽপি বিমুচ্যতে সংসারাৎ ॥৪৪

স্বতৈষণারহিতাঃ যে আত্মারামাঃ আত্মতত্ত্বা তদ্বিদ্যাঃ মুনয়ঃ, তে অপি অপবর্গায় সংসার-বিমোকেন ত্বৎ-প্রাপ্তয়ে ধর্ম্মম্ উপাসতে ॥৪০

যত্র ভাগবতে ধর্ম্মে নৃণাম্ উপাসকানাং ত্বমহমিতি মম তবেতি চ বিষম-মতিঃ নাস্তি; যৎ যথা অন্যত্র কাম্যধর্ম্মে বিষমমতিঃ ভবতি তথা যত্র নাস্তি; বিষম-ধিয়া শত্রু-মারণ-স্বর্গ-প্রাপ্ত্যাদিকাময়া রচিতঃ বিহিতঃ যঃ স হি অবিশুদ্ধঃ রাগদ্বেষাদিপ্রযুক্তঃ ক্ষয়িষ্ণুঃ নশ্বরফলকত্বাৎ অধর্ম্মবহুলঃ হিংসাদিবাহুল্যাৎ ॥৪১

নিজপরয়োঃ (অহন্তাস্পদস্য আত্মনঃ, মমতাস্পদস্য পুত্রাদেঃ)। স্বপরতরুহা (স্বস্মৈ পরস্মৈ চ দ্রুহ্যতি ইতি স্বপরদ্রুক্ তেন) ধর্ম্মেণ কঃ ক্ষেমঃ, কিং কুশলং, কিয়ান্ বা অর্থঃ? যতঃ স্বদ্রোহাৎ তব কোপঃ, তথা পরস্য পীড়য়া অধর্ম্মঃ তব কোপশ্চ ॥৪২

যন্না ঈক্ষয়া তবতা ভাগবতঃ ধর্ম্মঃ অভিহিতঃ নিরূপিতঃ, সা তব ঈক্ষা (অনুকূলা ঈক্ষা; সতার্থাঃ তবন্ত ইতি পরামর্শঃ) ন ব্যভিচরতি। যি যস্মাৎ স্থিরচরসত্ত্বকদম্বেষু স্থাবরজঙ্গম-প্রাণিসমূহেষু অপৃথগ্ধিয়ঃ (একং স্বামেব পশ্যন্তঃ) আর্য্যাঃ শ্রেষ্ঠাঃ যং ধর্ম্মম্ উপাসতে ॥৪৩

হে ভগবন্! তদ্দর্শনাৎ নৃণাম্ অখিল-পাপক্ষয়ঃ ভবতি ইতি ইদম্ অঘটিতম্ অসম্ভাবিতং ন ভবতি; যি যস্মাৎ যস্য তব নাম্নঃ সকৃৎ একবারমপি শ্রবণাৎ পুক্কশঃ চণ্ডালঃ অপি সংসারাৎ দুঃখার্ণবাৎ বিমুচ্যতে ॥৪৪

ক্রমশঃ বৈগুণ্যসিদ্ধি সম্ভবপর হইয়া থাকে।৩৯

হে অজিত! যে সময়ে আপনি অনিন্দনীয় ভাগবত ধর্ম্মের উপদেশ করিয়াছিলেন, তখনই আপনি সর্বপ্রকারে জয়লাভ করিয়াছেন। হে ভগবন্! সনৎকুমারপ্রমুখ নিষ্কিঞ্চন আত্মারাম মুনিগণ সংসার-মুক্তির জন্য এই ধর্ম্মের উপাসনা করেন।৪০

কামনামূলক ধর্ম্মে যেরূপ মনুষ্যগণের 'তুমি-আমি, তোমার-আমার' এ জাতীয় ভেদবুদ্ধি রহিয়াছে, ভাগবত ধর্ম্মে সেরূপ ভেদবুদ্ধি নাই।

যদিও সেই সকাম ধর্ম্ম বেদকর্ত্তৃকই বিহিত হইয়াছে, তথাপি বৈদিক যে ধর্ম্ম শত্রুমারণাদির জন্য অনুষ্ঠিত হয়, তাহা রাগ-দ্বেষাদিমূলক বলিয়া অবিশুদ্ধ, নশ্বর ফলদায়ক বলিয়া ক্ষয়শীল এবং পশু-হিংসাদির বাহুল্যহেতু অধর্ম্মবহুলই হইয়া থাকে।৪১

যে ধর্ম্মের দ্বারা নিজ ও অপরের পীড়া হয়, তাহা দ্বারা নিজ ও অপরের কোন মঙ্গলই সাধিত হয় না। বস্তুতঃ তাদৃশ ধর্ম্মে অত্যন্ত কায়ক্লেশ সম্পাদন দ্বারা অন্তঃশরীরস্থিত আপনারও পীড়া উৎপাদন করা হয় এবং পরপীড়া দ্বারা অধর্ম্ম ও আপনার পীড়া হইয়া থাকে।৪২

হে ভগবন্! স্থাবর-জঙ্গম সকল প্রাণীর প্রতি সমবুদ্ধি সম্পন্ন মহাজনগণ যে ভাগবত ধর্ম্মের সেবা করেন, আপনি যে-সত্যদৃষ্টি দ্বারা উক্ত ধর্ম্মের উপদেশ করিয়াছেন, সে দৃষ্টির কখনও ব্যভিচার ঘটে না।৪৩

হে ভগবন্! যেহেতু আপনার নাম একমাত্র শ্রবণ করিলেই নীচজাতি চণ্ডালও সংসারমুক্ত হয়, অতএব আপনার সাক্ষাৎ দর্শনে মানবগণের যে সকল পাপের ক্ষয় হয়, ইহা অসম্ভব নহে।৪৪

অথ ভগবন্ বয়মধুনা
ত্বদবলোকপরিমৃষ্টাশয়মলাঃ।
সুরঋষিণা যৎ কথিতং
তাবকেন কথমন্যথা ভবতি ॥৪৫
বিদিতমনন্ত সমস্তং
তব জগদাত্মনো জনৈরিহাচরিতম্।
বিজ্ঞাপ্যং পরমগুরোঃ
কিয়দিব সবিতুরিব খদ্যোতৈঃ ॥৪৬

নমস্তুভ্যং ভগবতে
সকলজগৎস্থিতিলয়োদয়েশায়।
দুরবসিতাত্মগতয়ে
কুযোগিনাং ভিদা পরমহংসায় ॥৪৭
যং বৈ শ্বসন্তমনু বিশ্বসৃজঃ শ্বসন্তি
যং চেকিতানমনুচিত্তয় উচ্চকন্তি।
ভূমণ্ডলং সর্ষপায়তি
তস্মৈ নমো ভগবতেঽস্তু সহস্রমূর্দ্ধ্নে ॥৪৮

অথ তস্মাৎ হে ভগবন্! ত্বদবলোকনেন পরিমৃষ্টাঃ নিরস্তাঃ আশয়-মলাঃ অন্তঃকরণদোষাঃ যাভ্যাং তৎকার্য্যভূতাঃ রাগ-লোভাদয়ঃ চ যেষাং তে তথাভূতাঃ বয়ম্ অধুনা জাতাঃ। অতঃ তাবকেন সুরর্ষিণা নারদেন যৎ কথিতম্, তৎ কথম্ অন্যথা ভবতি ॥৪৫

হে অনন্ত! ইহ সংসারে জনৈঃ যৎ আচরিতম্, তৎ সর্বং সমস্তং জগদাত্মনঃ তব বিদিতম্ এব। অতঃ পরমগুরোঃ (বেদপ্রবর্তনেন সর্বস্য হিতাহিতোপদেশকস্য সর্বপ্রকাশকস্য তব) সবিতুঃ সূর্যস্য ইব খদ্যোতৈঃ তৎসদৃশৈঃ অস্মাভিঃ বিজ্ঞাপ্যং প্রকাশনীয়ং কিয়দিবন কিমপি ॥৪৬

সকলস্য জগতঃ স্থিত্যাদীনাম্ ঈশায় কার্যে, তথা ভিন্না ভেদদর্শনেন নিষিদ্ধেন কুযোগিনাং বিষয়াবিষ্টচিত্তানাং দুরবসিতাত্মগতয়ে (দুরবসিতা অবিজ্ঞাতা আত্মগতিঃ নিজং তত্ত্বং যস্য তস্মৈ) পরমহংসায় অহংমমাদ্যভিমানরহিতত্বাৎ পরম-শুদ্ধায় ভগবতে তুভ্যং নমঃ ॥৪৭

যং খলু চেষ্টমানম্ অনু বিশ্বসৃজঃ ব্রহ্মাদয়ঃ দেবাঃ (কর্মেন্দ্রিয়াণি চ) শ্বসন্তি চেষ্টন্তে; যং চেকিতানং পশ্যন্তং প্রকাশয়ন্তং চ অনু চিন্তয়ঃ (সূর্যাদয়ঃ দেবাঃ জ্ঞানেন্দ্রিয়াণি চ) উচ্চকন্তি স্ব স্ব বিষয়ং প্রকাশয়ন্তি; যস্য মূর্দ্ধ্নি ভূমণ্ডলম্ সর্ষপায়তি সর্ষপবৎ অনুসন্ধেয়তয়া বর্ত্ততে, তস্মৈ সহস্রমূর্দ্ধ্নে ভগবতে তুভ্যং নমঃ অস্তু ॥৪৮

হে ভগবন্! সম্প্রতি আপনার দর্শনে আমার চিত্তের মল সম্পূর্ণরূপেই বিনষ্ট হইয়াছে। আপনার পরমভক্ত দেবর্ষি শ্রীনারদ যাহা যাহা বলিয়াছিলেন, তাহা কখনও ব্যর্থ হইতে পারে না।৪৫

হে অনন্তদেব! আপনি জগতের অন্তর্যামী বলিয়া জগতের সকল লোকেরই সকল আচরণ অবগত রহিয়াছেন। এ অবস্থায়—সূর্যের নিকট খদ্যোত-গণের যেরূপ কোন পদার্থই প্রকাশযোগ্য নহে, সেরূপ আপনার নিকটেও আমাদের প্রকাশযোগ্য কিছুই নাই।৪৬

হে ভগবন্! নিখিল ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের অধীশ্বর পরমহংসরূপী আপনাকে নমস্কার করি। কুযোগিগণ ভেদবুদ্ধিবশতঃ আপনার তত্ত্ব অবগত হইতে পারে না।৪৭

যিনি জগদ্ব্যাপারে উদ্যত হইলে তাঁহারই অনুগত হইয়া বিশ্বস্রষ্টা দেবতাগণ নিজ নিজ কার্যে উদ্যম প্রকাশ করেন এবং যিনি আত্মপ্রকাশ দ্বারা জাগতিক প্রকাশ্য বস্তুসমূহের প্রকাশ করিলেই জ্ঞানেন্দ্রিয়সমূহ ঐ সকল বিষয়ের প্রকাশে সমর্থ হয় অর্থাৎ যাঁহার ক্রিয়াশক্তি এবং জ্ঞানশক্তির আনুকূল্যেই অপর সকলের মধ্যে ক্রিয়া ও জ্ঞানের সঞ্চার হইতেছে এবং যাঁহার একটিমাত্র মস্তকের একদেশে এই নিখিল ব্রহ্মাণ্ড ক্ষুদ্রাকৃতি সর্ষপের ন্যায় অবস্থান করে, সেই সহস্রশীর্ষা ভগবান্ অনন্তদেবকে নমস্কার করি।৪৮

শ্রীশুক উবাচ।

সংস্তুতো ভগবানেবমনন্তস্তমভাষত।
বিদ্যাধরপতিং প্রীতশ্চিত্রকেতুং কুরূদ্বহ ॥৪৯

শ্রীভগবানুবাচ।

যন্নারদাঙ্গিরোভ্যাং তে ব্যাহৃতং মেঽনুশাসনম্।
সংসিদ্ধোঽসি তয়া রাজন্ বিদ্যয়া দর্শনাচ্চ মে ॥৫০
অহং বৈ সর্ব্বভূতানি ভূতাত্মা ভূতভাবনঃ।
শব্দব্রহ্ম পরং ব্রহ্ম মমোভে শাশ্বতী তনূ ॥৫১

শ্রীশুকঃ উবাচ। হে কুরূদ্বহ! এবং সংস্তুতঃ ভগবান্ অনন্তঃ সঙ্কর্ষণঃ প্রীতঃ সন্ বিদ্যাধর-পতিং চিত্রকেতুম্ অভাষত ॥৪৯

শ্রীভগবান্ উবাচ। হে রাজন্! নারদাঙ্গিরোভ্যাং যে মম যৎ অনুশাসনম্ উপদেশঃ তে ব্যাহৃতং নিরূপিতম্, তয়া বিদ্যয়া মদ্বাচিকয়া যে মম দর্শনাৎ চ ত্বং সংসিদ্ধঃ অসি ॥৫০

ভূতাত্মা (ভূতানাম্ আত্মা ভোক্তা), ভূতভাবনঃ (ভূতানাং ভাবনঃ প্রকাশকঃ) তথা সর্ব্বভূতানি স্থাবর-জঙ্গমাত্মকানি বৈ অহম্ এব। শব্দব্রহ্ম বর্ণাবর্ণাদিপ্রকাশকম্, তথা পরং ব্রহ্ম নিমিত্ত-কারণম্ ইতি তে উভে অপি মম এব শাশ্বতী শাশ্বত্যৌ তনূ রূপে ॥৫১

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! বিদ্যাধর-পতি চিত্রকেতু পূর্বোক্ত স্তুতি করিলে ভগবান্ অনন্তদেব সন্তুষ্ট হইয়া তাঁহাকে এরূপ বলিয়াছিলেন।৪৯

শ্রীভগবান্ বলিলেন—হে মহারাজ! দেবর্ষি শ্রীনারদ ও মহর্ষি অঙ্গিরা তোমাকে আমার বিষয়ে যে উপদেশ দিয়াছিলেন, সেই উপদেশরূপা বিদ্যা এবং আমার এই সাক্ষাৎকারদ্বারা তুমি সম্পূর্ণরূপে সিদ্ধিলাভ করিয়াছ।৫০

আমিই সর্বভূতরূপে অবস্থিত এবং তাহাদের ভোক্তাও আমিই হই অর্থাৎ ভোক্তা ও ভোগ্যরূপ এই জগৎ আমা হইতে ভিন্ন নহে, যেহেতু আমিই এই ভূতসমূহের প্রকাশক ও কারণস্বরূপ। শব্দব্রহ্ম অর্থাৎ বেদ এবং পরমব্রহ্ম এ জগতের প্রকাশক ও কারণরূপে প্রসিদ্ধ হইলেও উভয়েই আমারই সনাতন মূর্তি।৫১

লোকে বিততমাত্মানং লোকশ্চাত্মনি সন্ততম্।
উভয়ঞ্চ ময়া ব্যাপ্তং ময়ি চৈবোভয়ং কৃতম্ ॥৫২

যথা সুষুপ্তঃ পুরুষো বিশ্বং পশ্যতি চাত্মনি।
আত্মানমেকদেশস্থং মন্যতে স্বপ্ন উত্থিতঃ ॥৫৩

এবং জাগরণাদীনি জীবস্থানানি চাত্মনঃ।
মায়ামাত্রাণি বিজ্ঞায় তদ্দ্রষ্টারং পরং স্মরেৎ ॥৫৪

লোকে ভোগ্যাত্মকে প্রপঞ্চে ভোক্তৃরূপেণ বিততম্ অনুসৃতম্, আত্মানং জীবং, তথা আত্মনি জীবে সন্ততং ভোগ্যরূপেণ ব্যাপ্তং লোকং, তৎ উভয়ং ময়া কারণাত্মনা ব্যাপ্তম্, যতঃ তৎ উভয়ম্ অপি ময়ি এব অধিষ্ঠানে রচিতম্, ইতি সম্বন্ধোক্তয়ঃ ॥৫২

যথা সুষুপ্তঃ পুরুষঃ (স্বপ্নে) আত্মনি স্বরূপস্থানে বিশ্বং মদাখ্যমাত্মানমেকদেশং পশ্যতি (ন তু স তত্রস্থো ভবতি) যতঃ পুনঃ উত্থিতঃ সন্ আত্মানং মদন্যম্ একদেশং গৃহে শয়নদেশে স্থিতং মন্যতে ॥৫৩

এবং জাগরণাদীনি জীবস্থানানি (জাগরণাদিবস্থাসু অপি জীবস্য মদ্বোধো মদহং-মমাধ্যাসরূপাণি চ) আত্মনঃ পরমাত্মনঃ

নিদ্রিত ব্যক্তি যেরূপ নিদ্রাকালে কখনও দেশান্তরবর্তী পর্বত অরণ্যপ্রভৃতি পদার্থকে নিজের মধ্যেই দর্শন করে, আবার কখনও বা স্বপ্নদশায়ই নিজকে জাগ্রত এবং শয্যায়ই অবস্থিত মনে করে, সেরূপ জীবের উপাধিস্বরূপ বুদ্ধির জাগরণাদি অবস্থা-সমূহকেও আত্মার মায়ামাত্র জানিয়া ঐ সকল

যেন প্রসুপ্তঃ পুরুষঃ স্বাপং বেদাত্মনস্তদা।
সুখঞ্চ নির্গুণং ব্রহ্ম তমাত্মানমবেহি মাম্ ॥৫৫
উভয়ং স্মরতঃ পুংসঃ প্রস্বাপ-প্রতিবোধয়োঃ।
অন্বেতি ব্যতিরিচ্যেত তজ্জ্ঞানং ব্রহ্ম তৎপরম্ ॥৫৬
যদেতদ্‌বিস্মৃতং পুংসো মদ্ভাবং ভিন্নমাত্মনঃ।
ততঃ সংসার এতস্য দেহাদ্দেহো মৃতের্মৃতিঃ ॥৫৭

ভগবতঃ মায়ামাত্রাণি (মায়য়া যোগেন কল্পিতানি ইতি) বিদ্যায়া জ্ঞেয়ম্ অধ্যাসানাং দ্রষ্টারম্ অতএব পরং তদধ্যাসরহিতং মাং স্বয়ং ॥৫৪

প্রসুপ্তঃ পুরুষঃ যেন ব্রহ্মণা একীভূতেন রূপেণ তদা প্রস্বাপকালে আত্মনঃ স্বাপং নির্গুণং বিশেষধর্মাণামভাবম্ অতীন্দ্রিয়ং সুখং বেদ, তম্ আত্মানং ব্রহ্ম ব্যাপকং মাম্ এব অবেহি ॥৫৫

উভয়ং প্রস্বাপং প্রতিবোধং চ স্মরতঃ অনুসন্দধতঃ পুংসঃ তয়োঃ প্রস্বাপ-প্রতিবোধয়োঃ প্রকাশকত্বেন যৎ অন্বেতি তথা জ্ঞাত্যাং ব্যতিরিচ্যেত চ, (একৈকাবস্থায়াং অপি অনবস্থায়াং) তৎ ঔপাধ্যং জ্ঞানং চৈতন্যম্ এব তৎ পরং ব্রহ্ম ॥৫৬

যৎ যদি এতৎ পূর্ব্বোক্তং মদ্ভাবং মৎস্বরূপং পুংসঃ বিস্মৃতং

অবস্থার দ্রষ্টা, অথচ অবস্থাসমূহের অতীত পরমাত্মাকে ধ্যান করিবে ।৫৩-৫৪

(সুষুপ্তিদশায় দৃশ্যের অভাবে দ্রষ্টার অস্তিত্ব সিদ্ধ হয় কিরূপে? এরূপ প্রশ্নাশঙ্কায় বলিতেছেন) সুষুপ্ত ব্যক্তি যে স্বরূপদ্বারা তৎকালে নিজ গাঢ় নিদ্রা এবং অতীন্দ্রিয় সুখ অনুভব করে, আমাকেই জীবের সেই ব্রহ্মস্বরূপ আত্মা বলিয়া জানিবে (সুষুপ্তিদশায় যদি দ্রষ্টা না থাকিত তাহা হইলে লোক সুষুপ্তির পর জাগ্রত হইলে—'আমি সুখে ঘুমাইয়াছিলাম'—এরূপে সুষুপ্তিকালীন সুখের স্মরণ করিতে পারিত না, অথচ যেহেতু জাগরণের পর তাহার সুষুপ্তিকালীন সুখের স্মরণ হয়, অতএব তৎকালেও সুষুপ্তিসুখের অনুভবকারী আত্মার অস্তিত্ব অবশ্যই স্বীকার্য্য) ।৫৫

সুষুপ্তি ও জাগরণ এই উভয় অবস্থার স্মরণকারী পুরুষের সুষুপ্তি ও জাগরণ অবস্থার প্রকাশকরূপে

লব্ধ্বেহ মানুষীং যোনিং জ্ঞানবিজ্ঞানসম্ভবাম্।
আত্মানং যো ন বুধ্যেত ন ক্বচিৎ ক্ষেমমাপ্নুয়াৎ ॥৫৮
মৃষেহায়াং পরিক্লেশং ততঃ ফলবিপর্য্যয়ম্।
অভয়কাপ্যনীহায়াং সঙ্কল্পাদ্ বিরমেৎ কবিঃ ॥৫৯
সুখায় দুঃখমোক্ষায় কুর্ব্বাতে দম্পতী ক্রিয়াঃ।
ততো নিবৃত্তিরপ্রাপ্তির্দুঃখস্য চ সুখস্য চ ॥৬০

ভবতি, তদা আত্মনঃ সকাশাৎ বিশ্বং ভিন্নং ভবতি, ততঃ চ ভেদ-দর্শনাৎ এতস্য জীবস্য সংসারঃ ভবতি; যেন দর্শনেন দেহাৎ দেহঃ পুনর্জন্ম, মৃত্যোঃ অনন্তরং পুনঃ মৃতিঃ চ ভবতি ॥৫৭

জ্ঞানবিজ্ঞান-সম্ভবাং (জ্ঞানং শাস্ত্রোক্তং বিজ্ঞানম্ অপরোক্ষং তয়োঃ সম্ভবঃ উৎপত্তিঃ যস্যাং তাং) মানুষীং যোনিম্ ইহ পুণ্যক্ষেত্রে ভারতবর্ষে লব্ধ্বা যঃ আত্মানং পরমাত্মানং চ তদংশভূত-জীব-স্বরূপং ন বুধ্যেত, সঃ ক্বচিৎ (দেবাদি যোনিং গতাপি) ক্ষেমং পরমানন্দস্বরূপং ন আপ্নুয়াৎ ॥৫৮

ঈহায়াং (লৌকিক-বৈদিক-বিবিধে প্রবৃত্তিমার্গে) পরিক্লেশং ততঃ কর্ম্মণঃ এব ফলবিপর্য্যয়ং চ মৃষা তথা অনীহায়াং নিবৃত্তিমার্গে তু অভয়ং মোক্ষং চ মৃষা কবিঃ বিবেকী সঙ্কল্পাৎ

যাহা নিয়তভাবে বিদ্যমান, অথচ যাহা উক্ত উভয় অবস্থা হইতে পৃথক্ পদার্থ, সেই জ্ঞান সেই পরম-ব্রহ্মই হন, তদতিরিক্ত নহেন। তুমি এইরূপ ব্রহ্মকেই আত্মা বলিয়া জানিবে ।৫৬

যদি জীবের মৎস্বরূপ এই ব্রহ্মভাব বিস্মৃত এবং নিজ হইতে ভিন্নরূপে প্রতীত হয় অর্থাৎ জীব ব্রহ্মের ভেদজ্ঞান হয়, তাহা হইলে জীবের জন্মের পর জন্ম এবং মৃত্যুর পর মৃত্যুরূপ সংসারগতিই চলিতে থাকে ।৫৭

যে ব্যক্তি এই ভূতলে জ্ঞান ও বিজ্ঞানের উৎপত্তির অনুকূল মনুষ্য জন্ম লাভ করিয়া আত্মাকে অবগত হয় না, সে কখনও কল্যাণলাভে সমর্থ হয় না ।৫৮

প্রবৃত্তিমার্গে কামনামূলক কর্ম্মাদির অনুষ্ঠানে নানারূপ ক্লেশ ভোগ করিতে হয়, আবার কদাচিৎ ক্রিয়ার বৈগুণ্যহেতু অনিষ্ট ফল উৎপন্ন হয়, পক্ষান্তরে নিবৃত্তিমার্গে মোক্ষরূপ অভয় ফল লাভ হইয়া থাকে

এবং বিপর্য্যয়ং বুদ্ধ্বা নৃণাং বিজ্ঞাভিমানিনাম্ ।
আত্মনশ্চ গতিং সূক্ষ্মাং স্থানত্রয়বিলক্ষণাম্ ॥৬১

দৃষ্টশ্রুতাভির্মাত্রাভির্নির্ম্মুক্তঃ স্বেন তেজসা ।
জ্ঞানবিজ্ঞানসংতৃপ্তো মদ্ভক্তঃ পুরুষো ভবেৎ ॥৬২

এতাবানেব মনুভির্যোগনৈপুণ্যবুদ্ধিভিঃ ।
স্বার্থঃ সর্ব্বাত্মনা জ্ঞেয়ো যৎ পরাত্মৈকদর্শনম্ ॥৬৩

বিবরণং ॥৫৯

সুখস্য দুঃখ-মোক্ষস্য দুঃখনিবৃত্তেশ্চ ক্রিয়াঃ নানাবিধকর্ম্মাণি দম্পতী কুর্ব্বাতে, ততঃ কর্ম্মণঃ দুঃখস্য চ নিবৃত্তিঃ সুখস্য চ অপ্রাপ্তিঃ ভবতি ॥৬০

বিজ্ঞাভিমানিনাং (বিজ্ঞাঃ উত্তমে প্রবীণাঃ বয়ম্ ইতি অভিমানবত্তাং) নৃণাম্ এব কর্ম্মণঃ বিপর্য্যয়ং বুদ্ধা আত্মনঃ চ স্থান-ত্রয়-বিলক্ষণাং জাগরণস্বপ্নসুষুপ্তি-রহিতাং সূক্ষ্মাম্ অতি দুর্জ্ঞেয়াং গতিং চ বুদ্ধা ॥৬১

স্বেন তেজসা বিবেক-বলেন দৃষ্ট-শ্রুতাভিঃ মাত্রাভিঃ ঐহিকামুষ্মিক-বিষয়ৈঃ নির্ম্মুক্তঃ তত্তদভিলাষরহিতঃ পুরুষঃ জ্ঞানবিজ্ঞানাভ্যাং সন্তুষ্টঃ সন্ মদ্ভক্তঃ মদ্ভজনপরঃ ভবেৎ ॥৬২

ত্বমেতচ্ছ্রদ্ধয়া রাজন্নপ্রমত্তো বচো মম ।
জ্ঞানবিজ্ঞানসম্পন্নো ধারয়ন্নাশু সিধ্যসি ॥৬৪

শ্রীশুক উবাচ ।

আশ্বাস্য ভগবানিত্থং চিত্রকেতুং জগদ্গুরুঃ ।
পশ্যতস্তস্য বিশ্বাত্মা ততশ্চান্তর্দ্দধে হরিঃ ॥৬৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

যৎ পরাত্মৈকদর্শনং (পরশ্চাসৌ আত্মা চ পরাত্মা জীবস্য চ ঐক্যদর্শনম্ অভেদদৃষ্ট্যা ভজনং), তৎ এতাবান্ এব যোগ-নৈপুণ্যবুদ্ধিভিঃ (যোগৈঃ নৈপুণ্যং যস্যাঃ সা বুদ্ধিঃ যেষাং তৈঃ) মনুভৈঃ সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন আদ্যঃ স্বার্থঃ জ্ঞেয়ঃ ॥৬৩

হে রাজন্ ! ত্বম্ অপ্রমত্তঃ বিষয়ানাসক্তঃ শ্রদ্ধয়া বিশ্বাসেন এতৎ মম বচঃ ধারয়ন্ জ্ঞান-বিজ্ঞান-সম্পন্নঃ চ সন্ আশু সিধ্যসি মাং প্রাপ্স্যসি ॥৬৪

শ্রীশুকঃ উবাচ । ইত্থং চিত্রকেতুম্ আশ্বাস্য তত্ত্বম্ উপদিশ্য তত্র পশ্যতঃ এব বিশ্বাত্মা সর্ব্বান্তর্য্যামী জগদ্গুরুঃ ভগবান্ হরিঃ ততঃ তত্র এব অন্তর্দ্দধে ॥৬৫

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীধরস্বামিশাস্ত্রি কৃতায়াং ষোড়শোঽধ্যায়ঃ ॥

ইহা স্মরণ করিয়া বিবেকী পুরুষ কামনামূলক ফল-সংকল্প হইতে বিরত হইবে ।৫৯

সুখপ্রাপ্তি এবং দুঃখনিবৃত্তির জন্য গৃহস্থিত স্ত্রী-পুরুষ উভয়ে মিলিয়া নানারূপ কার্য্যের অনুষ্ঠান করে, কিন্তু তাহা হইতে (সর্ব্বদা) দুঃখনিবৃত্তি বা সুখপ্রাপ্তি সম্ভবপর হয় না ।৬০

হে মহারাজ ! যাহারা প্রবৃত্তিমার্গে নিজকে কর্ম্মনিপুণ মনে করে, তাহাদেরও অভীষ্ট কর্ম্মফলের বিপর্য্যয় দেখিয়া এবং আত্মার জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির অতীত বিলক্ষণ সূক্ষ্মগতি চিন্তা করিয়া মানব নিজ বিবেকবলে ঐহিক ও পারলৌকিক বিষয় হইতে বিমুক্ত এবং জ্ঞানবিজ্ঞান দ্বারা পরিতৃপ্ত হইয়া আমার ভক্ত হইবে ।৬১-৬২

হে মহারাজ ! (নিবৃত্তিমার্গে) পরমাত্মা ও জীবাত্মার যে ঐক্যদর্শন হয়, যোগনিপুণমতি মানবগণ একমাত্র উহাকেই সর্ব্বান্তঃকরণে স্বার্থ বলিয়া অবগত হইবে ।৬৩

হে মহারাজ ! তুমি শ্রদ্ধা ও মনোনিবেশ-সহকারে আমার এই উপদেশবাক্য গ্রহণপূর্ব্বক জ্ঞান-বিজ্ঞান-সম্পন্ন হইয়া অচিরেই সিদ্ধি লাভ করিবে ।৬৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ ! নিখিল বিশ্বের আত্মা, জগদ্গুরু, ভগবান্ শ্রীহরি রাজা চিত্রকেতুকে এরূপ আশ্বাস দান করিয়া তাঁহার সম্মুখেই অদৃশ্য হইয়াছিলেন ।৬৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
ষোড়শ অধ্যায় সমাপ্ত ।

সপ্তদশঃ অধ্যায়ঃ

[কৈলাসে পার্ব্বত্যা সহ শিবস্যোপহাসকরণাৎ পার্ব্বতীশাপেন চিত্রকেতোর্বৃত্রজন্মপ্রাপ্তিঃ।]

শ্রীশুক উবাচ।

যতশ্চান্তর্হিতোঽনন্তস্তস্মৈ কৃত্বা দিশে নমঃ।
বিদ্যাধরশ্চিত্রকেতুশ্চচার গগনেচরঃ ॥১
স লব্ধং বর্ষলক্ষাণামব্যাহতবলেন্দ্রিয়ঃ।
স্তূয়মানো মহাযোগী মুনিভিঃ সিদ্ধচারণৈঃ ॥২
কুলাচলেন্দ্রদ্রোণীষু নানাসঙ্কল্পসিদ্ধিষু।
রেমে বিদ্যাধরস্ত্রীভির্গাপয়ন্ হরিমীশ্বরম্ ॥৩
একদা স বিমানেন বিষ্ণুদত্তেন ভাস্বতা।
গিরিশং দদৃশে গচ্ছন্ পরীতং সিদ্ধচারণৈঃ ॥৪
আলিঙ্গ্যাঙ্কীকৃতাং দেবীং বাহুনা মুনিসংসদি।
উবাচ দেব্যাঃ শৃণ্বন্ত্যা জহাসোচ্চৈস্তদন্তিকে ॥৫

চিত্রকেতুরুবাচ।

এষ লোকগুরুঃ সাক্ষাদ্ধর্ম্মং বক্তা শরীরিণাম্।
আস্তে মুখ্যঃ সভায়াং বৈ মিথুনীভূয় ভার্য্যয়া ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। যতঃ যস্যাং দিশি অনন্তঃ অন্তর্হিতঃ, তস্মৈ দিশে নমঃ কৃত্বা বিদ্যাধরঃ চিত্রকেতুঃ গগনেচরঃ আকাশচারী সন্ চচার ॥১

বর্ষলক্ষাণাং লক্ষম্ অব্যাহত-বলেন্দ্রিয়ঃ (অব্যাহতং বলং শারীরম্, ইন্দ্রিয়ম্ ইন্দ্রিয়পাটবং চ যস্য সঃ) মুনিভিঃ সিদ্ধচারণৈঃ স্তূয়মানঃ সঃ মহাযোগী চিত্রকেতুঃ ঈশ্বরং হরিং গাপয়ন্ নানা-সঙ্কল্পসিদ্ধিষু (নানাসঙ্কল্পসিদ্ধয়ঃ যাসু তাসু) কুলাচলেন্দ্রদ্রোণীষু (কুলাচলেন্দ্রঃ পর্ব্বতরাজঃ সুমেরুঃ তস্য দ্রোণীষু) বিদ্যাধর-স্ত্রীভিঃ সহ রেমে ॥২-৩

একদা সঃ চিত্রকেতুঃ একদা বিষ্ণুদত্তেন ভাস্বতা বিমানেন গচ্ছন্ সন্ সিদ্ধচারণৈঃ পরীতং পরিবেষ্টিতং গিরিশং শিবং দদৃশে ॥৪

আলিঙ্গ্য অঙ্কীকৃতাং উৎসঙ্গেন একীকৃতাং দেবীং বাহুনা আলিঙ্গ্য মুনিসংসদি স্থিতং শিবং দৃষ্ট্বা তস্য অন্তিকে স্থিতঃ এব সঃ চিত্রকেতুঃ দেব্যাঃ শৃণ্বন্ত্যাঃ এব উবাচ উচ্চৈঃ জহাস চ ॥৫

চিত্রকেতুঃ উবাচ—যঃ সাক্ষাৎ লোকগুরুঃ বেদপ্রবর্তকঃ ঈশ্বরঃ শরীরিণাং ধর্ম্মং বক্তা বর্ততে, সঃ এষঃ মুখ্যঃ শ্রেষ্ঠঃ এতস্যাং মুনিসভায়াং ভার্য্যয়া মিথুনীভূয় বৈ এব আস্তে ॥৬

সপ্তদশ অধ্যায়

[কৈলাসে পার্ব্বতীর সহিত শিবকে উপহাস করায় পার্ব্বতীর অভিশাপে চিত্রকেতুর বৃত্রাসুর জন্মপ্রাপ্তি।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ অনন্তদেব যে দিকে অন্তর্ধান করিয়াছিলেন, বিদ্যাধর চিত্রকেতু সেই দিকে প্রণাম করিয়া আকাশমার্গে বিচরণ করিতে লাগিলেন।১

অনন্তর মহাযোগী চিত্রকেতু বহুলক্ষ সংবৎসর অপ্রতিহত দৈহিক বল ও ইন্দ্রিয়শক্তির অধিকারী হইয়া বিদ্যাধররমণীগণের দ্বারা জগদীশ্বর শ্রীহরির গুণগান করাইয়া বিবিধ সংকল্পসমূহের সিদ্ধিক্ষেত্র সুমেরুপর্ব্বতের গুহাসমূহে বিহার করিয়াছিলেন এবং তৎকালে মুনিগণ, সিদ্ধগণ ও চারণগণ তাঁহার স্তুতি করিতেছিলেন।২-৩

একদা তিনি বিষ্ণুপ্রদত্ত জ্যোতির্ময় বিমানযোগে আকাশমার্গে যাইতে যাইতে সিদ্ধ ও চারণগণকর্তৃক পরিবেষ্টিত ভগবান্ শঙ্করকে দেখিতে পাইলেন।৪

তৎকালে ভগবান্ শঙ্কর মুনিগণের সভামধ্যে পার্ব্বতীদেবীকে ক্রোড়ে লইয়া আলিঙ্গনপূর্ব্বক বিরাজ করিতেছিলেন, এ অবস্থায় চিত্রকেতু তাঁহারই নিকটে থাকিয়া উচ্চহাস্য করিয়াছিলেন এবং পার্ব্বতী-দেবীর শ্রুতিগোচর করিয়া এরূপ বলিয়াছিলেন।৫

চিত্রকেতু বলিলেন—ইনি জগদ্‌গুরু, সাক্ষাৎ ধর্ম্মোপদেষ্টা এবং দেহধারিগণের মধ্যে প্রধান হইয়াও পত্নীর সহিত মিলিতভাবে সভামধ্যে উপবিষ্ট

জটাধরস্তীব্রতপা ব্রহ্মবাদী সভাপতিঃ।
অঙ্কীকৃত্য স্ত্রিয়ঞ্চাস্তে গতহ্রীঃ প্রাকৃতো যথা ॥৭
প্রায়শঃ প্রাকৃতাশ্চাপি স্ত্রিয়ং রহসি বিব্রতি।
অয়ং মহাব্রতধরো বিভর্ত্তি সদসি স্ত্রিয়ম্ ॥৮

শ্রীশুক উবাচ।

ভগবানপি তচ্ছ্রুত্বা প্রহস্যাগাধধীর্নৃপ।
তূষ্ণীং বভূব সদসি সত্যাশ্চ তদনুব্রতাঃ ॥৯
ইত্যতদ্বীর্য্যবিদুষি ব্রুবাণে বহ্বশোভনম্।
রুদাহ দেবী ধৃষ্টায় নির্জিতাত্মাভিমানিনে ॥১০

শ্রীপার্ব্বত্যুবাচ।

অয়ং কিমধুনা লোকে শাস্তা দণ্ডধরঃ প্রভুঃ।
অস্মদ্বিধানাং দুষ্টানাং নির্লজ্জানাঞ্চ বিপ্রকৃৎ ॥১১
ন বেদ ধর্ম্মং কিল পদ্মযোনি-
র্ন ব্রহ্মপুত্রা ভৃগু-নারদাদ্যাঃ।
ন বৈ কুমারঃ কপিলো মনুশ্চ
যে নো নিষেধন্ত্যতিবর্ত্তিনং হরম্ ॥১২
এষামনুধ্যেয়পদাব্জযুগ্মং
জগদ্গুরুং মঙ্গলমঙ্গলং স্বয়ম্।
যঃ ক্ষত্রবন্ধুঃ পরিভূয় সূরীন্
প্রশাস্তি ধৃষ্টস্তদয়ং হি দণ্ড্যঃ ॥১৩

সন্তীঃ নির্লজ্জঃ, প্রাকৃতঃ অতি নিকৃষ্টঃ জনঃ যথা বর্ত্ততে, তথা জটাধরঃ, তীব্রতপাঃ, মহাব্রতধরঃ, ব্রহ্মবাদী সভাপতিঃ অয়ং কথং স্ত্রিয়ম্ অঙ্কীকৃত্য আস্তে ॥৭

প্রাকৃতাঃ চ অপি জনাঃ স্ত্রিয়ং প্রায়শঃ প্রায়েণ রহসি নির্জ্জনে এব বিব্রতি সম্ভাষতে, মহাব্রতধরঃ নৈষ্ঠিকঃ ব্রহ্মচারী অপি তু অয়ং সদসি সভায়াম্ এব স্ত্রিয়ং বিভর্ত্তি ॥৮

শ্রীশুকঃ উবাচ—হে নৃপ। অগাধধীঃ (অগাধা গম্ভীরা পরাভিপ্রায়াবধারণে সমর্থা ধীঃ যস্য সঃ) ভগবান্ শিবঃ অপি তৎ তস্য বচনং শ্রুত্বা তূষ্ণীং বভূব ন কিঞ্চিৎ উবাচ, তথা সদসি তদনুব্রতাঃ সভ্যাঃ চ তূষ্ণীং বভূবুঃ ॥৯

অতদ্বীর্য্যবিদুষি (ন তদ্বীর্য্যং স্বাতন্ত্র্যং বেত্তি ইতি অতদ্বীর্য্য-বিদ্বান্ তস্মিন্ চিত্রকেতৌ) ইতি বহ্ব অশোভনম্ অনুচিতং ব্রুবাণে সতি নির্জ্জিতাত্মাভিমানিনে (নির্জ্জিতঃ আত্মা দেহেন্দ্রিয়াদিসঙ্ঘাতঃ মম ইতি অভিমানবতে) ধৃষ্টায় নিঃসঙ্কোচায়, তস্মৈ দেবী পার্ব্বতী রুরুদাহ ক্রোধেন আহ ॥১০

পার্ব্বতী উবাচ—দণ্ডধরঃ, প্রভুঃ সমর্থঃ, অস্মদ্বিধানাং দুষ্টানাং নির্লজ্জানাং শাস্তা তথা শিক্ষকঃ, তথা বিপ্রকৃৎ বিশেষেণ প্রকর্ষং করোতি ইতি হিতকর্ত্তা, অধুনা কিং লোকে অয়ম্ এব ॥১১

পদ্মযোনিঃ ব্রহ্মা কিল কিং ধর্ম্মং ন বেদ, ব্রহ্মপুত্রাঃ ভৃগুনারদাদ্যাঃ অপি কিং ন বিদুঃ; সনৎকুমারঃ, কপিলঃ, মনুঃ, চ ন বৈ বেদ কিম্? যতঃ যে পূর্ব্বোক্তাঃ তে অতিবর্ত্তিনং (শাস্ত্রম্ অতিক্রম্য বর্ত্তনশীলং) হরং নো ন নিষেধন্তি ॥১২

অতঃ যঃ স্বয়ং ক্ষত্রবন্ধুঃ দুর্বৃত্তঃ ব্রহ্মাদীন্ পরিভূয়ঃ তিরস্কৃত্য

রহিয়াছেন।৬

ইনি জটাধারী, কঠোর তপস্যারত, ব্রহ্মবাদী এবং সভাপতি হইয়াও নির্লজ্জ ইতর জনের ন্যায় পত্নীকে ক্রোড়ে লইয়া বসিয়া আছেন।৭

সাধারণতঃ ইতর জনগণও নির্জ্জনেই স্ত্রীর সহিত মিলিত হয়, আর ইনি মহাব্রতধারী হইয়া সভার মধ্যেই স্ত্রীকে ক্রোড়ে ধারণ করিতেছেন।৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! গম্ভীরবুদ্ধি ভগবান্ শঙ্কর চিত্রকেতুর বাক্য শ্রবণ করিয়া বিশেষ-ভাবে হাস্য প্রকাশ করিয়াই মৌনভাবে অবস্থান করিলেন এবং তাঁহার অনুগত সভ্যগণও সভামধ্যে নীরবই রহিলেন।৯

পরন্তু মহাদেবের প্রভাববিষয়ে অনভিজ্ঞ চিত্র-কেতু এরূপ অনেক অসঙ্গত বাক্য বলিতে আরম্ভ করায় দেবী পার্ব্বতী জিতেন্দ্রিয়তার অভিমানী সেই দুষ্ট চিত্রকেতুকে ক্রোধভরে এরূপ বলিয়াছিলেন।১০

শ্রীপার্ব্বতী বলিলেন—বিরুদ্ধাচরণকারী ইনিই কি বর্ত্তমানে জগতে আমাদের ন্যায় নির্লজ্জ ও দুষ্টগণের শাসনকর্ত্তা দণ্ডধারী প্রভু হইয়াছেন?১১

ব্রহ্মা, তাঁহার পুত্র ভৃগু-নারদপ্রভৃতি মুনিগণ, সনৎকুমার, কপিল ও মনু—ইঁহারা নিশ্চয়ই ধর্ম্ম জানেন না, যেহেতু ইঁহারা শাস্ত্রমর্য্যাদা-লঙ্ঘনকারী শিবকে নিবারণ করিতেছেন না।১২

যাঁহার পাদপদ্মযুগল ব্রহ্মাদি মহাজ্ঞানিগণেরও

নায়মর্হতি বৈকুণ্ঠপাদমূলোপসর্পণম্।
সম্ভাবিতমতিঃ স্তব্ধঃ সাধুভিঃ পর্য্যুপাসিতম্ ॥১৪
অতঃ পাপীয়সীং যোনিমাসুরীং যাহি দুর্ম্মতে।
যথেহ ভূয়ো মহতাং ন কর্ত্তা পুত্র কিল্বিষম্ ॥১৫

শ্রীশুক উবাচ।

এবং শপ্তশ্চিত্রকেতুর্বিমানাদবরুহ্য সঃ।
প্রসাদয়ামাস সতীং মূর্দ্ধ্না নম্রেণ ভারত ॥১৬

এবং ব্রহ্মাদীনাম্ অনুযোগপদাম্বুজম্ (অস্য নিরন্তরং যোগ্যং পদাম্বুজম্ যস্য তম্) অতঃ জগদ্গুরুং সর্ব্বপূজ্যং ব্রহ্মদণ্ডেন পরমধর্ম্মমূর্ত্তিং প্রশাস্তি. তস্মাৎ অয়ম্ এব দুষ্টঃ দণ্ড্যঃ চ ॥১৩

যতঃ সম্ভাবিত-মতিঃ (সম্ভাবিতা অহমুত্তমঃ ইতি কৃতা মতিঃ যেন সঃ), স্তব্ধঃ অবনম্রঃ, অয়ং জনঃ সাধুভিঃ পর্য্যুপাসিতং বৈকুণ্ঠ-পাদমূলোপসর্পণম্ (বৈকুণ্ঠস্য ভগবতঃ পাদমূলোপসর্পণং সন্নিধি-গমনম্) অস্মিন্ জন্মনি ন অর্হতি ॥১৪

অতঃ হে দুর্মতে পুত্র! যথা ইহ সংসারে মহতাং কিল্বিষম্ অপরাধং ভূয়ঃ ন কর্ত্তা ন করিষ্যসি, তথা পাপীয়সীম্ আসুরীং যোনিং যাহি ॥১৫

নিরন্তর ধ্যানযোগ্য, এই ক্ষত্রিয়াধম ব্রহ্মাদিসকলকে অন্য মনে করিয়া জগতের গুরু এবং সাক্ষাৎ পরমধর্মমূর্তি সেই শিবকে শাসন করিতেছে। অতএব এই ধৃষ্ট অবশ্যই দণ্ডনীয় ।১৩

যেহেতু এই চিত্রকেতু নিজকে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ মনে করিয়া উদ্ধত হইয়াছে, অতএব সাধুজনসেবিত শ্রীহরিপদমূলের সান্নিধ্যলাভের যোগ্য নহে ।১৪

অতএব হে দুর্মতি পুত্র! তুমি ইহার পর পাপময় অসুরজন্ম লাভ কর, তাহা হইলে এ জগতে আর মহাপুরুষগণের নিকট অপরাধ করিবে না ।১৫

শ্রীশুকদেব বলিলেন—হে ভরতকুলনন্দন! চিত্রকেতু এইরূপে অভিশপ্ত হইয়া বিমান হইতে অবতরণপূর্বক অবনতমস্তকে পার্বতীদেবীকে প্রসন্না করিয়াছিলেন ।১৬

চিত্রকেতুরুবাচ।

প্রতিগৃহ্ণামি তে শাপমাত্মনোঽঞ্জলিনাম্বিকে।
দেবৈর্মর্ত্ত্যায় যৎপ্রোক্তং পূর্ব্বদিষ্টং হি তস্য তৎ ॥১৭
সংসারচক্র এতস্মিন্ জন্তুরজ্ঞানমোহিতঃ।
ভ্রাম্যন্ সুখঞ্চ দুঃখঞ্চ ভুঙ্‌ক্তে সর্ব্বত্র সর্ব্বদা ॥১৮
নৈবাত্মা ন পরশ্চাপি কর্ত্তা স্যাৎ সুখ-দুঃখয়োঃ।
কর্ত্তারং মন্যতেঽত্রাজ্ঞ আত্মানং পরমেব চ ॥১৯

শ্রীশুকঃ উবাচ—হে ভারত! এবং শপ্তঃ সঃ চিত্রকেতুঃ বিমানাৎ অবরুহ্য নম্রেণ মূর্দ্ধ্না সতীং প্রসাদয়ামাস ॥১৬

চিত্রকেতুঃ উবাচ—হে অম্বিকে! তে তব শাপম্ অহম্ আত্মনঃ অঞ্জলিনা প্রতিগৃহ্ণামি; যতঃ মর্ত্ত্যায় দেবৈঃ যৎ সুখদুঃখং বা প্রোক্তং, তৎ হি তস্য পূর্বদিষ্টং প্রাচীনকর্ম-প্রাপ্তম্ এব ॥১৭

অজ্ঞানমোহিতঃ জন্তুঃ এতস্মিন্ সংসারচক্রে ভ্রাম্যন্ সর্ব্বত্র সর্ব্বদা সুখং দুঃখং চ ভুঙ্‌ক্তে ॥১৮

অত্র সংসারে সুখস্য কর্ত্তা আত্মা, দুঃখস্য কর্ত্তা পরঃ শত্রুঃ চ অপি নৈব স্যাৎ। অজ্ঞঃ জনঃ এব আত্মানং পরম্ এব চ সুখ-দুঃখয়োঃ কর্ত্তারং মন্যতে ॥১৯

চিত্রকেতু বলিলেন—হে অম্বিকে! আমি নিজের প্রতি আপনার প্রদত্ত এই অভিশাপ নিজেই অঞ্জলিদ্বারা গ্রহণ করিতেছি। কারণ—দেবতাগণ মনুষ্যের সম্বন্ধে আশীর্বাদ বা অভিশাপরূপে যাহা উচ্চারণ করেন, উহা তাহার পূর্বকর্মদ্বারাই প্রাপ্ত বলিয়া জানিতে হইবে ।১৭

অজ্ঞানমোহিত জীব এই সংসারচক্রে ভ্রমণ করিতে করিতে সর্বদাই সকল যোনিতেই সুখ ও দুঃখ ভোগ করে ।১৮

জীব স্বয়ং বা অপর কেহ তাহার সুখ-দুঃখের কর্ত্তা নহে, পরন্তু অজ্ঞ ব্যক্তিই নিজকে বা অপরকে সুখ-দুঃখের কর্ত্তা মনে করে (অতএব আপনি যে আমাকে অভিশাপ দিয়াছেন—এ বিষয়ে আমার বা আপনার কোন দোষ নাই) ।১৯

গুণপ্রবাহ এতস্মিন্ কঃ শাপঃ কো ঽনুগ্রহঃ।
কঃ স্বর্গো নরকঃ কো বা কিং সুখং দুঃখমেব বা ॥২০
একঃ সৃজতি ভূতানি ভগবানাত্মমায়য়া।
এষাং বন্ধঞ্চ মোক্ষঞ্চ সুখং দুঃখঞ্চ নিষ্কলঃ ॥২১
ন তস্য কশ্চিদ্দয়িতঃ প্রতীপো
ন জ্ঞাতিবন্ধুর্ন পরো ন চ স্বঃ।
সমস্য সর্ব্বত্র নিরঞ্জনস্য
সুখে ন রাগঃ কুত এব রোষঃ ॥২২

তথাপি তচ্ছক্তিবিসর্গ এষাং
সুখায় দুঃখায় হিতাহিতায়।
বন্ধায় মোক্ষায় চ মৃত্যু-জন্মনোঃ
শরীরিণাং সংসৃতয়েঽবকল্পতে ॥২৩
অথ প্রসাদয়ে ন ত্বাং শাপমোক্ষায় ভামিনি।
যন্মন্যসে ঽসাধূক্তং মম তৎ ক্ষম্যতাং সতি ॥২৪

শ্রীশুক উবাচ।

ইতি প্রসাদ্য গিরিশৌ চিত্রকেতুররিন্দম।
জগাম স্ববিমানেন পশ্যতোঃ স্মরতোস্তয়োঃ ॥২৫

ভগপ্রবাহে এতস্মিন্ সংসারে কঃ শাপঃ, কঃ বা অনুগ্রহঃ; কঃ স্বর্গঃ, কঃ বা নরকঃ, কিং সুখং, কিং বা দুঃখম্ এব, যতঃ ভেদাবগমো নোপপদ্যতে ॥২০

স্বয়ং নিষ্কলঃ বন্ধাদিমুক্তঃ অপি ভগবান্ একঃ এব আত্মমায়য়া নিজশক্তিরূপয়া ভূতানি প্রাণিনঃ সৃজতি, তথা এষাং বন্ধং মোক্ষং সুখং দুঃখং চ সৃজতি (তত্র অবিদ্যয়া বন্ধঃ, বিদ্যয়া চ মোক্ষঃ; সত্ত্বেন সুখং, রজসা দুঃখম্ ইতি বিবেকঃ) ॥২১

তস্য ভগবতঃ কশ্চিৎ দয়িতঃ প্রিয়ঃ নাস্তি, প্রতীপঃ অপ্রিয়ঃ শত্রুঃ বা নাস্তি; জ্ঞাতিঃ সপিণ্ডঃ, বন্ধুঃ বিবাহাদিনা সম্বন্ধী, তথা পরঃ পরকীয়ঃ, স্বঃ স্বকীয়ঃ নাস্তি, সর্ব্বাত্মত্বাৎ সর্ব্বত্র সমস্য তথা নিরঞ্জনস্য (অঞ্জনম্ অবিদ্যা তৎসম্বন্ধাভাবেন অহং-মমভাব-রহিতস্য) সুখে রাগঃ নাস্তি, তথা দুঃখে রোষঃ কুতঃ স্যাৎ ॥২২

তথাপি তস্য শক্তীনাং সত্ত্বরজস্তম-আখ্যীনাং যঃ বিসর্গঃ পুণ্যপাপাদিলক্ষণং কর্ম, এষাং শরীরিণাং সুখায় দুঃখায় হিতাহিতায় বন্ধায় মোক্ষায় চ মৃত্যু-জন্মনোঃ সংসৃতয়ে চ অবকল্পতে সমর্থঃ ভবতি ॥২৩

অথ তস্মাৎ হে ভামিনি! কেবলং শাপমোক্ষায় অহং ত্বাং ন প্রসাদয়ে, অপি তু হে সতি! (লোকমর্য্যাদারক্ষণহেতুত্বাৎ) মম উক্তং সাধু অপি বৎ ত্বম্ অসাধু মন্যসে, তৎ ত্বয়া ক্ষম্যতাম্ ॥২৪

হে অরিন্দম! গিরিশৌ ইতি এবং প্রসাদ্য স্মরতোঃ বিস্ময়ং কুর্বতোঃ অথচ পশ্যতোঃ তয়োঃ চিত্রকেতুঃ স্ববিমানেন

বস্তুতঃ এ জগৎ গুণরাশির প্রবাহমাত্র অর্থাৎ মায়াময়, অতএব এ সংসারে অভিশাপ বা অনুগ্রহ, স্বর্গ বা নরক, সুখ বা দুঃখ—সমস্তই মায়ার কল্পনামাত্র ।২০

স্বয়ং বন্ধনাদিবিমুক্ত এক ভগবানই নিজ মায়া-দ্বারা জীবগণের এবং তাহাদের বন্ধ-মোক্ষ ও সুখ-দুঃখের সৃষ্টি করেন ।২১

তিনি নিরঞ্জন অর্থাৎ নিঃসঙ্গ বলিয়া সর্বত্র সমভাবে বর্তমান, অতএব তাঁহার প্রিয়, অপ্রিয়, জ্ঞাতি, বন্ধু, আত্মীয় বা পর বলিয়া কেহ নাই, সুতরাং সুখেও তাঁহার আসক্তি নাই বলিয়া রোষই বা কিরূপে সম্ভবপর হইতে পারে ?২২

যদিও ইহাই সত্য, তথাপি তাঁহারই মায়ার বিলাসস্বরূপ পুণ্যময় ও পাপময় কর্মই এই জীবগণের সুখ-দুঃখ, হিত-অহিত, বন্ধ-মোক্ষ এবং জন্ম-মৃত্যুরূপ সংসার উৎপাদনে সমর্থ হয় ।২৩

হে ক্রোধপরায়ণে দেবি! আমি শাপমোচনের জন্য আপনার প্রসন্নতা সকার করিতেছি না, পরন্তু আপনি আমার যে-উক্তিকে অনুচিত মনে করিতেছেন তাহা ক্ষমা করুন ।২৪

শ্রীশুকদেব বলিলেন—হে শত্রুদমন মহারাজ! চিত্রকেতু এইরূপে পার্বতী ও শঙ্করের প্রসন্নতা উৎপাদন করিয়া বিস্ময়াপন্ন সেই দেব-দেবী উভয়ের সম্মুখেই নিজ বিমানযোগে প্রস্থান করিয়াছিলেন ।২৫

ততস্তু ভগবান্ রুদ্রো রুদ্রাণীমিদমব্রবীৎ।
দেবর্ষিদৈত্যসিদ্ধানাং পার্ষদানাঞ্চ শৃণ্বতাম্ ॥২৬

শ্রীরুদ্র উবাচ।

দৃষ্টবত্যসি সুশ্রোণি হরেরদ্ভুতকর্মণঃ।
মাহাত্ম্যং ভৃত্যভৃত্যানাং নিস্পৃহাণাং মহাত্মনাম্ ॥২৭
নারায়ণপরাঃ সর্ব্বে ন কুতশ্চন বিভ্যতি।
স্বর্গাপবর্গনরকেষ্বপি তুল্যার্থদর্শিনঃ ॥২৮
দেহিনাং দেহসংযোগাদ্ যদ্যদানীশ্বরলীলয়া।
সুখং দুঃখং মৃতির্জন্ম শাপোঽনুগ্রহ এব চ ॥২৯

অবিবেককৃতঃ পুংসো হ্যর্থভেদ ইবাত্মনি।
গুণদোষবিকল্পশ্চ ভিদেব ত্রজিবৎ কৃতঃ ॥৩০
বাসুদেবে ভগবতি ভক্তিযুদ্বহতাং নৃণাম্।
জ্ঞানবৈরাগ্যবীর্য্যাণাং ন হি কশ্চিদ্ ব্যপাশ্রয়ঃ ॥৩১
নাহং বিরিঞ্চো ন কুমার-নারদৌ
ন ব্রহ্মপুত্রা মুনয়ঃ সুরেশাঃ।
বিদাম যস্যেহিতমংশকাংশকা
ন তৎস্বরূপং পৃথগীশমানিনঃ ॥৩২

অন্বয়ম্ ॥২৬

ততঃ ভগবান্ রুদ্রঃ দেবর্ষিদৈত্যসিদ্ধানাং পার্ষদানাং চ শৃণ্বতাং রুদ্রাণীম্ ইদম্ অব্রবীৎ ॥২৬

শ্রীরুদ্রঃ উবাচ। হে সুশ্রোণি! অদ্ভুতকর্মণঃ হরেঃ ভৃত্যভৃত্যানাং (ভৃত্যাঃ ভক্তাঃ নারদাদয়ঃ তেষাং ভৃত্যাঃ সেবকাঃ চিত্রকেতুপ্রভৃতয়ঃ তেষাং) নিস্পৃহাণাং বিষয়াকাঙ্ক্ষা-শূন্যানাং, অতঃ মহাত্মনাং (মহতি ভগবতি আত্মা মনো যেষাং তেষাং) মাহাত্ম্যং ত্বং দৃষ্টবতী অসি ॥২৭

সর্ব্বে নারায়ণপরাঃ জনাঃ এব স্বর্গাপবর্গনরকেষু অপি তুল্যার্থদর্শিনঃ (তুল্যঃ অর্থঃ প্রয়োজনম্ ইতি দ্রষ্টুং শীলং যেষাং তে তথা) অতঃ কুতশ্চন তে ন বিভ্যতি ॥২৮

ঈশ্বরলীলয়া (ঈশ্বরস্য লীলয়া মায়য়া অবিদ্যাদিশক্ত্যা-

অনন্তর ভগবান্ শঙ্কর—দেবতা, ঋষি, দৈত্য, সিদ্ধ ও পার্ষদগণের শ্রুতিগোচর করিয়াই পার্বতীকে এরূপ বলিয়াছিলেন।২৬

শঙ্কর বলিলেন—হে সুন্দরি! যাঁহারা অদ্ভুত-চরিত ভগবান্ শ্রীহরির দাসানুদাস, সেই নিষ্কাম মহাপুরুষগণের মাহাত্ম্য দর্শন করিলে ত।২৭

যাঁহারা ভগবান্ নারায়ণের একনিষ্ঠ ভক্ত, তাঁহারা স্বর্গ, মোক্ষ এবং নরককে তুল্য প্রয়োজন দর্শন করেন বলিয়া কাহা হইতেও ভীত হন না।২৮

ঈশ্বরের লীলাবশতই জীবগণের দেহসম্বন্ধ ঘটিলে উহা হইতে সুখ-দুঃখ, জন্ম-মৃত্যু এবং পাপ ও অনুগ্রহ-রূপ দ্বন্দ্বভাবসমূহের উদয় হয়।২৯

অবিবেককৃতঃ পুংসো হ্যর্থভেদ ইবাত্মনি।
গুণদোষবিকল্পশ্চ ভিদেব ত্রজিবৎ কৃতঃ ॥৩০
বাসুদেবে ভগবতি ভক্তিযুদ্বহতাং নৃণাম্।
জ্ঞানবৈরাগ্যবীর্য্যাণাং ন হি কশ্চিদ্ ব্যপাশ্রয়ঃ ॥৩১
নাহং বিরিঞ্চো ন কুমার-নারদৌ
ন ব্রহ্মপুত্রা মুনয়ঃ সুরেশাঃ।
বিদাম যস্যেহিতমংশকাংশকা
ন তৎস্বরূপং পৃথগীশমানিনঃ ॥৩২

এব) দেহিনাং দেহসংযোগাৎ সুখং দুঃখং মৃতিঃ মৃত্যুঃ জন্ম শাপঃ অনুগ্রহঃ এব চ ইতি দ্বন্দ্বানি ভবন্তি ॥২৯

স্বপ্নে আত্মনি অর্থভেদঃ রাজ-পশ্বাদিভেদঃ ইব জাগরে চ ত্রজি আপাত্যাং ভিদ্বদেব রজ্জুসর্পাদিভেদবদেব, কৃতঃ, ন পরমার্থতঃ; তথা গুণদোষবিকল্পঃ সুখ-দুঃখাদি-ভেদঃ পুংসঃ অবিবেককৃতঃ দেহাত্মাভিমানাদৌ আত্মাধ্যাসকৃতঃ মিথ্যা এব ॥৩০

জ্ঞানবৈরাগ্যবীর্য্যাণাম্ (জ্ঞানং ভোক্তৃ-ভোগাদর্থাত্মতয়া ভগবৎসাক্ষাৎকারঃ, বৈরাগ্যং সর্ব্বতো বৈতৃষ্ণ্যং তয়োঃ বীর্য্যং যেষাং তেষাম্) অতঃ ভগবতি বাসুদেবে ভক্তিম্ উদ্বহতাং নৃণাং কশ্চিৎ ব্যপাশ্রয়ঃ (বিশেষেণ অহংমমতয়া আশ্রয়ঃ আশ্রয়ণীয়ঃ) হি ন অস্তি ॥৩১

অত অংশকাংশকাঃ অপি বয়ং পৃথগীশমানিনঃ সন্তঃ অহং

বস্তুতঃ পুরুষের স্বপ্নে যেরূপ অজ্ঞানকর্তৃক আত্মাতে সুখ-দুঃখাদি বিভিন্নভাব রচিত হয়, কিংবা জাগ্রদ্দশায়ও যেরূপ অজ্ঞানদ্বারাই মালায় সর্পাদি ভিন্ন বস্তুর কল্পনা হইয়া থাকে, সেরূপ জগতে মায়িক বস্তুসমূহের মধ্যেও—ইহা গুণ, ইহা দোষ—এরূপ ভেদবিচার অবিবেকজনিতই হইয়া থাকে।৩০

যে সকল মানব ভগবান্ বাসুদেবের প্রতি ভক্তিভাব পোষণ করেন, তীব্র জ্ঞানবৈরাগ্যশালী সেই মহাজনগণের নিকট জগতে কোন পদার্থই অসাধারণরূপে গ্রাহ্য হয় না অর্থাৎ তাঁহারা মায়িক জগতে ভালমন্দ বিচার না করিয়া সকল পদার্থকেই সমান জ্ঞান করেন।৩১

ন হ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ঃ স্বঃ পরোঽপি বা।
আত্মত্বাৎ সর্ব্বভূতানাং সর্ব্বভূতপ্রিয়ো হরিঃ ॥৩৩
তস্য চায়ং মহাভাগশ্চিত্রকেতুঃ প্রিয়োঽনুগঃ।
সর্ব্বত্র সমদৃক্ শান্তো হ্যহঞ্চৈবাচ্যুতপ্রিয়ঃ ॥৩৪
তস্মান্ন বিস্ময়ঃ কার্য্যঃ পুরুষেষু মহাত্মসু।
মহাপুরুষভক্তেষু শান্তেষু সমদর্শিষু ॥৩৫

শ্রীশুক উবাচ।
ইতি ব্রুবতি বিশ্বেশে গিরিশে তামভাষত।
বভূব শান্তধী রাজন্ দেবী বিগতবিস্ময়া ॥৩৬
ইতি ভাগবতো দেব্যাঃ প্রতিশপ্তুমলন্তমঃ।
মূর্দ্ধ্না স জগৃহে শাপমেতাবৎ সাধু লক্ষণম্ ॥৩৭
জজ্ঞে ত্বষ্টুর্দ্দক্ষিণাগ্নৌ দানবীং যোনিমাশ্রিতঃ।
বৃত্র ইত্যভিবিখ্যাতো জ্ঞানবিজ্ঞানসংযুতঃ ॥৩৮

ব্রহ্মা, বিরিঞ্চিঃ ব্রহ্মা, কুমারাঃ সনৎকুমারাদয়ঃ, নারদঃ, ব্রহ্মপুত্রাঃ মরীচ্যাদয়ঃ, সুরেশাঃ ইন্দ্রাদয়ঃ, মুনয়ঃ চ ইতি বয়ম্ ঈহিতম্ অভিপ্রায়ং লীলাং বা তস্য স্বরূপং চ ন বিদ্মঃ তত্র, অন্যস্য কা বার্ত্তা ॥৩২

অতঃ কশ্চিৎ প্রিয়ঃ নাস্তি, অপ্রিয়ঃ স্বঃ পরঃ অপি বা নাস্তি, তথাপি সর্ব্বভূতানাম্ আত্মত্বাৎ হরিঃ সর্ব্বভূতপ্রিয়ঃ ॥৩৩

সর্ব্বত্র সমদৃক্ শান্তঃ অয়ং মহাভাগঃ চিত্রকেতুঃ তস্য ভগবতঃ প্রিয়ঃ, অনুগঃ সেবকঃ; অহং চ অচ্যুতপ্রিয়ঃ এব (আবয়োরেকভক্তত্বেন পরস্পরং সখ্যাৎ অস্তি, অতঃ তস্মিন্ মম ক্রোধো নাভূৎ ইতি) ॥৩৪

তস্মাৎ (ভগবদনুগ্রহেণ সামর্থ্যাৎ বিদ্বত্ত্বাৎ) মহাপুরুষস্য ভগবতঃ ভক্তেষু অতঃ সমদর্শিষু শান্তেষু মহাত্মসু পুরুষেষু বিস্ময়ঃ শাপহেতুর্গর্বঃ ন কার্য্যঃ ॥৩৫

শ্রীশুকঃ উবাচ। ভগবতঃ শিবস্য ইতি এবম্ অভিভাষিতং শ্রুত্বা হে রাজন্! দেবী উমা বিগতবিস্ময়া গর্ব্বশূন্যা শান্তধীঃ শান্তচিত্তা চ বভূব ॥৩৬

প্রতিশপ্তুং শাপং দাতুম্ অলংতমঃ অতিসমর্থঃ অপি সঃ চিত্রকেতুঃ দেব্যাঃ শাপং মূর্দ্ধ্না সংজগ্রাহ; এতাবৎ এব ভাগবতঃ ভক্তস্য সাধু শ্রেষ্ঠং লক্ষণম্ ইতি ॥৩৭

অথ চিত্রকেতুঃ ত্বষ্টারীশাপবশাৎ দানবীং যোনিম্ আশ্রিতঃ জ্ঞানবিজ্ঞানসংযুতঃ বৃত্রঃ ইতি অভিবিখ্যাতঃ প্রসিদ্ধঃ ত্বষ্টুঃ দক্ষিণাগ্নৌ যাগে জজ্ঞে ॥৩৮

আমি, ব্রহ্মা, সনৎকুমার, নারদ, ব্রহ্মার পুত্র মরীচিপ্রমুখ মুনিগণ এবং প্রধান দেবতাগণ যাঁহার অভিপ্রায় বা লীলা জানিতে পারি না, এ অবস্থায় যাহারা তাঁহার অংশের অংশ হইয়াও নিজকে পৃথক্ ঈশ্বর বলিয়া অভিমান করে, তাহারা কোনরূপেই তাঁহার স্বরূপ অবগত হইতে পারে না।৩২

এ জগতে তাঁহার প্রিয় বা অপ্রিয়, আত্মীয় বা পর বলিয়া কেহ নাই, পরন্তু সেই ভগবান্ শ্রীহরিই সর্ব্বভূতের আত্মা বলিয়া সকলেরই প্রিয় অর্থাৎ স্বাভাবিক প্রীতির একমাত্র বিষয় হন।৩৩

এই মহাভাগ্যবান্ চিত্রকেতু সেই শ্রীহরিরই প্রিয় অনুচর, ইনি সর্বত্র সমদর্শী ও শান্ত বলিয়া পরিচিত। আর আমিও অচ্যুত শ্রীহরিরই প্রিয় (এইহেতু ইহার প্রতি আমার ক্রোধ হয় নাই)।৩৪

অতএব মহাপুরুষ শ্রীহরির ভক্ত, শান্তস্বভাব, সমদর্শী, মহাত্মা পুরুষগণের সম্বন্ধে কোনরূপ বিস্ময়-বোধ করিও না।৩৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেবী পার্বতী ভগবান্ শঙ্করের এরূপ বাক্য শ্রবণ করিয়া বিস্ময় পরিত্যাগপূর্বক চিত্তে শান্তভাব ধারণ করিয়াছিলেন।৩৬

হে মহারাজ! ভগবদ্ভক্ত চিত্রকেতু দেবীকে প্রতিশাপ দান করিতে একান্ত সমর্থ হইয়াও তাহা না করিয়া যে তাঁহার শাপ মস্তকে গ্রহণ করিয়াছিলেন, ইহাই সাধুর লক্ষণ।৩৭

অনন্তর শাপগ্রস্ত চিত্রকেতু ত্বষ্টার যজ্ঞকালে দক্ষিণাগ্নিতে দানবরূপে আবির্ভূত হন, জ্ঞানবিজ্ঞান-সম্পন্ন সেই দানবই বৃত্রাসুর নামে বিখ্যাত।৩৮

এতৎ তে সর্ব্বমাখ্যাতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
বৃত্রস্যাসুরজাতেশ্চ কারণং ভগবদ্ভক্তেঃ ॥৩৯

ইতিহাসমিমং পুণ্যং চিত্রকেতোর্মহাত্মনঃ।
মাহাত্ম্যং বিষ্ণুভক্তানাং শ্রুত্বা বন্ধাদ্ বিমুচ্যতে ॥৪০

য এতৎ প্রাতরুত্থায় শ্রদ্ধয়া বাগ্‌যতঃ পঠেৎ।
ইতিহাসং হরিং স্মৃত্বা স যাতি পরমাং গতিম্ ॥৪১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭

বৃত্রস্য অসুরজাতেঃ তথা ভগবদ্ভক্তেঃ চ কারণং যৎ ত্বং মাং পৃচ্ছসি, তৎ সর্ব্বম্ এতৎ তে তব ময়া আখ্যাতম্ ॥৩৯

চিত্রকেতোঃ ইমং মাহাত্ম্যম্ মহাত্মনঃ ইতিহাসং শ্রুত্বা জনঃ বন্ধাৎ বিমুচ্যতে ॥৪০

হরিং স্মৃত্বা যঃ এতৎ ইতিহাসং প্রাতঃ উত্থায় বাগ্‌যতঃ এব শ্রদ্ধয়া পঠেৎ, সঃ পরমাং গতিং যাতি ॥৪১

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীযুতেশ্বরনাথ-সান্নিধ্যভাষ্যে সপ্তদশোঽধ্যায়ঃ ॥

হে মহারাজ! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, আমি তদনুসারেই বৃত্রের অসুর-জন্মলাভ এবং ভগবদ্ভক্তির কারণ বিস্তৃতরূপে বর্ণন করিলাম।৩৯

বিষ্ণুভক্তগণের মাহাত্ম্যপ্রকাশক, মহাত্মা চিত্রকেতুর এই পবিত্র ইতিহাস শ্রবণ করিলে মানব সংসারবন্ধন হইতে বিমুক্ত হয়।৪০

যিনি প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া শ্রীহরির স্মরণ ও বাক্‌সংযমপূর্ব্বক এই ইতিহাস পাঠ করেন, তিনি পরমগতি লাভ করেন।৪১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

অষ্টাদশঃ অধ্যায়ঃ

[দিতের্বংশকথনম্, মরুতাং জন্ম চ।]

শ্রীশুক উবাচ।

পৃশ্নিস্তু পত্নী সবিতুঃ সাবিত্রীং ব্যাহৃতিং ত্রয়ীম্।
অগ্নিহোত্রং পশুং সোমং চাতুর্মাস্যং মহামখান্ ॥১
সিদ্ধির্ভগস্য ভার্য্যাঙ্গ মহিমানং বিভুং প্রভুম্।
আশিষঞ্চ বরারোহাং কন্যাং প্রাসূত সুব্রত ॥২
ধাতুঃ কুহূঃ সিনীবালী রাকা চানুমতিস্তথা।
সায়ং দর্শমথ প্রাতঃ পূর্ণমাসমনুক্রমাৎ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ—সবিতুঃ পত্নী পৃশ্নিঃ তু সাবিত্রীং, ব্যাহৃতীঃ, ত্রয়ীম্ অগ্নিহোত্রং যাগবিশেষং পশুং সোমং চাতুর্মাস্যান্ মহামখান্ পঞ্চযজ্ঞান্ অসূত ॥১

ভগস্য ভার্য্যা সিদ্ধিঃ মহিমানং বিভুং প্রভুং তথা হে সুব্রত। বরারোহাম্ আশিষং নাম্নীং কন্যাং চ প্রাসূত ॥২

ধাতুঃ কুহূঃ, সিনীবালী, রাকা, অনুমতিঃ চেতি চতস্রঃ ভার্য্যাঃ সায়মাদীন্ চতুরঃ পুত্রান্ অনুক্রমাৎ প্রাসূত। (তত্র অমাবস্যাভিমানিনী কুহূঃ। চন্দ্রশকলচতুর্দশ্যভিমানিনী সিনীবালী। পূর্ণমাসাভিমানিনী রাকা। শুক্লপক্ষচতুর্দশ্যভিমানিনী অনুমতিঃ) ॥৩

অগ্নীন্ পুরীষ্যানাধত্ত ক্রিয়ায়াং সমনন্তরঃ।
চর্ষণী বরুণস্যাসীদ্ যস্যাং জাতো ভৃগুঃ পুনঃ ॥৪
বাল্মীকিশ্চ মহাযোগী বল্মীকাদভবৎ কিল।
অগস্ত্যশ্চ বসিষ্ঠশ্চ মিত্রাবরুণয়োর্ঋষী ॥৫
রেতঃ সিষিচতুঃ কুম্ভে উর্ব্বশ্যাঃ সন্নিধৌ দ্রুতম্।
রেবত্যাং মিত্র উৎসর্গমরিষ্টং পিপ্পলং ব্যধাৎ ॥৬

অন্বয়ঃ

সমনন্তরঃ বিধাতা ক্রিয়ায়াং স্বভার্য্যায়াং পুরীষ্যান্ তৎসংজ্ঞকান্ পঞ্চচিতান্ অগ্নীন্ উৎপাদয়ামাস। চর্ষণী বরুণস্য ভার্য্যা-আসীৎ; যস্যাং ব্রহ্মণঃ পুত্রঃ ভৃগুঃ যস্যাং পুনঃ জাতঃ ॥৪

বল্মীকাৎ যঃ কিলঃ অভবৎ মহাযোগী বাল্মীকিঃ, সঃ অপি বরুণস্য চর্ষণীগর্ভজাতঃ অসাধারণঃ পুত্রঃ। তথা অগস্ত্যঃ চ বসিষ্ঠশ্চ যৌ ঋষী মিত্রাবরুণয়োঃ অভবতাম্ ॥৫

যতঃ উর্ব্বশ্যাঃ সন্নিধৌ দ্রুতং যত্র (চ্যুতং পতিতং) রেতঃ মিত্রাবরুণৌ ঊচতুঃ অপি কুম্ভে সিষিচতুঃ (কুম্ভাজ্জাতৌ অগস্ত্যবশিষ্ঠৌ উত্তরোঃ পুত্রৌ ইত্যর্থঃ) রেবত্যাং ভার্য্যায়াং মিত্রঃ উৎসর্গাদীন্ (উৎসর্গম্ অরিষ্টং পিপ্পলং চ) ব্যধাৎ ॥৬

অষ্টাদশ অধ্যায়

[দিতির বংশকথন ও মরুদ্‌গণের জন্ম।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! সবিতার স্ত্রী পৃশ্নি—সাবিত্রী, ব্যাহৃতিত্রয়, অগ্নিহোত্র যাগ, পশুযাগ, সোমযাগ ও পঞ্চ মহাযজ্ঞ এই সকল প্রসব করিয়াছিলেন।১

হে সুব্রত! ভগনামক আদিত্যের স্ত্রী সিদ্ধি—মহিমা, বিভু ও প্রভু—এই তিনটি পুত্র এবং আশীঃ নামে একটি সুন্দরী কন্যা প্রসব করিয়াছিলেন।২

ধাতার পত্নী কুহূ, সিনীবালী, রাকা ও অনুমতি—ইহারা যথাক্রমে সায়ম্, দর্শ, প্রাতঃ ও পূর্ণমাস-নামক চারিটি সন্তান প্রসব করেন।৩

বিধাতা নিজ পত্নী ক্রিয়ার গর্ভে পুরীষ্য নামক পাঁচটি অগ্নি উৎপাদন করেন। বরুণের ভার্য্যা চর্ষণীর গর্ভে ভৃগু পুনরায় জন্মগ্রহণ করিয়াছিলেন।৪

বল্মীক হইতে মহাযোগী বাল্মীকির জন্ম হয়, ইনি বরুণেরই পুত্র। আর অগস্ত্য ও বশিষ্ঠ এই ঋষিযুগল মিত্র ও বরুণের সাধারণ সন্তান।৫

যেহেতু মিত্র ও বরুণ উভয়েই উর্বশীর সমক্ষে কুম্ভের মধ্যে সত্বর বীর্য্যাধান করায় উহা হইতে অগস্ত্য ও বশিষ্ঠের উৎপত্তি হইয়াছিল। এইরূপ মিত্র স্বয়ং রেবতীর গর্ভে উৎসর্গ, অরিষ্ট ও পিপ্পল-

পৌলোম্যামিন্দ্র আধত্ত ত্রীন্ পুত্রানিতি নঃ শ্রুতম্।
জয়ন্তমৃষভং তাত তৃতীয়ং মীঢ়ুষং প্রভুঃ ॥৭
উরুক্রমস্য দেবস্য মায়াবামনরূপিণঃ।
কীর্ত্তৌ পত্ন্যাং বৃহচ্ছ্লোকস্তস্যাসন্ সৌভগাদয়ঃ ॥৮
তৎকর্ম্মগুণবীর্য্যাণি কাশ্যপস্য মহাত্মনঃ।
পশ্চাদ্বক্ষ্যামহেঽদিত্যাং যথৈবাবততার হ ॥৯
অথ কশ্যপদায়াদান্ দৈতেয়ান্ কীর্ত্তয়ামি তে।
যত্র ভাগবতঃ শ্রীমান্ প্রহ্লাদো বলিরেব চ ॥১০

হে তাত! প্রভুঃ বর্ষীয়ান্ ইন্দ্রঃ পৌলোম্যাং ভার্য্যায়াঃ জয়ন্তম্, ঋষভম্, তৃতীয়ং মীঢ়ুষম্ ইতি ত্রীন্ পুত্রান্ আধত্ত—ইতি নঃ শ্রুতম্ ॥৭

মায়াবামনরূপিণঃ (মায়য়া স্বেচ্ছয়া গৃহীতবামনরূপস্য) দেবস্য উরুক্রমস্য ভগবদবতারস্য কীর্ত্তৌ তৎসংজ্ঞায়াং ভার্য্যায়াং পত্ন্যাং বৃহচ্ছ্লোকসংজ্ঞকঃ পুত্রঃ জাতঃ। তস্য চ সৌভগাদয়ঃ পুত্রাঃ আসন্ ॥৮

তস্য মহাত্মনঃ কাশ্যপস্য তন্নামপুত্রস্য বামনস্য কর্ম্ম ভিক্ষাচরণম্, গুণাঃ তত্তদ্বাৎসল্যাদয়ঃ, বীর্য্যং প্রভাবঃ, তথা যথা চ অদিত্যাম্ অবততার হ, তৎ সর্ব্বং পশ্চাৎ অষ্টমস্কন্ধে বক্ষ্যামহে ॥৯

অথ দৈতেয়ান্ দিতিগর্ভসম্ভূতান্ কশ্যপদায়াদান্ (কশ্যপস্য

দিতের্দ্বাবেব দায়াদৌ দৈত্যদানববন্দিতৌ।
হিরণ্যকশিপুর্নাম হিরণ্যাক্ষশ্চ কীর্ত্তিতৌ ॥১১
হিরণ্যকশিপোর্ভার্য্যা কয়াধুর্নাম দানবী।
তস্যাস্ত তনয়া সা তু সুষুবে চতুরঃ সুতান্ ॥১২
সংহ্রাদং প্রাগনুহ্রাদং হ্রাদং প্রহ্রাদমেব চ।
তৎস্বসা সিংহিকা নাম রাহুং বিপ্রচিতোঽগ্রহীৎ ॥১৩
শিরোঽহরদ্ যস্য হরিশ্চক্রেণ পিবতোঽমৃতম্।
সংহ্রাদস্য মতির্ভার্য্যাসূত পঞ্চজনং ততঃ ॥১৪

দিতেঃ দৈত্য-দানববন্দিতৌ হিরণ্যকশিপুঃ হিরণ্যাক্ষঃ চ নাম যৌ এব দায়াদৌ পুত্রৌ কীর্ত্তিতৌ ॥১১

তস্য তনয়া কয়াধুঃ নাম হিরণ্যকশিপোঃ যা দানবী ভার্য্যা, সা সংহ্রাদং, প্রাগনুহ্রাদং, হ্রাদং, প্রহ্রাদম্ এব চ ইতি চতুরঃ সুতান্ সুষুবে। তেষাং পুত্রাণাং স্বসা ভগিনী সিংহিকা নাম স্বভর্তুঃ বিপ্রচিত্তঃ দানবাৎ সকাশাৎ রাহুং পুত্রম্ অগ্রহীৎ ॥১২-১৩

যেন সহ অমৃতং পিবতঃ যস্য রাহোঃ শিরঃ হরিঃ চক্রেণ অহরৎ। সংহ্রাদস্য ভার্য্যা মতিঃ, তস্যাঃ সংহ্রাদাৎ পঞ্চজনঃ পুত্রঃ অসূত ॥১৪

নামক আরও তিন পুত্র উৎপাদন করিয়াছিলেন।৬

হে বৎস পরীক্ষিৎ! দেবরাজ ইন্দ্র পৌলোমীর (শচীর) গর্ভে জয়ন্ত, ঋষভ ও মীঢ়ুষনামক তিনটি পুত্রের জন্মদান করিয়াছিলেন—ইহা আমরা প্রাচীনগণের নিকট শুনিয়াছি ৭

মায়াবলে বামনরূপধারী ভগবান্ উরুক্রমের কীর্ত্তিনাম্নী পত্নীর গর্ভে বৃহৎশ্লোক নামক পুত্রের জন্ম হয় এবং বৃহৎশ্লোকের সৌভগপ্রভৃতি কয়েকটি পুত্র উৎপন্ন হইয়াছিল ৮

কশ্যপনন্দন ভগবান্ বামনদেবের গুণ, কর্ম্ম ও বীর্য্যসমূহ এবং তিনি যে ভাবে অদিতির গর্ভে অবতীর্ণ হইয়াছিলেন—এ সকল কথা আমি পরে অষ্টম স্কন্ধে বর্ণন করিব।৯

অনন্তর আমি তোমার নিকট কশ্যপের সন্তান দৈত্যগণের কথা বলিতেছি, যাহাদের মধ্যে ভগবদ্ভক্ত শ্রীপ্রহ্লাদ ও বলি বিদ্যমান রহিয়াছেন।১০

দিতির গর্ভে দুইটি পুত্র উৎপন্ন হইয়াছিল। দৈত্য ও দানবগণকর্ত্তৃক পূজিত ঐ পুত্রদ্বয় হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপু নামে বিখ্যাত।১১

জম্ভাসুরের কন্যা এবং হিরণ্যকশিপুর ভার্য্যা কয়াধু সংহ্রাদ, অনুহ্রাদ, হ্রাদ ও প্রহ্লাদনামক চারিটি পুত্র প্রসব করিয়াছিল। তাহাদের ভগিনী সিংহিকা 'বিপ্রচিত্ত' নামক দানবের ঔরসে রাহুনামক এক পুত্র প্রসব করে।১২-১৩

এই রাহু অমৃতপানে প্রবৃত্ত হইলে শ্রীহরি সুদর্শনচক্রদ্বারা তাহার শিরশ্ছেদ করিয়াছিলেন।

ত্রাদস্য ধমনির্ভার্য্যাসূত বাতাপিমিন্বলম্।
যোঽগস্ত্যায় স্বতিথয়ে পেচে বাতাপিমিন্বলঃ ॥১৫
অনুত্রাদস্য সূর্য্যায়াং বাষ্কলো মহিষস্তথা।
বিরোচনস্তু প্রাহ্লাদির্দ্রব্যাং তস্যাভবদ্ বলিঃ ॥১৬
বাণজ্যেষ্ঠং পুত্রশতমশনায়াং ততোঽভবৎ।
তস্যানুভাবঃ শ্লোকোঽয়ং পশ্চাদেবাভিধাস্যতে ॥১৭
বাণ আরাধ্য গিরিশং লেভে তদ্গণমুখ্যতাম্।
যৎপার্শ্বে ভগবানাস্তে হ্যদ্যাপি পুরপালকঃ ॥১৮

মরুতশ্চ দিতেঃ পুত্রাশ্চত্বারিংশদ্গণাধিকাঃ।
ত আসন্নপ্রজাঃ সর্ব্বে নীতা ইন্দ্রেণ সাম্বতাম্ ॥১৯

শ্রীরাজোবাচ।

কথং ত আসুরং ভাবমপোহ্যৌৎপত্তিকং গুরো।
ইন্দ্রেণ প্রাপিতাঃ সাম্যং কিং তৎ সাধু কৃতং হিতৈঃ ॥২০
ইমে শ্রদ্দধতে ব্রহ্মন্নৃষয়ো হি ময়া সহ।
পরিজ্ঞানায় ভগবংস্তন্নো ব্যাখ্যাতুমর্হসি ॥২১

ত্রাদস্য ভার্য্যা ধমনিঃ বাতাপিম্ ইবলং চ যৌ পুত্রৌ অসূত। যঃ ইবলঃ অতিথয়ে অগস্ত্যায় (তস্য প্রাণবধার্থং মেষরূপিণং) বাতাপিং পেচে ॥১৫

অনুত্রাদস্য সূর্য্যায়াং ভার্য্যায়াং বাষ্কলঃ মহিষঃ চ যৌ পুত্রৌ জাতৌ। প্রাহ্লাদিঃ প্রহ্লাদপুত্রঃ বিরোচনঃ, তস্য বিরোচনস্য দ্রব্যাং ভার্য্যায়াং বলিঃ পুত্রঃ অভবৎ ॥১৬

তস্য বলেঃ সকাশাৎ তস্য অশনায়াং ভার্য্যায়াং বাণজ্যেষ্ঠং পুত্রশতম্ অভবৎ। তস্য বলেঃ শ্লোকঃ অনুভাবঃ পশ্চাৎ মন্বন্তরকথায়াম্ এব অষ্টমস্কন্ধে অভিধাস্যতে ॥১৭

বাণঃ গিরিশম্ আরাধ্য তস্য গণেষু মুখ্যতাং প্রাধান্যং লেভে। প্রীতঃ ভগবান্ শিবঃ পুরপালকঃ সন্ যস্য পার্শ্বে অদ্যাপি আস্তে ॥১৮

দিতেঃ চত্বারিংশদ্গণাধিকাঃ মরুতঃ পুত্রাঃ আসন্; অপ্রজাঃ এব তে সর্ব্বে ইন্দ্রেণ সাম্বতাং সখ্যানুভাবতাং দেবত্বং নীতাঃ ॥১৯

রাজা পরীক্ষিৎ উবাচ—হে গুরো! ঔৎপত্তিকং স্বভাবসিদ্ধম্ আসুরং ভাবম্ অপোহ্য ত্যক্ত্বা তে কথম্ ইন্দ্রেণ সাম্যং প্রাপিতাঃ? তৈঃ মরুদ্ভিঃ তস্য ইন্দ্রস্য কিং সাধু কৃতম্? ॥২০

হে ব্রহ্মন্! ইমে ঋষয়ঃ ময়া সহ এতস্য পৃষ্টস্য অর্থস্য পরিজ্ঞানায় শ্রদ্ধধতে শ্রদ্ধাং কুর্ব্বন্তি। হে ভগবন্! যঃ অস্মাকং তৎ ব্যাখ্যাতুম্ অর্হসি ॥২১

অনন্তর সংহ্লাদের ভার্য্যা মতি পঞ্চজন-নামক এক পুত্র প্রসব করে।১৪

ত্রাদের স্ত্রী ধমনি বাতাপি ও ইবলনামক দুইটি পুত্র প্রসব করিয়াছিল। এই ইবলই অতিথি অগস্ত্যের প্রাণনাশের উদ্দেশ্যে তাঁহাকে ভোজন করাইবার জন্য মেষরূপধারী বাতাপির মাংস পাক করিয়াছিল।১৫

অনুত্রাদের ভার্য্যা সূর্য্যার গর্ভে বাষ্কল ও মহিষ-নামক দুই পুত্রের জন্ম হয়। প্রহ্লাদের পুত্রের নাম বিরোচন। দ্রবীর গর্ভে বিরোচনের পুত্র বলির জন্ম হইয়াছিল।১৬

অশনানাম্নী স্ত্রীর গর্ভে বলির একশত পুত্র জন্মগ্রহণ করে, বাণ তাহাদের মধ্যে জ্যেষ্ঠ পুত্র। সেই বলিরাজের যশঃ সজ্জনগণের কীর্ত্তনযোগ্য বলিয়া আমি পশ্চাৎ উহার বর্ণনা করিব।১৭

বাণ ভগবান্ শঙ্করের আরাধনা করিয়া তাঁহার গণমধ্যে প্রাধান্য লাভ করিয়াছিলেন। ভগবান শঙ্কর অদ্যাবধি তাঁহার পুরীর রক্ষক হইয়া তাঁহার পার্শ্বে বিরাজ করিতেছেন।১৮

ঊনপঞ্চাশৎসংখ্যক মরুদ্গণও দিতিরই পুত্র, ইহারা সকলেই নিঃসন্তান। ইন্দ্র তাঁহাদিগকে দেবত্ব লাভ করাইয়াছিলেন।১৯

পরীক্ষিৎ বলিলেন—হে গুরুদেব! সেই মরুদ্গণ এমন কোন্ সৎকর্ম করিয়াছিলেন, যাহার ফলে ইন্দ্র তাঁহাদের স্বাভাবিক আসুর-ভাব পরিহারপূর্বক তাঁহাদিগকে দেবত্ব লাভ করাইয়াছিলেন?২০

হে ভগবন্! এই ঋষিগণ আমার সহিত এ বিষয় অবগত হইবার জন্য আগ্রহান্বিত হইয়াছেন,

শ্রীসূত উবাচ।

তদ্‌বিষ্ণুরাতস্য স বাদরায়ণি-
র্বচো নিশম্যাদৃতমল্পমর্থবৎ।
সভাজয়ন্ সংনিভৃতেন চেতসা
জগাদ সত্রায়ণ সর্ব্বদর্শনঃ ॥২২

শ্রীশুক উবাচ।

হতপুত্রা দিতিঃ শক্রপার্ষ্ণিগ্রাহেণ বিষ্ণুনা।
মন্যুনা শোকদীপ্তেন জ্বলন্তী পর্য্যচিন্তয়ৎ ॥২৩

কদা নু ভ্রাতৃহন্তারমিন্দ্রিয়ারামমুল্বণম্।
অক্লিন্নহৃদয়ং পাপং ঘাতয়িত্বা শয়ে সুখম্ ॥২৪
কৃমিবিড়্‌ভস্মসংজ্ঞাসীদ্ যস্যেশাভিহিতস্য চ।
ভূতধ্রুক্ তৎকৃতে স্বার্থং কিং বেদ নিরয়ো যতঃ ॥২৫
আশাসানস্য তস্যেদং ধ্রুবমুন্নদ্ধচেতসঃ।
মদশোচক ইন্দ্রস্য ভূয়াদ্ যেন সুতো হি মে ॥২৬
ইতি ভাবেন সা ভর্ত্তুরাচচারাসকৃৎ প্রিয়ম্।
শুশ্রূষয়ানুরাগেণ প্রশ্রয়েণ দমেন চ ॥২৭

সূতঃ উবাচ—হে সত্রায়ণ শৌনক! বিষ্ণুরাতস্য পরীক্ষিতঃ তৎ আদৃতম্ অল্পং বিত্তাক্ষরম্ অর্থবৎ বচঃ নিশম্য সর্ব্বদর্শনঃ দর্শজ্ঞঃ বাদরায়ণিঃ শুকঃ সংনিভৃতেন আনন্দপূর্ণেন চেতসা তং সভাজয়ন্ সংকুর্বন্ জগাদ উত্তরং দত্তবান্ ॥২২

শ্রীশুকঃ উবাচ—শক্রপার্ষ্ণিগ্রাহেণ (শক্রস্য পার্ষ্ণিগ্রাহেণ পৃষ্ঠতঃ সহায়েন) বিষ্ণুনা হতপুত্রা (হতৌ পুত্রৌ হিরণ্যকশিপু-হিরণ্যাক্ষৌ যস্যাঃ সা) দিতিঃ শোকেন দীপ্তেন প্রজ্বলিতেন মন্যুনা চ জ্বলন্তী সতী পর্য্যচিন্তয়ৎ ॥২৩

ভ্রাতৃহন্তারম্ (ভ্রাতরৌ হিরণ্যাক্ষ-হিরণ্যকশিপৌ তদ্ধন্তারম্) ইন্দ্রিয়ারামং বিষয়াসক্তম্ উল্বণং ক্রূরস্বভাবম্, অক্লিন্নহৃদয়ং কঠিনচিত্তম্, পাপং পাপাচারম্ ইন্দ্রং তু ঘাতয়িত্বা কথং সুখং শয়ে ॥২৪

অতএব আপনি আমাদের নিকট এ বিষয়ে বিশেষ-রূপে বর্ণন করুন ।২১

শ্রীসূত বলিলেন—হে শৌনক! সর্বদর্শী শ্রীশুকদেব মহারাজ পরীক্ষিতের পূর্বোক্ত শ্রদ্ধাযুক্ত, সংক্ষিপ্ত অথচ বহু-অর্থবিশিষ্ট বাক্য শ্রবণ করিয়া সানন্দচিত্তে উহার অভিনন্দনসহকারে এরূপ বলিয়াছিলেন ।২২

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ বিষ্ণু ইন্দ্রের পৃষ্ঠপোষক হইয়া দিতির পুত্রগণকে বধ করিলে দিতি শোকপ্রদীপ্ত ক্রোধানলে সন্তপ্তা হইয়া এরূপ চিন্তা করিয়াছিলেন ।২৩

আমি কবে ইন্দ্রিয়সুখাসক্ত, নিষ্ঠুর, কঠোরচিত্ত, ভ্রাতৃঘাতী পাপিষ্ঠ ইন্দ্রকে বধ করিয়া সুখে নিদ্রা

ঈশাভিহিতস্য (ঈশঃ প্রভুঃ ইত্যভিহিতস্য অপি) যস্য (পূর্বেষাং রাজ্ঞাং দেহস্য মরণান্তরং বহুদিনাবস্থিতস্য কৃময়ঃ ইতি, বাদিভিঃ তথাভিহিতস্য বিড়িতি, দগ্ধস্য তু ভস্মেতি) সংজ্ঞা আসীৎ তৎকৃতে তস্য দেহস্যার্থে যঃ ভূতধ্রুক্ (ভূতেভ্যঃ দ্রুহ্যতি) সঃ কিং স্বার্থং বেদ? ন বেদ। যতঃ ভূতদ্রোহাৎ খলু নিরয়ঃ নরকপাতঃ ভবেৎ ।২৫

ইদং দেহাদিকং সর্বং ধ্রুবং নিত্যম্ ইতি আশাসানস্য অতএব উন্নদ্ধম্ উচ্ছৃঙ্খলং চেতঃ যস্য তস্য ইন্দ্রস্য যঃ মদশোচকঃ (মদঃ নিশোকোঽভিমানঃ তস্য শোচকঃ) যে মমঃ সুতঃ যেন উপায়েন ভবেৎ (ইতি চিন্তয়ন্তী সা) ।২৬

ইতি ভাবেন ইন্দ্রমারক-পুত্রলাভাভিপ্রায়েণ সা দিতিঃ অসকৃৎ শুশ্রূষয়া সেবয়া, অনুরাগেণ প্রেম্না, প্রশ্রয়েণ নম্রীভাবেন,

---

যাইব ।২৪

পূর্ববর্তী রাজগণের যে দেহ জীবিতকালে 'প্রভু' এই আখ্যা ধারণ করিলেও মরণের পর উহা কৃমি, বিষ্ঠা বা ভস্মসংজ্ঞা লাভ করিয়াছে, সেই তুচ্ছ দেহের সুখের জন্য যে ব্যক্তি প্রাণিহিংসায় রত হয়, সে বস্তুতঃ স্বার্থ অবগত নহে; যেহেতু সেই প্রাণি-হিংসার ফলে নরকগতিই ঘটিয়া থাকে ।২৫

ইন্দ্র এই দেহাদিকে চিরস্থায়ী মনে করিয়া উচ্ছৃঙ্খলচিত্ত হইয়াছে, অতএব আমি যাহাতে তাহার গর্বনাশক পুত্র লাভ করিতে পারি, তাহার জন্য স্বামিসেবায় রত হইব ।২৬

অনন্তর দিতি স্বামীর প্রিয়াচরণকেই অভীষ্ট-লাভের উপায় স্থির করিয়া নিরন্তর শুশ্রূষা, অনুরাগ,

ভক্ত্যা পরময়া রাজন্ মনোজ্ঞৈর্বল্গুভাষিতৈঃ।
মনো জগ্রাহ ভাবজ্ঞা সস্মিতাপাঙ্গবীক্ষণৈঃ ॥২৮
এবং স্ত্রিয়া জড়ীভূতো বিদ্বানপি মনোজ্ঞয়া।
বাঢ়মিত্যাহ বিবশো ন তচ্চিত্রং হি যোষিতি ॥২৯
বিলোক্যৈকান্তভূতানি ভূতান্যাদৌ প্রজাপতিঃ।
স্ত্রিয়ং চক্রে স্বদেহার্দ্ধং যয়া পুংসাং মতির্হৃতা ॥৩০

এবং শুশ্রূষিতস্তাত ভগবান্ কশ্যপঃ স্ত্রিয়া।
প্রহস্য পরমপ্রীতো দিতিমাহাভিনন্দ্য চ ॥৩১

শ্রীকশ্যপ উবাচ।

বরং বরয় বামোরু প্রীতস্তেঽহমনিন্দিতে।
স্ত্রিয়া ভর্ত্তরি সুপ্রীতে কঃ কাম ইহ চাগমঃ ॥৩২
পতিরেব হি নারীণাং দৈবতং পরমং স্মৃতম্।
মানসঃ সর্ব্বভূতানাং বাসুদেবঃ শ্রিয়ঃ পতিঃ ॥৩৩

দমেন ইন্দ্রিয়নিগ্রহেণ চ ভর্ত্তুঃ কশ্যপস্য প্রিয়ম্ আচচার ॥২৭

হে রাজন্! মনোজ্ঞৈঃ মনোহরৈঃ বল্গুভাষিতৈঃ মধুরবচনৈঃ, সস্মিতাপাঙ্গবীক্ষণৈঃ (স্মিতেন সহিতৈঃ অপাঙ্গবীক্ষণৈঃ কটাক্ষনিরীক্ষণৈঃ,) পরময়া ভক্ত্যা চ ভাবজ্ঞা অভিপ্রায়জ্ঞা সা দিতিঃ ভর্ত্তুঃ মনঃ জগ্রাহ ॥২৮

এবং মনোজ্ঞয়া বিদগ্ধয়া কপটাচার-নিপুণয়া স্ত্রিয়া বিদ্বান্ অপি কশ্যপঃ জড়ীভূতঃ মোহিতঃ, অতএব বিবশঃ স্ত্রীপরতন্ত্রঃ সন্ বাঢ়ম্ (তব মনোরথং পূরয়িষ্যামীতি) ইতি আহ, তৎ যোষিতি হি ন চিত্রম্ ॥২৯

যতঃ আদৌ সৃষ্ট্যারম্ভসময়ে ভূতানি প্রাণিনঃ একান্তভূতানি নিঃসঙ্গানি বিলোক্য তেষাং মোহার্থং প্রজাপতিঃ স্ত্রিয়ং স্বদেহার্দ্ধং চক্রে। যয়া স্ত্রিয়া পুংসাং মতিঃ হৃতা সৃষ্ট্যনুগা হৃতা ॥৩০

ভগবান্ কশ্যপঃ স্ত্রিয়া এবং শুশ্রূষিতঃ সন্ পরমপ্রীতঃ জাতঃ, হে তাত! ততঃ প্রহস্য দিতিম্ অভিনন্দ্য আহ ॥৩১

কশ্যপঃ উবাচ—হে বামোরু! হে অনিন্দিতে! অহং তে তব উপরি প্রীতঃ, অতঃ ত্বং বরং বরয়। ভর্ত্তরি সুপ্রীতে সতি স্ত্রিয়াঃ কঃ কামঃ ইহ চ পরত্র বা অগমঃ দুর্লভঃ? ॥৩২

নারীণাং পতিঃ এব পরমং দৈবতং স্মৃতম্, সর্ব্বভূতানাং মানসঃ মনসি বিরাজমানঃ বাসুদেবঃ শ্রিয়ঃ পতিঃ ॥৩৩

বিনয় ও ইন্দ্রিয় সংযমদ্বারা স্বামীর প্রিয় আচরণ করিতে লাগিলেন।২৭

হে মহারাজ! এইরূপে পতির ভাব বুঝিয়া দিতি তদনুসারে পরমভক্তি, মনোরম প্রিয় ভাষণ এবং হাস্যযুক্ত কটাক্ষপাত দ্বারা পতির মন আকৃষ্ট করিয়াছিলেন।২৮

হে মহারাজ! প্রজাপতি কশ্যপ বিদ্বান্ হইলেও তৎকালে মনোরমা পত্নীদ্বারা এরূপ জড়ীভূত ও তাহার অধীন হইলেন যে, তাহার মনোরথ পরিপূরণে সম্মত হইয়াছিলেন, ইহা আশ্চর্য্যজনক নহে। যেহেতু সৃষ্টির আদিতে প্রজাপতি ভূতসমুদয়কে নিঃসঙ্গ দেখিয়া সৃষ্টির বৃদ্ধির জন্য নিজ দেহের অর্দ্ধাংশকেই স্ত্রীরূপে সৃষ্টি করিয়াছিলেন, সেই স্ত্রী-ই পুরুষগণের মন হরণ করে।২৯-৩০

হে বৎস পরীক্ষিৎ! ভগবান্ কশ্যপ স্ত্রীকর্ত্তৃক এরূপ সেবিত হইয়া পরম প্রীতিসহকারে হাস্য ও অভিনন্দনপূর্বক দিতিকে এরূপ বলিতে লাগিলেন।৩১

কশ্যপ বলিলেন—হে সুন্দরি! আমি তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি, অতএব হে অনিন্দিতে! তুমি বর প্রার্থনা কর। স্বামী সন্তুষ্ট হইলে ইহলোকে বা পরলোকে স্ত্রীলোকের কোন্ অভীষ্ট অপ্রাপ্য হয়?৩২

পতিই রমণীগণের পরম দেবতা। যদিও সর্ব্বভূতের হৃদয়স্থিত লক্ষ্মীপতি ভগবান্ শ্রীহরিই পরম দেবতারূপে প্রসিদ্ধ, তথাপি সেই ভগবান্ই পুরুষগণকর্ত্তৃক ইন্দ্রাদি নাম ও বজ্রহস্তত্বপ্রভৃতি রূপবিশিষ্ট বিভিন্ন দেবতারূপে এবং রমণীগণকর্ত্তৃক পতিরূপে পূজিত হন।৩৩-৩৪

স এব দেবতালিঙ্গৈর্নামরূপবিকল্পিতৈঃ।
ইজ্যতে ভগবান্ পুংভিঃ স্ত্রীভিশ্চ পতিরূপধৃক্ ॥৩৪

তস্মাৎ পতিব্রতা নার্য্যঃ শ্রেয়স্কামাঃ সুমধ্যমে।
যজন্তেঽনন্যভাবেন পতিমাত্মানমীশ্বরম্ ॥৩৫

সোঽহং ত্বয়াঙ্কিতো ভদ্রে ঈদৃগ্‌ভাবেন ভক্তিতঃ।
তৎ তে সম্পাদয়ে কামমসতীনাং সুদুর্লভম্ ॥৩৬

দিতিরুবাচ।

বরদো যদি মে ব্রহ্মন্ পুত্রমিন্দ্রহণং বৃণে।
অমৃত্যুং মৃতপুত্রাহং যেন মে ঘাতিতৌ সুতৌ ॥৩৭

নামরূপবিকল্পিতৈঃ দেবতালিঙ্গৈঃ সঃ এব ভগবান্ পতিরূপধৃক্ পুংভিঃ স্ত্রীভিঃ চ ইজ্যতে ॥৩৪

(যস্মাৎ পতিরূপেণ ভগবান্ এব বর্ত্ততে) তস্মাৎ হে সুমধ্যমে! শ্রেয়স্কামাঃ পতিব্রতাঃ নার্য্যঃ অনন্যভাবেন পরময়া ভক্ত্যা আত্মানং সর্ব্বাত্মকত্বাদিনম্ ঈশ্বরং পতিং যজন্তে পূজয়ন্তি ॥৩৫

তথা চ হে ভদ্রে শুভাচারে! যস্মাৎ ঈদৃগ্‌-ভাবেন অলৌকিক-প্রকারেণ ভক্তিতঃ প্রেম্না সঃ অহং ত্বয়া অর্চ্চিতঃ, তস্মাৎ অসতীনাং সুদুর্লভং যৎ তব তৎ কামম্ অহং সম্পাদয়ে ॥৩৬

দিতিঃ উবাচ—হে ব্রহ্মন্! যদি ত্বং মে মম বরদঃ অসি বরং দদাসি, তদা ইন্দ্রহণং ইন্দ্রহন্তারম্ অমৃত্যুং মৃত্যুশূন্যং পুত্রং মৃতপুত্রা অহং বৃণে। যেন ইন্দ্রেণ মে সুতৌ ঘাতিতৌ ॥৩৭

নিশম্য তদ্‌বচো বিপ্রো বিমনাঃ পর্য্যতপ্যত।
অহো অধর্ম্মঃ সুমহানদ্য মে সমুপস্থিতঃ ॥৩৮

অহো অর্থেন্দ্রিয়ারামো যোষিন্ময্যেহ মায়য়া।
গৃহীতচেতাঃ কৃপণঃ পতিষ্যে নরকে ধ্রুবম্ ॥৩৯

কোঽতিক্রমোঽনুবর্ত্তন্ত্যাঃ স্বভাবমিহ যোষিতঃ।
ধিগ্মাং ধতাবুধং স্বার্থে যদহং ত্বজিতেন্দ্রিয়ঃ ॥৪০

শরৎপদ্মোৎসবং বক্ত্রং বচশ্চ শ্রবণামৃতম্।
হৃদয়ং ক্ষুরধারাভং স্ত্রীণাং কো বেদ চেষ্টিতম্ ॥৪১

নিশম্য তদ্‌বচঃ বিপ্রঃ বিমনা পর্য্যতপ্যত (তস্মানোহধপূর্ব্বৈরিন্দ্র-বধাধীনত্বং ভাবা) বিপ্রঃ কশ্যপঃ বিমনাঃ বিষণ্ণমনাঃ সন্ "অহো সুমহান্ অধর্ম্মঃ অদ্য মে সমুপস্থিতঃ" ইতি উক্ত্বা পর্য্যতপ্যত ॥৩৮

অহো যোষিন্ময়া ভগবন্মায়য়া গৃহীতচেতাঃ বশীকৃতচিত্তঃ ইন্দ্রিয়ারামঃ ইন্দ্রিয়াধীনতয়া বিষয়ভোগপরঃ কৃপণঃ বিবেক-ধৈর্য্যাদি-বল-রহিতঃ অহং ধ্রুবং নিশ্চিতং নরকে পতিষ্যে ॥৩৯

স্বভাবং মোহকরম্ অনুবর্ত্তন্ত্যাঃ যোষিতঃ ইহ এতদ্‌বিষয়ে কঃ অতিক্রমঃ অপরাধঃ? বত নিশ্চয়ে স্বার্থে স্বপ্রয়োজনে অবুধম্ অনভিজ্ঞং ধাম্ এব ধিক্! যৎ যস্মাৎ অহম্ এব অজিতেন্দ্রিয়ঃ ॥৪০

শরৎপদ্মস্য ইব উৎসবঃ বিকাশঃ যস্মিন্ তথাভূতং বক্ত্রম্

হে সুন্দরি! অতএব পতিব্রতা মঙ্গলকামনারতা রমণীগণ পরম ভক্তিসহকারে আত্মা ও ঈশ্বররূপে পতিরই আরাধনা করিয়া থাকেন ।৩৫

হে ভদ্রে! আমি তোমার সেই পতি বলিয়া তুমি আমাকে এরূপ ভক্তিসহকারে পূজা করিয়াছ; অতএব আমি তোমার সেই অভিলাষ সম্পাদন করিব—যাহা অসতী রমণীগণের পক্ষে সুদুর্লভ ।৩৬

দিতি বলিলেন—হে ব্রহ্মন্! আমি মৃতপুত্রা। আপনি যদি আমাকে বর দান করেন, তাহা হইলে যে ইন্দ্র আমার দুইটি পুত্রকে বিষ্ণুর দ্বারা হত্যা করাইয়াছে, আমি সেই ইন্দ্রেরই বিনাশকারী একটি অমর পুত্র প্রার্থনা করিতেছি ।৩৭

কশ্যপ দিতির পূর্বোক্ত বাক্য শ্রবণ করিয়া এরূপভাবে অতিশয় অনুতাপ করিতে লাগিলেন—হায়! সম্প্রতি আমার গুরুতর অধর্ম উপস্থিত হইল ।৩৮

হায়! আমি বিষয়ভোগমূলক ইন্দ্রিয়সুখে আসক্ত বলিয়া রমণীরূপিণী মায়া আমার চিত্তকে বশীভূত করিয়াছে। এ অবস্থায় আমি অতি বিপন্ন হইয়া নিশ্চয়ই নরকে পতিত হইব ।৩৯

স্বভাবের অনুগামিনী রমণীর এরূপ বর প্রার্থনায় অপরাধ কি? পরন্তু যেহেতু আমি অজিতেন্দ্রিয়, অতএব স্বার্থবিষয়ে অনভিজ্ঞ আমাকেই ধিক্ ।৪০

ন হি কশ্চিৎ প্রিয়ঃ স্ত্রীণামঞ্জসা স্বাশিষাত্মনাম্।
পতিং পুত্রং ভ্রাতরং বা ঘ্নন্ত্যর্থে ঘাতয়ন্তি চ ॥৪২

প্রতিশ্রুতং দদানীতি বচস্তন্ন মৃষা ভবেৎ।
বধং নার্হতি চেন্দ্রোঽপি তত্রেদমুপকল্পতে ॥৪৩

ইতি সঞ্চিন্ত্য ভগবান্ মারীচঃ কুরুনন্দনঃ।
উবাচ কিঞ্চিৎ কুপিত আত্মানঞ্চ বিগর্হয়ন্ ॥৪৪

কশ্যপ উবাচ।

পুত্রস্তে ভবিতা ভদ্রে ইন্দ্রহা দেববান্ধবঃ।
সংবৎসরং ব্রতমিদং যদ্যঞ্জো ধারয়িষ্যসি ॥৪৫

দিতিরুবাচ।

ধারয়িষ্যে ব্রতং ব্রহ্মন্ ব্রূহি কার্য্যাণি যানি মে।
যানি চেহ নিষিদ্ধানি ন ব্রতং ঘ্নন্তি যান্যুত ॥৪৬

স্ত্রবণয়োঃ অমৃতম্ ইব হর্ষজনকং যচঃ মুখবায়াতম্ অতিতীক্ষ্ণং হৃদয়ম্, অতঃ স্ত্রীণাং চেষ্টিতং কঃ বেদ ॥৪১

স্বাশিষাত্মনাং (স্বাভিলষিতাশিষু আত্মা মনো যাসাং তাসাং) স্ত্রীণাম্ অঞ্জসা স্বপ্রয়োজনরূপম্ উপাধিং বিনা হি নিশ্চিতং কশ্চিৎ প্রিয়ঃ ন অস্তি, অতঃ নিমিত্তে সতি পতিং পুত্রং ভ্রাতরং বা ঘ্নন্তি ঘাতয়ন্তি চ ॥৪২

অত্র ইদম্ উপকল্পতে যোগ্যং ভবতি, যদা বরং দদানীতি যচঃ যৎ মৃষা প্রতিশ্রুতং, তৎ মৃষা মিথ্যা ন ভবেৎ, অথ অপি ইন্দ্রঃ অপি ন বধম্ অর্হতি চ ॥৪৩

হে কুরুনন্দন! ভগবান্ মারীচঃ কশ্যপঃ ইতি সঞ্চিন্ত্য আত্মানং বিগর্হয়ন্ কিঞ্চিৎ কুপিতঃ এব তাং দিতিম্ উবাচ ॥৪৪

কশ্যপঃ উবাচ—হে ভদ্রে! সংবৎসরপর্য্যন্তম্ ইদং ব্রতং যদি অঞ্জঃ যথাবৎ ত্বং ধারয়িষ্যসি, তর্হি তে পুত্রঃ ইন্দ্রহা ভবিষ্যতি; অন্যথা দেববান্ধবঃ ভবিষ্যতি ॥৪৫

দিতিঃ উবাচ—হে ব্রহ্মন্! অহং ব্রতং ধারয়িষ্যে। তত্র যানি কার্য্যাণি আবশ্যকানি, যানি চ ইহ ব্রতে নিষিদ্ধানি, উত যানি চ ব্রতং ন ঘ্নন্তি, তানি মে ব্রূহি ॥৪৬

রমণীগণের চরিত্র কে বুঝিতে পারে? তাহাদের মুখ শরৎকালীন পদ্মের ন্যায় সুন্দর, বাক্য অমৃতের ন্যায় শ্রুতিসুখকর, অথচ হৃদয় ক্ষুরের ন্যায় তীক্ষ্ণধার ॥৪১

স্বার্থসিদ্ধিপরায়ণা রমণীগণের প্রিয় বলিয়া বস্তুতঃ কেহই নাই। তাহারা স্বার্থের জন্য পতি, পুত্র বা ভ্রাতাকে স্বয়ং হত্যা করে, অথবা অপরের দ্বারা হত্যা করায় ॥৪২

আমি দিতির নিকট—'তোমাকে অভীষ্ট বর প্রদান করিব' এরূপ যে অঙ্গীকার করিয়াছি, তাহা যাহাতে মিথ্যা না হয়, অথচ যাহাতে ইন্দ্রেরও বধ না হয়, এরূপ উপায়ই এস্থলে যুক্তিযুক্ত ॥৪৩

হে কুরুনন্দন মহারাজ! ভগবান্ কশ্যপ এরূপ চিন্তা করিয়া কিঞ্চিৎ ক্রুদ্ধভাবে নিজকে নিন্দা করিতে করিতে এরূপ বলিয়াছিলেন ॥৪৪

কশ্যপ বলিলেন—হে কল্যাণি! যদি তুমি সংবৎসর কাল যথাবিধি এই ব্রত ধারণ করিতে পার, তাহা হইলে ইন্দ্রের বধকারী, অথচ দেবতাগণের বান্ধবরূপে তোমার পুত্র হইবে ॥৪৫

দিতি বলিলেন—হে ব্রহ্মন্! আমি আপনার উপদেশানুসারে ব্রত ধারণ করিব, ব্রতে আমার যাহা যাহা কর্ত্তব্য, যাহা যাহা নিষিদ্ধ এবং যে সকল আচরণদ্বারা ব্রত নষ্ট হয় না, আপনি সে সকল বর্ণন করুন ॥৪৬

স এব দেবতালিঙ্গৈর্নামরূপবিকল্পিতৈঃ।
ইজ্যতে ভগবান্ পুংভিঃ স্ত্রীভিশ্চ পতিরূপধৃক্ ॥৩৪

তস্মাৎ পতিব্রতা নার্য্যঃ শ্রেয়স্কামাঃ সুমধ্যমে।
যজন্তেঽনন্যভাবেন পতিমাত্মানমীশ্বরম্ ॥৩৫

সোঽহং ত্বয়াচ্চিতো ভদ্রে ঈদৃগ্‌ভাবেন ভক্তিতঃ।
তং তে সম্পাদয়ে কামমসতীনাং সুদুর্লভম্ ॥৩৬

দিতিরুবাচ।

বরদো যদি মে ব্রহ্মন্ পুত্রমিন্দ্রহণং বৃণে।
অমৃত্যুং মৃতপুত্রাহং যেন মে ঘাতিতৌ সুতৌ ॥৩৭

নামরূপবিকল্পিতৈঃ দেবতালিঙ্গৈঃ সঃ এব ভগবান্ পতিরূপধৃক্ পুংভিঃ স্ত্রীভিঃ চ ইজ্যতে ॥৩৪

(যস্মাৎ পতিরূপেণ ভগবান্ এব বর্ততে) তস্মাৎ হে সুমধ্যমে! শ্রেয়স্কামাঃ পতিব্রতাঃ নার্যঃ অনন্যভাবেন পরময়া ভক্ত্যা আত্মানং সর্বাত্মস্বরূপিণম্ ঈশ্বরং পতিং যজন্তে পূজয়ন্তি ॥৩৫

তথা চ হে ভদ্রে শুভাচারে! যস্মাৎ ঈদৃগ্‌-ভাবেন অলৌকিক-প্রকারেণ ভক্তিতঃ প্রেম্না সঃ অহং ত্বয়া অর্চিতঃ, তস্মাৎ অসতীনাং সুদুর্লভং যে তব তং কামম্ অহং সম্পাদয়ে ॥৩৬

দিতিঃ উবাচ—হে ব্রহ্মন্! যদি ত্বং মে মম বরদঃ অসি বরং বদাসি, তদা ইন্দ্রহণং ইন্দ্রহন্তারম্ অমৃত্যুং মৃত্যুশূন্যং পুত্রং মৃতপুত্রা অহং বৃণে। যেন ইন্দ্রেণ মে সুতৌ ঘাতিতৌ ॥৩৭

হে সুন্দরি! অতএব পতিব্রতা মঙ্গলকামনারতা রমণীগণ পরম ভক্তিসহকারে আত্মা ও ঈশ্বররূপে পতিরই আরাধনা করিয়া থাকেন।৩৫

হে ভদ্রে! আমি তোমার সেই পতি বলিয়া তুমি আমাকে এরূপ ভক্তিসহকারে পূজা করিয়াছ; অতএব আমি তোমার সেই অভিলাষ সম্পাদন করিব—যাহা অসতী রমণীগণের পক্ষে সুদুর্লভ।৩৬

দিতি বলিলেন—হে ব্রহ্মন্! আমি মৃতপুত্রা। আপনি যদি আমাকে বর দান করেন, তাহা হইলে যে ইন্দ্র আমার দুইটি পুত্রকে বিষ্ণুর দ্বারা হত্যা করাইয়াছে, আমি সেই ইন্দ্রেরই বিনাশকারী একটি অমর পুত্র প্রার্থনা করিতেছি।৩৭

নিশম্য তদ্‌বচো বিপ্রো বিমনাঃ পর্য্যতপ্যত।
অহো অধর্ম্মঃ সুমহানদ্য মে সমুপস্থিতঃ ॥৩৮

অহো অর্থেন্দ্রিয়ারামো যোষিন্মায়োহ মায়য়া।
গৃহীতচেতাঃ কৃপণঃ পতিষ্যে নরকে ধ্রুবম্ ॥৩৯

কোঽতিক্রমোঽনুবর্ত্তন্ত্যাঃ স্বভাবমিহ যোষিতঃ।
ধিগ্মাং বতাবুধং স্বার্থে যদহং ত্বজিতেন্দ্রিয়ঃ ॥৪০

শরৎপদ্মোৎসবং বক্ত্রং বচশ্চ শ্রবণামৃতম্।
হৃদয়ং ক্ষুরধারাভং স্ত্রীণাং কো বেদ চেষ্টিতম্ ॥৪১

তস্যাঃ দিতেঃ বচঃ নিশম্য শ্রুত্বা (তন্মনোরথপূর্ত্তিবিঘ্ন-করণাধীনত্বং জ্ঞাত্বা) বিপ্রঃ কশ্যপঃ বিমনাঃ খিন্নমনাঃ সন্ "অহো সুমহান্ অধর্ম্মঃ অদ্য মে সমুপস্থিতঃ" ইতি উক্ত্বা পর্য্যতপ্যত ॥৩৮

অহো যোষিন্ময্যা ভগবন্মায়য়া গৃহীতচেতাঃ বশীকৃতচিত্তঃ ইন্দ্রিয়ারামঃ ইন্দ্রিয়াধীনতয়া বিষয়ভোগপরঃ কৃপণঃ বিবেক-ধৈর্য্যাদি-বল-রহিতঃ অহং ধ্রুবং নিশ্চিতং নরকে পতিষ্যে ॥৩৯

স্বভাবং মোহকত্বম্ অনুবর্ত্তন্ত্যাঃ যোষিতঃ ইহ অস্মিন্ বিষয়ে কঃ অতিক্রমঃ অপরাধঃ? বত নিশ্চয়ে স্বার্থে স্বপ্রয়োজনে অবুধম্ অনভিজ্ঞং মাম্ এব ধিক্! যৎ যস্মাৎ অহম্ এব অজিতেন্দ্রিয়ঃ ॥৪০

শরৎপদ্মস্য ইব উৎসবঃ বিকাশঃ যস্মিন্ তথাভূতং বক্ত্রম্

কশ্যপ দিতির পূর্বোক্ত বাক্য শ্রবণ করিয়া এরূপভাবে অতিশয় অনুতাপ করিতে লাগিলেন—হায়! সম্প্রতি আমার গুরুতর অধর্ম উপস্থিত হইল।৩৮

হায়! আমি বিষয়ভোগমূলক ইন্দ্রিয়সুখে আসক্ত বলিয়া রমণীরূপিণী মায়া আমার চিত্তকে বশীভূত করিয়াছে। এ অবস্থায় আমি অতি বিপন্ন হইয়া নিশ্চয়ই নরকে পতিত হইব।৩৯

স্বভাবের অনুগামিনী রমণীর এরূপ বর প্রার্থনায় অপরাধ কি? পরন্তু যেহেতু আমি অজিতেন্দ্রিয়, অতএব স্বার্থবিষয়ে অনভিজ্ঞ আমাকেই ধিক্।৪০

ন হি কশ্চিৎ প্রিয়ঃ স্ত্রীণামঞ্জসা স্বাশিষাত্মনাম্।
পতিং পুত্রং ভ্রাতরং বা ঘ্নন্ত্যর্থে ঘাতয়ন্তি চ ॥৪২

প্রতিশ্রুতং দদানীতি বচস্তন্ন মৃষা ভবেৎ।
বধং নার্হতি চেন্দ্রোঽপি তত্রেদমুপকল্পতে ॥৪৩

ইতি সঞ্চিন্ত্য ভগবান্ মারীচঃ কুরুনন্দনঃ।
উবাচ কিঞ্চিৎ কুপিত আত্মানঞ্চ বিগর্হয়ন্ ॥৪৪

স্ত্রবণয়োঃ অমৃতম্ ইব হর্ষজনকং বচঃ কুবধারাভম্ অতিতীক্ষ্ণং হৃদয়ম্, অতঃ স্ত্রীণাং চেষ্টিতং কঃ বেদ ॥৪১

স্বাশিষাত্মনাং (স্বাভিলষিতাসিদ্ধৌ আত্মা মনো যাসাং তাসাং) স্ত্রীণাম্ অঞ্জসা স্বপ্রয়োজনরূপম্ উপায়ং বিনা হি নিশ্চিতং কশ্চিৎ প্রিয়ঃ ন অস্তি, অতঃ নিশ্চিত্তে সতি পতিং পুত্রং ভ্রাতরং বা ঘ্নন্তি ঘাতয়ন্তি চ ॥৪২

অত্র ইন্দ্রম্ উপকল্পতে যোগ্যং ভবতি, যথা বরং দদামি ইতি বচঃ সৎ সন্ন প্রতিশ্রুতং, তৎ মৃষা মিথ্যা ন ভবেৎ, অথ অপি ইন্দ্রঃ অপি ন বধম্ অর্হতি চ ॥৪৩

রমণীগণের চরিত্র কে বুঝিতে পারে? তাহাদের মুখ শরৎকালীন পদ্মের ন্যায় সুন্দর, বাক্য অমৃতের ন্যায় শ্রুতিসুখকর, অথচ হৃদয় ক্ষুরের ন্যায় তীক্ষ্ণধার ॥৪১

স্বার্থসিদ্ধিপরায়ণা রমণীগণের প্রিয় বলিয়া বস্তুতঃ কেহই নাই। তাহারা স্বার্থের জন্য পতি, পুত্র বা ভ্রাতাকে স্বয়ং হত্যা করে, অথবা অপরের দ্বারা হত্যা করায় ॥৪২

আমি দিতির নিকট—'তোমাকে অভীষ্ট বর প্রদান করিব' এরূপ যে অঙ্গীকার করিয়াছি, তাহা যাহাতে মিথ্যা না হয়, অথচ যাহাতে ইন্দ্রেরও বধ না হয়, এরূপ উপায়ই এস্থলে যুক্তিযুক্ত ॥৪৩

কশ্যপ উবাচ।

পুত্রস্তে ভবিতা ভদ্রে ইন্দ্রহা দেববান্ধবঃ।
সংবৎসরং ব্রতমিদং যদ্যঞ্জো ধারয়িষ্যসি ॥৪৫

দিতিরুবাচ।

ধারয়িষ্যে ব্রতং ব্রহ্মন্ ব্রূহি কার্য্যাণি যানি মে।
যানি চেহ নিষিদ্ধানি ন ব্রতং ঘ্নন্তি যান্যুত ॥৪৬

হে কুরুনন্দন! ভগবান্ মারীচঃ কশ্যপঃ ইতি সঞ্চিন্ত্য আত্মানং বিগর্হয়ন্ কিঞ্চিৎ কুপিতঃ এব তাং দিতিম্ উবাচ ॥৪৪

কশ্যপঃ উবাচ—হে ভদ্রে! সংবৎসরপর্য্যন্তম্ ইদং ব্রতং যদি অঞ্জঃ যথাবৎ ত্বং ধারয়িষ্যসি, তর্হি তে পুত্রঃ ইন্দ্রহা ভবিষ্যতি; অন্যথা দেববান্ধবঃ ভবিষ্যতি ॥৪৫

দিতিঃ উবাচ—হে ব্রহ্মন্! অহং ব্রতং ধারয়িষ্যে। তত্র যানি কার্য্যাণি আবশ্যকানি, যানি চ ইহ ব্রতে নিষিদ্ধানি, উত যানি চ ব্রতং ন ঘ্নন্তি, তানি মে ব্রূহি ॥৪৬

হে কুরুনন্দন মহারাজ! ভগবান্ কশ্যপ এরূপ চিন্তা করিয়া কিঞ্চিৎ ক্রুদ্ধভাবে নিজকে নিন্দা করিতে করিতে এরূপ বলিয়াছিলেন ॥৪৪

কশ্যপ বলিলেন—হে কল্যাণি! যদি তুমি সংবৎসর কাল যথাবিধি এই ব্রত ধারণ করিতে পার, তাহা হইলে ইন্দ্রের বধকারী, অথচ দেবতাগণের বান্ধবরূপে তোমার পুত্র হইবে ॥৪৫

দিতি বলিলেন—হে ব্রহ্মন্! আমি আপনার উপদেশানুসারে ব্রত ধারণ করিব, ব্রতে আমার যাহা যাহা কর্তব্য, যাহা যাহা নিষিদ্ধ এবং যে সকল আচরণদ্বারা ব্রত নষ্ট হয় না, আপনি সে সকল বর্ণন করুন ॥৪৬

কশ্যপ উবাচ।

ন হিংস্যাদ্ ভূতজাতানি ন শপেন্নানৃতং বদেৎ।
ন ছিন্দ্যান্নখরোমাণি ন স্পৃশেদ্ যদমঙ্গলম্ ॥৪৭
নাপ্সু স্নায়ান্ন কুপ্যেত ন সম্ভাষেত দুর্জ্জনৈঃ।
ন বসীতাধৌতবাসঃ স্রজঞ্চ বিধৃতাং ক্বচিৎ ॥৪৮
নোচ্ছিষ্টং চণ্ডিকান্নঞ্চ সামিষং বৃষলাহৃতম্।
ভুঞ্জিতোদক্যয়া দৃষ্টং পিবেন্নাঞ্জলিনা ত্বপঃ ॥৪৯
নোচ্ছিষ্টাস্পৃষ্টসলিলা সন্ধ্যায়াং মুক্তমূর্দ্ধজা।
অনঞ্জিতাসংযতবাক্ নাসংবীতা বহিশ্চরেৎ ॥৫০
নাধৌতপাদা প্রয়তা নার্দ্রপাদা উদক্‌শিরাঃ।
শয়ীত নাপবাক্ নান্যৈর্ন নগ্না ন চ সন্ধ্যয়োঃ ॥৫১
ধৌতবাসাঃ শুচির্নিত্যং সর্ব্বমঙ্গলসংযুতা।
পূজয়েৎ প্রাতরাশাৎ প্রাগ্ গোবিপ্রান্
শ্রিয়মচ্যুতম্ ॥৫২

কশ্যপঃ উবাচ।—ভূতজাতানি ন হিংস্যাৎ, ন শপেৎ, ন আক্রোশেৎ, অনৃতং ন বদেৎ; নখরোমাণি ন ছিন্দ্যাৎ, অমঙ্গলং চ ন স্পৃশেৎ ॥৪৭

অপ্সু প্রবিশ্য ন স্নায়াৎ, ন কুপ্যেত; দুর্জ্জনৈঃ সহ ন সম্ভাষেত; অধৌতবাসঃ ন বসীত ন পরিদধ্যাৎ, তথা পূর্ব্বং বিধৃতাং স্রজং স্নানাৎ ন পুনঃ ধারয়েৎ ॥৪৮

উচ্ছিষ্টং, চণ্ডিকান্নং নিশীথিনীকাদিদূষিতং বা দুর্গানিবেদিতম্ অন্নং, সামিষম্; উদক্যা রজস্বলয়া দৃষ্টং ন ভুঞ্জীত। অঞ্জলিনা তু অপঃ ন পিবেৎ ॥৪৯

সন্ধ্যায়াম্ উভয়সন্ধ্যয়োঃ মুক্তমূর্দ্ধজা, উচ্ছিষ্টা উচ্ছিষ্টমুখী, অস্পৃষ্টসলিলা অধৌতহস্তপাদা; অনঞ্জিতা মণ্ডনহীনা, অসংবীতা অনাবৃতসর্ব্বাঙ্গা, অসংযতবাক্ চ বহিঃ ন চরেৎ ॥৫০

অধৌতপাদা, অপ্রযতা অপবিত্রা, আর্দ্রপাদা, উদক্‌শিরাঃ, ন অপরাহ্ণে পশ্চিমশিরাঃ চ অন্যৈঃ সহ বা নগ্না বা সন্ধ্যয়োঃ ন শয়ীত ॥৫১

প্রাতরাশাৎ প্রথমভোজনাৎ প্রাক্ ধৌতবাসাঃ শুচিঃ ভূত্বা সর্ব্বমঙ্গলসংযুতা গৃহীত-পূজোপকরণা এব নিত্যং গোবিপ্রান শ্রিয়ম্ অচ্যুতং চ পূজয়েৎ ॥৫২

কশ্যপ বলিলেন—এই ব্রতে একত্রিশটি কার্য্য নিষিদ্ধ, তাহা এইরূপ—প্রাণিহিংসা করিবে না, কাহাকেও শাপ দিবে না, কোন মিথ্যা কথা বলিবে না, নখ ও লোম ছেদন করিবে না, অমঙ্গলজনক কোন দ্রব্য স্পর্শ করিবে না ।৪৭

জলে নামিয়া স্নান করিবে না, কখনও ক্রুদ্ধ হইবে না, দুর্জ্জনের সহিত সম্ভাষণ করিবে না, অধৌত বস্ত্র পরিধান করিবে না এবং কখনও পূর্ব ব্যবহৃত মাল্য পুনরায় ধারণ করিবে না ।৪৮

উচ্ছিষ্ট অন্ন, চণ্ডিকালীর প্রসাদ অন্ন, আমিষযুক্ত অন্ন, শূদ্রজাতীয়া রমণীর আনীত অন্ন এবং রজস্বলার দৃষ্টিগোচর অন্ন ভোজন করিবে না, অঞ্জলিদ্বারা জল পান করিবে না ।৪৯

আচমন ও স্নান না করিয়া এবং সন্ধ্যাকালে মুক্তকেশা, অলঙ্কারশূন্যা বাক্‌সংযমহীনা, কিংবা অনাবৃতদেহা হইয়া বাহিরে যাইবে না ।৫০

পাদপ্রক্ষালন না করিয়া শয়ন করিবে না, এইরূপ অসংযতা হইয়া, আর্দ্রপাদা হইয়া, উত্তরশিরা বা পশ্চিমশিরা হইয়া শয়ন করিবে না, এইরূপ অন্যের সহিত শয়ন করিবে না, নগ্নাবস্থায় শয়ন করিবে না কিংবা প্রাতঃকাল ও সায়ংকালে শয়ন করিবে না ।৫১

প্রতিদিন প্রাতঃকালীন ভোজনের পূর্বে ধৌত বস্ত্র পরিধানপূর্বক সর্বপ্রকার মাঙ্গলিক দ্রব্যে অলঙ্কৃতা হইয়া পবিত্রভাবে গো, ব্রাহ্মণ, লক্ষ্মী ও নারায়ণের অর্চনা করিবে ।৫২

স্ত্রিয়ো বীরবতীশ্চার্চ্চেৎ স্রগ্-গন্ধ-বলি-মণ্ডনৈঃ।
পতিঞ্চার্চ্চ্যোপতিষ্ঠেত ধ্যায়েৎ কোষ্ঠগতঞ্চ তম্ ॥৫৩
সংবৎসরং পুংসবনং ব্রতমেতদবিপ্লুতম্।
ধারয়িষ্যসি চেৎ তুভ্যং শক্রহা ভবিতা সুতঃ ॥৫৪
বাঢ়মিত্যুপযাতেত্যাথ দিতী রাজন্ মহামনাঃ।
কশ্যপাদ্ গর্ভমাধত্ত ব্রতচর্য্যাপ্তো দধার সা ॥৫৫
মাতৃষ্বস্রভিপ্রায়মিন্দ্র আজ্ঞায় মানদ।
শুশ্রূষণেনাশ্রমতাং দিতিং পর্য্যচরৎ কবিঃ ॥৫৬

তথা স্রগ্-গন্ধ-বলি-মণ্ডনৈঃ অলঙ্কারাদিভিঃ, বীরবতীঃ জীবদ্ভর্তৃকাঃ স্ত্রিয়ঃ অর্চ্চেৎ। পতিম্ আর্চ্চ্য সংপূজ্য উপতিষ্ঠেৎ স্তুবীত তথা কোষ্ঠগতং কুক্ষ্যন্তরগতং ধ্যায়েৎ ॥৫৩

এতৎ পুংসবনং পুত্রোৎপত্তিকরং ব্রতম্ অবিলুপ্তং নির্বিঘ্নং যথা স্যাৎ তথা সংবৎসরং চেৎ ধারয়িষ্যসি, তদা তুভ্যং তব শক্রহা পুত্রঃ ভবিতা ভবিষ্যতি ॥৫৪

হে রাজন্! মহামনাঃ দিতিঃ 'বাঢ়ম্ এবম্ এব ধারয়িষ্যামি 'ইতি অঙ্গীকৃত্য কশ্যপাৎ গর্ভম্ আদত্ত, তথা অন্তঃ যথাবৎ প্রযত্নেন ব্রতং চ দধার ॥৫৫

হে মানদ রাজন্! কবিঃ জ্ঞানবান্ ইন্দ্রঃ মাতৃষ্বসুঃ দিত্যাঃ অভিপ্রায়ম্ আজ্ঞায় শুশ্রূষণেন আশ্রমস্থাং ব্রতস্থাং দিতিং পর্য্যচরৎ তদপেক্ষিতং সর্ব্বং সম্পাদিতবান্ ॥৫৬

নিত্যং বনাৎ সুমনসঃ ফলমূলসমিৎকুশান্।
পত্রাঙ্কুরমৃদোঽপশ্চ কালে কাল উপাহরৎ ॥৫৭
এবং তস্যা ব্রতস্থায়া ব্রতচ্ছিদ্রং হরির্নৃপ।
প্রেপ্সুঃ পর্য্যচরচ্ছিদ্রো মৃগহেব মৃগাকৃতিঃ ॥৫৮
নাধ্যগচ্ছদ্ ব্রতচ্ছিদ্রং তৎপরোঽথ মহীপতে।
চিন্তাং তীব্রাং গতঃ শক্রঃ কেন মে স্যাচ্ছিবন্বিহ ॥৫৯
একদা সা তু সন্ধ্যায়ামুচ্ছিষ্টা ব্রতকর্শিতা।
অস্পৃষ্টবার্য্যধৌতাঙ্ঘ্রিঃ সুষ্বাপ বিধিমোহিতা ॥৬০

স ইন্দ্রঃ নিত্যং বনাৎ যথাকালং সুমনসঃ কুসুমানি, ফলানি, মূলানি, সমিধঃ কাষ্ঠানি, কুশান্, পত্রাণি, অঙ্কুরাণি, মৃদঃ, অপঃ জলানি উপাহরৎ ॥৫৭

হে নৃপ! এবং ব্রতস্থায়াঃ তস্যাঃ দিত্যাঃ ব্রতচ্ছিদ্রং ব্রতবিষয়ক অবসরং প্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ ছিদ্রঃ কুটিলঃ হরিঃ ইন্দ্রঃ মৃগাকৃতিঃ মৃগবেশধরঃ মৃগয়ুঃ মৃগহা লুব্ধকঃ ব্যাধঃ ইব এবং পর্য্যচরৎ আচরিতবান্ ॥৫৮

হে মহীপতে! অথ এবং তৎপরঃ অপি ইন্দ্রঃ ব্রতচ্ছিদ্রং ন অধ্যগচ্ছৎ ন প্রাপ, তদা ইহ অস্মিন্ সময়ে মে শিবং কার্য্যং কেন হেতুনা স্যাৎ ইতি শক্রঃ তীব্রাং চিন্তাং গতঃ ॥৫৯

ব্রতকর্শিতা ব্রতেন কর্শিতা, বিধিমোহিতা (বিধিনা প্রারব্ধেন মোহিতা বঞ্চিতা) এব সা দিতিঃ একদা উচ্ছিষ্টা অপি

প্রত্যহ গন্ধ, মাল্য, বিবিধ উপহার ও অলঙ্কার-দ্বারা সধবা রমণীগণের পূজা করিবে এবং পতির অর্চনা করিয়া তাঁহার সেবা করিবে ও তাঁহাকে নিজ উদরমধ্যে অবস্থিতরূপে ধ্যান করিবে ।৫৩

যদি তুমি এক বৎসরকাল অক্ষুণ্ণভাবে এই পুংসবন ব্রত ধারণ করিতে পার, তাহা হইলে তোমার ইন্দ্রঘাতী পুত্র উৎপন্ন হইবে ।৫৪

হে মহারাজ। অনন্তর উদারমতি দিতি 'তাহাই করিব'—এরূপ অঙ্গীকারপূর্বক কশ্যপ হইতে গর্ভ ধারণ করিয়া যথাযথভাবে উক্ত ব্রত অবলম্বন করিয়াছিলেন ।৫৫

হে মানদ পরীক্ষিৎ! স্বার্থদর্শী ইন্দ্র মাতৃষসার অভিপ্রায় জানিতে পারিয়া আশ্রমস্থিতা দিতির আজ্ঞাবহ হইয়া তাঁহার পরিচর্য্যা করিতে লাগিলেন ।৫৬

ইন্দ্র প্রত্যহ যথাকালে বন হইতে পুষ্প, ফল, মূল, সমিধ্, কুশ, পত্র, অঙ্কুর, মৃত্তিকা ও জল আনিয়া দিতিকে উপহার দিতেছিলেন ।৫৭

হে মহারাজ! ব্যাধ যেরূপ মৃগের বঞ্চনার জন্য মৃগকেশ ধারণ করে, সেরূপ ইন্দ্রও ব্রতপরায়ণা দিতির ব্রতের ছিদ্র পাইবার ইচ্ছায় কপট সাধুবেশে তাঁহার পরিচর্য্যা করিয়াছিলেন ।৫৮

হে মহারাজ। দেবরাজ ইন্দ্র সর্বদা ব্রতের ছিদ্রানুসন্ধানে তৎপর হইয়াও যখন কোনরূপ ব্রতচ্ছিদ্র দেখিতে পাইলেন না, তখন তিনি—'আমার উপস্থিত বিষয়ে কিরূপে মঙ্গল হইতে পারে' এরূপে ঘোরতর

লব্ধ্বা তদন্তরং শক্রো নিদ্রাপহৃতচেতসঃ।
দিতেঃ প্রবিষ্ট উদরং যোগেশো যোগমায়য়া ॥৬১

চকর্ত্ত সপ্তধা গর্ভং বজ্রেণ কনকপ্রভম্।
রুদন্তং সপ্তধৈকৈকং মা রোদীরিতি তান্ পুনঃ ॥৬২

তমূচুঃ পাট্যমানাস্তে সর্ব্বে প্রাঞ্জলয়ো নৃপ।
কিং ন ইন্দ্র জিঘাংসসি ভ্রাতরো মরুতস্তব ॥৬৩

মা ভৈষ্ট ভ্রাতরো মহ্যং যূয়মিত্যাহ কৌশিকঃ।
অনন্তভাবান্ পার্ষদানাত্মনো মরুতাং গণান্ ॥৬৪

ন মমার দিতের্গর্ভঃ শ্রীনিবাসানুকম্পয়া।
বহুধা কুলিশক্ষুণ্ণো দ্রৌণ্যস্ত্রেণ যথা ভবান্ ॥৬৫

সকৃদ্যদ্ব্যাদিপুরুষং পুরুষো যাতি সাম্যতাম্।
সংবৎসরং কিঞ্চিদূনং দিত্যা গর্ভরিরচ্চিতঃ ॥৬৬

অস্পৃষ্টবাধ্যবোভাস্ত্রিঃ (অস্পৃষ্টবাবিচারো অবৌভাস্ত্রিঃ চ) সন্ধ্যায়াং সুষাপ ॥৬০

তদনন্তরম্ অবসরং লব্ধ্বা নিদ্রয়া অপহৃতচেতসঃ তস্যাঃ দিতেঃ উদরং যোগেশঃ অনিমাদিসিদ্ধিমান্ ইন্দ্রঃ যোগমায়য়া প্রবিষ্টঃ ॥৬১

তথা কনকপ্রভং (কনকবৎ প্রভা কান্তিঃ যস্য তং) গর্ভং সপ্তধা চকর্ত্ত চিচ্ছেদ। এবং ছেদনে ক্রিয়মাণেঽপি রুদন্তং গর্ভং 'মা রোদীঃ' ইতি উপলালয়ন্ পুনঃ তান্ একৈকং সপ্তধা চকর্ত্ত ॥৬২

হে নৃপ! তে সর্ব্বে গর্ভাঃ এবং পাট্যমানাঃ, অতঃ প্রাঞ্জলয়ঃ সন্তঃ তম্ ইন্দ্রম্ ঊচুঃ।

যথা হে ইন্দ্রঃ! যস্মাৎ ত্বং মরুতঃ তব ভ্রাতরঃ, নঃ অস্মান্ কিং জিঘাংসসি হন্তুমিচ্ছসি? ॥৬৩

এবং তৈঃ উক্তঃ কৌশিকঃ ইন্দ্রঃ অনন্তভাবান্ আত্মনঃ পার্ষদান্ তান্ মরুতাং গণান্ আহ,—যথা যূয়ং মহ্যং মম ভ্রাতরঃ, তস্মাৎ মা ভৈষ্ট ॥৬৪

শ্রীনিবাসস্য ভগবতঃ অনুকম্পয়া দ্রৌণ্যস্ত্রেণ ভবান্ (যদ্যপি যথা ন মমার), তথা বহুধা কুলিশক্ষুণ্ণঃ বজ্রনির্ভিন্নঃ দিতেঃ গর্ভঃ অপি শ্রীনিবাসস্য ভগবতঃ অনুকম্পয়া ন মমার ॥৬৫

যম্ আদিপুরুষং ভগবন্তং সকৃৎ ইড্যা আরাধ্য অপি পুরুষঃ সাম্যতাং যাতি, সঃ হরিঃ যৎ যস্মাৎ দিত্যা কিঞ্চিদূনং সংবৎসরং যাবৎ অর্চ্চিতঃ ॥৬৬

চিন্তাযুক্ত হইয়াছিলেন।৫৯

একদিন সন্ধ্যাকালে ব্রতক্লিষ্টা দিতি দৈববশতঃ মোহিতা হইয়া উচ্ছিষ্টাবস্থায় আচমন ও পদপ্রক্ষালন না করিয়াই নিদ্রামগ্না হইয়াছিলেন।৬০

যোগেশ্বর ইন্দ্র এই ছিদ্র পাইয়াই নিদ্রামগ্না অচেতনা দিতির উদরমধ্যে যোগমায়াবলে প্রবেশ করিলেন।৬১

তিনি বজ্রদ্বারা দিতির উদরস্থিত স্বর্ণবর্ণ গর্ভকে সাতভাগে ছেদন করিলেন, তখন ঐ সকল গর্ভখণ্ড রোদন করিলে—তিনি "রোদন করিও না" এই বলিয়া পুনরায় সেই সাত খণ্ডের প্রত্যেক খণ্ডকে সাত খণ্ডে বিভক্ত করিয়াছিলেন।৬২

হে মহারাজ! ইন্দ্র যখন ঐ সকল গর্ভখণ্ডকে ছেদন করিতেছিলেন, তখন তাহারা সকলে কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিয়াছিল—"হে ইন্দ্র! তুমি কিহেতু আমাদিগকে হিংসা করিতেছ, আমরা যে তোমারই ভ্রাতা মরুদ্গণ"।৬৩

তখন ইন্দ্রও সদ্ভাবসম্পন্ন নিজ পার্ষদ সেই মরুদ্গণকে বলিলেন—তোমরা ভয় পাইও না, তোমরা আমার ভ্রাতা।৬৪

হে মহারাজ! তুমি মাতৃগর্ভে অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রদ্বারা দগ্ধ হইয়াও যেরূপ ভগবান্ শ্রীহরির অনুগ্রহহেতুই মৃত্যুমুখে পতিত হও নাই, সেরূপ দিতির গর্ভও ইন্দ্রের বজ্রদ্বারা বহুভাগে খণ্ডিত হইলেও ভগবান্ শ্রীহরির অনুগ্রহবশতঃই মৃত্যুগ্রস্ত হয় নাই।৬৫

পুরুষ একবারমাত্র আদিপুরুষ ভগবান্ শ্রীহরির পূজা করিলেই তাঁহার সমভাব প্রাপ্ত হয়, এ অবস্থায় দিতি যেহেতু প্রায় একবৎসর কাল তাঁহার অর্চনা করিয়াছিলেন, সেইহেতু তাঁহার গর্ভনাশ না হওয়া আশ্চর্য্যের বিষয় নহে।৬৬

সঙ্ঘৃন্দ্রেণ পঞ্চাশদ্ দেবাস্তে মরুতোঽভবন্ ।
ব্যপোহ্য মাতৃদোষং তে হরিণা সোমপাঃ কৃতাঃ ॥৬৭
দিতিরুত্থায় দদৃশে কুমারাননলপ্রভান্ ।
ইন্দ্রেণ সহিতান্ দেবী পর্য্যতুষ্যদনিন্দিতা ॥৬৮
অথেন্দ্রমাহ তাতাহমাদিত্যানাং ভয়াবহম্ ।
অপত্যমিচ্ছন্ত্যচরং ব্রতমেতৎ সুদুষ্করম্ ॥৬৯
একঃ সঙ্কল্পিতঃ পুত্রঃ সপ্তসপ্তাভবন্ কথম্ ।
যদি তে বিদিতং পুত্র সত্যং কথয় মা মৃষা ॥৭০

ইন্দ্র উবাচ ।

অব তেঽহং ব্যবসিতমুপধার্য্যাগতোঽন্তিকম্ ।
লব্ধান্তরোঽচ্ছিনং গর্ভমথবুদ্ধির্ন ধর্মধৃক্ ॥৭১
কৃতো মে সপ্তধা গর্ভ আসন্ সপ্ত কুমারকাঃ ।
তেঽপি চৈকৈকশো রুগ্ণাঃ সপ্তধা নাপি মম্রিরে ॥৭২
ততস্তৎ পরমাশ্চর্য্যং বীক্ষ্য ব্যবসিতং ময়া ।
মহাপুরুষপূজায়াঃ সিদ্ধিঃ কাপ্যানুষঙ্গিণী ॥৭৩

তস্মাৎ তে মরুতঃ ইন্দ্রেণ সহ মিলিত্বা পঞ্চাশৎ দেবাঃ অভবন্ । হরিণা কৃপয়া তেষাং মাতৃদোষং দৈত্যত্বম্ অপোহ্য দূরীকৃত্য সোমপাঃ অমৃতপাতারঃ কৃতাঃ (ইতি ন চিত্রম্) ॥৬৭

অনিন্দিতা (ভগবদ্ব্রতধারণেন শুদ্ধান্তঃকরণা) দেবী দিতিঃ উত্থায় অনলপ্রভান্ পাবকোপমান্ স্বান্ কুমারান্ ইন্দ্রেণ সহিতান্ ইন্দ্রেণ সহ কৃতমৈত্রান্ দদৃশে, দৃষ্ট্বা চ পর্য্যতুষ্যৎ ॥৬৮

অথ অনন্তরং দিতিঃ ইন্দ্রম্ আহ,—হে তাত ! আদিত্যানাং দুঃখকৃৎ ভয়াবহম্ অপত্যম্ ইচ্ছন্তী অহম্ এতৎ সুদুষ্করং ব্রতম্ অচরম্ ॥৬৯

তত্র একঃ পুত্রঃ ময়া সঙ্কল্পিতঃ, সপ্ত সপ্ত একোনপঞ্চাশৎ পুত্রাঃ কথম্ আসন্ ? হে পুত্র ! যদি এতৎ তে তব বিদিতং স্যাৎ, তদা হং সত্যং তৎ কথয় ; মা মৃষা মিথ্যা ন কথয় ॥৭০

ইন্দ্রঃ উবাচ—হে অম্ব ! অহং তে তব ব্যবসিতং নিশ্চিতম্ উপধার্য্য জ্ঞাত্বা তব অন্তিকম্ আগতঃ । অথবুদ্ধিঃ (অর্থে বুদ্ধিঃ যস্য সঃ) ন তু ধর্মধৃক্, অহং লব্ধান্তরঃ (লব্ধম্ অন্তরম্ অবসরঃ যেন সঃ) গর্ভম্ অচ্ছিনম্ ॥৭১

প্রথমং যে ময়া সপ্তঃ সপ্তধা কৃতঃ ছিন্নঃ, তদা সপ্ত অপি চ একৈকশঃ সপ্তধা রুগ্ণাঃ ছিন্নাঃ, তথাপি ন ম্রিয়ে ॥৭২

ততঃ তেষাং জীবনে পরমাশ্চর্য্যং বীক্ষ্য, ততঃ অনন্তরং মহাপুরুষপূজায়াঃ কাপি আনুষঙ্গিকী অবান্তর-ফলভূতা সিদ্ধিঃ ইয়ম্ ইতি ময়া ব্যবসিতং নিশ্চিতম্ ॥৭৩

সেই ঊনপঞ্চাশৎসংখ্যক মরুদ্গণ ইন্দ্রের সহিত মিলিত হইলে সাকল্যে পঞ্চাশৎ দেবতা হইলেন এবং ইন্দ্র মরুদ্গণের আসুরভাব দূর করিয়া সোমপানের অধিকার দান করিয়াছিলেন ।৬৭

অনিন্দনীয়া দিতি নিদ্রা হইতে জাগ্রতা হইয়া ইন্দ্রের সহিত একত্র মিলিত অর্থাৎ দেবত্বপ্রাপ্ত, অগ্নির ন্যায় সমুজ্জ্বল সেই পুত্রগণকে দেখিতে পাইলেন এবং তাহাতে তিনি অতি সন্তুষ্ট হইয়াছিলেন ।৬৮

অনন্তর তিনি ইন্দ্রকে বলিলেন—হে বৎস ! আমি অদিতির পুত্রগণের ভয়জনক সন্তানলাভের ইচ্ছায় সংবৎসরকাল এই অতি দুষ্কর ব্রত আচরণ করিয়াছিলাম ।৬৯

হে পুত্র ! আমি একটিমাত্র পুত্রলাভেরই সংকল্প করিয়াছিলাম, কিন্তু ঊনপঞ্চাশটি পুত্র হইল কেন ? যদি ইহা তোমার জানা থাকে, সত্য করিয়া বল, মিথ্যা কথা বলিও না ৭০

ইন্দ্র বলিলেন—হে মাতঃ ! আমি আপনার অভিপ্রায় জানিতে পারিয়াই পরিচর্য্যাদির ছলে আপনার নিকটে আসিয়া, পরে ছিদ্র পাইয়া গর্ভ ছেদন করিয়াছি । এ বিষয়ে স্বার্থবুদ্ধিই প্রবল হওয়ায় আমি ধর্মের কথা চিন্তা করি নাই ।৭১

আমি আপনার গর্ভকে সাত ভাগে ছেদন করিলে প্রথমতঃ সাতটি কুমার হয় । অতঃপর পুনরায় তাহাদের এক একজনকে সাতভাগে ছেদন করিয়াছি, কিন্তু ইহাতে কাহারও মৃত্যু হয় নাই ।৭২

অনন্তর এই পরম আশ্চর্য্য দর্শন করিয়া আমি ইহাই নিশ্চিতরূপে বুঝিতে পারিয়াছি যে, ইহা মহাপুরুষ শ্রীহরির পূজারই কোন আনুষঙ্গিক

আরাধনং ভগবত ঈহমানা নিরাশিষঃ।
যে তু নেচ্ছন্ত্যপি পরং তে স্বার্থকুশলাঃ স্মৃতাঃ ॥৭৪
আরাধ্যাত্মপ্রদং দেবং স্বাত্মানং জগদীশ্বরম্।
কো বৃণীত গুণস্পর্শং বুধঃ স্যাদ্বরকেঽপি যৎ ॥৭৫
তদিদং মম দৌর্জ্জন্যং বালিশস্য মহীয়সি।
ক্ষন্তুমর্হসি মাতস্ত্বং দিষ্ট্যা গর্ভো মৃতোত্থিতঃ ॥৭৬

শ্রীশুক উবাচ।
ইন্দ্রস্ত্বষ্ট্যাত্যনুজ্ঞাতঃ শুদ্ধভাবেন তুষ্টয়া।
মরুদ্ভিঃ সহ তাং নত্বা জগাম ত্রিদিবং প্রভুঃ ॥৭৭
এবং তে সর্ব্বমাখ্যাতং যস্মাং ত্বং পরিপৃচ্ছসি।
মঙ্গলং মরুতাং জন্ম কিং ভূয়ঃ কথয়ামি তে ॥৭৮
ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে
অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮

যে তু নিরাশিষঃ নিষ্কামাঃ সন্তঃ ভগবতঃ আরাধনম ঈহমানাঃ কুর্ব্বন্তঃ, ততঃ পরং মোক্ষম্ অপি ফলং ন ইচ্ছন্তি,—তে এব স্বার্থকুশলাঃ স্মৃতাঃ ॥৭৪

আত্মপ্রদম্ স্বাত্মানঃ দেবং জগদীশ্বরম্ আরাধ্য কঃ বুধঃ নরকে অপি বরং স্যাৎ, তৎ গুণস্পর্শং বিষয়ভোগং বৃণীত ॥৭৫

হে মাতঃ! বালিশস্য অজ্ঞস্য মম মহীয়সী মহত্ত্বে ত্বয়ি যৎ দৌর্জ্জন্যম্ অপরাধঃ, তৎ ত্বং ক্ষন্তুম্ অর্হসি! মৃতঃ এব তব গর্ভঃ দিষ্ট্যা সৌভাগ্যেন এব পুনঃ উত্থিতঃ ॥৭৬

শ্রীশুকঃ উবাচ—ইন্দ্রস্ত তদ্ভাবেন তুষ্টয়া চ তয়া দিত্যা অভ্যনুজ্ঞাতঃ প্রভুঃ ইন্দ্রঃ মরুদ্ভিঃ সহ তাং নত্বা ত্রিদিবং জগাম ॥৭৭

হে রাজন্! ত্বং মাং যৎ পরিপৃচ্ছসি, এবং মরুতাং মঙ্গলং জন্ম চ সর্ব্বং তে তব ময়া আখ্যাতম্; ভূয়ঃ তে কিং কথয়ামি?৭৮

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীধরস্বামি-পাদবিরচিতায়ামেকাদশোঽধ্যায়ঃ ॥

ফল।৭৩

যাঁহারা নিষ্কামভাবে ভগবানের আরাধনায় রত হইয়া মোক্ষপদও লাভ করিতে ইচ্ছা করেন না, তাঁহারাই বস্তুতঃ স্বার্থসাধনপটু।৭৪

যে বিষয়ভোগ নরকেও সুলভ, কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি—ভক্তের নিকট আত্মসমর্পণকারী, নিজ আত্মস্বরূপ, জগদীশ্বর শ্রীহরির আরাধনা করিয়া সেই বিষয়ভোগরূপ তুচ্ছ ফল প্রার্থনা করিতে পারে?৭৫

হে মহীয়সি মাতঃ! আমি মূর্খ বলিয়া আপনি আমার এই দুষ্টজনোচিত ব্যবহার ক্ষমা করুন। সৌভাগ্যবশতঃ আপনার গর্ভ মৃত্যুর পর পুনরায় জীবন লাভ করিয়াছে।৭৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দিতি ইন্দ্রের এরূপ আন্তরিক শুদ্ধভাবহেতু সন্তুষ্টা হইয়া স্বর্গরাজ্যে গমনের অনুমতি দান করিলে মরুদ্গণের সহিত দেবরাজ দিতিকে প্রণাম করিয়া স্বর্গরাজ্যে গমন করিয়াছিলেন।৭৭

হে মহারাজ! তুমি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, আমি মরুদ্গণের সেই মঙ্গলময় জন্মকথা সম্পূর্ণরূপেই তোমার নিকট বর্ণন করিলাম। ইহার পর আমি পুনরায় তোমার নিকট কোন্ বিষয় বর্ণন করিব, তাহা বল।৭৮

ঊনবিংশঃ অধ্যায়ঃ

[পুংসবন-ব্রতস্যোপদেশ চঃ]

রাজোবাচ।

ব্রতং পুংসবনং ব্রহ্মন্ ভবতা যদুদীরিতম্।
তস্য বেদিতুমিচ্ছামি যেন বিষ্ণুঃ প্রসীদতি ॥১

শ্রীশুক উবাচ।

শুক্লে মার্গশিরে পক্ষে যোষিদ্ভর্তুরনুজ্ঞয়া।
আরভেত ব্রতমিদং সর্ব্বকামিকমাদিতঃ ॥২

নিশম্য মরুতাং জন্ম ব্রাহ্মণাননুমন্ত্র্য চ।
স্নাত্বা শুক্লদতী শুক্লে বসীতালঙ্কৃতাম্বরে।
পূজয়েৎ প্রাতরাশাৎ প্রাগ্ ভগবন্তং শ্রিয়া সহ ॥৩
অলং তে নিরপেক্ষায় পূর্ণকাম নমোঽস্তু তে।
মহাবিভূতিপতয়ে নমঃ সকলসিদ্ধয়ে ॥৪
যথা ত্বং কৃপয়া ভূত্যা তেজসা মহিমৌজসা।
জুষ্ট ঈশগুণৈঃ সর্বৈস্ততোঽসি ভগবান্ প্রভুঃ ॥৫

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ—হে ব্রহ্মন্! ভবতা যৎ পুংসবনং ব্রতম্ উদীরিতং নিরূপিতম্, তস্য প্রকারবিশেষং বেদিতুম্ ইচ্ছামি, যেন বিষ্ণুঃ প্রসীদতি ॥১

শ্রীশুকঃ উবাচ,—ভর্তুঃ অনুজ্ঞয়া যোষিৎ মার্গশিরে মাসে শুক্লে পক্ষে আদিতঃ প্রতিপদি সর্ব্বকামিকম্ ইদং ব্রতম্ আরভেত ॥২

মরুতাং জন্ম (ব্রতারম্ভাৎ পূর্ব্বং) নিশম্য শ্রুত্বা ব্রাহ্মণান্ অনুমন্ত্র্য পৃষ্ট্বা চ আরভেত। যথা শুক্লদতী (শুক্লা ধৌতাঃ রম্ভাঃ যস্যাঃ তথাবিধা সা) স্নাত্বা অম্বরে বসীত, ততশ্চ

অন্বয়ঃ

অলঙ্কৃতা সতী প্রাতরাশাৎ প্রথমভোজনাৎ প্রাক্ শ্রিয়া সহ ভগবন্তং পূজয়েৎ ॥৩

হে পূর্ণকাম! নিরপেক্ষায় মহাবিভূতিপতয়ে লক্ষ্মীপতয়ে তে তুভ্যম্ অলং পর্য্যাপ্তম্ এব সর্ব্বং ন কিঞ্চিৎ অন্যৈঃ কৃত্যম্ অস্তি! অতঃ সকলসিদ্ধয়ে সর্ব্বপ্রাপ্তো তে তুভ্যং কেবলং নমঃ অস্তু ॥৪

হে ঈশ! যতঃ ত্বং কৃপয়া, ভৃত্যা শ্রিয়া, তেজসঃ ঐশ্বর্য্যেণ, মহিম্না অনন্তাদিনা, ওজসা বীর্য্যেণ তথা সর্বৈঃ ঈশগুণৈঃ যথাযথং চ জুষ্টঃ সেবিতঃ, অতঃ ভগবান্ প্রভুঃ অসি ॥৫

ঊনবিংশ অধ্যায়ঃ ॥

[পুংসবন-ব্রতের উপদেশ]

মহারাজ পরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! আপনি পূর্ব্বে ভগবান্ বিষ্ণুর প্রসন্নতাজনক যে পুংসবন ব্রতের কথা বলিয়াছেন, আমি সেই ব্রতের অনুষ্ঠান-প্রণালী জানিতে ইচ্ছা করি।১

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অগ্রহায়ণ মাসের শুক্লপক্ষের প্রতিপদ্ তিথি হইতে যে রমণী স্বামীর অনুমতি অনুসারে সর্বপ্রকার অভীষ্টদায়ক এই ব্রত আরম্ভ করিবে।২

ব্রাহ্মণগণকে জিজ্ঞাসা করিয়া তাঁহাদের নিকট হইতে মরুদ্গণের জন্মকথা শ্রবণপূর্বক স্নান, দন্তমার্জন ও অলঙ্কার ধারণান্তে শুভ্র বস্ত্রদ্বয় (উত্তরীয় ও অধোবসন) পরিধান করিবে এবং প্রাতঃকালীন আহারের পূর্বেই লক্ষ্মীসহ ভগবান্ বিষ্ণুর পূজা করিবে।৩

(পূজার মন্ত্র) হে ভগবন্! আপনার সমস্ত সম্পদ্ই পর্য্যাপ্ত বলিয়া অন্য কোন বস্তুর অপেক্ষা নাই, অতএব হে পূর্ণকাম! আপনাকে কেবলমাত্র প্রণামই করি। আপনি অণিমাদি-ঐশ্বর্য্যশালী ও লক্ষ্মীদেবীর পতি, আপনাকে নমস্কার করিতেছি।৪

হে ঈশ! আপনি কৃপা, ধৈর্য্য, তেজ, মহিমা ও সামর্থ্য এবং সত্যসঙ্কল্পত্বপ্রভৃতি অপর সকলপ্রকার গুণরাশিদ্বারা যথাযথ সমৃদ্ধ রহিয়াছেন বলিয়া

বিষ্ণুপত্নি মহামায়ে মহাপুরুষলক্ষণে।
প্রীয়েথা মে মহাভাগে লোকমাতর্নমোঽস্তু তে ॥৬
ওঁনমো ভগবতে মহাপুরুষায় মহানুভাবায় মহা-
বিভূতিপতয়ে সহ মহাবিভূতিভির্বলিমুপহরামীতি।
অনেনাহরহর্মন্ত্রেণ বিষ্ণোরাবাহনার্ঘ্য-পাদ্যোপ-
স্পর্শন-স্নান-বাস-উপবীত-বিভূষণ-গন্ধ-পুষ্প-ধূপ-
দীপোপহারাদ্যুপচারান্ সুসমাহিত উপাহরেৎ ॥৭
হবিঃশেষঞ্চ জুহুয়াদনলে দ্বাদশাহুতীঃ।
ওঁ নমঃ ভগবতে মহাপুরুষায় মহাবিভূতি-
পতয়ে স্বাহেতি ॥৮

শ্রিয়ং বিষ্ণুঞ্চ বরদাবাশিষাং প্রভবাবুভৌ।
ভক্ত্যা সংপূজয়েন্নিত্যং যদীচ্ছেৎ সর্ব্বসম্পদঃ ॥৯

প্রণমেদ্ দণ্ডবদ্ ভূমৌ ভক্তিপ্রহ্বেণ চেতসা।
দশবারং জপেন্মন্ত্রং ততঃ স্তোত্রমুদীরয়েৎ ।১০

যুবাভ্যাং বিশ্বস্য বিভূ জগতঃ কারণং পরম্।
ইয়ং হি প্রকৃতিঃ সূক্ষ্মা মায়াশক্তির্দুরত্যয়া ॥১১

তস্যা অধীশ্বরঃ সাক্ষাৎ ত্বমেব পুরুষঃ পরঃ।
ত্বং সর্ব্বযজ্ঞ ইজ্যেয়ং ক্রিয়েয়ং ফলভুগ্ ভবান্ ॥১২

হে মহাপুরুষলক্ষণে (মহাপুরুষস্য বিষ্ণোঃ নিরপেক্ষাণীনি লক্ষণানি যস্যাঃ তৎ সম্বোধনে) মহাভাগে মহামায়ে লোকমাতঃ! বিষ্ণুপত্নি! তে তুভ্যং নমঃ অস্তু। যাং মে প্রীয়েথাঃ ॥৬

ওঁ ভগবতে মহানুভাবায় (মহান্ অদ্ভুতঃ প্রভাবঃ যস্য তস্মৈ) মহাবিভূতয়ে মহাপুরুষায় হে নমঃ। মহাবিভূতিভিঃ সহ হে যস্মিন্ উপহারাদি ইতি অনেন সুসমাহিতঃ বশীকৃত-দেহাদিসঙ্ঘাতঃ সন্ অনেন মন্ত্রেণ বিষ্ণোঃ আবাহনার্ঘ্য-পাদ্যাদ্যুপচারান্ অহরহঃ উপাহরেৎ সমর্পয়েৎ ॥৭

হবিঃশেষম্ উপহারাবশিষ্টম্ অনলে 'ওঁ নমো ভগবতে মহাপুরুষায় মহাবিভূতিপতয়ে স্বাহা' ইতি মন্ত্রেণ দ্বাদশাহুতীঃ হুত্বা ।৮

যদি সম্পদঃ ইচ্ছেৎ, তর্হি আশিষাং প্রভবৌ বরদৌ উভৌ বিষ্ণুং শ্রিয়ং চ নিত্যং ভক্ত্যা সংপূজয়েৎ ॥৯

ভক্তিপ্রহ্বেণ চেতসা ভূমৌ দণ্ডবৎ প্রণমেৎ, মন্ত্রং চ দশবারং জপেৎ, ততঃ স্তোত্রম্ উদীরয়েৎ ॥১০

বিশ্বস্য সর্ব্বস্য জগতঃ বিভূ ব্যাপিনৌ পরং শ্রেষ্ঠং কারণং চ যুবাম্ এব। ইয়ং লক্ষ্মীঃ হি সূক্ষ্মা প্রকৃতিঃ তব দুরত্যয়া মায়াশক্তিঃ। তস্যাঃ অধীশ্বরঃ নিয়ন্তা পরঃ পুরুষঃ সাক্ষাৎ ত্বম্ এব। ত্বং সর্ব্বযজ্ঞরূপঃ, ইয়ং লক্ষ্মীঃ ইজ্যা যজ্ঞনির্বর্তকঃ পুরুষব্যাপারঃ ভাবনাখ্যঃ। ইয়ং ক্রিয়া, ভবান্ ফলভুক্

আপনিই ভগবান্ এবং আপনিই সকলের প্রভু ।৫

হে বিষ্ণুপত্নি! হে মহামায়ে! হে মহাপুরুষ-রূপিণি! হে মহাভাগে! হে জগন্মাতঃ! আপনি সন্তুষ্টা হউন, আমি আপনাকে নমস্কার করি ।৬

আমি মহাবিভূতিপতি অর্থাৎ লক্ষ্মীদেবীর অধীশ্বর, মহানুভব ভগবান্ মহাপুরুষকে নমস্কার করি এবং মহাবিভূতিবর্গের সহিত বিরাজমান সেই মহাপুরুষের উদ্দেশ্যে পূজার উপহার অর্পণ করিতেছি। প্রত্যহ একাগ্রচিত্ত হইয়া পূর্বোক্ত মন্ত্রে বিষ্ণুর আবাহনপূর্বক পাদ্য, অর্ঘ্য, আচমন, স্নানীয় জল, বস্ত্র, উপবীত, অলঙ্কার, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ এবং অন্যান্য উপহারাদি উপচারসমূহ সমর্পণ করিবে ।৭

অনন্তর ঐ সকল উপচারের অবশিষ্ট অংশদ্বারা অগ্নিতে দ্বাদশবার আহুতি দান করিবে। উহার মন্ত্র—আমি মহাবিভূতিপতি, মহাপুরুষ ভগবানের উদ্দেশ্যে ইহা সমর্পণ করিতেছি ।৮

যদি লোকমধ্যে সর্বপ্রকার সম্পদ্ লাভের ইচ্ছা হয়, তাহা হইলে যাঁহাদিগ হইতে প্রকৃষ্টরূপে সকল কাম্য বস্তুর উদ্ভব হয়, সেই বরদাতা লক্ষ্মী ও বিষ্ণু উভয়কে সর্বদা ভক্তিসহকারে পূজা করিবে ।৯

অনন্তর ভক্তিনম্রচিত্তে ভূতলে দণ্ডবৎ প্রণাম করিয়া দশবার মন্ত্র জপপূর্বক স্তোত্র পাঠ করিবে ।১০

স্তোত্র এইরূপ) হে দেব! হে দেবি! আপনারা উভয়ে নিখিল ব্রহ্মাণ্ডের প্রভু ও পরম কারণ। হে নারায়ণ! এই লক্ষ্মীদেবীই সূক্ষ্মা প্রকৃতির দুর্লঙ্ঘ্যা মায়াশক্তি, আর সাক্ষাৎ পরম-

গুণব্যক্তিরিয়ং দেবী ব্যঞ্জকো গুণভুগ্ ভবান্।
ত্বং হি সর্ব্বশরীর্য্যাত্মা শ্রীঃ শরীরেন্দ্রিয়াসবঃ ॥
নাম-রূপে ভগবতী প্রত্যয়স্ত্বমপাশ্রয়ঃ ॥১৩
যথা যুবাং ত্রিলোকস্য বরদৌ পরমেষ্ঠিনৌ।
তথা ম উত্তমঃশ্লোক সন্তু সত্যা মহাশিষঃ ॥১৪
ইত্যভিষ্টূয় বরদং শ্রীনিবাসং শ্রিয়া সহ।
তদ্নিঃসার্য্যোপহরণং দত্বাচমনমর্চ্চয়েৎ ॥১৫

জীবঃ। ইয়ং দেবী গুণব্যক্তিঃ সত্ত্বাদীনাং সাম্যাবস্থা, ভবান্ গুণানাং ব্যঞ্জকঃ কালঃ ভোক্তা বিরাট্। সর্ব্বশরীরী সর্ব্বজীবরূপঃ আত্মা হি যস্, শরীরেন্দ্রিয়াসবরূপা শ্রীঃ ইয়মেব। নামরূপে ভগবতী লক্ষ্মীঃ তথা নামরূপয়োঃ প্রত্যয়ঃ প্রকাশঃ অপাশ্রয়ঃ আধারঃ চ যস্ এব ॥১১-১৩

যথা যর্হি যুবাং ত্রিলোকস্য বরদৌ পরমেষ্ঠিনৌ পরমেশ্বরৌ চ, তথা তর্হি হে উত্তমঃশ্লোক! যে মম মহাশিষঃ মহাত্মঃ মনোরথাঃ সত্যাঃ সন্তু ॥১৪

শ্রিয়া সহ শ্রীনিবাসং বরদম্ ইতি অভিষ্টূয় তং উপহরণং নৈবেদ্যনির্ম্মাল্যাদি নিঃসার্য্য অপসার্য্য কৃত্বা আচমনং দত্বা অর্চ্চয়েৎ ॥১৫

পুরুষ আপনিই তাঁহার অধীশ্বর। এইরূপ আপনিই সকল প্রকার যজ্ঞ, আর লক্ষ্মীদেবীই যজ্ঞনিষ্পাদক ভাবনারূপ ব্যাপারবিশেষ। এইরূপ লক্ষ্মীদেবীই ক্রিয়া, আর আপনি ক্রিয়াফলের ভোক্তা ১১-১২

এই লক্ষ্মীদেবীই সত্ত্বাদি গুণত্রয়ের প্রকাশস্বরূপা, আর আপনি তাঁহার প্রকাশক ও ভোক্তা। আপনি সকল জীবের আত্মা, আর ইনি দেহ, ইন্দ্রিয় ও প্রাণ-স্বরূপা। এইরূপ ভগবতী লক্ষ্মীদেবীই জাগতিক নাম ও রূপসমষ্টি, আর আপনিই ঐ সকল নাম-রূপের প্রকাশক ও আধার।১৩

হে পুণ্যকীর্ত্তে! পরমেশ্বর ও পরমেশ্বরীরূপে আপনারা উভয়েই যেরূপভাবে এই ত্রিলোককে বরদান করিতেছেন, সেরূপ আপনাদের অনুগ্রহে আমার পরমকামনাসমূহও সত্য হউক।১৪

এইরূপে লক্ষ্মীদেবীর সহিত বরদাতা নারায়ণের স্তুতি করিয়া পূজার উপহারসমূহ তথা হইতে স্থানান্তরিত করিবে এবং পরে আচমনীয় জল নিবেদন পূর্ব্বক অর্চনা করিবে।১৫

ততঃ স্তোত্রেণ স্তুবীত। পুনঃ যজ্ঞোচ্ছিষ্টম্ আত্মার ভক্তি-প্রহ্বেণ চেতসা হরিম্ অভ্যর্চ্চয়েৎ ॥১৬

মহাপুরুষচেতসা পরমেশ্বরবুদ্ধ্যা পরয়া ভক্ত্যা পতিং চ তৈঃ তৈঃ প্রিয়ৈঃ তৎপ্রিয়সম্পাদনপূর্ব্বকং পতিম্ উপনমেৎ ভজেৎ। পতিশ্চ প্রেমবশঃ সন্ উচ্চাবচানি সর্ব্বকর্ম্মাণি পত্ন্যাঃ বিদধ্যাৎ তদনুকূলতয়া সাহায্যং কুর্য্যাৎ ॥১৭

যতঃ দম্পত্যোঃ মধ্যে একতরেণ অপি কৃতম্ উভয়োঃ অপি ফলকারণং ভবতি, তস্মাৎ অসমর্থায়াং পত্ন্যাং পতিঃ স্বয়ং সমাহিতঃ সন্ এতৎ কুর্য্যাৎ ॥১৮

ততঃ ভক্তিনম্রচিত্তে স্তোত্রদ্বারা স্তুতি করিয়া যজ্ঞাবশিষ্ট আঘ্রাণপূর্ব্বক পুনরায় শ্রীহরির পূজা করিবে।১৬

অনন্তর ব্রতপরায়ণা রমণী ঈশ্বরবুদ্ধিতে পরম-ভক্তিসহকারে বিবিধ প্রিয় বস্তুদ্বারা পতির পূজা করিবে এবং পতিও প্রেমবশ হইয়া পত্নীর সর্ব্বপ্রকার কার্য্যসাধনে আনুকূল্য প্রকাশ করিবে।১৭

পত্নী এই ব্রতাচরণে অসমর্থা হইলে পতি একাগ্র-চিত্ত হইয়া ইহার অনুষ্ঠান করিবে, যেহেতু স্বামী ও স্ত্রী উভয়ের মধ্যে যে কোন একজন কর্ম্ম করিলেই উহা উভয়ের করা হয়।১৮

বিষ্ণোর্ব্রতমিদং বিভ্রদ্ বিহন্যাৎ কথঞ্চন।
বিপ্রান্ স্ত্রিয়ো বীরবতীঃ স্রগ্-গন্ধ-বলি-মণ্ডনৈঃ।
অর্চ্চেদহরহর্ভক্ত্যা দেবং নিয়মমাস্থিতা ॥১৯
উদ্বাস্য দেবং স্বে ধাম্নি তন্নিবেদিতমগ্রতঃ।
অশ্নীয়াদাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকামসমৃদ্ধয়ে ॥২০
এতেন পূজাবিধিনা মাসান্ দ্বাদশ হায়নম্।
নীত্বাথোপবসেৎ সাধ্বী কার্ত্তিকে চরমেঽহনি ॥২১
স্নাতেঽপ উপস্পৃশ্য কৃষ্ণমভ্যর্চ্চ্য পূর্ব্ববৎ।
পয়ঃসূতেন জুহুয়াচ্চরুণা সহ সর্পিষা।
পাকযজ্ঞবিধানেন দ্বাদশৈবাহুতীঃ পতিঃ ॥২২

বিষ্ণোঃ ইদং ব্রতং বিভ্রৎ কথঞ্চন ন বিহন্যাৎ। স্রগ্-গন্ধ-বলি-মণ্ডনৈঃ বিপ্রান্ বীরবতীঃ স্ত্রিয়ঃ অর্চ্চেৎ, তথা নিয়মম্ আস্থায় ভক্ত্যা অহরহঃ দেবং হরিম্ আর্চ্চেৎ ॥১৯

দেবং ভগবন্মূর্ত্তিং স্বে ধাম্নি ভগবন্মন্দিরে উদ্বাস্য কাপট্যাদিমুক্তেন অন্তর্যায় তন্নিবেদিতম্ অগ্রতঃ যথোচিতং বিন্যাসেন হৃত্বা আত্মবিশুদ্ধ্যর্থং তথা সর্ব্বকামবিশুদ্ধয়ে প্রসাদম্ অশ্নীয়াৎ ॥২০

এতেন পূজাবিধিনা দ্বাদশমাসাত্মকং হায়নং সংবৎসরং নীত্বা সাধ্বী স্ত্রী চরমে কার্ত্তিকে অহনি পৌর্ণমাসীম্ উপচরেৎ উপবসেৎ ॥২১

স্নাতে স্নাতে সতি পতিঃ অপঃ উপস্পৃশ্য পূর্ব্ববৎ

ভগবান্ বিষ্ণুর এই ব্রত গ্রহণ করিয়া কোনরূপেই ইহার বিচ্ছেদ ঘটাইবে না। এই ব্রতকালে প্রতিদিন ভক্তিসহকারে মাল্য, গন্ধদ্রব্য, বিবিধ উপহার ও অলঙ্কার দ্বারা ব্রাহ্মণগণ ও সধবা রমণীগণকে পূজা করিবে এবং নিয়মনিষ্ঠ হইয়া ভগবান্ বিষ্ণুর আরাধনা করিবে।১৯

অনন্তর আরাধ্য ভগবান্‌কে নিজধামে প্রতিষ্ঠিত করিয়া অর্থাৎ বিসর্জ্জন দিয়া চিত্তশুদ্ধি ও সর্বপ্রকার কামনার পরিপূরণের জন্য ভগবানের অগ্রে নিবেদিত প্রসাদান্ন ভক্ষণ করিবে ॥২০

রমণী এই পূজার অনুষ্ঠানদ্বারা মলমাসরহিত দ্বাদশমাসাত্মক সংবৎসর যাপন করিয়া অনন্তর কার্ত্তিক মাসের শেষ দিন উপবাস করিবে ॥২১

আশিষঃ শিরসাদায় দ্বিজৈঃ প্রীতৈঃ সমীরিতাঃ।
প্রণম্য শিরসা ভক্ত্যা ভুঞ্জীত তদনুজ্ঞয়া ॥২৩
আচার্য্যমগ্রতঃ কৃত্বা বাগ্‌যতঃ সহ বন্ধুভিঃ।
দদ্যাৎ পত্ন্যৈ চরোঃ শেষং সুপ্রজস্ত্বং সুসৌভগম্ ॥২৪
এতচ্চরিত্বা বিধিবদ্ ব্রতং বিভো-
রভীপ্সিতার্থং লভতে পুমানিহ।
স্ত্রী চৈতদাস্থায় লভেত সৌভগং
শ্রিয়ং প্রজাং জীবপতিং যশো গৃহম্ ॥২৫

কৃষ্ণম্ অভ্যর্চ্চ্য সর্পিষা সহ পয়ঃসূতেন (পায়সপাকেন) পাকযজ্ঞবিধানেন পার্ব্বণস্থালীপাকবিধানেন চরুণা দ্বাদশ এব আহুতীঃ জুহুয়াৎ ॥২২

ততঃ প্রীতৈঃ দ্বিজৈঃ সমীরিতাঃ আশিষঃ শিরসা আদায় ভক্ত্যা শিরসা প্রণম্য তদনুজ্ঞয়া ভুঞ্জীত ॥২৩

পতিঃ বন্ধুভিঃ সহ আচার্য্যম্ অগ্রতঃ কৃত্বা সুপ্রজস্ত্বং সৎপুত্রনিমিত্তং, সুসৌভগং সৌভাগ্যকরং, চরোঃ শেষং পত্ন্যৈ দদ্যাৎ ॥২৪

বিভোঃ এতৎ ব্রতং বিধিবৎ চরিত্বা পুমান্ ইহৈব জন্মনি অভীপ্সিতার্থং লভতে, স্ত্রী চ এতৎ আস্থায় কৃত্বা সৌভগম্,

পরদিন প্রাতঃকালে পতি স্নান আচমনাদি ক্রিয়ার পর ভগবান্ শ্রীকৃষ্ণের পূজা করিয়া, চরুপাকের বিধানানুসারে দুগ্ধ দ্বারা পক্ক ঘৃত যুক্ত চরুদ্বারা দ্বাদশবার আহুতি দান করিবে ॥২২

অনন্তর সন্তুষ্টচিত্ত ব্রাহ্মণগণের উচ্চারিত আশীর্ব্বাদ নতমস্তকে গ্রহণপূর্বক তাঁহাদিগকে মস্তকদ্বারা প্রণাম করিয়া তাঁহাদের অনুমতি অনুসারে ভোজন করিবে ॥২৩

অনন্তর পতি বাক্‌সংযম পূর্বক আচার্য্যকে অগ্রে করিয়া ও বন্ধুগণকে সঙ্গে লইয়া পত্নীকে সুসন্তানসহ সৌভাগ্যদায়ক চরুর অবশেষ ভক্ষণার্থ দান করিবে ॥২৪

ভগবান্ বিষ্ণুর এই ব্রত যথাবিধি আচরণ করিয়া

কন্যা চ বিন্দেত সমগ্রলক্ষণং
বরং ত্বধীরা হতকিল্বিষাং গতিম্।
মৃতপ্রজা জীবতজা ধনেশ্বরী
সুদুর্ভগা সুভগা রূপমগ্র্যম্ ॥২৬
বিন্দেদ্ বিরূপা বিরুজা বিমুচ্যতে
য আময়াবী স্রিয়কল্পদেহম্।
এতৎ পঠন্নভ্যুদয়ে চ কর্ম্ম-
ণ্যনন্ততৃপ্তিঃ পিতৃদেবতানাম্ ॥২৭

স্রিয়ঃ সম্পদম্, প্রজাং পুত্রং কন্যাং চ, জীবপতিম্ (জীবতীতি জীবঃ, সঃ চাসৌ পতিশ্চ তম্, অবৈধব্যায় ইতি) ধনঃ, গৃহং চ লভতে ॥২৫

এতৎ ব্রতম্ আত্মায় কন্যা সমগ্রলক্ষণা (সমগ্রাণি লক্ষণানি যস্যাং তথাভূতাং) বরং পতিং বিন্দেত লভেত। অধীরা বিধবা নারী হতকিল্বিষাং (সর্ব্বদোষবর্জ্জিতাং বৈকুণ্ঠাদি-প্রাপ্তি-লক্ষণাং) গতিং লভতে। মৃতপ্রজা যা, সা জীবতজা ধনেশ্বরী চ ভবতি; তথা যা সুদুর্ভগা, সা সুভগা ভবতি। বিরূপা চ অগ্র্যাং শ্রেষ্ঠং রূপং বিন্দেৎ লভতে। তথা যঃ আময়াবী রোগী, সঃ বিরুজা বিশিষ্টরা রুজা বিমুচ্যতে তথা

ইহলোকে পুরুষ অভীষ্ট বস্তু প্রাপ্ত হয়, আর রমণী এই ব্রত অবলম্বন করিয়া সৌভাগ্য, সম্পদ্, সন্তান, পতির চির জীবন, যশ ও গৃহ লাভ করিয়া থাকে ॥২৫

এইরূপ এই ব্রত অনুষ্ঠান করিলে কুমারী সর্ব্বলক্ষণ পতি এবং বিধবা পুণ্যগতি লাভ করে, মৃতবৎসা নারী ইহার ফলে জীবিত সন্তান, ধনৈশ্বর্য্যসত্ত্বে ও দুর্ভাগ্যগ্রস্তা রমণী সৌভাগ্য এবং কুরূপা নারী উত্তম রূপ পাইয়া থাকে। চির রুগ্নব্যক্তিও ইহাদ্বারা কঠোর রোগ হইতে বিমুক্ত হইয়া ইন্দ্রিয়শক্তি-

তুষ্টাঃ প্রযচ্ছন্তি সমস্তকামান্
হোমাবসানে হুতভুক্ শ্রীর্হরিশ্চ।
রাজন্মরুদ্বংশরুতাং জন্ম পুণ্যং
দিতের্ব্রতং চাভিহিতং মহৎ তে ॥২৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে
একোনবিংশোঽধ্যায়ঃ ॥১৯॥

ইন্দ্রিয়ৈঃ সহিতং কন্যা সমর্থাং দেহং চ বিন্দতি। অভ্যুদয়ে কর্ম্মণি বজ্রধারাদি-পিতৃদেবতাদি-কর্ম্মণি এতৎ প্রকরণং যঃ পঠেৎ, তস্য পিতৃদেবতানাম্ অনন্তা তৃপ্তিঃ ভবতি ॥২৬-২৭

হোমাবসানে কর্ম্মসমাপ্তৌ হুতভুক্ বহ্নিঃ, শ্রীঃ লক্ষ্মীঃ, হরিঃ, তে পিতৃদেবাদয়শ্চ তুষ্টাঃ সন্তঃ সমস্তকামান্ প্রযচ্ছন্তি: হে রাজন্! মরুতাং পুণ্যং পবিত্রং মহৎ জন্ম, দিতেঃ মহৎ ব্রতং চ তে অভিহিতম্ ॥২৮

ইতি বঙ্গে তদ্ভাষানুবাদে একোনবিংশতি-
তমোঽধ্যায়ঃ।
। সমাপ্তশ্চায়ং ষষ্ঠস্কন্ধঃ ।

সম্পন্ন সুস্থ দেহ লাভ করিতে সমর্থ হয়। আভ্যুদয়িক কর্ম্মে যিনি এই আখ্যান পাঠ করেন, তাহার পিতৃগণ ও দেবতাগণের অক্ষয় তৃপ্তি জন্মিয়া থাকে ।২৬-২৭

হে মহারাজ পরীক্ষিৎ! হোমের অবসানে হব্যভোগী অগ্নি দেবতা, লক্ষ্মীদেবী ও শ্রীহরি সন্তুষ্ট হইয়া সর্ব্বপ্রকার কাম্য ফল প্রদান করেন। আমি তোমার নিকট এইরূপে মরুদ্গণের পরম পবিত্র জন্মবৃত্তান্ত এবং মহৎ ব্রতানুষ্ঠানের কথা কীর্ত্তন করিলাম ।২৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
ঊনবিংশ অধ্যায় সমাপ্ত।

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিত আর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

সপ্তমঃ স্কন্ধঃ

পণ্ডিতকুলতিলক-শ্রীযগেন্দ্রনাথপাণ্ডিকৃতাবয়সমলঙ্কৃতঃ।

প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-এম্-এ-কৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

সপ্তমঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ

[নারদ-যুধিষ্ঠিরয়োঃ সংবাদঃ, সনকাদিশাপাদ্ জয়-বিজয়য়ো-র্দৈত্যজন্মলাভশ্চ ।]

রাজোবাচ ।

সমঃ প্রিয়ঃ সুহৃদ্ ব্রহ্মন্ ভূতানাং ভগবান্ স্বয়ম্ ।
ইন্দ্রস্যার্থে কথং দৈত্যানবধীদ্ বিষমো যথা ॥১

ন হ্যস্যার্থঃ সুরগণৈঃ সাক্ষান্নিঃশ্রেয়সাত্মনঃ ।
নৈবাসুরেভ্যো বিদ্বেষো নোদ্বেগশ্চাগুণস্য হি ॥২

অন্বয়ঃ

শ্রীগুরবে নমঃ । রাজা পরীক্ষিৎ উবাচ । হে ব্রহ্মন্ ! ভগবান্ বিষ্ণুঃ স্বয়ং ভূতানাং সুহৃৎ হিতকারী, সমঃ পক্ষপাত-রহিতঃ, প্রিয়ঃ চ সন্ বিষমঃ যথা পক্ষপাতাদিবিশিষ্টঃ জীবঃ যথা তথা ইন্দ্রস্য অর্থে দৈত্যান্ কথম্ অবধীৎ ॥১

সাক্ষাৎ নিঃশ্রেয়সাত্মনঃ পরমানন্দস্বরূপস্য অস্য ভগবতঃ সুরগণৈঃ সাধ্যঃ অর্থঃ প্রয়োজনং ন অস্তি, তথা অগুণস্য (প্রাকৃতগুণরহিতস্য দেহাদৌ অহং-মমাদ্যাসরহিতস্য) ভগবতঃ অসুরেভ্যঃ নৈব বিদ্বেষঃ, নাপি কশ্চিদ্ উদ্বেগঃ অস্তি ॥২

প্রথম অধ্যায়

[নারদ ও যুধিষ্ঠিরের পারস্পরিক আলাপ এবং সনকাদি মুনিগনের শাপে জয় ও বিজয়ের দৈত্যজন্ম লাভ ।]

পরমব্রহ্ম ওঁকারস্বরূপ শ্রীগুরুকে নমস্কার ।

(মুখবন্ধ—পুরাণের দশটি লক্ষণের অন্যতম 'ঊতি' । বাসনাকে বুঝাইতে পুরাণে এই পারিভাষিক ঊতি শব্দ ব্যবহৃত হইয়াছে । শুভ ও অশুভ ভেদে জীবের বাসনা দুই প্রকার । ইহজন্ম বা জন্মান্তরে মহতের অনুগ্রহে শুভ বাসনার উদয় হয় । অশুভকর্ম বা মহতের সমীপে অপরাধহেতু অশুভ ইচ্ছা দেখা দেয় । জয় ও বিজয় বৈকুণ্ঠের প্রসিদ্ধ দ্বারপাল । সনক-সনন্দ-সনৎকুমার-সনাতন—এই চতুঃসনের কোপে বৈকুণ্ঠের জয় ও বিজয়ের অশুভ বাসনার উৎপত্তি । দেবর্ষি নারদের অনুগ্রহে দানবী কয়াধুর গর্ভস্থিত প্রহ্লাদের সদ্ভক্তির শুভ বাসনার অভ্যুদয় । প্রতিকূল আচরণ করিলেও ভক্তকে ভগবান্ পরিশুদ্ধ করিয়া আত্মসাৎ করেন । জয়-বিজয়কে তাহাদের তৃতীয় জন্মে হিরণ্যাক্ষ হিরণ্যকশিপুরূপে অঙ্গীকার করিয়া ভক্ত-বৎসল ভগবান্ সেই আদর্শ স্থাপন করিয়াছেন ।

সপ্তম স্কন্ধে দৈত্যের অশুভ ভাবনা ও দৈত্যপুত্র প্রহ্লাদের মহতের অনুগ্রহে শুভ-বাসনার বর্ণনা আছে । শেষ পাঁচটি অধ্যায়ে আশ্রম ধর্ম বর্ণিত ।)

[বিষ্ণুর সহায়তায় ইন্দ্র দিতির সন্তান দৈত্যগণকে বিনষ্ট করিলে দিতি অত্যন্ত পরিতাপ করেন । রাজা পরীক্ষিৎ এই প্রসঙ্গ ৬ষ্ঠ স্কন্ধে শ্রবণ করিয়া বিস্মিতভাবে শ্রীশুকদেবকে পুনরায় জিজ্ঞাসা করেন] ব্রহ্মন্ ! ভগবান্ বিষ্ণুর সর্বজীবে সমান দৃষ্টি, তিনি সকলের সুহৃৎ এবং প্রিয় তিনি কেন বিষমদৃষ্টি ব্যক্তির ন্যায় ইন্দ্রের জন্য দৈত্যগণকে হত্যা করেন ? সর্বত্র সম ও সুহৃৎস্বভাব ভগবানের এই বৈষম্য কি ভাবে সম্ভব হইল ?১

সাক্ষাৎ পরমমঙ্গলরূপ নারায়ণের দেবতাগণের দ্বারা কোন্ স্বার্থসিদ্ধির প্রয়োজন আর অসুরগণের প্রতি বিদ্বেষই বা কেন ? তিনি গুণাতীত তাহার কোনো উদ্বেগ থাকিতে পারে না । অতএব হে সুমহাভাগ ! নারায়ণের গুণের প্রতি আমাদের এই অত্যন্ত সন্দেহ অনুগ্রহপূর্বক আপনি দূর করিয়া দিন ।২-৩

ইতি নঃ সুমহাভাগ নারায়ণগুণান্ প্রতি।
সংশয়ঃ সুমহান্ জাতস্তদ্ধ্বাংশ্ছেত্তুমর্হতি ॥৩

ঋষিরুবাচ।

সাধু পৃষ্টং মহারাজ হরেশ্চরিতমদ্ভুতম্।
যদ্ভাগবতমাহাত্ম্যং ভগবদ্ভক্তিবর্দ্ধনম্ ॥৪
গীয়তে পরমং পুণ্যমৃষিভির্নারদাদিভিঃ।
নত্বা কৃষ্ণায় মুনয়ে কথয়িষ্যে হরেঃ কথাম্ ॥৫

নির্গুণোঽপি হ্যজোঽব্যক্তো ভগবান্ প্রকৃতেঃ পরঃ।
স্বমায়াগুণমাবিশ্য বাধ্যবাধকতাং গতঃ ॥৬
সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতের্নাত্মনো গুণাঃ।
ন তেষাং যুগপদ্ রাজন্ হ্রাস উল্লাস এব বা ॥৭
জয়কালে তু সত্ত্বস্য দেবর্ষীন্ রজসোঽসুরান্।
তমসো যক্ষ-রক্ষাংসি তৎকালানুগুণোঽভজৎ ॥৮
জ্যোতিরাদিরিবাভাতি সংঘাতান্ন বিবিচ্যতে।
বিদন্ত্যাত্মানমাত্মস্থং মথিত্বা কবয়োঽন্ততঃ ॥৯

হে সুমহাভাগ! ইতি এবং সতি কথং দৈত্যনাশঃ? অতঃ নারায়ণস্য গুণান্ প্রতি অনুগ্রহ-নিগ্রহাদীন্ প্রতি নঃ অস্মাকং শ্রোতৃণাং সুমহান্ সংশয় জাতঃ! তৎ তং ভবান্ হেতূন্ উৎপাদ্য নিবারয়িতুম্ অর্হতি ॥৩

ঋষিঃ শ্রীশুকঃ উবাচ। হে মহারাজ! হরেঃ অদ্ভুতং শ্রোতৃজনাহ্লাদকরং যৎ চরিতং ত্বয়া পৃষ্টং, তৎ সাধু এব; যৎ যস্মিন্ পরমং পুণ্যং সর্বপাপনিবর্হকং ভগবদ্ভক্তিবর্দ্ধনং ভাগবতস্য প্রহ্লাদস্য মাহাত্ম্যং নারদাদিভিঃ মুনিভিঃ ঋষিভিঃ অপি গীয়তে। অতঃ মুনয়ে কৃষ্ণায় কৃষ্ণং মুনিং বেদব্যাসং নত্বা হরেঃ কথাং কথয়িষ্যে ॥৪-৫

হি যস্মাৎ প্রকৃতেঃ পরঃ প্রকৃতি-কার্যেষু অহমাদ্যধ্যাস-রহিতঃ, অতএব নির্গুণঃ রাগাদিশূন্যঃ, অজঃ জ্ঞানদেহাদি সম্বন্ধ-রহিতঃ, অব্যক্তঃ অদৃশ্যঃ, অপি ভগবান্ স্বমায়াগুণং সত্ত্বাদিকম্ আবিশ্য অধিষ্ঠায় বাধ্যবাধকতাং গতঃ প্রাপ্তঃ ॥৬

সত্ত্বং রজঃ তমঃ ইতি প্রকৃতেঃ গুণাঃ আত্মনঃ ভগবতঃ ন, নমু তথাপি তেষাং সংসারমার্গে হ্রাসঃ উল্লাসঃ (সৃষ্টি-সংহারাদয়ঃ জয়পরাজয়াদয়ঃ চ) ন্যূনত্বং বৃদ্ধিঃ চ যুগপদ্ এব ন ভবতঃ কিন্তু ক্রমেণ এব ॥৭

সত্ত্বস্য জয়কালে সাত্ত্বিকান্ দেবান্ ঋষীন্ চ অনুগুণং বর্দ্ধয়তি; রজসঃ জয়কালে রাজসান্ অসুরান্ বর্দ্ধয়তি তথা তমসঃ জয়কালে তামসান্ যক্ষরক্ষাংসি বর্দ্ধয়তি, ভগবান্ অপি তত্তৎ কালানুগুণঃ ভবতি ॥৮

জ্যোতিঃ অগ্নিঃ (যথা কাষ্ঠাদিষু, জলং যথা পাত্রাদিষু আকাশঃ যথা ঘটাদিষু, তথা আত্মাপি) সঙ্ঘাতাৎ দেবাদি-দেহাৎ ন বিবিচ্যতে পৃথক্কৃত্য ন প্রতীয়তে, কবয়ঃ বিচক্ষণা মথিত্বা বিচার্য, অন্ততঃ স্বভাবকর্মাদিবাদনিরাসেন আত্মস্থং দেবাদি-সংঘাতস্থম্ আত্মানং পরমাত্মস্বরূপং ভগবন্তং বিদন্তি

ঋষিপ্রবর শ্রীশুকদেব উত্তরে বলেন—মহারাজ শ্রীহরির অদ্ভুত চরিত্র সম্বন্ধে প্রশ্নটি সুন্দরভাবেই জিজ্ঞাসা হইয়াছে। যে ভাগবতমাহাত্ম্য ভগবানে ভক্তিবর্দ্ধন করে, নারদাদি ঋষিগণ, যে পরম পুণ্য কথা গান করেন, আমি মুনি কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসকে প্রণাম করিয়া সেই শ্রীহরিকথা বর্ণনা করিব ॥৪-৫

প্রকৃতির অতীত পরমপুরুষ ভগবান্ গুণাতীত জন্মরহিত অব্যক্ত হইয়াও স্বমায়াগুণকে অঙ্গীকার করিয়া বাধ্যবাধকতা স্বীকার করেন ॥৬

সত্ত্ব, রজঃ ও তমঃ গুণ প্রকৃতির, আত্মার নয় অতএব ভগবান্ সর্বত্র সমভাব। প্রাকৃত গুণসকলের একসঙ্গে হ্রাস বা বৃদ্ধি হয় না। পরমেশ্বরে নিত্য উল্লাসময় গুণ আছে ॥৭

সত্ত্বগুণ জয়কালে দেবতা ও ঋষিকে, রজগুণের জয়কালে অসুরগণকে ও তমোগুণের জয়কালে যক্ষরক্ষগণকে সমৃদ্ধ করে ॥৮

ভগবান্ সকলের প্রতি সমভাব হইলেও আশ্রয়-ভেদে বৈষম্য হয়; তাহার দৃষ্টান্ত—কাষ্ঠে অগ্নি, পাত্রভেদে জল, ঘট বা পটে আকাশের নানারূপ প্রকাশ পায়। গুণভেদে এক ভগবান্ সেইরূপ

যদা সিসৃক্ষুঃ পুর আত্মনঃ পরো
রজঃ সৃজত্যেষ পৃথক্ স্বমায়য়া।
সত্ত্বং বিচিত্রাসু রিরংসুরীশ্বরঃ
শয়িষ্যমাণস্তম ঈরয়ত্যসৌ ॥১০
কালং চরন্তং সৃজতীশ আশ্রয়ং
প্রধানপুংভ্যাং নরদেব সত্যকৃৎ।
য এষ রাজন্নপি কাল ঈশিতা
সত্ত্বং সুরানীকমিবৈধয়ত্যতঃ।
তৎ প্রত্যনীকানসুরান্ সুরপ্রিয়ো
রজস্তমস্কান্ প্রমিণোত্যুরুশ্রবাঃ ॥১১
অত্রৈবোদাহৃতঃ পূর্ব্বমিতিহাসঃ সুরর্ষিণা।
প্রীত্যা মহাক্রতৌ রাজন্ পৃচ্ছতেঽজাতশত্রবে ॥১২
দৃষ্ট্বা মহাদ্ভুতং রাজন্ রাজসূয়ে মহাক্রতৌ।
বাসুদেবে ভগবতি সাযুজ্যং চেদিভূভুজঃ ॥১৩
তত্রাসীনং সুরঋষিং রাজা পাণ্ডুসুতঃ ক্রতৌ।
পপ্রচ্ছ বিস্মিতমনা মুনীনাং শৃণতামিদম্ ॥১৪

জানন্তি ॥৯

যদা এষঃ পরঃ পরমাত্মা পরমেশ্বরঃ আত্মনঃ পুরঃ ক্রীড়া-সাধনভূতানি স্থাবর-জঙ্গমাত্মকানি শরীরাণি সিসৃক্ষুঃ ভবতি, তদা স্বমায়য়া স্বেচ্ছয়া সাম্যেন স্থিতং রজঃ পৃথক্ কৃত্বা সৃজতি ; তথা বিচিত্রাসু তাসু যদা রিরংসুঃ ক্রীড়িতুম্ ইচ্ছুঃ ভবতি, তদা সত্ত্বং তথা শয়িষ্যমাণঃ সংহরিষ্যন্ অসৌ ঈশ্বরঃ তমঃ ঈরয়তি পৃথক্ প্রেরয়তি ॥১০

হে নরদেব! প্রধানপুংভ্যাং নিমিত্তাভ্যাং সত্যকৃৎ অমোঘ-জগৎকর্তা ঈশঃ ভগবান্ চরন্তং বর্ত্তমানং কালম্ আশ্রয়ং সৃজতি। (প্রকৃতি-পুংসোঃ সহকারিণং করোতি)। হে রাজন্! যঃ এষঃ (সহকারিত্বেন অধিকৃতঃ) কালঃ, সঃ যদা (বিভিন্নসময়ে) সত্ত্বং গুণম্ এধয়তি, তদা তত্র ঈশিতা নিয়ন্তা ঊরুশ্রবাঃ ভগবান্ অপি সত্ত্বপ্রধানং সুরানীকং দেবসমূহম্ এধয়তি বর্ধয়তি, সুরপ্রিয়ঃ সন্ তৎপ্রত্যনীকান্ সুরপ্রতিপক্ষান্ রজস্তমস্কান্ অসুরান্ প্রমিণোতি হিনস্তি ॥১১

হে রাজন্! অত্র দ্বেষাদিরাহিত্যেন সমস্তাপি দৈত্যবধঃ মহাক্রতৌ রাজসূয়ে, পৃচ্ছতে অজাতশত্রবে যুধিষ্ঠিরায় সুরর্ষিণা নারদেন প্রীত্যা ইতিহাসঃ পূর্ব্বমেব উদাহৃতঃ বর্ণিতঃ ॥১২

হে রাজন্! মহাক্রতৌ রাজসূয়ে চেদিভূভুজঃ শিশুপালস্য ভগবতি বাসুদেবে মহাদ্ভুতং সাযুজ্যং দৃষ্ট্বা, পাণ্ডুসুতঃ রাজা যুধিষ্ঠিরঃ বিস্মিতমনাঃ সন্ তত্র ক্রতৌ আসীনং সুরর্ষিং নারদং শৃণ্বতাং মুনীনাং সমক্ষে ইদং পপ্রচ্ছ ॥১৩-১৪

প্রকাশিত হন। যদি বলা যায় সর্বাশ্রয় ভগবান্‌কে সর্বত্র দেখা যায় না কেন, তদুত্তরে বলা হইয়াছে—অবিবেকী সর্বত্র তাহাকে জানিতে পারে না বটে, বিচারবান্ নিপুণ পুরুষ আত্মস্থ ভগবান্‌কে মনন করিয়া কার্য্য দর্শন লক্ষণের সাহায্যে শেষ পর্যন্ত জানিতে পারেন ।৯

যখন ভগবান্ সৃষ্টির ইচ্ছা করেন, তখন তিনি নিজমায়াদ্বারা রজোগুণকে পৃথক করিয়া সৃষ্টি করেন। রজোগুণসৃষ্ট দেহপুরীতে ক্রীড়া করিতে ইচ্ছা করিয়া সত্ত্বগুণকেও পৃথক্ সৃষ্টি করেন, ইহার পর শয়ন বা সংহার করিতে ইচ্ছা করিয়া তমোগুণকে পৃথক্ প্রেরণা দান করেন। মায়া গুণ বস্তুতাহেতু তিনি পরতন্ত্র হন না। তিনি নিজ মায়ায় সৃষ্টি, স্থিতি, সংহার করেন ।১০

হে রাজন্! ভগবান্ সর্বেশ্বর সত্যস্রষ্টা প্রকৃতি ও পুরুষ এই উভয়ের সহযোগিতায় আশ্রয় কালকেও সৃষ্টি করেন, অতএব তিনি কালের অধীন নন। হে রাজন্, সেই কাল সত্ত্বগুণকে বর্দ্ধিত করিলে দেবতাগণের বৃদ্ধি হয় এবং প্রতিপক্ষ অসুরের হিংসা হয়। কালশক্তির ক্ষোভহেতু সান্নিধ্যমাত্র তাহার অধিষ্ঠান পরমযশস্বী ভগবানে সেই বৈষম্য স্ফূর্তি প্রাপ্ত হয় ।১১

হে রাজন্, পুরাকালে অজাতশত্রু যুধিষ্ঠির রাজসূয়-যজ্ঞে দীক্ষিত হইলে ভগবানের দ্বেষাদি-বৈষম্য রহিতভাব প্রমাণিত করিবার জন্য দেবর্ষি নারদ একটি উদাহরণ দিয়াছিলেন ।১২

যুধিষ্ঠির উবাচ।

অহো অত্যদ্ভুতং হ্যেতদ্দুর্লভৈকান্তিনামপি।
বাসুদেবে পরে তত্ত্বে প্রাপ্তিশ্চৈদ্যস্য বিদ্বিষঃ ॥১৫
এতদ্ বেদিতুমিচ্ছামঃ সর্ব্ব এব বয়ং মুনে।
ভগবন্নিন্দয়া বেণো দ্বিজৈস্তমসি পাতিতঃ ॥১৬
দমঘোষসুতঃ পাপ আরভ্য কলভাষণাৎ।
সম্প্রত্যমর্ষী গোবিন্দে দন্তবক্রশ্চ দুর্ম্মতিঃ ॥১৭

শপতোরসকৃদ্ বিষ্ণুং যদ্ ব্রহ্ম পরমব্যয়ম্।
শ্বিত্রো ন জাতো জিহ্বায়াং নান্ধং বিবিশতুস্তমঃ ॥১৮
কথং তস্মিন্ ভগবতি দুরবগ্রাহ্যধামনি।
পশ্যতাং সর্ব্বলোকানাং লয়মীয়তুরঞ্জসা ॥১৯
এতদ্ ভ্রাম্যতি মে বুদ্ধির্দীপার্চ্চিরিব বায়ুনা।
ব্রূহ্যেতদদ্ভুততমং ভগবান্ হ্যত্র কারণম্ ॥২০

যুধিষ্ঠিরঃ উবাচ। অহো একান্তিনাম্ (একস্মিন্ ভগবতি অন্তঃ পর্য্যবসানং যেষাং তেষাম্) অপি যা দুর্লভা পরে তত্ত্বে বাসুদেবে শ্রীকৃষ্ণে প্রাপ্তিঃ সাযুজ্যং, সা অস্য বিদ্বিষঃ চৈদ্যস্য শিশুপালস্য জাতা ইতি এতৎ হি যস্মাৎ অত্যদ্ভুতম্ অত্যাশ্চর্য্যং জাতম্ ॥১৫

এতৎ বিদ্বিষঃ অপি তব প্রাপ্তৌ কারণং বয়ং সর্ব্বে এব বিদিতুম্ ইচ্ছামঃ। হে মুনে! ভগবন্নিন্দয়া বেণঃ দ্বিজৈঃ তমসি নরকে পাতিতঃ ইতি যস্মাৎ এব অস্মাভিঃ শ্রুতম্ ॥১৬

দমঘোষসুতঃ শিশুপালঃ পাপঃ পাপিষ্ঠান্ দুর্ম্মতিঃ কলভাষণাৎ বাল্যে মধুরভাষণাৎ আরভ্য সম্প্রতি অধুনাপি গোবিন্দে অমর্ষী মৎসরী, তথা দন্তবক্রঃ চ জাতঃ ॥১৭

যঃ অব্যয়ম্ অপক্ষয়শূন্যং পরম্ব্রহ্ম তং বিষ্ণুং শ্রীকৃষ্ণং অসকৃৎ বারং বারং শপতোঃ ধয়োঃ জিহ্বায়াং ক্ষিত্রঃ শ্বেতকুষ্ঠঃ, ন জাতঃ, ন চ তত্র অন্ধং তমঃ নরকং তৌ বিবিশতুঃ ॥১৮

দুরবগ্রাহ-ধামনি (দুরবগ্রাহং দুর্লভং ধাম স্বরূপং যস্য তস্মিন্) তস্মিন্ ভগবতি অঞ্জসা সাক্ষাৎ সাধনান্তরাসমবধানেন সর্ব্বলোকানাং পশ্যতাম্ এব লয়ং সাযুজ্যম্ ঈয়তুঃ ॥১৯

যতঃ এতৎ অদ্ভুতম্ অসম্ভাবিতং জাতম্, অতঃ এতৎ প্রতি মম বুদ্ধিঃ বায়ুনা দীপার্চ্চিঃ ইব ভ্রাম্যতি। হি যতঃ ত্বং ভগবান্ সর্ব্বজ্ঞঃ, অতঃ অত্র দুর্লভ-ফলপ্রাপ্তৌ কারণং ব্রূহি ॥২০

হে রাজন্! রাজসূয় মহাযজ্ঞে চেদিরাজ শিশুপাল ভগবান্ বাসুদেবে সাযুজ্য লাভ করেন—ইহা দর্শনে বিস্মিত মুনিগণের শ্রুতিগোচর করিয়াই পাণ্ডুনন্দন রাজা যুধিষ্ঠির সেখানে উপবিষ্ট দেবর্ষি নারদকে এইভাবে জিজ্ঞাসা করেন।১৩-১৪

যুধিষ্ঠির বলিলেন—আহা পরতত্ত্ব বাসুদেবকে লাভ করা ঐকান্তিক ভক্তগণেরও দুর্লভ, হিংসাপরায়ণ চেদিরাজ শিশুপাল উহা লাভ করিল—ইহা অতীব অদ্ভুত।১৫

হে মুনে, বিষয়টি জানিবার জন্য আমাদের সকলের ইচ্ছা, কেননা শুনিয়াছি ভগবানের নিন্দার ফলে বেণ রাজা ব্রাহ্মণগণ কর্তৃক নরকে পাতিত হইয়াছিল।১৬

মহর্ষে, দমঘোষের পুত্র শিশুপাল বাল্যে অর্দ্ধস্ফুট কথা হইতে আরম্ভ করিয়া ভগবানের প্রতি ক্রুদ্ধ এবং নিন্দাপরায়ণ। দুর্মতি দন্তবক্রও আজ পর্যন্ত গোবিন্দের প্রতি মাৎসর্য্যপূর্ণ।১৭

সুতরাং অত্যন্ত আশ্চর্য্যের বিষয় যে, অব্যয় পরমব্রহ্ম ভগবান্ বিষ্ণু কৃষ্ণকে বার বার কটূক্তি করিয়া ঐ দুই ব্যক্তির জিহ্বায় কুষ্ঠব্যাধি হইল না বা তাহারা অন্ধকারময় নরকে প্রবেশ করিল না।১৮

সেই দুইজন কি করিয়া সকল দর্শকগণের সম্মুখেই অপরের দুষ্প্রাপ্য ভগবানের সাক্ষাৎ স্বরূপে লয় প্রাপ্ত হইল।১৯

ব্রহ্মন্, এই কথা ভাবিয়া বায়ুপ্রবাহে অস্থির দীপশিখার মত আমার বুদ্ধি চঞ্চল হইয়াছে। আপনি সর্বজ্ঞ, অতএব ইহার কারণ বর্ণনা করুন।২০

শ্রীবাদরায়ণিরুবাচ।
রাজ্ঞস্তদ্বচ আকর্ণ্য নারদো ভগবানৃষিঃ।
তুষ্টঃ প্রাহ তমাভাষ্য শৃণ্বত্যাস্তৎসদঃ কথাঃ ॥২১

নারদ উবাচ।
নিন্দন-স্তব-সৎকার-ন্যক্কারার্থং কলেবরম্।
প্রধান-পুরয়ো রাজন্নবিবেকেন কল্পিতম্ ॥২২
হিংসা তদভিমানেন দণ্ড-পারুষ্যয়োর্যথা।
বৈষম্যমিহ ভূতানাং মমাহমিতি পার্থিব ॥২৩

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। ভগবান্ সর্বজ্ঞঃ ঋষিঃ নারদঃ রাজ্ঞঃ যুধিষ্ঠিরস্য তৎ বচঃ আকর্ণ্য শ্রুত্বা তুষ্টঃ সন্ তং রাজানম্ আভাষ্য তৎসদঃ (সীদন্তি বিষীদন্তি অস্যাম্ ইতি সৎ তস্যাঃ সদঃ সভায়াঃ) শৃণ্বত্যাঃ সত্যাঃ কথাঃ প্রাহ ॥২১

হে রাজন্! নিন্দন-স্তব-সৎকার-ন্যক্করার্থং (নিন্দনঃ দোষ-কীর্তনেন বাচিকস্তিরস্কারঃ, ন্যক্কারঃ তাড়নাদিনা কায়িক-স্তিরস্কারঃ, স্তবঃ গুণকীর্তনম্ বাচনিকঃ সৎকারঃ, সৎকারঃ পূজাদিনা কায়িক-সৎকারঃ, তৈঃ সুখদুঃখলাভাদ্যর্থং) প্রধান-পুরয়োঃ প্রকৃতি-পুরুষয়োঃ, অবিবেকেন পরস্পরাধ্যাসেন কলেবরং কল্পিতং রচিতং ভবতি ॥২২

হে পার্থিব। তদভিমানেন (তস্মিন্ দেহে যঃ অভিমানঃ তেন) এব যথা ইহ ভূতানাং মম অহম্ ইতি বৈষম্যং, তথা দণ্ড-পারুষ্যয়োঃ (দণ্ডঃ তাড়নং, পারুষ্যং নিন্দা তয়োঃ হেতু-ভূতয়োঃ) হিংসা পীড়া চ ভবতি ॥২৩

ব্যাসপুত্র শুকদেব বলিলেন—মহারাজ যুধিষ্ঠিরের ঐ কথা শুনিয়া সন্তুষ্ট দেবর্ষি নারদ সভার সকলকে শুনাইয়া বলিতে লাগিলেন।২১

শ্রীনারদ বলিলেন, হে রাজন্! প্রধান (প্রকৃতি) ও পুরুষের রচিত দেহে নিন্দা, প্রশংসা, আদর, তিরস্কার ইত্যাদি উপলব্ধি হয়—উহা অবিবেক কল্পিত।২২

সেই অজ্ঞানকল্পিত দেহে অভিমানবশতঃ জীব-গণের 'আমি আমার' বোধহেতু বৈষম্য, কখনও কাহারও দণ্ড, কাহারও প্রতি নিষ্ঠুর ব্যবহার হয়।২৩

যে দেহে অভিমাননিবন্ধ, সেই দেহের বধেই বধ বলিয়া স্বীকার করা হয়। যাঁহার অভিমানমাত্র নাই তাঁহার হিংসা কোনো মতেই কল্পনা করা যায় না। বৈষম্যের আভবহেতু অখিলাত্মা ভগবানের হিংসা নাই। তবে পরম নিয়ন্তা যে দানব বধ করেন উহা তাহাদের মঙ্গলের নিমিত্ত দণ্ডদানমাত্র, উহা হিংসা নয়।২৪

অতএব বৈরভাবই হউক অথবা নির্বৈর ভক্তিভাব হউক স্নেহ কাম বা অন্য যে কোনো ভাবে ভগবানে মনঃসংযোগ করা কর্তব্য।২৫

শত্রুতানিবন্ধন মর্ত্যজীব যেভাবে শীঘ্র তন্ময়তা লাভ করিবে, ভক্তিযোগে সেরূপ হয় না—ইহা আমার নিশ্চয়।২৬

যস্মিন্নিবন্ধঃ অভিমানো২য়ং তদ্বধাৎ প্রাণিনাং বধঃ।
তথা ন যস্য কৈবল্যাদভিমানো২খিলাত্মনঃ।
পরস্য দমকর্তুর্হি হিংসা কেনাস্য কল্পতে ॥২৪
তস্মাদ্ বৈরানুবন্ধেন নির্বৈরেণ ভয়েন বা।
স্নেহাৎ কামেন বা যুঞ্জ্যাৎ কথঞ্চিন্নেক্ষতে পৃথক্ ॥২৫
যথা বৈরানুবন্ধেন মর্ত্যস্তন্ময়তামিয়াৎ।
ন তথা ভক্তিযোগেন ইতি মে নিশ্চিতা মতিঃ ॥২৬

যস্মিন্নিবন্ধঃ (যস্মিন্ দেহাদৌ নিবন্ধঃ) অয়ম্ অহংমমাত্মকঃ অভিমানঃ নিবন্ধঃ তস্য বধাৎ এব প্রাণিনাং বধঃ (ন তু চ স্বরূপতঃ)। তথা যস্য বিভোঃ কৈবল্যাৎ অভিমানঃ নাস্তি, অতঃ দমকর্তুঃ হিতার্থং দণ্ডং কুর্বতঃ, অখিলাত্মনঃ সর্বান্তর্যামিণঃ পরস্য পরমেশ্বরস্য হিংসা কেন হেতুনা কল্পতে ন কেনাপি ইতি ॥২৪

তস্মাৎ যঃ কশ্চিৎ বৈরানুবন্ধেন নির্বৈরেণ ভয়েন স্নেহাৎ কামেন বা তস্মিন্ শ্রীকৃষ্ণে মনঃ যুঞ্জ্যাৎ, সঃ (বস্তুমহিম্না এব সর্বত্র তমেব পশ্যন্ পুনঃ) কথঞ্চিৎ অপি তস্মাৎ পৃথক্ অন্যৎ বস্তু ন ঈক্ষতে ন পশ্যতি ॥২৫

বৈরানুবন্ধেন ভগবন্তং চিন্তয়ন্ মর্ত্যঃ মানবাদিঃ প্রাণী যথা শীঘ্রং তন্ময়তাং তৎসমানতাং তৎসাযুজ্যম্ ইয়াৎ প্রাপ্নুয়াৎ, তথা ভক্তিযোগেন চিন্তয়ন্ ন প্রাপ্নুয়াৎ ইতি যে মম নিশ্চিতা মতিঃ ॥২৬

কীট: পেশস্কৃতা রুদ্ধ: কুড্যাদ্যাং তমনুস্মরন্।
সংরম্ভভয়যোগেন বিন্দতে তৎস্বরূপতাম্ ॥২৭
এবং কৃষ্ণে ভগবতি মায়ামনুজ ঈশ্বরে।
বৈরেণ পূতপাপ্মানস্তমাপুরনুচিন্তয়া ॥২৮
কামাদ্ দ্বেষাদ্ ভয়াৎ স্নেহাৎ যথা ভক্ত্যেশ্বরে মনঃ।
আবেশ্য তদঘং হিত্বা বহবস্তদ্গতিং গতাঃ ॥২৯
গোপ্যঃ কামাদ্ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ।
সম্বন্ধাদ্ বৃষ্ণয়ঃ স্নেহাৎ যূয়ং ভক্ত্যা বয়ং বিভো ॥৩০

কীট: পেশস্কৃতা ভ্রমরেণ কুড্যাদ্যাং ভিত্তিচ্ছিদ্রে রুদ্ধ: সংরম্ভভয়যোগেন (সংরম্ভ: দ্বেষ:, ভয়ং চ স: এব যোগ: হেতু: তেন) তং ভ্রমরম্ অনুস্মরন্ ধ্যায়ন্ তৎস্বরূপতাং বিন্দতে লভতে, যথা ইতি ॥২৭

এবং মায়ামনুজে (মায়য়া মনুষ্যেণ এব মনুষ্যাকারে) ভগবতি ঈশ্বরে কৃষ্ণে বৈরেণ অনুচিন্তয়া ধ্যানেন পূতাপ্মান: (পূত: নিবৃত্ত: পাপ্মা যেষাং তে) তম্ আপু: ॥ ২৮

এবং কামাৎ দ্বেষাৎ ভয়াৎ স্নেহাৎ ভক্ত্যা চ যথা ঈশ্বরে মন: আবেশ্য তৎ অঘং দ্বেষাদিজনিতং পাপং হিত্বা বহব: জীবা: তদ্গতিং সাযুজ্যাদি শত্রুপাং গতিং গতা:, তথা শৃণু। কামাৎ গোপ্য:, ভয়াৎ কংস:, দ্বেষাৎ চৈদ্যাদয়: নৃপা:, সম্বন্ধাৎ বৃষ্ণয়:, স্নেহাৎ যূয়ং, হে বিভো! ভক্ত্যা বয়ং তং প্রাপ্তা: ॥২৯-৩০

ভ্রমরকর্তৃক অবরুদ্ধ কীট (তেলাপোকা) গর্ত্তে আবদ্ধ থাকিয়া দ্বেষ ও ভয়হেতু তাহাকেই (ভ্রমরকেই) ধ্যান করিতে করিতে তাহারই (ভ্রমরেরই) স্বরূপতা লাভ করে।২৭

এই প্রকার মায়ায় মানুষমূর্ত্তিতে অবতীর্ণ ভগবান্ কৃষ্ণকে শত্রুভাবে ব্যবহার করিয়াও পবিত্র হইয়া তাঁহার অনুধ্যানে তাঁহাকেই লাভ করে।২৮

জীব ভক্তিদ্বারা ভগবানে মন লাগাইয়া যেরূপ পাপ হইতে নিস্তার লাভ করিয়া ভগবান্‌কে পায়, সেইরূপ কাম, দ্বেষ, ভয় বা স্নেহদ্বারাও অনেকে তাঁহাকে লাভ করিয়াছেন। হে প্রভু! কামভাবে গোপীগণ, ভয়ে কংস ও দ্বেষ করিয়া শিশুপালপ্রভৃতি নৃপবৃন্দ, বৃষ্ণিগণ সম্বন্ধবোধে, আপনারা স্নেহে আর আমরা ভক্তিদ্বারা তাঁহাকে পাইয়াছি।২৯-৩০

কতমোঽপি ন বেণঃ স্যাৎ পঞ্চানাং পুরুষং প্রতি।
তস্মাৎ কেনাপ্যুপায়েন মনঃ কৃষ্ণে নিবেশয়েৎ ॥৩১
মাতৃষ্বস্রেয়ো বশ্চৈদ্যো দন্তবক্রশ্চ পাণ্ডব।
পার্ষদপ্রবরৌ বিষ্ণোর্বিপ্রশাপাৎ পদচ্যুতৌ ॥৩২

যুধিষ্ঠির উবাচ।

কীদৃশঃ কস্য বা শাপো হরিদাসাভিমর্শনঃ।
অশ্রদ্ধেয় ইবাভাতি হরেরেকান্তিনাং ভবঃ ॥৩৩

(তর্হি বেণঃ কিমিতি নরকে পতিতঃ ইত্যাশঙ্ক্যাহ) পঞ্চানাম্ উক্ত-পঞ্চবিধ-ভগবদভিনিবেশবতাং পুরুষাণাং মধ্যে পুরুষং ভগবন্তং প্রতি বেণঃ কতমঃ অপি ন স্যাৎ ন ভবতি, তস্মাৎ কেনাপ্যুপায়েন মনঃ কৃষ্ণে নিবেশয়েৎ ॥৩১

হে পাণ্ডব! চৈদ্যঃ য: বৃষ্ণাকং মাতৃষ্বস্রেয়: তথা দন্তবক্রশ্চ এতৌ বিষ্ণো: পার্ষদপ্রবরৌ বিপ্রশাপাৎ পদচ্যুতৌ (পদাৎ বৈকুণ্ঠাৎ চ্যুতৌ) ॥৩২

যুধিষ্ঠির: উবাচ। হরিদাসাভিমর্শন: (হরিদাস: অভি-

যদি বল বেণ রাজা কেন নরকে পতিত হইল? তদুত্তরে বলিতে হয় পরম পুরুষের প্রতি তাহার পূর্বোক্ত কোনো ভাবই ছিল না। অতএব যে কোনো উপায়ে মন শ্রীকৃষ্ণে নিবিষ্ট করা কর্ত্তব্য।৩১

হে পাণ্ডব, তোমাদের মাসতুত ভাই শিশুপাল ও দন্তবক্র দুইজন ভগবান্ বিষ্ণুর দুই পার্ষদ জয়-বিজয় ছিলেন, ব্রহ্মশাপে তাঁহারা পদচ্যুত হইয়াছেন।৩২

যুধিষ্ঠির বলিলেন—হরিদাসকেও পদচ্যুত করিতে পারে, এরূপ অভিশাপ কাহার? একান্ত হরিভক্তের সংসারবন্ধন যেন বিশ্বাসের বিষয় হইতেছে না।৩৩

দেহেন্দ্রিয়াসুহীনানাং বৈকুণ্ঠপুরবাসিনাম্।
দেহসম্বন্ধসম্বন্ধমেতদাখ্যাতুমর্হসি ॥৩৪

নারদ উবাচ।

একদা ব্রহ্মণঃ পুত্রা বিষ্ণোর্লোকং যদৃচ্ছয়া।
সনন্দনাদয়ো জগ্মুশ্চরন্তো ভুবনত্রয়ম্ ॥৩৫
পঞ্চষড়্বায়নার্ভাভাঃ পূর্ব্বেষামপি পূর্ব্বজাঃ।
দিগ্বাসসঃ শিশূন্ মত্বা দ্বাঃস্থৌ তান্ প্রত্যষেধতাম্ ॥৩৬

মৃণতি অভিভবতি ইতি তথাভূতাঃ) শাপঃ কীদৃশঃ কীদৃগ্রূপঃ কস্য শাপদাতুঃ বা? হরেঃ একান্তিনাং পার্ষদপ্রবরাণাং ভবঃ জন্ম-মরণাদি-সংসারঃ অশ্রদ্ধেয়ঃ অনাদরণীয়ঃ ইব আভাতি ॥৩৩

দেহেন্দ্রিয়াসুহীনানাং প্রাকৃত-দেহেন্দ্রিয়-প্রাণৈঃ হীনানাং তদ্ধসত্ত্বময়-দেহাদীনাং বৈকুণ্ঠপুরবাসিনাং দেহসম্বন্ধসম্বন্ধম্ এতৎ কথং তৎ ত্বম্ আখ্যাতুম্ অর্হসি ॥৩৪

নারদঃ উবাচ। ব্রহ্মণঃ পুত্রাঃ সনন্দনাদয়ঃ ভুবনত্রয়ং চরন্তঃ যদৃচ্ছয়া ভগবদিচ্ছয়া একদা বিষ্ণোঃ লোকং বৈকুণ্ঠং জগ্মুঃ॥৩৫

পূর্ব্বেষাং মরীচাদীনাং পূর্বজাঃ অপি পঞ্চষড়্বায়নার্ভাভাঃ (পঞ্চ ষড়্ বা হায়নানি সংবৎসরাঃ যেষাং তেষাম্ অর্ভাণাং বালানাম্ ইব আভা যেষাং তে তথা বিধাঃ) দিগ্বাসসঃ নগ্নাঃ,

বৈকুণ্ঠপুরবাসীর দেহ, ইন্দ্রিয় ও প্রাণ প্রাকৃতজনের মত নয়, সুতরাং তাহাদের আবার দেহসম্বন্ধ কি করিয়া হয়—তাহা বর্ণনা করুন ।৩৪

শ্রীনারদ বলিলেন,—এক সময় ব্রহ্মার সনন্দনাদি চতুষ্টয় পুত্র ত্রিলোক পর্য্যটন করিতে করিতে যদৃচ্ছাক্রমে বিষ্ণুলোকে গমন করেন ।৩৫

তাঁহাদের দেখিতে দেখিতে পাঁচ ছয় বৎসরের বালকের মত মনে হয়, তাহারা প্রাচীনগণেরও পূর্ব-জন্ম হইলেও বস্ত্রাবরণহীন বলিয়া সাধারণ শিশু মনে করিয়া বিষ্ণুলোকের দুই জন দ্বাররক্ষক তাঁহাদিগের

অশপন্ কুপিতা এবং যুবাং বাসং ন চার্হথঃ।
রজস্তমোভ্যাং রহিতে পাদমূলে মধুদ্বিষঃ।
পাপিষ্ঠামাসুরীং যোনিং বালিশৌ যাতমাশ্বতঃ ॥৩৭
এবং শপ্তৌ স্বভবনাৎ পতন্তৌ তৌ কৃপালুভিঃ।
প্রোক্তৌ পুনর্জন্মভির্বাং ত্রিভির্লোকায় কল্পতাম্ ॥৩৮
জজ্ঞাতে তৌ দিতেঃ পুত্রৌ দৈত্য-দানববন্দিতৌ।
হিরণ্যকশিপুর্জ্যেষ্ঠো হিরণ্যাক্ষোঽনুজস্ততঃ ॥৩৯

যতঃ তে অতঃ শিশূন্ মত্বা দ্বাঃস্থৌ দ্বারপালৌ জয়-বিজয়ৌ তান্ প্রত্যষেধতাম্ অন্তঃপ্রবেশাৎ নিবারিতবন্তৌ ॥৩৬

এবং প্রতিষেধেন তে কুপিতাঃ সন্তঃ তৌ অশপন্ যথা হে বালিশৌ! অজ্ঞৌ। রজস্তমোভ্যাং রহিতে মধুসূদনস্য ভগবতঃ পাদমূলে বৈকুণ্ঠে যুবাং বাসম্ এব যতঃ ন অর্হথঃ, অতঃ কারণাৎ আশু শীঘ্রম্ এব পাপিষ্ঠাম্ আসুরীং যোনিং যাতং গচ্ছতম্ ॥৩৭

এবং শপ্তৌ অতঃ স্বভবনাৎ বৈকুণ্ঠাৎ পতন্তৌ তৌ তৈঃ কৃপালুভিঃ সনকাদিভিঃ, "যাং যুবয়োঃ, ত্রিভিঃ জন্মভিঃ লোকায় স্বস্থানং প্রাপ্তয়ে শাপঃ কল্পতাং তাবৎ অয়ং শাপঃ সমাপ্যতাম্" ইতি পুনঃ প্রোক্তৌ। অতঃ তৌ দৈত্যদানববন্দিতৌ দিতেঃ পুত্রৌ জজ্ঞাতে ॥৩৮-৩৯

প্রবেশ পথে বাধা দিলেন ।৩৬

ইহাতে তাঁহারা (চতুঃসন) ক্রুদ্ধ হইয়া অভিশাপ দিয়া বলিলেন,—রজঃ ও তমোগুণরহিত মধুসূদনের চরণসন্নিধানে তোমরা বাস করিবার যোগ্য নও। অতএব মূর্খ তোমরা দুইজনে অনতিবিলম্বে পাপময় আসুরীযোনিতে যাইয়া জন্মগ্রহণ কর ।৩৭

এই প্রকারে অভিশপ্ত তাঁহারা স্বস্থান হইতে পতনোন্মুখ হইলে, কৃপালু মুনিগণ পুনরায় বলিলেন তিন জন্মের অন্তে আবার তোমরা নিজের স্থান ফিরিয়া পাইবে। তাঁহারাই পরে দিতির গর্ভে দৈত্য-দানবগণ-বন্দিত জ্যেষ্ঠ হিরণ্যকশিপু ও কনিষ্ঠ হিরণ্যাক্ষ নামে জন্ম-গ্রহণ করেন ।৩৮ ৩৯

হতো হিরণ্যকশিপুর্হরিণা সিংহরূপিণা।
হিরণ্যাক্ষো ধরোদ্ধারে বিভ্রতা শৌকরং বপুঃ ॥৪০
হিরণ্যকশিপুঃ পুত্রং প্রহ্লাদং কেশবপ্রিয়ম্।
জিঘাংসুরকরোন্নানা যাতনা মৃত্যুহেতবে ॥৪১
তং সর্ব্বভূতাত্মভূতং প্রশান্তং সমদর্শনম্।
ভগবত্তেজসা স্পৃষ্টং নাশক্নোদ্ধন্তুমুদ্যমৈঃ ॥৪২

ততস্তৌ রাক্ষসৌ জাতৌ কেশিন্যাং বিশ্রবঃসুতৌ।
রাবণঃ কুম্ভকর্ণশ্চ সর্ব্বলোকোপতাপনৌ ॥৪৩
তত্রাপি রাঘবো ভূত্বা ন্যহনচ্ছাপমুক্তয়ে।
রামবীর্য্যং শ্রোষ্যসি ত্বং মার্কণ্ডেয়মুখাৎ প্রভো ॥৪৪
তাবত্র ক্ষত্রিয়ৌ জাতৌ মাতৃষ্বস্ত্রাত্মজৌ তব।
অধুনা শাপনির্ম্মুক্তৌ কৃষ্ণচক্রহতাংহসৌ ॥৪৫

সিংহরূপিণা নরসিংহরূপেণ হরিণা হিরণ্যকশিপুঃ হতঃ, তথা ধরোদ্ধারে শৌকরং বপুঃ বিভ্রতা হরিণা হিরণ্যাক্ষঃ চ হতঃ ॥৪০

হিরণ্যকশিপুঃ যদা কেশবপ্রিয়ং ভগবদ্ভক্তং স্বপুত্রং প্রহ্লাদং জিঘাংসুঃ সন্ তস্য মৃত্যুহেতবে নানাঃ যাতনাঃ অকরোৎ ॥৪১

ভগবত্তেজসা স্পৃষ্টং ব্যাপ্তং প্রশান্তং রাগদ্বেষাদিশূন্যং, সর্ব্বভূতানাম্ আত্মভূতং সমদর্শনং (সম্ ভগবান্ তমেব সর্ব্বত্র যঃ পশ্যতি তং) তং প্রহ্লাদং তদা উদ্যমৈঃ শস্ত্রাস্ত্রাদিভিঃ হন্তুং ন অশক্নোৎ ॥৪২

ততঃ তদনন্তরং কেশিন্যাং বিশ্রবঃসুতৌ সর্ব্বলোকতাপনৌ রাক্ষসৌ ভূত্বা রাবণঃ কুম্ভকর্ণঃ চ ইতি তৌ জাতৌ ॥৪৩

তত্রাপি জন্মনি ভগবান্ রাঘবঃ ভূত্বা শাপমুক্তয়ে তৌ ন্যহনৎ। হে প্রভো! রামবীর্য্যং ত্বং মার্কণ্ডেয়মুখাৎ শ্রোষ্যসি ॥৪৪

তৌ অত্র জন্মনি তব মাতৃষ্বস্ত্রাত্মজৌ ক্ষত্রিয়ৌ জাতৌ। অধুনা কৃষ্ণচক্রেণ হতয়ঃ অংহঃ যয়োঃ তৌ শাপনির্ম্মুক্তৌ জাতৌ ॥৪৫

নরসিংহ মূর্ত্তিধারণ করিয়া শ্রীহরি হিরণ্যকশিপুকে বধ করেন এবং হিরণ্যাক্ষকর্ত্তৃক আক্রান্ত ধরাকে উদ্ধার করিবার নিমিত্ত হরি বরাহমূর্ত্তি প্রকাশ করেন ।৪০

কেশবপ্রিয় পুত্র প্রহ্লাদকে হত্যা করিবার জন্য হিরণ্যকশিপু নানাপ্রকার মৃত্যুতুল্য যাতনার ব্যবস্থা করিয়াছিল ।৪১

অনেকপ্রকার চেষ্টা করিয়াও ভগবানের তেজে অভিরক্ষিত, সর্বভূতাত্মভূত, প্রশান্তমনা, সর্বভূতে সমভাবাপন্ন প্রহ্লাদকে হত্যা করিতে পারা যায় নাই ।৪২

অনন্তর তাহারা দুইজন কেশিনীর গর্ভে বিশ্রবার পুত্র রাবণ ও কুম্ভকর্ণ নামে দ্বিতীয় রাক্ষসজন্মে সকল লোকের দুঃখদায়ক হইয়াছিল ।৪৩

শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুদ্রক-কর্ম্মকিঙ্কর :—
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস., ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড এইচ (লণ্ডন)।
কিঙ্কর বিমলানন্দ।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্ত্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত।
১৫ই মাঘ, ১৩৭৩।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রসম্বন্ধীয় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫·০০, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০·০০, প্রতি সংখ্যা ২·০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্ত্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

ওঁশ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌহাটি
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

যদি দাস্যস্যভিমতান্ বরান্ মে বরদোত্তম।
ভূতেভ্যস্ত্বদ্বিসৃষ্টেভ্যো মৃত্যুর্মাভূন্মম প্রভো ॥৩৫
নান্তর্বহির্দিবা নক্তমস্ত্রাদপি চায়ুধৈঃ।
ন ভূমৌ নাম্বরে মৃত্যুর্ন নরৈর্ন মৃগৈরপি ॥৩৬
ব্যসুভির্বাশ্বমদ্ভির্বা সুরাসুরমহোরগৈঃ।
অপ্রতিদ্বন্দ্বতাং যুদ্ধে ঐকপত্যঞ্চ দেহিনাম্ ॥৩৭
সর্ব্বেষাং লোকপালানাং মহিমানং যথাত্মনঃ।
তপো-যোগপ্রভাবাণাং ন ত্বা বিস্মৃতি কর্হিচিৎ ॥৩৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩

হে বরদোত্তম। হে প্রভো। যদি মম অভিমতান্ বরান্ ত্বং দাতুমিচ্ছসি, তদা ত্বদ্বিসৃষ্টেভ্যঃ ভূতেভ্যঃ সকাশাৎ মম মৃত্যুঃ মরণং মা ভূৎ ॥৩৫

(গৃহাদীনাম্) অন্তঃ মধ্যে ন তেভ্যঃ বহিঃ চ, ন দিবা অহনি, ন নক্তং রাত্রৌ, অস্মাৎ ত্বৎ-সৃষ্ট-ব্যতিরিক্তাৎ ইতঃ কালাৎ চ আয়ুধৈঃ খড়্গাদিভিঃ ভূমৌ পৃথিব্যাং, ন অম্বরে আকাশে, ন নরৈঃ,ন মৃগৈঃ অপি। ব্যসুভিঃ প্রাণরহিতৈঃ বা অসুমদ্ভিঃ স্বপ্রাণৈঃ, সুরাসুর-মহোরগৈঃ (সুরৈঃ দেবৈঃ অসুরৈঃ মহোরগৈঃ সর্পৈঃ চ) যে মৃত্যুঃ মা ভূৎ (ইতি যে একো বরঃ)। যথা সর্ব্বেষাং লোকপালানাং মহিমা আত্মনঃ তব যথা অস্তি, তথা তং মহিমানং যথাপি দেহি। যুদ্ধে অপ্রতিদ্বন্দ্বতাং দেহিনাম্ ঐকপত্যং, তথা তপোযোগ-প্রভাবাণাং (তপসা যোগেন চ প্রভাবঃ যেষাং তেষাং) যং অনিমাদ্যৈশ্বর্য্যং কর্হিচিৎ অপি ন বিস্মৃতি ন নশ্যতি, তৎ অপি দেহি ॥৩৬-৩৮

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীধরস্বামিনাথ-পাদবিরচিতায়াং তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩

হে বরদাতাগণের শ্রেষ্ঠ! যদি আমার অভিমত বরদান করিবেন, তবে আমাকে এই বরদান করুন যেন আপনার সৃষ্ট কোন প্রাণি হইতে আমার মৃত্যু না হয়।৩৫

আরও গৃহের অভ্যন্তরে বা বাহিরে, দিবসে বা রাত্রিতে, আপনার সৃষ্ট ব্যতিরিক্ত কাহারও দ্বারা, কোনও অস্ত্রশস্ত্রদ্বারা, ভূমিতে বা শূন্য আকাশে কোনও মানুষ বা কোনও পশুদ্বারা প্রাণহীন বা প্রাণবান্ দেবতা অসুর বা মহাসর্পাদিদ্বারাও যেন আমার মৃত্যু না হয়। যুদ্ধে অপ্রতিদ্বন্দ্বতা এবং জীবগণের উপর একাধিপত্য ও লোকপালগণের উপর যে মহিমা আপনার আছে, উহা আমাকে দান করুন এবং আমার তপস্যা ও সমাধিলব্ধ প্রভাব অনিমাদি ঐশ্বর্য্য যেন কোন দিন বিনষ্ট না হয়—এই বর প্রদান করুন।৩৬-৩৮

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে সপ্তমস্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থঃ অধ্যায়ঃ

[বরলাভানন্তরং নিখিল-লোকপালান্ পরাজিত্য বিষ্ণুদ্বেষিণা হিরণ্যকশিপুনা তেষামুৎপীড়নম্]

নারদ উবাচ।

এবং বৃতঃ শতধৃতির্হিরণ্যকশিপোরথ।
প্রাদাৎ তত্তপসা প্রীতো বরাংস্তস্য সুদুর্লভান্ ॥১

ব্রহ্মোবাচ।

তাতেমে দুর্লভাঃ পুংসাং যান্ বৃণীষে বরান্ মম।
তথাপি বিতরাম্যঙ্গ বরান্ যদ্যপি দুর্লভান্ ॥২

ততো জগাম ভগবানমোঘানুগ্রহো বিভুঃ।
পূজিতোঽসুরবর্য্যেণ স্তূয়মানঃ প্রজেশ্বরৈঃ ॥৩
এবং লব্ধবরো দৈত্যো বিভ্রদ্ধেমময়ং বপুঃ।
ভগবত্যকরোদ্ দ্বেষং ভ্রাতুর্বধমনুস্মরন্ ॥৪
স বিজিত্য দিশঃ সর্ব্বা লোকাংশ্চ ত্রীন্ মহাসুরঃ।
দেবাসুর-মনুষ্যেন্দ্র-গন্ধর্ব্ব-গরুড়োরগান্ ॥৫
সিদ্ধ-চারণ-বিদ্যাধ্রান্ ঋষীন্ পিতৃপতীন্ মনূন্।
যক্ষ-রক্ষঃ-পিশাচেশান্ প্রেত-ভূতপতীনপি ॥৬

অন্বয়ঃ।

নারদঃ উবাচ। অথ এবং বৃতঃ যাচিতঃ শতধৃতিঃ ব্রহ্মা তস্য হিরণ্যকশিপুঃ তপসা প্রীতঃ সন্ তস্য তস্মৈ সুদুর্লভান্ বরান্ প্রাদাৎ ॥১

ব্রহ্মা উবাচ। হে তাত। যান্ বরান্ ত্বং মম সকাশাৎ বৃণীষে, তে ইমে পুংসাং দুর্লভাঃ যদ্যপি সন্তোষং, তথাপি হে অঙ্গ। দুর্লভান্ তান্ বরান্ বিতরামি প্রদদামি ॥২

অন্বয়ঃ

ততঃ অনন্তরম্ অসুরবর্য্যেণ পূজিতঃ প্রজেশ্বরৈঃ চ স্তূয়মানঃ অমোঘানুগ্রহঃ (অমোঘঃ অব্যর্থঃ অনুগ্রহঃ যস্য সঃ) ভগবান্ বিভুঃ ব্রহ্মা স্বস্থানম্ জগাম ॥৩

এবং লব্ধাঃ বরাঃ যেন সঃ দৈত্যঃ হিরণ্যকশিপুঃ হেমময়ং হিরণ্যবৎ প্রকাশমানং বপুঃ বিভ্রৎ বিভ্রাণঃ ভ্রাতুঃ হিরণ্যাক্ষস্য বধম্ অনুস্মরন্ ভগবতি বিষ্ণৌ দ্বেষম্ অকরোৎ ॥৪

সঃ মহাসুরঃ হিরণ্যকশিপুঃ ত্রীন্ লোকান্ সর্ব্বাঃ দিশঃ চ বিজিত্য দেবাসুর-মনুষ্যেন্দ্রান্, গন্ধর্ব-গরুড়-সর্পান্, সিদ্ধ-চারণ-

---

চতুর্থ অধ্যায়

বরলাভের পর নিখিল লোকপালগণকে পরাজিত করিয়া বিষ্ণুর প্রতি হিংসুক হিরণ্যকশিপু কর্ত্তৃক তাঁহাদের উৎপীড়ন)

শ্রীনারদ বলিলেন—অশেষ ধৈর্য্যের আকর ব্রহ্মা হিরণ্যকশিপুর তপস্যায় প্রীত হইয়া সুদুর্লভ বর চাহিলেও উহা দিয়াছিলেন।১

ব্রহ্মা বলিলেন—বৎস! যে সকল বর আমার সমীপে তুমি প্রার্থনা করিতেছ, উহা পুরুষের অতি দুর্লভ। অতি দুর্লভ হইলেও তোমাকে আমি উহা প্রদান করিলাম।২

অনন্তর অসুরশ্রেষ্ঠ হিরণ্যকশিপুকর্ত্তৃক পূজিত এবং প্রজাপতিগণের দ্বারা সংস্তুত হইয়া অমোঘানুগ্রহ ব্রহ্মা স্বস্থানে গমন করিলেন।৩

এই প্রকারে বরলাভ করিয়া স্বর্ণকান্তি দেহ ধারণপূর্বক সে ক্রমে দেবতা, অসুর, মানুষ, ইন্দ্র, গন্ধর্ব, গরুড় ও সর্পগণকে, এমন কি সিদ্ধ, চারণ, বিদ্যাধর, ঋষিকুল, পিতৃগণ, মনুগণ, যক্ষ, রক্ষ, পিশাচেশ্বর, প্রেত ও ভূতপতিপ্রভৃতি সমস্ত প্রাণি-জগতের পালকগণকে পরাজিত ও বশে আনয়ন করিয়া বিশ্বজয়ী নিজের বলে লোকপালগণের স্থানও সে হরণ করিল।৪-৭

সর্ব্বদত্ত্বপতীন্ জিত্বা বশমানীয় বিশ্বজিৎ।
জহার লোকপালানাং স্থানানি সহ তেজসা ॥৭

দেবোদ্যানশ্রিয়া জুষ্টমধ্যাস্তে স্ম ত্রিপিষ্টপম্।
মহেন্দ্রভবনং সাক্ষাদ্বিশ্রকর্ম্মবিনির্ম্মিতম্।
ত্রৈলোক্যলক্ষ্ম্যায়তনমধ্যবাসাখিলর্দ্ধিমৎ ॥৮

যত্র বিক্রমসোপানা মহামারকতা ভুবঃ।
যত্র স্ফাটিককুড্যানি বৈদূর্য্যস্তম্ভপঙ্‌ক্তয়ঃ ॥৯

যত্র চিত্রবিতানানি পদ্মরাগাসনানি চ।
পয়ঃফেননিভাঃ শয্যা মুক্তাদামপরিচ্ছদাঃ ॥১০

কূজদ্ভির্নূপুরৈর্দেব্যঃ শব্দয়ন্ত্য ইতস্ততঃ।
রত্নস্থলীষু পশ্যন্তি সুদতীঃ সুন্দরং মুখম্ ॥১১

তস্মিন্ মহেন্দ্রভবনে মহাবলো
মহামনা নির্জ্জিতলোক একরাট্।
রেমেঽভিবন্দ্যাঙ্ঘ্রিযুগঃ সুরাদিভিঃ
প্রতাপিতৈরূর্জ্জিতচণ্ডশাসনঃ ॥১২

তমঙ্গ মত্তং মধুনোরুগন্ধিনা
বিবৃত্ততাম্রাক্ষমশেষধিষ্ণ্যপাঃ।
উপাসতোপায়নপাণিভির্বিনা
ত্রিভিস্তপো-যোগ-বলৌজসাং পদম্ ॥১৩

বিদ্যাধরান্, যক্ষীন্, পিতৃপতীন্, মনূন্, যক্ষ-রাক্ষস-পিশাচপতীন্, প্রেতভূতপতীন্, সর্ব্বদত্ত্বপতীন্ জিত্বা বশম্ আনীয় বিশ্বজিৎ সন্ লোকপালানাং তেজসা সহ স্থানানি জহার ॥৬-৭

দেবোদ্যান-শ্রিয়া জুষ্টং সেবিতং ত্রিপিষ্টপং স্বর্গম্ অধ্যাস্তে স্ম, তথা সাক্ষাৎ বিশ্বকর্ম্মণা শিল্পাচার্য্যেণ নির্ম্মিতং ত্রৈলোক্যলক্ষ্ম্যাঃ আয়তনম্ আশ্রয়ম্ অখিলর্দ্ধিমৎ সর্ব্বতোগ্যোপকরণযুক্তম্ মহেন্দ্রভবনম্ অধ্যবাস অধিষ্ঠিতবান্ ॥৮

যত্র ভবনে বিক্রমমণিময়াঃ সোপানাঃ মহামারকতাঃ ইন্দ্রনীলময়াঃ ভুবঃ স্থলানি বেদিকাশ্চনি, যত্র ভবনে স্ফাটিক-কুড্যানি স্ফটিকময়ানি কুড্যানি ভিত্তয়ঃ, তথা বৈদূর্য্য-মণিময়াঃ স্তম্ভানাং পংক্তয়ঃ ॥৯

যত্র চিত্রাণি বিতানানি, পদ্মরাগময়ানি আসনানি, মুক্তা-দামানি পরিচ্ছদাঃ পরিকরাঃ যাসাং তাঃ পয়ঃ-ফেননিভাঃ দুগ্ধফেনবন্মৃদুলাঃ শুভ্রাশ্চ শয্যাঃ ॥১০

ভত্র চ সুদতীঃ সুদত্যঃ দেবাঃ দেবাস্ত্রয়ঃ, কূজদ্ভিঃ ধ্বনদ্ভিঃ নূপুরৈঃ ইতস্ততঃ তত্র তত্র শব্দয়ন্ত্যঃ শব্দং কুর্ব্বত্যঃ রত্নস্থলীষু সুন্দরং স্বকীয়ং মুখং পশ্যন্তি ॥১১

তস্মিন্ মহেন্দ্রভবনে সঃ মহামনাঃ নির্জ্জিতলোকঃ (নির্জ্জিতাঃ লোকাঃ যেন সঃ) মহাবলঃ হিরণ্যকশিপুঃ প্রতাপিতৈঃ সুরাদিভিঃ দেবাদিভিঃ অভিবন্দ্যাঙ্ঘ্রিযুগঃ (অভিবন্দ্যৌ অঙ্ঘ্রি যুগৌ যস্য সঃ) ঊর্জ্জিত-চণ্ডশাসনঃ (ঊর্জ্জিতম্ অধিকং চণ্ডং প্রচণ্ডং শাসনং তাপকং যস্য সঃ) একরাট্ যথা তথা রেমে ॥১২

হে অঙ্গ যুধিষ্ঠির ! ত্রিভিঃ ব্রহ্ম-বিষ্ণু-শিবৈঃ বিনা অন্যে অশেষধিষ্ণ্যপাঃ সর্ব্বে লোকপালাঃ উপসদ্ভিঃ উপসত্তেন অধুনা সুরয়া মত্তম্ অনবহিতম্, অতঃ বিবৃত্ততাম্রাক্ষং (বিবৃত্তে বিঘূর্ণিতে তাম্রে অক্ষিণী যস্য তং) তপো-যোগ-বলৌজসাং পদম্ আশ্রয়ং তম্ অনুসৃত্য উপায়নং পূজাদ্রব্যং তদ্‌হস্তৈঃ পাণিভিঃ উপাসত ॥১৩

নন্দনবনাদি দিব্য উদ্যানে পরিশোভিত স্বর্গে যাইয়া সেখানেও আবার সাক্ষাৎ বিশ্বকর্ম্মার নির্ম্মিত ইন্দ্রের গৃহে ত্রিলোকের সকল সম্পদের আশ্রয়স্থলে সর্ব-প্রকার সমৃদ্ধিতে পূর্ণ হইয়া সে বাস করিতে লাগিল ॥৮

যেখানে সোপানসমূহ প্রবাল নির্ম্মিত ও ভূমি মরকতমণিময়, স্ফটিকের ভিত্তি আর তাহার উপর বৈদূর্য্যমণিময় স্তম্ভ শোভিত আছে ॥৯

বিচিত্র চন্দ্রাতপতলে পদ্মরাগমণিময় আসন, দুগ্ধ-ফেন তুল্য মৃদু ও শুভ্র শয্যা ও তাহাতে মুক্তামণির ঝালর ॥১০

যেখানে নূপুরসিঞ্জনে চতুর্দ্দিক মুখরিত করিয়া দেবাঙ্গনারা রত্নখচিত স্থানে নিজেদের সুন্দর মুখ এবং দন্তের শোভা দেখিয়া থাকেন ॥১১

সেই ইন্দ্রালয়ে মহামনা মহাপরাক্রমশালী অসুর ত্রিলোকজয়ী একাধিপত্য বিস্তার করিয়া দেবতাগণের দ্বারাও অভিবন্দিতচরণ হইয়া মহাপ্রতাপী এবং উগ্র শাসন হিরণ্যকশিপু বিরাজ করিতে থাকিল ॥১২

হে রাজন্ যুধিষ্ঠির ! উগ্রগন্ধ সুরাপানে প্রমত্ত, বিকশিত রক্তচক্ষু, যোগবল ও তেজের আশ্রয় সেই

জগুর্মহেন্দ্রাসনমোজসা স্থিতং
বিশ্বাবসুস্তুম্বুরুনারদাদয়ঃ।
গন্ধর্ব্বসিদ্ধা মুনয়োঽস্তবন্ মুহু-
র্বিদ্যাধরাশ্চাপ্সরসশ্চ পাণ্ডব ॥১৪
স এব বর্ণাশ্রমিভিঃ ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ।
ইজ্যমানো হবির্ভাগানগ্রহীৎ স্বেন তেজসা ॥১৫
অকৃষ্টপচ্যা তস্যাসীৎ সপ্তদ্বীপবতী মহী।
তথা কামদুঘা দ্যৌস্তু নানাশ্চর্য্যপদং নভঃ ॥১৬

রত্নাকরাশ্চ রত্নৌঘাংস্তৎপত্ন্যশ্চোহুরূর্ম্মিভিঃ
ক্ষার-সীধু-ঘৃত-ক্ষৌদ্র-দধি-ক্ষীরামৃতোদকাঃ ॥১৭
শৈলা দ্রোণীভিরাক্রীড়ং সর্ব্বর্ত্তুষু গুণান্ দ্রুমাঃ।
দধার লোকপালানামেক এব পৃথগ্ গুণান্ ॥১৮
স ইত্থং নির্জ্জিতককুবেকরাড়্ বিষয়ান্ প্রিয়ান্।
যথোপজোষং ভুঞ্জানো নাতৃপ্যদজিতেন্দ্রিয়ঃ ॥১৯

ওজসা স্ববলেন মহেন্দ্রস্য আসনং স্থিতম্ অধিষ্ঠিতং তং হিরণ্যকশিপুং বিশ্বাবসুঃ গন্ধর্ব্বমুখ্যঃ, তুম্বুরুঃ, অহমপি নারদঃ গাননিপুণাঃ সর্ব্বে জগুঃ তস্য গুণগানং চক্রুঃ। তথা হে পাণ্ডব। গন্ধর্ব্বসিদ্ধাঃ মুনয়ঃ বিদ্যাধরাঃ চ অপ্সরসঃ চ মুহুঃ অস্তবন্ ॥১৪

সঃ এব অসুরঃ বর্ণাশ্রমিভিঃ কর্ত্তৃভিঃ ভূরিদক্ষিণা যেষু তৈঃ ক্রতুভিঃ ইজ্যমানঃ আরাধ্যমানঃ স্বেন তেজসা বলেন এব হবির্ভাগান্ অগ্রহীৎ ॥১৫

তস্য অসুরস্য সম্বন্ধিনী বা সপ্তদ্বীপবতী মহী পৃথিবী সা অকৃষ্টপচ্যা কর্ষণেন বিনা পক্কসম্বতী আসীৎ; তথা দ্যৌঃ স্বর্গাভিমানিনী দেবতা কামং যথেষ্টং দোগ্ধি ইষ্টান্ অর্থান্ পূরয়তীতি কামদুঘা এবং নভঃ অন্তরীক্ষাভিমানিনী দেবতা নানাশ্চর্য্যময়ং বিবিধবস্তুপ্রদম্ অভূৎ ॥১৬

ক্ষার-সীধু-ঘৃত-ক্ষৌদ্র-(ইক্ষুরস)-দধি-ক্ষীরামৃতোদকাঃ রত্নাকরাঃ সমুদ্রাঃ তৎপত্ন্যঃ নদ্যশ্চ ঊর্ম্মিভিঃ তরঙ্গৈঃ রত্নৌঘান্ রত্নসমূহান্ ঊহুঃ প্রাপয়াঞ্চক্রুঃ ॥১৭

শৈলাঃ পর্ব্বতাঃ, দ্রোণীভিঃ আক্রীড়ং ক্রীড়াস্থানং, তথা দ্রুমাঃ সর্ব্বে এব সর্ব্বেষু এব ষট্সু ঋতুষু স্ব-স্ব-গুণান্ ফলপুষ্পাদীন্ প্রকটিতবন্তঃ। সঃ একঃ এব সর্ব্বেষাং লোকপালানাম্ ইন্দ্রাগ্নিবায্বাদীনাং পৃথক্ গুণান্ দর্ষণ-দাহ-শোষণাদিরূপান্ দধার সর্ব্বেষাম্ আধিপত্যমেক এব চকার ॥১৮

ইত্থং নির্জ্জিতাঃ ককুভাঃ দিশঃ যেন সঃ অতএব একঃ এব

দানবকে সকল লোকপালগণ নানা উপহার হাতে করিয়া উপাসনা করিত। শুধু ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর তিনজন বাকী ছিলেন।১৩

যে বলপূর্বক ইন্দ্রের আসন অধিকার করিয়া বসিয়াছে, বিশ্বাবসু, তুম্বুরু এবং আমি (নারদ) সকল গন্ধর্ব, সিদ্ধ, বিদ্যাধর ও অপ্সরা সকলকেই তাহার স্তব গান করিতে হইত। সে-ই নিজের বলে বর্ণাশ্রমাচারপরায়ণ ব্যক্তিগণের অনুষ্ঠিত বহু দক্ষিণাসহ যজ্ঞের হবির ভাগ গ্রহণ করিত। তাহার এরূপ প্রভাব হইল যে সপ্তদ্বীপবতী ধরণী বিনা কর্ষণেই শস্য প্রদান করিতে লাগিল। স্বর্গাভিমানিনী দেবতাগণ তাহার অভিলাষ পূর্ণ করিতে লাগিলেন এবং আকাশেও নানারূপ আশ্চর্য্য দর্শন হইতে লাগিল।১৪-১৬

লবণ, ইক্ষু, সুরা, ঘৃত, মধু, দধি, দুগ্ধ ও অমৃতাস্বাদ জলে পূর্ণ, রত্নাকর সাগরগণ বহুরত্ন দান করিতে প্রবৃত্ত হইল। তাহাদের পত্নী নদীরাও তরঙ্গে তরঙ্গে রত্ন বহন করিয়া দিতে লাগিল।১৭

গন্ধের সহ শৈলসমূহ তাহার ক্রীড়াস্থলী হইল। সকল লোকপালের কার্য্য (বর্ষণ, দহন ও শোষণ-প্রভৃতি) সে একাই সমাধান করে বলিয়া তাহার নিমিত্ত বৃক্ষসকল সকল ঋতুতেই স্ব স্ব ফল পুষ্প নিজগুণ ভূষিত হইয়া অবস্থান করে।১৮

এই প্রকারে দিগ্‌বিজয়ী একাধিপতি নিজের প্রিয় ভোগ্যবিষয় ভোগ করিয়াও কিন্তু অজিতেন্দ্রিয় বলিয়া তৃপ্তি লাভ করিল না। এই প্রকার ঐশ্বর্য্য-প্রমত্ত, অভিমানী ও উৎপথগামী দানবের বহুকাল

এবমৈশ্বর্য্যমত্তস্য দৃপ্তস্যোচ্ছাস্ত্রবর্ত্তিনঃ।
কালো মহান্ ব্যতীয়ায় ব্রহ্মশাপমুপেয়ুষঃ ॥২০
তস্যোগ্রদণ্ডসংবিগ্নাঃ সর্ব্বে লোকাঃ সপালকাঃ।
অন্যত্রালব্ধশরণাঃ শরণং যযুরচ্যুতম্ ॥২১
তস্মৈ নমোঽস্তু কাষ্ঠায়ৈ যত্রাস্তা হরিরীশ্বরঃ।
যদগত্বা ন নিবর্ত্তন্তে শান্তাঃ সন্ন্যাসিনোঽমলাঃ ॥২২
ইতি তে সংযতাত্মানঃ সমাহিতধিয়োঽমলাঃ।
উপতস্থুর্হৃষীকেশং বিনিদ্রা বায়ুভোজনাঃ ॥২৩

তেষামাবিরভূদ্ বাণী অরূপা মেঘনিস্বনা।
সন্নাদয়ন্তী ককুভঃ সাধূনামভয়ঙ্করী ॥২৪

মা ভৈষ্ট বিবুধশ্রেষ্ঠাঃ সর্ব্বেষাং ভদ্রমস্তু বঃ।
মদ্দর্শনং হি ভূতানাং সর্ব্বশ্রেয়োপপত্তয়ে ॥২৫

জ্ঞাতমেতস্য দৌরাত্ম্যং দৈতেয়াপসদস্য যৎ।
তস্য শান্তিং করিষ্যামি কালং তাবৎ প্রতীক্ষত ॥২৬

রাজ্যে ইত্যেকরাট্ সন্ যথোপজোষং যথাপ্রীতি প্রিয়ান্ ইষ্টান্ বিষয়ান্ ভুঞ্জানঃ অপি অজিতেন্দ্রিয়ঃ অত্যন্তাবিবেকী ন অচ্যুতাৎ ॥১৯

এবম্ উক্তাস্ত্রবর্ত্তিনঃ শাস্ত্রমর্য্যাদামুল্লঙ্ঘ্য বর্ত্তমানস্য ঐশ্বর্য্যমত্তস্য দৃপ্তস্য গর্ব্বিতস্য ব্রহ্মশাপম্ উপেয়ুষঃ সনকাদিশাপাৎ প্রাপ্তবতঃ মহান্ কালঃ ব্যতীয়ায় অতিক্রান্তঃ অভূৎ ॥২০

তস্য দৈতস্য উগ্রেণ দণ্ডেন শাসনেন সংবিগ্নাঃ অতিভীতাঃ সপালকাঃ সর্ব্বে লোকাঃ অন্যত্র তদ্ভয়তঃ লব্ধানাং ন লব্ধুং শরণং রক্ষকং রক্ষণং বা যৈঃ তে অচ্যুতং বিষ্ণুং শরণং যযুঃ ॥২১

যস্য যস্যাং বা হরিঃ শরণাগতত্রাণকর্ত্তা ভগবান্ আস্তে, তস্যৈ কাষ্ঠায়ৈ দিশে নমঃ; যৎ যং শ্রীহরিং গত্বা প্রাপ্য শান্তাঃ অমলাঃ, সন্ন্যাসিনঃ ন নিবর্ত্তন্তে ॥২২

ইতি এবং সংযতাত্মানঃ বশীকৃত-বাহ্যেন্দ্রিয়াঃ; সমাহিতধিয়ঃ বশীকৃতান্তঃকরণাঃ, বিনিদ্রাঃ বশীকৃতদেহাঃ, বায়ুভোজনাঃ বশীকৃতপ্রাণাঃ, অমলাঃ মৎসরাদি-দোষ-রহিতাঃ সন্তঃ তে হৃষীকেশং হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাং নিয়ন্তারং ভগবন্তম্ উপতস্থুঃ উপাসিষু ॥২৩

উপতিষ্ঠতাং তেষাম্ অরূপা মেঘনিস্বনা গম্ভীরঘোষা সাধূনাম্ অভয়ঙ্করী ভয়নিবর্ত্তিকা বাণী ককুভঃ দিশঃ সন্নাদয়ন্তী প্রতিধ্বনয়ন্তী আবিরভূৎ ॥২৪

হে বিবুধশ্রেষ্ঠাঃ! যূয়ং মা ভৈষ্ট। ভদ্রং মা কুরুত। যঃ যুষ্মাকং সর্ব্বেষাং ভদ্রং সুখম্ এব অস্তু! হি যস্মাৎ, মম দর্শনং কটাক্ষঃ এব ভূতানাং সর্ব্বশ্রেয়সাং পুরুষার্থানাম্ উপপত্তয়ে প্রাপ্তয়ে ভবতি ॥২৫

দৈতেয়াপসদস্য (দৈতেয়েষু অপসদস্য অধমস্য) এতস্য হিরণ্যকশিপোঃ যৎ দৌরাত্ম্যং দুর্জ্জনত্বম্, তৎ ময়া জ্ঞাতমেব। অতঃ তস্য শান্তিং যৎ যাবৎ করিষ্যামি, তাবৎ কালং প্রতীক্ষত। বিলম্বং সহধ্বম্ ॥২৬

অতিবাহিত হইল। ব্রহ্মশাপগ্রস্ত সেই দানবের উগ্র দণ্ডবিধানের ফলে লোকপালসহ সকলেরই অত্যন্ত উদ্বেগ হইল। তাঁহারা অন্যত্র কোথাও শরণ গ্রহণ করিবার মত আশ্রয় না পাইয়া অচ্যুতের শরণাপন্ন হইলেন। তাঁহারা সংযতেন্দ্রিয়, সমাহিত-চিত্ত, নির্মল, বিনিদ্র ও বায়ুমাত্র ভোজন করিয়া হৃষীকেশের উপাসনা করিয়া বলিলেন—যেদিকে আত্মা শ্রীহরি-পরমেশ্বর অবস্থান করেন, যেখানে গেলে শান্তমনা নির্মলান্তঃকরণ সন্ন্যাসিগণ আর ফিরিয়া আসেন না, সেই দিক্‌কে প্রণাম করি।১৯-২৩

এই ভাবে লোকপালগণ উপাসনা করিতে থাকিলে বক্তারহিত অশরীরী বাণী দিক্‌সমূহকে মুখরিত করিল। মেঘগম্ভীর সেই ধ্বনি সাধুগণের অভয়ঙ্করী।২৪

তাঁহারা শুনিলেন—হে বিবুধশ্রেষ্ঠগণ! আপনাদের সকলের মঙ্গল হউক। আমার দর্শন সকল জীবের পরম মঙ্গলের কারণ। দানবাধমের দৌরাত্ম্য আমি জানিয়াছি, তাহার উপশমের কাল পর্য্যন্ত আপনারা প্রতীক্ষা করুন।২৫-২৬

যথা দেবেষু বেদেষু গোষু বিপ্রেষু সাধুষু।
ধর্ম্মে ময়ি চ বিদ্বেষঃ স বা আশু বিনশ্যতি ॥২৭

নির্ব্বৈরায় প্রশান্তায় সুহৃদায় মহাত্মনে।
প্রহ্লাদায় যদা দ্রুহ্যেদ্ধনিষ্যেঽপি বরোজ্জিতম্ ॥২৮

নারদ উবাচ।
ইত্যুক্তো লোকগুরুণা তং প্রণম্য দিবৌকসঃ।
ন্যবর্ত্তন্ত গতোদ্বেগা মেনিরে চাসুরং হতম্ ॥২৯

তস্য দৈত্যপতেঃ পুত্রাশ্চত্বারঃ পরমাদ্ভুতাঃ।
প্রহ্লাদোঽভূন্মহাংস্তেষাং গুণৈর্মহদুপাসকঃ ॥৩০

ব্রহ্মণ্যঃ শীলসম্পন্নঃ সত্যসন্ধো জিতেন্দ্রিয়ঃ।
আত্মবৎ সর্ব্বভূতানামেকপ্রিয়সুহৃত্তমঃ ॥৩১

দাসবৎ সন্নতার্য্যাঙ্ঘ্রি পিতৃবৎ দীনবৎসলঃ।
ভ্রাতৃবৎ সদৃশে স্নিগ্ধো গুরুষ্বীশ্বরভাবনঃ।
বিদ্যার্থরূপজন্মাঢ্যো মানস্তম্ভবিবর্জ্জিতঃ ॥৩২

যদা যস্মিন্ কালে যস্ত প্রাণিনঃ দেবেষু, বেদেষু, গোষু, বিপ্রেষু, সাধুষু, ধর্ম্মে, ময়ি চ বিদ্বেষঃ জায়তে, তদা সঃ বৈ অবধারণে, আশু বিনশ্যতি ॥২৭

যদা হিরণ্যকশিপুঃ নির্ব্বৈরায় প্রশান্তায় সুহৃদায় মহাত্মনে প্রহ্লাদায় দ্রুহ্যেৎ, তদা ধরোজ্জিতম্ (ব্রহ্মবরৈঃ উজ্জিতং বর্দ্ধিতম্ অপি) এনম্ অহং হনিষ্যে ॥২৮

নারদঃ উবাচ। ইতি এবং লোকগুরুণা উক্তাঃ, অতঃ গতোদ্বেগাঃ (গতঃ উদ্বেগঃ যেষাং তথাবিধাঃ তে) দিবৌকসঃ দেবাঃ তং প্রণম্য তদ্বচনস্থানম্ উপাসনাং ন্যবর্ত্তন্ত তথা অসুরং চ হতপ্রায়ং মেনিরে অমন্যন্ত ॥২৯

তস্য দৈত্যপতেঃ প্রহ্লাদানুহ্লাদ-সংহ্লাদ-হ্লাদাখ্যাঃ চত্বারঃ পরমাদ্ভুতাঃ পুত্রাঃ আসন্। তেষাং মধ্যে প্রহ্লাদঃ গুণৈঃ কৃত্বা মহান্ অভূৎ; যতঃ মহদুপাসকঃ মহতাং ভগবদ্ভক্তানাম্ উপাসকঃ ভগবদ্ভক্তিনিষ্ঠঃ ইতি ॥৩০

ব্রহ্মণ্যঃ শীলসম্পন্নঃ (শীলেন সুস্বভাবেন যুক্তঃ) সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ, জিতেন্দ্রিয়ঃ (জিতানি অন্তর্বাহ্যেনি ইন্দ্রিয়াণি যেন সঃ) আত্মবৎ পরমাত্মবৎ একঃ এব সর্ব্বভূতানাং প্রিয়ঃ সুহৃত্তমঃ হিতৈষী চ ॥৩১

দাসবৎ সম্যক্ নম্রাঃ নম্রতাঃ আর্য্যাণাং মহতাম্ অঙ্ঘ্রয়ঃ যেন সঃ; পিতৃবৎ দীনেষু বাৎসল্যযুক্তঃ, ভ্রাতৃবৎ সদৃশেষু স্বজনেষু স্নিগ্ধঃ অনুরাগযুক্তঃ, গুরুষু ঈশ্বরঃ ইতি ভাবনা দৃষ্টিঃ যস্য সঃ;

যখন কোনও ব্যক্তি দেবতা, বেদ, গোমাতা, ব্রাহ্মণ, সাধু, ধর্ম্ম ও আমার প্রতি বিদ্বেষ করে, তখন সেই বিদ্বেষী অনতিবিলম্বে বিনিষ্ট হয় ।২৭

ব্রহ্মার বরে অত্যন্ত তেজোদৃপ্ত হইলেও হিরণ্যকশিপু যখন তাহার নিজপুত্র মহাত্মা প্রশান্তমনা নির্বৈর-প্রহ্লাদের প্রতি দ্রোহ আচরণ করিবে, তখন আমি তাহাকে নিহত করিব ।২৮

শ্রীনারদ বলিলেন—এই প্রকার উক্তি শ্রবণ করিয়া দেববৃন্দ লোকগুরু ভগবান্‌কে প্রণাম করিয়া "আর চিন্তা নাই, অসুর এবার মরিয়াছে" ভাবিয়া স্বস্থানে প্রত্যাবর্ত্তন করিলেন ।২৯

দানবের বিদ্বেষের কথা বলিবার নিমিত্ত প্রথমত পুত্র প্রহ্লাদের মহত্বের কথা প্রকাশ করিতেছেন। সেই দৈত্যপতি হিরণ্যকশিপুর চারিটি পুত্র। পরম অদ্ভুতচরিত্র তাহারা। তন্মধ্যে প্রহ্লাদ মহদ্‌দিগের উপাসনায় গুণে মহান্ হইয়াছিলেন ।৩০

তিনি জিতেন্দ্রিয়, ব্রহ্মণ্য, সুশীল, সত্যসন্ধ, সর্বভূতে-প্রীতিসম্পন্ন সকলের সুহৃত্তম পরমবান্ধব ছিলেন ।৩১

মান্যব্যক্তির সমীপে তিনি দাসের মত থাকিতেন, দীনজনের প্রতি বাৎসল্য-ভাবাপন্ন, সমান ব্যক্তির সঙ্গে স্নেহবান্ ও গুরুজনের প্রতি ঈশ্বরভাবনা-পরায়ণ ছিলেন। তাঁহার বিদ্যা, ধন, রূপ এবং আভিজাত্য সম্বন্ধে অহঙ্কার বা অভিমান ছিল না ।৩২

নোদ্বিগ্নচিত্তো ব্যসনেষু নিস্পৃহঃ
শ্রুতেষু দৃষ্টেষু গুণেষ্ববস্তুদৃক্।
দান্তেন্দ্রিয়-প্রাণ-শরীরধীঃ সদা
প্রশান্তকামো রহিতাসুরোঽসুরঃ ॥৩৩
যস্মিন্ মহদ্‌গুণা রাজন্ গৃহ্যন্তে কবিভির্মুহুঃ।
ন তেঽধুনাপিধীয়ন্তে যথা ভগবতীশ্বরে ॥৩৪
যং সাধুগাথাসদসি দ্বিষবোঽপি সুরা নৃপ।
প্রতিমানং প্রকুর্ব্বন্তি কিমুতাস্যে ভবাদৃশাঃ ॥৩৫
গুণৈরলমসংখ্যেয়ৈর্মাহাত্ম্যং তস্য সূচ্যতে।
বাসুদেবে ভগবতি যস্য নৈসর্গিকী রতিঃ ॥৩৬
ন্যস্তক্রীড়নকো বালো জড়বৎ তন্মনস্তয়া।
কৃষ্ণগ্রহগৃহীতাত্মা ন বেদ জগদীদৃশম্ ॥৩৭
আসীনঃ পর্য্যটন্নশ্নন্ শয়ানঃ প্রপিবন্ ব্রুবন্।
নাম্বুসন্ধত্ত এতানি গোবিন্দপরিরম্ভিতঃ ॥৩৮
ক্বচিদ্ রুদতি বৈকুণ্ঠচিন্তাশবলচেতনঃ।
ক্বচিদ্ধসতি তচ্চিন্তাহ্লাদ উদ্‌গায়তি ক্বচিৎ ॥৩৯

তথা বিদ্বা শাস্ত্রজ্ঞানম্, অর্থঃ বিত্তম্, রূপং সৌন্দর্য্যম্, জন্ম আভিজাত্যম্ তৈঃ আঢ্যঃ সম্পন্নঃ অপি মানস্তম্ভবিবর্জ্জিতঃ অভিমান-শূন্যঃ ॥৩২

ব্যসনেষু দুঃখেষু ন উদ্বিগ্নঃ ভীতঃ ব্যাকুলং চিত্তং যস্য সঃ; শ্রুতেষু আমুষ্মিকেষু স্বর্গাদিষু, দৃষ্টেষু বিষয়েষু গুণেষু চ অবস্তুদৃক্ অপ্রয়োজক বুদ্ধিঃ, অতঃ নিস্পৃহঃ নিষ্কামরহিতঃ। দান্তেন্দ্রিয়প্রাণ-শরীরধীঃ (দান্তাঃ নিয়মেন বশীকৃতাঃ ইন্দ্রিয়াদয়ঃ যস্য সঃ) প্রশান্তঃ কামঃ কামহেতু মনঃ যস্য সঃ; স্বয়ম্ অসুরঃ অপি রহিতাসুরঃ মাৎসর্য্যাসুর-ভাবরহিতঃ প্রহ্লাদঃ আসীৎ ॥৩৩

হে রাজন্! ভগবতি ঈশ্বরে যথা তথা, যস্মিন্ প্রহ্লাদে মহদ্‌গুণাঃ (মহতঃ ভগবতঃ মহত্ত্বাৎ ভক্তানাং বা যে গুণাঃ নিঃস্পৃহত্বাদয়ঃ) কবিভিঃ বিবেকিভিঃ মুহুঃ গৃহ্যন্তে এব, তথা মহতি কালে গতে অপি অধুনা তে গুণাঃ ন অপিধীয়ন্তে তিরোহিতাঃ ন ভবন্তি ॥৩৪

হে নৃপ! সাধুগাথাসদসি সাধুকথাপ্রসঙ্গবত্যাং সভায়াং দ্বিষঃ শত্রবঃ অপি সুরাঃ, যং প্রহ্লাদং প্রতিমানং (সাধনত্বে প্রহ্লাদকল্যোঽয়ং ভক্তঃ ইতি দৃষ্টান্তং) প্রকুর্ব্বন্তি, অস্যে ভবাদৃশঃ তং প্রতিমানং কুর্ব্বন্তি ইতি কিমু বক্তব্যম্ ॥৩৫

অসংখ্যেয়ৈঃ গুণৈঃ তস্য মাহাত্ম্যম্ অলম্ অত্যর্থম্ এব সূচ্যতে খ্যাপ্যতে মাত্রম্; যতঃ যস্য প্রহ্লাদস্য বাসুদেবে ভগবতি নৈসর্গিকী স্বাভাবিকী রতিঃ ভক্তিঃ ॥৩৬

বালঃ অপি ন্যস্তক্রীড়নকঃ পরিত্যক্ত-ক্রীড়াসাধনঃ, জড়বৎ ন কৃষ্ণ এব গ্রহঃ তেন গৃহীতঃ আকৃষ্টঃ আত্মা মনঃ যস্য সঃ; তন্মনস্তয়া ভগবদেকচিত্তত্বেন ঈদৃশং যথাভিব্যক্তং জগৎ ন বেদ ॥৩৭

গোবিন্দেন পরিরম্ভিতঃ সন্ আসীনঃ পর্য্যটন্ অশ্নন্ শয়ানঃ প্রপিবন্ ব্রুবন্ এতানি ন অনুসন্ধত্তে ন জানাতি ॥৩৮

বৈকুণ্ঠচিন্তয়া শবলা ব্যামিশ্রা চেতনা যস্য সঃ ক্বচিৎ রুদতি;

বিপদে তাঁহার চিত্ত উদ্বিগ্ন হইত না, দৃষ্ট ও শ্রুত বিষয়ে অবস্তু বিচার করিতেন, এজন্য তিনি বিষয়ের প্রতি স্পৃহাহীন ছিলেন। তাঁহার দেহ, ইন্দ্রিয়, প্রাণ ও বুদ্ধি সংযত এবং কামনা শান্ত হওয়ার ফলে অসুরকুলে জন্মগ্রহণ করিলেও তাহার অসুরভাব ছিল না ।৩৩

হে রাজন্! কবি জ্ঞানীজন যাঁহার মহদ্ গুণসকল গ্রহণ করিয়া থাকেন, তাঁহার আজও সেই সকল গুণ তিরোহিত হয় নাই। যেমন ভগবান্ ঈশ্বরে সদ্‌গুণ-সমূহ বিদ্যমান থাকে, তেমন তাঁহারও জানিবে ।৩৪

হে রাজন্! দেবতারা অসুরকুলের শত্রু হইয়াও সৎকথা আলোচনা প্রসঙ্গে যে প্রহ্লাদকে সর্ব্বজন-গ্রাহ্য সাধনমার্গে আদর্শ স্থল বলিয়া স্বীকার করেন, তখন আপনাদের কথা আর কি বলিব ?৩৫

ভগবান্ বাসুদেবে যাঁহার রতি স্বাভাবিক তাঁহার গুণ অগণিত, আমি শুধু তাহার মাহাত্ম্য সূচনা করিলাম ।৩৬

বাল্যাবস্থায়ই প্রহ্লাদ খেলার সামগ্রী পরিত্যাগ করত কৃষ্ণগ্রহ গৃহীত হইয়া তন্ময়ভাবে জড়বস্তুর মত নিস্পন্দ হইয়া থাকিতেন, জাগতিক কোন ও কিছুই তিনি জানিতেন না এরূপ তাঁহার স্বাভাবিক রতি ।৩৭

শ্রীগোবিন্দকর্তৃক আলিঙ্গন অনুভব করিয়া উপবিষ্ট অবস্থায়, ভ্রমণদশায়, ভোজন সময়ে, শয়নাবস্থায়, জলপান সময়ে বা কথা বলিবার কালে কোনও সময়েই ঐ সকল বিষয়ে অনুসন্ধান রাখিতেন না ।৩৮

হসতি ক্বচিদ্রুৎকণ্ঠো বিলজ্জো নৃত্যতি ক্বচিৎ।
ক্বচিৎ তদ্ভাবনাযুক্তস্তন্ময়োঽনুচকার হ ॥৪০
ক্বচিদ্রুৎপুলকস্তূষ্ণীমাস্তে সংস্পর্শনির্বৃতঃ।
অস্পন্দপ্রণয়ানন্দসলিলামীলিতেক্ষণঃ ॥৪১
স উত্তমঃশ্লোকপদারবিন্দয়ো-
র্নিষেবয়াঽকিঞ্চনসঙ্গলব্ধয়া।
তত্মন্ পরাং নির্বৃতিমাত্মনো মুহু-
র্দুঃসঙ্গদীনস্য মনঃ শমং ব্যধাৎ ॥৪২

পুনঃ ক্বচিৎ হসতি, ক্বচিৎ তচ্চিন্তাহ্লাদঃ (চিন্তয়া আহ্লাদঃ যস্য সঃ) ক্বচিৎ উদ্গায়তি ॥৩৯

ক্বচিৎ উচ্চীকৃতকণ্ঠঃ সন্ নদতি, ক্বচিৎ বিলজ্জঃ সন্ নৃত্যতি, ক্বচিৎ তস্য কৃতস্য ভাবনাতিশয়েন যুক্তঃ তন্ময়ঃ সন্ অনুচকার তল্লীলাং স্বয়ং কৃতবান্ ॥৪০

ক্বচিৎ অকস্মাৎ স্বহৃদয়ে এব ভগবন্তম্ আলোক্য তৎপাদি-স্পর্শেন নির্বৃতঃ, অতএব উৎপুলকঃ উদ্ভিন্নরোমা, অস্পন্দঃ স্থিরঃ যঃ প্রণয়ঃ স্নেহঃ, তেন যৎ আনন্দঃ তেন যৎ সলিলং তেন যুক্তে আমীলিতে ঈষন্নিমীলিতে ঈক্ষণে যস্য সঃ প্রহ্লাদঃ ক্বচিৎ তূষ্ণীম্ আস্তে ॥৪১

সঃ প্রহ্লাদঃ অকিঞ্চন-সঙ্গলব্ধয়া (অকিঞ্চনাঃ ত্যক্তসর্ব্ব-

তস্মিন্ মহাভাগবতে মহাভাগে মহাত্মনি।
হিরণ্যকশিপু রাজন্নকরোদঘমাত্মজে ॥৪৩

যুধিষ্ঠির উবাচ।
দেবর্ষে এতদিচ্ছামো বেদিতুং তব সুব্রত।
যদাত্মজায় শুদ্ধায় পিতাদাৎ সাধবে হ্যঘম্ ॥৪৪

পুত্রান্ বিপ্রতিকূলান্ স্বান্ পিতরঃ পুত্রবৎসলাঃ।
উপালভন্তে শিক্ষার্থং নৈবাদ্যমপরো যথা ॥৪৫

লৌকিক-বৈদিকব্যবহারাঃ ভগবদ্ভক্তাঃ তেষাং সঙ্গেন লব্ধয়া) উত্তমঃশ্লোকস্য পদারবিন্দয়োঃ নিষেবয়া আত্মনঃ স্বস্য পরাং নির্বৃতিং পরমানন্দং তস্মিন্ বিস্তারয়ন্ মুহুঃ দুঃসঙ্গেন দীনানাম্ অন্যেষাম্ অপি মনঃ সমং শান্তং ব্যধাৎ ভগবন্নিষ্ঠম্ অকারয়ৎ ॥৪২

হে রাজন্! মহাভাগবতে ভগবদ্ভক্তশ্রেষ্ঠে, মহাভাগে ভগবতা অনুগ্রাহ্যে, মহাত্মনি আনন্দপূর্ণেন উদারচিত্তে, আত্মজে প্রীতিযোগ্যে, তস্মিন্ প্রহ্লাদে হিরণ্যকশিপুঃ অঘং দ্রোহম্ অকরোৎ ॥৪৩

যুধিষ্ঠিরঃ উবাচ। হে সুব্রত দেবর্ষে! শুদ্ধায় সাধবে আত্মজায় পুত্রায় পিতা যৎ অঘম্ অদাৎ, এতৎ তব ভক্তং বেদিতুম্ ইচ্ছামঃ ॥৪৪

বিপ্রতিকূলান্ স্বান্ স্বকীয়ান্ পুত্রান্ পুত্রবৎসলাঃ পিতরঃ

ভগবান্ বৈকুণ্ঠের চিন্তার সংমিশ্রণে তাহার চেতনা ক্ষুব্ধ হইত। তাই তিনি কখনও কাঁদিতেন, কখনও হাসিতেন, কখনও আনন্দে উচ্চস্বরে গান করিতেন ।৩৯

উৎকণ্ঠায় কোন সময় চিৎকার করিতেন, আবার নির্লজ্জের মত নৃত্য করিতেন, কখনও ভগবদ্ভাবনায় তন্ময় হইয়া তাহার লীলার অনুকরণ করিতেন ।৪০

কখনও পুলকাঙ্গ হইয়া চুপ্ করিয়া ভগবৎ-সংস্পর্শের আনন্দ অনুভব করিতেন। তখন তাঁহার দেহ স্পন্দনহীন ও নয়নযুগল প্রেমানন্দাশ্রুতে ঈষৎ নিমীলিত হইয়া থাকিত। ৪১

অকিঞ্চন ভক্তসঙ্গলব্ধ ভগবান্ উত্তমঃশ্লোকের চরণকমলযুগলের সেবানন্দে মুহুর্মুহু আনন্দ বিস্তার করিয়া তিনি দুঃসঙ্গজনিত দীনজনেরও মনকে শান্ত করিয়া দিতেন ।৪২

হে রাজন্! সেই মহাভাগ্যবান্ মহাভাগবত মহাত্মা নিজের পুত্র হইলেও তাঁহার প্রতি হিরণ্য-কশিপু দ্রোহাচরণ করিতে লাগিল ।৪৩

শ্রীযুধিষ্ঠির বলিলেন—হে সুব্রত দেবর্ষি! পিতা হইয়াও শুদ্ধ-চরিত্র স্বপুত্রের প্রতি কেন তিনি দ্রোহাচরণ করেন, তাহা জানিতে ইচ্ছা করি ।৪৪

পুত্র যদি বিপরীত ভাবাপন্ন অবাধ্য হয়, তবে পুত্রবৎসল পিতা তাহাদিগকে শিক্ষা প্রদানের নিমিত্ত তিরস্কার করেন, অপর কোনও ব্যক্তির মত তিনি তো পুত্রের দ্রোহাচরণ করেন না ।৪৫

কিমুতানুবশান্ সাধূংস্তাদৃশান্ গুরুদেবতান্।
এতৎ কৌতূহলং ব্রহ্মন্নস্মাকং বিধম প্রভো।
পিতুঃ পুত্রায় যদ্ দ্বেষো মরণায় প্রযোজিতঃ ॥৪৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে
চতুর্থোঽধ্যায়ঃ ।৪

কিল শিক্ষার্থম্, এষ উপালম্ভঃ আক্ষিপ্যতে; অশবঃ শত্রুঃ যথা। অথ দ্রোহং নৈব কুর্ব্বন্তি ॥৪৫

অনুবশান্ স্বানুকূলান্ সাধূন্ তাদৃশান্ প্রহ্লাদসদৃশান্ গুরুদেবতান্ (গুরুঃ পিতা ব্রহ্মণ্যদেষ্টা চ দেবতাবৎ উপাসনীয়ঃ যেষাং তান্) দ্রোহং কুর্ব্বন্তি ইতি কিমুত বক্তব্যম্ ইতি।

হে ব্রহ্মন্! হে প্রভো! পিতা যৎ পুত্রায় দ্বেষঃ প্রযোজিতঃ, সঃ তস্য পিতুঃ মরণায় কথম্ অভূৎ ইত্যেতৎ অস্মাকং কৌতূহলং সন্দেহং বিধম অপাকুরু ইতি ॥৪৬

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীযতীন্দ্রনাথ পাণ্ডিত্যবর্যে চতুর্থোঽধ্যায়ঃ ॥

পিতাপ্রভৃতি গুরুজনকে যাঁহারা দেবতার মত শ্রদ্ধা করেন, সেইরূপ সাধুস্বভাব অনুকূলভাবাপন্ন পুত্রের সম্বন্ধে আর কি বলা যায়। হে ব্রহ্মন্, পুত্রের মৃত্যুর নিমিত্ত পিতার যে শত্রুতা ইহা আমাদের বিরুদ্ধ বলিয়া মনে হয়। প্রভো! এই বিষয়ে আমাদের কৌতূহল নিবৃত্ত করুন ।৪৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের সপ্তম স্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্থ অধ্যায় সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ

[হিরণ্যকশিপোঃ প্রহ্লাদবধপ্রয়াসঃ।]

নারদ উবাচ।
পৌরোহিত্যায় ভগবান্ বৃতঃ কাব্যঃ কিলাসুরৈঃ।
শণ্ডামর্কৌ সুতৌ তস্য দৈত্যরাজ্ঞ্যুহান্তিকে ॥১

তৌ রাজ্ঞা প্রাপিতং বালং প্রহ্লাদং নয়কোবিদম্।
পাঠয়ামাসতুঃ পাঠ্যানন্যাংশ্চাসুরবালকান্ ॥২

অন্বয়ঃ

নারদঃ উবাচ। ভগবান্ জ্ঞানী কাব্যঃ শুক্রঃ কিল অসুরৈঃ পৌরোহিত্যায় পুরোহিতকর্ম্ম কর্ত্তুং বৃতঃ বরীতঃ। তস্য কাব্যস্য সুতৌ শণ্ডামর্কাখ্যৌ দৈত্যরাজস্য হিরণ্যকশিপোঃ গৃহস্য অন্তিকে সমীপে বসতাম্ ॥১

অন্বয়ঃ

তৌ চ শণ্ড-মর্কৌ রাজ্ঞা হিরণ্যকশিপুনা প্রাপিতং প্রেরিতং নয়কোবিদং (নয়ে যুক্ত্যা তত্ত্ববিচারে কোবিদং নিপুণং) বালং প্রহ্লাদং তথা অন্যান্ অসুরবালকান্ পাঠ্যান্ ষণ্ডনীত্যাদীন্ পাঠয়ামাসতুঃ ॥২

পঞ্চম অধ্যায়

[হিরণ্যকশিপুকর্ত্তৃক প্রহ্লাদকে বধ করিবার প্রয়াস।]

শ্রীনারদ বলিলেন—অসুরগণ ভগবান্ শুক্রাচার্য্যকে পুরোহিতের পদে বরণ করিয়াছিলেন। তাঁহার দুই পুত্র ষণ্ড এবং অমর্ক দৈত্যরাজ হিরণ্যকশিপুর গৃহের নিকটেই থাকিতেন ।১

তাঁহারা দুইজনে নৃপতি হিরণ্যকশিপুকর্ত্তৃক প্রেরিত তাঁহার নীতিনিপুণ এবং পুত্র প্রহ্লাদ

যত্তত্র গুরুণা প্রোক্তং শুশ্রুষেরংস্তু পপাঠ চ।
ন সাধু মনসা মেনে স্বপরাসদ্‌গ্রহাশ্রয়ম্ ॥৩

একদাসুররাট্ পুত্রমঙ্কমারোপ্য পাণ্ডব।
পপ্রচ্ছ কথ্যতাং বৎস মন্যতে সাধু যদ্ভবান্ ॥৪

প্রহ্লাদ উবাচ।

তৎ সাধু মন্যেঽসুরবর্য্য দেহিনাং
সদা সমুদ্বিগ্নধিয়ামসদ্‌গ্রহাৎ।
হিত্বাত্মপাতং গৃহমন্ধকূপং
বনং গতো যদ্ধরিমাশ্রয়েত ॥৫

নারদ উবাচ।

শ্রুত্বা পুত্রগিরো দৈত্যঃ পরপক্ষসমাহিতাঃ।
জহাস বুদ্ধির্বালানাং ভিদ্যতে পরবুদ্ধিভিঃ ॥৬

সম্যঙ্নিধার্য্যতাং বালো গুরুগেহে দ্বিজাতিভিঃ।
বিষ্ণুপক্ষৈঃ প্রতিচ্ছন্নৈর্ন ভিদ্যেতাস্য ধীর্যথা ॥৭

তত্র গুরুগৃহে যৎ দণ্ডনীতিশাস্ত্রং গুরুণা প্রোক্তং, তৎ প্রহ্লাদঃ শুশ্রুষেরন্ শুশ্রুষবান্ ; অনু অনন্তরং পপাঠ চ, পরং তু তৎ সাধু সম্যক্ মনসা ন মেনে ; যতঃ স্বপরাসদ্‌গ্রহাশ্রয়ম্ (অয়ম্ স্বঃ স্বকীয়ঃ, অয়ং পরঃ শত্রুঃ ইত্যেবমুক্তঃ যঃ অসদ্‌গ্রহঃ। মিথ্যাভিনিবেশঃ সঃ এব আশ্রয়ঃ যস্য তৎ এব দণ্ডনীত্যাদি) ॥৩

হে পাণ্ডব। একদা অসুররাট্ পুত্রঃ প্রহ্লাদম্ অঙ্কম্ আরোপ্য উৎসঙ্গে নিধায় হে বৎস। ভবান্ যৎ সাধু মন্যতে, তৎ কথ্যতাম্ ইতি পপ্রচ্ছ ॥৪

প্রহ্লাদঃ উবাচ। হে অসুরবর্য্য! অসদ্‌গ্রহাৎ মিথ্যাভিনিবেশাৎ সদা সমুদ্বিগ্নধিয়াং (সম্যক্ উদ্বিগ্না ধীঃ যেষাং তেষাং) দেহিনাং সম্বন্ধে আত্মপাতম্ (আত্মনঃ নরকাদৌ পাতঃ যস্মাৎ তথা নরকপাতনিমিত্তম্) অন্ধকূপং তমোময়ং গৃহং ত্বিত্বা পরিত্যজ্য বনং গতঃ সন্ হরিম্ আশ্রয়েত যৎ, তৎ এব সাধু মন্যে ॥৫

নারদঃ উবাচ। পরপক্ষে বিষ্ণৌ সমাহিতৌ তাঃ পরিনিষ্ঠিতাঃ বুদ্ধয়ঃ যস্য সঃ শ্রুত্বা দৈত্যঃ হিরণ্যকশিপুঃ পরবুদ্ধিভিঃ বালানাং বুদ্ধিঃ ভিদ্যতে ইতি মত্বা জহাস ॥৬

আহ চ। হে দৈত্যাঃ! অয়ং বালঃ গুরুগেহে সম্যক্ তথা বিধার্য্যতাং স্থাপ্যতাম্, যথা প্রতিচ্ছন্নৈঃ বিষ্ণুপক্ষৈঃ ভক্তৈঃ দ্বিজাতিভিঃ অস্য ধীঃ ন ভিদ্যেত বিপরীতা ন ভবেৎ ॥৭

অন্যান্য অসুর বালকগণকে দণ্ডনীতিপ্রভৃতি পাঠ্য-বিষয় পাঠ করাইতেন।২

শিক্ষক যাহা শিক্ষা দিতেন, তাহা শ্রবণ করিয়া আবার উহা নিজে পাঠ করিলেও "আপন, পর" এইরূপ ভাব সেই শিক্ষার মধ্যে থাকা হেতু প্রহ্লাদ উহা মনে মনে সৎশিক্ষা বলিয়া মানিয়া লইতে পারেন নাই।৩

হে পাণ্ডব যুধিষ্ঠির! এক সময় দৈত্যরাজ হিরণ্যকশিপু পুত্রকে ক্রোড়ে বসাইয়া জিজ্ঞাসা করিলেন,—বৎস! বলতো তোমার কাছে কি ভাল লাগে?৪

শ্রীপ্রহ্লাদ বলিলেন,—হে অসুরশ্রেষ্ঠ। 'আমি ও আমার' এই অসৎ অভিনিবেশ জন্য সর্বদা মানুষ উদ্বিগ্ন। আত্মার অধঃপতনের হেতু গৃহরূপ অন্ধকূপ পরিত্যাগ করিয়া বনে গমনপূর্বক শ্রীহরির আশ্রয় গ্রহণ করাই আমি ভাল বলিয়া মনে করি।৫

শ্রীনারদ বলিলেন,—শত্রুপক্ষ বিষ্ণুবিষয়ে পরিনিষ্ঠিত-বুদ্ধি পুত্রের বাক্য শুনিয়া দৈত্যরাজ "বালকগণের বুদ্ধি শত্রুর বুদ্ধি দ্বারা বিচলিত হয়" এই বলিয়া হাসিলেন।৬

গুরুগৃহে ব্রাহ্মণগণ ইহাকে ভালভাবে রক্ষা করুন—যাহাতে ছদ্মবেশ ধারণ করিয়া বিষ্ণু-পক্ষাশ্রিত কোনও ব্যক্তি ইহার বুদ্ধিকে বিচলিত না করে।৭

গৃহমানীতমাহূয় প্রহ্লাদং দৈত্যযাজকাঃ।
প্রশস্য শ্লক্ষ্ণয়া বাচা সমপৃচ্ছন্ত সামভিঃ ॥৮
বৎস প্রহ্লাদ ভদ্রং তে সত্যং কথয় মা মৃষা।
বালানতি কুতস্তুভ্যমেষ বুদ্ধিবিপর্য্যয়ঃ ॥৯
বুদ্ধিভেদঃ পরকৃত উতাহো তে স্বতোঽভবৎ।
ভণ্যতাং শ্রোতুকামানাং গুরূণাং কুলনন্দন ॥১০
প্রহ্লাদ উবাচ।
পরঃ স্বশ্চেত্যসদ্গ্রাহঃ পুংসাং যন্মায়য়া কৃতঃ।
বিমোহিতধিয়াং দৃষ্টস্তস্মৈ ভগবতে নমঃ ॥১১

সা যদানুব্রতঃ পুংসাং পশুবুদ্ধির্বিভিদ্যতে।
ভগ্ন এষ তথান্যোঽহমিতি ভেদগতাসতী ॥১২
স এষ আত্মা স্বপরেত্যবুদ্ধিভি-
র্দুরত্যয়ানুক্রমণো নিরূপ্যতে।
মুহ্যন্তি যদ্বর্ত্মনি বেদবাদিনো
ব্রহ্মাদয়ো হ্যেষ ভিনত্তি মে মতিম্ ॥১৩
যথা ভ্রাম্যত্যয়ো ব্রহ্মন্ স্বয়মাকর্ষসন্নিধৌ।
তথা মে ভিদ্যতে চেতশ্চক্রপাণের্যদৃচ্ছয়া ॥১৪

ততশ্চ দৈত্যযাজকাঃ পুরোহিতাঃ গৃহম্ আনীতং প্রহ্লাদম্ আহূয় প্রশস্য প্রস্তুত্য শ্লক্ষ্ণয়া মধুরয়া বাচা সামভিঃ সমপৃচ্ছন্ত ॥৮

হে বৎস। প্রহ্লাদ। তে ভদ্রং ভবতু। যদ্যৎ যৎ পৃচ্ছাম, তৎ সত্যং যথার্থং কথয়। মৃষা মা কথয়। বালান্ অতিক্রম্য তুভ্যং তব এষঃ বুদ্ধিবিপর্য্যয়ঃ কুতঃ হেতোঃ অভূৎ ॥৯

তব অয়ং বুদ্ধিভেদঃ বুদ্ধিবিপর্য্যাসঃ পরৈঃ বিষ্ণুপক্ষপাতিভিঃ কৈশ্চিৎ কৃতঃ, উতাহো অথোস্বিৎ স্বতঃ এব অভবৎ। হে কুলনন্দন। শ্রোতুকামানাং গুরূণাম্ অস্মাকম্ অগ্রে তৎ ভণ্যতাং কথ্যতাম্ ॥১০

প্রহ্লাদঃ উবাচ। বিমোহিতধিয়াং পুংসাং স্বঃ পরঃ চ ইতি অসদ্গ্রাহঃ মিথ্যাভিনিবেশঃ যস্য মায়য়া কৃতঃ দৃষ্টঃ, তস্মৈ ভগবতে নমঃ ॥১১

যদা সঃ এষ ভগবান্ অনুব্রতঃ অনুকূলঃ ভবতি, তদা পুংসাং পশুবুদ্ধিঃ বিভিদ্যতে নিবৃত্তা ভবতি। সা বুদ্ধিঃ 'অন্যঃ এষঃ, তথা অহম্ অন্যঃ' ইতি ভেদগতা দেহাদাত্মবিষয়া অসতী এব ॥১২

অবুদ্ধিভিঃ (ভেদদর্শনরূপা অবুদ্ধিঃ অবিদ্যা যেষাং তৈঃ) দুরত্যয়ানুক্রমণঃ (দুরত্যয়ং দুর্ঘটম্ অনুক্রমণম্ অনুসরণং যস্য সঃ) সঃ এষঃ আত্মা পরমাত্মা এব স্বঃ পরঃ (ইতি ভেদকৃত্যা) নিরূপ্যতে। যতঃ যস্য বর্ত্মনি জিজ্ঞাসায়াং বেদবাদিনঃ ব্রহ্মাদয়ঃ অপি মুহ্যন্তি; এষঃ সর্ব্বাতর্য্যামী পরমাত্মা এব মে মম মতিং ভিনত্তি ॥১৩

হে ব্রহ্মন্! যথা অয়ঃ লৌহম্ আকর্ষস্য অয়স্কান্তস্য সন্নিধৌ ভ্রাম্যতি, তথা মে মম চেতঃ চিত্তং চক্রপাণেঃ ভগবতঃ সন্নিধৌ যদৃচ্ছয়া ভিদ্যতে ॥১৪

দৈত্যযাজক (শণ্ড ও অমর্ক) প্রহ্লাদকে স্বগৃহে আনয়নপূর্বক তাহাকে মধুর বাক্যে প্রশংসা করিয়া শান্তভাবে জিজ্ঞাসা করিলেন।৮

বৎস প্রহ্লাদ। তোমার মঙ্গল হউক। সত্য বলিও, মিথ্যার আশ্রয় লইও না। অন্যান্য বালকের বুদ্ধি অতিক্রম করিয়া তোমার এই বুদ্ধির বিপর্য্যয় কেমন করিয়া হইল?৯

তোমার বুদ্ধির বিপর্য্যয় অপরে ঘটাইয়াছে? অথবা আপনা আপনি হইয়াছে? হে কুলনন্দন! আমরা তোমার শিক্ষক, আমরা শুনিতে চাই তুমি সত্য বল।১০

শ্রীপ্রহ্লাদ বলিলেন,—আহা, আপনারা মায়ায় মোহিত হইয়া আমাকে দোষী করিতেছেন। যাঁহার মায়াপ্রভাবে মায়ামোহিত বুদ্ধিগণের 'আপন ও পর' এই মিথ্যা অভিনিবেশ হয়, আমি সেই অচিন্ত্য মায়ার ঈশ্বরকে নমস্কার করি।১১

সেই ভগবান্ যখন কাহারও প্রতি অনুকূল হন, তখন সাধারণ জীবেরও পাশবিক বুদ্ধি (ভেদবুদ্ধি) দূর হইয়া যায়। সেই বুদ্ধি 'ইহা অন্য, আমি অন্য' এইরূপ ভেদ জন্মায় বলিয়া উহা মিথ্যা, সুতরাং সকলের পরিত্যাজ্য।১২

বুদ্ধিহীন লোক সেই আত্মাকেই 'ইনি আপন, উনি পর' এইভাবে নিরূপণ করে। যাঁহাকে জানিতে চেষ্টা করিয়া বেদবাদী ব্রহ্মাদিরও মোহ উৎপন্ন হয়, তিনিই আমার বুদ্ধির বিপর্য্যয় আনিয়া দিয়াছেন।১৩

নারদ উবাচ।

এতাবদ্ ব্রাহ্মণায়োক্ত্বা বিররাম মহামতিঃ।
তং সন্নির্ভর্ৎস্য কুপিতঃ দুর্দীনো রাজসেবকঃ ॥১৫
আনীয়তামরে বেত্রমস্মাকমযশস্করঃ।
কুলাঙ্গারস্য দুর্ব্বুদ্ধেশ্চতুর্থোঽস্যোদিতো দমঃ ॥১৬
দৈত্যেয়চন্দনবনে জাতোঽয়ং কণ্টকদ্রুমঃ।
যন্মূলোন্মূলপরশোর্বিষ্ণোর্নালায়িতোঽভবৎ ॥১৭

ইতি তং বিবিধোপায়ৈর্ভীষয়ংস্তর্জ্জনাদিভিঃ।
প্রহ্লাদং গ্রাহয়ামাস ত্রিবর্গস্যোপপাদনম্ ॥১৮
ততঃ এনং গুরুর্জ্ঞাত্বা জ্ঞাতজ্ঞেয়চতুষ্টয়ম্।
দৈত্যেন্দ্রং দর্শয়ামাস মাতৃমৃষ্টমলঙ্কৃতম্ ॥১৯
পাদয়োঃ পতিতং বালং প্রতিনন্দ্যাশিষাঽসুরঃ।
পরিষজ্য চিরং দোর্ভ্যাং পরমামাপ নির্বৃতিম্ ॥২০

নারদঃ উবাচ। ব্রাহ্মণায় গুরুপুত্রায় এতাবৎ উক্ত্বা মহামতিঃ প্রহ্লাদঃ বিররাম তূষ্ণীমভূৎ। অথ তদ্বচনান্তরং কুপিতঃ দুর্দীনঃ রাজসেবকঃ তং প্রহ্লাদং নির্ভর্ৎস্য প্রাহ ॥১৫

অরে। বেত্রং প্রহরণ-সাধন-বিশেষম্ আনীয়তাম্। অয়ম্ অস্মাকম্ অযশস্করঃ। কুলাঙ্গারস্য দুর্বুদ্ধেঃ অস্য সামাদ্যুপায়ানাং মধ্যে চতুর্থঃ দমঃ দণ্ডঃ এব উদিতঃ উক্তঃ ॥১৬

দৈত্যেয়াঃ এব চন্দনদ্রুমাঃ তেষাং বনে অয়ং কণ্টকদ্রুমঃ জন্তুনাং জাতঃ; যস্য দৈত্যেয়বনস্য মূলোন্মূলনে পরশোঃ পরশুস্থানীয়স্য বিষ্ণোঃ অয়ম্ অভর্কঃ এব নালায়িতঃ নালবৎ আচরিতবান্ ॥১৭

ইতি এবং বদন্ তং প্রহ্লাদং বিবিধোপায়ৈঃ তর্জ্জনাদিভিঃ ভীষয়ন্ ত্রিবর্গস্য ধর্মার্থকামস্য উপপাদনং শাস্ত্রং বালকঃ গ্রাহয়ামাস ॥১৮

ততঃ কিঞ্চিৎ কালান্তরম্ এনং প্রহ্লাদং জ্ঞাতজ্ঞেয়-চতুষ্টয়ং (জ্ঞাতং জ্ঞেয়ং সামাদ্যুপায়চতুষ্টয়ং যেন তথাভূতং) জ্ঞাত্বা গুরুঃ মাতরং প্রতি নীতবান্। ততঃ মাত্রা মৃষ্টম্ অলঙ্কৃতং তং গুরুঃ দৈত্যেন্দ্রং প্রতি দর্শয়ামাস; তৎসমীপং নীতবান্ ॥১৯

অসুরঃ হিরণ্যকশিপুঃ পাদয়োঃ পতিতং বালং 'চিরং জীব' ইতি আশিষা প্রতিনন্দ্য দোর্ভ্যাং চিরং পরিষজ্য আশিষ্য পরাং নির্বৃতিম্ আনন্দম্ আপ ॥২০

হে ব্রহ্মন্! যদি মনে করেন, নির্বিকার আত্মার পক্ষে বুদ্ধিবিপর্য্যয় ঘটাইবার সম্ভাবনা কি? তদুত্তরে বলি—লৌহখণ্ড নির্বিকার অয়স্কান্তমণির (চুম্বক) সমীপস্থ হইলে যেরূপ ভ্রমণ করে, সেইভাবেই চক্রধারী ভগবানের সন্নিকর্ষহেতু আমার চিত্তও আপনা হইতেই ভ্রামিত হইতেছে। ৪

শ্রীনারদ বলিলেন,—মহামতি প্রহ্লাদ ব্রাহ্মণকে এই পর্য্যন্ত বলিয়া বিরত হইলেন। কিন্তু সেই রাজসেবক নিরুপায় হইয়া ক্রোধপূর্বক তাহাকে ভর্ৎসনা করিয়া বলিলেন।১৫

তিনি বলিলেন,—ওরে কে আছিস্, বেত্রটি আনয়ন কর্ দেখি। আমাদের অখ্যাতির কারণ এই দুর্বুদ্ধি কুলাঙ্গারের দমনের জন্য চতুর্থ উপায় দণ্ডবিধান ভিন্ন আর উপায় নাই।১৬

দানবকুলরূপ চন্দনবনে এই একটি কণ্টকবৃক্ষ জন্মগ্রহণ করিয়াছে। এই বালক-কণ্টকবৃক্ষটি চন্দনবন উন্মূলিত করিবার নিমিত্ত বিষ্ণুর কুঠারের দণ্ডস্বরূপ হইয়াছে।১৭

এই প্রকারে বিবিধ উপায়ে তর্জ্জন গর্জ্জন করত তাহাকে ভয় দেখাইয়া গুরুপুত্রগণ ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ প্রতিপাদক বিদ্যা প্রহ্লাদকে পাঠ করাইলেন।১৮

কিছুদিন অতিবাহিত হইলে গুরু বুঝিলেন,—সাম, দান, ভেদ ও দণ্ড প্রভৃতি জ্ঞাতব্য চারিটি বিষয়ই পরিজ্ঞাত হইয়াছে। তখন সর্বপ্রথমে প্রহ্লাদের জননীকর্তৃক তাঁহার স্নানাদি করাইয়া এবং রাজকুমারের যোগ্য ভূষণে ভূষিত করাইয়া দৈত্যপতি হিরণ্যকশিপুর সমীপে গমনপূর্বক তাঁহাকে দেখাইলেন।১৯

পিতার চরণে পড়িয়া প্রহ্লাদ প্রণাম করিলে তাহাকে আদর করত তুলিয়া দৈত্যপতি আশীর্বাদ পূর্বক দুই হাতে জড়াইয়া ধরিলেন এবং আলিঙ্গন

আরোপ্যাঙ্কমবঘ্রায় মূর্ধন্যশ্রুকলাম্বুভিঃ।
আসিঞ্চন্ বিকসদ্বক্ত্রমিদমাহ যুধিষ্ঠির ॥২১

হিরণ্যকশিপুরুবাচ।

প্রহ্লাদানূচ্যতাং তাত স্বধীতং কিঞ্চিদুত্তমম্।
কালেনৈতাবতায়ুষ্মন্ যদশিক্ষৎ গুরোর্ভবান্ ॥২২

প্রহ্লাদ উবাচ।

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্।
অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্ ॥২৩

ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্ ॥২৪

নিশম্যৈতৎ সুতবচো হিরণ্যকশিপুস্তদা।
গুরুপুত্রমুবাচেদং রুষা প্রস্ফুরিতাধরঃ ॥২৫

ব্রহ্মবন্ধো কিমেতৎ তে বিপক্ষং শ্রয়তা সতা।
অসারং গ্রাহিতো বালো মামনাদৃত্য দুর্ম্মতে ॥২৬

সন্তি হ্যসাধবো লোকে দুর্ম্মৈত্রাশ্ছদ্মবেশিনঃ।
তেষামুদেত্যঘং কালে রোগঃ পাত্তকিনামিব ॥২৭

হে যুধিষ্ঠির। তং পুত্রম্ অঙ্কম্ আরোপ্য তস্য মূর্দ্ধনি অবঘ্রায় অশ্রূণাং কলাভিঃ বিন্দুভিঃ এব অম্বুনি তৈঃ তম্ আসিঞ্চন্ বিকসদ্বক্ত্রঃ প্রসন্নমুখঃ এব ইদম্ আহ ॥২১

হিরণ্যকশিপুরুবাচ—হে প্রহ্লাদ। হে তাত! হে আয়ুষ্মন্। এতাবতা কালেন গুরোঃ সকাশাৎ ভবান্ যৎ অশিক্ষৎ, তত্র যৎ স্বধীতং সুষ্ঠু অভ্যস্তম্ উত্তমং চ তৎ অনূদ্যতাম্ ॥২২

প্রহ্লাদঃ উবাচ। বিষ্ণোঃ বিষ্ণুমাহাত্ম্যস্য শ্রবণম্, তস্য এব কীর্ত্তনম্, বিষ্ণোঃ স্মরণং তল্লীলাবিশেষস্য স্মরণম্, বিষ্ণোঃ পাদসেবনং পরিচর্য্যা, অর্চ্চনং পূজা, বন্দনং বাচা স্তুতিঃ, দাস্যং কর্মার্পণম্, সখ্যং মিত্রত্ব-ভাবনয়া সুচরিতাদানি, আত্মনিবেদনম্ আত্মসমর্পণম্ ॥২৩

ভগবতি বিষ্ণৌ (তৎপ্রীত্যর্থম্ এব কেবলং ফলোদ্দেশং বিনৈব) পুংসা অর্পিতা সমর্পিতা ইতি এবং নবলক্ষণা ভক্তিঃ যেন অধীতেন অদ্ধা সাক্ষাৎ অনন্তরমেব চেৎ ক্রিয়েত, তৎ উত্তমম্ অধীতম্ অহং মন্যে ॥২৪

তদা স্বদুরাত্মনঃ এতৎ বচঃ নিশম্য শ্রুত্বা রুষা রোষেণ প্রস্ফুরিতঃ অধরঃ যস্য সঃ হিরণ্যকশিপুঃ গুরুপুত্রম্ ইদম্ উবাচ ॥২৫

ব্রহ্মবন্ধো। হে ব্রাহ্মণাধম! অধম! বিপক্ষং দেবপক্ষং শ্রয়তা ত্বয়া এতৎ কিং কৃতম্? যতঃ হে দুর্ম্মতে। মাম্ অনাদৃত্য অয়ং বালঃ অসারং মম দ্বেষিবিষ্ণুস্তবনং গ্রাহিতঃ ॥২৬

হি নিশ্চিতম্, অস্মিন্ লোকে দুর্ম্মৈত্রাঃ (দুষ্টং কপটযুক্তং মৈত্রং মিত্রত্বং যেষাং তাদৃশাঃ) ছদ্মবেশিনঃ (ছদ্মঃ কপটযুক্তঃ মিত্রবদ্বেষঃ এষাম্ ইতি) অসাধবঃ সন্তি এব। তত্র যথা পাত্তকিনাং রোগঃ উদেতি তেন তৎ পাপং জ্ঞাতং ভবতি, তথা কালে তেষাম্ অঘম্ উদেতি (কার্য্যদ্বারা কপটমপি তথা জ্ঞায়তে চ) ॥২৭

করিয়া পরম আনন্দ লাভ করিলেন।২০

হে যুধিষ্ঠির! দৈত্যরাজ নিজের ক্রোড়ে প্রসন্নমুখ প্রহ্লাদকে বসাইয়া তাহার মস্তক আঘ্রাণ করত প্রেমাশ্রুধারায় তাহার মস্তক অভিষিক্ত করিলেন এবং প্রহ্লাদকে বলিলেন।২১

বৎস প্রহ্লাদ। এতদিন গুরুগৃহে থাকিয়া যে সকল বিষয় শিক্ষা করিয়াছ, তাহা হইতে কিছু উৎকৃষ্ট বিষয় আমাকে শুনাও দেখি।২২

শ্রীপ্রহ্লাদ তখন বলিলেন,—শ্রবণ, কীর্ত্তন, বিষ্ণুর স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন এই নববিধ ভক্তি অধ্যয়ন করিয়া যদি কোনও ব্যক্তি ভগবান্ বিষ্ণুতে সমর্পণবুদ্ধিতে উহা অনুষ্ঠান করে, আমার বিবেচনায় তাহারই উত্তম অধ্যয়ন হইয়াছে। (আমাদের গুরুর সমীপে সেরূপ শিক্ষা আমরা পাই নাই)।২৩-২৪

[সঙ্কল্প ও ব্যাখ্যা—পাদসেবন বলিতে পরিচর্য্যা, অর্চন—পূজা, দাস্য—কর্মার্পণ, সখ্য বলিতে তাঁহার প্রতি বিশ্বাস স্থাপন, আত্মনিবেদন অর্থ দেহ-সমর্পণ, তাহার দৃষ্টান্ত যেমন বিক্রীত গাভী বা অশ্বের ভরণ-পোষণ বা পালনের জন্য বিক্রেতার আর কোনো চিন্তা থাকে না, সেইরূপ দেহ ভগবানে সমর্পণ করিয়া তাহার রক্ষার জন্য চিন্তা ত্যাগ করা।

—শ্রীধরস্বামী।

শ্রবণ বলিতে ভগবানের নামরূপ গুণপরিকর লীলাবর্ণনাময় শব্দের শ্রবণেন্দ্রিয় স্পর্শ বুঝিতে হইবে। এই রীতিতে কীর্ত্তন ও স্মরণেও ক্রম জানিবে। স্মরণ কথাটি ভগবৎসম্বন্ধে যে কিছু বিষয় মনের দ্বারা অনুসন্ধানকেই বুঝায়। কাল-দেশ অনুসারে যে পরিচর্য্যা উহাই পাদসেবা। বিষ্ণুপূজাই অর্চনার তাৎপর্য্য। নমস্কারই বন্দনা। আমি তাঁহার দাস এই ভাবই দাস্য। বন্ধুভাবে তাঁহার হিত হউক এরূপ বলা সখ্য-ভাব। দেহ হইতে শুদ্ধ আত্মা পর্য্যন্ত সর্বতোভাবে ভগবানে অর্পণ আত্মনিবেদন-লক্ষণ ভক্তি। এই নবাঙ্গ ভক্তির যে কোন একটি অঙ্গ-ভক্তি যে কোনও প্রকারে সাধনেই সিদ্ধিলাভ হয়; তথাপি প্রথম নাম-শ্রবণের উল্লেখের উদ্দেশ্য অন্তঃকরণ-শোধন। অন্তঃকরণ শুদ্ধ হইলে রূপের শ্রবণদ্বারা ভগবানের উদয়-যোগ্যতা লাভ হয়। সম্যক্‌ভাবে রূপের উদয়ে গুণের স্ফুরণ হয়। গুণের স্ফূর্ত্তি সুসম্পন্ন হইলে পরিকর-বৈশিষ্ট্যদ্বারা ভগবানের বিশিষ্টতা উপলব্ধি হয়। ভক্তের অন্তরে ভগবানের নাম-রূপ-গুণ-পরিকরপ্রভৃতি সম্যক্‌ স্ফুরিত হইলে লীলার স্ফুরণ ভালভাবে হয়। এই অভিপ্রায়েই সাধনার ক্রম লিখিত হইয়াছে। কীর্ত্তন ও স্মরণ সম্বন্ধেও এই রীতি।

এই শ্রবণ মহতের মুখনিঃসৃত হইলে অধিক মাহাত্ম্য হয় এবং উহা জাতরুচি ভক্তগণের অত্যন্ত সুখদায়ক হয়। উহা দ্বিবিধ (১) মহতের আবির্ভাবিত (২) মহতের কীর্ত্তিত। শ্রবণবিষয়ে শ্রীভাগবত শ্রবণই সর্ব্বশ্রেষ্ঠ। ভাগবত মহাপ্রভাবময় শব্দাত্মক এবং পরম রসময় হেতু সর্বশ্রেষ্ঠ শ্রব্য। নিজের অভিমত মূর্ত্তির ধ্যান করা কর্ত্তব্য। সেইরূপ নিজের অভীষ্ট নাম শ্রবণ ও কীর্ত্তন বার বার আবর্ত্তনীয়। ভগবৎ-সেবাভিলাষী মহানুভবের মুখে সকলের শ্রীকৃষ্ণনামপ্রভৃতি শ্রবণ পরমভাগ্যেই হইয়া থাকে। যেহেতু শ্রীকৃষ্ণই পূর্ণ ভগবান্। সংকীর্ত্তনাদিতেই এই ভাবটির অনুসন্ধান করিবে। শ্রীশুকদেবপ্রভৃতি মহতের কীর্ত্তিতরূপেই অনুসন্ধান রাখিয়া কীর্ত্তন করিবে। বক্তা উপস্থিত থাকিলে তাহার নিকট শ্রবণ করিবে; অন্যথা নিজেই কীর্ত্তন করিবে। কীর্ত্তনেও নামাদি শ্রবণের মত ক্রম জানিবে। নাম-কীর্ত্তন কিন্তু উচ্চস্বরেই প্রশস্ত। এই কীর্ত্তন-ভক্তি ভগবানের দ্রব্য-জাতি-গুণ-ক্রিয়া দীনজনের বিষয়ে অপার করুণাময়ী। কলিকালে স্বভাবত কীর্ত্তন-ভক্তি দীনজনের মধ্যে আবির্ভূত হইয়া অনায়াসে অন্যান্য যুগের সাধনার ফল প্রদান করিয়া সকলকে কৃতার্থ করেন। এইজন্য কলিপ্রসঙ্গে কীর্ত্তনের গুণোৎকর্ষ। যে কোনও ভক্তিবিষয়ে দেশ-কালের নিয়ম নিষিদ্ধ। সকলযুগেই কীর্ত্তনের সমান সামর্থ্য; তবে যে কলি-সম্বন্ধে কীর্ত্তন-ভক্তির প্রশংসা, তাহার কারণ উহা ভগবান্ কৃপাপূর্বক কলিতে বিশেষ গ্রাহ্য বলিয়া প্রতি-পাদন করিয়াছেন।

নাম-অপরাধ হইতে সাবধান থাকিয়াই কীর্ত্তন করা কর্ত্তব্য। অবিশ্রান্ত নাম করিলে অপরাধ মুক্ত হওয়া যায়। কীর্ত্তনের মধ্যে দৈন্যবিজ্ঞপ্তি, নিজের অভীষ্টসূচনা, স্তবপাঠপ্রভৃতিও অন্তর্ভুক্ত। শ্রীভাগবতস্থিত নামাদির কীর্ত্তন অপর নামকীর্ত্তন হইতে অধিক মহিমাযুক্ত বলিয়া জানিতে হইবে।

নামকীর্ত্তন ত্যাগ না করিয়াই স্মরণ করিবে। স্মরণ বহুপ্রকার। ভগবৎসম্বন্ধে যে কিছু বিষয়ের অনুসন্ধানই স্মরণ। অপর সকল বিষয় হইতে চিত্তকে আকর্ষণপূর্বক সাধারণভাবে ভগবানের ধারণ করা "ধারণা"। বিশেষ করিয়া রূপচিন্তার নাম ধ্যান। উহা অমৃতধারার মত নিরবচ্ছিন্ন হইলে উহা ধ্রুবানুস্মৃতি। ধ্যেয়মাত্র স্ফুরণ সমাধি। কখন কখন লীলাদিযুক্ত শ্রীভগবানের স্ফুরণে অন্য সকল ভুলিয়া যাওয়াকেও সমাধি বলা হয়।

স্মরণ পরিত্যাগ না করিয়াই পাদসেবা কর্ত্তব্য। শ্রীমূর্ত্তি দর্শন, স্পর্শন, পরিক্রমা, অনুব্রজ্যা, মন্দির,

গঙ্গা, শ্রীক্ষেত্র, দ্বারকা, মথুরাপ্রভৃতি তীর্থগমন প্রভৃতি এই সেবার অন্তর্গত। আদর করিয়া সেবাই পাদসেবা। ভগবানের পরিকর-প্রায় গঙ্গাপ্রভৃতির পরমভাগবতত্ব, এই সেবাও মহৎ সেবার মধ্যেই অন্তর্ভুক্ত। তুলসী, গো, বিপ্রসেবাও ইহার অন্তর্গত।

অর্চনবিষয়ে শ্রদ্ধা হইলে মন্ত্রগুরুর আশ্রয়ে বিশেষ জিজ্ঞাসা করিয়া অর্চনায় প্রবৃত্ত হইবে। পাঞ্চরাত্রিক ব্যবস্থার মত ভাগবতমতে অর্চনের একান্ত আবশ্যকতা না থাকিলেও দেবর্ষি নারদের উপদিষ্ট পথ অনুসরণকারীর শ্রীভগবানের সহিত সম্বন্ধবিশেষ স্থাপনের জন্য শ্রীগুরুচরণে অবশ্য দীক্ষা গ্রহণপূর্বক অর্চন-ভক্তির অনুশীলন কর্তব্য।

যাহারা সম্পত্তিমান্ গৃহস্থ, তাহাদের নিমিত্ত তো অর্চন-ভক্তিই মুখ্য। উহা না করিয়া কেবল নিষ্কিঞ্চনের মত স্মরণাদি-নিষ্ঠ হইয়া থাকিলে বিত্তশাঠ্য দোষ হইবে। অপরের দ্বারা অর্চন সমাধান ব্যবহারিক-নিষ্ঠা অথবা অলসতার পরিচায়ক। অর্চনপথে পরিচর্য্যায় দ্রব্যাদির প্রয়োজন। উহা গৃহস্থেরাই সংগ্রহ করিতে সমর্থ; অতএব অর্চন-পথ তাহাদের প্রধান। গৃহস্থের করণীয় দেবপূজা-যজ্ঞ-ব্রত-নিয়ম-প্রভৃতি সকল অনুষ্ঠানের মূলসেচনস্বরূপ ভগবানের অর্চনা অবশ্য-কর্তব্য, না করিলে মহাদোষ। দীক্ষিত ব্যক্তিমাত্রের ইষ্ট-দেবার্চন কর্তব্য। অশক্ত অযোগ্য হইলে পূজিত বিগ্রহ দর্শন করিবে।

অর্চনমার্গে বিধির অপেক্ষা অবশ্য স্বীকার্য্য। বৈষ্ণবসম্প্রদায় এই বিষয়ে প্রমাণ। যদি এরূপ আশঙ্কা করা যায় যে, মন্ত্র তো নামাত্মকই; তবে মন্ত্রে নমঃপ্রভৃতি অলঙ্কার আছে, নামে উহা নাই, আর মহৎ ঋষিগণ মন্ত্রে কিছু শক্তিবিশেষ এবং শ্রীভগবানের অঙ্গে সাধকের কোনও বিশেষ সম্বন্ধ প্রতিপাদন করে। আবার দেখ কেবল নামই অন্য কিছুর অপেক্ষা না করিয়াই পরমপুরুষার্থ ফল পর্য্যন্ত দান করিতে সমর্থ। তারপর আবার নাম হইতেও মন্ত্রে অধিক সামর্থ্য উপলব্ধ হইলে আবার দীক্ষাপ্রভৃতির অপেক্ষা কেন বলা হয়।

উপরোক্ত আশঙ্কার উত্তরে বলেন—যদিও মন্ত্র ও নামে স্বরূপতঃ ভেদ নাই, তথাপি প্রায়শঃ সাধারণ জীবের দেহাদি সম্বন্ধে কদর্য্যশীল বিক্ষিপ্তচিত্ত জনগণের উহা সংকোচ করিবার নিমিত্ত মহৎ ঋষিগণের দ্বারা অর্চনমার্গে কোথাও কোথাও কিছু কিছু মর্য্যাদা স্থাপিত করা হইয়াছে। সেই সকল মর্য্যাদা লঙ্ঘন করিলে শাস্ত্র অনুসারে প্রায়শ্চিত্ত করিতে হয়।

অর্চন শুদ্ধ ও কর্মমিশ্রভেদে দুই প্রকার। শুদ্ধার্চন নিরপেক্ষ শ্রদ্ধালুর জন্য আর ব্যবহারিক চেষ্টাতিশয়তার সহিত ভক্তির অনুষ্ঠান বলিয়া যাহারা এই অর্চনকে মনে করেন, এরূপ শ্রদ্ধালুর জন্য কর্মমিশ্র অর্চনের ব্যবস্থা। অর্চনবিষয়েও অপরাধের সম্ভাবনা থাকে। সেইগুলি পরিহার করিয়া অর্চন কর্তব্য।

বন্দনা-ভক্তি অর্চনের অঙ্গরূপেই আছে, তথাপি এই সাধন স্বতন্ত্ররূপেও অনুষ্ঠেয়। নমস্কার করিতে যাইয়াও অপরাধ হইতে পারে। সে সম্বন্ধে অবহিত হইবে। দাস্য-ভক্তির সাধন দাসভাবনাসহিত ভগবানের পরিচর্য্যা। সখ্যভাব দ্বারা ভগবানের সেবায় অনুকূল বিধান হয়। আত্মনিবেদনে কেবল ভগবানের কার্য্য, নিজের জন্য আর কোনও কার্য্য অবশিষ্ট থাকে না। এই আত্মনিবেদন সর্বাত্মদানে। যেমন দেখা যায় বলিমহারাজের; আবার দাস্য-মিশ্রিত ভাবেও হয়, যেমন দেখা যায় অম্বরীষে; আরও দেখা যায় রুক্মিণী দেবীর প্রেয়সীভাবে আত্মনিবেদন। এইরূপ সখ্য ভাবেও হয়। [শ্রীজীব ক্রমসন্দর্ভ দ্রষ্টব্য]

(পূর্বোক্ত নবলক্ষণযুক্ত ভক্তি শ্রীভগবান্ বিষ্ণুতে সমর্পণবুদ্ধিতে যদি অনুষ্ঠান করা হয়—তবেই আমার মতে উত্তম অধ্যয়ন হইল বলিয়া মনে হয়।)

গুরুপুত্র উবাচ।

ন মৎপ্রণীতং ন পরপ্রণীতং
সুতো বদত্যেষ তবেন্দ্রশত্রো।
নৈসর্গিকীয়ং মতিরস্য রাজন্
নিয়চ্ছ মন্যুং কদধা: স্ম মা ন: ॥২৮

নারদ উবাচ।

গুরুণৈবং প্রতিপ্রোক্তো ভূয় আহাসুর: সুতম্।
ন চেদ্ গুরুমুখীয়ং তে কুতোঽভদ্রাসতী মতি: ॥২৯

প্রহ্লাদ উবাচ।

মতির্ন কৃষ্ণে পরত: স্বতো বা
মিথোঽভিপদ্যেত গৃহব্রতানাম্।
অদান্তগোভির্বিশতাং তমিস্রং
পুন: পুনশ্চর্বিতচর্বণানাম্ ॥৩০
ন তে বিদু: স্বার্থগতিং হি বিষ্ণুং
দুরাশয়া যে বহির্থমানিন:।
অন্ধা যথান্ধৈরুপনীয়মানা-
স্তেঽপীশতন্ত্র্যামুরুদাম্নি বদ্ধা: ॥৩১

গুরুপুত্র: উবাচ। হে ইন্দ্রশত্রো। ন: অস্মভ্যং কং কুৎসিতং দোষং যান্তি অদা:। যত: অস্য ন প্রণীতং ন পঠিতম্, ন পরেণ অন্যেন প্রণীতং পঠিতম্, অত: অস্য ইয়ং মতি: নৈসর্গিকী স্বাভাবিকী এব ॥২৮

নারদ: উবাচ। গুরুণা এবং প্রতিপ্রোক্ত: গুরোরুত্তর: সন্ অসুর: হিরণ্যকশিপু: সুতং প্রহ্লাদম্ আহ—হে অভদ্র দুষ্টনাশব। যদি ইয়ং গুরুমুখী গুরুবাক্যজন্যা ন ভবতি, তদা অসতী ইয়ং মতি: তব কুত: জাতা? ॥২৯

হিরণ্যকশিপু তখন পুত্রের এই প্রকার বাক্য শ্রবণ করিয়া ক্রোধে কম্পিত অধর হইয়া গুরুপুত্রকে বলিলেন।২৫

দুর্মতি ব্রহ্মবন্ধু! তোমরা বিপক্ষ আশ্রয় করিয়া আমার শাসন অনাদরপূর্বক আমার পুত্রকে এরূপ অসার শিক্ষা প্রদান করিয়াছ?২৬

বুঝিলাম,—এই সংসারে অনেক ছদ্মবেশধারী অসাধু লোক মিত্রতার ভাণ করিয়া থাকে। সময় বুঝিয়া পাপীর পাপ রোগের প্রকাশের মত তাহাদেরও শত্রুতা প্রকাশ পাইয়া থাকে।২৭

শ্রীগুরুপুত্র বলিলেন,—হে দৈত্যরাজ! আপনার পুত্র যে কথা বলিল, উহা আমি শিক্ষা দিই নাই বা অপর কেহ শিক্ষা দেয় নাই। এই বুদ্ধি তাহার স্বাভাবিক। হে রাজন্! বৃথা আমাদের প্রতি দোষারোপ করিয়া ক্রোধ করিবেন না।২৮

শ্রীনারদ বলিলেন,—গুরু এই প্রকার উত্তর প্রদান

প্রহ্লাদ: উবাচ। অদান্তগোভি: অবশীভূতেন্দ্রিয়ৈ: তমিস্রং নরকং বিশতাং মুহু: চর্বিতস্য চর্বণং যেষাং তেষাং গৃহব্রতানাং (গৃহ এব ব্রতং সঙ্কল্প: আসক্তি: যেষাং) তেষাং পরত: এবম্ভূতাৎ গুরো: সকাশাৎ স্বত: প্রহ্লাদাৎ মিথ: অন্যোঽন্যত: বা কৃষ্ণে মতি: ভক্তি: ন অভিপদ্যতে ন সম্পদ্যতে ॥৩০

যে দুরাশয়া: (দুষ্ট: বিষয়াকাঙ্ক্ষ আশয়: অন্ত:করণং যেষাং তে) বহির্থমানিন: (বহি: বিষয়েষু পরমার্থবুদ্ধি: যেষাং তে) অন্ধৈ: উপনীয়মানা: অন্ধা: যথা তথা তে ঈশস্য

করিলে, দৈত্য হিরণ্যকশিপু পুত্রকে জিজ্ঞাসা করিলেন,—ওরে অভদ্র! গুরুর উপদেশে যদি এই শিক্ষা পাও নাই, তবে গুরুমুখী বিদ্যা ভিন্ন ইহা কোথায় লাভ করিয়াছ?২৯

শ্রীপ্রহ্লাদ বলিলেন—আপনার ন্যায় বিষয়াসক্ত গৃহস্থগণও গুরুর উপদেশে বা স্বাভাবিক ভাবে অথবা পরস্পর আলোচনা দ্বারা কোন প্রকারেই শ্রীকৃষ্ণে মতি লাভ করিতে পারে না; যেহেতু তাহারা ইন্দ্রিয়ের বশীভূত হইয়া পুনঃ পুনঃ সংসারে গমনাগমন করে এবং চর্বিত চর্বণই করে। বিষয়ভোগের আর শেষ হয় না।৩০

শ্রীকৃষ্ণ পরমানন্দ স্বরূপ হইলেও তাহার প্রতি নিষ্ঠা হয় না। তাহার কারণ, দুরাশয় বিষয়াসক্ত মানুষ তাঁহাকে জানিতে পারে না। যাহারা বাহ্য-বিষয়ে আসক্ত, তাহারা গুরুর উপদেশেও অধ্যাত্ম-জ্ঞানগম্য ভগবান্‌কে জানিতে পারে না। যেরূপ

নৈষাং মতিস্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং
স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ।
মহীয়সাং পাদরজোঽভিষেকং
নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ ॥৩২
ইত্যুক্ত্বোপরতং পুত্রং হিরণ্যকশিপু রুষা।
অন্ধীকৃতাত্মা স্বোৎসঙ্গান্নিরস্যত মহীতলে ॥৩৩
আহামর্ষরুষাবিষ্টঃ কষায়ীভূতলোচনঃ।
বধ্যতামাশ্বয়ং বধ্যো নিঃসার্যতাং নৈর্ঋতাঃ ॥৩৪
অয়ং মে ভ্রাতৃহা সোঽয়ং হিত্বা স্বান্ সুহৃদোঽধমঃ।
পিতৃব্যহস্তুঃ পাদৌ যো বিষ্ণোর্দাসবদর্চতি ॥৩৫
বিষ্ণোর্বা সাধবসৌ কিম্ন করিষ্যত্যসমঞ্জসঃ।
সৌহৃদং দুস্ত্যজং পিত্রোরহাদ্ যঃ পঞ্চহায়নঃ ॥৩৬
পরোঽপ্যপত্যং হিতকৃদ্ যথৌষধং
স্বদেহজোঽপ্যাময়বৎ সুতোঽহিতঃ।
ছিন্দ্যাৎ তদঙ্গং যদুতাত্মনোঽহিতং
শেষং সুখং জীবতি যদ্বিবর্জনাৎ ॥৩৭

তস্যাং দীর্ঘরজ্ঞাং বেদলক্ষণায়াম্ উরূণি দামানি ব্রাহ্মণাদি-নামানি যস্যাং তস্যাং (কাম্যকর্মভিঃ) বদ্ধাঃ পশবঃ স্বার্থগতিং (স্বস্মিন্ ভগবতি এব অর্থঃ পুরুষার্থঃ যেষাং তেষাং গতিং) বিষ্ণুং ন বিদুঃ ॥৩১

অনর্থাপগমঃ (অনর্থস্য সংসার-পরম্পরা-দুঃখস্য অপগমঃ নিরাসঃ ইব) যদর্থঃ (যস্যাঃ ভগবদঙ্ঘ্রি-স্পর্শিন্যাঃ মতেঃ অর্থঃ প্রয়োজনং) সা মতিঃ নিষ্কিঞ্চনানাম্ ঐহিকামুষ্মিক-ফলত্যাগিনাং মহীয়সাং পাদরজোভিঃ আত্মনঃ অভিষেকং যাবৎ ন বৃণীত তচ্চরণং শরণং ন আশ্রয়েৎ, তাবৎ (বেদবাক্যতো জ্ঞাতাপি) এষাং মতিঃ উরুক্রমাঙ্ঘ্রিং ন স্পৃশতি ন প্রাপ্নোতি ॥৩২

ইতি উক্ত্বা উপরতং বিরতং পুত্রং প্রহ্লাদং রুষা অন্ধীকৃতাত্মা বিবেকশূন্যাত্মা হিরণ্যকশিপুঃ স্বস্য উৎসঙ্গাৎ অঙ্কাৎ মহীতলে নিরস্যত চিক্ষেপ ॥৩৩

তথা অমর্ষ-রুষাবিষ্টঃ (অমর্ষঃ অসহনং তেন সহিততা রুষা আবিষ্টঃ ব্যাপ্তঃ) অতএব কষায়ীভূতলোচনঃ (কষায়ীভূতে আতাম্রে লোচনে যস্য সঃ) সঃ হিরণ্যকশিপুঃ আহ উবাচ,—হে নৈর্ঋতাঃ ! রাক্ষসাঃ ! এনম্ ইতঃ আশু নিঃসার্যতাম্, ততশ্চ বধ্যতাম্, যতোঽয়ং বধ্যঃ বধার্হঃ ॥৩৪

যঃ অধমঃ স্বান্ অস্মান্ পিত্রাদীন্ সুহৃদঃ হিতকারিণঃ হিত্বা ত্যক্ত্বা পিতৃব্যস্য হিরণ্যাক্ষস্য হন্তুঃ বিষ্ণোঃ পাদৌ যথা দাসবৎ অর্চতি, সঃ অয়ম্ এব অতঃ যে ভ্রাতৃহা ॥৩৫

অহো ! যঃ অসৌ পঞ্চহায়নঃ পঞ্চবার্ষিকঃ বালঃ অপি যদা দুস্ত্যজম্ অপি পিত্রোঃ সৌহৃদং স্নেহম্ অহাৎ ত্যক্তবান্, তাদৃশঃ অসমঞ্জসঃ কুতঃ অসৌ প্রহ্লাদঃ বিষ্ণোঃ বা কিং সাধু উপকারং করিষ্যতি ॥৩৬

হিতকৃৎ ঔষধং যথা (বনে জাতম্ অপি ততঃ আনীয়

অন্ধ ব্যক্তি অপর অন্ধকে চালিত করিলে বিপথে পড়িতে হয়, সেইরূপ গুরুর উপদেশেও বেদবিধির দীর্ঘ রজ্জুতে আবদ্ধ হইয়া পড়ে ।৩১

বেদবাক্যানুসারে জানা যায়—এক দেবতাই সর্বভূতে অবস্থান করেন এবং সর্বব্যাপী, তথাপি গৃহাসক্ত মানুষ যতদিন নিষ্কিঞ্চন মহৎ সাধুগণের পদধূলিতে অভিষিক্ত না হয়, ততদিন তাহাদের মতি সকল অনর্থের বিনাশক শ্রীবিষ্ণুর চরণ স্পর্শ করিতে পারে না। [মহতের অনুগ্রহ ভিন্ন তত্ত্বনিশ্চয় বা মোক্ষ লাভ হয় না] ।৩২

এই কথা বলিয়া প্রহ্লাদ বিরত হইলে, ক্রোধে অন্ধ হিরণ্যকশিপু নিজের ক্রোড়দেশ হইতে পুত্রকে ভূতলে ফেলিয়া দিলেন ।৩৩

অসহনীয় ক্রোধের আবেশে রক্তচক্ষু দানব উচ্চৈঃস্বরে বলিলেন,—হে অসুরগণ ! শীঘ্র ইহাকে বধ কর, এই বালক আমার বধ্য। ইহাকে এখান হইতে দূরে লইয়া যাও ।৩৪

এই অধম বধার্হ, কেননা আত্মীয় বান্ধব আমাদিগকে ত্যাগ করিয়া এই পামর দাসের মত পিতৃব্যহন্তা বিষ্ণুর চরণ অর্চনা করে ।৩৫

যে পাঁচ বৎসর বয়সে পিতামাতার স্নেহ সৌহার্দ্য ত্যাগ করিয়াছে, সেই অবিশ্বাসনীয় বালক বিষ্ণুরই বা কোন্ উপকারে আসিবে ?৩৬

(যদি বল, তোমার পুত্র—ইহাকে কি করিয়া বধ করা যায়, তদুত্তরে বলি।) পরের পুত্রও ঔষধের মত উপকার করিলে তাহাকে নিজের সন্তানের মত

সর্ব্বৈরুপায়ৈর্হন্তব্যঃ সম্ভোজশয়নাসনৈঃ।
সুহৃল্লিঙ্গধরঃ শত্রুর্মুনের্দুষ্টমিবেন্দ্রিয়ম্ ॥৩৮
নৈর্ঋতাস্তে সমাদিষ্টা ভর্ত্রা বৈ শূলপাণয়ঃ।
তিগ্মদংষ্ট্রকরালাস্যাস্তাম্রশ্মশ্রুশিরোরুহাঃ ॥৩৯
নদন্তো ভৈরবং নাদং ছিন্ধি ভিন্ধীতি বাদিনঃ।
আসীনঞ্চাহনন্ শূলৈঃ প্রহ্লাদং সর্ব্বমর্ম্মসু ॥৪০

পরে ব্রহ্মণ্যনির্দ্দেশ্যে ভগবত্যখিলাত্মনি।
যুক্তাত্মন্যফলা আসন্নপুণ্যস্যেব সৎক্রিয়াঃ ॥৪১
প্রয়াসেঽপহতে তস্মিন্ দৈত্যেন্দ্রঃ পরিশঙ্কিতঃ।
চকার তদ্বধোপায়ান্ নির্ব্বন্ধেন যুধিষ্ঠির ॥৪২
দিগ্‌গজৈর্দন্দশূকৈস্ত্বেরভিচারাবপাতনৈঃ।
মায়াভিঃ সন্নিরোধৈশ্চ গরদানৈরভোজনৈঃ ॥

সংরক্ষ্যতে তথা) পরঃ হিতকৃৎ চেৎ তদা সঃ অপত্যম্ (অপত্যবৎ সংরক্ষণীয়ঃ) ; স্বদেহজঃ দুষ্টঃ অহিতঃ চেৎ তদা সঃ আময়বৎ হন্তব্যঃ। যৎ অঙ্গম্ আত্মনঃ অহিতং দুঃখদং, তৎ অঙ্গম্ উদ্ধৃত্য অপি ছিন্দ্যাৎ, যত অঙ্গতঃ বিবর্দ্ধনাৎ দেহম্ অঙ্গং সুখং জীবতি ॥৩৭

মুনেঃ দুষ্টম্ ইন্দ্রিয়ম্ ইব অয়ং সুহৃল্লিঙ্গধরঃ পুত্রবেশধারী, অতঃ শত্রুঃ এব, সাম্ভোজ-শয়নাসনৈঃ (সম্ভোজে বিষাদিপ্রয়োগেন শয়নে আসনে চ শত্রুপ্রযত্নেন) সর্ব্বৈঃ উপায়ৈঃ অয়ং হন্তব্যঃ ॥৩৮

তিগ্মদংষ্ট্রকরালাস্যাঃ (তিগ্মাঃ তীক্ষ্ণাঃ দংষ্ট্রাঃ করালানি আস্যানি যেষাং তে) তাম্রাণি শ্মশ্রূণি শিরোরুহাঃ চ যেষাং তথাবিধাঃ তে শূলপাণয়ঃ নৈর্ঋতাঃ রাক্ষসাঃ ভর্ত্রা হিরণ্যকশিপুনা এবং সমাদিষ্টাঃ আজ্ঞপ্তাঃ ॥৩৯

ভৈরবং নাদং নদন্তঃ এবং ছিন্ধি ভিন্ধি ইতি বাদিনঃ বদন্তঃ রাক্ষসাঃ আসীনং প্রহ্লাদং সর্ব্বমর্ম্মসু (ব্রহ্মণ-কুক্ষি-হৃদয়-কণ্ঠ-শিরাদিষু ভেদু) শূলৈঃ অহনন্ ॥৪০

তথাপি পরে পরমেশ্বরে ব্রহ্মণি নির্ব্বিকারে, অনির্দ্দেশ্যে বচনাগোচরে, অখিলাত্মনি সর্ব্বনিয়ন্তরি, ভগবতি যুক্তঃ সমাহিতঃ আত্মা অন্তঃকরণং যস্য তস্মিন্ প্রহ্লাদে তেষাং প্রহারাঃ অপুণ্যস্য পুণ্যহীনস্য সৎক্রিয়াঃ ইব অফলাঃ আসন্ ॥৪১

দেবাঽসুরো নরোঽন্যো বা নেশ্বরোঽন্যোঽস্তীহ কশ্চন ॥
আত্মনোঽন্যস্য বাদিষ্টং দৈবেনাপোহিতুং ঘয়োঃ ॥৬৪

অথাসৌ শক্তিভিঃ স্বাভিঃ শঙ্ভোঃ প্রাধানিকং ব্যধাৎ।
ধর্ম্মজ্ঞানবিরক্ত্যৃদ্ধিতপোবিদ্যাক্রিয়াদিভিঃ ॥৬৫

রথং সূতং ধ্বজং বাহান্ ধনুর্বর্ম্ম শরাদি যৎ।
সন্নদ্ধো রথমাস্থায় শরং ধনুরুপাদদে ॥৬৬

শরং ধনুষি সন্ধায় মুহূর্ত্তেঽভিজিতীশ্বরঃ।
দদাহ তেন দুর্ভেদ্যা হরোঽথ ত্রিপুরো নৃপ ॥৬৭

দিবি দুন্দুভয়ো নেদুর্বিমানশতসঙ্কুলাঃ।
দেবর্ষিপিতৃসিদ্ধেশা জয়েতি কুসুমোৎকরৈঃ।
অবাকিরন্ জগুর্হৃষ্টা ননৃতুশ্চাপ্সরোগণাঃ ॥৬৮

তে রক্ষকাঃ অসুরাঃ চ পানং কুর্বন্তীং গাং পশ্যন্তঃ অপি (ভগবন্মায়য়া) বিমোহিতাঃ এব ন ন্যষেধন্। মহাযোগী হরঃ স্মরন্ বিশোকঃ সন্ তং অমৃতপানং বিজ্ঞায় তাং তাং দৈবগতিং (দেবস্য ভগবতঃ গতিং) স্মরন্ শোকার্ত্তান্ রসপালান্ অসুরান্ জগৌ উবাচ। দেবঃ অসুরঃ নরঃ বস্তুতঃ বা রক্ষঃ রক্ষঃ গন্ধর্বাদিঃ অন্যঃ কশ্চন বা আত্মনঃ স্বস্য অন্যস্য বা ঘয়োঃ বা দৈবেন ঈশ্বরেণ যৎ দিষ্টম্ উপকল্পিতম্, তৎ অপোহিতুম্ অন্যথাকর্তুম্ ঈশ্বরঃ সমর্থঃ ইহলোকে নাস্তি; অথ অসৌ শ্রীহরিঃ ধর্ম-জ্ঞান-বিরক্ত্যৃদ্ধি-তপো-বিদ্যা-ক্রিয়াদিভিঃ স্বাভিঃ শক্তিভিঃ শঙ্ভোঃ রুদ্রস্য প্রাধানিকং সাংগ্রামিকং আধনং রথং, সূতং, ধ্বজং, বাহান্, ধনুঃ, বর্ম, শরাদি ব্যধাৎ ॥

রুদ্রঃ তু সন্নদ্ধঃ এব রথম্ আস্থায় শরং ধনুঃ চ উপাদদে। অথ অনন্তরং হে নৃপ। ঈশ্বরঃ হরঃ রুদ্রঃ অভিজিতি মধ্যাহ্নকালে ধনুষি শরং সন্ধায় দুর্ভেদ্যাঃ অপি ত্রিপুরঃ তিস্রঃ পুরঃ দদাহ ॥৬৬-৬৭

বিমান-শত-সঙ্কুলাঃ বিমানশতানি সঙ্কুলানি সঙ্কীর্ণানি যেষাং তে দেবাদয়ঃ দিবি দুন্দুভয়ঃ নেদুঃ; জয়েতি যদতঃ কুসুমোৎকরৈঃ কুসুমবর্ষৈঃ শব্দম্ অবাকিরন্। অপ্সরোগণাঃ হৃষ্টাঃ সন্তঃ

সেই অসুরগণ ইহা দেখিয়াও মায়ামোহিত হওয়ার নিমিত্ত নিষেধ করিতে পারে নাই। ইহা বুঝিতে পারিয়া শোকমুক্ত মহাযোগী শংকর হাসিয়া হাসিয়া দৈবগতি স্মরণপূর্বক শোকার্ত্ত লোকপালগণকে এই কথা বলেন। নিজের প্রতি বা অপরের প্রতি দৈবগতিতে যাহা হয়, উহা দেবতা অসুর মানব বা যে কেহ হউক না—কেহই অন্যথা করিতে পারে না। অনন্ত ভগবান্ শ্রীহরি নিজের শক্তি ধর্ম জ্ঞান বৈরাগ্য সম্পৎ তপস্যা বিদ্যা ও ক্রিয়াদ্বারা শংকরের যুদ্ধের উপকরণ রচনা করিয়া দিলেন। রথ, সারথি, ধ্বজা, অশ্ব, ধনু বর্ম শরপ্রভৃতি সকলই হইল। শংকর যুদ্ধের বেশ পরিধানপূর্বক রথের উপরে বসিয়া শরধনু ধারণ করিলেন।

হে নৃপ, শংকর-ভগবান্ ধনুকে শরযোজনাপূর্বক মধ্যাহ্ন সময়ে (যাহাকে অভিজিত মুহূর্ত বলা হয়) সেই সময়ে দুর্ভেদ্য দানবের তিনটি পুরী দগ্ধ করিয়া ফেলিলেন।

ত্রিপুর দগ্ধ হইলে শত শত বিমানে আচ্ছন্ন আকাশে দুন্দুভির ধ্বনি হইতে লাগিল এবং পুষ্পবর্ষণের সহিত দেবতা, ঋষি, পিতৃগণ ও সিদ্ধেশ্বরগণের মুখে জয়ধ্বনি উঠিল।

তাঁহারা কুসুম বর্ষণ করিলেন, আনন্দে গান এবং নৃত্য করিলেন, অপ্সরাগণ এইভাবে উৎসব করেন। ত্রিপুর-বিনাশকারী শংকর এইভাবে তিনটি পুরী দগ্ধ করিয়া ব্রহ্মাদি দেবগণদ্বারা অভিস্তুত হইয়া নিজধামে গমন করিলেন।৬৩-৬৯

এবং দগ্ধ্বা পুরস্ত্রিস্রো ভগবান্ পুরহা নৃপ।
ব্রহ্মাদিভিঃ স্তূয়মানঃ স্বং ধাম প্রত্যপদ্যত ॥৬৯

এবংবিধান্যস্য হরেঃ স্বমায়য়া
বিড়ম্বমানস্য নৃলোকমাত্মনঃ।
বীর্য্যাণি গীতান্যৃষিভির্জগদ্গুরো-
র্লোকং পুনানান্যপরং বদামি কিম্ ॥৭০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে দশমোঽধ্যায়ঃ ॥১০

অন্বয়ঃ নবমূঃ চ ॥৬৮

হে নৃপ! ত্রিপুরহা ভগবান্ রুদ্রঃ এবং রুদ্রসহায়েন ভিত্রঃ পুরঃ দগ্ধ্বা ব্রহ্মাদিভিঃ স্তূয়মানঃ স্বং ধাম প্রতি অপদ্যত যযৌ ॥৬৯

এবং স্বমায়য়া আত্মনঃ নৃলোকং নরাকারং বিড়ম্বমানস্য

অনুকুর্বতঃ অস্য জগদ্গুরোঃ হরেঃ শ্রীকৃষ্ণস্য এবংবিধানি লোকং পুনানানি ঋষিভিঃ গীতানি বীর্য্যাণি সন্তি। অপরং কিং বদামি। তৎ মৃষ্ট ॥৭০

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীধরস্বামিকৃতায়াং দশমোঽধ্যায়ঃ ॥

নিজমায়ায় নরাকৃতি অনুকরণ করিয়া শ্রীহরি এই প্রকার লীলা করেন। জগদ্গুরুর জন-পবিত্রতাকারী এই সকল লীলাসমূহ ঋষিগণ গান করিয়াছেন; উহা তোমার নিকট বর্ণনা করিলাম; অন্য আর কি বলিব বল ॥৭০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের সপ্তম-স্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দশম অধ্যায় সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ

[মানবধর্ম-বর্ণধর্ম-স্ত্রীধর্মাণাং নিরূপণম্ ।]

শ্রীশুক উবাচ ।

শ্রুত্বেহিতং সাধুসভাসভাজিতং
মহত্তমাগ্র্য উরুক্রমাত্মনঃ ।
যুধিষ্ঠিরো দৈত্যপতের্মুদান্বিতঃ
পপ্রচ্ছ ভূয়স্তনয়ং স্বয়ম্ভুবঃ ॥১

যুধিষ্ঠির উবাচ ।

ভগবন্ শ্রোতুমিচ্ছামি নৃণাং ধর্ম্মং সনাতনম্ ।
বর্ণাশ্রমাচারযুতং যৎ পুমান্ বিন্দতে পরম্ ॥২

ভবান্ প্রজাপতেঃ সাক্ষাদাত্মজঃ পরমেষ্ঠিনঃ ।
সুতানাং সম্মতো ব্রহ্মংস্তপোযোগসমাধিভিঃ ॥৩

নারায়ণপরা বিপ্রা ধর্ম্মং গুহ্যং পরং বিদুঃ ।
করুণাঃ সাধবঃ শান্তাস্তদ্বিধা ন তথাপরে ॥৪

নারদ উবাচ ।

নত্বা ভগবতেঽজায় লোকানাং ধর্ম্মসেতবে ।
বক্ষ্যে সনাতনং ধর্ম্মং নারায়ণমুখাচ্ছ্রুতম্ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ । সাধূনাং ব্রহ্মবাদিনাং সভাসু সভাজিতং সৎকৃতং মহত্তমাগ্র্যঃ (মহত্তমানাং ভগবদ্ভক্তানাম্ অগ্র্যঃ মুখ্যস্য) উরুক্রমাত্মনঃ (উরুক্রমে ভগবতি আত্মা মনঃ যস্য তস্য) দৈত্যপতেঃ প্রহ্লাদস্য ঈহিতং চরিতং শ্রুত্বা মুদান্বিতঃ যুধিষ্ঠিরঃ স্বয়ম্ভুবঃ ব্রহ্মণঃ তনয়ং নারদং ভূয়ঃ পপ্রচ্ছ ॥১

যুধিষ্ঠিরঃ উবাচ । হে ভগবন্ । অহং বর্ণানাং ব্রাহ্মণাদীনাম্, আশ্রমাণাং ব্রহ্মচর্য্যাদীনাম্ আচারৈঃ যুতং সনাতনম্ অনাদি-পরম্পরাগতং নৃণাং ধর্ম্মং শ্রোতুম্ ইচ্ছামি । যৎ যস্মাৎ ধর্ম্মাৎ পরং পরমাত্মানং পুমান্ বিন্দতে ॥২

ভবান্ প্রজাপতেঃ সাক্ষাৎ আত্মজঃ পুত্রঃ, তথা তপোযোগঃ সমাধিভিঃ সুতানাং মধ্যে অপি নিজঃ সম্মতঃ ॥৩

কিঞ্চ করুণাঃ কৃপাবন্তঃ সাধবঃ শান্তাঃ নারায়ণপরাঃ তদ্বিধাঃ বিপ্রাঃ যথা পরম্ উৎকৃষ্টং গুহ্যং ধর্ম্মং বিদুঃ, তথা অপরে ন জানন্তি ॥৪

নারদঃ উবাচ । লোকানাং ধর্ম্মসেতবে ধর্ম্মহেতবে ধর্ম্ম-প্রবর্ত্তকায় ভগবতে অজায় নত্বা নারায়ণমুখাৎ শ্রুতং সনাতন-ধর্ম্মম্ অহং বক্ষ্যে ॥৫

একাদশ অধ্যায় ।

[মানব-ধর্ম, বর্ণ-ধর্ম ও স্ত্রী-ধর্মনিরূপণ]

শ্রীশুকদেব বলিলেন,—দৈত্যরাজ প্রহ্লাদের মন সর্বদা এই শ্রীভগবানে লাগিয়া থাকিত বলিয়া তিনি ছিলেন মহত্তমগণের মধ্যেও শ্রেষ্ঠ। তাঁহার পবিত্র চরিত-কথা সাধুসভায় সমাদৃত, সেই কথা শ্রবণে যুধিষ্ঠির আনন্দিত হইয়া পুনরায় স্বয়ম্ভু ব্রহ্মার পুত্র নারদকে জিজ্ঞাসা করিলেন ।১

শ্রীযুধিষ্ঠির বলিলেন,—হে ভগবন্ । যে ধর্ম অনুশীলনে মানুষ পরমবস্তু লাভ করিতে পারে, সেই সনাতন ধর্ম যাহাতে বর্ণাশ্রমাচার ব্যবস্থা আছে উহা শ্রবণ করিতে ইচ্ছা করি । ২

আপনি পরমেষ্ঠী, প্রজাপতি ব্রহ্মার পুত্র তপস্যা যোগ ও সমাধির গুণে আপনি অন্যান্য পুত্রগণের মধ্যে সকলের সম্মত । ৩

নারায়ণপরায়ণ ব্রাহ্মণগণ পরমগুহ্য ধর্ম অবগত আছেন। তাঁহারা কারুণ্যপূর্ণ সাধু এবং শান্ত ; আর তাঁহাদের মধ্যে আপনার মত আর কেহ নাই ।৪

শ্রীনারদ বলিলেন,— সর্বলোকের ধর্মসেতু জন্মরহিত শ্রীভগবান্‌কে প্রণামপূর্বক নারায়ণের শ্রীমুখে শ্রুত সনাতন ধর্ম সম্বন্ধে বলিতেছি ।৫

যোঽবতীর্য্যাত্মনোঽংশেন দাক্ষায়ণ্যাস্তু ধর্ম্মতঃ।
লোকানাং স্বস্তয়েঽধ্যাস্তে তপো বদরিকাশ্রমে ॥৬
ধর্ম্মমূলং হি ভগবান্ সর্ব্ববেদময়ো হরিঃ।
স্মৃতঞ্চ তদ্বিদাং রাজন্ যেন চাত্মা প্রসীদতি ॥৭
সত্যং দয়া তপঃ শৌচং তিতিক্ষেক্ষা শমো দমঃ।
অহিংসা ব্রহ্মচর্য্যঞ্চ ত্যাগঃ স্বাধ্যায় আর্জ্জবম্ ॥৮
সন্তোষঃ সমদৃক্ সেবা গ্রাম্যেহোপরমঃ শনৈঃ।
নৃণাং বিপর্য্যয়েহেক্ষা মৌনমাত্মবিমর্শনম্ ॥৯
অন্নাদ্যাদেঃ সংবিভাগো ভূতেভ্যশ্চ যথার্হতঃ।
তেষ্বাত্মদেবতাবুদ্ধিঃ সুতরাং নৃষু পাণ্ডব ॥১০
শ্রবণং কীর্ত্তনঞ্চাস্য স্মরণং মহতাং গতেঃ।
সেবেজ্যাবনতির্দাস্যং সখ্যমাত্মসমর্পণম্ ॥১১

যঃ ভগবান্ আত্মনঃ অংশকৃত্তেন সহ ধর্ম্মতঃ দাক্ষায়ণ্যাং দক্ষদুহিতরি অবতীর্য্য লোকানাং স্বস্তয়ে বদরিকাশ্রমে অদ্যাপি তপঃ অধ্যাস্তে ॥৬

হে রাজন্। ধর্ম্মমূলং (ধর্ম্মস্য মূলং প্রমাণং প্রবর্ত্তকং) হি নিশ্চিতং সর্ব্ববেদময়ঃ ভগবান্ হরিঃ এব ইতি তদ্বিদাং বেদবিদাং স্মৃতং; যেন ধর্ম্মেণ স্বাধ্যায়কৃত্তেন আত্মা পরমাত্মা প্রসীদতি ॥৭

সত্যং যথার্থভাষণং, দয়া (স্বার্থনিরপেক্ষ-পরদুঃখ-প্রহাণেচ্ছা), তপঃ একাদশ্যুপবাসাদি, শৌচং স্নানাদিজনিতং, তিতিক্ষা শীতোষ্ণাদি-দ্বন্দ্ব-সহিষ্ণুত্বম্, ঈক্ষা হেয়োপাদেয়বিবেকঃ, শমঃ অন্তঃকরণজয়ঃ, দমঃ বাহ্যেন্দ্রিয়জয়ঃ, হিংসা পরপীড়নবর্জ্জনং, ব্রহ্মচর্য্যম্ উপস্থসংযমঃ, ত্যাগঃ লোভরাহিত্যং, স্বাধ্যায়ঃ ঐহিক, জপঃ, আর্জ্জবং কৌটিল্যবর্জ্জনম্ ইত্যেকবিংশতিঃ তত্ত্বানুপ-

সন্তোষঃ (যদৃচ্ছালব্ধেনাপি বৃত্তিঃ), সমদৃক্সেবা (সমদৃশাং সেবা), গ্রাম্যেহাত্যাঃ প্রবৃত্তিকর্ম্মভ্যঃ শনৈঃ উপরমঃ নিবৃত্তিঃ, নৃণাং বিপর্য্যয়েহেক্ষাঃ নিষ্ফল-ক্রিয়াঃ তাসাম্ ঈক্ষা পর্য্যালোচনং, মৌনং বৃথালাপ-ত্যাগঃ, আত্মবিমর্শনং দেহাতিরিক্তাত্মনঃ অনুসন্ধানম্ ॥৯

অন্নাদ্যাদেঃ অন্নবস্ত্রাদেঃ ভূতেভ্যঃ যথার্হতঃ যথোচিতং সংবিভাগঃ, তেষু ভূতেষু পশ্বাদিষু সুতরাং নৃষু হে পাণ্ডব। আত্মা ইতি দেবতা ইতি বুদ্ধিঃ ॥১০

মহতাং ভক্তানাং গতেঃ আশ্রয়ভূতস্য অস্য ভগবতঃ তত্ত্ব-কর্ম্মণাং শ্রবণং কীর্ত্তনং চকারাৎ স্মরণং, সেবা, ঈজ্যা পূজা, অবনতিঃ নমস্কারঃ, দাস্যং, সখ্যং, বিশ্বাসাদি আত্মসমর্পণম্ ইতি সাধনভক্তিরূপাঃ নব ॥১১

এই নারায়ণ ঋষি ধর্ম ও দাক্ষায়ণীর সন্তানরূপে ভগবদংশে অবতীর্ণ হইয়া সর্বলোকের মঙ্গলের নিমিত্ত বদরিকাশ্রমে তপস্যা নিরত হইয়া আছেন। ৬

সর্ব্ববেদময় ভগবান্ শ্রীহরি ধর্মের মূল। বেদজ্ঞ ব্রাহ্মণগণের স্মৃতিও সেই ধর্ম, তাহাতেই আত্মার প্রসন্নতা লাভ হয়। ৭

হে রাজন্ যুধিষ্ঠির! সকলের প্রাণপুরুষ ভগবান্ যাহাতে সন্তোষলাভ করেন, এরূপ ত্রিশটি লক্ষণযুক্ত মানবের পরম ধর্ম তোমাকে বলিতেছি শ্রবণ কর। (১) সত্য, (২) দয়া, (৩) তপস্যা, (৪) শৌচ, (৫) তিতিক্ষা, (৬) ন্যায়-অন্যায়-বিবেক, (৭) শম, (৮) দম, (৯) অহিংসা, (১০) ব্রহ্মচর্য্য, (১১) ত্যাগ, (১২) স্বাধ্যায়, (১৩) আর্জব, (১৪) সন্তোষ, (১৫) সমদৃষ্টি সাধুসেবা, (১৬) প্রবৃত্তিমূলক কর্ম হইতে নিবৃত্তি, (১৭) নিষ্ফল কর্ম দেখা, (১৮) মৌন বা বৃথা কথা ত্যাগ, (১৯) আত্মানুসন্ধান, (২০) প্রাণিগণকে যথাযোগ্য খাদ্য বণ্টন, (২১) তাহাদের প্রতিআপন বুদ্ধি ও দেবতাজ্ঞান অতএব সকল মানবের প্রতি এইরূপ ভাব, (২২) শ্রবণ, (২৩) কীর্ত্তন, (২৪) স্মরণ, (২৫) সেবা, (২৬) পূজা, (২৭) প্রণাম, (২৮) দাস্যভাব, (২৯) সখ্যভাব, (৩০) আত্মসমর্পণ।৮-১১

নৃণাময়ং পরো ধর্ম্মঃ সর্ব্বেষাং সমুদাহৃতঃ।
ত্রিংশল্লক্ষণবান্ রাজন্ সর্ব্বাত্মা যেন তুষ্যতি ॥১২

সংস্কারা যত্রাবিচ্ছিন্নাঃ স দ্বিজোঽজো জগাদ যম্।
ইজ্যাধ্যয়নদানানি বিহিতানি দ্বিজন্মনাম্।
জন্মকর্ম্মাবদাতানাং ক্রিয়াশ্চাশ্রমচোদিতাঃ ॥১৩

বিপ্রস্যাধ্যয়নাদীনি ষড়ন্যস্যাপ্রতিগ্রহঃ।
রাজ্ঞো বৃত্তিঃ প্রজাগোপ্তুরবিপ্রাদ্ বা করাদিভিঃ ॥১৪
বৈশ্যস্তু বার্ত্তাবৃত্তিঃ স্যান্নিত্যং ব্রহ্মকুলানুগঃ।
শূদ্রস্তু দ্বিজশুশ্রূষা বৃত্তিশ্চ স্বামিনো ভবেৎ ॥১৫
বার্ত্তা বিচিত্রা শালীন-যাযাবর-শিলোঞ্ছনম্।
বিপ্রবৃত্তিশ্চতুর্ব্বেয়ং শ্রেয়সী চোত্তরোত্তরা ॥১৬

যে রাজন্। অয়ং ত্রিংশল্লক্ষণবান্ (অবান্তর-প্রকারভেদেন ত্রিংশৎসংখ্যকঃ) পরঃ উৎকৃষ্টঃ ধর্ম্মঃ সর্ব্বেষাং নৃণাং সমুদাহৃতঃ সাধারণতয়া ঋষিভিঃ নিরূপিতঃ, যেন ধর্ম্মেণ সর্ব্বাত্মা ভগবান্ তুষ্যতি ॥১২

সংস্কারাঃ মন্ত্রবতঃ সর্ভধানাদয়ঃ ষোড়শ যত্র যস্মিন্ অবিচ্ছিন্নাঃ, সঃ দ্বিজঃ অজঃ ব্রহ্মা যং বক্ষ্যমাণ-ব্রাহ্মণাদি-ত্রিবর্ণলক্ষণযুক্তং ত্রৈবর্ণিকরূপেণ জগাদ। জন্মনা বিশুদ্ধেন কুলেন আচারেণ অবদাতানাং শুদ্ধানাম্ এষাং দ্বিজন্মনাং ত্রৈবর্ণিকানাম্ ইজ্যাধ্যয়ন-দানানি বিহিতানি তথা আশ্রমচোদিতাঃ ব্রহ্মচর্য্যা-শ্রমেষু চোদিতাঃ ক্রিয়াশ্চ বিহিতাঃ ॥১৩

বিপ্রস্য অধ্যয়নাদীনি (যজনং যাজনম্ অধ্যয়নম্ অধ্যাপনং দানং প্রতিগ্রহঃ চ ইতি) ষট্ কর্ম্মাণি বিহিতানি (তত্র ইজ্যাধ্যয়ন-দানানি ইতি ত্রীণি অবশ্যানুষ্ঠেয়ানি; যাজনাধ্যাপন-প্রতিগ্রহস্তাপি তু জীবিকাসাধনানি ন্যায়তঃ যানি)। অন্যস্য ক্ষত্রিয়স্য অপ্রতিগ্রহঃ ইতি প্রতিগ্রহাতিরিক্তম্ অধ্যয়নাদি-কর্ম্মঃ। প্রজাগোপ্তুঃ রাজ্ঞঃ অবিপ্রাৎ বিপ্রব্যতিরিক্তাৎ করাদিভিঃ যা বৃত্তিঃ বিহিতা ॥১৪

ব্রহ্মকুলানুগঃ নিত্যং ব্রাহ্মণানুবর্ত্তী বৈশ্যঃ তু বার্ত্তা (কৃষি-বাণিজ্য-গোরক্ষা-কুসীদং তু চতুর্বিধা বার্ত্তা) বৃত্তিঃ যস্য তথা ভূতঃ স্যাৎ ভবেৎ। শূদ্রস্য দ্বিজ-শুশ্রূষা স্বাভাবিকঃ ধর্ম্মঃ, স্বামিনঃ দ্বিজস্য সকাশাৎ তস্য বৃত্তিঃ ভবেৎ ॥১৫

বার্ত্তা বিচিত্রা, কৃষি-গোরক্ষা-বাণিজ্যাদিরূপা, শালীনম্ অযাচিতং, যাযাবরং প্রত্যহং যাবন্মাত্র-যাচ্ঞা, শিলং শালি-ক্ষেত্রাদৌ স্বামিত্যক্ত-কণিশোপাদানম্, উঞ্ছনম্ আপণাদি-পতিতকণোপাদানং (শিলোঞ্ছনম্ ইতি বরমেকীকৃত্য) চতুর্থী ইয়ং বিপ্রবৃত্তিঃ। আসাং চতসৃণাং বৃত্তীনাং মধ্যে উত্তরোত্তরা বৃত্তিঃ শ্রেয়সী উত্তমা ॥১৬

সকল মানুষের পরম বলিয়া ইহাই বর্ণিত হইয়াছে। সর্বাত্মা ভগবান্ শ্রীহরি এই ত্রিশলক্ষণযুক্ত ধর্ম্মের অনুশীলনে সন্তুষ্ট হন।১২

সংস্কারাদি-যুক্ত দ্বিজগণই দ্বিজ বলিয়া ভগবান্ ব্রহ্মাকর্ত্তৃক নির্দ্দিষ্ট হইয়াছে। শূদ্রগণ মন্ত্রযুক্ত সংস্কারবান্ নয়, উপনয়নও তাহাদের হইতে পারে না; অতএব সে দ্বিজ নয়।

শুদ্ধকুলে শুদ্ধ আচারে যাহার জন্ম এরূপ দ্বিজ-সন্তানের জন্য যজন, অধ্যয়ন, দান এবং ব্রহ্মচর্য্যাদি আশ্রমোচিত ক্রিয়ার ব্যবস্থা।১৩

ব্রাহ্মণের জন্য অধ্যয়ন, অধ্যাপন, যজন, যাজন, দান ও পরিগ্রহ এই ছয়টি কর্ম ব্যবস্থাপিত। ক্ষত্রিয় জাতির জন্য প্রতিগ্রহ ভিন্ন আর পাঁচটি। তবে যে ক্ষত্রিয় প্রজাপালনে নিযুক্ত, তিনি ব্রাহ্মণভিন্ন অন্য প্রজা হইতে কর-গ্রহণাদি দ্বারা জীবিকা অর্জন করিবেন। ১৪

বৈশ্যগণের জীবিকা কৃষি, বাণিজ্য এবং ব্রাহ্মণানুকূল্য। শূদ্রগণ সেবাদ্বারা জীবিকা অর্জন করিবেন।১৫

বিপ্র প্রধান ও অপ্রধানভাবে অন্য বৃত্তিও গ্রহণ করিতে পারেন। অযাচিত প্রাপ্ত সামগ্রী, প্রত্যহ ভিক্ষা, ক্ষেত্রে পরিত্যক্ত ধান্যাদি সংগ্রহ, অথবা দোকানের দ্বারে পরিত্যক্ত শস্যকণা সংগ্রহ। এইগুলির মধ্যে পর পর বৃত্তি উত্তম।১৬

অঘস্যো নোত্তমাং বৃত্তিমনাপদি ভজেন্নরঃ।
ঋতে রাজন্যমাপৎসু সর্ব্বেষামপি সর্ব্বশঃ ॥১৭

ঋতামৃতাভ্যাং জীবেত্তু মৃতেন প্রমৃতেন বা।
সত্যানৃতাভ্যামপি বা ন শ্ববৃত্ত্যা কদাচন ॥ ১৮

ঋতমুঞ্ছশিলং প্রোক্তমমৃতং যদযাচিতম্।
মৃতং তু নিত্যযাচ্ঞা স্যাৎ প্রমৃতং কর্ষণং স্মৃতম্।
সত্যানৃতঞ্চ বাণিজ্যং শ্ববৃত্তির্নীচসেবনম্ ১৯॥

অঘতঃ নীচঃ অনাপদি শ্ববৃত্ত্যলাভরূপাপদভাবে উত্তমাম্ অধ্যাপনাদিরূপাং বৃত্তিং ন ত্যজেৎ ন বীকুর্য্যাৎ (স্ব-স্ববৃত্ত্যৈব নির্ব্বাহং কুর্য্যাৎ)। আপৎসু তু রাজন্যং ক্ষত্রিয়ম্ ঋতে বিনা সর্ব্বেষাম্ অপি সর্ব্বাঃ বৃত্তয়ঃ ভবন্তি। ক্ষত্রিয়স্য তু প্রতিগ্রহং বিহায় অন্যাঃ বৃত্তয়ঃ ভবন্তি ॥১৭

ঋতামৃতাভ্যাং মৃতেন প্রমৃতেন বা সত্যানৃতাভ্যাম্ অপি বা জীবেত্। ন শ্ববৃত্ত্যা কদাচন ॥১৮

উঞ্ছশিলম্ ঋতং প্রোক্তম্; অযাচিতং যৎ তৎ অমৃতং প্রোক্তম্; নিত্যং যাচ্ঞা মৃতং স্যাৎ; কর্ষণং প্রমৃতং স্মৃতম্। সত্যানৃতং বাণিজ্যং তথা নীচসেবনং শ্ববৃত্তিঃ ভবতি ॥১৯

হীনজাতি উত্তমজাতিকে বিপদে না পড়িলে কখনও পাঠ দিবে না। বিপদের সময় ক্ষত্রিয় ভিন্ন সকল জাতিই সকল কর্ম করিতে পারে। বিপদের সময়ও ক্ষত্রিয় প্রতিগ্রহ করিবে না অন্যবৃত্তি গ্রহণ করিতে পারে। ১৭

ব্রাহ্মণের চরিটি বৃত্তির মধ্যে ঋত ও অমৃত, অথবা মৃত ও প্রমৃত, অথবা সত্যানৃতদ্বারা সকল জাতিই জীবিকা অর্জন করিতে পারে। কিন্তু শ্ববৃত্তি (কুকুরের ন্যায় নীচ দাস্যবৃত্তি) দ্বারা জীবন ধারণ বিহিত নয়। ১৮

ঋত শব্দের অর্থ উঞ্ছ ও শিল (ক্ষেত্রে পরিত্যক্ত এবং দোকানের দ্বারে পরিত্যক্ত শস্যকণাদি), অমৃতের অর্থ অযাচিত প্রাপ্ত, মৃত অর্থ প্রাত্যহিক ভিক্ষালব্ধ, প্রমৃত অর্থ কৃষিলব্ধ, সত্য অনৃত অর্থ বাণিজ্য, শ্ববৃত্তির অর্থ নীচ সেবা। ১৯

বর্জ্জয়েৎ তাং সদা বিপ্রো রাজন্যশ্চ জুগুপ্সিতাম্।
সর্ব্ববেদময়ো বিপ্রঃ সর্ব্বদেবময়ো নৃপঃ ॥২০

শমো দমস্তপঃ শৌচং সন্তোষঃ ক্ষান্তিরার্জ্জবম্।
জ্ঞানং দয়াচ্যুতাত্মত্বং সত্যঞ্চ ব্রহ্মলক্ষণম্ ॥২১

শৌর্য্যং বীর্য্যং ধৃতিস্তেজস্ত্যাগশ্চাত্মজয়ঃ ক্ষমা।
ব্রহ্মণ্যতা প্রসাদশ্চ সত্যঞ্চ ক্ষত্রলক্ষণম্ ॥২২

দেবগুর্ব্বচ্যুতে ভক্তিস্ত্রিবর্গপরিপোষণম্।
আস্তিক্যমুদ্যমো নিত্যং নৈপুণ্যং বৈশ্যলক্ষণম্ ॥২৩

রাজন্যঃ বিপ্রঃ চঃ জুগুপ্সিতাং নিন্দিতাং তাং শ্ববৃত্তিং বর্জ্জয়েৎ। যতঃ বিপ্রঃ সর্ব্ববেদময়ঃ তথা নৃপঃ অপি সর্ব্বদেবময়ঃ ॥২০

শমাদি একাদশ ব্রহ্মলক্ষণং ব্রাহ্মণস্যাভিব্যঞ্জকম্। (পরশ্লোকার্দ্ধং শৌর্য্যাদি দশ ক্ষত্রিয়স্যাভিব্যঞ্জকম্) ॥২১

শৌর্য্যাদি দশ ক্ষত্রলক্ষণং ক্ষত্রিয়স্যাভিব্যঞ্জকম্। দেবভক্ত্যাদিকং বৈশ্যলক্ষণম্। (সেবাঃ গুরবঃ অচ্যুতঃ চ তত্র ভক্তিঃ)। ত্রিবর্গেণ ধর্ম্মার্থকামরূপেণ পুরুষার্থত্রয়েণ পরিপোষণং পরিপুষ্টিঃ; আস্তিক্যং শাস্ত্রোক্তে বিষয়ে বিশ্বাসঃ; নিত্যমুদ্যমঃ অর্থার্জ্জনে প্রযত্নঃ। তত্র নৈপুণ্যং চাতুর্য্যম্ ॥২২-২৩

শম, দম, তপস্যা, শৌচ, সন্তোষ, ক্ষান্তি, আর্জব, জ্ঞান, দয়া, অচ্যুতাত্মতা ও সত্য ব্রাহ্মণের লক্ষণ ।২১

শৌর্য্য, বীর্য্য, ধৈর্য্য, তেজ, ত্যাগ, ইন্দ্রিয়জয়, ক্ষমা, ব্রহ্মণ্যতা, প্রসন্নতা ও সত্য ক্ষত্রিয়ের লক্ষণ ।২২

দেব, গুরু, অচ্যুতে ভক্তি, ধর্ম, অর্থ ও কাম—তিন বর্গের পোষণ, আস্তিক্য, নিত্য উদ্যম ও নৈপুণ্য বৈশ্যের লক্ষণ ।২৩

শূদ্রস্য সন্নতিঃ শৌচং সেবা স্বামিন্যমায়য়া।
অমন্ত্রযজ্ঞো হ্যস্তেয়ং সত্যং গো-বিপ্ররক্ষণম্ ॥২৪
স্ত্রীণাঞ্চ পতিদেবানাং তচ্ছুশ্রূষানুকূলতা।
তদ্বন্ধূষনুবৃত্তিশ্চ নিত্যং তদ্ব্রতধারণম্ ॥২৫
সম্মার্জ্জনোপলেপাভ্যাং গৃহমণ্ডনবর্ত্তনৈঃ।
স্বয়ঞ্চ মণ্ডিতা নিত্যং পরিমৃষ্টপরিচ্ছদা ॥২৬
কামৈরুচ্চাবচৈঃ সাধ্বী প্রশ্রয়েণ দমেন চ।
বাক্যৈঃ সত্যৈঃ প্রিয়ৈঃ প্রেম্না কালে কালে
ভজেৎ পতিম্ ॥২৭

সন্তুষ্টালোলুপা দক্ষা ধর্ম্মজ্ঞা প্রিয়সত্যবাক্।
অপ্রমত্তা শুচিঃ স্নিগ্ধা পতিং ত্বপতিতং ভজেৎ ॥২৮

যা পতিং হরিভাবেন ভজেৎ শ্রীরিব তৎপরা।
হর্য্যাত্মনা হরের্লোকে পত্যা শ্রীরিব মোদতে ॥২৯

বৃত্তিঃ সঙ্করজাতীনাং তত্তৎকুলকৃতা ভবেৎ।
অচৌরাণামপাপানামন্ত্যজান্তেঽবসায়িনাম্ ॥৩০

প্রায়ঃ স্বভাববিহিতো নৃণাং ধর্ম্মো যুগে যুগে।
বেদদৃগ্‌ভিঃ স্মৃতো রাজন্ প্রেত্য চেহ চ শর্ম্মকৃৎ ॥৩১

শূদ্রস্য সন্নতিঃ নম্রতা, শৌচং স্নানাদিনা শুদ্ধত্বম্, অমায়য়া নিষ্কপটভাবেন স্বামিনি সেবা, অমন্ত্র-যজ্ঞঃ (নমস্কারেণ পঞ্চযজ্ঞানুষ্ঠানম্), অস্তেয়ম্ অচৌর্য্যম্। সত্যং তথা গবাং বিপ্রাণাং চ রক্ষণম্ ॥২৪

পতিঃ এব দেবঃ যাসাং তাসাং পতিব্রতানাং স্ত্রীণাং তৎ তস্য পত্যুঃ শুশ্রূষা পরিচর্য্যা, তদনুকূলতা, তস্য বন্ধূন্ পিতৃভ্রাত্রাদিন্ অনুবৃত্তিঃ অনুকূলতা, নিত্যং তস্য ব্রতধারণং নিয়মনির্ব্বাহঃ এষঃ শর্ম্মকৃৎ ॥২৫

গৃহস্য সম্মার্জ্জনোপলেপাভ্যাং মণ্ডনম্, জলেন সেকঃ, বর্ত্তনং স্বস্থানে এব অবস্থাপনং, তৈঃ স্বয়ং চ নিত্যং মণ্ডিতা অলঙ্কৃতা, পরিমৃষ্টাঃ বিশোধিতাঃ পরিচ্ছদাঃ পাত্রবস্ত্রবৃষবাদয়ঃ যয়া তাদৃশী ভূত্বা পতিং ভজেৎ ॥২৬

উচ্চাবচৈঃ নানাবিধৈঃ (পত্যুরপেক্ষিতৈঃ) কামৈঃ বিষয়ৈঃ প্রশ্রয়েণ বিনয়েন, দমেন ইন্দ্রিয়সংযমেন, সত্যৈঃ প্রিয়ৈঃ চ বাক্যৈঃ প্রেম্না কালে কালে তত্তদুচিতাবসরে সাধ্বী স্ত্রী পতিং ভজেৎ ॥২৭

সন্তুষ্টা, অলোলুপা, দক্ষা অনলসা, ধর্ম্মজ্ঞা, প্রিয়সত্যবাক্ (প্রিয়া সত্যা বাক্ যস্যাঃ তথাবিধা ভূত্বা), অপ্রমত্তা সাবধানা, শুচিঃ স্নানাদিনা শুদ্ধা, স্নিগ্ধা স্নেহযুক্তা, অপতিতং মহাপাতকরহিতং পতিং ভজেৎ ॥২৮

যা স্ত্রী শ্রীঃ লক্ষ্মীঃ ইব তৎপরা পতিপরা সতী হরিভাবেন পতিং ভজেৎ, সা শ্রীঃ ইব হর্য্যাত্মনা পত্যা সহ হরেঃ লোকে মোদতে ক্রীড়তি ॥২৯

অচৌরাণাম্ অপাপানাম্ অন্ত্যজান্তেঽবসায়িনাং সঙ্করজাতীনাং বৃত্তিঃ তু তত্তৎ কুলকৃতা ভবেৎ ॥৩০

হে রাজন্! নৃণাং স্বভাববিহিতঃ ধর্ম্মঃ এব প্রায়ঃ যুগে

সৎস্বভাব পতির সেবা করিবে ।২৬-২৭

সতী স্ত্রী যথালাভে সন্তুষ্ট, লোভহীন, অনলস ও ধর্ম্মপ্রাণা হইয়া প্রিয় সত্যবাক্যে সর্ব্ববিষয়ে দৃষ্টি রাখিয়া শুচিতা ও স্নিগ্ধতা বজায় রাখিয়া দোষশূন্য স্বামীর সেবা করিবে ।২৮

শ্রীলক্ষ্মীর ন্যায় তৎপরা স্ত্রী যিনি শ্রীহরি-ভাবে পতির সেবা করেন, তিনি সত্যই লক্ষ্মীর ন্যায় শ্রীহরি-স্বরূপ পরম পতির সহিত হরিলোকে আমোদিতা হন ।২৯

মিশ্রজাতিগণের এবং প্রতিলোমজাত ব্যক্তিগণের মধ্যে যাহারা পাপাচরণ চৌর্য্যাদি করে না

বৃত্ত্যা স্বভাবকৃতয়া বর্ত্তমানঃ স্বকর্ম্মকৃৎ।
হিত্বা স্বভাবজং কর্ম্ম শনৈর্নির্গুণতামিয়াৎ ॥৩২
উপাযানং মুহুঃ ক্ষেত্রং স্বয়ং নির্বীর্য্যতামিয়াৎ।
ন কল্পতে পুনঃ সূত্যৈ উপ্তং বীজঞ্চ নশ্যতি ॥৩৩
এবং কামাশয়ং চিত্তং কামানামতিসেবয়া।
বিরজ্যেত যথা রাজন্নগ্নিবৎ কামবিন্দুভিঃ ॥৩৪

যস্য যল্লক্ষণং প্রোক্তং পুংসো বর্ণাভিব্যঞ্জকম্।
যদন্যত্রাপি দৃশ্যেত তৎ তেনৈব বিনির্দ্দিশেৎ ॥৩৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে একাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

যুগে তত্তদবসরে ইহ প্রেত্য চ শর্ম্মকৃৎ সুখহেতুঃ ইতি বেদবিদ্ভিঃ স্মৃতঃ ॥৩১

স্বভাবকৃতয়া বৃত্ত্যা বর্ত্তমানঃ স্বকর্ম্মকৃৎ জনঃ স্বভাবজং কর্ম্ম হিত্বা শনৈঃ নির্গুণতাম্ ইয়াৎ প্রাপ্নুয়াৎ ॥৩২

যথা মুহুঃ যাগং যাগম্ উপাযানং ক্ষেত্রং স্বয়ম্ এব নির্বীর্য্যতাম্ ইয়াৎ গচ্ছেৎ; পুনঃ সূত্যৈ শস্যপ্রসবায় ন কল্পতে ন সমর্থং ভবতি; অতঃ উপ্তং বীজম্ অপি নশ্যতি ॥৩৩

হে রাজন্! কামবিন্দুভিঃ চিত্তং যথা অগ্নিবৎ প্রজ্বলিতঃ অগ্নিঃ যথা ঘৃতবিন্দুভিঃ ন শাম্যতি, কিন্তু বহুতা ঘৃতপূরেণ শাম্যতি, তথা কামানাম্ অতিসেবয়া কামাশয়ং চিত্তম্ এব বিরজ্যেত ॥৩৪

পুংসঃ বর্ণাভিব্যঞ্জকং যস্য যৎ লক্ষণং প্রোক্তং, তৎ যদি অন্যত্র বর্ণান্তরে অপি দৃশ্যেত, তৎ বর্ণান্তরং তেনৈব লক্ষণ-নিমিত্তেনৈব বর্ণেন বিনির্দ্দিশেৎ ॥৩৫

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীধরস্বামিকৃতায়াং একাদশোঽধ্যায়ঃ ॥

তাহারা স্ব-স্ব কুল অনুসারে যাহার যে কর্ম তাহা করাই ধর্ম। চৌর্য্য বা হিংসা ধর্ম নয় ।৩০

যুগে যুগে প্রায়শঃ স্বভাব অনুসারেই ধর্ম ব্যবস্থা হইয়াছে। বেদজ্ঞ জ্ঞানী ব্যক্তি ইহকাল ও পরকালে যাহা মঙ্গলজনক তাহাই ধর্ম বলিয়া নিরূপণ করিয়াছেন ।৩১

স্বভাব অনুসারে বৃত্তি অবলম্বন করিয়া জীবন যাপনপূর্বক ক্রমে সেই স্বভাবজ কর্মও ত্যাগ করিয়া নির্গুণতা লাভ করেন ।৩২

একই ক্ষেত্রে বার বার বীজ বপন করিয়া শস্য উৎপাদন করিলে, সেই ভূমি যেরূপ স্বভাবতই উর্বরতা হারাইয়া ফেলে এবং বীজও নষ্ট করে, সেইরূপ কাম্য-কর্ম করিয়া ফল ভোগ করিতে করিতেও একদিন নির্গুণ ভাব আসে না এরূপ বলা যায় না, পরিশেষে কর্মবীজ তাহারও নষ্ট হয় ।৩৩

এইপ্রকারেই কামনায় ভরা চিত্ত হইলেও অতিশয় কামসেবায় এক সময় বিরাগ আসিয়া উপস্থিত হয় কিন্তু অগ্নি কামবিন্দু অগ্নিতে ঘৃতবিন্দুর ন্যায় কামকে উপশমিত করিতে পারে না ।৩৪

হে রাজন্ যুধিষ্ঠির, যে ব্যক্তির বর্ণপ্রকাশক যে লক্ষণ বলা হইয়াছে, যদি অন্য বর্ণে ঐ সকল লক্ষণ দেখা যায়, তবে সেই লক্ষণাক্রান্ত ব্যক্তিকে লক্ষণানুসারেই সেই বর্ণ বলিয়া নির্দেশ করিতে হইবে ।৩৫

(শ্রীধর স্বামী এই শ্লোকের মুখবন্ধে বলেন—শম-দমাদি গুণদ্বারা ব্রাহ্মণাদি ব্যবহার প্রধান বলিয়া জানিবে, কেবল জাতি বা জন্মদ্বারাই উহা নয়—এই তাৎপর্য্য বুঝাইবার জন্য এই পূর্বোক্ত শ্লোক।)

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে সপ্তমস্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
একাদশ অধ্যায় সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ

[ব্রহ্মচারি-বানপ্রস্থয়োরসাধারণধর্ম্মস্য চতুর্ণাম্ আশ্রমাণাঞ্চ ধর্ম্মস্য কীর্ত্তনম্।]

নারদ উবাচ।

ব্রহ্মচারী গুরুকুলে বসন্ দান্তো গুরোর্হিতম্।
আচরন্ দাসবন্নীচো গুরৌ সুদৃঢ়সৌহৃদঃ ॥১

সায়ং প্রাতরুপাসীত গুর্ব্বগ্ন্যর্কসুরোত্তমান্।
সন্ধ্যে উভে চ যতবাগ্ জপন্ ব্রহ্ম সনাতনম্ ॥২

ছন্দাংস্যধীয়ীত গুরোরাহূতশ্চেৎ সুযন্ত্রিতঃ।
উপক্রমেঽবসানে চ চরণৌ শিরসা নমেৎ ॥৩

মেখলাজিনবাসাংসি জটাদণ্ডকমণ্ডলূন্।
বিভৃয়াদুপবীতঞ্চ দর্ভপাণির্যথোদিতম্ ॥৪

সায়ংপ্রাতশ্চরেদ্ভৈক্ষং গুরবে তন্নিবেদয়েৎ।
ভুঞ্জীত যদ্যনুজ্ঞাতো নো চেদুপবসেৎ ক্বচিৎ ॥৫

অন্বয়ঃ

নারদঃ উবাচ। গুরুকুলে গুরুগৃহে বসন্ দান্তঃ বশীকৃত-দেহেন্দ্রিয়ান্তঃকরণঃ, গুরৌ সুদৃঢ়সৌহৃদঃ (সুদৃঢ়ং সৌহৃদং যস্য তথাবিধঃ) এব নীচঃ দাসবৎ গুরোঃ হিতম্ আচরন্ ।১

সায়ং প্রাতঃ গুরুঃ অগ্নিঃ অর্কঃ সুরোত্তমঃ বিষ্ণুঃ তান্ উপাসীত; তথা সনাতনং ব্রহ্ম গায়ত্রীং জপন্ (সন্ধ্যাত্রয়ম্ উপাসীত), তত্র উভে সন্ধ্যে যতবাক্ ভবেৎ ।২

(গুরুণা) আহূতঃ সুযন্ত্রিতঃ সন্ গুরোঃ সকাশাৎ ছন্দাংসি বেদান্ অধীয়ীত। অধ্যয়নস্য উপক্রমে অবসানে চ প্রত্যহং শিরসা গুরোঃ চরণৌ নমেৎ ।৩

দর্ভপাণিঃ মেখলাজিন-বাসাংসি জটাদণ্ডকমণ্ডলূন্ যথোদিতম্ উপবীতং চ বিভৃয়াৎ ।৪

সায়ং প্রাতঃ চ ভৈক্ষং চরেৎ; তৎ ভিক্ষালব্ধম্ অন্নং গুরবে নিবেদয়েৎ। তেন অনুজ্ঞাতঃ তদা অন্নং ভুঞ্জীত; ন চেৎ একাদশ্যাদৌ উপবসেৎ ।৫

দ্বাদশঃ অধ্যায়

(ব্রহ্মচারী ও বানপ্রস্থীর অসাধারণ ধর্ম ও চারিটি আশ্রমের ধর্ম কীর্ত্তন।)

নারদ বলিলেন—গুরুকুলে বাস ও আশ্রমের ধর্ম কীর্ত্তন করিয়া ব্রহ্মচারী ইন্দ্রিয় দমনপূর্বক গুরুর হিতাচরণ করিয়া তাঁহার সেবকরূপে দৃঢ় প্রীতিসহ নম্রভাবে অবস্থান করিবে ।১

প্রতিদিন ত্রিসন্ধ্যায় গুরু, অগ্নি, সূর্য্য ও দেবতো-ত্তম বিষ্ণু উপাসনা এবং গায়ত্রীমন্ত্র জপ করিয়া বন্দনা করিবে। সকাল-সন্ধ্যায় মৌনভাবে মন্ত্র জপ করিবে ।২

গুরুদেব আহ্বান করিলে তাঁহার নিকট সাবেত-ভাবে বেদপাঠ করিবে। অধ্যয়নের প্রারম্ভে ও শেষে মস্তকদ্বারা পাদস্পর্শপূর্বক গুরুকে প্রণাম করিবে ।৩

মেখলা, অজিন, বসন, জটা, দণ্ড, কমণ্ডলুপ্রভৃতি উপবীত ধারণের সময় যে সকল সামগ্রী ধারণ করিতে হয় উহা ধারণ করিবে। কুশহস্তে সর্বদা পবিত্রভাবে সকাল-সন্ধ্যায় ভিক্ষা করিয়া অন্নাদি গুরুকে দিবে এবং তাঁহার প্রদত্ত অন্নে জীবন ধারণ করিবে, অন্যথা কিছু ভোজন করিবে না ।৪৫

সুশীলো মিতভুগ্‌দক্ষঃ প্রদধানো জিতেন্দ্রিয়ঃ।
যাবদর্থং ব্যবহরেৎ স্ত্রীষু স্ত্রীনির্জ্জিতেষু চ ॥৬
বর্জ্জয়েৎ প্রমদাগাথামগৃহস্থো বৃহদ্ব্রতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্ত্যপি যতের্মনঃ ॥৭
কেশপ্রসাধনোন্মর্দ্দস্নপনাভ্যঞ্জনাদিকম্।
গুরুস্ত্রীভির্যুবতিভিঃ কারয়েন্নাত্মনো যুবা ॥৮

সুশীলঃ মিতভুক্, দক্ষঃ অনলসঃ, প্রদধানঃ বিশ্বাসবান্, জিতেন্দ্রিয়ঃ, তথা স্ত্রীষু স্ত্রীনির্জ্জিতেষু পুরুষেষু চ যাবৎ অর্থং যাবৎ প্রয়োজনং ব্যবহরেৎ ॥৬

অগৃহস্থঃ গৃহস্থব্যতিরিক্তঃ, বৃহদ্ব্রতঃ ব্রহ্মচর্য্যবান্ তু প্রমদানাং গাথাং বার্ত্তাং বর্জ্জয়েৎ; যতঃ প্রমাথীনি ইন্দ্রিয়াণি যতেঃ সংযতচিত্তস্য অপি মনঃ হরন্তি ॥৭

যুবা আত্মনঃ কেশ-প্রসাধনম্ উন্মর্দ্দনস্নপনাভ্যঞ্জনাদিকং যুবতিভিঃ গুরুস্ত্রীভিঃ ন কারয়েৎ ॥৮

নন্থ প্রমদা অগ্নিঃ তৎসদৃশী, পুমান্ অপি ঘৃতকুম্ভসমঃ। অতঃ মহঃ একান্তে স্ত্রীভাম্ অপি অন্যাৎ; অন্যদা অন্যত্র অন্যসমক্ষে এব যাবদর্থম্ প্রয়োজনমাত্রপরঃ ভবেৎ ॥৯

নন্বগ্নিঃ প্রমদা নাম ঘৃতকুম্ভসমঃ পুমান্।
সুতামপি রহো জহ্যাদন্যদা যাবদর্থকৃৎ ॥৯
কায়ব্যবায়ত্মনা যাবদাভাসমিদমীশ্বরঃ।
দ্বৈতং তাবন্ন বিরমেৎ ততো হ্যস্য বিপর্য্যয়ঃ ॥১০
এতৎ সর্ব্বং গৃহস্থস্য সমাম্নাতং যতেরপি।
গুরুবৃত্তির্বিকল্পেন গৃহস্থস্যর্তুগামিনঃ ॥১১

ঈশ্বরঃ (অহং জ্ঞানী সমর্থঃ ইতি অভিমানহেতুনা) যাবৎ ইদম্ (দেহেন্দ্রিয়াদিকম্) আভাসমাত্রম্ আত্মনঃ আত্মনা মনসা কল্পয়িত্বা (অহং মম ইত্যধ্যাসং কৃত্বা বর্ত্ততে) তাবৎ দ্বৈতং (ইয়ং স্ত্রী ভোগ্যা অহং পুমান্ ভোক্তা ইতি) ভেদঃ ন বিরমেৎ। ততঃ হি দ্বৈতদর্শনাৎ অস্য (পরমানন্দ-স্বরূপস্যাপি পুরুষস্য) বিপর্য্যয়ঃ নরকাদি-দুঃখানুভবঃ ভবতি ॥১০

এতৎ সুশীলত্বাদিকং সর্ব্বং গৃহস্থস্য যতেঃ অপি সমাম্নাতম্। ঋতুগামিনঃ (ঋতৌ ভার্য্যাম্ উপয়াতঃ ইত্যাদিশাস্ত্রানুসারতঃ ঋতৌ ভার্য্যাম্ উপগচ্ছতঃ অন্যত্র ন্যায়তঃ জাতপুত্রাদি-পালন-ব্যগ্রস্য) গৃহস্থস্য গুরুবৃত্তিঃ ওদরাৎ জীবিকানামর্থ্যং বিকল্পেন করয়েৎ ॥১১

সুচরিত্র, পরিমিত আহার, কার্য্যনিপুণ, শ্রদ্ধাবান্ ও জিতেন্দ্রিয় হইয়া স্ত্রীলোক ও স্ত্রীলোকের অধীন জনগণের সঙ্গে কেবল প্রয়োজনমত ব্যবহার করিবে, তাহাদের নিকট বেশী সময় থাকিবে না।৬

গৃহস্থ ভিন্ন ব্রহ্মচারী বৃহদ্ব্রতচারী সকলের পক্ষেই স্ত্রীপ্রসঙ্গ বর্জন করিবে। কারণ ইন্দ্রিয়গণ অত্যন্ত বলবান্ সন্ন্যাসীরও মন হরণ করে। যুবা ব্রহ্মচারী গুরুপত্নী যুবতী হইলে তাহার দ্বারা কেশ প্রসাধন, গাত্রমর্দ্দন, স্নপন বা অভ্যঞ্জনাদি করাইবে না।৭-৮

কারণ, যুবতী স্ত্রী অগ্নির সমান এবং পুরুষ ঘৃতের কুম্ভ তুল্য। অতএব নির্জ্জনে কন্যার সমীপেও থাকিবে না। অন্যত্র যেটুকু প্রয়োজন মাত্র সেই সময়টুকুই থাকিবে।৯

আত্মসাক্ষাৎকারে দেহ-ইন্দ্রিয় প্রভৃতি আভাস মায়ামাত্র এরূপ জ্ঞানে জীব স্বতন্ত্র না হওয়া পর্য্যন্ত স্ত্রীপুরুষ দেহ ভেদ এবং দ্বৈতবুদ্ধি দূর হয় না, সেই নিমিত্ত বিপর্য্যয় বুদ্ধি হয় অর্থাৎ আমি ভোক্তা অপরে ভোগ্যা এরূপ অজ্ঞান সৃষ্টি হয়। অতএব সঙ্গত্যাগ বিধেয়।১০

ব্রহ্মচারীর জন্য যাহা বলা হইল, উহা গৃহস্থ ও যতি সন্ন্যাসীরও পালনীয়। যে গৃহস্থ কেবল ঋতুকালে স্ত্রীর সহিত মিলিত হয়, উহাই তার গুরুবৃত্তি বা গুরুর আনুগত্য ধর্ম।১১

অঞ্জনাভ্যঞ্জনোন্মর্দস্ত্র্যবলেখামিষং মধু।
স্রগ্‌গন্ধলেপালঙ্কারাংস্ত্যজেয়ুর্যে বৃহদ্‌ব্রতাঃ ॥১২
উদ্বিত্থৈবং গুরুকুলে দ্বিজোঽধীত্যাববুধ্য চ।
ত্রয়ীং সাঙ্গোপনিষদং যাবদর্থং যথাবলম্ ॥১৩
দত্ত্বা বরমনুজ্ঞাতো গুরোঃ কামং যদীশ্বরঃ।
গৃহং বনং বা প্রবিশেৎ প্রব্রজেৎ তত্র বা বসেৎ ॥১৪
অগ্নৌ গুরাবাত্মনি চ সর্ব্বভূতেষ্বধোক্ষজম্।
ভূতৈঃ স্বধামভিঃ পশ্যেদপ্রবিষ্টং প্রবিষ্টবৎ ॥১৫

এবংবিধো ব্রহ্মচারী বানপ্রস্থো যতির্গৃহী।
চরন্ বিদিতবিজ্ঞানঃ পরং ব্রহ্মাধিগচ্ছতি ॥১৬

বানপ্রস্থস্য বক্ষ্যামি নিয়মান্ মুনিসম্মতান্।
যানাস্থায় মুনির্গচ্ছেদৃষিলোকমুহাঞ্জসা ॥১৭

ন কৃষ্টপচ্যমশ্নীয়াদকৃষ্টঞ্চাপ্যকালতঃ।
অগ্নিপক্কমথামং বা অর্কপক্কমুতাহরেৎ ॥১৮

যে বৃহদ্‌ব্রতাঃ বৃতব্রতাঃ গৃহস্থাঃ তে অঞ্জনাদীন্ (অঞ্জনং তৈলাদীনাং শরীরস্য, অভ্যঞ্জনং নিয়মঃ, উন্মর্দনং শরীরস্য, স্ত্রীণাম্ অবলেখাং বিলোকনম্, আমিষং মাংসং, মধু পুষ্পরসং মদ্যং বা প্রসাদীন্ চ) ত্যজেয়ুঃ ॥১২

দ্বিজঃ ত্রৈবর্ণিকঃ এবম্ উক্তপ্রকারেণ গুরুকুলে উদ্বিত্থ সাঙ্গোপনিষদম্ (অঙ্গৈঃ শিক্ষাদিভিঃ উপনিষদ্ভিঃ সহিতাং) বেদত্রয়ীং যথা বলং যাবদর্থং স্বাধিকারানুসারেণ অধীত্য অববুধ্য চ ॥১৩

যদি ঈশ্বরঃ সমর্থঃ, তর্হি গুরোঃ কামম্ অপেক্ষিতং বরং দত্ত্বা তেন অনুজ্ঞাতঃ সন্ ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহং প্রবিশেৎ গার্হস্থ্যং স্বীকুর্য্যাৎ, বনং বা প্রবিশেৎ বানপ্রস্থং বা স্বীকুর্য্যাৎ, প্রব্রজেৎ সন্ন্যাসাশ্রমং স্বীকুর্য্যাৎ বা তত্র ব্রহ্মচর্য্যাশ্রমে বা বসেৎ নৈষ্ঠিকো ভবেৎ ॥১৪

অগ্নৌ গুরৌ আত্মনি চ তথা সর্ব্বভূতেষু (উপাদানভূতা বিদ্যমানত্বাৎ) পঞ্চমহাভূতৈঃ স্বধামভিঃ স্বাশ্রয়ৈঃ, জীবৈঃ চ সহ অপ্রবিষ্টম্ অপি প্রবিষ্টবৎ অধোক্ষজং পশ্যেৎ ॥১৫

এবংবিধঃ বিদিত-বিজ্ঞানঃ (বিদিতং বিজ্ঞানং যেন সঃ) ব্রহ্মচারী, বানপ্রস্থঃ, যতিঃ গৃহী বা পরং ব্রহ্ম অধিগচ্ছতি প্রাপ্নোতি ॥১৬

বানপ্রস্থস্য মুনিসম্মতান্ নিয়মান্ বক্ষ্যামি, যান্ আস্থায় আস্থিতান্ মুনিঃ অঞ্জসা সুখেন ঋষিলোকং ক্রম-মুক্তিস্থানং মহর্লোকং গচ্ছেৎ ॥১৭

কৃষ্টপচ্যং কৃষ্ট্বাস্থাপ্যং নিষ্পন্নং শাল্যন্নাদিকম্, অকৃষ্টপচ্যং ফলমূলাদিকম্ অপি অকালতঃ পরিপাক-কালাৎ পূর্ব্বম্ অপরিপক্কং বা অগ্নিপক্কম্ অথ আমং বা ন অশ্নীয়াৎ। উত অপি অর্কপক্কং সূর্য্যকিরণপক্কং ফলাদিকম্ এব আহরেৎ অশ্নীয়াৎ ॥১৮

বৃহদ্ ব্রতধারী ব্রহ্মচারী চক্ষুতে কাজল দেওয়া, মাথায় তেল মাখা, গাত্রমার্জন, স্ত্রীলোকের ছবি আঁকা, মৎস্যাদি ভোজন, মধু, মালা, গন্ধদ্রব্য; অনুলেপন চন্দনাদি ও অলঙ্কার ত্যাগ করিবে ।১২

এইভাবে গুরুগৃহে বাস করিয়া ষড়ঙ্গবেদ উপনিষদ্ অর্থসহিত পাঠ করিয়া বুঝিয়া লইবে, সামর্থ অনুসারে অন্যথা করিবে না ।১৩

ইহার পর গুরুদেবের নির্দেশ অনুসারে দক্ষিণা প্রদানপূর্বক ইচ্ছানুসারে গৃহস্থ আশ্রম অথবা সন্ন্যাসাশ্রম অবলম্বন করিবে ।১৪

ব্রহ্মচারী গার্হস্থ্য, বানপ্রস্থ অথবা প্রব্রজ্যা যে আশ্রমেই প্রবেশ করুক না কেন অগ্নি, গুরু, আত্মা ও আশ্রিত সর্বভূতে অপ্রবিষ্ট হইলেও অধোক্ষজ নিজ-ধাম সহিত প্রবিষ্ট বলিয়া দর্শন করিবে ।১৫

এই প্রকারে ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থাবলম্বী অথবা সন্ন্যাসী সর্বত্র ভগবদ্‌দর্শনে অভ্যস্ত হইয়া বিজ্ঞান লাভে পরম ব্রহ্মকে অনুভব করে ।১৬

অনন্তর মুনিগণের সম্মত বানপ্রস্থ নিয়মগুলি বলিতেছি—এই সকল নিয়ম অনুসারে চলিলে ঋষিগণের প্রাপ্য লোক অর্থাৎ মহর্লোক অনায়াসে প্রাপ্তি হয় ।১৭

বানপ্রস্থাবলম্বনকারী ব্যক্তি কৃষিদ্বারা লব্ধ ও

বন্যৈশ্চরুপুরোডাশান্ নির্বপেৎ কালচোদিতান্।
লব্ধে নবে নবেঽন্নাদ্যে পুরাণঞ্চ পরিত্যজেৎ ॥১৯
অগ্ন্যর্থমেব শরণমুটজং বাদ্রিকন্দরম্।
শ্রয়েত হিমবাদ্বহ্নিবর্ষার্কাতপসাট্ স্বয়ম্ ॥২০
কেশরোমনখশ্মশ্রুমলানি দধদাত্মনঃ।
কমণ্ডল্বজিনে দণ্ডবল্কলাগ্নিপরিচ্ছদান্ ॥২১
চরেদ্ বনে দ্বাদশাব্দানষ্টৌ বা চতুরো মুনিঃ।
দ্বাবেকং বা যথা বুদ্ধির্ন বিপদ্যেত কৃচ্ছ্রতঃ ॥২২
যদাঽঽকল্পঃ স্বক্রিয়ায়াং ব্যাধিভির্জরয়াথবা।
আন্বীক্ষিক্যাং বা বিদ্যায়াং কুর্য্যাদনশনাদিকম্ ॥২৩
আত্মন্যগ্নীন্ সমারোপ্য সন্ন্যস্যাহংমমাত্মতাম্।
কারণেষু ন্যসেৎ সম্যক্ সংঘাতুং তু যথার্হতঃ ॥২৪

বন্যৈঃ নীবারাদিভিঃ কালচোদিতান্ নিত্যান্ চরুপুরোডাশান্ নির্বপেৎ সম্পাদয়েৎ, নবে নবে অন্নাদ্যে লব্ধে সতি পুরাণং পূর্ব-সঞ্চিতম্ অন্নাদিকং পরিত্যজেৎ ॥১৯

অগ্ন্যর্থম্ অগ্নীনাং রক্ষণার্থম্ এব উটজং পর্ণশালাত্মকং শরণং গৃহং স্বীকুর্য্যাৎ অথবা অদ্রিকন্দরং পর্ব্বতগুহাম্ আশ্রয়েৎ, স্বয়ং-তু হিমাদীন্ সহত ইতি ॥২০

জটিনঃ (জটা অস্ত অস্যেতি) কেশাদীন্ দধৎ ধারয়ন্ ভবেৎ। (মলধারণং নাম মুণ্ডনবৎ দ্বাদশাব্দেন দেহপ্রক্ষালনাভাবাৎ) কমণ্ডল্বজিনে দণ্ডবল্কলাগ্নি-পরিচ্ছদান্ ক্রমুকুণ্ডাদ্যুপকরণানি দধৎ ॥২১

কৃচ্ছ্রতঃ তপঃক্লেশাৎ যথা বুদ্ধিঃ ন বিপদ্যেত ন বিনশ্যেত, তথা দ্বাদশাব্দান্ অষ্টৌ বা চতুরো বা দ্বৌ বা একং বা বনে বান-প্রস্থধর্ম্মান্ আচরেৎ ॥২২

যদা চ অসৌ বানপ্রস্থঃ একালম্বনত্বং ব্যাধিভিঃ জরয়া বা স্বকীয়ক্রিয়ায়াম্ আন্বীক্ষিক্যাম্ আত্মবিচার-প্রণালীং তুরীয়াশ্রম-ধর্ম্মে অকল্পঃ অসমর্থঃ, তদা অনশনাদিকং কুর্য্যাৎ ॥২৩

অগ্নীন্ আত্মনি সমারোপ্য দেহাদৌ অহংমমাত্মতাং চ সংস্কৃত্য ত্যক্ত্বা যথার্হতঃ যথাযোগ্যং স্ব-স্বকারণে সংঘাতুং দেহেন্দ্রিয়াদিসমূহং সম্যক্ ন্যসেৎ বিপ্রলাপয়েৎ ॥২৪

পক্বশস্য অথবা অকালপক্ব বা অগ্নিপক্ব শস্য ভোজন করিবে না। অপক্ব ফলও ভোজন তাহার নিষিদ্ধ, কেবল সূর্য্যপক্ব ফল সেবন করিয়া সে জীবন ধারণ করিবে।১৮

বন্য নীবার যাহা কৃষিদ্বারা লব্ধ নয় এরূপ দ্রব্য-দ্বারা চরু তৈরী করিবে বা পুরোডাশের কার্য্য সম্পাদন করিবে। নূতন দ্রব্য পাইলে সঞ্চিত অন্ন পরিত্যাগ করিবে, সঞ্চয় করিয়া রাখিবে না।১৯

বানপ্রস্থাশ্রমী কেবল অগ্নিস্থাপনের জন্যই গৃহ বা পর্ণকুটীর অথবা গিরিগহ্বর আশ্রয় করিয়া থাকিবে। নিজে হিম বায়ু, অগ্নিতাপ, বর্ষা, রৌদ্র প্রভৃতি সহ্য করিয়া থাকিবে।২০

সে কেশ, রোম, নখ, শ্মশ্রু ও জটা ধারণ করিবে শরীরের মলিনতা দূর করিবে না এবং কমণ্ডলু, অজিন, দণ্ড, বল্কল ও অগ্নিরক্ষার অনুকূল পরিচ্ছদ ধারণ করিবে।২১

এইভাবে দ্বাদশ, অষ্ট, চারি, দুই অন্ততঃ এক বৎসরও তপস্যা করিয়া বনে বিচরণ করিবে। সর্বদা সাবধানে থাকিবে যেন তপস্যার ক্লেশে বুদ্ধির কোনও রূপ ব্যতিক্রম না হয়।২২

ব্যাধি বা বয়সের আধিক্যবশতঃ কর্ত্তব্য কর্ম্মসম্পাদন অথবা জ্ঞানাভ্যাসে অসমর্থ হইলে অনশনাদি ব্রত করিবে। (অনশনদ্বারা দেহত্যাগ করিবে)।২৩

আমি ও আমার বলিয়া যে অভিমান উহা ত্যাগ করিয়া স্বদেহে অগ্নি সংযোগপূর্বক দেহকে তাহার মূল উপাদানকারণ পঞ্চমহাভূতে বিলীন করিয়া দিবে।২৪

খে খানি বায়ৌ নিশ্বাসাংস্তেজস্যুষ্ণাগমাত্মবান্ ।
অপ্‌স্বস্রক্‌ক্লেদপূয়ানি ক্ষিতৌ শেষং যথোদ্ভবম্ ॥২৫

বাচমগ্নৌ সবক্তব্যামিন্দ্রে শিল্পং করাবপি ।
পদানি গত্যা বয়সি রত্যোপস্থং প্রজাপতৌ ॥২৬

মৃত্যৌ পায়ুং বিসর্গঞ্চ যথাস্থানং বিনির্দ্দিশেৎ ।
দিক্ষু শ্রোত্রং সনাদেন স্পর্শেনাধ্যাত্মনি ত্বচম্ ॥২৭

রূপাণি চক্ষুষা রাজন্ জ্যোতিষ্যভিনিবেশয়েৎ ।
অপ্‌সু প্রচেতসা জিহ্বাং ঘ্রেয়ৈর্ঘ্রাণং ক্ষিতৌ ন্যসেৎ ॥২৮

মনো মনোরথৈশ্চন্দ্রে বুদ্ধিং বোধ্যৈঃ কবৌ পরে ।
কর্ম্মাণ্যধ্যাত্মনা রুদ্রে যদহংমমতাত্মিকা ।
সত্ত্বেন চিত্তং ক্ষেত্রজ্ঞে গুণৈর্বৈকারিকং পরে ॥২৯

অপ্‌সু ক্ষিতিমপো জ্যোতিষ্যদো বায়ৌ নভস্যমুম্ ।
কূটস্থে তচ্চ মহতি তদব্যক্তেঽক্ষরে চ তৎ ॥৩০

যে আকাশে খানি শরীরস্থছিদ্রাণি, শ্বাসান্ প্রাণাদীন্ বায়ৌ, উষ্মাণং তেজসি, অসৃক্ কফিরং ক্লেদা পূয়মূত্রাদিকং চ তত্রাপি চ স্বানি অপ্‌সু, শেষম্ অস্থিমাংসাদিকং যথোদ্ভবং ক্ষিতৌ বিলয়ং ভাবয়েৎ ॥২৫

সবক্তব্যাং বোক্তিকাং বাচং বাগেন্দ্রিয়ম্ অগ্নৌ, করৌ শিল্পম্ আদানাদিরূপং চ ব্যাপারম্ ইন্দ্রে, গত্যা সহ পাদৌ বয়সি কালাত্মকে বিষ্ণৌ, তথা রত্যা সহ উপস্থং প্রজাপতৌ বিনির্দিশেৎ ॥২৬

বিসর্গং পুরীষোৎসর্গসহিতং পায়ুম্ ইন্দ্রিয়ং মৃত্যৌ তদধিদৈবতে, সঃ যমপ্রস্থঃ নাদেন শব্দেন সহ শ্রোত্রং দিক্ষু, তথা স্পর্শেন বিষয়েণ সহ ত্বচম্ অধ্যাত্মনি বায়ৌ, ইতি যথাস্থানং যৎ যস্য অধিদৈবতরূপং স্থানং তদসতিক্রমেণ বিনির্দিশেৎ ॥২৭

হে রাজন্ যুধিষ্ঠির ! চক্ষুষা ইন্দ্রিয়েণ সহ রূপাণি তদ্‌বিষয়ভূতানি জ্যোতিষি সূর্য্যে অভিনিবেশয়েৎ লীনং ভাবয়েৎ। প্রচেতসা বরুণেন সহ জিহ্বাং রসনেন্দ্রিয়ম্ অপ্‌সু অম্বুপলক্ষিতেষু রসেষু অভিনিবেশয়েৎ। ঘ্রেয়ৈঃ গন্ধৈঃ বিষয়ৈঃ সহ ঘ্রাণম্ ইন্দ্রিয়ং ক্ষিতৌ তদধিদৈবতয়োঃ অশ্বিনোঃ ন্যসেৎ ॥২৮

মনোরথৈঃ সহ মনঃ চন্দ্রে, বোধ্যৈঃ বিষয়ৈঃ সহ বুদ্ধিং পরে শ্রেষ্ঠে কবৌ চতুর্মুখে, অধ্যাত্মনা অহঙ্কারেণ সহ তৎ কর্ম্মাণি বং যস্মাৎ অহঙ্কারাৎ অহং মমতা তন্মূলাঃ ক্রিয়াঃ ভবন্তি তৎ সর্ব্বং রুদ্রে ; সত্ত্বেন মনআদিরূপ-চিত্তবৃত্ত্যা সহ চিত্তং ক্ষেত্রজ্ঞে জীবে ন্যসেৎ ॥২৯

ক্ষিতিম্ অপ্‌সু, আপঃ জ্যোতিষি, অদঃ জ্যোতিঃ বায়ৌ,

একটির পর একটি স্থূল মহাভূত উৎপন্ন হইয়াছে, ঐগুলি আবার প্রতিলোমক্রমে একটির পর একটি লয় করিবে অর্থাৎ প্রথম দেহগত আকাশ মহাকাশে, নিশ্বাস বায়ুকে বাহিরের বায়ুমণ্ডলে, দেহের তাপকে বহিঃস্থিত তেজে, শুক্র শোণিত শ্লেষ্মাদি রসকে জলে এবং অস্থি মাংসপ্রভৃতি দেহের কঠিন অংশকে পৃথিবীতে লয় করাইবে ।২৫

অনন্তর বাক্‌শক্তিকে অগ্নিতে, হাতের শিল্পসহিত হস্তকে ইন্দ্রে, গতিশক্তিসহিত পদদ্বয়কে ত্রিবিক্রম বিষ্ণুতে এবং রতিশক্তিসহিত উপস্থকে প্রজাপতিতে লয় করাইবে ।২৬

যেখানে যাহার উৎপত্তি, সেই কারণে ইন্দ্রিয়কে লয় করিবে অর্থাৎ পায়ুকে শব্দসহিত শ্রবণেন্দ্রিয়কে দিক্‌মণ্ডলে, স্পর্শসহিত ত্বককে বায়ুতে লয় করিবে ।২৭

চক্ষুর সহিত রূপকে তেজে, বরুণের সহিত জিহ্বাকে জলে এবং অশ্বিনীকুমারসহিত ঘ্রাণেন্দ্রিয়কে ভূমিতে বিলীন করাইবে ।২৮

মনের সকল কামনাসহিত মনকে চন্দ্রে, বোধ্যবিষয় সহিত বুদ্ধিকে ব্রহ্মে, অহংকারসহিত কর্ম্মকে রুদ্রে লয় করিবে। এই রুদ্র হইতেই "আমি ও আমার" বোধে সকল কর্ম্ম হইয়া থাকে। চেতনার সহিত চিত্তকে ক্ষেত্রজ্ঞে এবং গুণকার্য্য দেবগণসহ ভোক্তৃত্বাদি বিকারসহিত ক্ষেত্রজ্ঞকে নির্বিকার পরম ব্রহ্মে লীন করিবে ।২৯

এইভাবে পৃথ্বীকে জলে, জলকে তেজে, তেজকে বায়ুতে, বায়ুকে আকাশে, আকাশকে কূটস্থ অহংকার

ইত্যক্ষরতয়াত্মানং চিন্মাত্রমবশেষিতম্।
জ্ঞাত্বাঽথয়োঽথ বিরমেদগ্ধযোনিরিবানলঃ ॥৩১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২

অমু বায়ুং নভসি আকাশে, তৎ চ আকাশং কূটস্থে তামসাহঙ্কারে, তৎ চ মহতি মহত্তত্ত্বম্ অব্যক্তে প্রধানে, প্রধানং চ অক্ষরে ব্রহ্মণি ॥৩০

ইতি এবম্ অবশেষিতং চিন্মাত্রম্ আত্মানং ক্ষেত্রজ্ঞম্

অক্ষরতয়া জ্ঞাত্বা অথ অয়য়ঃ সন্ দগ্ধযোনিঃ দগ্ধকাষ্ঠঃ অগ্নিঃ ইব বিরমেৎ (বানপ্রস্থবৎ) ইতি ॥৩১

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীধরস্বামিকৃতায়াং দ্বাদশোঽধ্যায়ঃ ॥

তত্ত্বে, অহংতত্ত্বকে মহৎতত্ত্বে, মহৎতত্ত্বকে প্রধানে এবং প্রধান বা প্রকৃতিকে অক্ষর পরমাত্মাতে লয় করাইবে ।৩০

এইভাবে সকল উপাধির লয় হইলে অবশিষ্ট চেতন ক্ষেত্রজ্ঞ আত্মাকে অক্ষররূপে জানিয়া দ্বৈতরহিত অদ্বয়জ্ঞানে প্রতিষ্ঠিত হইবে। কাষ্ঠ দগ্ধ হইয়া গেলে অগ্নিও যেমন আর জ্বলে না, সেইভাবে সর্বদিক্ দিয়া বিরাম লাভ করিবে ।৩১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের সপ্তম স্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োদশঃ অধ্যায়ঃ

[যতিধর্মনিরূপণম্, অবধূতপ্রহ্লাদয়োঃ সংলাপশ্চ।]

নারদ উবাচ।

কামস্ত্বেবং পরিব্রজ্য দেহমাত্রাবশেষিতঃ।
গ্রামৈকরাত্রবিধিনা নিরপেক্ষশ্চরেন্মহীম্ ॥১

বিভৃয়াদ্ যস্যসৌ বাসঃ কৌপীনাচ্ছাদনং পরম্।
ত্যক্তং ন লিঙ্গাদ্দণ্ডাদের্যৎ কিঞ্চিদনাপদি ॥২

অন্বয়ঃ

নারদঃ উবাচ। (যঃ তু আন্বীক্ষিক্যাং বিদ্যায়াং) কামঃ সমর্থঃ, সঃ এবং ব্যাস্থা পরিব্রজ্য সংন্যস্ত বিধিপূর্বকং সর্বং ত্যক্ত্বা) দেহমাত্রেণ এব অবশেষিতঃ সন্ গ্রামৈক-রাত্র-বিধিনা (একৈ-

অন্বয়ঃ

কশ্চিন্ গ্রামে একাম্ এব রাত্রিং বসন্) নিরপেক্ষঃ আকাঙ্ক্ষা-বর্জিতঃ সন্ মহীং চরেৎ ॥১

অসৌ সন্ন্যাসী কৌপীনাৎ পরম্ অন্যৎ বাসঃ ন বিভৃয়াৎ ন

ত্রয়োদশ অধ্যায়।

[যতিধর্মনিরূপণ এবং অবধূত-প্রহ্লাদের সংলাপ।]

শ্রীনারদ বলিলেন—জ্ঞানাভ্যাসে সমর্থ ব্যক্তি পূর্বোক্ত নিয়মে চিন্তা করিয়া সন্ন্যাসাশ্রম অবলম্বন পূর্বক দেহমাত্র ধারণ করিয়া অবস্থান করিবে। কোনও এক গ্রামে উপস্থিত হইয়া এক রাত্রির অধিক সেখানে বাস করিবেন না। অনিকেতন হইয়া সর্বত্র ভ্রমণ করিয়া দিন যাপন করিবেন ।১

কৌপীন-মাত্র আচ্ছাদন বস্ত্র ও দণ্ডাদি চিহ্ন মাত্র

এক এব চরেন্নিত্যং সিদ্ধ্যর্থমসহায়বান্।
সিদ্ধ্যেরসহায়স্য হ্যনন্যস্যাপ্রয়োজনাৎ ॥১

বিভৃয়াদাপদর্থং ধর্ম্মান্ দেহাদিকারণাৎ।
পরিত্যজেদর্থকামৌ তদর্থাবনুযায়িনৌ ॥২

সর্ব্বভূতসুহৃচ্ছান্তো নারায়ণপরায়ণঃ।
মুনিঃ প্রশান্তধীরাত্মা নাত্মানং প্রকৃতেঃ পরম্ ॥৩

পশ্যেদাত্মন্যদো বিশ্বং পরে সদসতোঽব্যয়ে।
আত্মানঞ্চ পরং ব্রহ্ম সর্ব্বত্র সদসন্ময়ে ॥৪

সুপ্তিপ্রবোধয়োঃ সন্ধ্যাবাত্মনো গতিমাত্মদৃক্।
পশ্যন্ বন্ধঞ্চ মোক্ষঞ্চ মায়ামাত্রং ন বস্তুতঃ ॥৫

নাভিনন্দেদ্ ধ্রুবং মৃত্যুমধ্রুবং বাস্য জীবিতম্।
কালং পরং প্রতীক্ষেত ভূতানাং প্রভবাপ্যয়ম্ ॥৬

নাসচ্ছাস্ত্রেষু সজ্জেত নোপজীবেত জীবিকাম্।
বাদবাদাংস্ত্যজেৎ তর্কান্ পক্ষং কঞ্চ ন সংশ্রয়েৎ ॥৭

ন শিষ্যাননুবধ্নীত গ্রন্থান্ নৈবাভ্যসেদ্ বহূন্।
ন ব্যাখ্যামুপযুঞ্জীত নারম্ভানারভেৎ ক্বচিৎ ॥৮

ধারয়েৎ, যদি বিভৃয়াৎ অনাপদি দণ্ডকমণ্ডলাদেঃ ত্যক্তুম্ অক্ষং ন বিভৃয়াৎ ॥২

সর্ব্বভূতসুহৃৎ শান্তঃ নারায়ণ-পরায়ণঃ অনপাশ্রয়ঃ আত্মারামঃ অসৌ সন্ন্যাসী ভিক্ষুঃ সন্ একঃ এব চরেৎ ॥৩

সদসতঃ কার্য্যকারণাত্মক-প্রপঞ্চাতীতে অব্যয়ে আত্মনি পরমাত্মনি অয়ং বিশ্বং পশ্যেৎ। তথা সদসন্ময়ে প্রপঞ্চে সর্ব্বত্র আত্মানং পরং ব্রহ্ম এব পশ্যেৎ ॥৪

সুপ্তি-প্রবোধয়োঃ সন্ধৌ আত্মদৃক্ (আত্মানং লক্ষীকৃত্য স্থিতঃ যতিঃ) আত্মনঃ গতিং তত্ত্বং পশ্যন্ বন্ধং মোক্ষং চ মায়ামাত্রং কল্পিতং ন বস্তুতঃ ইতি পশ্যন্ ॥৫

অস্য দেহস্য ধ্রুবং মৃত্যুম্ অধ্রুবং জীবিতং বা ন অভিনন্দেৎ, অপি তু ভূতানাং প্রভবাপ্যয়ং (প্রভবঃ অপ্যয়ঃ চ যস্মাৎ তং) কালং পরং কেবলং প্রতীক্ষেত ॥৬

অসচ্ছাস্ত্রেষু ন সজ্জেত, তথা শাস্ত্রেণ জীবিকাং ন জীবেত ন সম্পাদয়েৎ। বাদবাদান্ বিতণ্ডাদিনিষ্ঠান্ তর্কান্ ত্যজেৎ ; তথা কমপি পক্ষং ন আশ্রয়েৎ ॥৭

শিষ্যান্ ন অনুবধ্নীত, বহূন্ গ্রন্থান্ ন অভ্যসেৎ ; গ্রন্থানাং ব্যাখ্যাং ন উপযুঞ্জীত। আরম্ভান্ মঠাদিব্যাপারান্ ক্বচিৎ ন আরভেৎ ॥৮

ধারণ করিয়া অন্য সব কিছু পরিত্যাগ করত বিপন্ন না হইলে আর উহা গ্রহণ করিবেন না।২

সন্ন্যাসী একাকী, আত্মারাম, সর্বজীবের বান্ধব, শান্তস্বভাব, নারায়ণপরায়ণ ও কাহারও আশ্রয় গ্রহণ না করিয়া থাকিবেন।৩

এই বিশ্বকে আত্মতত্ত্বে অবস্থিত এবং পরমাত্মা পরব্রহ্ম সৎ ও অসৎ কার্য্য ও কারণে পরিব্যাপ্ত দর্শন করিবেন।৪

আত্মদর্শী যোগী সুষুপ্তি ও জাগরণ এই দুই অবস্থার সন্ধি সময়ে যখন অজ্ঞান ও বিক্ষেপ কিছু না থাকে, তখন নিজ স্বরূপ অনুভবের জন্য সচেষ্ট হইবেন। অতএব বন্ধন ও মোক্ষ এই উভয়ই মায়ামাত্র বস্তুতঃ কিছুই নহে—ইহা বুঝিবেন।৫

মৃত্যুকে নিশ্চিত জানিয়া অথবা জীবনকে অধ্রুব জানিয়া সাধক উহাদের আদর করিবেন না। কখন প্রাণীর উৎপত্তি আর কখন তাহার বিনাশ—সেই কালের প্রতীক্ষায়ই তিনি থাকিবেন।৬

আত্মতত্ত্ব-বর্ণনাময় গ্রন্থ ভিন্ন অসৎ শাস্ত্রে তিনি আসক্ত হইবেন না। নক্ষত্রবিদ্যা জ্যোতিষ দ্বারা জীবিকা অর্জন করিবেন না, জল্প-বিতণ্ডাময় তর্ক-বিদ্যার অভ্যাস ত্যাগ করিবেন ও কোনও পক্ষ-বিশেষের আশ্রয় লইবেন না।৭

প্রলোভনাদিদ্বারা শিষ্য করিবেন না বা বহু গ্রন্থের অভ্যাসও করিবেন না। ব্যাখ্যা করিয়া অর্থ লইবেন না অথবা মঠপ্রভৃতি নির্মাণে আগ্রহ করিবেন না।৮

ন যতেরাশ্রমঃ প্রায়ো ধর্ম্মহেতুর্মহাত্মনঃ।
শান্তস্য সমচিত্তস্য বিভৃয়াদুত বা ত্যজেৎ ॥৯
অব্যক্তলিঙ্গো ব্যক্তার্থো মনীষ্যুন্মত্তবালবৎ।
কবির্মূকবদাত্মানং স দৃষ্ট্যা দর্শয়েন্নৃণাম্ ॥১০
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
প্রহ্লাদস্য চ সংবাদং মুনেরাজগরস্য চ ॥১১

তং শয়ানং ধরোপস্থে কাবের্য্যাং সহ্যসানুনি
রজস্বলৈস্তনূদেশৈর্নিগূঢ়ামলতেজসম্ ॥১২
দদর্শ লোকান্ বিচরন্ লোকতত্ত্ববিবিৎসয়া।
বৃতোঽমাত্যৈঃ কতিপয়ৈঃ প্রহ্লাদো ভগবৎপ্রিয়ঃ ॥১৩
কর্ম্মণাকৃতিভির্বাচা লিঙ্গৈর্বর্ণাশ্রমাদিভিঃ।
ন বিদন্তি জনা যং বৈ সোঽসাবিতি ন বেতি চ ॥১৪
তং নত্বাভ্যর্চ্চ্য বিধিবৎ পাদয়োঃ শিরসা স্পৃশন্।
বিবিৎসুরিদমপ্রাক্ষীন্মহাভাগবতোঽসুরঃ ॥১৫

শান্তস্য সমচিত্তস্য মহাত্মনঃ যতেঃ পরমহংসস্য আশ্রমঃ প্রায়ঃ ধর্ম্মহেতুঃ ন ভবতি ; যতঃ সঃ ধর্ম্মাদিনিরপেক্ষান্ বিভৃয়াৎ উত বা ত্যজেৎ ॥৯

ব্যক্তার্থঃ (ব্যক্তঃ প্রত্যক্ষঃ অর্থঃ পরমপুরুষার্থঃ যস্য তাদৃশঃ অপি) অব্যক্তলিঙ্গঃ শনৈঃ অবিদিতং প্রয়োজনং যস্য তথাবিধঃ মনীষী অপি উন্মত্তবালবৎ, কবিঃ অপি মূকবৎ আত্মানং নৃণাং দৃষ্ট্যা সঃ তথাবিধং দর্শয়েৎ ॥১০

অত্র (স্ববাহাস্ত্যাজ্ঞাদর্শনেন অবধানে) অপি প্রহ্লাদস্য আজগরস্য অজগরবৃত্তস্য মুনেঃ দত্তাত্রেয়স্য সংবাদরূপং পুরাতনম্ ইদম্ ইতিহাসম্ উদাহরন্তি দৃষ্টান্তত্বেন দ্বারা দর্শয়ন্তি ॥১১

লোকানাং প্রাণিনাং তত্ত্বস্য বিবিৎসয়া বেত্তুমিচ্ছয়া কতিপয়ৈঃ অমাত্যৈঃ বৃতঃ ভগবৎপ্রিয়ঃ প্রহ্লাদঃ লোকান্ বিচরন্ সন্ কাবের্য্যাং কাবেরী-নদীতীরে সহ্যসানুনি (সহ্যাচলস্য সানুনি তটে) ধরোপস্থে ভূমৌ শয়ানং রজস্বলৈঃ ধূলিধূসরিতৈঃ তনূদেশৈঃ দেহাবয়বৈঃ নিগূঢ়ামলতেজসম্ (নিগূঢ়ম্ অমলং তেজঃ যস্য তং) মুনিং দদর্শ ॥১২-১৩

যৎকর্ম্মণা কৃতিভিঃ বাচা বর্ণাশ্রমাদিভিঃ লিঙ্গৈঃ সঃ অসৌ ইতি ন বা ইতি জনাঃ ন বিদন্তি জানন্তি ॥১৪

তং ব্রাহ্মণং বিধিবৎ অভ্যর্চ্চ্য পূজয়িত্বা শিরসা পাদয়োঃ স্পৃশন্ নত্বা তত্ত্বং বিবিৎসুঃ মহাভাগবতঃ ভক্তাগ্রণীঃ অসুরঃ প্রহ্লাদঃ ইদং বক্ষ্যমাণম্ অপ্রাক্ষীৎ পৃষ্টবান্ ॥১৫

পরমহংস সাধুর বিশেষ লক্ষণ এই যে, তিনি প্রায়শঃ শান্ত ও সমচিত্ত হইয়া থাকেন ; তাঁহার সন্ন্যাস আশ্রম নিয়ন্ত্রিত ধর্ম পালনের নিমিত্তই নয়। কেন না, যম নিয়মপ্রভৃতি পালন করিয়া জ্ঞান লাভের পর আর নিয়মাদির প্রয়োজন থাকে না, ইচ্ছা করিলে লোক-সংগ্রহের নিমিত্ত তিনি নিয়ম পালন অথবা উহা ত্যাগ করিতে পারেন ।৯

বাহিরে কোনও আশ্রমচিহ্ন ধারণ না করিয়াও মনীষী সাধু সাধারণ লোকের সমীপে পাগলের মত বা বালকের মত অবস্থান করেন। নিজে পণ্ডিত হইয়াও তিনি বাগিন্দ্রিয়-হীন মূকের মত থাকেন ।১০

এই বিষয়ে প্রহ্লাদ ও অজগরবৃত্তি মুনির সংবাদে একটি প্রাচীন ইতিহাস উদাহরণ রূপে বলিতেছি, শ্রবণ কর ।১১

অজগরের ব্রত ধারণ করিয়া এক মুনি কাবেরী নদীর ধারে সহ্যপর্বতের ভূপৃষ্ঠে শয়ন করিয়াছিলেন। তাঁহার শরীরের উপর ধূলি পড়িয়া তেজ গোপনে ছিল। ভগবানের প্রিয় ভক্ত প্রহ্লাদ কয়েকজন অমাত্য পরিবেষ্টিত হইয়া লোকতত্ত্ব জানিবার জন্য সেখানে উপস্থিত হইলেন ।১২-১৩

কর্ম, আকৃতি, বাক্য, বর্ণ বা আশ্রমোচিত চিহ্ন দ্বারাও যাঁহাকে জানা যায় না, ইনি সেই প্রকার সাধু কিনা—এই ভাবনা করিয়া মহাভাগবত অসুর প্রহ্লাদ তাঁহার চরণে মস্তক স্পর্শকরত আদরপূর্বক প্রণাম করিয়া বিশেষ জিজ্ঞাসা করিলেন ।১৪-১৫

বিভর্ষি কায়ং পীবানং সোদ্যমো ভোগবান্ যথা।
বিত্তকেহোদ্যমবতাং ভোগো বিত্তবতামিহ ॥১৬
ভোগিনাং খলু দেহোঽয়ং পীবা ভবতি নান্যথা ॥১৭
ন তে শয়ানস্য নিরুদ্যমস্য
ব্রহ্মন্ মৃষার্থো যত এব ভোগাঃ।
অভোগিনোঽয়ং তব বিপ্র দেহঃ
পীবা যতস্তদ্ বদ নঃ ক্ষমঞ্চেৎ ॥১৮
কবিঃ কল্পো নিপুণদৃক্ চিত্রপ্রিয়কথঃ সমঃ।
লোকস্য কুর্ব্বতঃ কর্ম্ম শেষে তদ্বীক্ষিতাপি বা ॥১৯

সোদ্যম: উদ্যমসহিত: ভোগবান্ যথা পীবানং স্থূলং কায়ং বিভর্ষি, তথা ত্বম্ উদ্যমাদিরহিত: অপি কথং পীবানং কায়ং বিভর্ষি ॥১৬

ইহ সংসারে উদ্যমবতাম্ এব বিত্তং ভবতি, তথা বিত্তবতাম্ এব ভোগ: ভবতি, তথা ভোগিনাম্ এব খলু অয়ং দেহ: পীবা ভবতি, অন্যথা ন। হে ভো ব্রহ্মন্! ইহ শয়ানস্য অত: নিরুদ্যমস্য তে তব অর্থ: বিত্তং নাস্তি, যত: এব বিত্তাৎ ভোগ: স্যাৎ। হে বিপ্র! অভোগিন: ভোগরহিতস্য অপি তব অয়ং দেহ: যত: কারণাৎ পীবা, তৎ কারণং নঃ অস্মাভি: শ্রোতুং ক্ষমং চেৎ, তদা বদ ॥১৭-১৮

কবি: কথনপটু:, কল্প: সমর্থ:, নিপুণদৃক্ চতুর:, চিত্রপ্রিয়কথ: (চিত্রা: প্রিয়া: লোকরঞ্জনা: কথা: যস্য স:) তথাপি তত্তৎকর্ম্ম কুর্ব্বত: সত: তদ্বীক্ষিতাপি বা তৎ সর্ব্বং পশ্যন্ অপি সম: উদাসীন: সন্ বা শেষে শয়নং করোষি তত্র কি কারণম্?১৯

হে ব্রহ্মন্! আপনার স্থূল দেহটি দেখিয়া মনে হইতেছে যে, উদ্যমশীল ভোগবান্ ব্যক্তির যেরূপ স্থূল শরীর, সেইরূপই আপনি। কর্ম্মনিরত উদ্যমশীল লোকেরই ধন সম্পদ্ আর ধনবান্ ব্যক্তিই ভোগ-নিরত হয়, আর ভোগীর শরীরই স্থূল হয়; বিনা ভোগে এরূপ স্থূলকায় তো হয় না।১৬-১৭

ব্রহ্মন্। আপনি সকল কর্ম্ম উদ্যম পরিত্যাগ করিয়া শয়ন করিয়া আছেন। আপনার এরূপ সম্পদ্ নাই যে, ভোগ করিবেন—ইহাও বুঝি; কিন্তু বিনা ভোগে কি করিয়া আপনার দেহ স্থূল হইল ইহা যদি জানিবার যোগ্য বলিয়া মনে করেন অনুগ্রহপূর্ব্বক বলুন।১৮

নারদ উবাচ
স ইত্থং দৈত্যপতিনা পরিপৃষ্টো মহামুনিঃ।
স্মরমাণস্তদ্বচনমভ্যাহ তদনুশাসনপ্রেরিতঃ ॥২০

ব্রাহ্মণ উবাচ।
বেদেদমসুরশ্রেষ্ঠ ভবান্ মন্যার্য্যসম্মতঃ।
ঈহোপরময়োর্নৃণাং পদান্যধ্যাত্মচক্ষুষা ॥২১

যস্য নারায়ণো দেবো ভগবান্ হৃদ্গতঃ সদা।
ভক্ত্যা কেবলয়াজ্ঞানং ধুনোতি ধ্বান্তমর্কবৎ ॥২২

নারদ: উবাচ। দৈত্যপতিনা প্রহ্লাদেন ইত্থং পরিপৃষ্ট: স: মহামুনি: দত্তাত্রেয়: তস্য বাক্যেন অনুশাসনেন প্রেরিত: বশীকৃত: সন্ স্মরমাণ: তম্ অভ্যাহ উত্তরং দত্তবান্ ॥২০

ব্রাহ্মণ: উবাচ। হে অসুরশ্রেষ্ঠ! আর্য্যসম্মত: (আর্য্যাণাং জ্ঞানিনাং সম্মত: অভিমত:) ভবান্ অধ্যাত্মচক্ষুষা আত্মদৃষ্ট্যা নৃণাম্ ঈহা উপরময়ো: প্রবৃত্তিনিবৃত্ত্যো: পদানি স্থানানি বেদ জানাতি এব ॥২১

অহো! কেবলয়া অনন্যপ্রয়োজনয়া ভক্ত্যা যস্য তব হৃদ্গত: সন্ দেব: নারায়ণ: সদা অর্ক: সূর্য্য: যথা ধ্বান্তম্ অন্ধকারং ধুনোতি, তথা অজ্ঞানং ধুনোতি ॥২২

আপনি জ্ঞানী, কর্ম্মদক্ষ, চতুর, লোকরঞ্জক কথা বিস্তার করিতে সমর্থ, কত লোকে কত কর্ম্ম করিতেছে—ইহা দেখিয়াও আপনি কি ভাবে উদ্যমহীন হইয়া শয়ন করিয়া রহিয়াছেন।১৯

শ্রীনারদ বলিলেন,—দৈত্যপতি প্রহ্লাদ এই প্রকার বলিলে, মহামুনি তাহার বাক্যামৃতে অনুপ্রেরিত হইয়া ঈষৎহাস্যকরত প্রত্যুত্তর প্রদান করিয়া বলিলেন।২০

শ্রীব্রাহ্মণ বলিলেন,—হে অসুরশ্রেষ্ঠ! আপনি জ্ঞানীজনসম্মত। আপনি অন্তর্দৃষ্টিদ্বারা মানুষের প্রবৃত্তি ও নিবৃত্তির সকল ফলই জানেন।২১

সূর্য্যদেব যেরূপ অন্ধকার নাশ করেন, সেইরূপ সর্ব্বদা যাঁহার অন্তরে ভগবান্ নারায়ণ বর্ত্তমান

তথাপি ব্রূমহে প্রশ্নাংস্তব রাজন্ যথাশ্রুতম্।
সম্ভাষণীয়ো হি ভবানাত্মনঃ শুদ্ধিমিচ্ছতা ॥২৩
তৃষ্ণয়া ভববাহিন্যা যোগ্যৈঃ কামৈরপূর্য(র্য)য়া।
কর্ম্মাণি কার্য্যমাণোঽহং নানাযোনিষু যোজিতঃ ॥২৪
যদৃচ্ছয়া লোকমিমং প্রাপিতঃ কর্ম্মভির্ভ্রমন্।
স্বর্গাপবর্গয়োর্দ্বারং তিরশ্চাং পুনরস্য চ ॥২৫
তত্রাপি দম্পতীনাঞ্চ সুখায়ান্যাপনুত্তয়ে।
কর্ম্মাণি কুর্ব্বতাং দৃষ্ট্বা নিবৃত্তোঽস্মি বিপর্য্যয়ম্ ॥২৬
সুখমস্যাত্মনো রূপং সর্ব্বেহ্যোপরতিস্তনুঃ।
মনঃসংস্পর্শজান্ দৃষ্ট্বা ভোগান্ স্বপ্নাভমি সংবিশন্ ॥২৭
ইত্যেতদাত্মনি স্বার্থং সন্তং বিস্মৃত্য বৈ পুমান্।
বিচিত্রামসতি দ্বৈতে ঘোরামাপ্নোতি সংসৃতিম্ ॥২৮

তথাপি হে রাজন্। যথাশ্রুতং তব প্রশ্নান্ ব্রূমহে উত্তরাণি বদামি। হি যস্মাৎ আত্মনঃ অন্তঃকরণস্য শুদ্ধিম্ ইচ্ছতা জনানাং ভবান্ সম্ভাষণীয়ঃ ॥২৩

যোগ্যৈঃ কামৈঃ অপূর্য্যয়া ভববাহিন্যা জন্মপরম্পরাকারিণ্যা তৃষ্ণয়া কর্ম্মাণি কার্য্যমাণঃ অহং নানাযোনিষু যোজিতঃ ॥২৪

তথা কর্ম্মভিঃ ভ্রমন্ সম্প্রতি স্বর্গাপবর্গয়োঃ (পুণ্যেন স্বর্গস্য, জ্ঞানভক্তিভ্যাম্ অপবর্গস্য) তিরশ্চাং পশ্বাদিযোনেঃ, তথা পুণ্যপাপমিশ্রেণ কর্ম্মণা পুনঃ মনুষ্যলোকস্য দ্বারং সাধনম্ ইমং মানুষং লোকং দেহং যদৃচ্ছয়া অহং প্রাপিতঃ ॥২৫

অত্র মনুষ্য-জন্মনি অপি সুখায় সুখপ্রাপ্তয়ে অন্যাপনুত্তয়ে (অন্যস্য দুঃখস্য অপনুত্তয়ে নিবৃত্তয়ে) চ কর্ম্মাণি কুর্ব্বতাং দম্পতীনাং (কর্ম্মতঃ) বিপর্য্যয়ং দুঃখপ্রাপ্তিরূপং দৃষ্ট্বা (কর্ম্মভ্যঃ) অহং নিবৃত্তঃ অস্মি ॥২৬

অস্য জীবস্যাত্মনঃ স্বরূপম্ এব সুখম্; সর্ব্বেষাম্ ইহানাম্ উপরতিঃ নিবৃত্তিঃ এব) অস্য আনন্দরূপস্য তনুঃ দেহঃ প্রকাশকঃ; ভোগান্ মনঃসংস্পর্শজান্ (মনঃপ্রেরিতেন্দ্রিয়-বিষয়য়োঃ সংস্পর্শেন সম্বন্ধেন প্রাদুর্ভবন্তি সম্বন্ধাভাবে তিরোহিতাঃ ভবন্তি তথাভূতান্ ভোগান্) দৃষ্ট্বা সংবিশন্ (প্রারব্ধভোগান্ ভুঞ্জানঃ এব) অহং স্বপ্নাভমি ॥২৭

ইতি এতৎ আত্মনঃ জীবস্য সন্তং স্বস্মিন্ এব বিদ্যমানং স্বার্থং পুরুষার্থং বৈ বিস্মৃত্য অসতি দুঃখহেতুভূতে ঘোরাং জন্ম-মরণাদিভিঃ ভয়করাং বিচিত্রাং দেবতির্য্যগাদি-নানারূপাং সংসৃতিং পুমান্ আপ্নোতি ॥২৮

তিনি কেবল ভক্তিদ্বারাই সকল অজ্ঞান অন্ধকার দূর করিয়া থাকেন ।২২

হে রাজন্! তথাপি আমি যেমন শুনিয়াছি, আপনার প্রশ্নের উত্তর দিতেছি। নিজের শুদ্ধি কামনাকারী ব্যক্তিমাত্রেরই আপনার সম্মান করা কর্ত্তব্য ।২৩

সংসার-প্রবাহের হেতুস্বরূপ অপূরণীয় ভোগ-তৃষ্ণায় নানা কর্ম্মলিপ্ত হইয়া আমি নানা যোনিতে ভ্রমণ করিয়াছি। কর্ম্মবশে নানা যোনিতে জন্মগ্রহণ করিলে সেই ভোগতৃষ্ণাই আমাকে এই মনুষ্য দেহ প্রদান করিয়াছে। এই দেহে ধর্মানুষ্ঠান স্বর্গের দ্বার, অধর্মে কুকুর-শূকর যোনির দ্বার, মিশ্রকর্ম ধর্মাধর্ম-দ্বারা পুনরায় মনুষ্য-যোনির দ্বার, ধর্ম বা অধর্ম কর্মাদি হইতে সর্বতোভাবে নিবৃত্ত হইলে অপবর্গের দ্বার পাওয়া যায় ।২৪-২৫

এই মনুষ্যদেহে সুখ লাভ এবং দুঃখ পরিহার করিবার নিমিত্ত স্ত্রী-পুরুষের কর্ম বিষয়ে বিপর্য্যয় দেখিয়া আমি সকল বিষয় হইতে নিবৃত্ত হইয়াছি ।২৬

জীবের আত্মার রূপই সুখ, যখন সকল প্রকার বাসনা নিবৃত্ত হয়, তখন আপনা আপনি সেই সুখের অনুভব হয়। অতএব ভোগ্য সামগ্রীর সুখ-দুঃখ মনের ব্যাপার অনিত্যমাত্র বুঝিয়া আমি নিরুদ্যম হইয়া প্রারব্ধমাত্র ভোগ করিতেছি ।২৭

এইভাবে যদিও সুখই আত্মার স্বরূপ এবং সেই আত্মা সঙ্গেই আছেন, তথাপি তাঁহাকে ভুলিয়া মানুষ মিথ্যাদ্বৈতভাবে অজ্ঞানময় সংসারে ভ্রমণ করে ।২৮

জলং তদুদ্ভবৈশ্ছন্নং হিত্বাজ্ঞো জলকাম্যয়া।
মৃগতৃষ্ণামুপাধাবেৎ তথান্যত্রার্থদৃক্ স্বতঃ ॥২৯
দেহাদিভির্দৈবতন্ত্রৈরাত্মনঃ সুখমীহতঃ।
দুঃখাত্যয়ং চানীশস্য ক্রিয়ামোঘাঃ কৃতাঃ কৃতাঃ ॥৩০
আধ্যাত্মিকাদিভির্দুঃখৈরবিমুক্তস্য কহিচিৎ।
মর্ত্যস্য কৃচ্ছ্রোপনতৈরর্থৈঃ কামৈঃ ক্রিয়েত কিম্ ॥৩১
পশ্যামি ধনিনাং ক্লেশং লুব্ধানামজিতাত্মনাম্।
ভয়াদলব্ধনিদ্রাণাং সর্বতোঽভিবিশঙ্কিনাম্ ॥৩২

রাজতশ্চৌরতঃ শত্রোঃ স্বজনাৎ পশুপক্ষিতঃ।
অর্থিভ্যঃ কালতঃ স্বস্মাদ্বিত্যং প্রাণার্থবদ্ভয়ম্ ॥৩৩
শোকমোহভয়ক্রোধ-রাগক্লৈব্যশ্রমাদয়ঃ।
যন্মূলাঃ স্যুর্নৃণাং জহ্যাৎ স্পৃহাং প্রাণার্থয়োর্বুধঃ ॥৩৪
মধুকারমহাসর্পৌ লোকেঽস্মিন্মো গুরূত্তমৌ।
বৈরাগ্যং পরিতোষঞ্চ প্রাপ্তা যচ্ছিক্ষয়া বয়ম্ ॥৩৫
বিরাগঃ সর্বকামেভ্যঃ শিক্ষিতো মে মধুব্রতাৎ।
কৃচ্ছ্রাপ্তং মধুবদ্বিত্তং হত্বাপ্যন্যো হরেৎ পতিম্ ॥৩৬

অন্বয়: জনঃ যথা জলোদ্ভবৈঃ তৃণশৈবালাদিভিঃ ছন্নং জলং হিত্বা ত্যক্ত্বা জলকাম্যয়া মৃগতৃষ্ণাং মরীচিভোয়ম্ উপাধাবেৎ, তথা স্বতঃ পুরুষার্থকৃত্তাৎ আত্মনঃ সকাশাৎ অন্যত্র বিষয়েষু অর্থদৃক্ ভবতি ॥২৯

দেবতন্ত্রৈঃ কর্মায়ত্তৈঃ দেহেন্দ্রিয়াদিভিঃ আত্মনঃ স্বস্য সুখং তথা দুঃখনিবৃত্তিং চ ঈহতঃ ঈহমানস্য অনীশস্য কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ আরব্ধাঃ ক্রিয়াঃ মোঘাঃ ব্যর্থাঃ ভবন্তি ॥৩০

আধ্যাত্মিকাদিভিঃ দুঃখৈঃ কহিচিৎ কদাচিৎ অপি অবিমুক্তস্য মর্ত্যস্য মরণ-ধর্ম-শীলস্য কৃচ্ছ্রোপনতৈঃ দুঃখেনোপার্জিতৈঃ অর্থৈঃ বিত্তৈঃ কামৈঃ বিষয়ৈঃ চ কিং কিয়ৎ সুখং ক্রিয়েত ॥৩১

লুব্ধানাম্ অজিতাত্মনাং যতঃ ভয়াৎ অলব্ধনিদ্রাণাং সর্বতঃ অভিবিশঙ্কিনাং ধনিনাং ক্লেশম্ অহং পশ্যামি ॥৩২

প্রাণার্থবদ্ভয়ম্ (প্রাণবত্তাং জীবিতেচ্ছাবত্তাম্ অর্থবত্তাং ধনেচ্ছূনাং ভয়ং) নিত্যং রাজতঃ, চৌরতঃ, শত্রোঃ, স্বজনাৎ, পশুপক্ষিতঃ, অর্থিভ্যঃ, কালতঃ, স্বস্মাৎ ভবতি ॥৩৩

নৃণাং যন্মূলাঃ শোকঃ (বিনাশে), মোহঃ (বিস্মরণে), ভয়ং, ক্রোধং চ (অপহারকে), (কিঞ্চিৎকরত্বে) রাগঃ, ক্লৈব্যম্, (উপার্জনে) শ্রমাদয়ঃ স্যুঃ, বুধঃ বিবেকী ত্যং প্রাণার্থয়োঃ স্পৃহাম্ ইচ্ছাং জহ্যাৎ পরিত্যজেৎ ॥৩৪

মধুকারঃ মধুমক্ষিকাঃ, মহাসর্পঃ অজগরঃ চ দ্বৌ মঃ অস্মাকম্, অস্মিন্ লোকে গুরূত্তমৌ যয়োঃ শিক্ষয়া বয়ং বৈরাগ্যং পরিতোষং চ প্রাপ্তাঃ ॥৩৫

সর্বকামেভ্যঃ বিরাগঃ মে ময়া মধুব্রতাৎ মধুকরাৎ শিক্ষিতঃ। কৃচ্ছ্রাৎ কষ্টাৎ আপ্তম্ অপি মধুবৎ বিত্তং তৎপতিং মধুব্রতং হত্বা অন্যঃ হরেৎ ॥৩৬

নিকটে শৈবালাদি আচ্ছন্ন জল ত্যাগ করিয়া যে মৃগতৃষ্ণার জলের সন্ধানে ছুটিয়া যায়, তাহারই মত আত্মায় সুখ না দেখিয়া অন্যত্র পুরুষার্থ অনুসন্ধান করিয়া মানুষ সংসারবদ্ধ হয় ।২৯

আমার নিরুদ্যম হওয়ার কারণ বিপর্য্যয়দৃষ্টি অর্থাৎ মানুষ কর্মফল হইতে প্রাপ্ত দেহের সুখ ও দুঃখের মধ্যে নিবৃত্তি হইবে মনে করে। সেই নির্দৈব-অদৃষ্টহীন ব্যক্তির সকল কর্ম বৃথা হয় ।৩০

যে মানুষ আধ্যাত্মিকাদি ত্রিবিধ দুঃখ হইতে মুক্ত হয় নাই, তাহার দুঃখে উপার্জিত অর্থ ও কাম কামনার বিষয়ে কোন্ ফল হইবে? তাহার মৃত্যু যে অনিবার্য্য ।৩১

বিনা ক্লেশে অর্থ লাভ করিয়াও দুঃখ পাইতে হয়, কেন না অজিতেন্দ্রিয় ধনবান্ ব্যক্তি প্রচুর অর্থ লাভেও ক্লেশ ভোগ করে। ভয়ে রাত্রিতে নিদ্রা হয় না। সর্বদা সকল দিক্ হইতে তাহাদের শংকা ।৩২

রাজার করের ভয়, চোরের উপদ্রব, শত্রুর ভয়, স্বজনের ভয়, এমনি কি পশু পক্ষী, যাচক হইতে, কাল হইতে এবং নিজের বিনাশ ভয় সর্বদাই তাহার থাকে ।৩৩

যে অর্থ ও প্রাণ শোক, মোহ, ভয়, ক্রোধ, অনুরাগ, ক্লীবতা ও পরিশ্রমের মূল জ্ঞানী ব্যক্তির সেই ধন ও প্রাণের স্পৃহা ত্যাগ করা কর্তব্য ।৩৪

মধুকর ভ্রমর ও অজগর সর্প এই দুইএর নিকট যথাক্রমে বৈরাগ্য ও পরিতোষ শিক্ষা করিয়াছি। ইহারা উত্তম গুরু ।৩৫

অনীহঃ পরিতুষ্টাত্মা যদৃচ্ছোপনতাদহম্।
নো চেচ্ছয়ে বহ্বহানি মহাহিরিব সত্ত্ববান্ ॥৩৭

ক্বচিদন্নং ক্বচিদ্ভূরি ভুঞ্জেঽন্নং স্বাদ্বস্বাদু বা।
ক্বচিদ্ভূরিগুণোপেতং গুণহীনমুত ক্বচিৎ।

শ্রদ্ধয়োপহৃতং ক্বাপি কদাচিন্মানবর্জিতম্।
ভুঞ্জে ভুক্ত্বাথ কস্মিংশ্চিদ্দিবানক্তং যদৃচ্ছয়া ॥৩৮

ক্বৌষং দুকূলমজিনং চীরং বল্কলমেব বা।
বসেঽন্যদপি সম্প্রাপ্তং দিষ্টভুক্ তুষ্টধীরহম্ ॥৩৯

ক্বচিচ্ছয়ে ধরোপস্থে তৃণপর্ণাশ্মভস্মসু।
ক্বচিৎ প্রাসাদপর্য্যঙ্কে কপিশৌ বা পরেচ্ছয়া ॥৪০

ক্বচিৎ স্নাতোঽনুলিপ্তাঙ্গঃ সুবাসা অলঙ্কৃতঃ।
রথেভাশ্বৈশ্চরে ক্বাপি দিগ্বাসা গ্রহবদ্ বিভো ॥৪১

যদৃচ্ছয়া উপনতাৎ প্রাপ্তাৎ অন্যাৎ পরিতুষ্টঃ আত্মা মনঃ যস্য তথাভূতঃ অনীহঃ নির্ব্যাপারঃ অহম্। নোচেৎ যদৃচ্ছয়া ন উপনতং চেৎ, তদাপি সত্ত্ববান্ ধৈর্য্যশীলঃ মহাহিঃ ইব বহু অহানি অহঃ শয়ে শয়ানঃ অস্মি ॥৩৭

ক্বচিৎ কদাচিৎ অন্নং, ক্বচিৎ ভূরি বহু, কদাচিৎ স্বাদু রসবৎ, কদাচিৎ অস্বাদু রসবর্জ্জিতং, ক্বচিৎ ভূরিগুণোপেতং নানাগুণযুক্তম্, উত কদাচিৎ গুণহীনং বা অন্নং ভুঞ্জে। ক্বাপি শ্রদ্ধয়া উপহৃতম্ আনীতং, কদাচিৎ মানবর্জ্জিতং ভুঞ্জে, অথ যদৃচ্ছয়া কস্মিন্চিৎ দেশে দিবা দিবসে, কদাপি নক্তং রাত্রৌ ভুঞ্জে ॥৩৮

এবং বস্ত্রম্ অপি ক্বৌষং দুকূলম্, অজিনং মৃগচর্ম, চীরং জীর্ণং বস্ত্রং, বল্কলম্ এব বা অন্যৎ সংপ্রাপ্তম্ অপি আনীতং যদৃচ্ছয়া প্রাপ্তম্ অপি দিষ্টভুক্ প্রারব্ধ-ভোগী তুষ্টধীঃ অহং বসে পরিদধে ॥৩৯

ক্বচিৎ ধরোপস্থে ভূপৃষ্ঠে, ক্বচিৎ তৃণ-পর্ণাশ্ম-ভস্মসু, ক্বচিৎ প্রাসাদ-পর্য্যঙ্কে তত্রাপি কপিশৌ পরেচ্ছয়া অহং শয়ে স্বপিমি ॥৪০

ক্বচিৎ পরেচ্ছয়া এব স্নাতঃ অনুলিপ্তাঙ্গঃ (অনুলিপ্তম্ অঙ্গং যস্য সঃ), সুবাসাঃ (শোভনং বাসঃ বস্ত্রং যস্য সঃ) অলঙ্কৃতঃ (অলঙ্কৃতিঃ অলঙ্কৃতঃ) রথেভাশ্বৈঃ যানৈঃ চরে সংচরামি। ক্বচিৎ অপি দিগ্বাসাঃ নগ্নঃ এব হে বিভো। গ্রহবৎ চরে ॥৪১

মধুমক্ষিকার সমীপে সর্বকামনা হইতে বৈরাগ্য শিক্ষা করিয়াছি। অপর লোক বিত্তপতিকে বধ করিয়াও মধুকরের ন্যায় তাহার অনেক কষ্টে সংগৃহীত বিত্ত-মধু হরণ করে ॥৩৬

অজগরের নিকট শিক্ষা গ্রহণ করিয়া আমি নিশ্চেষ্ট ও যদৃচ্ছাক্রমে প্রাপ্ত বিষয়ে সন্তুষ্ট থাকি। কোনও সময় কিছু না পাইলেও ধৈর্য ধরিয়া অজগরের মত শয়ন করিয়া থাকি ॥৩৭

কখনও অল্প, কখনও বেশী যখন যেরূপ পাই ভোজন করি। কোনটা ভাল, কোনটা মন্দ, অল্প বা অধিক গুণযুক্ত সামগ্রী, আবার শ্রদ্ধায় অর্পিত বা অপমানিত হইয়া প্রাপ্ত, কখনও ভোজনের উপর ভোজন আর কোনও দিন উপবাসী থাকিয়া রাত্রিতে অন্য কিছু পাইয়া উহা দ্বারাই ক্ষুধার নিবৃত্তি করিয়া থাকি। খাওয়ার কোনও নিয়ম নাই ॥৩৭-৩৮

পরিধেয় সম্বন্ধেও কখনও ক্ষৌমবসন, কখনও দুকূল, কখনও মৃগচর্ম, কৌপীন, বল্কল অথবা যা কিছু পাই তাহাই ধারণ করি। এইভাবে সন্তুষ্ট থাকিয়া প্রারব্ধ ভোগ করি ॥৩৯

শয়নেরও কোনও নির্দ্দিষ্ট স্থান নাই। কোন সময় ভূমিতে, কখনও তৃণ বা শুষ্ক পাতায় বা পাথরের উপর অথবা ছাইএর উপর শুইয়া থাকি। কেহ যত্ন করিয়া অট্টালিকায় খাটের উপর নরম গদীতে শয়ন করাইলে সেখানেই নিদ্রা যাই ॥৪০

ভ্রমণেও নিয়ম নাই। উত্তম বস্ত্র, মাল্য, চন্দনাদি অভিলিপ্ত হইয়া রথ হস্তী বা অশ্বপৃষ্ঠে বেড়াইয়া থাকি, আর কখনও দিগম্বর হইয়া গ্রহের মত ঘুরিয়া বেড়াই ॥৪১

নাহং নিন্দে ন চ স্তৌমি স্বভাববিষমং জনম্।
এতেষাং শ্রেয় আশাসে উভয়েষামনির্বৃতিম্ ॥৪২

বিকল্পং জুহুয়াচ্চিত্তে তাং মনস্যর্থবিভ্রমে।
মনো বৈকারিকে হুত্বা তং মায়ায়াং জুহোত্যসু ॥৪৩

আত্মানুভূতৌ তাং মায়াং জুহুয়াৎ সত্যদৃঙ্মুনিঃ।
ততো নিরীহো বিরমেৎ স্বানুভূত্যাত্মনি স্থিতঃ ॥৪৪

স্বভাব-বিষমং (স্বভাবতঃ এব বিষমম্ অপমান-কর্ত্তারং) জনম্ অহং ন নিন্দে ন নিন্দামি, ন চ সম্মান-কর্ত্তারং স্তৌমি, উভয়েষামপি তু এতেষাং জনানাং শ্রেয়ঃ মহাত্মনি ভগবতি ঐকান্ত্যাং নাদৃত্যম্ ইতি যদনম্ এব আশাসে প্রার্থয়ে ॥৪২

বিকল্পং জাতি-কুলাদি-ভেদং চিত্তে মনোবৃত্তৌ জুহুয়াৎ ঐক্যং ভাবয়েৎ, তাং বৃত্তিম্ অর্থবিভ্রমে (অর্থস্য দেহাদ্যাত্মপদার্থস্য বিভ্রমঃ বিপর্য্যয়ঃ যস্মিন্ তস্মিন্) মনসি জুহুয়াৎ, মনঃ বৈকারিকে স্বকারণে সাত্ত্বিকাহংকারে হুত্বা অনু অনন্তরং তম্ অহংভাবং (মহত্তত্ত্বাধীনং) মায়ায়াং প্রকৃতৌ জুহোতি জুহুয়াৎ ॥৪৩

ততঃ চ মুনিঃ মননশীলঃ তাং মায়াম্ আত্মানুভূতৌ স্বপ্রকাশে ব্রহ্মণি জুহুয়াৎ, ততশ্চ সত্যদৃক্ (সত্যম্ এব পরমাত্মানং দ্রষ্টুং শীলং যস্য সঃ তথা ভূতঃ সন্) স্বানুভূত্যা আত্মনি স্বপ্রকাশাত্মনি স্থিতঃ নিরীহঃ সর্ব্বক্রিয়াশূন্যঃ এবং কৃত্যাৎ বিরমেৎ ॥৪৪

আমি কাহারও নিন্দা বা বন্দনা করি না, কাহারও ভাল বা মন্দ বিচার না করিয়া সকলের মঙ্গল কামনা করি এবং মহান্ ভগবান্ বিষ্ণুকে প্রাণদেবতা জানিয়া তাঁহার ঐকান্ত্য প্রার্থনা করি ।৪২

এই প্রকার থাকিবার কারণ আত্মাভিমানের বিলোপ সাধন। এজন্য ভেদ-দর্শনের মনোবৃত্তিতে বিকল্প হোম করিয়া সেই বৃত্তিকে মনে লয় করিবে, তাহার পর সেই মনকে বৈকারিক অহংকারে হোম করিবে, আবার অহংকারকে মহত্তত্ত্ব সহ মায়াতে হোম করিবে ।৪৩

সত্যদ্রষ্টা মননধর্মী মুনি মায়াকে আত্মানুভূতিতে হোম করিবে। তাহার পর পরমাত্মায় অবস্থিত হইয়া আত্মানুভবে নিরীহ হইয়া অবস্থান করিবে ।৪৪

স্বাত্মন্যেবাত্মনাত্মানং সৃষ্ট্বেদং মায়য়া ততম্।
তৈরবচ্চাবিতে লোকে ন বেদ ত্বাং প্রতিষ্ঠিতম্ ॥৪৫

ত্বমাত্মযোনিরজোঽজয়া স্বয়ং
চকর্থ তন্নো ন বিদাম সূচরম্।
তবাস্য যদ্যৎ স্বদধীশ্বরাত্মকং
কুশলং বিধত্স্ব তদ্ভবন্তমীমহি ॥৪৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়: ॥১৩

স্বাত্মন্যেব আত্মনা আত্মানং সৃষ্ট্বা ইদং ততং বিস্তৃতং মায়য়া তৈঃ অবচ্চাবিতে (অবচ্চ উচ্চ অবচ্চাবং তেন) লোকে ত্বাং ন বেদ ন জানাতি, কথম্ভূতম্ ত্বাং প্রতিষ্ঠিতং সর্ব্বাধিষ্ঠানম্ ॥৪৫

ত্বম্ আত্মযোনিঃ স্বয়ম্ অজয়া চকর্থ (কৃতবান্ অসি) তৎ নঃ ন বিদাম সূচরম্ (সুষ্ঠু চরতি ইতি সূচরম্) তব অস্য যৎ যৎ স্বদধীশ্বরাত্মকং (স্বদধীনঃ ঈশ্বরঃ আত্মা স্বরূপং যস্য তৎ) কুশলং বিধত্স্ব তৎ ভবন্তম্ ঈমহি ॥৪৬

ইতি সপ্তমস্কন্ধে শ্রীযুগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতায়াং ত্রয়োদশোঽধ্যায়: ॥

আপনি ভগবানের প্রিয়—এই নিমিত্ত অত্যন্ত গোপনীয় হইলেও এই নিজের বৃত্তান্ত আপনার নিকট বর্ণনা করিলাম। মন্দ দৃষ্টিতে লোক এবং শাস্ত্রের বিধান হইতে পৃথক্ মনে হইলেও তত্ত্বদৃষ্টিতে ইহা সেরূপ নয় ।৪৫

শ্রীনারদ বলিলেন,—অসুরগণের অধিপতি প্রহ্লাদ মুনির সমীপে এই পারমহংস্য ধর্ম-উপদেশ শ্রবণ করিয়া তাঁহাকে পূজাপূর্বক অভিবাদন করিয়া অনুমতিক্রমে গৃহে গমন করিলেন ।৪৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের সপ্তম-স্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত।



আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

অচলমানস দাসগণ পূর্ণনাম হৃষ্টচিত্তে ধ্যান করেন, তদ্দ্বারা শ্রীরামের সামীপ্য-কারিকা পরা ভক্তিলাভ করিয়া থাকেন।

প্রণবে অ-কার সত্ত্বগুণ, উ-কার রজোগুণ, হসন্ত ম-কার তমোগুণ—এই গুণত্রয় অহঙ্কার হইতে সমুৎপন্ন।

হে প্রিয়ে! শ্রীভগবানের রূপে বিষ্ণু, বিধি এবং আমি। শিব।—এই ত্রিবিধ হইয়া সত্ত্ব, রজঃ ও তমঃ তিনগুণ ধারণ করিয়াছি।

এই রামনাম বর্ণশূন্য, কেবল উদাত্ত, অনুদাত্ত, স্বরিত আর ষাড়্জাদি সপ্তস্বরের অপর নাদের অধীশ্বর। সমস্ত বর্ণের হসন্ত ম-কার (॰ ও রেফ্ ˊ ছত্র এবং মুকুট।

যাঁহারা রামনামে অত্যন্ত আসক্ত, রামনামের অর্থচিন্তাকারী, তাঁহাদের পাদ-পদ্মের ধূলিস্পর্শে স্বর্গ-মর্ত্য-পাতাল ত্রিভুবন পবিত্র হইয়া থাকে।

কৃষ্ণ-নারায়ণ আদি নামসকল সহস্রজন্ম অবিরাম জপ করিলে তবে রামনামে প্রেমলাভ হয়।

রামনামের ফল রামই হৃদয়ে জানেন, কিন্তু তিনি উত্তমরূপে তাহা বলিতে সমর্থ হ'ন না—ব্রহ্মা, শঙ্করপ্রভৃতির কথা কি বলিব!

বেদাঃ সর্ব্বে চ শাস্ত্রাণি মুনয়ো নির্জরগণাঃ।
নাম্নঃ প্রভাবমত্যুগ্রং ন তে জানন্তি সুব্রতে॥

রাম এবাভিজানাতি কৃৎস্ননামার্থমদ্ভুতম্।
ঈদৃগ্ বদামি নামার্থং দেবি তস্যানুকম্পয়া॥

হে সুব্রতে! চতুর্ব্বেদ, নিখিল শাস্ত্র, মুনিমণ্ডলী, সুরনিকর নামের অতিশয় বিষম মহান্। প্রতাপ জানেন না।

একমাত্র রামই সম্পূর্ণ আশ্চর্যজনক রামনামের অর্থ জানেন। হে দেবি! আমি তাঁহার কৃপায় নামের অর্থ যৎকিঞ্চিৎ বলিতেছি।

[পঞ্চম বর্ষ, চৈত্র, ১৩৭৩] [দশম সংখ্যা—মদনভঞ্জিকা যাত্রা]

আর্য্যশাস্ত্র

CALCUTTA UNIVERSITY

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

• • •

যুগ্ম-সম্পূজক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুদ্রক-কর্ম্মকিঙ্কর :—
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস., ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড এইচ (লণ্ডন)।
কিঙ্কর বিমলানন্দ।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্ত্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত।
১৫ই মাঘ, ১৩৭৩।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪-৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর, শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫·০০, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০·০০, প্রতি সংখ্যা ২·০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সকালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পূজক—আর্য্যশাস্ত্র

৺৺শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌহাটি
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

চতুর্দ্দশঃ অধ্যায়ঃ

[গৃহস্থানামুৎকৃষ্টধর্ম্মাণাং দেশকালভেদেন বিশেষধর্ম্মাণাঞ্চ বিবরণম্ ।]

যুধিষ্ঠির উবাচ ।

গৃহস্থ এতাং পদবীং বিধিনা যেন চাঞ্জসা ।
যায়াদ্দেবর্ষয়ে ব্রূহি যাদৃশো গৃহমূঢ়ধীঃ ॥১

নারদ উবাচ ।

গৃহেষ্ববস্থিতো রাজন্ ক্রিয়াঃ কুর্ব্বন্ যথোচিতাঃ ।
বাসুদেবার্পণং সাক্ষাদুপাসীত মহামুনীন্ ॥২

শৃণ্বন্ ভগবতোঽভীক্ষ্ণমবতারকথামৃতম্ ।
শ্রদ্দধানো যথাকালমুপশান্তজনাবৃতঃ ॥৩

সৎসঙ্গাচ্ছনকৈঃ সঙ্গমাত্মজায়াত্মজাদিষু ।
বিমুঞ্চেন্মুচ্যমানেষু স্বয়ং স্বপ্নবদুত্থিতঃ ॥৪

যাবদর্থমুপাদীনো দেহে গেহে চ পণ্ডিতঃ ।
বিরক্তো রক্তবত্রত্র নৃলোকে নরতাং নয়েৎ ॥৫

অন্বয়ঃ

যুধিষ্ঠিরঃ উবাচ । হে দেবর্ষয়ে । গৃহমূঢ়ধীঃ (গৃহে মূঢ়া আসক্তা ধীঃ যস্য সঃ) যাদৃশঃ গৃহস্থঃ এতাং পূর্ব্বোক্তাং মোক্ষ-লক্ষণাং পদবীং গতিং যেন বিধিনা প্রকারেণ অঞ্জসা অনায়াসেন যায়াৎ যাতি, তং ব্রূহি ॥১

নারদঃ উবাচ । হে রাজন্ । গৃহেষু অবস্থিতঃ গৃহস্থঃ বাসুদেবার্পণং শ্রীকৃষ্ণার্পণং যথা ভবতি তথা যথোচিতাঃ পঞ্চমহাযজ্ঞাদিরূপাঃ ক্রিয়াঃ কুর্ব্বন্ মহামুনীন্ ভগবদ্ভক্তান্ উপাসীত সেবেত ॥২

তথা যথাকালম্ আবশ্যক-কর্ম্মানুষ্ঠানাবশেষিতং কালম্

অন্বয়ঃ

উপশান্তজনৈঃ আবৃতঃ পরিবৃতঃ সন্ ভগবতঃ অবতার-কথামৃতম্ অভীক্ষ্ণং শ্রদ্দধানঃ সন্ শৃণ্বন্ ॥৩

সৎসঙ্গাৎ মুচ্যমানেষু স্বয়ম্ এব বিমুঞ্চমানেষু আত্মজায়া-আত্মজাদিষু দেহকলত্রসুতাদিষু সঙ্গং স্বপ্নবৎ উত্থিতঃ জাগরিতঃ জনঃ ইব বিমুঞ্চেৎ ॥৪

যাবদর্থং প্রাণধারণ-প্রয়োজনং যাবৎ তাবৎ উপাদীনঃ স্বীকুর্ব্বন্, দেহে গেহে চ অন্তর্বিরক্তঃ অপি বহিঃ তত্র রক্তবৎ আসক্তবৎ নৃলোকে জনমধ্যে পণ্ডিতঃ জনঃ নরতাং মনুষ্যত্বং ন্যসেৎ

চতুর্দ্দশ অধ্যায়

[গৃহস্থের উৎকৃষ্ট ধর্ম্ম ও দেশ-কালভেদে বিশেষ ধর্ম্ম বিবরণ ।]

শ্রীযুধিষ্ঠির বলিলেন,—হে দেবর্ষি । গৃহস্থ যে নিয়ম পালন করিলে এই অবস্থায় উত্তীর্ণ হইতে পারেন, অনুগ্রহপূর্ব্বক তাহা বলুন ; কেননা ; আমার মত লোকের মন গৃহস্থ-ধর্ম্ম বিষয়ে একান্ত মূঢ় ।১

শ্রীনারদ বলেন,—হে রাজন্ যুধিষ্ঠির । গৃহে অবস্থানপূর্ব্বক যথোচিত সমস্ত কর্ম্ম অনুষ্ঠান করিয়া উহা বাসুদেবকে সমর্পণ করিবে এবং যথাবসরে মহামুনিগণের উপাসনা করিবে ।২

অমৃতস্বরূপ ভগবানের অবতার-কথা শ্রদ্ধান্বিত হইয়া বারংবার শ্রবণ করিবে এবং অবকাশমত শান্ত-দান্ত জনগণের দ্বারা পরিবেষ্টিত হইয়া থাকিবে ।৩

এইপ্রকার সাধুসঙ্গ হইতে ক্রমে নিজের দেহ, পত্নী বা পুত্রাদির প্রতি মমতা স্নেহ ছিন্ন হইবে । স্বপ্ন ভাঙ্গিয়া গেলে স্বপ্নে দেখা পুত্রাদির সঙ্গ ত্যাগের ন্যায় জ্ঞানী ঐ সকল সঙ্গ ত্যাগ করেন ।৪

যে পরিমাণ অর্থে একান্ত প্রয়োজন, উহাই গ্রহণ করিয়া মনে-প্রাণে বৈরাগ্য অবলম্বন করিবে, কিন্তু

জ্ঞাতয়: পিতরৌ পুত্রা ভ্রাতর: সুহৃদোঽপরে।
যদ্‌বদন্তি যদিচ্ছন্তি চানুমোদেত নির্মম: ॥৬
দিব্যং ভৌমকান্তরীক্ষং বিত্তমচ্যুতনির্মিতম্।
তৎসর্ব্বমুপযুঞ্জান এতৎ কুর্য্যাৎ স্বতো বুধ: ॥৭
যাবদ্ ভ্রিয়েত জঠরং তাবৎ স্বত্বং হি দেহিনাম্।
অধিকং যোঽভিমন্যেত স স্তেনো দণ্ডমর্হতি ॥৮

মৃগোষ্ট্রখরমর্কাখুসরীসৃপ্‌খগমক্ষিকা:।
আত্মন: পুত্রবৎ পশ্যেৎ তৈরেষামন্তরং কিয়ৎ ॥৯
ত্রিবর্গং নাতিকৃচ্ছ্রেণ ভজেত গৃহমেধ্যপি।
যথাদেশং যথাকালং যাবদ্দৈবোপপাদিতম্ ॥১০
শ্বা-শ্বাদান্তেঽবসায়িভ্য: কামান্ সংবিভজেদ্ যথা।
অপ্যেকামাত্মনো দারাং নৃণাং স্বত্বগ্রহো যত: ॥১১

পুরুষকারম্ আবিষ্কুর্য্যাৎ ।৫

জ্ঞাত্যাদয়: অপরে যং যদন্তি, যং চ ইচ্ছন্তি তৎ সর্বং স্বয়ং নির্মম: সন্ অনুমোদেত ।৬

দিব্যং বৃষ্ট্যাদিভি: জাতং ধান্যাদি, ভৌমং সুবর্ণাদি, আন্তরীক্ষম্ অকস্মাৎপ্রাপ্তং, তথা স্বত: এব অচ্যুতনির্মিতং প্রারব্ধপ্রেরিতং যৎ বিত্তং তৎ এতৎ সর্বম্ উপভুঞ্জান: এব বুধ: এতৎ প্রাণধারণাদিকং কুর্য্যাৎ ।৭

যাবৎ যাবত: জঠরম্ উদরং ভ্রিয়েত পূর্যেত, তাবৎ এব হি দেহিনাং স্বত্বং স্বীকর্তব্যম্। তু অধিকম্ অভিমন্যেত স্বকীয়ত্বেন অঙ্গীকুর্য্যাৎ ; স: স্তেন: চৌর: এব ; অত: স: তস্য-মহাপাপি-দু:খাস্তকরণং দণ্ডম্ অর্হতি ।৮

মৃগা: গবাদয়:, ষ্ট্র: গর্দভ:, অর্ক: বানর:, আখু: মূষিক:, সরীসৃপ: সর্প:, খগা: কাকাদয়:, মক্ষিকা:, তান্ আত্মন: পুত্রবৎ পশ্যেৎ। যত: তৈ: পুত্রৈ: এষাং মৃগাদীনাম্ অন্তরং তারতম্যং কিয়ৎ ন কিমপি ।৯

গৃহস্থ: অপি অতিকৃচ্ছ্রেণ ত্রিবর্গং ধর্মার্থকামাখ্যং ন ভজেত ন সেবেত, কিন্তু অনায়াসেন দেশ-কালানুসারেন যাবৎ দৈবেন উপপাদিতং সম্পাদিতং, তাবৎ এব ভজেত ।১০

শ্বান: চ শ্বপা: পতিতা:, অন্ত্যেষসায়িন: চণ্ডালাদয়: তান্ অভিব্যাপ্য যথা যথার্হং কামান্ সংবিভজেৎ বিভজ্য দদ্যাৎ। যদি একা এব আত্মন: ভার্যা দারা যত্রাং নৃণাং স্বত্বগ্রহ: মমৈব ইয়ম্ ইত্যাগ্রহ:, তাম্ অপি অতিথি-ওদ্যমণে নিযুঞ্জীত ।১১

বাহিরে অনুরক্ত লোকের মতই ব্যবহার রাখিবে ।৫

কোথাও কোনও বিষয়ে আগ্রহ করিবে না। জ্ঞাতি, পিতা, মাতা, ভ্রাতা, সন্তান বন্ধু-বান্ধব যে যাহা চায়, তাহাতে অনুমোদন করিবে ; কিন্তু কিছুতেই মমতা রাখিবে না ।৬

(যদি মনে কর সকলকার চাহিদা মিটাইতে গেলে বিত্তক্ষয় হইয়া যাইবে, কি ভাবে নিজের জীবিকা ধারণ সম্ভব ? এরূপ আশঙ্কার উত্তরে বলিলেন,—) বৃষ্ট্যাদি দ্বারা প্রাপ্ত ক্ষেত্রজাত ধান্যাদি, ভূমিখননে প্রাপ্ত রত্নাদি, দৈবাৎ প্রাপ্তধন, হঠাৎ প্রাপ্ত কোনও সম্পদ, সব কিছু সংরক্ষণ ব্যবস্থা করিয়াই অপরের প্রার্থনা পূর্ণ করিবে ।৭

দৈববশে অধিক লাভ হইলে অভিমান করিবে না। যে পরিমাণ ধনে জীবিকা নির্বাহ হয়, উদর পূর্ণ হয়—উহাতেই ব্যক্তির স্বত্ব। উহার অধিক ভোগ করিবার অভিমান করিলে তাহাকে চোর বলা যায়। সে ধর্মশাস্ত্রানুসারে দণ্ডনীয় ।৮

এমন কি, কোনও মৃগ, উষ্ট্র, গর্দভ, বানর, ইঁদুর, সর্প, পক্ষী বা পতঙ্গপ্রভৃতি গৃহে বা ক্ষেত্রে প্রবেশ করিয়া শস্যাদি ভোজন করিলেও তাহাকে নিবারণ করিবে না। বরং আপন সন্তানের মতই অন্য জীবগণকে মনে করিবে। পুত্র হইতে তাহাদের পার্থক্য কি আছে ?৯

গৃহস্থেরও অত্যন্ত কষ্ট করিয়া ধর্ম, অর্থ ও কামনা পরিপূর্ণ করিবার জন্য চেষ্টা করা উচিত নয়। যে দেশে যে কালে যেটুকু অদৃষ্টবশে লাভ করা যায়, উহাতে সন্তুষ্ট থাকা কর্তব্য ।১০

কুকুর, পতিত জন অথবা চণ্ডাল পর্য্যন্ত সকল প্রাণীকে যথাযোগ্য তাহাদের ভোগ্যবস্তু বিভাগ করিয়া দিবে। এমন কি, নিজের পত্নীকেও অতিথির

অহ্নাদ্ যদর্থে স্বান্ প্রাণান্ হন্যাদ্ বা পিতরং গুরুম্।
তস্যাং স্বত্বং স্ত্রিয়াং জহ্যাদ্ যস্তেন হ্যজিতোঽজিতঃ ॥১২

কৃমিবিড্‌ভস্মনিষ্ঠান্তং ক্বেদং তুচ্ছং কলেবরম্।
ক্ব তদীয়রতির্ভার্য্যা কায়মাত্মা নভশ্ছদিঃ ॥১৩

সিদ্ধৈর্যজ্ঞাবশিষ্টার্থৈঃ কল্পয়েদ্ বৃত্তিমাত্মনঃ।
শেষে স্বত্বং ত্যজন্ প্রাজ্ঞঃ পদবীং মহতামিয়াৎ ॥১৪

যদর্থে যন্নিমিত্তং স্বপ্রাণান্ জহ্যাৎ, পিতরং গুরুং বা হন্যাৎ, তস্যাং স্ত্রিয়াং যঃ স্বত্বং স্বকীয়ত্বাভিমানং জহ্যাৎ ত্যজেৎ, তেন জনেন অজিতঃ ভগবান্ জিতঃ বশীকৃতঃ ভবতি ॥১২

কৃমি-বিড্‌-ভস্মনি নিষ্ঠা পর্য্যবসানম্ অন্তে যস্য তৎ ইদং কৃচ্ছ্রং কলেবরং ক্ব? তদীয়া দেহার্থা রতিঃ যস্যাং সা ভার্য্যা বা ক্ব? তথা আকাশেন নভঃ ছাদয়তি ইতি নভশ্ছদিঃ আত্মা বা ক্ব নু ? ১৩

সিদ্ধৈঃ দেবলক্ষৈঃ (অন্নাদিভিঃ মহাযজ্ঞান্ অনুষ্ঠায় তদবশিষ্টৈঃ অবশেষিতৈঃ এব অর্থৈঃ) অন্নাদিভিঃ আত্মনঃ বৃত্তিং কল্পয়েৎ ; শেষে ব্যয়াবশিষ্টে স্বত্বম্ অভিমানং ত্যজন্ প্রাজ্ঞঃ জনঃ

সেবায় নিযুক্ত করিয়া যদি নিজের যজ্ঞের ত্রুটি হয়, তাহাও স্বীকার করিবে।১১

মানুষ স্ত্রীর জন্য আপন প্রাণ বিসর্জন দেয়, এমন কি মা-বাবা ও গুরুকেও হত্যা করে, সেই স্ত্রীর মমতা যে ব্যক্তি ত্যাগ করে, অজিত ভগবান্‌কে সে জয় করিতে সমর্থ হয়।১২

পত্নীর স্বামিত্ব-ভাবনা ত্যাগ করা কঠিন ; তত্ত্ব-বিচার করিয়া অসাধ্য সাধন করা যায়। শরীরের শেষ পরিণতি কৃমি বিষ্ঠা আর নয় তো ভস্ম। এই শরীর কোথায় যাইবে, আর যাহার দেহে রতি সেই পত্নীই বা কোথায় যাইবে? যে আত্মা আকাশ-ব্যাপী তাহার সঙ্গে কাহার তুলনা? এই সকল বিচার করিলে দেহ ও ভার্য্যা কোনও পদার্থেই মমতা থাকিবে না।১৩

গৃহস্থ ব্যক্তি অদৃষ্ট অনুসারে প্রাপ্ত অর্থাদিদ্বারা

দেবানৃষীন্ নৃভূতানি পিতৃনাত্মানমন্বহম্।
স্বধৃত্যাপত্তবিত্তেন যজেত পুরুষং পৃথক্ ॥১৫

যর্হ্যাত্মনোঽধিকারাস্যাঃ সর্ব্বাঃ স্যুর্নৃপসম্পদঃ।
বৈতানিকেন বিধিনা অগ্নিহোত্রাদিনা যজেৎ ॥১৬

নহ্যগ্নিমুখতোঽয়ং বৈ ভগবান্ সর্ব্বযজ্ঞভুক্।
ইজ্যেত হবিষা রাজন্ যথা বিপ্রমুখে হুতৈঃ ॥১৭

মহতাং নিবৃত্তীনাং পদবীম্ (ভগবৎস্বরূপম্) ইয়াৎ প্রাপ্নুয়াৎ ॥১৪

দেবান্, ঋষীন্, নৃন্ মনুষ্যান্, ভূতানি পিতৃন্, আত্মানং চ স্বধৃত্যা যাজনাদিরূপয়া আপত্তবিত্তেন উপার্জ্জিতবিত্তেন পৃথক্ অবহম্ অহরহঃ পঞ্চধা অন্বর্য্যাদিনা যজেত। যর্হি আত্মনঃ যস্য অধিকারাদ্যাঃ সর্ব্বাঃ যজ্ঞসম্পদঃ স্যুঃ, তদা বৈতানিকেন (বিতানো যজ্ঞপ্রঃ শ্রৌতকর্ম্মসমূহাদিরূপঃ তদ্ভবেন) বিধিনা পুরুষং যজেৎ ১৫-১৬

হে রাজন্। হি যস্মাৎ সর্ব্বযজ্ঞভুক্ ভগবান্ যথা বিপ্রমুখে হুতৈঃ অন্নাদিভিঃ হৈজ্যেত পূজ্যতে তুষ্যতি, তথা অগ্নিমুখতঃ হুতেন হবিষা ন বৈ ইজ্যেত নৈব সন্তুষ্যতি ।১৭

পঞ্চযজ্ঞ অনুষ্ঠান করিবে ; উহার পর যাহা অবশিষ্ট থাকিবে, তাহাদ্বারা জীবিকা নির্বাহ করিবে। যিনি এইভাবে থাকিয়া অবশিষ্ট অংশে নিজের স্বামিত্ব ত্যাগ করেন, তিনিই প্রাজ্ঞ এবং মহৎ ব্যক্তিগণের নিবৃত্তিময় পথের অধিকারী হন।১৪

দেবতা, ঋষি, মনুষ্য, ভূতগণ ও পিতৃগণ পঞ্চযজ্ঞের দেবতা। পৃথক্‌ভাবে এই পঞ্চযজ্ঞদ্বারা আত্মার অর্চনায় নিজের বিত্ত লাগাইবে। ইহাদের অর্চনা করিলে অন্তর্য্যামীরই অর্চনা হইবে। যখন সর্বপ্রকার সম্পদে নিজের অধিকার হইবে, তখন কর্মকাণ্ডের নিয়ম অনুসারে অগ্নিহোত্রপ্রভৃতি যজ্ঞদ্বারা যজন করিবে।১৫-১৬

তবে যজ্ঞের জন্য অতিশয় নির্বন্ধ করিবার প্রয়োজন নাই। কেননা, সকল যজ্ঞভোক্তা ভগবান্ ব্রাহ্মণের মুখে হুত হবিদ্বারা অর্থাৎ ব্রাহ্মণভোজনে যেরূপ তৃপ্ত হন, অগ্নিমুখে আহুতি দিলে সেরূপ

তস্মাদ্ ব্রাহ্মণদেবেষু মর্ত্ত্যাদিষু যথার্হতঃ।
তৈস্তৈঃ কামৈর্যজেনৈনং ক্ষেত্রজ্ঞং ব্রাহ্মণানপু ॥১৮

কুর্য্যাদপরপক্ষীয়ং ভাদ্রে প্রৌষ্ঠপদে দ্বিজঃ।
শ্রাদ্ধং পিত্রোর্যথাবিত্তং তদ্বন্ধূনাঞ্চ বিত্তবান্ ॥১৯

অয়নে বিষুবে কুর্য্যাদ্ ব্যতীপাতে দিনক্ষয়ে।
চন্দ্রাদিত্যোপরাগে চ দ্বাদশ্যাং শ্রবণেষু চ ॥২০

তৃতীয়ায়াং শুক্লপক্ষে নবম্যামথ কার্ত্তিকে।
চতস্বষ্বপ্যষ্টকাসু হেমন্তে শিশিরে তথা ॥২১

মাঘে চ সিতসপ্তম্যাং মঘারাকা সমাগমে।
রাকয়া চানুমত্যা চ মাসর্ক্ষাণি যুতান্যপি ॥২২

দ্বাদশ্যামনুরাধা স্যাচ্ছ্রবণস্ত্রিষ্ব উত্তরাঃ।
তিসৃষ্বেকাদশী বাসু জন্মর্ক্ষশ্রোণযোগযুক্ ॥২৩

তস্মাৎ ব্রাহ্মণেষু মর্ত্ত্যাদিষু চ পঞ্চমহাযজ্ঞ-দেবতাসু যথার্হতঃ যথাশক্তি তৈঃ তৈঃ কামৈঃ ভোজ্যৈঃ ব্রাহ্মণাননপু (ব্রাহ্মণাঃ আননং যস্য তম্) এনং ক্ষেত্রজ্ঞং সর্ব্বান্তর্য্যামিনং যজেত ॥১৮

দ্বিজঃ দ্বৈবার্ণিকঃ যথাবিত্তং বিত্তানুসারেণ প্রৌষ্ঠপদে ভাদ্রপদে মাসি পিত্রোঃ মাতাপিত্রোঃ, তথা বিত্তবান্ চেৎ তদা তদ্বন্ধূনাং চ অপর-পক্ষীয়ং শ্রাদ্ধং মঘাখ্যাং কুর্য্যাৎ॥১৯

তথা অয়নে (কর্কট-সংক্রান্তৌ মকর-সংক্রান্তৌ চ) বিষুবে (মেষ-সংক্রান্তৌ তুলাসংক্রান্তৌ চ) ব্যতীপাতদিনে, দিনক্ষয়ে ত্র্যহস্পর্শে, চন্দ্রাদিত্যোপরাগে চন্দ্রসূর্য্যগ্রহণ-সময়ে, দ্বাদশ্যাং শ্রবণে শ্রবণাদিষু ত্রিষু ॥২০

শুক্লপক্ষে বৈশাখ-শুক্লপক্ষে অক্ষয়-তৃতীয়ায়াং কার্ত্তিক-শুক্লপক্ষে নবম্যাং, হেমন্তে শিশিরে চ মার্গশীর্ষাদি-মাসচতুষ্টয়ে যাঃ চতস্রঃ অষ্টকাঃ তাসু অষ্টকাসু (সপ্তম্যাদি ত্রয়ং চৈব তথা চৈব ত্রয়োদশী। চতস্রস্ত্বষ্টকাঃ প্রোক্তাঃ সর্ব্বযজ্ঞাদ্ বিশেষতঃ) ইতি বচনাৎ ॥২১

মাঘে সিতসপ্তম্যাং, (সম্পূর্ণচন্দ্রা পৌর্ণমাসী রাকা) মঘা-রাকয়োঃ সমাগমে; (ন্যূনচন্দ্রা পৌর্ণমাসী অনুমতিঃ) যদা রাকানুমতিভ্যাং যুতানি মাসর্ক্ষাণি মাস-নাম-প্রবৃত্তি-নিমিত্তানি নক্ষত্রাণি তদাপি ॥২২

যদা দ্বাদশ্যাম্ অনুরাধা শ্রবণঃ উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদা চ ইতি ত্রিষ্বঃ উত্তরাঃ স্যুঃ তাসু তিসৃষু উত্তরাসু ; একাদশী বা যদা স্যাৎ, তদাপি উপবাসানর্হায়াম্ এব শ্রাদ্ধং কুর্য্যাৎ যা জন্মর্ক্ষশ্রোণযোগযুক্ দিনং যদা, তদা শ্রাদ্ধং কুর্য্যাৎ ॥২৩

তৃপ্ত হন না ।১৭

অতএব ব্রাহ্মণ, দেবতা বা মানুষে পূর্বোক্ত কামনা করিয়া যথাযোগ্য ক্ষেত্রজ্ঞ আত্মার যজ্ঞ করিবে। ব্রাহ্মণদের পর অন্যান্য জীবের মধ্যেও ক্ষেত্রজ্ঞ পুরুষের অর্চন যজন করিবে ।১৮

বিত্তবান্ বিপ্র নিজের সম্পদের অনুরূপ পিতা, মাতা ও আত্মীয়গণের উদ্দেশ্যে ভাদ্র মাসে অপর (কৃষ্ণ) পক্ষীয় শ্রাদ্ধ করিবে। এইভাবে উত্তরায়ণ ও দক্ষিণায়নে, বিষুবদ্বয়ে, ব্যতীপাতযোগে, দিন-ক্ষয় ত্র্যহস্পর্শ দিনে, চন্দ্র ও সূর্য্যগ্রহণ হইলে, দ্বাদশী তিথি ও শ্রবণা নক্ষত্রে শ্রাদ্ধ করিবে ।১৯-২০

অক্ষয়া তৃতীয়া বৈশাখে, কার্ত্তিকে শুক্লা নবমী, হেমন্ত ও শীতকালে অগ্রহায়ণাদি চারি মাসে চারিটি অষ্টকা শ্রাদ্ধ করিবে ।২১

মাঘ মাসের শুক্লাসপ্তমী, মঘা নক্ষত্র, পূর্ণিমা এবং যে যে নক্ষত্র হইতে যে যে মাসের নাম হয়, সেই সকল নক্ষত্র যখন পূর্ণিমা বা অনুমতি তিথির সহিত মিলিত হয়, সেই সময় শ্রাদ্ধ করিবে ।২২

দ্বাদশীতে, অনুরাধা, শ্রবণা, উত্তরফল্গুনী, উত্তরা-ষাঢ়া ও উত্তরভাদ্রপদ এই তিন নক্ষত্রে একাদশী হইলে আরও জন্মনক্ষত্র অথবা শ্রবণানক্ষত্রযুক্ত দিনে শ্রাদ্ধ করিবে ।২৩

ত এতে শ্রেয়সঃ কালা নৃণাং শ্রেয়োবিবর্দ্ধনাঃ।
কুর্য্যাৎ সর্ব্বাত্মনৈতেষু শ্রেয়োঽমোঘং তদায়ুষঃ ॥২৪

এষু স্নানং জপো হোমো ব্রতং দেবদ্বিজার্চ্চনম্।
পিতৃদেবমনুষ্যেভ্যো যদ্দত্তং তদ্ধ্যনশ্বরম্ ॥২৫

সংস্কারকালো জায়ায়া অপত্যস্যাত্মনস্তথা।
প্রেতসংস্থা মৃতাহশ্চ কর্ম্মণ্যভ্যুদয়ে নৃপ ॥২৬

অথ দেশান্ প্রবক্ষ্যামি ধর্ম্মাদিশ্রেয় আবহান্।
স বৈ পুণ্যতমো দেশঃ সৎপাত্রং যত্র লভ্যতে ॥২৭

বিশ্বং ভগবতো যত্র সর্ব্বমেতচ্চরাচরম্।
যত্র হ ব্রাহ্মণকুলং তপোবিদ্যাদয়ান্বিতম্ ॥২৮

যত্র যত্র হরের্ব্বার্চ্চা স দেশঃ শ্রেয়সাং পদম্।
যত্র গঙ্গাদয়ো নদ্যঃ পুরাণেষু চ বিশ্রুতাঃ ॥২৯

যে এতে পূর্ব্বোক্তাঃ অয়নাদয়ঃ নৃণাং শ্রেয়োবিবর্দ্ধনাঃ শ্রেয়সঃ কালাঃ; এতেষু কালেষু সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন শ্রেয়ঃ কুর্য্যাৎ চেৎ তদা তস্য আয়ুষঃ অমোঘম্ অমোঘফলং ভবতি ॥২৪

এষু কালেষু যৎ স্নানং জপো হোমঃ ব্রতং দেবদ্বিজার্চ্চনং কৃতং, পিতৃ-দেব-মনুষ্যেভ্যঃ যৎ দত্তং, তৎ হি অনশ্বরম্ অক্ষয়ফল-সাধনং ভবেৎ ইতি ॥২৫

হে নৃপ! জায়ায়াঃ পুংসবনাদি, অপত্যস্য জাতকর্ম্মাদি, আত্মনঃ স্বস্য যজ্ঞদীক্ষাদি কর্ম্ম সংস্কারকালে যদা চ প্রেত-সংস্থা প্রেতদাহাদিকর্ম্ম, মৃতাহঃ সাংবৎসরিকং, তদা অন্যস্মিন্ অপি অভ্যুদয়ার্থে কর্ম্মণি যৎ কৃতং শ্রাদ্ধদানাদি তৎ সর্ব্বম্ অনশ্বরং ভবতি ॥২৬

অথ অনন্তরং ধর্ম্মাদিশ্রেয়-আবহান্ দেশান্ প্রবক্ষ্যামি। যত্র সৎ-পাত্রং লভ্যতে, সঃ বৈ দেশঃ পুণ্যতমঃ বোধ্যঃ ॥২৭

ভগবতঃ বিশ্বং মূর্ত্তিরূপং সর্ব্বম্ এতৎ চরাচরং যত্র অস্তি তিষ্ঠতি, যত্র চ তপোবিদ্যাদয়ান্বিতং ব্রাহ্মণকুলম্ অস্তি, তথা যত্র যত্র চ হরেঃ অর্চ্চা পূজা আরাধনা চ ভবতি, সঃ শ্রেয়সাং পদং দেশঃ। পুরাণেষু প্রসিদ্ধাঃ গঙ্গাদয়ঃ নদ্যঃ, পুষ্করাদীনি সরাংসি, অর্চ্চাশ্রিতানি (অর্চ্চৈঃ শ্রেষ্ঠৈঃ আশ্রিতানি) ক্ষেত্রাণি, কুরুক্ষেত্রং, গয়াখ্যং নগরং গয়শিরঃ, প্রয়াগঃ গঙ্গাযমুনয়োঃ সঙ্গমস্থানং, পুলহাশ্রমঃ শালগ্রামক্ষেত্রং, নৈমিষং, ফাল্গুনং, সেতুঃ শ্রীরামবিরচিতসেতুঃ, প্রভাসঃ সোমতীর্থং, কুশস্থলী দ্বারাবতী, বারাণসী, মধুপুরী মথুরা, বিল্বপুরঃ কর্ম্মণাশ্রমঃ, নারায়ণাশ্রমঃ বদরিকাশ্রমঃ, বিন্দু, সীতারামাশ্রমাদয়ঃ চিত্র-কূটাদয়ঃ; (দ্বয়োঃ পৃথগ্গ্রহণং বিয়োগকালাভিপ্রায়েণ)। হে রাজন্! হরেঃ মলয়াদয়ঃ যে সর্ব্বে কুলাচলাঃ শ্রেষ্ঠপর্ব্বতাঃ, তথা হরেঃ অর্চ্চাশ্রিতাঃ বিগ্রহপ্রতিমাশ্রিতাঃ চ যে দেশাঃ তে এতে পুণ্যতমাঃ স্মৃতাঃ। শ্রেয়সাং পুনঃ অতীব-

---

অনন্তর যে সকল দেশ মঙ্গলজনক, তাহা বলিতেছি,—যে দেশে সৎলোক বাস করে, ইহাই সর্ব্বাপেক্ষা পবিত্র দেশ ।২৭

সকল স্থাবর-জঙ্গম যে ভগবানে অবস্থিত, সেই ভগবানের বিগ্রহ যে সকল স্থানে আছে, যেস্থানে তপস্যা, বিদ্যা এবং দয়াপ্রভৃতি গুণসমূহে সমন্বিত ব্রাহ্মণ পরিবার বাস করেন, সেই দেশ পুণ্যতম ।২৮

যে স্থানে শ্রীহরির বিগ্রহ অর্চনা হয়, সেই দেশ সকল মঙ্গলের অধিষ্ঠান। যেখানে গঙ্গাপ্রভৃতি পুরাণবিখ্যাত পুণ্য নদী, যেখানে পুষ্করাদি সাধু-সেবিত পবিত্র ক্ষেত্র, কুরুক্ষেত্র, গয়া, প্রয়াগ, পুলহা-

সরাংসি পুষ্করাদীনি ক্ষেত্রাণ্যার্হাশ্রিতান্যুত।
কুরুক্ষেত্রং গয়শিরঃ প্রয়াগঃ পুলহাশ্রমঃ ॥৩০
নৈমিষং ফাল্গুনং সেতুঃ প্রভাসোঽথ কুশস্থলী।
বারাণসী মধুপুরী পম্পা বিন্দুসরস্তথা ॥৩১
নারায়ণাশ্রমো নন্দা সীতারামাশ্রমাদয়ঃ।
সর্ব্বে কুলাচলো রাজন্ মহেন্দ্রমলয়াদয়ঃ ॥৩২
এতে পুণ্যতমা দেশা হরেরর্চ্চাশ্রিতাশ্চ যে।
এতান্ দেশান্ নিষেবেত শ্রেয়স্কামো হ্যভীক্ষ্ণশঃ ॥
ধর্ম্মো হ্যত্রেহিতঃ পুংসাং সহস্রাধিফলোদয়ঃ ॥৩৩

পাত্রং তত্র নিরুক্তং বৈ কবিভিঃ পাত্রবিত্তমৈঃ।
হরিরেবৈক উর্ব্বীশ যন্ময়ং বৈ চরাচরম্ ॥৩৪
দেবর্ষ্যর্হৎসু বৈ সৎসু তত্র ব্রহ্মাত্মজাদিষু।
রাজন্ যদগ্রপূজায়াং মতঃ পাত্রতয়াচ্যুতঃ ॥৩৫
জীবরাশিভিরাকীর্ণ অণ্ডকোষাঙ্ঘ্রিপো মহান্।
তন্মূলত্বাদচ্যুতেজ্যা সর্ব্বজীবাত্মতর্পণম্ ॥৩৬
পুরাণ্যনেন সৃষ্টানি নৃতির্য্যগৃষিদেবতাঃ।
শেতে জীবেন রূপেণ পরেষু পুরুষো হ্যসৌ ॥৩৭

এতান্ দেশান্ নিষেবেত, যতঃ অত্র ঈহিতঃ অনুষ্ঠিতঃ পুংসাং ধর্ম্মঃ সহস্রাধিকফলোদয়ঃ ভবতি ॥৩২-৩৩

হে উর্ব্বীশ পৃথিবীশ্বর! পাত্রবিত্তমৈঃ কবিভিঃ এষঃ হরিঃ এব অত্র লোকে পাত্রং নিরুক্তং পূজ্যতয়া নির্ণীতঃ। চরাচরং সর্ব্বং বিশ্বং যন্ময়ম্ এব ॥৩৪

হে রাজন্! দেবেষু অর্হৎসু তপোযোগাদিনিষ্ঠেষু ব্রহ্মাত্মজাদিষু সনকাদিষু অপি সৎসু তত্র ঋষীন্-রাজসূয়ে যৎ যস্মাৎ পাত্রতয়া অগ্রপূজায়াম্ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ এব মতঃ ॥৩৫

জীবানাং রাশিভিঃ আকীর্ণঃ ব্যাপ্তঃ ব্রহ্মাণ্ডকোষ এব অঙ্ঘ্রিঃ যস্মিন্ অস্তি-পঃ বৃক্ষঃ সর্ব্বমূলভূতঃ অচ্যুতঃ তন্মূলত্বাৎ অচ্যুতেজ্যা এব সর্ব্বজীবাত্মতর্পণম্ ॥৩৬

অনেন ভগবতা নৃতির্য্যগৃষিদেবতাঃ মনুষ্যাদিশরীরাত্মকানি পুরাণি সৃষ্টানি; তেষু পুরেষু হি যস্মাৎ জীবরূপেণ অসৌ স্বয়ং শেতে, অতঃ সঃ এব পুরুষঃ ইতি উক্তঃ ॥৩৭

ধর্ম্ম নামের তাৎপর্য্য এই যে, পুরাকালে ভগবান্ পশু, পক্ষী, ঋষি, দেবতাস্বরূপ নানারূপ শরীর বা পুর সৃষ্টি করিয়া সেই সকল পুরে অন্তর্য্যামী রূপে প্রত্যগংশে শয়ন করেন; এই নিমিত্ত তিনি পুরুষ বলিয়া অভিহিত ।৩৭

হে রাজন্! তোমার অনুষ্ঠিত রাজসূয় যজ্ঞে দেবতা, ঋষি, ব্রহ্মার পুত্র সনকাদি মহর্ষিও উপস্থিত হইয়াছিলেন। তাঁহারা উপস্থিত থাকিলেও অগ্র-পূজায় ভগবান্ অচ্যুত শ্রীকৃষ্ণই সর্বসম্মত সৎপাত্র বিবেচিত হন ।৩৫

সর্বপ্রকার জীবরাশিদ্বারা পরিপূর্ণ এই ব্রহ্মাণ্ড-কোষ একটি সুবৃহৎ বৃক্ষস্বরূপ (সংসার বৃক্ষ)। ইহার মূল শ্রীভগবান্ অচ্যুত, অতএব তাঁহার অর্চনা করিলে সকল জীবেরই তৃপ্তি বিধান করা হয় ।৩৬

সরাংসি পুষ্করাদীনি ক্ষেত্রাণ্যার্হাশ্রিতান্যুত। কুরুক্ষেত্রং গয়শিরঃ প্রয়াগঃ পুলহাশ্রমঃ ॥৩০ নৈমিষং ফাল্গুনং সেতুঃ প্রভাসোঽথ কুশস্থলী। বারাণসী মধুপুরী পম্পা বিন্দুসরস্তথা ॥৩১ নারায়ণাশ্রমো নন্দা সীতারামাশ্রমাদয়ঃ। সর্ব্বে কুলাচলো রাজন্ মহেন্দ্রমলয়াদয়ঃ ॥৩২ এতে পুণ্যতমা দেশা হরেরর্চ্চাশ্রিতাশ্চ যে। এতান্ দেশান্ নিষেবেত শ্রেয়স্কামো হ্যভীক্ষ্ণশঃ ॥ ধর্ম্মো হ্যত্রেহিতঃ পুংসাং সহস্রাধিফলোদয়ঃ ॥৩৩

এতান্ দেশান্ নিষেবেত, যতঃ অত্র ঈহিতঃ অনুষ্ঠিতঃ পুংসাং ধর্ম্মঃ সহস্রাধিকফলোদয়ঃ ভবতি ॥৩২-৩৩

অশ্রমপ্রভৃতি স্থান, নৈমিষারণ্য, ফল্গু নদী, সেতুবন্ধ, প্রভাসতীর্থ, কুশস্থলী দ্বারকা, কাশী, মথুরা, পম্পা ও বিন্দু সরোবর বিদ্যমান। উহা পুণ্যতম দেশ বলিয়া জানিবে ।২৯-৩১

নারায়ণাশ্রম (বদরিকাশ্রম) নন্দা, সীতারামের আশ্রম প্রভৃতি স্থান, মহেন্দ্রপর্ব্বত, মলয়পর্ব্বত প্রভৃতি পর্ব্বত পুণ্যতম দেশ। আর যে স্থানে ভগবানের বিগ্রহ বা শালগ্রাম প্রতিষ্ঠিত, সে স্থানও পবিত্র। যিনি সর্বপ্রকার মঙ্গল কামনা করেন, এই সকল স্থান তাঁহার অবশ্য সেবন করা কর্ত্তব্য। এই সকল স্থানে আচরিত ধর্ম্ম সহস্র গুণ ফলদায়ক ।৩২-৩৩

হে রাজন্! কবিগণ শ্রীহরিকেই সর্বশ্রেষ্ঠ পাত্র বলিয়া নির্ণয় করিয়াছেন; কারণ এই চরাচর বিশ্ব শ্রীহরিময় ।৩৪

হে উর্ব্বীশ পৃথিবীশ্বর! পাত্রবিত্তমৈঃ কবিভিঃ এষঃ হরিঃ এব অত্র লোকে পাত্রং নিরুক্তং পূজ্যতয়া নির্ণীতঃ। চরাচরং সর্ব্বং বিশ্বং যন্ময়ম্ এব ॥৩৪

হে রাজন্! দেবেষু অর্হৎসু তপোযোগাদিনিষ্ঠেষু ব্রহ্মাত্মজাদিষু সনকাদিষু অপি সৎসু তত্র ঋষীন্-রাজসূয়ে যৎ যস্মাৎ পাত্রতয়া অগ্রপূজায়াম্ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ এব মতঃ ॥৩৫

হে রাজন্! তোমার অনুষ্ঠিত রাজসূয় যজ্ঞে দেবতা, ঋষি, ব্রহ্মার পুত্র সনকাদি মহর্ষিও উপস্থিত হইয়াছিলেন। তাঁহারা উপস্থিত থাকিলেও অগ্র-পূজায় ভগবান্ অচ্যুত শ্রীকৃষ্ণই সর্বসম্মত সৎপাত্র বিবেচিত হন ।৩৫

জীবরাশিভিরাকীর্ণ অণ্ডকোষাঙ্ঘ্রিপো মহান্। তন্মূলত্বাদচ্যুতেজ্যা সর্ব্বজীবাত্মতর্পণম্ ॥৩৬

জীবানাং রাশিভিঃ আকীর্ণঃ ব্যাপ্তঃ ব্রহ্মাণ্ডকোষ এব অঙ্ঘ্রিঃ যস্মিন্ অস্তি-পঃ বৃক্ষঃ সর্ব্বমূলভূতঃ অচ্যুতঃ তন্মূলত্বাৎ অচ্যুতেজ্যা এব সর্ব্বজীবাত্মতর্পণম্ ॥৩৬

সর্বপ্রকার জীবরাশিদ্বারা পরিপূর্ণ এই ব্রহ্মাণ্ড-কোষ একটি সুবৃহৎ বৃক্ষস্বরূপ (সংসার বৃক্ষ)। ইহার মূল শ্রীভগবান্ অচ্যুত, অতএব তাঁহার অর্চনা করিলে সকল জীবেরই তৃপ্তি বিধান করা হয় ।৩৬

পুরাণ্যনেন সৃষ্টানি নৃতির্য্যগৃষিদেবতাঃ। শেতে জীবেন রূপেণ পরেষু পুরুষো হ্যসৌ ॥৩৭

অনেন ভগবতা নৃতির্য্যগৃষিদেবতাঃ মনুষ্যাদিশরীরাত্মকানি পুরাণি সৃষ্টানি; তেষু পুরেষু হি যস্মাৎ জীবরূপেণ অসৌ স্বয়ং শেতে, অতঃ সঃ এব পুরুষঃ ইতি উক্তঃ ॥৩৭

পুরুষ নামের তাৎপর্য্য এই যে, পুরাকালে ভগবান্ পশু, পক্ষী, ঋষি, দেবতাস্বরূপ নানারূপ শরীর বা পুর সৃষ্টি করিয়া সেই সকল পুরে অন্তর্য্যামী রূপে প্রত্যগংশে শয়ন করেন; এই নিমিত্ত তিনি পুরুষ বলিয়া অভিহিত ।৩৭

তেষ্বেব ভগবান্ রাজংস্তারতম্যেন বর্ত্ততে।
তস্মাৎ পাত্রং হি পুরুষো যাবানাত্মা যথেয়তে ॥৩৮

দৃষ্ট্বা তেষাং মিথো নৃণামবজ্ঞানাত্মতাং নৃপ।
ত্রেতাদিষু হরেরর্চ্চা ক্রিয়ায়ৈ কবিভিঃ কৃতা ॥৩৯

ততোঽর্চ্চায়াং হরিং কেচিৎ সংশ্রদ্ধায় সপর্য্যয়া।
উপাসত উপাস্তাপি নার্থদা পুরুষদ্বিষাম্ ॥৪০

পুরুষেষ্বপি রাজেন্দ্র ত্বপাত্রং ব্রাহ্মণং বিদুঃ।
তপসা বিদ্যয়া তুষ্ট্যা ধত্তে বেদং হরেস্তনুম্ ॥৪১

নমস্যস্ত ব্রাহ্মণা রাজন্ কৃষ্ণস্য জগদাত্মনঃ।
পুনন্তঃ পাদরজসা ত্রিলোকীং দৈবতং মহৎ ॥৪২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪

হে রাজন্! তেষু দেবমনুষ্যতির্য্যগাদিষু ভগবান্ তারতম্যেন ন্যূনাধিকভাবেন বর্ত্ততে। তথাপি যত্র যত্র যথা যথা তপ-আদি যোগেন যাবান্ আত্মা জ্ঞানবৈরাগ্যাদ্যংশঃ ঈয়তে প্রতীয়তে, তত্র তত্র তথা তথা যাবৎ পাত্রম্ ইতি মন্তব্যম্ ॥৩৮

হে নৃপ! ত্রেতাদিষু কালেষু তেষাং নৃণাং মিথঃ অবজ্ঞানং ভিন্নত্বায়ঃ, তস্মিন্ আত্মা বুদ্ধিঃ যেষাং তাদৃশং ভাবং দৃষ্ট্বা হরেঃ ক্রিয়ায়ৈ পূজার্থং কবিভিঃ অর্চ্চা প্রতিমা কৃতা ॥৩৯

ততঃ চ কেচিৎ সংশ্রদ্ধায় অর্চ্চায়াং হরিম্ উপাসত ইতি সপর্য্যয়া পূজা-সামগ্র্যা। তত্রাপি পুরুষেষ্বিদংধীঃ তৈঃ উপাস্তা আরাধিতা অপি প্রতিমা পুরুষার্থদা ন ভবন্তি ॥৪০

হে রাজেন্দ্র! পুরুষেষু অপি ব্রাহ্মণং ত্বপাত্রং বিদুঃ; যতঃ তপসা বিদ্যয়া বিচারেণ তুষ্ট্যা ব্রাহ্মণঃ হরেঃ তনুং বেদং ধত্তে ॥৪১

নমু হে রাজন্! স্বপাদ-রজসা ত্রিলোকীং পুনন্তঃ ব্রাহ্মণাঃ জগদাত্মনঃ শ্রীকৃষ্ণস্য অপি মহৎ দৈবতং কিমুত অন্যেষাম্ ॥৪২

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীধরস্বামি-পাদানুগতভাবার্থে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥

ভগবান্ সেই সকল পশুপ্রভৃতিতে তারতম্যভাবে অবস্থান করেন এবং পুরুষে অধিকরূপে থাকেন বলিয়া পুরুষকেই পাত্র বলা হইয়াছে। তাঁহার মধ্যেও তপস্যা-যোগাদি দ্বারা যেখানে তাঁহার যেরূপ অধিক অংশের বিকাশ, সেখানে সেই পরিমাণে পুরুষের পাত্রতার যোগ্যতা অধিক ।৩৮

হে রাজন্! মানুষের দৃষ্টিতে পরস্পর আত্মার অসম্মানে বুদ্ধির জন্য পণ্ডিতগণ তাঁহাদের ভাব বুঝিয়া ত্রেতাদি যুগে ভগবানের অর্চনার জন্য শ্রীবিগ্রহ প্রকাশ করেন ।৩৯

অনন্তর কিছু লোক শ্রদ্ধাসহিত অর্চাবিগ্রহে শ্রীহরিকে অর্চনা করিয়া উপাসনা করেন। কিন্তু মানুষের প্রতি দ্বেষ করিয়া বিগ্রহ-উপাসনায় প্রবৃত্ত হইলে উহাতে অভীষ্ট সিদ্ধি হয় না। সকল পুরুষের প্রতি দ্বেষশূন্য হইয়া অর্চনা করিলে অতি নিম্নাধিকারীও পুরুষার্থ লাভ করিতে পারে ।৪০

হে রাজন্! পুরুষগণের মধ্যেও ব্রাহ্মণকেই সুপাত্র বলিয়া জানিবে। তাহাদের মধ্যে যিনি তপস্যা, বিদ্যা ও সন্তোষদ্বারা শ্রীহরির মূর্ত্তিধারণ করেন, তিনি অতিশয় উত্তম পাত্র ।৪১

হে রাজন্! ব্রাহ্মণের মহিমা কি আর বলিব, জগতের আত্মাস্বরূপ ভগবান্ ব্রাহ্মণের পদধূলিদ্বারা ত্রিভুবন পবিত্র করেন। ইহাতে ব্রাহ্মণেরা যে পরম পাত্র, ইহাতে আর সংশয় নাই ।৪২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে সপ্তমস্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চদশঃ অধ্যায়ঃ

[সর্ববর্ণাশ্রমধর্মাণাং সারবর্ণনং, মোক্ষলক্ষণস্য চ নিরূপণম্]

নারদ উবাচ।

কর্মনিষ্ঠা দ্বিজাঃ কেচিৎ তপোনিষ্ঠা নৃপাপরে।
স্বাধ্যায়েঽন্যে প্রবচনে কেচন জ্ঞানযোগয়োঃ ॥১

জ্ঞাননিষ্ঠায় দেয়ানি কব্যান্যানন্ত্যমিচ্ছতা।
দৈবে চ তদভাবে স্যাদিতরেভ্যো যথার্হতঃ ॥২

দ্বৌ দৈবে পিতৃকার্য্যে ত্রীনেকৈকমুভয়ত্র বা।
ভোজয়েৎ সুসমৃদ্ধোঽপি শ্রাদ্ধে কুর্য্যান্ন বিস্তরম্ ॥৩

দেশকালোচিতশ্রদ্ধাদ্রব্যপাত্রার্হণানি চ।
সম্যগ্ ভবন্তি নৈতানি বিস্তারাৎ স্বজনার্পণাৎ ॥৪

নারদঃ উবাচ। হে নৃপ! দ্বিজাঃ দ্বৈবর্ণিকাঃ কেচিৎ গৃহস্থাঃ কর্মনিষ্ঠাঃ স্ববর্ণাশ্রমকর্মপরাঃ, কেচিৎ বানপ্রস্থাঃ অনশনাদিতপোনিষ্ঠাঃ, অপরে ব্রহ্মচারিণঃ স্বাধ্যায়ে অধ্যয়নে প্রবচনে অধ্যাপনে চ পরিনিষ্ঠিতাঃ; কেচন জ্ঞানযোগয়োঃ (জ্ঞানম্ আত্মসাক্ষাৎকারঃ, যোগঃ ভগবদ্ধ্যানং তয়োঃ পরিনিষ্ঠিতাঃ) কেচন সন্ন্যাসিনঃ বিদুষ্টে ॥১

তত্র জ্ঞানযজ্ঞম্ ইচ্ছতা পূর্ব্বেণ কব্যানি পিতৃন্ উদ্দিশ্য শ্রাদ্ধান্নাদীনি তথা দৈবে চ কর্মণি দেবান্ উদ্দিশ্য হব্যানি দ্রব্যাণি বা জ্ঞাননিষ্ঠায় বিপ্রায় দেয়ানি। তত্র জ্ঞাননিষ্ঠস্য অভাবে ইতরেভ্যঃ কর্মনিষ্ঠেভ্যঃ যথার্হতঃ যথাযোগ্যং দেয়ানি ॥২

দৈবে বিবাহদেবস্থানে দ্বৌ ব্রাহ্মণৌ, পিতৃকার্য্যে পিতৄন্ উদ্দিশ্য ত্রীন্-ব্রাহ্মণান্ অথবা উভয়ত্র দ্বয়োরপি কার্য্যে একৈকং ব্রাহ্মণং ভোজয়েৎ। সুসমৃদ্ধঃ ধনাঢ্যঃ অপি এবং কুর্য্যাৎ, যতঃ শ্রাদ্ধে বিস্তরং ভোক্তৃবাহুল্যং ন কুর্য্যাৎ ॥৩

বিস্তরাৎ স্বজনার্পণাৎ দৌহিত্রাদি-স্বজন-বাহুল্যাৎ এতানি দেশ-কালোচিত-শ্রদ্ধাদ্রব্য-পাত্রার্হণানি চ সম্যক্ যথাযোগ্যানি ন ভবন্তি ॥৪

পঞ্চদশ অধ্যায়

[সর্বপ্রকার বর্ণাশ্রম-ধর্মের সার বর্ণন ও মোক্ষের লক্ষণ নিরূপণ।]

শ্রীনারদ বলিলেন,—ব্রাহ্মণগণের মধ্যে কেহ কর্মনিষ্ঠ, কেহ তপোনিষ্ঠ, কেহ স্বাধ্যায়নিরত, কেহ বা বেদব্যাখ্যায় নিপুণ, আর কেহ জ্ঞান ও যোগে নিষ্ঠালাভ করিয়া থাকেন।১

জ্ঞানের অনন্ত ফললাভের নিমিত্ত জ্ঞাননিষ্ঠ ব্রাহ্মণকেই পিতৃ-উদ্দেশে দেয় শ্রাদ্ধীয় দ্রব্য বা কব্য এবং দেবতার উদ্দেশে দাতব্য দ্রব্য অর্থাৎ হবিঃপ্রভৃতি দান করা উচিত। ঐরূপ ব্রাহ্মণ পাওয়া না গেলে যথাযোগ্য ও যথাক্রমে অন্য ব্রাহ্মণকেও দেওয়া যায়।২

দৈবপক্ষে দুজন, পিতৃপক্ষে তিনজন অথবা উভয় ক্ষেত্রেই একজন করিয়া ব্রাহ্মণ ভোজন করাইবে। অতিশয় ধনী হইলেও অধিক সংখ্যক ব্রাহ্মণ ভোজন করাইবে না।৩

হে রাজন্! স্বজনের অনুরোধে এক জামাতাকে নিমন্ত্রণ করিতে ইচ্ছা করিয়া তাহার আত্মীয় স্বজনকেও নিমন্ত্রণ করিয়া শ্রাদ্ধ অর্পণ করিলে কালানুরূপ শ্রদ্ধা, দ্রব্য, পাত্র ও আদর প্রদর্শন উপযুক্তরূপে নাও হইতে পারে।৪

দেশে কালে চ সম্প্রাপ্তে মুখ্যৱং হরিদৈবতম্।
শ্রদ্ধয়া বিধিবৎ পাত্রে ন্যস্তং কামধুগক্ষয়ম্ ॥৫
দেবর্ষিপিতৃভূতেভ্য আত্মনে স্বজনায় চ।
অন্নং সংবিভজন্ পশ্যেৎ সর্ব্বং তৎ পুরুষাত্মকম্ ॥৬
ন দদ্যাদামিষং শ্রাদ্ধে ন চাদ্যাদ্ধর্ম্মতত্ত্ববিৎ।
মুখ্যলাভে হ্যবহিতঃ পিতৃভ্যো যদ্ যদাত্মনে ॥৭
নৈতাদৃশঃ পরো ধর্ম্মো নৃণাং সদ্ধর্ম্মমিচ্ছতাম্।
ন্যাসো দণ্ডস্য ভূতেষু মনোবাক্কায়জস্য যঃ ॥৮
একে কর্ম্মময়ান্ যজ্ঞান্ জ্ঞানিনো যজ্ঞবিত্তমাঃ।
আত্মসংযমনেঽনীহা জুহ্বতি জ্ঞানদীপিতে ॥৯
দ্রব্যযজ্ঞৈর্যক্ষ্যমাণং দৃষ্ট্বা ভূতানি বিভ্যতি।
এষ মাঽকরুণো হন্যাদতজ্ঞো হ্যসৃগ্‌বৃপ্ ধ্রুবম্ ॥১০

পুণ্যদেশে পুণ্যকালে চ সংপ্রাপ্তে মুখ্যত্বম্ আহার্য্যং নীবারাদি হরিদৈবতং (হরয়ে নিবেদিতং সৎ) শ্রদ্ধয়া উৎসাহেন বিধিবৎ সৎকারপূর্ব্বকং পাত্রে মৃন্ময়াদিকে ন্যস্তং দত্তং সৎ (সকামং প্রতি) কামধুক্ মনোরথপূরকং, নিষ্কামং প্রতি তু অক্ষয়ং মোক্ষফলকং ভবতি ॥৫

দেবর্ষি-পিতৃভূতেভ্যঃ আত্মনে স্বজনায় স্ববন্ধুবর্গায় চ অন্নং সংবিভজন্ তৎ দেবাদিকং সর্ব্বং প্রাণিজাতং পুরুষাত্মকং ভগবৎস্বরূপং পশ্যেৎ ॥৬

শ্রাদ্ধে পিত্র্যাদ্যুদ্দেশেন আমিষম্ অন্নং মাংসং ন দদ্যাৎ। ধর্ম্মতত্ত্ববিৎ স্বয়ম্ অপি মাংসং ন অদ্যাৎ অশ্নীয়াৎ। মুখ্যলাভে হিংসারহিতৈঃ যথা পিত্র্যাদীনাং ভগবতঃ চ পরা উৎকৃষ্টা প্রীতিঃ স্যাৎ তথা পশুহিংসয়া ন স্যাৎ ॥৭

সদ্ধর্ম্মং ইচ্ছতাং নৃণাম্ এতাদৃশঃ উৎকৃষ্টঃ পরঃ অন্যঃ ধর্ম্মঃ নাস্তি; সর্ব্বভূতেষু মনোবাক্কায়জস্য দণ্ডস্য ত্যাগঃ যঃ সঃ ॥৮

একে কেচিৎ জ্ঞানিনঃ (ধর্ম্মরহস্যজ্ঞানিনঃ) যজ্ঞবিত্তমাঃ কর্ম্মময়ান্ পশু-পুরোডাশাদিদ্রব্যাত্মকান্ যজ্ঞান্ জ্ঞানদীপিতে (আত্মপরমাত্ম-স্বরূপ-জ্ঞানেন দীপিতং প্রজ্বালিতম্ আত্মনঃ মনসঃ সংযমনম্ তস্মিন্) আত্মসংযমনে অনীহাঃ নিষ্কামাঃ এব জুহ্বতি ত্যজন্তি ॥৯

দ্রব্যযজ্ঞৈঃ পুরোডাশাদিভিঃ যক্ষ্যমাণং পুরুষং দৃষ্ট্বা ভূতানি পশ্বাদীনি অকরুণঃ দয়াহীনঃ অতত্ত্বজ্ঞঃ যজ্ঞাদি-ধর্ম্ম-রহস্যানভিজ্ঞঃ অসৃগ্‌বৃপ্ যজ্ঞাবশেষভক্ষঃ এষঃ মা মাং ধ্রুবং হন্যাৎ ইতি বিভ্যতি ॥১০

উপযুক্ত দেশকালে নানারকম খাদ্য বন হইতে আহরণ করিয়া বা স্বাধ্যায়সঙ্গতভাবে সংগ্রহ করিয়া উহা শ্রীহরিকে নিবেদনপূর্ব্বক শ্রদ্ধাসহকারে যোগ্য পাত্রে অর্পণ করিলে অক্ষয় ও কামনা-পূর্ণকারক হয় ।৫

এইভাবে দেবতা, ঋষি, পিতৃগণ, ভূতগণ, আত্মা ও আত্মীয়গণকে যথাযোগ্য ভাগ করিয়া অন্ন দান করিবে এবং সর্বত্র পরমপুরুষকেই দর্শন করিবে ।৬

হে নৃপ! শ্রাদ্ধব্যাপারে মাংসাদি আমিষ পদার্থ প্রদান করিবে না এবং ধর্মতত্ত্বজ্ঞানীর মৎস্য মাংস ভোজন করাও নিষিদ্ধ; নীবার-ধান্য প্রভৃতি দ্বারা যেরূপ প্রীতি হয়, পশুহিংসায় সেরূপ হইতে পারে না ।৭

সদ্ধর্মাভিলাষীর কায়মনোবাক্যে প্রাণীর প্রতি হিংসা-ত্যাগের ন্যায় আর পরমধর্ম নাই ।৮

প্রধান প্রধান জ্ঞানী সাধকগণ যজ্ঞের পরম রহস্য পরিজ্ঞাত হইয়া নিষ্কাম জ্ঞানপ্রজ্বলিত আত্ম-সংযম অগ্নিতে কর্মময় যজ্ঞসকল আহুতি প্রদান করেন। তাহাতে বাহ্য কর্ম আর থাকে না ।৯

দ্রব্যদ্বারা যাঁহারা যজ্ঞ করেন, তাঁহাদিগকে দেখিয়া অন্যান্য প্রাণী ভয় করে। তাহারা ভাবে এই যাজ্ঞিকগণ আত্মতত্ত্ব সম্বন্ধে অনভিজ্ঞ, ইহারা শুধু নিজেদের প্রাণের তর্পণই করে। ইহাদের করুণা নাই, আমাদিগকে ইহারা বধ করিতে পারে ।১০

তস্মাদ্দৈবোপপন্নেন মুন্যন্নেনাপি ধর্ম্মবিৎ।
সন্তুষ্টোঽহরহঃ কুর্য্যাদ্বিত্যনৈমিত্তিকীঃ ক্রিয়াঃ ॥১১

বিধর্ম্মঃ পরধর্ম্মশ্চ আভাস উপমা ছলঃ।
অধর্ম্মশাখাঃ পঞ্চেমা ধর্ম্মজ্ঞোঽধর্ম্মবৎ ত্যজেৎ ॥১২

ধর্ম্মবাধো বিধর্ম্মঃ স্যাৎ পরধর্ম্মোঽন্যচোদিতঃ।
উপধর্ম্মস্তু পাষণ্ডো দম্ভো বা শব্দভিচ্ছলঃ ॥১৩

যদৃচ্ছয়া কৃতঃ পুংভিরাভাসো হ্যাশ্রমাৎ পৃথক্।
স্বভাববিহিতো ধর্ম্মঃ কস্য নেষ্টঃ প্রশান্তয়ে ॥১৪

ধর্ম্মার্থমপি নেহেত যাত্রার্থং বাঽধনো ধনম্।
অনীহানীহমানস্য মহাহেরিব বৃত্তিদা ॥১৫

সন্তুষ্টস্য নিরীহস্য স্বাত্মারামস্য যৎ সুখম্।
কুতস্তৎ কামলোভেন ধাবতোঽর্থেহয়া দিশঃ ॥১৬

(যতঃ অহিংসা এব পরমো ধর্ম্মঃ) তস্মাৎ ধর্ম্মবিদ্ দৈবোপপন্নেন মুন্যন্নেন অপি সন্তুষ্টঃ এব নিত্যনৈমিত্তিকীঃ ক্রিয়াঃ অহরহঃ নিত্যং কুর্য্যাৎ ॥১১

বিধর্ম্মঃ (ধর্ম্মবুদ্ধ্যাপি যস্মিন্ ক্রিয়মাণে স্বধর্ম্মস্য বাধঃ স্যাৎ), পরধর্ম্মঃ (অন্যস্য ধর্ম্মঃ ব্রাহ্মণাদেঃ পরধর্ম্মঃ), আভাসঃ, উপমা, ছলঃ ইমাঃ পঞ্চ অধর্ম্মশাখাঃ। ধর্ম্মজ্ঞঃ জনঃ অধর্ম্মবৎ ইমান্ পঞ্চ ত্যজেৎ ॥১২

ধর্ম্মবাধঃ (ধর্ম্মবুদ্ধ্যাপি যস্মিন্ ক্রিয়মাণে স্বধর্ম্মস্য বাধঃ স্যাৎ সঃ) বিধর্ম্মঃ; অন্যচোদিতঃ (অন্যস্য ক্ষত্রিয়াদেঃ চোদিতঃ বিহিতঃ যঃ ধর্ম্মঃ, সঃ অন্যস্য ব্রাহ্মণাদেঃ) পরধর্ম্মঃ, পাষণ্ডঃ বেদবিরুদ্ধাগমোক্তঃ ধর্ম্মঃ দম্ভঃ পরবঞ্চনার্থঃ বা ধর্ম্মঃ এব উপধর্ম্মঃ; শব্দভিৎ (শব্দস্য ভিৎ ভেদঃ অন্যথা ব্যাখ্যানং যস্মিন্) সঃ ছলঃ। যঃ তু পুংভিঃ স্বেচ্ছয়া চতুর্ভ্যঃ আশ্রমেভ্যঃ পৃথক্ অবগৃতাশ্রয়ঃ কল্পিতঃ, সঃ আভাসঃ স্বভাব-বিহিতঃ (ব্রাহ্মণত্বাদি-স্বভাবেন বিহিতঃ যঃ) ধর্ম্মঃ সঃ কস্য প্রশান্তয়ে দুঃখবিনাশায় ন ইষ্টঃ ন দমর্থঃ ॥১৩-১৪

অধনঃ নির্ধনঃ পুমান্ স্বধর্ম্মার্থং যাত্রার্থং স্বদেহধারণার্থং যদি ধনং ন ঈহেত ইচ্ছেৎ। অনীহমানস্য দেহযাত্রার্থ-ধনার্থম্ অপি চেষ্টাম্ অকুর্ব্বতঃ পুংসঃ অনীহা ক্রিয়া মহাহেঃ ইব বৃত্তিদা জীবিকা-সম্পাদিকা ভবতি ॥১৫

(দৈবলব্ধেন) সন্তুষ্টস্য অতঃ নিরীহস্য নিষ্কাম্যস্য স্বাত্মা-রামস্য স্বাত্মনি রমমাণস্য যৎ সুখং ভবতি, কামলোভেন ভোগেচ্ছয়া অর্থেহয়া ধনচেষ্টয়া দিশঃ ধাবতঃ জনস্য তৎ সুখং কুতঃ ॥১৬

এইজন্য ধর্মপ্রাণ ব্যক্তি দৈবপ্রাপ্ত নীবার বা যবাদিদ্বারা সন্তুষ্টমনে অহরহ নিত্য নৈমিত্তিক কর্ম সম্পাদন করিয়া থাকেন ।১১

বিধর্ম, পরধর্ম, ধর্মাভাস, উপধর্ম এবং ছলধর্ম—এই পাঁচটি অধর্মশাখা। ইহাদিগকে অধর্মের মত নিষিদ্ধ মনে করিয়া ধর্মপ্রাণ ব্যক্তি ত্যাগ করিবেন ।১২

স্বধর্মের বাধা পড়ে, এমন কর্ম ধর্ম বলিয়া মনে হইলেও উহা বিধর্ম। অন্যের উপদিষ্ট ধর্ম পরধর্ম। অভিমানপূর্ণ পাষণ্ডতা বা দম্ভপূর্ণ কর্ম উপধর্ম। নামে ধর্ম, কাজে অন্য তাহার নাম ছলধর্ম ।১৩

স্বকপোলকল্পিত ব্যবস্থায় পূজাপ্রভৃতি ধর্মাভাস উহাও ধর্ম নয়, আশ্রম ধর্ম হইতে উহা পৃথক্। স্বভাব অনুসারে বিহিত ধর্ম কাহার না প্রশান্তির নিমিত্ত হয়! অতএব স্বধর্ম অনুষ্ঠান করিয়া বাহুল্যের জন্যও পরধর্ম আচরণ অকর্তব্য ।১৪

নির্ধনব্যক্তি ধর্মের জন্য অথবা জীবিকার জন্য কোনও কারণেই যদি অর্থ কামনা না করেন, তাঁহার এই নিশ্চেষ্টতাই মহাসর্প অজগরের ন্যায় জীবিকা সম্পন্ন করিয়া দেয়। নিরীহ কামনাশূন্য সন্তুষ্ট আত্মারাম ব্যক্তির যে সুখানুভব, উহা কামনার আকর্ষণে অর্থপ্রাপ্তির নিমিত্ত দিকে দিকে ধাবমান ব্যক্তি কি করিয়া লাভ করিবে ?১৫-১৬

সদা সন্তুষ্টমনসঃ সর্ব্বাঃ শিবময়া দিশঃ।
শর্করাকণ্টকাদিভ্যো যথোপানৎপদঃ শিবম্ ॥১৭

সন্তুষ্টঃ কেন বা রাজন্ ন বর্ত্তেতাপি বারিণা।
ঔপস্থ্যজৈহ্ব্যকার্পণ্যাদ্ গৃহপালায়তে জনঃ ॥১৮

অসন্তুষ্টস্য বিপ্রস্য তেজো বিদ্যা তপো যশঃ।
স্রবন্তীন্দ্রিয়লৌল্যেন জ্ঞানঞ্চৈবাবকীর্য্যতে ॥১৯

কামস্যান্তং হি ক্ষুত্তৃড্ভ্যাং ক্রোধস্যেত্যৎ ফলোদয়াৎ।
জনো যাতি ন লোভস্য জিত্বা ভুক্ত্বা দিশো ভুবঃ ॥২০

পণ্ডিতা বহবো রাজন্ বহুজ্ঞাঃ সংশয়চ্ছিদঃ।
সদস্যপতয়োঽপ্যেকে অসন্তোষাৎ পতন্ত্যধঃ ॥২১

অসঙ্কল্পাজ্জয়েৎ কামং ক্রোধং কামবিবর্জ্জনাৎ।
অর্থানর্থেক্ষয়া লোভং ভয়ং তত্ত্বাবমর্ষণাৎ ॥২২

উপানহৌ পাদরক্ষে পাদয়োঃ যস্য তস্য উপানৎপদঃ জনস্য শর্করা-কণ্টকাদিভ্যঃ শিবং ক্ষেমাভাবঃ যথা ভবতি, তথা সদা সন্তুষ্টমনসঃ জনস্য সর্ব্বাঃ দিশঃ শিবময়াঃ ভবন্তি ॥১৭

হে রাজন্! বারিণা বারিমাত্রেণাপি কেন হেতুনা জনঃ সন্তুষ্টঃ ন বর্ত্তেত ইত্যহং ন জানামি। যতঃ ঔপস্থ্য-জৈহ্ব্য-কার্পণ্যাৎ উপস্থজিহ্বাভ্যাং সুখার্থ-মৈষ্ণাৎ জনঃ গৃহপালায়তে গৃহপালঃ শ্বা তদ্বৎ আচরতি ॥১৮

অসন্তুষ্টস্য বিপ্রস্য ইন্দ্রিয়-লৌল্যেন (ইন্দ্রিয়াণাং বিষয়লালস্যেন) তেজঃ বিদ্যা তপঃ যশঃ স্রবন্তি, জ্ঞানং চ অবকীর্য্যতে অপগচ্ছতি ॥১৯

কামস্য (অন্ন-জল-বিষয়কস্য) অন্তং ক্ষুত্তৃড্ভ্যাং নিবৃত্ত্যাভ্যাং নরঃ যাতি। যদ্বা ধনিত্বাদিবিষয়স্য কামস্য অন্তং ক্ষুত্তৃড্ভ্যাম্ উৎপন্নাভ্যাং যাতি। ক্রোধস্য অপি অন্তং তৎফলোদয়াৎ (তস্য ক্রোধস্য যৎ ফলং পরপীড়নাদি রূপং তস্য উদয়াৎ নিষ্পত্তেঃ) জনঃ যাতি; লোভস্য অন্তং তু দিশঃ অপি জিত্বা ভুক্ত্বা ভুবঃ ভূকৃতাপি জনঃ নৈব যাতি ॥২০

অতঃ হে রাজন্! বহবঃ পণ্ডিতাঃ বাহুজ্ঞাঃ বহুবিধলৌকিক-বৈদিকজ্ঞানাভিজ্ঞাঃ পরমপি সংশয়চ্ছিদঃ (সংশয়ান্ ছিন্দন্তি) অতএব সদসঃ সভায়াঃ পতয়ঃ অপি একে জনাঃ অসন্তোষাৎ হেতোঃ অধঃ নরকে পতন্তি ॥২১

অসঙ্কল্পাৎ ভোগার্হতা-বুদ্ধি-বর্জ্জনাৎ কামং বিষয়স্পৃহাং জয়েৎ ত্যজেৎ; কামবিবর্জ্জনাৎ ক্রোধং জয়েৎ; লোভং তু অর্থানামর্থেক্ষয়া (অর্থস্য অনর্থেক্ষয়া অনর্থহেতুত্বানুসন্ধানেন) জয়েৎ; ভয়ং তু তত্ত্বাবমর্ষণাৎ তত্ত্ববিচারাৎ জয়েৎ ॥২২

সন্তুষ্টমন ব্যক্তির সমীপে সকল দিকেই মঙ্গল। পাদুকাধারণ করিলে পথের কাঁটা বা কাঁকর কিছুই কষ্টদায়ক হয় না, সুখেই বিচরণ করা যায় ।১৭

হে রাজন! সন্তুষ্টমন লোক একটু জল পাইয়াও সন্তুষ্ট থাকে। আর যাহার মন সন্তুষ্ট নয়, সে উপস্থবেগ, জিহ্বার লালসায় ও অন্যান্য ইন্দ্রিয়ের বশীভূত হইয়া কুকুরের মত ছুটাছুটি করে ।১৮

অসন্তুষ্টব্যক্তির তেজ, বিদ্যা, তপস্যা, যশ সব কিছুই ইন্দ্রিয়ের লালসায় বিনষ্ট হয় এবং জ্ঞানও অন্তর্হিত হয় ।১৯

ক্ষুধা-তৃষ্ণায় কাতর হইলে কাম শেষ হয় অথবা অন্ন জল পাইলে কামনার অন্ত হয়। কামনা পূরণ করিতে পারিলে ক্রোধের অন্ত হয়। কিন্তু সকল দিক্ বিজয় করিয়া বা এই পৃথিবীকে ভোগ করিয়াও লোভের অন্ত হয় না ।২০

হে রাজন্! বহু পণ্ডিত যাঁহারা অপরের সংশয়চ্ছেদন করিতে সুদক্ষ, সভ্যগণের মধ্যে সভাপতির আসন লাভ করিলেও অনেক প্রধান লোক অসন্তোষে অধঃপতিত হইয়া থাকেন ।২১

(এখন কামাদির জয়ের উপায় বলিতেছেন।) সংকল্প ত্যাগ করিয়া কামকে জয় করিবে। কামকে পরিত্যাগ করিয়া ক্রোধকে জয় করিবে। অর্থ যে নানাপ্রকার অনর্থের মূল, ইহা দর্শন করিয়া লোভকে জয় করিবে। তত্ত্ববিচারপূর্বক কেহ কাহারও দুঃখের কারণ নয়, সকলই একজনের—এইভাবে ভয়কে জয় করিবে ।২২

আন্বীক্ষিক্যা শোকমোহৌ দম্ভং মহত্সেবয়া।
যোগান্তরায়ান্ মৌনেন হিংসাং কামাদিনীহয়া ॥২৩
কৃপয়া ভূতজং দুঃখং দৈবং জহ্যাৎ সমাধিনা।
আত্মজং যোগবীর্য্যেণ নিদ্রাং সত্ত্বনিষেবয়া ॥২৪
রজস্তমশ্চ সত্ত্বেন সত্ত্বঞ্চোপশমেন চ।
এতৎ সর্ব্বং গুরৌ ভক্ত্যা পুরুষো হ্যঞ্জসা জয়েৎ ॥২৫

আন্বীক্ষিক্যা আত্মানাত্মবিবেকেন শোকমোহৌ জয়েৎ। দম্ভং পরপ্রতারণাত্মকং মহত্সেবয়া (মহতাং বিবেকিনাম্ উপাসনয়া সেবয়া) জয়েৎ। যোগান্তরায়ান্ বিঘ্নভূতান্ মৌনেন তূষ্ণীম্ভাবেন তথা কামাদিনীহয়া হিংসাং জয়েৎ ॥২৩

ভূতজম্ আধিভৌতিকং দুঃখং (ভূতেভ্যঃ জাতং দুঃখম্ উৎপন্নস্তত্র ভেষু এব কৃপয়া হিতাচরণেন) জয়েৎ। দৈবম্ আধিদৈবিকং দুঃখং সমাধিনা ভগবতি চিত্তৈকাগ্র্যেণ জয়েৎ। আত্মজম্ আধ্যাত্মিকং দুঃখং যোগবীর্য্যেণ প্রাণায়ামাদি-প্রয়োগেণ জয়েৎ। তথা সত্ত্বনিষেবয়া সাত্ত্বিকাহারাদি-নিয়মেন নিদ্রাং জয়েৎ ॥ ৪

রজস্তমঃ চ সত্ত্বেন সত্ত্বগুণবৃত্ত্যা, সত্ত্বং চ উপশমেন সুখাপেক্ষারাহিত্যেন জয়েৎ। এতৎ সর্ব্বং কামাদিকং গুরৌ ভক্ত্যা অঞ্জসা অনায়াসেন পুরুষঃ জয়েৎ ॥২৫

আন্বীক্ষিকী বিদ্যা অর্থাৎ আত্মা ও অনাত্মা বিচার করিয়া শোক ও মোহকে জয় করিবে। মহতের উপাসনাদ্বারা দম্ভ-অভিমানকে জয় করিবে। মৌন অভ্যাস করিয়া যোগের বাধক অন্যালাপ প্রসঙ্গকে ত্যাগ করিবে। কামনা ইচ্ছা ত্যাগ করিয়া হিংসা হইতে নিবৃত্ত থাকিবে ।২৩

দুঃখ ত্রিবিধ—আধিভৌতিক, আধিদৈবিক ও আধ্যাত্মিক। তন্মধ্যে আধিভৌতিক অর্থাৎ কোন প্রাণিদ্বারা দুঃখ উৎপন্ন হইলে সেই প্রাণীর প্রতি কৃপা প্রদর্শন করিয়া ঐ দুঃখ ত্যাগ করিবে। আধিদৈবিক, দৈব অজ্ঞানাকারণে দুঃখ হইলে প্রাণায়াম, সাত্ত্বিক আহার ও সমাধিদ্বারা উহার নিরাকরণ করিবে। আধ্যাত্মিক, দুঃখ উপস্থিত হইলে, যোগবলে উহাকে পরাজিত করিবে। নিদ্রার আবেশ হইলে সত্ত্বগুণের অনুশীলনে উহাকে দূর করিবে। সত্ত্বগুণদ্বারা রজ ও তমোগুণের প্রভাব মুক্ত থাকিবে। উপশম বা শান্তভাব প্রভাবে সত্ত্বগুণের অভিমান হইতেও নিজেকে মুক্ত করিবে। এই সব কিছুই শ্রীগুরুর প্রতি ভক্তিদ্বারা মানুষ অনায়াসে জয় করিবে ।২৪-২৫

যস্য সাক্ষাদ্ভগবতি জ্ঞানদীপপ্রদে গুরৌ।
মর্ত্যাসদ্ধীঃ শ্রুতং তস্য সর্ব্বং কুঞ্জরশৌচবৎ ॥২৬
এষ বৈ ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ।
যোগেশ্বরৈর্বিমৃগ্যাঙ্ঘ্রির্লোকো যং মন্যতে নরম্ ॥২৭
ষড়্বর্গসংযমৈকান্তাঃ সর্ব্বা নিয়মচোদনাঃ।
তদন্তা যদি নো যোগা নাবহেয়ুঃ শ্রমাবহাঃ ॥২৮

যস্য পুরুষস্য জ্ঞানদীপপ্রদে (জ্ঞানম্ এব প্রদীপঃ তস্য প্রদে) পরমগুরৌ ভগবতি শ্রীকৃষ্ণে মর্ত্যাসদ্ধীঃ (অমৎসদৃশঃ মর্ত্যঃ এব আসৌ ইতি অসদ্ধীঃ বুদ্ধিঃ) তস্য শ্রুতং শাস্ত্রাধ্যয়নাদিকৃতং সর্ব্বং কুঞ্জরশৌচবৎ বৃথা ভবতি ॥২৬

এষঃ শ্রীকৃষ্ণঃ প্রধান-পুরুষয়োঃ ঈশ্বরঃ নিয়ন্তা, অতএব যোগেশ্বরৈঃ অপি অন্বেষ্টাদিভিঃ বিমৃগ্যাঙ্ঘ্রিঃ (বিমৃগ্যৌ অন্বেষ্টুমার্গৌ পাদৌ যস্য তাদৃশঃ) সাক্ষাৎ ভগবান্ এব। তথাপি অনভিজ্ঞঃ অয়ং লোকঃ তং শ্রীকৃষ্ণং নরং মন্যতে ॥২৭

সর্ব্বাঃ নিয়মচোদনাঃ ইষ্টাপূর্ত্তাদিবিধয়ঃ বর্ণাঃ, পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি মনশ্চ ইতি ষড়্বর্গঃ তস্য সংযমঃ বশীকারঃ তস্মিন্ একঃ মাসাং তাঃ তদন্তাঃ সন্ত্যঃ অপি যদি যোগান্ ভগবদারাধ্যানসমাধীন্ নো নাবহেয়ুঃ ন সাধয়েয়ুঃ, তর্হি কেবলং শ্রমাবহাঃ শ্রমফলাঃ এব ॥২৮

যথা বার্তাদয়ো হ্যর্থা যোগস্যার্থং ন বিভ্রতি।
অনর্থায় ভবেয়ুঃ স্ম পূর্তমিষ্টং তথাসতঃ ॥২৯

যশ্চিত্তবিজয়ে যত্তঃ স্যান্নিঃসঙ্গোঽপরিগ্রহঃ।
একো বিবিক্তশরণো ভিক্ষুর্ভৈক্ষ্যমিতাশনঃ ॥৩০

যথা বার্তাদয়ঃ ক্ষুদ্রাদয়ঃ অর্থাঃ যোগস্য অর্থং মোক্ষং ন বিভ্রতি ন সাধয়ন্তি, অতঃ অনর্থায় ভবেয়ুঃ, তথা অসতঃ ভগবদ্‌বি-মুখস্য ইষ্টাপূর্তাদয়ঃ লোক-প্রসিদ্ধি-হেতবঃ অপি পরমার্থসাধকাঃ ন ভবন্তি ।২৯

যঃ চিত্তস্য বিজয়ে উদ্যুক্তঃ স্যাৎ, সঃ নিঃসঙ্গঃ কুটুম্বাদি-সঙ্গবর্জিতঃ অপরিগ্রহঃ নিষ্কিঞ্চনঃ বিবিক্তশরণঃ একান্তবাসী, একঃ একাকী, ভিক্ষুঃ ভৈক্ষ্যমিতাশনঃ (ভিক্ষয়া প্রাপ্তমপি মিতম্ অশনং যস্য তথাবিধঃ) স্যাৎ ।৩০

(যদি মনে কর—গুরুর পিতা, মাতা, পুত্র-প্রভৃতি তো তাহাকে মনুষ্য বলিয়াই মনে করে। তবে আমি কি বলিয়া তাহাকে ভগবানের স্বরূপ ভাবিব ? এরূপ শংকা করিও না, কেননা পুত্রাদির সমীপে মনুষ্য বলিয়া প্রতীয়মান হইলেই তিনি ভগবান্ হইবেন না, ইহা যুক্তিসিদ্ধ নয়। তাহার কারণ, যথা শ্রীকৃষ্ণ, তাঁহাকেও তো তাঁহার পিতা, মাতা বা পুত্র, বন্ধুপ্রভৃতি মনুষ্য মনে করিয়াছিল, তাহা বলিয়া তাঁহার পরমেশ্বরতার বাধা পড়ে নাই।)

(এই ভাবে সর্বপ্রকার উপায় অবলম্বনে কামাদির বেগ সংযত করিয়া ধ্যানপরায়ণ হইবে, অন্যথা সকল শাস্ত্রের উপদেশ বিফল হইবে—ইহাই বলিতেছেন,—) যত যত বিধি এবং নিয়ম শাস্ত্রে আছে, সেইগুলির লক্ষ্য কাম-ক্রোধাদি ষড়্‌বর্গের সংযম। ঐ সকল বিধি ইন্দ্রিয়কে সংযত করিয়া যদি মানুষকে ধ্যানপরায়ণ করিতে না পারে, তবে শাস্ত্রসকল বিফল হইয়া যাইবে ।২৯

কৃষিকার্য্য যোগসাধনার ফল মোক্ষ দান করিতে পারেনা ; সেইরূপ শাস্ত্রবিধিপ্রাপ্ত ইষ্টাপূর্ত প্রভৃতি সংসারের সুখবর্দ্ধক কর্মও বহির্মুখের মোক্ষসাধক হইতে পারে না ; বরং সংসারের প্রবর্তক হয় ।২৯

(যোগসাধনায় নিরত হইলেও কুটুম্ব-সঙ্গে চিত্তের বিক্ষেপ হয় ; সেই সময় তাহার কি করা কর্তব্য তাহাই বলিতেছেন—)

চিত্তজয়ের জন্য উদ্‌যোগী গৃহত্যাগ করিবেন। সন্ন্যাসী হইয়া নির্জনে বাস করিবেন। ভিক্ষালব্ধ অল্প আহার্য্য গ্রহণ করিয়া কোনও মতে দেহ ধারণ করিবেন ।৩০

শুচৌ দেশে স্থাপ্যাসনমাত্মনঃ।
স্থিরং সুখং সমং তস্মিন্নাসীতর্জু ওমিতি ॥৩১

প্রাণাপানৌ সংনিরুন্ধ্যাৎ পূরক-কুম্ভক-রেচকৈঃ।
যাবন্মনস্ত্যজেৎ কামান্ স্বনাসাগ্রনিরীক্ষণঃ ॥৩২

শুচৌ চ শুচৌ পবিত্রে দেশে সমতলে দেশে চৈলাজিন-কুশোত্তরম্ আত্মনঃ আসনং সংস্থাপ্য অবস্থিত্বা হে রাজন্! ঋজুঃ (ঋজু অবক্রম্ অঙ্গং যস্য তাদৃশঃ সন্) স্থিরম্ অচঞ্চলং সমং সুখং যথা স্যাৎ তথা কৃত্বা 'ওম্' ইতি উচ্চারয়ন্ তস্মিন্ আসনে আসীত ।৩১

পূরকুম্ভকরেচকৈঃ প্রাণাপানৌ বায়ূ সম্যক্ নিরুন্ধ্যাৎ। যাবৎ মনঃ কামান্ শব্দাদীন্ বিষয়ান্ ত্যজেৎ তদনুসন্ধানরহিতং ভবেৎ, তাবৎ যত্র নাসাগ্রে অগ্রং নিরীক্ষণং যস্য নিরীক্ষণম্ ।৩২

পবিত্র সমতল স্থানে নিজের আসন স্থাপন করিয়া স্থিরভাবে সুখে দুঃখে শরীরটিকে সমান রাখিয়া আসনে বসিয়া বসিয়া ওঁকার জপ করিবে ।৩১

পূরক, কুম্ভক ও রেচক ক্রিয়াদ্বারা সাধক প্রাণ ও অপান বায়ুর গতি নিয়ত করিবেন এবং নাসাগ্রে অবলোকন করিয়া যাবৎ কালপর্য্যন্ত মন কামনাকে ত্যাগ না করিবে, সেইভাবে নিরীক্ষণ করিয়া থাকিবে ।৩২

যতো যতো নিঃসরতি মনঃ কামহতং ভ্রমৎ।
ততস্তত উপাহৃত্য হৃদি রুন্ধ্যাচ্ছনৈর্ভিধঃ ॥৩৩

এবমভ্যস্ততশ্চিত্তং কালেনাল্পীয়সা যতেঃ।
অনিলং তল্প নির্বাণং যাত্যনিন্ধনবহ্নিবৎ ॥৩৪

কামাদিভিরনাবিদ্ধং প্রশান্তাখিলবৃত্তি যৎ।
চিত্তং ব্রহ্মসুখস্পৃষ্টং নৈবোত্তিষ্ঠেত কহিচিৎ ॥৩৫

যঃ প্রব্রজ্য গৃহাৎ পূর্ব্বং ত্রিবর্গাবপনাৎ পুনঃ।
যদি সেবেত তান্ ভিক্ষুঃ স বৈ বান্তাশ্যপত্রপঃ ॥৩৬

যৈঃ স্বদেহঃ স্মৃতোঽনাত্মা মর্ত্ত্যো বিট্কৃমিভস্মবৎ।
ত এনমাত্মসাৎ কৃত্বা শ্লাঘয়ন্তি হ্যসত্তমাঃ ॥৩৭

গৃহস্থস্য ক্রিয়াত্যাগো ব্রতত্যাগো বটোরপি।
তপস্বিনো গ্রামসেবা ভিক্ষোরিন্দ্রিয়লোলতা ॥৩৮

যুঃ কামহতং তাবৈঃ হতম্ আকৃষ্টং ভ্রমৎ মনঃ যতঃ যতঃ নিঃসরতি যৎ যং বিষয়ং বিষয়ীকরোতি, ততঃ ততঃ বিষয়াৎ মনঃ উপাহৃত্য শনৈঃ হৃদি রুন্ধ্যাৎ (হৃদিস্থং ভগবন্তং ধ্যায়েৎ) ॥৩৩

এবম্ অনিলং নিঃস্পন্দম্ অভ্যাসতঃ তস্য যতেঃ চিত্তম্ অল্পীয়সা এব কালেন অনিন্ধনবহ্নিবৎ (যথা নিরন্তরো যদি ছাদিরাদিবহির্বৃত্তি-রহিতোঽগ্নিরুপশাম্যেৎ তথা) নির্বাণং বহির্বৃত্তিরহিতং যাতি ॥৩৪

এবং কামাদিভিঃ অনাবিদ্ধম্ অসংক্রান্তং প্রশান্তাখিলবৃত্তি (প্রশান্তাঃ অপগতাঃ অখিলাঃ কৃৎস্নাঃ বৃত্তয়ঃ যস্য তৎ) চিত্তং যৎ যস্মাৎ ব্রহ্মসুখস্পৃষ্টং (ব্রহ্মসুখেন ভগবৎস্বরূপ-পরমানন্দেন স্পৃষ্টং) তস্মাৎ পুনঃ কহিচিৎ নৈব উত্তিষ্ঠেৎ, অন্যত্র ন সজ্জেৎ ॥৩৫

ত্রিবর্গাবপনাৎ (ত্রয়াণাং ধর্ম্মাদীনাং বর্গঃ যা সমস্তাৎ উপ্যন্তে যস্মিন্ তস্মাৎ) গৃহাৎ যঃ ভিক্ষুঃ পূর্ব্বং প্রব্রজ্য সন্ন্যাসং কৃত্বা পুনঃ যদি তান্ এব ধর্ম্মাদীন্ সেবেত, সঃ এব বা অপত্রপঃ নির্লজ্জঃ বান্তাশী (ত্যক্ত-ভোজী) ॥৩৬

যৈঃ স্বদেহঃ অনাত্মা আত্মা ন ভবতি (ভৌতিকত্বাৎ) অতঃ মর্ত্ত্যঃ মরণধর্ম্মা মরণানন্তরং চ কেনচিৎ ভক্ষিতঃ চেৎ বিড্ভবতি, নোচেৎ কৃমিঃ, দগ্ধঃ চেৎ, ভস্ম ভবতি ইতি এবং পূর্ব্বং শুভঃ চিন্তিতঃ, অসত্তমাঃ তে এব পুনঃ এনম্ আত্মসাৎ কৃত্বা আত্মা মম শ্লাঘয়ন্তি ভাষয়ন্তি ॥৩৭

গৃহস্থস্য স্ববর্ণাশ্রমোচিতক্রিয়াত্যাগঃ, বটোঃ ব্রহ্মচারিণঃ ব্রতত্যাগ, তপস্বিনঃ বানপ্রস্থস্য পুনঃ গ্রামসেবা গ্রামে বাসঃ, ভিক্ষোঃ সন্ন্যাসিনঃ ইন্দ্রিয়লোলতা ইন্দ্রিয়াণাং স্ব-স্ববিষয়েষু

মন যে দিক্ দিয়াই কামহত হওয়ার ফলে ছুটিয়া যাইতে চাহিবে, সেই দিক্ হইতেই তাহাকে ফিরাইয়া ধীরে ধীরে বুদ্ধিমান্ ব্যক্তি হৃদয়ে আবদ্ধ করিবেন।৩৩

এই প্রকারে সর্বদা অভ্যাস করিলে সন্ন্যাসীর চিত্ত অল্পকালের মধ্যেই কাষ্ঠহীন অগ্নির ন্যায় নির্বাণ প্রাপ্ত হয় বা শান্ত হইয়া যায়।৩৪

কামাদিদোষে অনাবিদ্ধ চিত্তবৃত্তি প্রশান্ত হইয়া যায়। তখন সেই চিত্ত ব্রহ্মানন্দস্পর্শ-সুখ অনুভব করে, আর সেই আনন্দ হইতে অন্যত্র যাইতে চায় না।৩৫

গৃহাশ্রম ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের বপন-ক্ষেত্র। এই গৃহ ত্যাগপূর্বক সন্ন্যাস গ্রহণ; আবার যদি কেহ ভিক্ষু হইয়াও সংসারের সেবা করে, তবে তাহাকে বান্তাশী বলে। আগে বমি করিয়া আবার যে খায়, এরূপ ঘৃণিত কুক্কুর বান্তাশী।৩৬

অতিশয় অসৎ ব্যক্তিরাই একবার দেহকে অনাত্মা জড় মৃত্যুধর্মশীল, অন্তে কৃমি, বিষ্ঠা বা ভস্মের সমান মনে করিয়া সন্ন্যাস গ্রহণ করে, আবার এই দেহকেই সার আত্মা মনে করিয়া প্রশংসা করে এবং সংসারে প্রবেশ করে।৩৭

যাহারা গৃহস্থ হইয়াও স্বধর্মকর্মানুষ্ঠান ত্যাগ করে, ব্রহ্মচারী হইয়া ব্রত ত্যাগ করে, তপস্বী হইয়া গ্রামে বাস করে, সন্ন্যাসী হইয়া ইন্দ্রিয়-লালসায় পড়ে, তাহারা আশ্রমের নিন্দিত ব্যক্তি। দেব-মায়ায় মুগ্ধ এরূপ লোককে অনুগ্রহ করিয়া উপেক্ষা

আশ্রমাপসদা হ্যেতে যত্রাশ্রমবিড়ম্বনাঃ।
দেবমায়াবিমূঢ়াংস্তানুপেক্ষেতানুকম্পয়া ॥৩৯
আত্মানঞ্চেদ্ বিজানীয়াৎ পরং জ্ঞানধুতাশয়ঃ।
কিমিচ্ছন্ কস্য বা হেতোর্দেহং পুষ্ণাতি লম্পটঃ ॥৪০
আহুঃ শরীরং রথমিন্দ্রিয়াণি
হয়ানভীষূন্ মন ইন্দ্রিয়েশম্।
বর্ত্মানি মাত্রা ধিষণাঞ্চ সূতং
সত্ত্বং বৃহদ্ বন্ধুরমীশসৃষ্টম্ ॥৪১
অক্ষং দশপ্রাণমধর্ম্মধর্ম্মৌ
চক্রেঽভিমানং রথিনঞ্চ জীবম্।
ধনুহি তস্য প্রণবং পঠন্তি
শরস্তু জীবং পরমেব লক্ষ্যম্ ॥৪২
রাগো দ্বেষশ্চ লোভশ্চ শোকমোহৌ ভয়ং মদঃ।
মানোঽবমানোঽসূয়া চ মায়া হিংসা চ মৎসরঃ ॥৪৩
রজঃ প্রমাদঃ ক্ষুন্নিদ্রা শত্রবস্ত্বেবমাদয়ঃ।
রজস্তমঃপ্রকৃতয়ঃ সত্ত্বপ্রকৃতয়ঃ ক্বচিৎ ॥৪৪

আসক্তি: ॥৩৮

এতে যথোক্তব্যাপিনঃ খলু নিশ্চয়েন আশ্রমাপসদাঃ (আশ্রমেষু নিকৃষ্টাঃ) আশ্রমবিড়ম্বনাঃ অপরাধিনঃ এব; তথাপি দেবস্য মায়য়া বিমূঢ়ান্ মোহিতান্ তান্ অনুকম্পয়া উপেক্ষেত ॥৩৯

আত্মানং চেৎ যদি পরং দেহাদিব্যতিরিক্তং বিজানীয়াৎ, তর্হি তেন জ্ঞানেন ধুতাঃ নিরস্তাঃ আশয়াঃ বাসনাঃ দেহেন্দ্রিয়াদ্যধ্যাসাঃ যস্য সঃ জনঃ কস্য বা হেতোঃ লম্পটঃ বিষয়াসক্তঃ সন্ দেহং পুষ্ণাতি ॥৪০

শরীরং রথম্ আহুঃ; ইন্দ্রিয়াণি হয়ান্ অশ্বান্ আহুঃ। ইন্দ্রিয়াণাম্ ঈশং নিয়ন্তারং মনঃ অভীষূন্ রশ্মীন্ আহুঃ। মাত্রাঃ শব্দাদীন্ বর্ত্মানি মার্গান্ আহুঃ, ধিষণাং বুদ্ধিং সূতং সারথিম্ আহুঃ, তথা সত্ত্বং চিত্তম্ ঈশসৃষ্টং বৃহৎ দেহব্যাপি বন্ধুরং বন্ধনম্ আহুঃ ॥৪১

করিবে ॥৩৮-৩৯

একবার আত্মজ্ঞান হইলে, সেই জ্ঞানে তাহার সকল বাসনা বিধৌত হইয়া যায়। তাহার আর লালসা থাকে না যে সে দেহকে পোষণ করিবে। আত্মজ্ঞানীর ইন্দ্রিয় চাপল্য থাকে না ॥৪০

পণ্ডিতগণ এই দেহকে রথ বলিয়াছেন। এই রথের অশ্ব ইন্দ্রিয়গুলি। ইন্দ্রিয়ের কর্ত্তা মন হইল ঘোড়ার মুখের বল্গা। রূপ-রস-গন্ধ-শব্দ-স্পর্শ-ময় বিষয়-জগৎ এই রথের গন্তব্য পথ, বুদ্ধি সারথি, চিত্ত এই শরীর-রথের বন্ধন রজ্জু, আর বন্ধনের কর্ত্তা পরমেশ্বর ॥৪১

দশ প্রাণানাং সমাহারঃ দশপ্রাণম্ (প্রাণাপান-সমান-ব্যানোদান-নাগ-কূর্ম-কৃকর-দেবদত্ত-ধনঞ্জয়রূপম্) অক্ষং রথাঙ্গম্; অধর্মধর্মৌ পুণ্যপাপে যে চক্রে; অভিমানম্ অভিমানিনং জীবম্ রথিনং পঠন্তি। প্রণবম্ ওঙ্কারঃ হি তস্য ব্রহ্মণঃ, শুদ্ধং জীবং তু শরং, তথা পরং পরমাত্মানম্ এব তস্য লক্ষ্যং পঠন্তি ॥৪২

রাগঃ প্রীতিঃ, দ্বেষঃ অপ্রীতিঃ, লোভঃ অসন্তোষঃ, শোকঃ বিনাশে অনুতাপঃ, মোহঃ কার্য্যাকার্য্যবিবেকঃ, ভয়ম্ আগামি-দুঃখানুসন্ধানোদ্বেগঃ, মদঃ গর্বঃ, মানঃ সংমানজসুখম্, অপমানঃ তিরস্কারজন্যো বিষাদঃ, অসূয়া গুণেষু দোষারোপঃ, মায়া বঞ্চনম্, হিংসা পরদ্রোহঃ, মৎসরঃ পরোৎকর্ষাসহত্বম্ ॥৪৩

রজঃ অভিনিবেশঃ, প্রমাদঃ অনবধানতা, ক্ষুন্নিদ্রা চ তত্র কেচিৎ রজস্তমসী প্রকৃতী কারণে যেষাং তথাভূতাঃ ক্বচিৎ সত্ত্বপ্রকৃতয়ঃ পরোপকারাদয়ঃ অপি শত্রবঃ জ্ঞেতব্যাঃ ॥৪৪

এইরূপে সেই রণক্ষেত্রে দেবতা ও অসুরগণ দ্বন্দ্বভাবে অর্থাৎ দুই-দুইজন মিলিত হইয়া যুদ্ধ করিতে করিতে জয়লাভের আকাঙ্ক্ষায় পরস্পরকে আক্রমণপূর্ব্বক প্রবলশক্তিসহকারে তীক্ষ্ণ বাণ, খড়্গ ও তোমরদ্বারা নিহত করিয়াছিল।৩৫

এইরূপ তাহারা ভুশুণ্ডি, চক্র, গদা, ঋষ্টি, পট্টিশ, শক্তি, উল্মুক, প্রাস, কুঠার, নিস্ত্রিংশ, শক্ত, পরিঘ, মুদ্গর ও ভিন্দিপালদ্বারা পরস্পর শিরশ্ছেদন করিয়াছিল।৩৬

হস্তী, অশ্ব, রথ, পদাতিক এবং আরোহিগণের সহিত অন্যান্য বাহনগণ অস্ত্রাঘাতে বিচ্ছিন্ন হইয়াছিল। উভয়পক্ষের বীরগণেরই বাহু, গ্রীবা ও পদ এবং ধ্বজ, ধনুঃ, বর্ম্ম ও ভূষণসমূহ ছিন্ন হইয়াছিল।৩৭

হে মহারাজ! তৎকালে দেবতা ও অসুরগণের পদাঘাত ও রথচক্রদ্বারা রণক্ষেত্রের মৃত্তিকা চূর্ণ-বিচূর্ণ হইলে তথা হইতে উত্থিত রেণুসমূহ ক্রমশঃ দিঙ্‌মণ্ডল, আকাশ ও সূর্য্যকে আচ্ছন্ন করিয়া পশ্চাৎ যোদ্ধৃগণের রক্তস্রাবে সিক্ত হওয়ায় উত্থানে বাধা পাইয়া নিবৃত্ত হইয়াছিল।৩৮



CALCUTTA CENTRAL LIBRARY UNIVERSITY

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

যে মানব গোপীচন্দনলিপ্তাঙ্গ, রামমুদ্রাঙ্কিত-দেহ, রামনাম উচ্চারণকারী, তুলসী-মাল্যধারী, শঙ্খ-চক্র-গদা-পদ্মধারক, তিনিই ধন্য, তাহা ব্যতীত আর কেহ কখনও কৃতার্থ নহে।

রামই হর জানিবে, শিবই রঘুত্তম, উভয়ে অভিন্ন—ইহা অবগত হইবে। যে নর শিব-রামে ভেদ দর্শন করে, সে নারকী।

যে কোনও প্রকারে হউক রামের চিন্তা করা কর্ত্তব্য, শ্রীরামের চিন্তার দ্বারা ক্ষণকালমধ্যে রাশিকৃত পাপ অগ্নির দ্বারা পর্ণশালার ন্যায় ভস্মীভূত হয়—ইহাতে কোনও সন্দেহ নাই। দম্ভপূর্ব্বক বা অতি ভক্তিসহকারে নিষ্কাম অথবা সকামভাবে যদি রামনাম গীত হয়, তদ্দ্বারা পাপ দগ্ধ হইয়া থাকে। যদ্রূপ অগ্নি তুলারাশিতে বিনা কামনায় বা ইচ্ছাপূর্ব্বক স্পর্শিত হইলে ক্ষণকালমধ্যে তাহা ভস্মীভূত করে, তদ্রূপ রামনামের দ্বারা পাপ ভস্মসাৎ হয়—ইহাতে কোনও সংশয় নাই।

মন্ত্রৈঃ প্রবন্ধৈঃ কাব্যৈশ্চ নামচরিত্রবর্ণনৈঃ।
অপ্যশুদ্ধৈঃ স্তুতো রামঃ কল্পিতৈরপি স্বেচ্ছয়া॥
তৈশ্চ তুষ্টো ভবত্যত্র শ্রীরামো নাত্র সংশয়ঃ॥
রামো গেয়শ্চিন্তনীয়োঽত্র রামঃ
স্তব্যো রামঃ সেবনীয়োঽত্র রামঃ।
ধ্যেয়ো রামো বন্দনীয়োঽত্র রামো
দর্শ্যো রামঃ সর্ব্বভূতান্তরেষু॥

স্বেচ্ছাকল্পিত নাম, চরিত্র-বর্ণনাত্মক মন্ত্র, প্রবন্ধ ও কাব্যের দ্বারা স্তুত হইলে তাহা যদি অশুদ্ধও হয়, তথাপি শ্রীরামচন্দ্র সন্তুষ্ট হ'ন—এ বিষয়ে কোনও সন্দেহ নাই।

রাম গেয়, রাম চিন্তনীয়, রাম স্তবনীয়, রাম সেবনীয়, রাম ধ্যেয়, রাম বন্দনীয় ও সর্ব্বভূতগণের মধ্যে রাম দর্শনীয়।

[পঞ্চম বর্ষ, বৈশাখ, ১৩৭৪] [একাদশ সংখ্যা— চান্দনী যাত্রা]

আর্য্যশাস্ত্র

CALCUTTA CENTRAL LIBRARY UNIVERSITY

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

পণ্ডিতপ্রবর-শ্রীযুক্তচীন্দ্রচন্দ্রঘটতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

• • •

মুখ্য-সম্পাদক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুদ্রক-কর্ম্মকিঙ্কর :—
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস., ডি. পি. এইচ., ডি. টি এম্. এণ্ড এইচ (লণ্ডন)।

কিঙ্কর বিমলানন্দ।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্ত্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত। ১৫ই চৈত্র, ১৩৭৩।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর, শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫·০০, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০·০০, প্রতি সংখ্যা ২·০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দ্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দ্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

৺শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌহাটি
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

শিরোভিরুদ্ধূতকিরীটকুণ্ডলৈঃ
সংরম্ভদৃগ্‌ভিঃ পরিদষ্টদচ্ছদৈঃ।
মহাভুজৈঃ সায়ুধরৈঃ সহাসুভিঃ
সা প্রাস্তৃতা ভূঃ করভোরুভির্বভৌ ॥৩৯

কবন্ধাস্তত্র চোৎপেতুঃ পতিতস্বশিরোঽক্ষিভিঃ।
উদ্যতায়ুধদোর্দণ্ডৈর্যুধ্যতো ভটান্ মৃধে ॥৪০

উদ্ধৃতানি উৎপতিতানি কিরীটানি কুণ্ডলানি চ যেভ্যঃ তৈঃ, সংরম্ভদৃগ্‌ভিঃ (সংরম্ভঃ ক্রোধঃ তদ্‌যুক্তাঃ দৃশঃ যেষু তৈঃ,) পরিদষ্টদচ্ছদৈঃ (পরিদষ্টাঃ দন্তৈঃ ওষ্ঠাঃ যেষু তৈঃ) শিরোভিঃ তথা সায়ুধরৈঃ বৃষণসহিতৈঃ মহাভুজৈঃ মহাভুজৈঃ তথা করভোরুভিঃ (করভঃ হস্তিশুণ্ডঃ তৎসদৃশৈঃ ঊরুভিঃ চ) সা রণভূঃ একধৈব আবৃতা আচ্ছাদিতা ইব বভৌ ॥৩৯

উদ্যতানি আয়ুধানি যৈঃ তথাভূতৈঃ দোর্দণ্ডৈঃ যুক্তাঃ কবন্ধাঃ (শিরোভিঃ রহিতাঃ দেহাঃ) তত্র যুধ্যতো যুদ্ধতঃ পতিতানি যানি স্বনিয়াংসি তত্রস্থৈঃ অক্ষিভিঃ এব তে পশ্যন্তঃ আ সর্বতঃ ধাবন্তঃ ভটান্ প্রতি উদ্যতুঃ যোদ্ধুং বেগেন আজগ্মুঃ ॥৪০

বলির্মহেন্দ্রং দশভিস্ত্রিভিরৈরাবতং শরৈঃ।
চতুর্ভিশ্চতুরো বাহানেকেনারোহমার্চ্ছয়ৎ ॥৪১

স তানাপততঃ শক্রস্তাবদ্ভিঃ শীঘ্রবিক্রমঃ।
চিচ্ছেদ নিশিতৈর্ভল্লৈরসম্প্রাপ্তান্ হসন্নিব ॥৪২

তস্য কর্মোত্তমং বীক্ষ্য দুর্মর্ষঃ শক্তিমাদদে।
তাং জ্বলন্তীং মহোল্কাভাং হস্তস্থামচ্ছিনদ্ধরিঃ ॥৪৩

বলিঃ দশভিঃ শরৈঃ ইন্দ্রম্ আর্চ্ছয়ৎ বিব্যাধ। ত্রিভিঃ ঐরাবতম্, চতুর্ভিঃ চতুরঃ বাহান্, ঐরাবত-পাদ-রক্ষকান্, তথা একেন শরেণ আরোহং হস্তিপং বিব্যাধ ॥৪১

সঃ শীঘ্রবিক্রমঃ দেবরাজঃ শক্রঃ তান্ বলিপ্রযুক্তান্ বাণান্ আপততঃ আগচ্ছতঃ অসম্প্রাপ্তান্ এব তাবদ্ভিঃ অষ্টাদশভিঃ নিশিতৈঃ তীক্ষ্ণৈঃ ভল্লৈঃ হসন্ ইব চিচ্ছেদ ॥৪২

তস্য ইন্দ্রস্য তৎ বাণচ্ছেদনরূপম্ উত্তমং কর্ম বীক্ষ্য দৃষ্ট্বা দুর্মর্ষঃ উৎকর্ষাসহনঃ বলিঃ তৎ হন্তুং শক্তিম্ আদদে গৃহীতবান্; মহোল্কাভ্যাং মহোল্কাসদৃশীং জ্বলন্তীং হস্তস্থাম্ এব তাং হরিঃ ইন্দ্রঃ অচ্ছিনৎ ॥৪৩

তৎকালে সেই রণক্ষেত্র যোদ্ধৃগণের ছিন্ন মস্তক এবং অলঙ্কার ও অস্ত্রধারী বিশাল ভুজসমূহদ্বারা পরিব্যাপ্ত হইয়া বিচিত্র আকার ধারণ করিয়াছিল। ঐ সকল ছিন্ন মুণ্ড তদবস্থায় ও দন্তসকলদ্বারা ওষ্ঠভাগ দংশন করিতেছিল, তাহাদের নয়নে ক্রোধের চিহ্ন প্রকাশ পাইতেছিল এবং ঐ সকল মুণ্ডের মুকুট ও কুণ্ডল স্থানচ্যুত হইয়াছিল ।৩৯

অনন্তর উভয়পক্ষের মৃত সৈন্যগণের কবন্ধ অর্থাৎ মস্তকহীন দেহসকল ভূপতিত নিজ নিজ মুণ্ডস্থিত নেত্রদ্বারা দর্শন করিতে করিতে উদ্যত অস্ত্রধারী বিশাল বাহুসমূহ উত্তোলনপূর্বক যুদ্ধক্ষেত্রে বিপক্ষের সৈন্যগণের প্রতি ধাবিত হইয়াছিল ।৪০

অনন্তর অসুররাজ বলি দশটি বাণদ্বারা ইন্দ্রকে, তিনটি বাণদ্বারা ঐরাবত হস্তীকে, চারিটি বাণদ্বারা ঐরাবতের পাদরক্ষক চারিটিকে এবং একটি বাণদ্বারা উক্ত হস্তীর পরিচালককে লক্ষ্য করিয়াছিল ।৪১

পরন্তু সেই সকল বাণ লক্ষ্যস্থানে উপস্থিত হওয়ার পূর্বেই দেবরাজ ইন্দ্র তৎসংখ্যক ভল্লাস্ত্রদ্বারা ত্বরিত-বিক্রমে আগমনপথেই ঐ সকল বাণকে হাসিতে হাসিতেই যেন ছেদন করিয়াছিলেন ।৪২

তাঁহার এই প্রশংসনীয় কার্য্য দেখিয়া অসহিষ্ণু অসুররাজ একটি শক্তি গ্রহণ করিয়াছিল, পরন্তু দেবরাজ প্রদীপ্ত উল্কার ন্যায় সমুজ্জ্বল সেই শক্তিটিকে শত্রুর হাতে থাকিতেই ছেদন করিয়াছিলেন ।৪৩

ততঃ শূলং ততঃ প্রাসং ততস্তোমরমুষ্টয়ঃ।
যদ্ যচ্ছস্ত্রং সমাদত্তাৎ সর্ব্বং তদচ্ছিনদ্ বিভুঃ ॥৪৪

সসর্জ্জাথাসুরীং মায়ামন্তর্দ্ধানগতোঽসুরঃ।
ততঃ প্রাদুরভূচ্ছৈলঃ সুরানীকোপরি প্রভো ৪৫

ততো নিপেতুস্তরবো দহ্যমানা দবাগ্নিনা।
শিলাঃ সটঙ্কশিখরাশ্চূর্ণয়ন্ত্যো দ্বিষদ্বলম্ ॥৪৬

মহোরগাঃ সমুৎপেতুর্দন্দশূকাঃ সবৃশ্চিকাঃ।
সিংহ-ব্যাঘ্র-বরাহাশ্চ মর্দ্দয়ন্তো মহাগজাঃ ॥৪৭

যাতুধাশ্চ শতশঃ শূলহস্তা বিবাসসঃ।
ছিন্ধি ভিন্ধীতিবাদিন্যস্তথা রক্ষোগণাঃ প্রভো ॥৪৮

ততো মহাঘনা ব্যোম্নি গম্ভীরপরুষস্বনাঃ।
অঙ্গারান্ মুমুচুর্বাতৈরাহতাঃ স্তনয়িত্নবঃ ॥৪৯

ততঃ শূলং, ততঃ প্রাসং, ততঃ তোমরং, তথা ঋষ্ট্যাদি যৎ যৎ শস্ত্রং বলিঃ সমাদত্তাৎ গৃহীতবান্, তৎ সর্ব্বং বিভুঃ প্রভুঃ ইন্দ্রঃ অচ্ছিনৎ ॥৪৪

হে প্রভো! এবং তস্তস্ত্রে সংচ্ছিন্নে সতি অথ অনন্তরং সঃ অসুরঃ বলিঃ আসুরীং মায়াং সসর্জ্জ। পূর্ব্বং তু সঃ অন্তর্ধানং গতঃ, ততঃ সুরানীকস্য উপরি শৈলঃ প্রাদুরভূৎ ॥৪৫

ততঃ শিলাৎ দাবাগ্নিনা দহ্যমানাঃ প্রজ্বলন্তঃ তরবঃ নিপেতুঃ। দ্বিষদ্বলং (দ্বিষতাং দেবানাং বলং সেনাং) চূর্ণয়ন্তঃ টঙ্কবৎ তীক্ষ্ণাগ্রৈঃ শিখরৈঃ সহিতাঃ শিলাঃ চ নিপেতুঃ ॥৪৬

ততঃ চ মহোরগাঃ, দন্দশূকাঃ সর্পবিশেষাঃ, সবৃশ্চিকাঃ সিংহাঃ, ব্যাঘ্রাঃ, বরাহাশ্চ মহাগজান্ মর্দ্দয়ন্তঃ সমুৎপেতুঃ আজগ্মুঃ ॥৪৭

তথা হে প্রভো! শূলহস্তাঃ বিবাসসঃ নগ্নাঃ ছিন্ধি ভিন্ধি ইতি বাদিন্যঃ শতশঃ যাতুধান্যঃ রাক্ষস্যঃ রক্ষোগণাঃ চ সমুৎপেতুঃ ॥৪৮

ততঃ গম্ভীরঃ পরুষস্বনাঃ (পরুষঃ শ্রবণপীড়াকরঃ স্বনঃ শব্দঃ যেষাং তে) মহান্তঃ ঘনাঃ মেঘাঃ ব্যোম্নি স্থিতাঃ বাতৈঃ আহতাঃ অঙ্গারান্ মুমুচুঃ, তথা স্তনয়িত্নবঃ চ অঙ্গারান্ মুমুচুঃ ॥৪৯

ইহার পর বলি ক্রমশঃ শূল, প্রাস, তোমর ও ঋষ্টি ইহাদের মধ্যে যে যে অস্ত্রই ধারণ করিয়াছিল, দেবরাজ ইন্দ্র তাহার সকলগুলিই ছেদন করিয়াছিলেন ।৪৪

হে মহারাজ! অনন্তর বলি সংগ্রামক্ষেত্রে অন্তর্হিত হইয়া আসুরী মায়া সৃষ্টি করিলে দেবসৈন্যগণের উপরিভাগে একটি পর্বত আবির্ভূত হইল ।৪৫

অনন্তর দেবসৈন্যগণের উপরিভাগে দাবানলে প্রজ্বলিত বৃক্ষসমূহ পতিত হইতেছিল এবং পাষাণ-ছেদক অস্ত্রের ন্যায় তীক্ষ্ণাগ্র শিলাখণ্ডসমূহ পতিত হইয়া শত্রুসৈন্যগণকে (অর্থাৎ অসুরগণের রিপু দেবসৈন্যগণকে) চূর্ণ করিতে লাগিল ।৪৬

ইহার পর মহাসর্প (অজগরপ্রভৃতি) দন্দশূক (দংশনকারী বিষধর সর্প) বৃশ্চিক, সিংহ, ব্যাঘ্র, বরাহ ও বৃহৎ বৃহৎ হস্তিগণ আসিয়া দেবসৈন্যগণকে বিদলিত করিতেছিল ।৪৭

অনন্তর শত শত নগ্নমূর্ত্তি রাক্ষস ও রাক্ষসী শূল হস্তে লইয়া 'ছিন্ধি ছিন্ধি ভিন্ধি ভিন্ধি' (এই শত্রুগণকে ছেদন কর, শূলবিদ্ধ কর)—এরূপ কোলাহল করিতে করিতে দেবতাগণের নিকট উপস্থিত হইয়াছিল ।৪৮

ইহার পর আকাশমণ্ডলে গম্ভীর ও কঠোর শব্দকারী অতি গাঢ় মেঘরাশি উদিত হইয়া বায়ুর আঘাতে অঙ্গাররাশি বর্ষণ করিতে আরম্ভ করিল ।৪৯

সৃষ্টো দৈত্যেন সুমহান্ বহ্নিঃ শমনসাবধিঃ।
সাংবর্তক ইবাত্যুগ্রো বিবুধধ্বজিনীমধাক্ ॥৫০
ততঃ সমুদ্র উদ্বেলঃ সর্বতঃ প্রত্যদৃশ্যত।
প্রচণ্ডবাতৈরুদ্ধূতস্তরঙ্গাবর্তভীষণঃ ॥৫১
এবং দৈত্যৈর্মহামায়ৈরলক্ষ্যগতিভী রণে।
সৃজ্যমানাসু মায়াসু বিষেদুঃ সুরসৈনিকাঃ ॥৫২
ন তৎপ্রতিবিধিং যত্র বিদুরিন্দ্রাদয়ো নৃপ।
ধ্যাতঃ প্রাদুরভূৎ তত্র ভগবান্ বিশ্বভাবনঃ ॥৫৩

দৈত্যেন বলিনা সৃষ্টঃ শমনসাবধিঃ (শমনঃ পবনঃ সাবধিঃ যস্য সঃ) সাংবর্তকঃ প্রলয়কালীনঃ বহ্নিঃ তদ্বৎ অত্যুগ্রঃ ভয়ঙ্করঃ সুমহান্ অভিবৃদ্ধঃ বহ্নিঃ বিবুধানাং দেবানাং ধ্বজিনীং সেনাম্ অধাক্ অধাক্ষীৎ ॥৫০

ততঃ সমুদ্রঃ তথা প্রচণ্ডবাতৈঃ উদ্ধূতৈঃ তরঙ্গৈঃ আবর্তৈঃ ভীষণঃ উদ্বেলঃ সর্বতঃ প্রত্যদৃশ্যত ॥৫১

এবম্ অন্যৈঃ অপি মহামায়ৈঃ অলক্ষ্যগতিভিঃ দৈত্যৈঃ রণে সৃজ্যমানাসু মায়াসু সুরসৈনিকাঃ বিষেদুঃ বিষাদং প্রাপুঃ ॥৫২

হে নৃপ! যত্র যদা ইন্দ্রাদয়ঃ দেবাঃ তৎ দৈত্যনির্মিতস্য প্রতিবিধিং নিবৃত্ত্যুপায়ং ন বিদুঃ, তত্র তদা তৈঃ ধ্যাতঃ সন্ বিশ্বভাবনঃ বিশ্বপালকঃ ভগবান্ তত্র প্রাদুরভূৎ ॥৫৩

অনন্তর মায়াবী দৈত্যরাজ কর্তৃক নির্মিত প্রচণ্ড অগ্নি বায়ুর সাহায্যে প্রলয়কালীন অগ্নির ন্যায় উগ্রমূর্তি ধারণ করিয়া দেবসেনাগণকে দগ্ধ করিতে লাগিল ।৫০

ইহার পর দেবসৈন্যগণের চতুর্দিকে উদ্বেল সমুদ্রের আবির্ভাব হইল এবং প্রবল বায়ুরাশির আঘাতে ক্ষুব্ধ হইয়া তরঙ্গ ও আবর্ত (ঘূর্ণী)-সমূহ দ্বারা ভয়ঙ্কর হইয়াছিল ।৫১

এইরূপে রণক্ষেত্রে অলক্ষ্যগতি মহামায়াবী দৈত্যগণ বিবিধ মায়া সৃষ্টি করিতে আরম্ভ করিলে দেবসৈন্যগণ বিষণ্ণ হইয়া পড়িল ।৫২

হে মহারাজ! ইন্দ্রাদি দেবতাগণ যে সময়ে চিন্তা করিয়া এই সকল মায়ার কোনরূপ প্রতিকার অবগত হইতে পারিলেন না, তখন বিশ্বপালক ভগবান্ শ্রীহরির

ততঃ সুপর্ণাংসকৃতাঙ্ঘ্রিপল্লবঃ
পিশঙ্গবাসা নবকঞ্জলোচনঃ।
অদৃশ্যতাষ্টায়ুধবাহুরুল্লস-
চ্ছ্রীকৌস্তুভানর্ঘ্যকিরীটকুণ্ডলঃ ॥৫৪
তস্মিন্ প্রবিষ্টেঽসুরকূটকর্মজা
মায়া বিনেশুর্মহিনা মহীয়সঃ।
স্বপ্নো যথা হি প্রতিবোধ আগতে
হরিস্মৃতিঃ সর্ববিপদ্বিমোক্ষণম্ ॥৫৫

ততঃ সুপর্ণস্য সকৃদ্ধৃত আংসে ন্যস্তৌ স্থাপিতৌ অঙ্ঘ্রিপল্লবৌ যেন সঃ, পিশঙ্গং পীতং বাসঃ যস্য সঃ, নবকঞ্জবৎ লোচনে যস্য সঃ, অষ্টৌ আয়ুধযুক্তাঃ বাহবঃ যস্য সঃ শ্রীশ্চ কৌস্তুভশ্চ অনর্ঘ্যং কিরীটং কুণ্ডলে চ উল্লসন্তি তানি যস্মিন্ সঃ ভগবান্ অদৃশ্যত ॥৫৪

তস্মিন্ ভগবতি দেবসেনাং প্রবিষ্টে সতি তস্য মহীয়সঃ মহত্তরস্য তস্য মহিনা মহিম্না এব অসুরাণাং যৎ কূটকর্ম মন্ত্রাদিপ্রয়োগঃ তস্মাৎ জাতাঃ যাঃ মায়াঃ, তাঃ হি নিশ্চিতং প্রতিবোধে আগতে সতি স্বপ্নঃ যথা তথা বিনেশুঃ। হি নিশ্চিতং হরেঃ স্মৃতিঃ এব সর্বাসাং বিপদাং বিমোক্ষণম্ এব ॥৫৫

ধ্যান করায় তিনি তথায় প্রাদুর্ভূত হইলেন ।৫৩

অনন্তর যাঁহার পরিধানে পীতবস্ত্র, নয়নযুগল নবপ্রস্ফুটিত কমলসদৃশ, বক্ষঃস্থলে উজ্জ্বলশ্রী কৌস্তুভমণি, মস্তকে মহামূল্য কিরীট এবং কর্ণদ্বয়ে কুণ্ডলযুগল, সেই ভগবান্ শ্রীহরি গরুড়ের স্কন্ধদেশেপাদপল্লব বিন্যস্ত করিয়া নিজ হস্তে অষ্ট প্রকার অস্ত্র ধারণ পূর্বক সকলের দৃষ্টিগোচর হইয়াছিলেন ।৫৪

হে মহারাজ! জাগরণ অবস্থা উপস্থিত হইলে স্বপ্ন যেরূপ লয় হইয়া যায়, সেরূপ মহা প্রভাবশালী ভগবান্ শ্রীহরির আগমনে তাঁহার মহিমায় অসুরগণের কূটমন্ত্রাদিজনিত মায়াসমূহ বিনাশ প্রাপ্ত হইয়াছিল। যেহেতু ভগবৎস্মৃতি জগতের সর্ব বিপত্তিনাশক ।৫৫

দৃষ্ট্বা মৃধে গরুড়বাহমিভারিবাহঃ
আবিধ্য শূলমহিনোদথ কালনেমিঃ।
তল্লীলয়া গরুড়মূর্দ্ধ্নি পতদ্ গৃহীত্বা
তেনাহনন্নৃপ সবাহমরিং ত্রিলোকীশঃ ॥৫৬
মালী সুমাল্যতিবলৌ মৃধি পেতুরুর্ব্ব-
শ্চক্রেণ কৃত্তশিরসাবথ মাল্যবান্তম্।
আহত্য তিগ্মগদয়াহনদগুজেন্দ্রং
তাবচ্ছিরোহক্ষিনদরেন্দ্র দতোহরিণাস্যঃ ॥৫৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে দশমোহধ্যায়ঃ ॥১০

অথ ইভারিবাহঃ (ইভারিঃ সিংহঃ বাহঃ যস্য সঃ) কালনেমিঃ মৃধে যুদ্ধে গরুড়বাহং ভগবন্তং দৃষ্ট্বা তং হন্তুং শূলম্ আবিধ্য ভ্রাময়িত্বা অহিনোৎ চিক্ষেপ। ত্র্যধীশঃ ত্রয়াণাং লোকানাং ভগবান্ সত্ত্বরজস্তমসাং বা অধীশঃ নিয়ন্তা ভগবান্ গরুড়স্য মূর্দ্ধি পতৎ তৎ শূলং লীলয়া অনায়াসেন গৃহীত্বা তেন এব শূলেন সবাহম্ অরিং কালনেমিম্ অহনৎ ॥৫৬

অথ যত্ত ভগবতঃ চক্রেণ ছিন্নশিরসৌ অতিবলৌ মালী চ মৃধে পেতুঃ। অথ অনন্তরং মাল্যবান্ আহত্য সম্পত্ত তিগ্ময়া অগুজেন্দ্রং গরুড়ম্ অহনৎ হন্তুং গদাম্ উদ্যতবান্, তাবৎ প্রক্ষেপাৎ পূর্ব্বমেব আশুঃ হরিঃ নতঃ আরেঃ শিরঃ অরিণা চক্রেণ অক্ষিনৎ ॥৫৭

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীবগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতায়াং দশমোহধ্যায়ঃ ॥

হে মহারাজ! সিংহবাহন কালনেমি রণক্ষেত্রে গরুড়বাহন শ্রীহরিকে দর্শন করিয়া একটি শূল ঘূর্ণিত করিয়া তাঁহার দিকে নিক্ষেপ করিল এবং ঐ শূলটি গরুড়ের মস্তকে পতনোন্মুখ হইলে ত্রিলোকপতি শ্রীহরি লীলার সহিতই তাহা ধারণ করিয়া তদ্দ্বারাই বাহন সহিত শত্রুকে নিহত করিয়াছিলেন ॥৫৬

অনন্তর মহাবলশালী মালী ও সুমালী শ্রীহরির চক্রাঘাতে ছিন্নমুণ্ড হইয়া যুদ্ধক্ষেত্রে পতিত হইলে, মাল্যবান্ প্রচণ্ড গদাদ্বারা তাঁহাকে আঘাত করিয়া গরুড়কে আঘাত করামাত্রই আদিপুরুষ শ্রীহরি চক্রদ্বারা সেই গর্জ্জনকারী শত্রুর মুণ্ডচ্ছেদন করিয়াছিলেন ॥৫৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দশম অধ্যায় সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ

[দৈত্যরাজস্য বলেঃ পরাজয়ঃ, দৈত্যানাং বিনাশঃ, নারদবাক্যেন যুদ্ধসমাপ্তিঃ,
দৈত্যগুরুণা শুক্রাচার্য্যেণ বলেঃ সঞ্জীবনঞ্চ ।]

শ্রীশুক উবাচ ।

অথো সুরাঃ প্রত্যুপলব্ধচেতসঃ
পরস্য পুংসঃ পরয়ানুকম্পয়া ।
জঘ্নুর্ভৃশং শক্র-সমীরণাদয়-
স্তাংস্তান্ রণে যৈরভিসংহতাঃ পুরা ॥১

বৈরোচনায় সংরব্ধো ভগবান্ পাকশাসনঃ ।
উদযচ্ছদ্ যদা বজ্রং প্রজা হাহেতি চুক্রুশুঃ ॥২

বহ্বপাণিস্তমাহেদং তিরস্কৃত্য পুরঃস্থিতম্ ।
মনস্বিনং সুসম্পন্নং বিচরন্তং মহাযুধে ॥৩

নটবন্মূঢ় মায়াভির্মায়েশান্ নো জিগীষসি ।
জিত্বা বালান্ নিবদ্ধাক্ষান্ নটো হরতি তদ্ধনম্ ॥৪

আরুরুক্ষন্তি মায়াভিরুৎসিসৃপ্সন্তি যে দিবম্ ।
তান্ দস্যূন্ বিধুনোম্যজ্ঞান্ পূর্ব্বস্মাচ্চ পদাদধঃ ॥৫

সোঽহং দুর্মায়িনস্তেঽদ্য বজ্রেণ শতপর্ব্বণা ।
শিরো হরিষ্যে মন্দাত্মন্ ঘটস্ব জ্ঞাতিভিঃ সহ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ । অথ অনন্তরং পরস্য পুংসঃ ভগবতঃ পরয়া অনুকম্পয়া কৃপয়া প্রত্যুপলব্ধচেতসঃ লব্ধপ্রাণাঃ সুরাঃ পুরা যৈঃ দৈত্যৈঃ সহ অভিসংহতাঃ যোদ্ধুং প্রবৃত্তাঃ তান্ তান্ রণে ভৃশং জঘ্নুঃ ॥১

ভগবান্ (ভগবৎকৃপয়া ঐশ্বর্য্যাদিমান্) পাকশাসনঃ ইন্দ্রঃ সংরব্ধঃ ক্রুদ্ধঃ সন্ বৈরোচনায় বলয়ে (তং হন্তুং) যদা বজ্রম্ উদযচ্ছৎ উদ্যতবান্, তদা তত্র প্রজাঃ দৈত্যাঃ হাহেতি চুক্রুশুঃ ॥২

মনস্বিনং ধৈর্য্যবন্তং, সুসম্পন্নম্ অস্ত্রশস্ত্রাদিযুক্তং, মহাযুধে চরন্তং, স্বসমীপস্থিতং তং বলিং বহ্বপাণিঃ ইন্দ্রঃ তিরস্কৃত্য ইদং বক্ষ্যমাণম্ আহ ॥৩

হে মূঢ় ! নটঃ কপটবৃত্তিঃ যথা নিবদ্ধাক্ষান্ বালান্ জিত্বা তদ্ধনং হরতি, তথা নটবৎ ত্বং মায়াভিঃ মায়েশান্ নঃ অস্মান্ জেতুম্ ইচ্ছসি ॥৪

যে মায়াভিঃ দিবং স্বর্গম্ আরুরুক্ষন্তি আরোঢ়ুমিচ্ছন্তি, যে চ তম্ উৎসিসৃপ্সন্তি তম্ উল্লঙ্ঘ্য ততোঽপি মোক্ষমপি ইচ্ছন্তি, তান্ অজ্ঞান্ দস্যূন্ অহং পূর্ব্বস্মাৎ পদাৎ অধঃ বিধুনোমি পাতয়ামি ॥৫

সঃ এবংপ্রভাবঃ শতপর্ব্বণা বজ্রেণ দুর্মায়িনঃ তে তব

একাদশ অধ্যায়

[দৈত্যরাজ বলির পরাজয়, দৈত্যদিগের বিনাশ,
নারদের বাক্যে যুদ্ধ সমাপ্তি ও দৈত্যগুরু
শুক্রাচার্য্যকর্ত্তৃক বলির সঞ্জীবন]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ ! অনন্তর ইন্দ্র বায়ু প্রভৃতি দেবতাগণ পরমপুরুষ শ্রীহরির কৃপায় চৈতন্য লাভ করিয়া পূর্বে যাহারা যুদ্ধে আঘাত করিয়াছিল, সেই শত্রুগণকে প্রচণ্ড আঘাত করিতে লাগিলেন ।১

তৎকালে ইন্দ্র যে সময়ে ক্রুদ্ধ হইয়া বলির প্রতি বজ্র উত্তোলন করিলেন, তখন সকল লোক হাহাকার করিতেছিল ।২

মনস্বী বলি অস্ত্র শস্ত্রাদিতে সুসজ্জিত হইয়া রণক্ষেত্রে বিচরণ করিলে ইন্দ্র সম্মুখস্থিত সেই শত্রুকে তিরস্কার পূর্বক এরূপ বলিতে লাগিলেন ।৩

হে মূঢ় ! কপটবৃত্তি লোক যেরূপ বালকগণের চক্ষুঃ আবদ্ধ ও তাহাদিগকে জয় করিয়া তাহাদের ধন হরণ করে, তুমিও সেরূপ মায়াসমূহ দ্বারা মায়ার অধীশ্বর আমাদিগকে জয় করিতে ইচ্ছা করিতেছ ।৪

যাহারা মায়াদ্বারা স্বর্গলোকে আরোহণ করিতে ইচ্ছা করে, কিংবা স্বর্গ অতিক্রম করিয়া মুক্তিপদ লাভে ইচ্ছুক হয়, আমি সেই মূঢ় দস্যুগণকে পূর্বপদ অপেক্ষাও নিম্ন স্থানে নিক্ষেপ করি ।৫

হে মূঢ়চিত্ত ! আমি সম্প্রতি শতগ্রন্থিবিশিষ্ট এই

বলিরুবাচ।

সংগ্রামে বর্ত্তমানানাং কালচোদিতকর্ম্মণাম্।
কীর্ত্তির্জয়োঽজয়ো মৃত্যুঃ সর্ব্বেষাং স্যুরনুক্রমাৎ ॥৭

তদিদং কালবশনং জগৎ পশ্যন্তি সূরয়ঃ।
ন হৃষ্যন্তি ন শোচন্তি তত্র যূয়মপণ্ডিতাঃ ॥৮

ন বয়ং মন্যমানানামাত্মানং তত্র সাধনম্।
গিরো বঃ সাধু-শোচ্যানাং গৃহ্ণীমো মর্ম্মতাড়নাঃ ॥৯

শ্রীশুক উবাচ।

ইত্যাক্ষিপ্য বিভুং বীরো নারাচৈর্বীরমর্দ্দনঃ।
আকর্ণপূর্ণৈরহনদাক্ষেপৈরাহতং পুনঃ ॥১০

এবং নিরাকৃতো দেবো বৈরিণা তথ্যবাদিনা।
নামৃষ্যৎ তদধিক্ষেপং তোত্রাহত ইব দ্বিপঃ ॥১১

প্রাহরৎ কুলিশং তস্মা অমোঘং পরমর্দ্দনঃ।
সযানো ন্যপতদ্ভূমৌ ছিন্নপক্ষ ইবাচলঃ ॥১২

শিরঃ অস্যেব হরিষ্যে। হে বন্ধমুক্ত! বন্ধুভিঃ সহ মমৈব পরাক্রমং কুরু ॥৬

বলিঃ উবাচ। সংগ্রামে বর্ত্তমানানাং সর্ব্বেষাং কাল-চোদিতকর্ম্মণাং কীর্ত্তিঃ, জয়ঃ, তথা অজয়ঃ, মৃত্যুঃ চ অনুক্রমাৎ এব স্যুঃ ভবেয়ুঃ ॥৭

তৎ ইদং কীর্ত্ত্যাদিকং সর্ব্বং জগৎ কালবশনং কালপারাধীনম্ ইতি সূরয়ঃ বিবেকিনঃ জনাঃ পশ্যন্তি; অতঃ তে তান্ প্রাপ্য ন শোচন্তি। তত্র এবং বিবেকে যূয়ম্ অপণ্ডিতাঃ অবিদুষঃ ॥৮

তত্র কীর্ত্তিমন্মাত্মো আত্মানং দেহাদিসঙ্ঘাতং সাধনং মন্যমানানাম্ অতএব অজ্ঞতয়া সাধুভিঃ শোচ্যমানানাং বঃ যুষ্মাকং মর্ম্মসু হৃদয়াদিষু তাড়নং যাভিঃ তথাভূতাঃ অপি বিদঃ বয়ং ন গৃহ্ণীমঃ যথার্থতয়া ন অঙ্গীকুর্মঃ ॥৯

বীরান্ মর্দয়তীতি বীরঃ বলিঃ বিভুং মহান্তম্ অপি ইন্দ্রম্ ইতি এবং যঃ তোত্রাহতঃ আক্ষেপৈঃ পরুষবাক্যৈঃ আহতং তম্ আকর্ণপূর্ণং কর্ণপর্য্যন্তম্ আকৃষ্টৈঃ নারাচৈঃ বাণৈঃ পুনঃ অহনৎ ॥১০

তথ্যবাদিনা যথার্থবক্ত্রা অরিণা বলিনা এবং নিরাকৃতঃ দেবঃ ইন্দ্রঃ তোত্রাহতঃ (তোত্রেণ অঙ্কুশেন তেন আহতঃ) দ্বিপঃ হস্তী ইব তস্য অধিক্ষেপং তিরস্কারবাক্যং ন অমৃষ্যৎ ন অসহত ॥১১

পরমর্দনঃ (পরান্ শত্রূন্ মর্দয়তীতি) ইন্দ্রঃ তস্মৈ বলয়ে আমোঘম্ অব্যর্থং কুলিশং বজ্রং প্রাহরৎ চিক্ষেপ। তেন হতঃ বলিঃ ছিন্নপক্ষঃ অচলঃ ইব সযানঃ বাহনসহিতঃ ভূমৌ ন্যপতৎ ॥১২

বজ্রদ্বারা তোমার শিরশ্ছেদ করিতেছি, তুমি জ্ঞাতি-গণের সহিত ইহার প্রতিকারের চেষ্টা কর।৬

শ্রীবলি বলিলেন—হে দেবরাজ! কালই যাহাদের কর্ম্মের প্রেরণা দান করে, যুদ্ধরত সেই লোকসমূহের সকলেরই ক্রমানুসারে বিজয় ও কীর্ত্তি এবং পরাজয় ও মৃত্যু ঘটিয়া থাকে।৭

পণ্ডিতগণ এই জগৎকে কালনিয়ন্ত্রিত বলিয়াই মনে করেন, অতএব তাঁহারা হর্ষ বা শোক করেন না, পরন্তু তোমরা এবিষয়ে অজ্ঞ।৮

এই জয় পরাজয় বিষয়ে তোমরা নিজকেই কারণ মনে করিতেছ বলিয়া তোমরা বস্তুতই শোকের পাত্র, অতএব আমরা তোমাদের মর্ম্মপীড়াজনক বাক্য গ্রাহ্য করি না।৯

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! বীর-মর্দনকারী মহাবীর বলি দেবরাজ ইন্দ্রকে এরূপ তিরস্কার করিয়া কর্ণপর্যন্ত আকৃষ্ট নারাচ সমূহদ্বারা—তিরস্কারাহত শত্রুকে পুনরায় আঘাত করিলেন।১০

যথার্থবাদী শত্রু বলি দেবরাজ ইন্দ্রকে এরূপ উৎপীড়ন করিলে, তিনি অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় সেই অবজ্ঞা সহ্য করিতে পারিলেন না।১১

অনন্তর শত্রুমর্দনকারী ইন্দ্র বলির প্রতি অব্যর্থ বজ্র নিক্ষেপ করিলে উহার আঘাতে দৈত্যরাজ ছিন্নপক্ষ পর্বতের ন্যায় নিজ বিমানসহ ভূপতিত হইলেন।১২

সখায়ং পতিতং দৃষ্ট্বা বলিসখঃ সুহৃৎ ।
অভ্যয়াৎ সৌহৃদং সখ্যুর্হতস্যাপি সমাচরন্ ॥১৩
স সিংহবাহ আসাদ্য গদামুদ্যম্য রংহসা ।
জত্রাবতাড়য়চ্চক্রে গজঞ্চ সুমহাবলঃ ॥১৪
গদাপ্রহারব্যথিতো ভৃশং বিহ্বলিতো গজঃ ।
জানুভ্যাং ধরণীং স্পৃষ্ট্বা কশ্মলং পরমং যযৌ ॥১৫
ততো রথো মাতলিনা হরিভির্দশশতৈর্বৃতঃ ।
আনিতো দ্বিপমুৎসৃজ্য রথমারুরুহে বিভুঃ ॥১৬

তস্য তৎ পূজয়ন্ কর্ম্ম দনুর্দানবপুঙ্গবঃ ।
শূলেন জ্বলতা তং তু স্ময়মানোঽহনন্মৃধে ॥১৭
সোঽহে রুজং সুদুর্মর্ষাং সত্ত্বমালম্ব্য মাতলিঃ ।
ইন্দ্রো জম্ভস্য সংক্রুদ্ধো বজ্রেণাপাহরচ্ছিরঃ ॥১৮
জম্ভং শ্রুত্বা হতং তস্য জ্ঞাতয়ো নারদাদৃষেঃ ।
নমুচিশ্চ বলঃ পাকস্তত্রাপেতুস্ত্বরান্বিতাঃ ॥১৯
বচোভিঃ পরুষৈরিন্দ্রমর্দয়ন্তোঽস্য মর্ম্মসু ।
শরৈরবাকিরন্ মেঘা ধারাভিরিব পর্ব্বতম্ ॥২০

সখায়ং বলিং পতিতং দৃষ্ট্বা বলিসখঃ সুহৃদ্ জম্ভঃ হতস্য অপি তস্য সখ্যুঃ সৌহৃদং হিতং সমাচরন্ অভ্যয়াৎ যোদ্ধুম্ ইন্দ্রসম্মুখম্ আগচ্ছৎ ॥১৩

সঃ সিংহবাহনঃ সিংহারূঢ়ঃ জম্ভঃ আসাদ্য ইন্দ্রাভিমুখম্ আগত্য গদাম্ উদ্যম্য রংহসা বেগেন জত্রৌ গজোপরি অংসপ্রদেশে শক্রং তথা তস্য গজম্ ঐরাবতং চ অতাড়য়ৎ ॥১৪

তস্য গদাপ্রহারেণ ব্যথিতঃ পীড়িতঃ, অতঃ ভৃশম্ অত্যন্তং বিহ্বলিতঃ ব্যাকুলঃ গজঃ জানুভ্যাং ধরণীং স্পৃষ্ট্বা পরমং কশ্মলং যযৌ পরাং মূর্চ্ছাং প্রাপ ॥১৫

ততঃ অনন্তরং দশশতৈঃ সহস্রৈঃ হরিভিঃ অশ্বৈঃ যুতঃ যুক্তঃ রথঃ মাতলিনা সূতেন আনীতঃ তথা দ্বীপম্ ঐরাবতম্ উৎসৃজ্য ত্যক্ত্বা বিভুঃ ইন্দ্রঃ তং রথম্ আরুরুহে ॥১৬

তস্য গদাপ্রহারস্য তৎ পূজয়ন্ সৎকুর্বন্ স্মরমানঃ এব দানবপুঙ্গবঃ জম্ভঃ দনুজা শূলেন তং সূতং তু অহনৎ ॥১৭

মাতলিঃ তু সত্ত্বং ধৈর্য্যম্ আলম্ব্য শূলাঘাতজনিতাং সুদুর্মর্ষাং দুঃসহাম্ অপি রুজং পীড়াং সেহে ; ইন্দ্রঃ চ সংক্রুদ্ধঃ সন্ বজ্রেণ জম্ভস্য শিরঃ অপাহরৎ ॥১৮

অথ নারদাৎ জম্ভং হতং শ্রুত্বা নমুচিঃ সবলঃ পাকঃ ইতি তস্য জ্ঞাতয়ঃ ত্বরান্বিতাঃ তত্র দনুজাঃ যেতুঃ আজগ্মুঃ ॥১৯

পরুষৈঃ বচোভিঃ রুক্ষবাক্যৈঃ অস্য ইন্দ্রস্য মর্ম্মসু অর্দয়ন্তঃ পীড়য়ন্তঃ পর্ব্বতং ধারাভিঃ মেঘাঃ ইব তে শরৈঃ ইন্দ্রম্ অবাকিরন্ আচ্ছাদিতবন্তঃ ॥২০

তখন বলির সখা ও সুহৃদ্ জম্ভাসুর নিজ সখার পতন লক্ষ্য করিয়া মৃত সখার সৌহার্দ রক্ষার্থ ইন্দ্রের দিকে অগ্রসর হইয়াছিল ।১৩

অনন্তর সিংহবাহন মহাবল জম্ভাসুর নিকটে আসিয়া মহাবেগে গদা উত্তোলন পূর্বক ইন্দ্র ও ঐরাবতের চক্রে (স্কন্ধ ও বক্ষের সন্ধি) স্থলে আঘাত করিয়াছিল ।১৪

ঐরাবত ঐ গদার প্রহারে পীড়িত ও বিহ্বল হইয়া জানুযুগল দ্বারা ভূমি স্পর্শ করিয়া প্রবল মূর্চ্ছাগ্রস্ত হইয়াছিল ।১৫

অনন্তর মাতলি সহস্র অশ্বযুক্ত রথ লইয়া আসিলে ইন্দ্র ঐরাবতকে ত্যাগ করিয়া রথে আরোহণ করিয়াছিলেন ।১৬

দানবশ্রেষ্ঠ জম্ভ মাতলির তাদৃশ কর্মের প্রশংসা করিয়া রণাঙ্গনে এক প্রজ্বলিত শূল দ্বারা হাস্য সহকারে মাতলিকে প্রহার করিয়াছিল ।১৭

মাতলি সত্ত্বগুণ অর্থাৎ ধৈর্য্য অবলম্বন পূর্বক সেই দুঃসহ পীড়া সহ্য করিলে ইন্দ্র ক্রুদ্ধ হইয়া বজ্রদ্বারা জম্ভাসুরের শিরশ্ছেদ করিয়াছিলেন ।১৮

তৎকালে জম্ভাসুরের জ্ঞাতি নমুচি, বল ও পাকনামক অসুরত্রয় দেবর্ষি শ্রীনারদের মুখ হইতে জম্ভাসুরের নিধন সংবাদ শ্রবণ করিয়া সত্বর তথায় উপস্থিত হইল ।১৯

তৎকালে তাহারা কর্কশ বাক্য প্রয়োগ দ্বারা প্রথমতঃ ইন্দ্রের মর্মস্থান পীড়িত করিয়া, অনন্তর মেঘমালা যেরূপ বারিধারা দ্বারা পর্বতের চতুর্দিক্

হরীন্ দশশতাভ্যাঞ্জৌ হর্য্যশ্বস্য বলঃ শরৈঃ।
তাবদ্ভিরর্দ্দয়ামাস যুগপল্লঘুহস্তবান্ ॥২১

শতাভ্যাং মাতলিং পাকো রথং সাবয়বং পৃথক্।
সকৃৎসন্ধানমোক্ষেণ তদদ্ভুতমভূদ্ রণে ॥২২

নমুচিঃ পঞ্চদশভিঃ স্বর্ণপুঙ্খৈর্মহেষুভিঃ।
আহত্য ব্যনদৎ সংখ্যে সতোয় ইব তোয়দঃ ॥২৩

সর্ব্বতঃ শরকূটেন শত্রুং সরথসারথিম্।
ছাদয়ামাসুরসুরাঃ প্রাবৃট্ সূর্য্যমিবাম্বুদাঃ ॥২৪

হর্য্যশ্বস্য ইন্দ্রস্য দশ-শতানি একসহস্রং হরীন্ অশ্বান্ আজৌ যুদ্ধে লঘুহস্তবান্ শীঘ্রবিক্রমঃ বলঃ অসুরঃ তাবদ্ভিঃ দশভিঃ শতৈঃ যুগপৎ একস্মিন্ এব অর্দ্ধয়ামাস পীড়য়ামাস ॥২১

সকৃৎ একস্য সন্ধানং ধনুষি সংযোজনং ততঃ মোক্ষণং তস্যাস্ত্রেণ শরাণাং শতাভ্যাং পাকঃ অসুরঃ শতেন মাতলিং শতেন সাবয়বং রথং পৃথক্ পৃথক্ অর্দ্ধয়ামাস, তৎ এবম্ অর্দ্ধনং বাণ অদ্ভুতম্ আশ্চর্য্যম্ অভূৎ ॥২২

স্বর্ণপুঙ্খৈঃ (স্বর্ণময়াঃ পুঙ্খাঃ পূর্ব্বভাগাঃ যেষাং তৈঃ) পঞ্চদশভিঃ মহেষুভিঃ মহাবাণৈঃ সংখ্যে সংগ্রামে ইন্দ্রম্ আহত্য নমুচিঃ সতোয়ঃ জলগর্ভীরঃ তোয়দঃ মেঘঃ ইব বিশেষেণ অনদৎ নাদম্ অকার্ষীৎ ॥২৩

অলক্ষয়ন্তস্তমভীব বিহ্বলা
বিচুক্রুশুর্দেবগণাঃ সহানুগাঃ।
অনায়কাঃ শত্রুবলে বিসর্জিতা
বণিক্পথা ভিন্নভবো যথার্ণবে ॥২৫

ততস্তুরাষাড়িষুবন্ধপঞ্জরাদ্
বিনির্গতিঃ সাশ্বরথধ্বজাগ্রণীঃ।
বভৌ দিশঃ খং পৃথিবীং চ রোচয়ন্
স্বতেজসা সূর্য্য ইব ক্ষপাত্যয়ে ॥২৬

প্রাবৃট্ সূর্যং প্রাবৃট্কালে বর্ত্তমানং সূর্যম্ ইব যথা অম্বুদাঃ মেঘাঃ ছাদয়ন্তি, তথা অসুরাঃ সরথ-সারথিং শত্রুং শরকূটেন সর্ব্বতঃ ছাদয়ামাসুঃ ॥২৪

বণিক্পথাঃ বণিজঃ ভিন্নভবঃ (ভিন্না নৌঃ যেষাং তথাভূতাঃ) সন্তঃ যথা অর্ণবে ব্যাকুলাঃ বিক্রোশন্তি, তথা তম্ ইন্দ্রম্ অলক্ষয়ন্তঃ অপশ্যন্তঃ সহানুগাঃ দেবগণাঃ অনায়কাঃ শত্রুবলেন নির্জ্জিতাঃ পরাজিতাঃ সন্তঃ বিচুক্রুশুঃ ॥২৫

ততঃ ইষু-বন্ধপঞ্জরাৎ বাণসমূহাৎ সাশ্বরথ-ধ্বজাগ্রণীঃ অশ্বাদি-সহিতঃ তুরাষাট্ ইন্দ্রঃ বিনির্গতঃ সন্ স্বতেজসা দিশঃ খং পৃথিবীং বিরোচয়ন্ প্রকাশয়ন্ ক্ষপাত্যয়ে ॥(রাত্রেঃ)ত্যয়ে সূর্য্যঃ ইব বভৌ ॥২৬

আচ্ছন্ন করে, সেরূপ বাণ বর্ষণ দ্বারা দেবরাজকে আচ্ছন্ন করিয়াছিল।২০

অনন্তর বলনামক অসুর ক্রতহস্তে এক সহস্র বাণ দ্বারা একসঙ্গেই যুদ্ধক্ষেত্রে ইন্দ্রের রথের এক সহস্র অশ্বকে আহত করিয়াছিল।২১

পাকনামক অসুর দুইশত বাণ একবারেই ধনুকে যোজনা ও নিক্ষেপ পূর্বক পৃথগ ভাবে সারথি মাতলি এবং অবয়বসহ রথটিকে আঘাত করিলে সংগ্রামে এই কার্য্যটি আশ্চর্যজনক হইয়াছিল।২২

এ সময়ে নমুচি পশ্চাদ্ভাগে স্বর্ণবদ্ধ পঞ্চদশটি দৃঢ়ং বাণ দ্বারা ইন্দ্রকে আহত করিয়া রণক্ষেত্রে সজল মেঘের ন্যায় গর্জ্জন করিয়াছিল।২৩

মেঘরাশি যেরূপ বর্ষাকালীন সূর্য্যকে চারিদিকে আচ্ছন্ন করে, সেরূপ তৎকালে অসুরগণও বাণরাশি দ্বারা ইন্দ্র, সারথি এবং রথকে চারিদিকে আচ্ছাদিত করিয়াছিল।২৪

সমুদ্রমধ্যে নৌকা ভগ্ন হইলে বিপন্ন বণিগ্‌গণ যেরূপ চীৎকার করে, তৎকালে ইন্দ্রকে না দেখিয়া শত্রুমধ্যে পতিত অনায়ক দেবতাগণও নিজ নিজ অনুচরগণের সহিত অতিশয় কাতরচিত্তে সেরূপ চীৎকার করিতে লাগিলেন।২৫

অনন্তর ইন্দ্র অশ্ব, রথ, ধ্বজ ও সারথির সহিত শত্রুগণের বাণরচিত সেই পঞ্জরবন্ধন হইতে বাহির হইয়া নিশাবসানে উদিত সূর্য্যের ন্যায় নিজ তেজদ্বারা দিগ্‌মণ্ডল, আকাশ ও ধরাতল উদ্ভাসিত করিয়া শোভা পাইয়াছিলেন।২৬

নিরীক্ষ্য পৃতনাং দেব পরৈরভ্যর্দ্দিতাং রণে।
উদগচ্ছদ্ রিপুং হন্তুং বজ্রং বজ্রধরো রুষা ॥২৭
স তেনৈবাষ্টধারেণ শিরসী বল-পাকয়োঃ।
জ্ঞাতীনাং পশ্যতাং রাজন্ জহার জনয়ন্ ভয়ম্ ॥২৮
নমুচিস্তদ্বধং দৃষ্ট্বা শোকামর্ষরুষান্বিতঃ।
জিঘাংসুরিন্দ্রং নৃপতে চকার পরমোদ্যমম্ ॥২৯
অশ্মসারময়ং শূলং ঘণ্টাবদ্ধেমভূষণম্।
প্রগৃহ্যাভ্যদ্রবৎ ক্রুদ্ধো হতোঽসীতি বিতর্জ্জয়ন্।
প্রাহিণোদ্দেবরাজায় নিনদন্ মৃগরাড়িব ॥৩০

দেবঃ ইন্দ্রঃ পৃতনাং স্বসেনাং পরৈঃ শত্রুভিঃ অভ্যর্দ্দিতাং পীড়িতাং নিরীক্ষ্য বজ্রধরঃ সন্ রুষা ক্রোধেন রণে রিপুং হন্তুং বজ্রম্ উদবজ্রৎ উদ্যতবান্ ॥২৭

সঃ ইন্দ্রঃ তেন অষ্টধারেণ বজ্রেণ পশ্যতাং জ্ঞাতীনাং ভয়ং জনয়ন্ বল-পাকয়োঃ শিরসী জহার ॥২৮

হে নৃপতে! তয়োঃ বল-পাকয়োঃ বধং দৃষ্ট্বা শোকামর্ষ-রুষান্বিতঃ নমুচিঃ ইন্দ্রং জিঘাংসুঃ পরমোদ্যমং চকার ॥২৯

ক্রুদ্ধঃ নমুচিঃ অশ্মসারময়ং লৌহময়ং, ঘণ্টাবৎ ঘণ্টাযুক্তং, হেমভূষণং শূলং প্রগৃহ্য 'হতোঽসি' ইতি ইন্দ্রং তর্জ্জয়ন্ অভ্যদ্রবৎ, তথা মৃগরাট্ ইব নিনদন্ দেবরাজায় প্রাহিণোৎ ॥৩০

তিনি তৎকালে নিজ সেনাদলকে সংগ্রামে শত্রুগণ-কর্ত্তৃক বিমর্দিত দেখিয়া শত্রুবধের জন্য ক্রোধে বজ্র উত্তোলন করিলেন।২৭

হে মহারাজ! অনন্তর তিনি অষ্ট ধারাযুক্ত সেই বজ্রদ্বারাই দর্শনকারী জ্ঞাতিগণের ভয় উৎপাদন পূর্বক তাহাদের সম্মুখেই বল ও পাকনামক অসুরদ্বয়ের শিরশ্ছেদ করিয়াছিলেন।২৮

হে মহারাজ! তখন নমুচি তাহাদের বধ দেখিতে পাইয়া শোক, অসহিষ্ণুতা ও ক্রোধযুক্ত হইয়া ইন্দ্রের সংহারে অতিশয় উদ্যম প্রকাশ করিয়াছিল।২৯

অনন্তর সে ক্রুদ্ধচিত্তে সুবর্ণালঙ্কৃত ও ঘণ্টাযুক্ত কঠিন প্রস্তরময় এক শূল হস্তে লইয়া দেবরাজের অভিমুখে ধাবিত হইল এবং ক্রোধভরে 'তুই হত

তদাপতদ্ গগনতলে মহাজবং
বিচিচ্ছিদে হরিরিষুভিঃ সহস্রধা।
তমাহনন্নৃপ কুলিশেন কন্ধরে
রুষান্বিতস্ত্রিদশপতিঃ শিরো হরন্ ॥৩১
ন তস্য হি ত্বচমপি বজ্র ঊর্জ্জিতো
বিভেদ যঃ সুরপতিনৌজসেরিতঃ।
তদদ্ভুতং পরমতিবীর্য্যবৃত্রভিৎ
তিরস্কৃতো নমুচিশিরোধরত্বচা ॥৩২

মহাজবং (মহান্ জবঃ বেগঃ যস্য তথাভূতং তং) শূলম্ আপতৎ গগনতলে আকাশে এব হরিঃ ইন্দ্রঃ ইষুভিঃ সহস্রধা বিচিচ্ছিদে। হে নৃপ! ততঃ ত্রিদশাধিপঃ ইন্দ্রঃ রুষা ক্রোধেন অন্বিতঃ যুক্তঃ সন্ তস্য নমুচেঃ শিরঃ হরন্ হর্ত্তুং কন্ধরে গ্রীবায়াং কুলিশেন বজ্রেণ তং নমুচিম্ আহনৎ ॥৩১

হি যস্মাৎ যঃ সুরপতিনা ওজসা বলেন ঈরিতঃ প্রক্ষিপ্তঃ সঃ বজ্রঃ ঊর্জ্জিতঃ অতিপ্রভাববান্ অপি তস্য নমুচেঃ ত্বচম্ অপি ন বিভেদ, তৎ তস্মাৎ অদ্ভুতং। যঃ পূর্ব্বম্ অতিবীর্য্যম্ অপি বৃত্রম্ অভিনৎ, সঃ ইদানীং নমুচি-শিরোধর-ত্বচা তিরস্কৃতঃ ইতি জনানাং পরম্ অদ্ভুতম্ অত্যাশ্চর্য্যম্ অভূৎ ॥৩২

হইলি' এরূপ তর্জ্জন করিয়া সিংহের ন্যায় গর্জ্জন করিতে করিতে ইন্দ্রের প্রতি তাহা নিক্ষেপ করিয়াছিল।৩০

হে মহারাজ! তখন দেবরাজ ইন্দ্র আকাশমার্গে আগত সেই মহাবেগবান্ শূলটিকে বাণসমূহ দ্বারা সহস্রভাগে ছেদন করিয়া ক্রোধভরে নমুচির শিরশ্ছেদের জন্য তাহার গ্রীবাদেশে বজ্রদ্বারা আঘাত করিয়াছিলেন।৩১

পরন্তু ইন্দ্রকর্ত্তৃক মহাবলে নিক্ষিপ্ত হইয়াও সেই তেজস্বী বজ্র নমুচির চর্ম্মমাত্রও ভেদ করিতে সমর্থ হইল না। নমুচির গ্রীবাদেশের চর্ম্ম যে এরূপভাবে অতি পরাক্রমশালী ইন্দ্রকে তিরস্কার করিয়াছিল, ইহা ইহা বস্তুতই অতিশয় আশ্চর্য্যজনক।৩২

তস্মাদিন্দ্রোঽধিভেজেঽস্ত্রোর্বজ্রঃ প্রতিহতো যতঃ।
কিমিদং দৈবযোগেন ভূতং লোকবিমোহনম্ ॥৩৩

যেন মে পূর্ব্বমদ্রীণাং পক্ষচ্ছেদঃ প্রজাত্যয়ে।
কৃতো নিবিশতাং ভারৈঃ পতত্রৈঃ পততাং ভুবি ॥৩৪

তপঃ সারময়ং ত্বাষ্ট্রং যে বৃত্রো যেন বিপাটিতঃ।
অন্যে চাপি বলোপেতাঃ সর্ব্বাস্ত্রৈরকৃতব্রণঃ ॥৩৫

যতঃ যস্মাৎ শত্রোঃ সকাশাৎ বজ্রঃ প্রতিহতঃ, তস্মাৎ শত্রোঃ সকাশাৎ ইন্দ্রঃ অধিভেজে ভয়ং প্রাপ, তথা দৈবযোগেন লোকবিমোহনম্ ইদং কিং কৃতং জাতম্ ইতি চিন্তয়ামাস ॥৩৩

পতত্রৈঃ পক্ষৈঃ নিবিশতাং যত্র তত্র যাবদ্ভিঃ পক্ষভারৈঃ তত্র তত্র ভুবি পততাং প্রজানাম্ অত্যয়ে বিনাশে সম্ভবে সতি অদ্রীণাং পক্ষচ্ছেদঃ যেন বজ্রেণ যে ময়া পূর্ব্বং কৃতঃ ॥৩৪

সারময়ং বীর্য্যাধিক্যং, ত্বাষ্ট্রং তপঃ এব বৃত্রঃ সঃ যেন বজ্রেণ ময়া বিপাটিতঃ বিনাশিতঃ, তথা সর্ব্বাস্ত্রৈঃ ন কৃতা ব্রণঃ অপি যেষাং তাদৃশাঃ বলোপেতাঃ অন্যে বীর্য্যাঃ যেন বজ্রেণ ময়া বিপাটিতাঃ ॥৩৫

যে শত্রুর নিকট হইতে বজ্র বাধা প্রাপ্ত হইল, তৎকালে ইন্দ্র তাহা হইতে ভয় পাইয়াছিলেন। তখন তিনি এরূপ চিন্তা করিলেন যে—অহো! দৈবযোগে লোকবিমোহজনক এ কি ঘটিল ?৩৩

পূর্ব্বকালে পর্ব্বতসমূহ পক্ষদ্বারা বিচরণ পূর্ব্বক অতিশয় ভারের সহিত ভূতলে পতিত হইলে অনেক প্রজানাশ হইত বলিয়া আমি এই বজ্রদ্বারাই তাহাদের পক্ষচ্ছেদন করিয়াছিলাম ।৩৪

ত্বষ্টার তপস্যার সারস্বরূপ বৃত্রকে এবং সকল অস্ত্রদ্বারাও যাহাদের চর্ম্মভেদ হয় নাই—এরূপ আরও মহাবলশালী অনেক শত্রুকে আমি এই বজ্রদ্বারাই নিহত করিয়াছি ।৩৫

সোঽয়ং প্রতিহতো বজ্রো ময়া মুক্তোঽসুরেঽল্পকে।
নাহং তদাদদে ভূয়ো ব্রহ্মতেজোঽপ্যকারণম্ ॥৩৬

ইতি শক্রং বিষীদন্তমাহ বাগশরীরিণী।
নায়ং শুষ্কৈরথো নার্দ্রৈর্বধমর্হতি দানবঃ ॥৩৭

মন্নাম্নৈষ যদ্বরো দত্তো মৃত্যুর্নৈবাস্ত্রশুষ্কয়োঃ।
অতোঽন্যচ্চিন্তনীয়স্তে উপায়ো মঘবন্ রিপোঃ ॥৩৮

সঃ অয়ং বজ্রঃ যদা অল্পকে ক্ষুদ্রে নমুচৌ ময়া মুক্তঃ প্রক্ষিপ্তঃ সন্ প্রতিহতঃ (তস্য বধেঽপি নঃ বিভেদ), ততঃ ব্রহ্মতেজঃ দধীচেঃ তপোজন্যম্ অপি অকারণম্ অকিঞ্চিৎকরং সামান্যম্ অহং ন আদদে নাঙ্গীকরিষ্যামি ॥৩৬

ইতি এবং বিষীদন্তং শক্রম্ অশরীরিণী বাক্ আহ,—যথা হে শক্র! অয়ং দানবঃ নমুচিঃ শুষ্কৈঃ বা আর্দ্রৈঃ পদার্থৈঃ বধং ন অর্হতি ॥৩৭

বং যস্মাৎ আর্দ্রশুষ্কাভ্যাং তব মৃত্যুঃ ন ভবিতা ইতি তস্মৈ ময়া বরঃ দত্তঃ। অতঃ হে মঘবন্। রিপোঃ বধস্য অন্যঃ উপায়ঃ তে ত্বয়া চিন্তনীয়ঃ ॥৩৮

অদ্য আমার সেই বজ্র এক ক্ষুদ্র অসুরের প্রতি নিক্ষিপ্ত হইয়া বাধা প্রাপ্ত হইল, অতএব আমি আর লগুড়তুল্য নগণ্য এই বজ্র ধারণ করিব না। অহো! সম্প্রতি দধীচির তেজ অর্থাৎ সামর্থ্যও নিষ্ফল হইল ।৩৬

ইন্দ্র এইরূপে বিষাদগ্রস্ত হইলে তাঁহাকে লক্ষ্য করিয়া এরূপ দৈববাণী উচ্চারিত হইয়াছিল—হে দেবরাজ! এই দানব শুষ্ক বা আর্দ্র কোন পদার্থদ্বারা বধযোগ্য নহে ।৩৭

আমি ইহাকে এরূপ বরদান করিয়াছি যে—আর্দ্র বা শুষ্ক পদার্থদ্বারা ইহার মৃত্যু সংঘটিত হইবে না। অতএব হে ইন্দ্র! এই শত্রুর বধের জন্য তোমাকে অন্য কোন উপায় চিন্তা করিতে হইবে ।৩৮

তাং দৈবীং গিরমাকর্ণ্য মঘবান্ সুসমাহিতঃ।
ধ্যায়ন্ ফেনমথাপশ্যদুপায়মুভয়াত্মকম্ ॥৩৯
ন শুষ্কেণ ন চার্দ্রেণ জহার নমুচেঃ শিরঃ।
তং তুষ্টুবুর্মুনিগণা মাল্যৈশ্চাবাকিরন্ বিভুম্ ॥৪০
গন্ধর্ব্বমুখ্যৌ জগতুর্বিশ্বাবসু-পরাবসূ।
দেবদুন্দুভয়ো নেদুর্নর্ত্তক্যো ননৃতুর্মুদা ॥৪১
অন্যেঽপ্যেবং প্রতিদ্বন্দ্বান্ বায্বগ্নিবরুণাদয়ঃ।
সূদয়ামাসুরসুরান্ মৃগান্ কেশরিণো যথা ॥৪২

তাং দৈবীং গিরম্ আকর্ণ্য শ্রুত্বা সুসমাহিতঃ কৃত্বা মঘবান্ ইন্দ্রঃ ধ্যায়ন্ অথ আর্দ্র-শুষ্কোভয়াত্মকং ফেনরূপম্ উপায়ম্ অপশ্যৎ জ্ঞাতবান্ ॥৩৯

অতঃ ন শুষ্কেণ ন চ আর্দ্রেণ কিন্তু উভয়াত্মকেন ফেনেন নমুচেঃ শিরঃ জহার। তং বিভুম্ ইন্দ্রং মুনিগণাঃ তুষ্টুবুঃ, তথা মাল্যৈঃ পুষ্পৈঃ চ অবাকিরন্ আচ্ছাদয়ামাসুঃ ॥৪০

গন্ধর্বমুখ্যৌ বিশ্বাবসু-পরাবসূ জগতুঃ, দেবদুন্দুভয়ঃ নেদুঃ, নর্ত্তক্যঃ মুদা ননৃতুঃ ॥৪১

অন্যে অপি বায্বগ্নি-বরুণাদয়ঃ এবং প্রতিদ্বন্দ্বান্ অসুরান্ কেশরিণঃ সিংহাঃ মৃগান্ ইব সূদয়ামাসুঃ ॥৪২

তখন ইন্দ্র সেই দৈববাণী শ্রবণ করিয়া একাগ্রচিত্তে ধ্যান করিতে করিতে ফেনকেই অভীষ্ট উপায়রূপে প্রাপ্ত হইলেন—যাহা কেবল আর্দ্র বা কেবল শুষ্ক না হইয়া আর্দ্র-শুষ্ক উভয়স্বরূপ।৩৯

অনন্তর তিনি শুষ্কও নহে আর্দ্রও নহে—এরূপ সমুদ্রফেনদ্বারা নমুচির শিরশ্ছেদ করিলে মুনিগণ তাঁহার স্তব করিয়া মাল্য বর্ষণ করিয়াছিলেন।৪০

তৎকালে বিশ্বাবসু ও পরাবসুনামক শ্রেষ্ঠ গন্ধর্বযুগল হর্ষভরে গান করিয়াছিল, স্বর্গীয় দুন্দুভিসমূহের বাদ্যধ্বনি উত্থিত হইল এবং নর্ত্তকীগণ নৃত্য করিতে লাগিল।৪১

সিংহগণ যেরূপ মৃগগণকে সংহার করে, তৎকালে বায়ু, অগ্নি ও বরুণ প্রভৃতি দেবতাগণও সেরূপ প্রতিদ্বন্দ্বী অসুরগণের সংহার করিয়াছিলেন।৪২

ব্রহ্মণা প্রেষিতো দেবান্ দেবর্ষির্নারদো নৃপ।
বারয়ামাস বিবুধান্ দৃষ্ট্বা দানবসংক্ষয়ম্ ॥৪৩

নারদ উবাচ।

ভবদ্ভিরমৃতং প্রাপ্তং নারায়ণভুজাশ্রয়ৈঃ।
শ্রিয়া সমেধিতাঃ সর্ব্ব উপারমত বিগ্রহাৎ ॥৪৪

শ্রীশুক উবাচ।

সংযম্য মন্যুসংরম্ভং মানয়ন্তো মুনের্বচঃ।
উপগীয়মানানুচরৈর্যযুঃ সর্ব্বে ত্রিবিষ্টপম্ ॥৪৫

হে নৃপ! এবং দানবসংক্ষয়ং দৃষ্ট্বা ব্রহ্মণা প্রেষিতঃ প্রেরিতঃ দেবর্ষিঃ নারদঃ দেবান্ বিবুধান্ দেবানুগান্ অন্যান্ চ বারয়ামাস ॥৪৩

নারদঃ উবাচ। নারায়ণ-ভুজাশ্রয়ৈঃ ভবদ্ভিঃ অমৃতং প্রাপ্তম্। অতঃ শ্রিয়া সমেধিতাঃ বর্দ্ধিতাঃ সর্ব্বে যূয়ং বিগ্রহাৎ যুদ্ধাৎ উপারমত ॥৪৪

শ্রীশুকঃ উবাচ। অতঃ মুনেঃ নারদস্য বচঃ মানয়ন্তঃ মন্যুসংরম্ভং ক্রোধাবেগং সংযম্য পরিত্যজ্য উপগীয়মানৈঃ অনুচরৈঃ গন্ধর্বাদিভিঃ সহ সর্ব্বে দেবাঃ ত্রিবিষ্টপং স্বর্গং যযুঃ ॥৪৫

হে মহারাজ! তৎকালে দানবগণের সংহার দর্শন করিয়া পিতামহ ব্রহ্মা দেবর্ষি নারদকে প্রেরণ করিলে তিনি তথায় উপস্থিত হইয়া দেবতাগণকে বারণ করিয়াছিলেন।৪৩

শ্রীনারদ বলিলেন—হে দেবগণ! ভগবান্ নারায়ণের ভুজবল আশ্রয় করিয়া তোমরা অমৃত লাভ করিয়াছ এবং সকলেই লক্ষ্মীদেবীর অনুগ্রহে সমৃদ্ধিশালী হইয়াছ, অতএব যুদ্ধ হইতে বিরত হও।৪৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! তখন দেবর্ষি নারদের আদেশ বাক্য স্বীকার করিয়া দেবতাগণ ক্রোধবেগ সংবরণপূর্বক স্বর্গরাজ্যে প্রস্থান করিলেন, যাত্রাকালে অনুচরগণ তাঁহাদের স্তুতিগান করিতেছিলেন।৪৫

যেঽবশিষ্টা রণে তস্মিন্ নারদানুমতেন তে।
বলিং বিপন্নমাদায় অস্তং গিরিমুপাগমন্ ॥৪৬

তত্রাবিনষ্টাবয়বান্ বিদ্যমানশিরোধরান্।
উশনা জীবয়ামাস সঞ্জীবন্যা স্ববিদ্যয়া ॥৪৭

বলিশ্চোশনসা স্পৃষ্টঃ প্রত্যাপন্নেন্দ্রিয়স্মৃতিঃ।
পরাজিতোঽপি নাখিন্যল্লোকতত্ত্ববিচক্ষণঃ ॥৪৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে
একাদশোঽধ্যায়: ॥১১

তস্মিন্ রণে যে দানবাঃ অবশিষ্টাঃ ঊর্দ্ধরিতাঃ, তে নারদস্য অনুমতেন সম্মত্যা বিপন্নং ভক্তাভিপীড়িতং ব্যাকুলং বলিম্ আদায় অস্তং গিরিম্ উপাগমন্ ॥৪৬

তত্র অস্তাচলে ন বিনষ্টাঃ অবয়বাঃ যেষাং তান্ তথা বিদ্যমানাঃ শিরোধরাঃ যেষাং তান্ সংজীবন্যা স্ববিদ্যয়া উশনাঃ শুক্রঃ জীবয়ামাস ॥৪৭

উশনসা স্পৃষ্টঃ ভক্তঃ প্রত্যাপন্নানি পুনঃপ্রাপ্তানি ইন্দ্রিয়াণি স্মৃতিঃ চ যেন তথাভূতঃ সন্ পরাজিতঃ অপি লোকতত্ত্ব-বিচক্ষণঃ বলিঃ তু ন অখিদ্যৎ ॥৪৮

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীযুগলকিশোর-শাস্ত্রিকৃতায়াং একাদশোঽধ্যায়ঃ।

সেই যুদ্ধে যে সকল দৈত্য অবশিষ্ট ছিল, তাহারা শ্রীনারদের অনুমতি অনুসারে বিপন্ন বলিকে লইয়া অস্তাচলে গমন করিল ॥৪৬

রণক্ষেত্রে পতিত যে সকল দৈত্যগণের দেহের অবয়বসমূহ বিনষ্ট এবং গ্রীবাভাগ ছিন্ন হয় নাই, শুক্রাচার্য্য নিজ সঞ্জীবনী বিদ্যাদ্বারা সেখানে তাহাদের জীবনদান করিয়াছিলেন ॥৪৭

শুক্রাচার্য্যের স্পর্শে বলি পুনরায় ইন্দ্রিয় ও স্মৃতিশক্তি লাভ করিয়াছিলেন এবং তিনি লোকতত্ত্ব-বিষয়ে অভিজ্ঞ ছিলেন বলিয়া পরাজয়সত্ত্বেও বিষাদগ্রস্ত হন নাই ॥৪৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকচূড়ামণি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
একাদশ অধ্যায় সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ

[শ্রীভগবতো মোহিনীরূপং সমবলোক্য শঙ্করস্য মোহঃ।]

শ্রীবাদরায়ণিরুবাচ।

বৃষধ্বজো নিশম্যেদং যোষিদ্রূপেণ দানবান্।
মোহয়িত্বাসুরগণান্ হরিঃ সোমমপায়য়ৎ ॥১
বৃষমারুহ্য গিরিশঃ সর্ব্বভূতগণৈর্বৃতঃ।
সহ দেব্যা যযৌ দ্রষ্টুং যত্রাস্তে মধুসূদনঃ ॥২
সভাজিতো ভগবতা সাদরং সোমযা ভবঃ।
সুপবিষ্ট উবাচেদং প্রতিপূজ্য স্মরন্ হরিম্ ॥৩

শ্রীমহাদেব উবাচ।

দেবদেব জগদ্ব্যাপিন্ জগদীশ জগন্ময়।
সর্ব্বেষামপি ভাবানাং ত্বমাত্মা হেতুরীশ্বরঃ ॥৪
আদ্যন্তাবস্য মধ্যমিদমন্যদহং বহিঃ।
যতোঽব্যয়স্য নৈতানি তৎ সত্যং ব্রহ্ম চিদ্ভবান্ ॥৫
তবৈব চরণাম্ভোজং শ্রেয়স্কামা নিরাশিষঃ।
বিসৃজ্যোভয়তঃ সঙ্গং মুনয়ঃ সমুপাসতে ॥৬

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। হরিঃ যোষিদ্রূপেণ দানবান্ মোহয়িত্বা সুরগণান্ সোমম্ অমৃতম্ অপায়য়ৎ ইতি ইদং বৃষধ্বজঃ মহাদেবঃ নিশম্য শ্রুত্বা ॥১

বৃষম্ আরুহ্য সর্ব্বভূতগণৈঃ বৃতঃ দেব্যা পার্ব্বত্যা চ সহ গিরিশঃ যত্র মধুসূদনঃ আস্তে, তত্র তং মোহিনীরূপং দ্রষ্টুং যযৌ ॥২

ভগবতা বিষ্ণুনা সাদরং যথা ভবতি তথা সোমযা উময়া সহ ভবঃ সভাজিতঃ সৎকৃতঃ, অতঃ সুপবিষ্টঃ হরিং প্রতিপূজ্য সৎকৃত্য স্মরন্ ইদং বক্ষ্যমাণম্ উবাচ ॥৩

শ্রীমহাদেবঃ উবাচ,—হে জগদ্ব্যাপিন্ জগন্ময় হে জগদীশ! দেবদেব! সর্ব্বেষাং ভবানাং স্থাবরজঙ্গমাত্মকপদার্থানাম্ আত্মা

দ্বাদশ অধ্যায়।

[শ্রীভগবানের মোহিনীরূপ দেখিয়া শঙ্করের মোহ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ শ্রীহরি রমণীমূর্ত্তি ধারণপূর্ব্বক দানবগণকে মোহিত করিয়া দেবতাগণকে সুধা পান করাইয়াছেন ইহা শুনিয়া বৃষবাহন শ্রীশিব বৃষে আরোহণ করিয়া এবং অনুচর ভূতগণকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া দেবীর সহিত শ্রীহরিকে দর্শন করিবার জন্য তাঁহার নিবাসস্থানে গিয়াছিলেন।১-২

তৎকালে ভগবান্ শ্রীহরি উমার সহিত শঙ্করকে সাদরে অভিনন্দন জ্ঞাপন করিলে ভগবান্ শঙ্করও উপবেশনপূর্ব্বক শ্রীহরির পূজা করিয়া হাস্যসহকারে এরূপ বলিতে লাগিলেন।৩

শ্রীমহাদেব বলিলেন—হে দেবদেব! হে বিশ্ব-

অন্বয়

স্বরূপম্ (উপাদানম্) হেতুঃ উৎপাদকঃ (নিমিত্তকারণম্) তথা ঈশ্বরঃ (পালকঃ নিয়ামকঃ উপসংহর্ত্তা চ); ত্বম এব ॥৪

অস্য জগতঃ যৌ আদ্যন্তৌ জন্মমৃত্যূ, যৎ চ অন্যৎ জীবনং, যৎ চ ইদং প্রত্যক্ষং বস্তু, যৎ চ অন্যৎ পরোক্ষং বস্তু, যৎ চ অহম্ অহঙ্কারাশ্রয়ঃ ভোক্তা, যৎ চ বহিঃ মমকারাস্পদং ভোগ্যং বস্তু, তৎ সর্ব্বং যতঃ ভবতি, যস্য তু এতানি আদ্যন্তাদীনি ন ভবন্তি তৎ সত্যং সর্ব্বোপাদানত্বেন পরমার্থভূতং সর্ব্বনির্ম্মাণ-কর্ত্তৃত্বেন সর্ব্বপালকত্বেন, সর্ব্বান্তর্য্যামিত্বেন সর্ব্বোপ-সংহারকর্ত্তৃত্বেন চ চিৎ চৈতন্যরূপং যৎ ব্রহ্ম তৎ ভবান্ এব ॥৫

শ্রেয়স্কামাঃ নিরাশিষঃ কামনাশূন্যাঃ মুমুক্ষবঃ মুনয়ঃ উভয়তঃ ইহামুত্র চ সঙ্গং ভোগসক্তিং বিসৃজ্য তব চরণাম্ভোজম্ এব সম্

ব্যাপক! হে জগদীশ! হে জগন্ময়! আপনিই এ জগতে সকল পদার্থের আত্মা ও কারণস্বরূপ ঈশ্বর।৪

(আপনি জগন্ময় হইলেও জগতের ন্যায় অসত্য ও জড় বস্তু নহেন, যেহেতু) যে ব্রহ্ম হইতে এই জগতের আদি, অন্ত ও মধ্য অবস্থা অর্থাৎ সৃষ্টি, লয় ও স্থিতি সাধিত হয়, অথচ যিনি অব্যয় বলিয়া স্বয়ং সৃষ্টি-স্থিতি-প্রলয়রহিত এবং যিনি 'ইদং' শব্দের বাচ্য দৃশ্য প্রপঞ্চস্বরূপ হইয়াও অহঙ্কারের আশ্রয় দ্রষ্টা পদার্থ এবং যিনি বাহিরে ভোগ্য বস্তুরূপে প্রকাশমান, অথচ অন্তরে ভোক্তা বলিয়া প্রসিদ্ধ, আপনি সেই সৎ ও চিৎস্বরূপ ব্রহ্মই হন।৫

শ্রেয়স্কামী অর্থাৎ মুমুক্ষু মুনিগণ নিষ্কাম হইয়া ইহলোক ও পরলোকের আসক্তি পরিহারপূর্ব্বক আপনারই পাদপদ্মের উপাসনা করেন।৬

ত্বং ব্রহ্ম পূর্ণমমৃতং বিগুণং বিশোক-
মানন্দমাত্রমবিকারমনন্যদস্যৎ।
বিশ্বস্য হেতুরুদয়স্থিতিসংযমানা-
মাত্মেশ্বরশ্চ তদপেক্ষতয়ানপেক্ষঃ ॥৭

একস্ত্বমেব সদসদ্ দ্বয়মদ্বয়শ্চ
স্বর্ণং কৃতাকৃতমিবেহ ন বস্তুভেদঃ।
অজ্ঞানতস্ত্বয়ি জনৈর্বিহিতো বিকল্পো
যস্মাদ্ গুণব্যতিকরো নিরুপাধিকস্য ॥৮

ত্বাং ব্রহ্ম কেচিদবয়ন্ত্যুত ধর্ম্মমেকে
একে পরং সদসতোঃ পুরুষং পরেশম্।
অন্যেঽবয়ন্তি নবশক্তিযুতং পরং ত্বাং
কেচিন্মহাপুরুষমব্যয়মাত্মতন্ত্রম্ ॥৯

সম্যক্ উপাসতে ॥৬

পূর্ণং (সর্ব্বত্র ব্যাপকং) বিশ্বস্য উদয়-স্থিতি-সংযমানাং হেতুঃ, আত্মেশ্বরঃ (আত্মনাং জীবানাম্ ঈশ্বরঃ তত্তৎকর্ম্মদাতা), তদপেক্ষতয়া (তৈঃ আত্মভিঃ তত্তৎকর্ম্মদানার্থম্ অপেক্ষতে ইতি তদপেক্ষা, তস্য ভাবঃ তদপেক্ষতা তয়া) অনপেক্ষঃ ত্বং পূর্ণং সর্ব্বত্র ব্যাপকম্ অমৃতং সুখস্বরূপম্ অবিকারং নিত্যম্ আনন্দমাত্রম্ অতঃ বিশোকং, বিগুণং গুণাতীতম্ অনন্যং (ন বিদ্যতে অন্যৎ যস্মাৎ তৎ) অন্যৎ (সর্ব্বতো ব্যতিরিক্তং ব্রহ্ম এব) ॥৭

সৎ স্থূলম্, অসৎ সূক্ষ্মং তয়োঃ কার্য্যম্ অবয়ঃ কারণং চ ত্বম্ একঃ এব। যথা কৃতং কুণ্ডলাদিরূপং তয়োঃ কার্য্যম্ অকৃতং কেবলম্ অবয়ঃ কারণরূপং স্বর্ণম্ একম্ এব ন তত্র বস্তুতঃ ভেদঃ তথা ইহ ত্বয়ি প্রপঞ্চে চ ন বস্তুতঃ ভেদঃ। যস্মাৎ অজ্ঞানতঃ ত্বয়ি জনৈঃ বিকল্পঃ তত্তদ্ভেদঃ বিহিতঃ কল্পিতঃ এব তস্মাৎ নিরুপাধিকস্য সর্ব্বোপাধি-বিনির্ম্মুক্তস্য তব গুণব্যতিকরঃ (গুণৈঃ সহ এব ব্যতিকরঃ ভেদঃ ন বস্তুতঃ) এব ॥৮

কেচিৎ বেদান্তিনঃ ত্বাম্ এব ব্রহ্ম অবয়ন্তি মন্যন্তে, একে মীমাংসকাঃ ত্বাম্ এব ধর্ম্মং মন্যন্তে ; কেচিৎ সাংখ্যাঃ ত্বাম্ এব সদসতোঃ পরং পুরুষং পুরুষোত্তমম্ অতএব পরমং ব্রহ্মাদীনাম্ অপি ঈশং মন্যন্তে। অন্যে পাঞ্চরাত্রাঃ ভক্তাঃ ত্বাম্ এব বিমলোৎকর্ষিণীজ্ঞানা ক্রিয়া যোগা প্রহ্বী, সত্যা ঈশানা অনুগ্রহা চ ইত্যেবং নবশক্তিযুতং পরং পরমেশ্বরং মন্যন্তে। কেচিৎ পাতঞ্জলাঃ ত্বাম্ এব অব্যয়ং জন্ম-বিনাশাদি-বিকার-

আপনার ঐশ্বর্য্য, পরন্তু নিজের জন্য নহে)।৭

স্বর্ণ যেরূপ এক হইয়াও কুণ্ডলাদি অলঙ্কাররূপে অনেক হয়, সেইরূপ এক আপনিই কারণরূপে সৎ ও অদ্বিতীয় এবং কার্য-জগদ্রূপে অসৎ ও দ্বৈতভাবাপন্ন হন, ইহাতে বস্তুগত কোন ভেদ ঘটিতেছে না। আপনি স্বরূপতঃ উপাধিমুক্ত হইলেও গুণসমূহ দ্বারাই ভেদ উপস্থাপিত হয়, সেইহেতুই জীবগণ অজ্ঞানবশতঃই আপনার ভেদ কল্পনা করে।৮

হে ভগবন্! আপনাকে বৈদান্তিকগণ ব্রহ্ম, মীমাংসকগণ ধর্ম্ম, সাংখ্যাদিগণ প্রকৃতি ও পুরুষের পরবর্ত্তী পরমপুরুষ পরমেশ্বর, পাঞ্চরাত্রিকগণ—বিমলা, উৎকর্ষিণী, জ্ঞানা, ক্রিয়া, যোগা, প্রহ্বী, সত্যা, ঈশানা ও অনুগ্রহা এই নবশক্তিযুক্ত পরতত্ত্ব এবং পাতঞ্জলমতাবলম্বিগণ স্বতন্ত্র, অব্যয় পরমপুরুষ বলিয়া অবগত হন।৯

নাহং পরায়ুর্ন্ন দরো ন মরীচিমুখ্যা
জানন্তি যদ্বিরচিতং খলু সত্ত্বসর্গাঃ।
যন্মায়য়া মুষিতচেতস ঈশ দৈত্য-
মর্ত্যাদয়ঃ কিমুত শশ্বদভদ্রবৃত্তাঃ ॥১০

স ত্বং সমীহিতমদঃস্থিতিজন্মনাশং
ভূতেহিতঞ্চ জগতো ভববন্ধমোক্ষৌ।
বায়ুর্যথাবিশতি খঞ্চ চরাচরাখ্যং
সর্ব্বং তদাত্মকতয়াবগমোঽবরুন্ৎসে ॥১১

অবতারা ময়া দৃষ্টা রমমাণস্য তে গুণৈঃ।
সোঽহং তদ্রষ্টুমিচ্ছামি যত্তে যোষিদ্বপুর্ধৃতম্ ॥১২

যেন সম্মোহিতা দৈত্যাঃ পায়িতাশ্চামৃতং সুরাঃ।
তদ্দিদৃক্ষব আয়াতাঃ পরং কৌতূহলং হি নঃ ॥১৩

শ্রীশুক উবাচ।
এবমভ্যর্থিতো বিষ্ণুর্ভগবান্ বৃষপর্ব্বণা।
প্রহস্য ভাবগম্ভীরং গিরিশং প্রত্যভাষত ॥১৪

মহিমম্ আত্মতন্ত্রঃ মহাপুরুষঃ মন্যতে ।৯

হে ঈশ ! অহং ব্রহ্মাঃ, পরায়ুঃ ব্রহ্মা, খলু অপি সত্ত্বসর্গাঃ (সত্ত্বেন গুণেন সৃষ্টাঃ), অপি ব্রহ্মাদয়ঃ মরীচিমুখ্যাঃ যেন ময়া বিরচিতং বিশ্বম্ অপি তত্ত্বতঃ, ন জানন্তি, তর্হি শশ্বদভদ্রবৃত্তাঃ (সদা অশুভং তামসং রাজসং চ বৃত্তম্ উৎপত্তিস্থিতিশ্চ যেষাং তে দৈত্য-মর্ত্যাদয়ঃ যস্য তব মায়য়া মুষিতা মোহিতং চেতঃ যেষাং তে) কথং জানন্তি ।১০

সমীহিতং স্বকৃতম্, অদঃ অমুষ্য, জগতঃ স্থিতি-জন্ম-নাশং তথা ভূতানাম্ ঈহিতং কর্ম্ম তথা ভেষাং জনন মন্ধ ততঃ মোক্ষং চ তদাত্মকতয়া উপাদানতয়া অবগমঃ জ্ঞানরূপঃ, সঃ ত্বং বায়ুঃ যথা খম্ আকাশং চরাচরাখ্যং দেহজাতং চ বিশতি তথা সর্ব্বম্ অবরুন্ৎসে ব্যাপ্নোষি জানাসি ।১১

গুণৈঃ সত্ত্বাদিভিঃ, রমমাণস্য তে তব অবতারাঃ নরসিংহাদয়ঃ ময়া দৃষ্টাঃ ; সঃ অহম্ ইদানীং তে তত্তা তৎ যোষিদ্বপুঃ ধৃতং দ্রষ্টুম্ ইচ্ছামি ।১২

যোষিদ্রূপেণ দৈত্যাঃ সংমোহিতাঃ সুরাঃ চ অমৃতং পায়িতাঃ তৎ রূপং দিদৃক্ষবঃ সন্তঃ বয়ম্ অত্র আগতাঃ ; হি যস্মাৎ নঃ অস্মাকং পরং কৌতূহলম্ আশ্চর্য্যং জাতম্ ।১৩

শ্রীশুকঃ উবাচ। মূলপাণিনা রুদ্রেণ এবম্ অভ্যর্থিতঃ সম্প্রার্থিতঃ, ভগবান্ বিষ্ণুঃ ভাবগম্ভীরং প্রহস্য গিরিশং প্রত্যভাষত ।১৪

হে ঈশ! আমি, ব্রহ্মা এবং মরীচিপ্রভৃতি ঋষিগণ সত্ত্বগুণে সৃষ্ট হইয়াও আপনার মায়ায় মোহিত হইয়া আপনার স্বরূপ দূরের কথা—আপনার রচিত এই বিশ্বের তত্ত্বই জানিতে পারি না, এ অবস্থায় যাহাদের উৎপত্তি ও আচার সর্বদা রজঃ ও তমোগুণান্বিত, সেই দৈত্য ও মনুষ্যপ্রভৃতি জীবগণ যে, আপনার স্বরূপ জানিতে পারে না, এ বিষয়ে আর বক্তব্য কি ।১০

হে ভগবন্। বায়ু যেরূপ চরাচর দেহসমষ্টি এবং আকাশের মধ্যে সর্বত্র প্রবিষ্ট রহিয়াছে, সেরূপ জ্ঞানরূপী আপনিও সকলে আত্মরূপে নিজ রচিত এই বিশ্বের সৃষ্টি স্থিতি লয়, জীবগণের চেষ্টা এবং সংসারবন্ধ ও মুক্তি সর্বত্র ব্যাপ্ত রহিয়াছেন অর্থাৎ আপনি সমস্তই জানিতেছেন।১১

হে দেব! গুণসহযোগে লীলারত আপনার সকল অবতারই আমি পূর্বে দর্শন করিয়াছি, সম্প্রতি আপনি যে স্ত্রীমূর্তি ধারণ করিয়াছিলেন, তাহা দর্শন করিতে ইচ্ছা করি।১২

যাহাদ্বারা আপনি দৈত্যগণকে মোহিত করিয়া দেবতাগণকে সুধাপান করাইয়াছেন, সেই মূর্তি-দর্শনে উৎসুক হইয়াই আমরা এখানে আসিয়াছি। এ বিষয়ে আমাদের অতিশয় কৌতূহল রহিয়াছে ।১৩

শ্রীভগবানুবাচ।

কৌতূহলায় দৈত্যানাং যোষিদ্‌বেষো ময়া ধৃতঃ।
পশ্যতা সুরকার্য্যাণি গতে পীযূষভাজনে ॥১৫
তৎ তেঽহং দর্শয়িষ্যামি দিদৃক্ষোঃ সুরসত্তম।
কামিনাং বহু মন্তব্যং সংকল্পপ্রভবোদয়ম্ ॥১৬

শ্রীশুক উবাচ।

ইতি ব্রুবাণো ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত।
সর্ব্বতশ্চাররুংশ্চক্ষুর্ভব আস্তে সহোময়া ॥১৭

ততো দদর্শোপবনে বরস্ত্রিয়ং
বিচিত্র পুষ্পারুণপল্লবদ্রুমে।
বিক্রীড়তীং কন্দুকলীলয়া লসদ্-
দুকূলপর্য্যস্তনিতম্বমেখলাম্ ॥১৮
আবর্ত্তনোদ্‌বর্ত্তনকম্পিতস্তন-
প্রকৃষ্টহারোরুভরৈঃ পদে পদে।
প্রভজ্যমানামিব মধ্যতশ্চলৎ-
পদপ্রবালং নয়তীং ততস্ততঃ ॥১৯

পীযূষভাজনে (পীযূষস্য অমৃতস্য ভাজনে পাত্রে, দৈত্যহস্তে গতে সতি) সুরকার্য্যাণি পশ্যতা ময়া দৈত্যানাং কৌতূহলায় সংমোহনায় যোষিদ্‌বেষঃ ধৃতঃ ॥১৫

হে সুরসত্তম! সংকল্প-প্রভবঃ কামঃ তত্র উদয়ঃ যস্মিন্ তৎ, কামিনাং বহু মন্তব্যং তৎ রূপম্ অহং দিদৃক্ষোঃ দর্শয়িষ্যামি ॥১৬

শ্রীশুকঃ উবাচ। ভগবান্ বিষ্ণুঃ ইতি এবং ব্রুবাণঃ সন্ তত্র এব অন্তরধীয়তঃ! উময়া সহ ভবঃ সর্ব্বতঃ চক্ষুঃ চারয়ন্ তত্র এব আস্তে স্ম ॥১৭

ততঃ অনন্তরং বিচিত্র-পুষ্পারুণ-পল্লবদ্রুমে (বিচিত্রাণি পুষ্পাণি অরুণাঃ পল্লবাঃ চ যেষাং তে দ্রুমাঃ যস্মিন্ তস্মিন্) উপবনে কন্দুকলীলয়া বিক্রীড়িতম্ অতঃ লসতা দুকূলেন পর্য্যস্ত পরিবৃতে নিতম্বে যেখলাঃ যস্যাঃ তাং বরস্ত্রিয়ং দদর্শ ॥১৮

(উৎপতৎ পতৎ কন্দুক-লীলাবেশেন) যে আবর্ত্তনোদ্‌বর্ত্তনে নমনোন্নমনে তাভ্যাং কম্পিতয়োঃ স্তনয়োঃ প্রকৃষ্ট-হারাণাং চ উরুভারৈঃ পদে পদে প্রতিপদং মধ্যতঃ মধ্যে প্রভজ্যমানাম্ ইব চলৎ পদমেব এব প্রবালবৎ কোমলং প্রবালং তত্র ততঃ নয়তীম্ ॥১৯

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মহাদেব এরূপ প্রার্থনা করিলে ভগবান্ শ্রীহরি ভাবগম্ভীর হাস্য করিয়া তাঁহাকে এরূপ বলিয়াছিলেন।১৪

শ্রীভগবান্ বলিলেন—হে দেবশ্রেষ্ঠ! তৎকালে সুধাভাণ্ড দৈত্যগণের হস্তগত হইলে, রমণীর বেশেই দেবগণের কার্য্য সিদ্ধ হইবে বিচার করিয়া আমি দৈত্যগণের কৌতুক উৎপাদনের জন্যেই রমণীমূর্ত্তি ধারণ করিয়াছিলাম।১৫

আপনি সম্প্রতি তাহা দেখিতে ইচ্ছা করিতেছেন বলিয়া আমি আপনাকে কামিগণের আদরণীয় এবং কামোদ্দীপক সেই রমণীরূপ দর্শন করাইব।১৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ শ্রীহরি এরূপ বলিতে বলিতে সেখানেই অন্তর্হিত হইলে মহাদেব উমার সহিত চারিদিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন।১৭

অনন্তর মহাদেব বিচিত্র পুষ্প ও রক্তবর্ণ পল্লবশালী বৃক্ষরাজিসমন্বিত উপবনে কন্দুকক্রীড়ারতা এক পরমসুন্দরী রমণীকে দেখিতে পাইলেন। তাহার মনোরম বসনাবৃত নিতম্বদেশে চন্দ্রহার শোভা পাইতেছিল।১৮

ক্রীড়াকালে কন্দুকটির ঊর্দ্ধগতি ও নিম্নগতির সহিত সেই রমণীও দেহটিকে একবার উন্নত ও অবনত করায় কম্পিত স্তনযুগল ও হারসমূহের গুরুভারে প্রতিপদক্ষেপেই তাঁহার দেহের মধ্যভাগ যেন ভগ্ন হইতেছিল। এইরূপে তিনি চঞ্চল পল্লবের ন্যায় সুকোমল পদযুগল ইতস্ততঃ চালনা করিতেছিলেন।১৯

দিক্ষু ভ্রমৎকন্দুকচাপলৈর্ভৃশং
প্রোদ্বিগ্নতারায়তলোললোচনাম্।
স্বকর্ণবিভ্রাজিতকুণ্ডলোল্লসৎ-
কপোলনীলালকমণ্ডিতাননাম্ ॥২০

শ্লথদ্ দুকূলং করবীক্ষ বিচ্যুতাং
সংনহ্যতীং বামকরেণ বল্গুনা।
বিনিঘ্নতীমন্যকরেণ কন্দুকং
বিমোহয়ন্তীং জগদাত্মমায়য়া ॥২১

তাং বীক্ষ্য দেব ইতি কন্দুকলীলয়েষদ্-
ব্রীড়াস্ফুটস্মিতবিসৃষ্টকটাক্ষমুষ্টঃ।
ব্রীপ্রেক্ষণপ্রতিসমীক্ষণবিহ্বলাত্মা
নাত্মানমন্তিক উমাং স্বগণাংশ্চ বেদ ॥২২

তস্যাঃ করাগ্রাৎ স তু কন্দুকো যদা
গতো বিদূরং তমনুব্রজৎস্ত্রিয়াঃ।
বাসঃ সসূত্রং লঘু মারুতোঽহরদ্
ভবস্য দেবস্য কিলানুপশ্যতঃ ॥২৩

দিক্ষু ভ্রমতঃ কন্দুকস্য চারুণৈঃ চারুভিঃ ভৃশং প্রোদ্বিগ্নতারে আয়তে লোলে চঞ্চলে লোচনে যস্যাঃ তাং তথা স্বকর্ণাভ্যাং বিভ্রাজিতে যে কুণ্ডলে তাভ্যাম্ উল্লসন্তৌ যৌ কপোলৌ তাভ্যাং চ নীলালকৈঃ চ মণ্ডিতম্ আননং যস্যাঃ তাম্ ॥২০

শ্লথৎ বিস্রংসং প্রাপ্নুবৎ দুকূলং বস্ত্রম্, বিচ্যুতাং বিকীর্ণাং করবীং চ বল্গুনা মনোহরেণ বামকরেণ সংনহ্যতীম্, বিনিঘ্নতীম্ অন্যেন দক্ষিণেন করেণ কন্দুকম্, আত্মমায়য়া স্বচমৎকারেণ জগৎ বিমোহয়ন্তীং দদর্শ ॥২১

দেবঃ মহাদেবঃ তাং স্ত্রিয়ং বীক্ষ্য ইতি এবম্ভূতয়া কন্দুকলীলয়া যা ঈষৎ ব্রীড়া তয়া অস্ফুটং যৎ স্মিতং তেন সহ বিসৃষ্টঃ যঃ কটাক্ষঃ তেন মুষ্টঃ বঞ্চিতঃ, তথা স্ত্রিয়াঃ প্রেক্ষণং তয়া চ যৎ প্রতিসমীক্ষণং তাভ্যাং বিহ্বলঃ আত্মা মনঃ যস্য সঃ মহাদেবঃ আত্মানম্ অন্তিকে স্বসমীপে স্থিতাম্ উমাং তথা স্বগণান্ নন্দীশ্বরাদীন্ চ ন বেদ ॥২২

যদা যস্যাঃ করাগ্রাৎ সঃ কন্দুকঃ তু বিদূরং গতঃ, তদা কিল ভবস্য অস্য নিয়তয়ং পশ্যতঃ সতঃ তং কন্দুকম্ অনুব্রজন্ত্যাঃ স্ত্রিয়াঃ লঘু সূক্ষ্মং সসূত্রং কাঞ্চিদাহিতং বাসঃ মারুতঃ অহরৎ ॥২৩

তৎকালে কন্দুকটি চারিদিকে চঞ্চলভাবে ভ্রমণ করায় তাঁহার আয়ত নয়নযুগলের তারকা দুইটিও উদ্বিগ্ন ও চঞ্চল হইয়াছিল এবং তাঁহার মুখমণ্ডল কর্ণস্থিত উজ্জ্বল কুণ্ডলযুগলের দীপ্তিযুক্ত গণ্ডস্থল ও নীলবর্ণ অলকরাজিদ্বারা শোভিত হইয়াছিল।২০

সেই রমণীমূর্তি শিথিল পরিধেয় বস্ত্র ও স্খলিত কেশবন্ধনটিকে মনোহর বামহস্তদ্বারা আবদ্ধ করিতে করিতে দক্ষিণহস্তদ্বারা কন্দুকক্ষেপণ সহকারে নিজ মায়াদ্বারা জগতের মোহ উৎপাদন করিতেছিলেন।২১

এরূপ কন্দুকক্রীড়াজনিত ঈষৎ লজ্জাবশতঃ সেই রমণীমূর্তি পরিস্ফুট হাস্যসহকারে কটাক্ষপাত-দ্বারা মহাদেবের চিত্ত হরণ করিয়াছিলেন। অতএব শ্রীশঙ্কর তাঁহার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলে বিনিময়ে সেই রমণীমূর্তিও তাঁহার প্রতি বার বার কটাক্ষ নিক্ষেপ করায় তিনি ব্যাকুলচিত্ত হইয়া নিজকে এবং নিকটবর্তিনী উমাদেবী ও নিজ অনুচরগণকে পর্য্যন্ত ভুলিয়া গিয়াছিলেন।২২

এক সময়ে সেই কন্দুকটি মোহিনীমূর্তির হস্ত হইতে দূরে চলিয়া গেলে যখন তিনি তাহা ধরিবার জন্য পশ্চাৎ পশ্চাৎ ছুটিতেছিলেন, তখন মহাদেবের দৃষ্টির সম্মুখেই বায়ু সেই সুন্দরীর সূক্ষ্ম বস্ত্রটি চন্দ্রহারের বন্ধন সহিত হরণ করিয়াছিল।২৩

এবং তাং রুচিরাপাঙ্গীং দর্শনীয়াং মনোরমাম্ ।
দৃষ্ট্বা তস্যাং মনশ্চক্রে বিলজ্জন্ত্যাং ভবঃ কিল ॥২৪
তয়াপহৃতবিজ্ঞানস্তৎকৃতস্মরবিহ্বলঃ ।
ভবান্যা অপি পশ্যন্ত্যা গতহ্রীস্তৎপদং যযৌ ॥২৫
সা তমায়ান্তমালোক্য বিবস্ত্রা ব্রীড়িতা ভৃশম্ ।
নিলীয়মানা বৃক্ষেষু হসন্তী নাস্থিতিষ্ঠত ॥২৬
তামন্বগচ্ছদ্ভগবান্ ভবঃ প্রমুষিতেন্দ্রিয়ঃ ।
কামস্য চ বশং নীতঃ করেণূমিব যূথপঃ ॥২৭

এবং বিবস্ত্রাং মনোরমাং দর্শনীয়াং রুচিরাপাঙ্গীং তাং দৃষ্ট্বা ভবঃ কিল বিলজ্জন্ত্যাং (ভ্রূকুংকটাক্ষৈঃ শ্রীমদাদেব-নিরীক্ষণেন তস্মিন্ আসক্তিম্ অভিনয়ন্ত্যাং) তস্যাং মনঃ চক্রে ।২৪

তয়া মোহিন্যা অপহৃতং বিজ্ঞানং যস্য সঃ, যতঃ তয়া কৃতঃ যঃ স্মরঃ কামঃ তেন বিহ্বলঃ পরবশঃ অতঃ পশ্যন্ত্যাঃ অপি ভবান্যাঃ গতহ্রীঃ লজ্জাশূন্যঃ ভবঃ তস্যাঃ মোহিন্যাঃ স্থিরং পদং সমীপং যযৌ ।২৫

বিবস্ত্রা অতঃ ভৃশং ব্রীড়িতা লজ্জিতা সা স্ত্রী: তং মহাদেবম্ আয়ান্তম্ আলোক্য হসন্তী এবং বৃক্ষেষু নিলীয়মানা আত্মানম্ আচ্ছাদয়ন্তী এবং ন অবতিষ্ঠত ন একত্র স্থিতবতী ।২৬

প্রমুষিতেন্দ্রিয়ঃ ব্যাকুলমনাঃ, যতঃ কামস্য বশং নীতঃ

এ সময়েও সেই রমণী মহাদেবকে কুঞ্চিত কটাক্ষ-যোগে দর্শন করিতেছিলেন বলিয়া মহাদেব সেই সুদৃশ্যা মনোরমা সুনয়নার প্রতি আসক্ত হইয়া পড়িলেন ।২৪

এইরূপে মোহিনীমূর্ত্তি মহাদেবের জ্ঞানহরণ করিলে, তিনি সেই সুন্দরী কর্ত্তৃক উৎপাদিত কামাবেশে বিহ্বল হইয়া উমাদেবীর দৃষ্টির সম্মুখেই মোহিনীর নিকট গমন করিয়াছিলেন ।২৫

মহাদেবকে নিকটে আসিতে দেখিয়া তৎকালে সেই বিবসনা মোহিনীমূর্ত্তি অতিশয় লজ্জিতা হইয়া বৃক্ষরাজির মধ্যে আত্মগোপন করিবার উদ্দেশ্যে আর সেখানে অপেক্ষা করিলেন না ।২৬

যূথপতি হস্তী যেরূপ কামপীড়িত হইয়া হস্তিনীর

সোঽনুব্রজ্যাতিবেগেন গৃহীত্বানিচ্ছতীং স্ত্রিয়ম্ ।
কেশবন্ধ উপানীয় বাহুভ্যাং পরিষস্বজে ॥২৮
সোপগূঢ়া ভগবতা করিণা করিণী যথা ।
ইতস্ততঃ প্রসর্পন্তী বিপ্রকীর্ণশিরোরুহা ॥২৯
আত্মানং মোচয়িত্বাঙ্গ সুরর্ষভভুজান্তরাৎ ।
প্রাদ্রবৎ সা পৃথুশ্রোণী মায়া দেববিনির্ম্মিতা ॥৩০
তস্যালৌ পদবীং রুদ্রো বিক্রোশদ্ভ্রুতকর্ম্মণঃ ।
প্রত্যপদ্যত কামেন বৈরিণেব বিনির্জ্জিতঃ ॥৩১

ভগবান্ ভবঃ যূথপঃ করেণুম্ ইব তাং স্ত্রিয়ম্ অন্বগচ্ছৎ ।২৭

অনিচ্ছতীম্ (আলিঙ্গনাদিকম্) অপি তাং স্ত্রিয়ম্ অতিবেগেন অনুব্রজ্য তু ভবঃ কেশবন্ধে কবর্য্যাং গৃহীত্বা উপানীয় আকৃষ্য বাহুভ্যাং পরিষস্বজে আলিঙ্গিতবান্ ।২৮

করিণা হস্তিনা যথা উপগূঢ়া আলিঙ্গিতা করিণী হস্তিনী ইব ভগবতা মহাদেবেন উপগূঢ়া অতঃ বিপ্রকীর্ণ-শিরোরুহাঃ সত্যঃ সা ইতস্ততঃ প্রসর্পন্তী ।২৯

হে অঙ্গ ! সা দেবেন বিষ্ণুনা নির্ম্মিতা পৃথুশ্রোণী সুন্দরিতমা মায়া সুরর্ষভস্য মহাদেবস্য ভুজান্তরাৎ আত্মানং মোচয়িত্বা প্রাদ্রবৎ ।৩০

বৈরিণা কামেন বিনির্জ্জিতঃ ইব অসৌ রুদ্রঃ আকৃতকর্ম্মণঃ

অনুগমন করে, মোহিনীকর্ত্তৃক চিত্ত আকৃষ্ট হওয়ায় মহাদেবও সেরূপ কামবশ হইয়া তৎকালে তাঁহার অনুসরণ করিয়াছিলেন ।২৭

অনন্তর মহাদেব অতিবেগে তাঁহার দিকে ধাবিত হইয়া নিজ সঙ্গবিষয়ে অনভিলাষিণী সেই মোহিনীকে কেশবন্ধনে ধারণপূর্ব্বক নিকটে আনিয়া দুই বাহুদ্বারা আলিঙ্গন করিলেন ।২৮

অথ প্রতিশ্রুতং তৃতীয়পদস্থানম্ অদাতুঃ তে তব নিরয়ে নরকে বাসঃ ইষ্যতে ইষ্টঃ ভবতি। তস্মাৎ প্রতিশ্রুতাদানাৎ গুরুণা চ অনুমোদিতত্বাৎ ত্বং নরকং বিশ ॥৩২

যঃ প্রতিশ্রুতস্য অদানেন অর্থিনং বিপ্রলম্ভতে তস্য মনোরথঃ মৃষা। স্বর্গঃ তস্য দূরে এব। সঃ অধঃ পততি ॥৩৩

আঢ্যমানিনা (ঐশ্বর্য্যবানহম্ ইতি অভিমানবতা) ময়া 'যথেষ্টং গৃহাণ, অহং দদামি' ইতি বিপ্রলব্ধঃ বঞ্চিতঃ। অতঃ তস্য ব্যলীকস্য বঞ্চনস্য ফলং নিরয়ং নরকদুঃখং কতিচিৎ সমাঃ সম্বৎসরান্ ভুঙ্ক্ষ্ব ॥৩৪

ইত্যষ্টমে স্কন্ধে শ্রীযুতগঙ্গানাথ শাস্ত্রি কৃতায়াং একবিংশতিতমোঽধ্যায়ঃ।

তন্মধ্যে সর্ব্বব্যাপী আমি একপদদ্বারা এই ভূলোক, দেহদ্বারা আকাশ ও দিঙ্‌মণ্ডল এবং দ্বিতীয় পদবিক্ষেপদ্বারা তোমার স্বর্গলোক আক্রমণপূর্বক তোমার দৃষ্টির সম্মুখেই আমি তোমার সর্ব্বস্ব অধিকার করিয়াছি ।৩১

সম্প্রতি প্রতিশ্রুত বিষয় দান না করার ফলরূপে তোমার নরকবাসই সঙ্গত। অতএব গুরুর অনুমোদনক্রমে তুমি নরকে প্রবেশ কর ।৩২

যে ব্যক্তি প্রতিশ্রুত বস্তু দান না করিয়া যাচককে বঞ্চনা করে, তাহার মনোরথ নিষ্ফল হয়, স্বর্গ তাহার দূরেই থাকে, বস্তুতঃ তাহার অধঃপাতই ঘটে ।৩৩

তুমি নিজকে সমৃদ্ধিশালী মনে কর, অথচ দানের প্রতিশ্রুতি দিয়াও আমাকে প্রতারিত করিয়াছ। অতএব এই মিথ্যা ব্যবহারের ফলস্বরূপ কয়েক বৎসর নরক ভোগ কর ।৩৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকচূড়ামণি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
একবিংশ অধ্যায় সমাপ্ত।

দ্বাবিংশঃ অধ্যায়ঃ।

[বলিবচনম্, ব্রহ্মণো ভাষণম্, শ্রীভগবতঃ বলিপ্রশংসনং, তস্মৈ বরদানঞ্চ।]

শ্রীশুক উবাচ।

এবং বিপ্রকৃতো রাজন্ বলির্ভগবতাসুরঃ।
ভিদ্যমানোঽপ্যভিন্নাত্মা প্রত্যাহাবিক্লবং বচঃ ॥১

বলিরুবাচ।

যদ্যুত্তমঃশ্লোক ভবান্মমেরিতং
বচো ব্যলীকং সুরবর্য্য মন্যতে।
করোম্যৃতং তন্ন ভবেৎ প্রলম্ভনং
পদং তৃতীয়ং কুরু শীঘ্রি মে নিজম্ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! ভগবতা বামনেন এবং বিপ্রকৃতঃ বঞ্চনেন বচসা চ ভিন্নবৃত্তঃ অসুরঃ বলিঃ ভিদ্যমানঃ সত্যাৎ চাল্যমানঃ অপি অভিন্নাত্মা (অভিন্নঃ সত্যাৎ অপ্রচলিতঃ আত্মা মনঃ যস্য সঃ) অবিক্লবম্ অদীনং বচঃ তং প্রতি আহ ॥১

বলিঃ উবাচ। হে উত্তমঃশ্লোক! হে সুরবর্য্য! যদি মম ঈরিতং প্রতিশ্রুতং বচঃ ব্যলীকম্ অনৃতং মন্যতে, তদা তৎ বচনং প্রলম্ভনং ন ভবেৎ—স্বতঃ সত্যম্ এব করোমি। অতঃ নিজং তৃতীয়ং পদং মে শীঘ্রি কুরু ॥২

বিভেমি নাহং নিরয়াৎ পদচ্যুতো
ন পাশবন্ধাদ্ ব্যসনাদ্দুরত্যয়াৎ।
নৈবার্থকৃচ্ছ্রাদ্ভবতো বিনিগ্রহা-
দসাধুবাদাদ্ ভৃশমুদ্বিজে যথা ॥৩

পুংসাং শ্লাঘ্যতমং মন্যে দণ্ডমর্হত্তমার্পিতম্।
যং ন মাতা পিতা ভ্রাতা সুহৃদশ্চাদিশন্তি হি ॥৪

অন্বয়ঃ

হে ভগবন্! অহং নিরয়াৎ নরকদুঃখাৎ, পদচ্যুতঃ স্থান-ভ্রংশাৎ, পাশৈঃ বন্ধাৎ, দুরত্যয়াৎ দুরতিক্রমণীয়াৎ ব্যসনাৎ দুঃখাৎ, অর্থকৃচ্ছ্রাৎ ধনাদিব্যয়জনিতকষ্টাৎ, ভবতা বিনিগ্রহাৎ ন তথা বিভেমি, যথা অসাধুবাদাৎ অপকীর্ত্তেঃ ভৃশম্ উদ্বিজে বিভেমি ॥৩

অর্হত্তমেন যোগ্যতমেন ভবতা অর্পিতং কৃতং দণ্ডং পুংসাং শ্লাঘ্যতমম্ অহং মন্যে। হি যস্মাৎ যম্ এবম্ভূতং দণ্ডং মাতা পিতা ভ্রাতা সুহৃদশ্চ ন দিশন্তি নৈব অর্পয়ন্তি ॥৪

দ্বাবিংশ অধ্যায়।

[বলিবচন, ব্রহ্মার ভাবণ, শ্রীভগবানের বলিপ্রশংসা ও তাহাকে বরদান।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ বামনদেব এইরূপে বলির অপকার করিয়া তাঁহাকে সত্যভ্রষ্ট করার উপক্রম করিলেও অসুররাজ বলি ক্ষুণ্ণচিত্ত না হইয়া প্রত্যুত্তরে অকাতরে এরূপ বাক্য বলিয়াছিলেন ॥১

শ্রীবলি বলিলেন—হে সুরশ্রেষ্ঠ! হে উত্তমঃশ্লোক! আপনি কপটতা অবলম্বনপূর্বক বামনরূপে ত্রিপাদ ভূমি যাচ্ঞা করিয়া পশ্চাৎ বিরাট্ দেহ ধারণপূর্বক সেই ভূমি গ্রহণে উদ্যত হইয়াছেন বলিয়া সে পরিমাণ ভূমি না দিতে পারিলেও বস্তুতঃ আমার প্রতিশ্রুতিবাক্যকে মিথ্যা বা কপটতাযুক্ত বলিতে পারেন না, তথাপি যদি আপনি উহাকে মিথ্যাই বলেন, তাহা হইলে যাহাতে আমার প্রতিশ্রুতিবাক্য বঞ্চনাময় না হয়, তাহাই করিতেছি, আপনি আমার মস্তকে নিজ তৃতীয় পদ স্থাপন করুন ॥২

হে ভগবন্! আমি সম্প্রতি নিজ পদ হইতে বিচ্যুত হইয়াছি। এ অবস্থায়ও আমি অপকীর্ত্তিকে যেরূপ ভয় করি, নরক, পাশবন্ধন, দুর্লঙ্ঘ্য বিপত্তি, অর্থকষ্ট বা আপনার কৃত পীড়ন হইতেও সেরূপ ভয় করি না ॥৩

ত্বং নূনমস্মদ্বরাণাং নঃ পরোক্ষঃ পরমো গুরুঃ।
যো নোঽনেকমদান্ধানাং বিভ্রংশং চক্ষুরাদিশৎ ॥৫
যস্মিন্ বৈরানুবন্ধেন দৃঢ়েন বিবুধেতরাঃ।
বহবো লেভিরে সিদ্ধিং যামুহৈকান্তযোগিনঃ ॥৬
তেনাহং নিগৃহীতোঽস্মি ভবতা ভূরিকর্ম্মণা।
বদ্ধশ্চ বারুণৈঃ পাশৈর্নাত্র ব্রীড়ে ন চ ব্যথে ॥৭
পিতামহো মে ভবদীয়সম্মতঃ
প্রহ্লাদ আবিষ্কৃতসাধুবাদঃ।

ভবদ্বিপক্ষেণ বিচিত্রবৈশসং
সম্প্রাপিতস্ত্বৎপরমঃ স্বপিত্রা ॥৮

কিমাত্মনানেন জহাতি যোঽন্ততঃ
কিং রিক্থহারৈঃ স্বজনাখ্যদস্যুভিঃ।

কিং জায়য়া সংসৃতিহেতুভূতয়া
মর্ত্তস্য গেহৈঃ কিমিহায়ুষো ব্যয়ঃ ॥৯

ত্বম্ অস্মাকম্ অসুরাণাং পরোক্ষঃ পরমঃ গুরুঃ। (শত্রুতয়া প্রতীয়মানঃ অপি) যঃ ভবান্ অনেকমদান্ধানাম্ (অনেকৈঃ দৌর্য্য-বীর্য্য-ধনাভিজনাদিদুর্জ্জয়ৈঃ মদৈঃ অন্ধানাং) নঃ অস্মাকং বিভ্রংশং বিনষ্টিং চক্ষুঃ আদিশৎ ॥৫

উহ; যং মোক্ষলক্ষণাং সিদ্ধিং ফলম্ একান্তযোগিনঃ অনন্য-ভক্তি-যোগনিষ্ঠাঃ লেভিরে, তাং সিদ্ধিং বহবঃ বিবুধেতরাঃ অসুরাঃ যস্মিন্ ত্বয়ি দৃঢ়েন বৈরানুবন্ধেন এব লেভিরে ॥৬

তেন ভূরিকর্ম্মণা অচিন্ত্যানন্ত-বীর্য্যেণ ভবতা অহং নিগৃহীতঃ অস্মি বারুণৈঃ পাশৈঃ বদ্ধঃ, তথাপি অত্র নাহং ব্রীড়ে লজ্জাং ন প্রাপ্নোমি, ন চ ব্যথে ব্যথাম্ অপি ন অনুভবামি ॥৭

ভবদ্বিপক্ষেণ ভবদ্ভক্তেন স্বপিত্রা হিরণ্যকশিপুনা বিচিত্র-বৈশসং নানাবিধদুঃখং প্রাপিতঃ ত্বৎ-পরমঃ (ত্বম্ এব পরমঃ সেব্যঃ আশ্রয়শ্চ যস্য সঃ), অতঃ আবিষ্কৃতঃ সাধুবাদঃ সংকীর্ত্তিঃ যস্য সঃ, ভবদীয়ত্বেন সম্মতঃ যে মম পিতামহঃ প্রহ্লাদঃ ॥৮

মর্ত্যস্য মরণশীলস্য পুংসঃ যঃ অন্ততঃ দেহিনং জহাতি, তেন অনেন আত্মনা দেহেন কিং প্রয়োজনম্? তথা রিক্থহারৈঃ দায়াদৈঃ স্বজনাখ্যদস্যুভিঃ (স্বজনঃ ইতি আখ্যা নাম যেষাং তে ধনধর্ম্মাদিহরণহেতুত্বাৎ দস্যবঃ এব যে তৈঃ) পুত্রৈঃ কিম্? জন্ম-মরণাদি-সংসৃতিহেতুভূতয়া জায়য়া ভার্য্যয়া কিম্? গেহৈঃ কারাসদৃশৈঃ কিম্? (কিঞ্চ ইহ প্রবৃত্তিমার্গে) আয়ুষঃ কেবলম্

পরমপূজনীয়গণ যে দণ্ড দান করেন, উহাকে আমি দণ্ডিত পুরুষগণের পক্ষে আদরণীয় বলিয়াই মনে করি, যে দণ্ড মাতা, পিতা, ভ্রাতা বা সুহৃদ্‌গণও দিতে পারেন না।৪

হে ভগবন্! আপনি প্রভুত্বমদমত্ত আমাদের অসুরগণের মত্ততানাশক জ্ঞানদৃষ্টি প্রদান করায় নিশ্চয়ই আপনি আমাদের পরোক্ষ পরমগুরু।৫

অনেক অসুরগণ ইতঃপূর্বে আপনার প্রতি নিরবচ্ছিন্ন বৈরভাব পোষণ করিয়া সিদ্ধি লাভ করিয়াছেন—যে সিদ্ধি কেবলমাত্র একনিষ্ঠ যোগি-গণই লাভ করেন।৬

বহু লীলার আশ্রয় সেই পরমগুরু আপনি সম্প্রতি আমাকে নিগৃহীত করিয়া বরুণপাশে আবদ্ধ করিয়াছেন, ইহাতে আমি লজ্জা বা পীড়াবোধ করিতেছি না।৭

আপনার নিজ জনগণকর্তৃক সমাদৃত এবং এবং তাঁহাদের নিকট হইতে প্রশংসাপ্রাপ্ত আমার পিতামহ শ্রীপ্রহ্লাদমহারাজ আপনার শত্রু নিজ পিতা হিরণ্যকশিপুদ্বারা নানাভাবে উৎপীড়িত হইয়াও একমাত্র আপনারই শরণাগত হইয়াছিলেন।৮

আয়ুর অবসান ঘটিলে যে দেহ অবশ্যই জীবকে পরিত্যাগ করে, মর্ত্য (মরণশীল) ব্যক্তির সেই দেহদ্বারা প্রয়োজন কি? বিত্তহরণকারী পুত্রনামক দস্যুগণেরই বা কি প্রয়োজন? এইরূপ সংসার-বন্ধনের কারণস্বরূপ পত্নীদ্বারাই বা কোন্ ইষ্টসিদ্ধি হইতে পারে? আর যে গৃহে কেবলমাত্র আয়ুঃক্ষয়ই সার হয়, সেরূপ গৃহদ্বারাই বা কি হইবে? হে সত্তম! এইরূপ নিশ্চয় করিয়া আমার পিতামহ

ইত্থং স নিশ্চিত্য পিতামহো মহান্
অগাধবোধো ভবতঃ পাদপদ্মম্।
ধ্রুবং প্রপেদে হ্যকুতোভয়ং জনাদ্-
ভীতঃ স্বপক্ষক্ষপণস্য সত্তম ॥১০

অথাহমপ্যাত্মরিপোস্তবান্তিকং
দৈবেন নীতঃ প্রসভং ত্যাজিতশ্রীঃ।
ইদং কৃতান্তান্তিকবর্তি জীবিতং
যয়া ধ্রুবং সুরুমতির্ন বুধ্যতে ॥১১

শ্রীশুক উবাচ।

তস্যেত্থং ভাষমাণস্য প্রহ্লাদো ভগবৎপ্রিয়ঃ।
আজগাম কুরুশ্রেষ্ঠ রাকাপতিরিবোত্থিতঃ ॥১২

তমিন্দ্রসেনঃ স্বপিতামহং শ্রিয়া
বিরাজমানং নলিনায়তেক্ষণম্।
প্রাংশুং পিশঙ্গাম্বরমঞ্জনত্বিষং
প্রলম্ববাহুং সুভগং সমৈক্ষত ॥১৩

আয়ুঃ ব্যয়ঃ ক্ষয়ঃ এব ভবতি ॥৯

অগাধবোধঃ অপরিমিত-জ্ঞান-সম্পন্নঃ, সত্তম: ভক্তশ্রেষ্ঠঃ মহান্ সর্ব্বসদ্গুণসম্পন্নঃ সঃ অস্মাকং পিতামহঃ ইত্থং নিশ্চিত্য অবাৎ সংসারিজনসঙ্গাৎ ভীতঃ সন্ স্বপক্ষক্ষপণস্য (স্বপক্ষং দৈত্যকুলং ক্ষপয়তীতি তথাভূতস্য) ভবতঃ অকুতোভয়ং (নাস্তি কুতোঽপি ভয়ং যস্মাৎ তথাভূতং) ধ্রুবং নিত্যং পুরুষার্থরূপং পাদপদ্মং প্রপেদে শরণং জগাম ॥১০

অথ তস্মাৎ তৎপৌত্রত্বাৎ দৈবেন তস্য পুণ্যপ্রভাবেণ অহম্ অপি আত্মরিপোঃ তব অন্তিকং নীতঃ তথা যয়া চ প্রসভং বলাৎ এব অহং ত্যাজিতশ্রীঃ (ত্যাজিতা শ্রীঃ যস্য তথাভূতঃ আতঃ), যয়া শ্রিয়া তত্ত্বমতিঃ মূঢ়ধীবিবেকঃ পুমান্ ইদং জীবিতম্ অধ্রুবং কৃতান্তস্য অন্তিকবর্তি ইতি ন বুধ্যতে ॥১১

শ্রীশুকঃ উবাচ। হে কুরুশ্রেষ্ঠ। তস্য বলেঃ ইত্থং ভাষমাণস্য সতঃ উত্থিতঃ উদিতঃ রাকাপতিঃ পূর্ণচন্দ্রঃ ইব ভগবৎপ্রিয়ঃ প্রহ্লাদঃ আজগাম ॥১২

সঃ ইন্দ্রসেনঃ প্রাপ্তেন্দ্ররাজ্যঃ বলিঃ শ্রিয়া কান্ত্যা বিরাজমানং, নলিনায়তেক্ষণং (নলিনবৎ আয়তে ঈক্ষণে যস্য তম্), প্রাংশুম্ উন্নতং, পিশঙ্গে অম্বরে যস্য তম্, অঞ্জনত্বিষং শ্যামলং, প্রলম্ববাহুং (প্রলম্বৌ আজানুলম্বৌ বাহু যস্য তম্), সুভগং সর্ব্বলোক-প্রিয়ং স্বপিতামহম্ ঐক্ষত ॥১৩

মহাজ্ঞানী মহাপুরুষ সেই শ্রীপ্রহ্লাদমহারাজ জনসঙ্গ হইতে ভীত হইয়া স্বপক্ষের সংহারকারী আপনারই নির্ভয় ও অক্ষয় পাদপদ্মের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন ।৯-১০

হে ভগবন্। আমিও সেই শ্রীপ্রহ্লাদমহারাজের সৌভাগ্যদ্বারাই নিজ শত্রু আপনার পদপ্রান্তে আনীত হইয়াছি এবং পুরুষ যে সম্পদের মোহে মুগ্ধমতি হইয়া নিয়ত মৃত্যুর দ্বারপ্রান্তে উপস্থিত নিজ জীবনকে কখনও অনিত্য মনে করিতে পারে না, শ্রীপ্রহ্লাদ মহারাজের সৌভাগ্যই আমাকে সেই সম্পদ ত্যাগ করাইয়াছে ।১১

শ্রীশুকদেব বলিলেন—হে কুরুশ্রেষ্ঠ! বলি যে সময়ে এরূপ বলিতেছিলেন, তখনই উদিত পূর্ণচন্দ্রের ন্যায় ভগবৎপ্রিয় শ্রীপ্রহ্লাদমহারাজ তথায় উপস্থিত হইলেন ।১২

তখন দৈত্যপতি বলি সৌন্দর্য্যশালী, পদ্মবৎ বিশাললোচন, উন্নতকায়, পিঙ্গলবস্ত্রধারী, শ্যামবর্ণ, সুদীর্ঘবাহু ও পরমমনোরম পিতামহকে দেখিতে পাইলেন ।১৩

তস্মৈ বলির্বারুণপাশযন্ত্রিতঃ
সমর্হণং নোপজহার পূর্ব্ববৎ।
ননাম মূর্দ্ধাশ্রুবিলোললোচনঃ
সব্রীড়নীচীনমুখো বভূব হ ॥১৪

স তত্র হাসীনমুদীক্ষ্য সৎপতিং
হরিং সুনন্দাদ্যনুগৈরুপাসিতম্।
উপেত্য ভূমৌ শিরসা মহামনা
ননাম মূর্দ্ধা পুলকাশ্রুবিক্লবঃ ॥১৫

প্রহ্লাদ উবাচ।
ত্বয়ৈব দত্তং পদমৈন্দ্রমূর্জ্জিতং
হৃতং তদেবাগ্র তথৈব শোভনম্।
মন্যে মহানস্য কৃতো হ্যনুগ্রহো
বিভ্রংশিতো যচ্ছ্রিয় আত্মমোহনাৎ ॥১৬
যয়া হি বিদ্বানপি মুহ্যতে যত-
স্তৎ কো বিচষ্টে গতিমাত্মনো যথা।
তস্মৈ নমস্তে জগদীশ্বরায় বৈ
নারায়ণায়াখিললোকসাক্ষিণে ॥১৭

বারুণ-পাশযন্ত্রিতঃ পাশবদ্ধঃ বলিঃ তস্মৈ প্রহ্লাদায় পূর্ব্ববৎ সমর্হণম্ অর্ঘ্যাদি পূর্ব্বকং পূজনং ন উপজহার ন কৃতবান্, কিন্তু কেবলং মূর্দ্ধা ননাম (তথা ভগবৎসমীপে সাহঙ্কারোক্তিং স্মরন্) অশ্রুবিলোল-লোচনঃ (অশ্রুভিঃ বিলোলে মুহুঃ লোচনে যস্য তথাবিধঃ সন্) সব্রীড়ং নীচীনম্ অধঃকৃতং মুখং যস্য তাদৃশঃ বভূব ॥১৪

সঃ মহামনাঃ প্রসন্নমনাঃ প্রহ্লাদঃ সুনন্দাদ্যনুগৈঃ পার্ষদৈঃ উপাসিতং সেব্যমানং সৎপতিং হরিং বামনং তত্র আসীনম্ উপবিষ্টম্ উদীক্ষ্য পুলকৈঃ উদ্ভিন্নরোমভিঃ অশ্রুভিঃ চ বিক্লবঃ ব্যাকুলঃ সন্ শিরসা মস্তেন এব উপেত্য মূর্দ্ধা ভূমৌ ননাম ॥১৫

প্রহ্লাদঃ উবাচ। উদ্ধিতঃ সমৃদ্ধং ঐন্দ্রপদম্ অস্মৈ ত্বয়া এব পূর্বং দত্তম্। তৎ অদ্য ত্বয়া এব হৃতং তথৈব শোভনম্ এব কৃতম্। হি নিশ্চিতম্ অত্র বলেঃ ভবতা মহান্ এব অনুগ্রহঃ কৃতঃ ইত্যহং মন্যে; যৎ যস্মাৎ শ্রীঃ এব আত্মমোহনম্ আত্মজ্ঞানপ্রতিবন্ধকম্, তস্মাৎ অয়ং বিভ্রংশিতঃ (অতঃ রক্ষিতঃ এব) ॥১৬

যয়া শ্রিয়া বিদ্বান্ পণ্ডিতঃ যতঃ সংযতচিত্তঃ অপি জনঃ মুহ্যতে আত্মতত্ত্বাবিষয়তি, তস্মাৎ সত্যাং কঃ বা অন্যঃ পুমান্ আত্মনঃ গতিং তত্ত্বং যথাবৎ বিচষ্টে পশ্যতি। তস্মৈ অখিললোকসাক্ষিণে জগদীশ্বরায় তে তুভ্যং নারায়ণায় বৈ নমঃ ॥১৭

পরন্তু তৎকালে বলি বরুণপাশে আবদ্ধ ছিলেন বলিয়া পূর্বের ন্যায় তাঁহাকে পূজোপহার অর্পণ করিতে সমর্থ হইলেন না, কেবলমাত্র অশ্রুবিহ্বল-নয়নে অবনতমস্তকে তাঁহাকে প্রণাম করিয়া নিজ অহঙ্কারাদিরূপ অপরাধ স্মরণহেতু লজ্জায় মুখ নত করিয়াছিলেন ১৪

মহামতি শ্রীপ্রহ্লাদমহারাজ সেখানে সুনন্দাদি অনুচরগণকর্তৃক সেবিত, সজ্জনপালক শ্রীহরিকে উপবিষ্ট দেখিয়া পুলক ও অশ্রুধারায় বিহ্বল হইয়া অবনতমস্তকে তাঁহার নিকটস্থ হইলেন এবং মস্তক-দ্বারাই ভূতলে প্রণাম করিয়াছিলেন ।১৫

শ্রীপ্রহ্লাদ বলিলেন—হে ভগবন্! আপনিই বলিকে পূর্বে সমৃদ্ধিশালী ইন্দ্রপদ প্রদান করিয়াছিলেন এবং অদ্য আপনিই তাহা হরণ করিলেন। বস্তুতঃ ইহা সুসঙ্গতই হইয়াছে। আমি মনে করি—আপনি তাহাকে যে আত্মার মোহজনক সম্পদ্‌রাশি হইতে বিচ্যুত করিয়াছেন, ইহাতে তাঁহার প্রতি পরম অনুগ্রহ প্রকাশ করা হইল ।১৬

যে সম্পদ্ লাভ করিলে বিদ্বান্ এবং সংযত-চিত্ত ব্যক্তিও মোহিত হন, সেই সম্পদ্ বর্তমান থাকিতে অপর কোন্ ব্যক্তিই বা যথাযথভাবে নিজ তত্ত্বদর্শনে সমর্থ হয়? (অতএব বলির সম্পদ্ হরণ করিয়া আপনি তাহার পরম উপকারই করিয়াছেন)। আমি সর্বলোকের সাক্ষী জগদীশ্বর

শ্রীশুক উবাচ।

তস্যানুশৃণ্বতো রাজন্ প্রহ্রাদস্য কৃতাঞ্জলেঃ।
হিরণ্যগর্ভো ভগবানুবাচ মধুসূদনম্ ॥১৮

বদ্ধং বীক্ষ্য পতিং সাধ্বী তৎপত্নী ভয়বিহ্বলা।
প্রাঞ্জলিঃ প্রণতোপেন্দ্রং বভাষেঽবাঙ্মুখী নৃপ ॥১৯

বিন্ধ্যাবলিরুবাচ।

ক্রীড়ার্থমাত্মন ইদং ত্রিজগৎ কৃতং তে
স্বাম্যন্তু তত্র কুধিয়োঽপর ঈশ কুর্যুঃ।
কর্তুঃ প্রভোস্তব কিমস্যত আবহন্তি
ত্যক্তক্রিয়স্ত্বদবরোপিতকর্তৃবাদাঃ ॥২০

ব্রহ্মোবাচ।

ভূতভাবন ভূতেশ দেবদেব জগন্ময়।
মুঞ্চৈনং হৃতসর্ব্বস্বং নায়মর্হতি নিগ্রহম্ ॥২১

কৃৎস্না তেঽনেন দত্তা ভূর্লোকাঃ কর্ম্মার্জ্জিতাশ্চ যে।
নিবেদিতঞ্চ সর্ব্বস্বমাত্মাবিক্লবয়া ধিয়া ॥২২

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! কৃতাঞ্জলেঃ তস্য প্রহ্রাদস্য শৃণ্বতঃ এব সতঃ ভগবান্ হিরণ্যগর্ভঃ মধুসূদনং বামনম্ উবাচ বক্তুম্ উদ্যতঃ ॥১৮

হে নৃপ! তথা তস্য বলেঃ পত্নী সাধ্বী বিন্ধ্যাবলিঃ পতিং বদ্ধং বীক্ষ্য ভয়বিহ্বলা অতঃ প্রাঞ্জলিঃ অবাঙ্মুখী প্রণম্য সতী ইদং বক্তুমেব উবাচ ॥১৯

বিন্ধ্যাবলিঃ উবাচ। হে ঈশ! হে স্বয়া আত্মনঃ স্বস্য ক্রীড়ার্থম্ ইদং লোকত্রয়াত্মকং জগৎ কৃতং খলু। তত্র তৎ-ক্রীড়োপকরণভূতে জগতি অপরে কেচিৎ স্বাম্যং স্বত্ববুদ্ধিং কুর্যুঃ কুর্বন্তি। হে ঈশ! স্বয়া অবরোপিতঃ মায়াপ্রেরণয়া কর্তৃবাদাঃ 'অহং স্বতন্ত্রাঃ কর্তারঃ' ইতি বাদমাত্রং যেষাং তে, ত্যক্তক্রিয়ঃ নির্লজ্জাঃ জনাঃ কর্তুঃ জগৎস্রষ্টুঃ, প্রভোঃ পালকস্য, অতএব সংহর্তুঃ তব কিম্ আবহন্তি সমর্পয়ন্তি (স্বত্বাভাবাৎ ন কিমপীতি ভাবঃ) ॥২০

ব্রহ্মা উবাচ। হে ভূতভাবন্! হে ভূতেশ ভূতনিয়ন্তঃ! হে দেবদেব! হে জগন্ময়! হৃতসর্ব্বস্বম্ (হৃতং খণ্ডিতং সর্ব্বং স্বস্যাং তম্) এনং বলিং মুঞ্চ! অয়ং নিগ্রহং দণ্ডং ন অর্হতি ॥২১

অবিক্লবয়া অধীনয়া ধিয়া অনেন বলিনা তে তুভ্যং সর্ব্বস্বং নিবেদিতম্, কৃৎস্নাঃ ভূঃ দত্তা, কর্ম্মার্জ্জিতা (কর্মভিঃ অর্জ্জিতাঃ স্বর্গাদিলোকাঃ) যে তেঽপি দত্তাঃ তথা আত্মা দেহঃ চ দত্তঃ ॥২২

নারায়ণরূপী আপনাকে প্রণাম করি।১৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর ভগবান্ ব্রহ্মা কৃতাঞ্জলি হইয়া অবস্থিত সেই শ্রীপ্রহ্লাদ-মহারাজের শ্রুতিগোচর করিয়া ভগবান্ মধুসূদনকে কিঞ্চিৎ বলিবার উপক্রম করিলেন।১৮

হে মহারাজ! এই সময়ে বলির পত্নী সতী বিন্ধ্যাবলি পতিকে আবদ্ধ দেখিয়া ভয়বিহ্বলা ও কৃতাঞ্জলি হইয়া বামনদেবকে প্রণামপূর্বক নতমুখে এরূপ বলিয়াছিলেন।১৯

শ্রীবিন্ধ্যাবলি বলিলেন—হে ঈশ! আপনি নিজ লীলাপ্রকাশের জন্যই এই ত্রিলোকের সৃষ্টি করিয়াছেন, পরন্তু অপর দুর্বুদ্ধিগণ এই ত্রিলোকে প্রভুত্ব বিস্তার করে। বস্তুতঃ আপনি জগতের সৃষ্টিকর্তা, পালক ও সংহারকারী বলিয়া—আপনি যাহাদের প্রতি কেবলমাত্র কর্তৃত্ববাদ আরোপ করিয়াছেন, সেই নির্লজ্জগণ আপনাকে কোন্ বস্তু দান করিতে পারে।২০

শ্রীব্রহ্মা বলিলেন—হে ভূতভাবন (জগৎসৃষ্টি-কারক)! হে ভূতেশ! হে দেবদেব! হে জগন্ময়! আপনি হৃতসর্ব্বস্ব এই বলিকে বন্ধনমুক্ত করুন; যেহেতু ইনি নিগ্রহের যোগ্য নহেন।২১

ইনি আপনাকে সমগ্র ভূমি ও কর্মার্জিত সকল লোক দান করিয়াছেন এবং অবশেষে অকাতর-চিত্তে সর্ব্বস্বস্বরূপ আত্মাকে পর্য্যন্ত নিবেদন করিয়াছেন।২২

যৎপাদয়োরশঠধীঃ সলিলং প্রদায়
দূর্ব্বাঙ্কুরৈরপি বিধায় সতীং সপর্য্যাম্।
অপ্যুত্তমাং গতিমসৌ ভজতে ত্রিলোকীং
দাত্মানবিক্লবমনাঃ কথমার্তিমৃচ্ছেৎ ॥২৩

শ্রীভগবানুবাচ।

ব্রহ্মন্ যমনুগৃহ্ণামি তদ্বিশো বিধুনোম্যহম্।
যন্মদঃ পুরুষঃ স্তব্ধো লোকং মাঞ্চাবমন্যতে ॥২৪
যদা কদাচিজ্জীবাত্মা সংসরন্নিজকর্ম্মভিঃ।
নানাযোনিষ্বনীশোঽয়ং পৌরুষীং গতিমাব্রজেৎ ॥২৫

জন্মকর্ম্মবয়োরূপ-বিদ্যৈশ্বর্য্যধনাদিভিঃ।
যস্য ন ভবেৎ স্তম্ভস্তত্রায়ং মদনুগ্রহঃ ॥২৬

মানস্তম্ভনিমিত্তানাং জন্মাদীনাং সমন্ততঃ।
সর্ব্বশ্রেয়ঃপ্রতীপানাং হন্ত মুহ্যেন্ন মৎপরঃ ॥২৭

এষ দানবদৈত্যানামগ্রণীঃ কীর্ত্তিবর্দ্ধনঃ।
অজৈষীদজয়াং মায়াং সীদন্নপি ন মুহ্যতি ॥২৮

ক্ষীণরিক্থশ্চ্যুতঃ স্থানাৎ ক্ষিপ্তো বদ্ধশ্চ শত্রুভিঃ।
জ্ঞাতিভিশ্চ পরিত্যক্তো যাতনামনুযাপিতঃ ॥২৯

অশঠধীঃ অকপটবুদ্ধিঃ অসৌ জনঃ যস্য তব পাদয়োঃ সলিলং প্রদায়, দূর্ব্বাঙ্কুরৈঃ অপি সতীং সপর্য্যাং বিধায়, উত্তমাং গতিং বৈকুণ্ঠাদিলোকং ভজতে প্রাপ্নোতি, তদা অবিক্লবমনাঃ স্থিরচিত্তঃ এষ অসৌ বলিঃ তৃণ্যং ত্রিলোকীং দাত্মান্ দত্তবান্। অতঃ আর্তিং দুঃখং কথং স ঋচ্ছেৎ প্রাপ্নুয়াৎ ॥২৩

শ্রীভগবান্ উবাচ। হে ব্রহ্মন্! অহং যাবৎ যম্ অনুগৃহ্ণামি অনুগ্রহীতুম্ ইচ্ছামি, তস্য বিশঃ ধনৈশ্বর্য্যাদীন্ বিধুনোমি তস্যঃ বিয়োজয়ামি। যৈঃ ধনাদিভিঃ যদঃ যস্য জাতুষঃ তস্যঃ অবয়ঃ জনঃ লোকং মাং চ অবমন্যতে তিরস্করোতি ॥২৪

অনীশঃ কর্ম্মবশঃ অয়ং জীবাত্মা নিজকর্ম্মভিঃ নানাযোনিষু কীটপতঙ্গাদিষু সংসরন্ যদা কদাচিৎ সুকৃতিবশাৎ পৌরুষীং গতিং পুরুষার্থ-সাধকা মনুষ্যতনুম্ আব্রজেৎ আপ্নুয়াৎ ॥২৫

যদি অস্য জীবস্য তস্মিন্ পৌরুষ্যাং গতৌ জন্ম-কর্ম্ম-বয়ো-রূপ-বিদ্যৈশ্বর্য্য-ধনাদিভিঃ স্তম্ভঃ গর্ব্বঃ ন ভবেৎ, তদা মম অনুগ্রহঃ এষ ভবেৎ ॥২৬

হে ব্রহ্মন্! মানঃ এব স্তম্ভঃ তস্য নিমিত্তানাং নিমিত্তভূতানাং সমন্ততঃ সর্ব্বশ্রেয়ঃপ্রতীপানাং প্রতিকূলানাং জন্মাদীনাং সত্ত্বেঽপি হন্ত মৎপরঃ ভক্তঃ জনঃ ন মুহ্যেৎ গর্ব্বান্ ন করোতি ॥২৭

দানবদৈত্যানাম্ অগ্রণীঃ অধিপতিঃ কীর্ত্তিবর্দ্ধনঃ এষঃ বলিঃ অজয়াং দুর্জ্জয়াম্ অপি মায়াম্ অজৈষীৎ, যতঃ সীদন্ সর্ব্বস্বাপহারেণ অশক্তিম্ অনুভবন্ অপি ন মুহ্যতি ॥২৮

ক্ষীণং রিক্থং ধনং যস্য সঃ স্থানাৎ চ্যুতঃ, শত্রুভিঃ ক্ষিপ্তঃ (বন্ধনৈঃ তিরস্কৃতঃ) বদ্ধঃ চ জ্ঞাতিভিঃ পরিত্যক্তঃ যাতনাং পীড়াম্ অনুযাপিতঃ (বিশ ক্ষ নিরয়ং ভস্মাদিত্যাদিনা) ॥২৯

হে ভগবন্! সরলবুদ্ধি যে কোন লোক আপনার পাদপদ্মে জলমাত্র সমর্পণ এবং দূর্ব্বাঙ্কুর দ্বারা ও উত্তম পূজার অনুষ্ঠানপূর্ব্বক উত্তম গতি লাভ করে, এ অবস্থায় অকাতরচিত্তে এই ত্রিলোক দান করিয়া বলি কিরূপে নিগ্রহ ভোগ করিতে পারে ?২৩

শ্রীভগবান্ বলিলেন—হে ব্রহ্মন্! আমি যাহাকে অনুগ্রহ করি, তাহার ধনরাশির বিচ্ছেদ ঘটাইয়া থাকি, যেহেতু লোক ধনমদে গর্বিত হইয়া জগৎ, এমন কি আমাকে পর্য্যন্ত অবজ্ঞা করিয়া থাকে ॥২৪

পরাধীন এই জীবাত্মা সর্ব্বদা নিজ কর্ম্মবশতঃ নানা যোনিতে ভ্রমণ করিতে করিতে সৌভাগ্যক্রমে কদাচিৎ পুরুষরূপে জন্মগ্রহণ করে।২৫

সেই পুরুষজন্মে যদি জীবের উত্তমকুলে জন্ম, সৎকর্ম, যৌবন, সৌন্দর্য্য, বিদ্যা, প্রভুত্ব ও ধনাদিদ্বারা মত্ততার সৃষ্টি না হয়, তাহা হইলে তাহার প্রতি উহাই আমার অনুগ্রহ বলিয়া মনে করিতে হইবে।২৬

হে ব্রহ্মন্! অভিমানরূপ অবিনয়ের কারণ এবং সকলদিকে সর্বপ্রকার কল্যাণের প্রতিবন্ধক পূর্বোক্ত সৎকুলে জন্মপ্রভৃতি বিদ্যমান থাকিতেও আমার ভক্তজন কখনও মোহিত হয় না।২৭

দানব ও দৈত্যগণের অগ্রণী যশোবর্ধন এই বলি দুর্জ্জয় মায়াকে জয় করিয়াছে, যেহেতু সে সর্ব্বতোভাবে অবসন্ন হইয়াও মোহগ্রস্ত হয় নাই।২৮

গুরুণা ভৎর্সিতঃ শপ্তো জহৌ সত্যং ন সুব্রতঃ।
ছলৈরুক্তো ময়া ধর্ম্মো নায়ং ত্যজতি সত্যবাক্ ॥৩০

এষ মে প্রাপিতঃ স্থানং দুষ্প্রাপমমরৈরপি।
সাবর্ণেরন্তরস্যায়ং ভবিতেন্দ্রো মদাশ্রয়ঃ ॥৩১

তাবৎ সুতলমধ্যাস্তাং বিশ্বকর্ম্মবিনির্ম্মিতম্।
যদাধয়ো ব্যাধয়শ্চ ক্লমস্তন্দ্রা পরাভবঃ।
নোপসর্গা নিবসতাং সম্ভবন্তি মমেক্ষয়া ॥৩২

ইন্দ্রসেন মহারাজ যাহি ভো ভদ্রমস্তু তে।
সুতলং স্বর্গিভিঃ প্রার্থ্যং জ্ঞাতিভিঃ পরিবারিতঃ ॥৩৩

ন ত্বাভিভবিষ্যন্তি লোকেশাঃ কিমুতাপরে।
ত্বচ্ছাসনাতিগান্ দৈত্যাংশ্চক্রং মে সূদয়িষ্যতি ॥৩৪

রক্ষিষ্যে সর্ব্বতোঽহং ত্বাং সানুগং সপরিচ্ছদম্।
সদা সন্নিহিতং বীর তত্র মাং দ্রক্ষ্যতে ভবান্ ॥৩৫

গুরুণা শুক্রেণ ভৎর্সিতঃ ভিরস্কৃতঃ, শপ্তঃ চ অসৌ সুব্রতঃ দৃঢ়সঙ্কল্পঃ, বলিঃ সত্যং ন জহৌ (প্রতিজ্ঞাতং নান্যথা কৃতবান্)। ময়া চ ছলৈঃ এষ ধর্ম্মঃ উক্তঃ, অয়ং তং ধর্ম্মং ন ত্যজতি, অতোঽয়ং সত্যবাক্ ॥৩০

এষঃ বলিঃ মে ময়া অমরৈঃ অপি দুষ্প্রাপং স্থানং প্রাপিতঃ। মদাশ্রয়ঃ অহং সাবর্ণেঃ অন্তরস্য মন্বন্তরে ইন্দ্রঃ ভবিতা ভবিষ্যতি ॥৩১

তাবৎ বিশ্বকর্ম্মণা বিনির্ম্মিতং (স্বর্গাদপি উৎকৃষ্টং) সুতলম্ অধ্যাস্তাম্ অধিবসতু। যং যত্র মম ঈক্ষয়া কৃপাবলোকনেন নিবসতাং জনানাম্ আধয়ঃ মনঃ পীড়াঃ, ব্যাধয়ঃ দেহপীড়াঃ মনঃগ্লানিঃ, তন্দ্রা আলস্যং, পরাভবঃ শত্রোকাদিভিঃ, উপসর্গাঃ উপদ্রবাঃ চ ন ভবন্তি ॥৩২

ভোঃ ইন্দ্রসেন মহারাজ! তে তুভ্যং কল্যাণম্ অস্তু। ত্বং জ্ঞাতিভিঃ পরিবারিতঃ সন্ স্বর্গিভিঃ অমরৈঃ প্রার্থ্যং সুতলং যাহি ॥৩৩

তত্র বসন্তং ত্বাং লোকেশাঃ ইন্দ্রাদয়ঃ অপি ন অভিভবিষ্যন্তি; অপরেণ ইতি কিমু বক্তব্যম্। ত্বচ্ছাসনাতিগান্ তব আজ্ঞাম্ উল্লঙ্ঘ্য বর্ত্তমানান্ দৈত্যান্ যে যে চক্রং সূদয়িষ্যতি হনিষ্যতি ॥৩৪

সানুগং ভৃত্যাদিসহিতং, সপরিচ্ছদং ত্বাম্ অহং সর্ব্বতঃ সর্ব্বোপদ্রবেভ্যঃ রক্ষিষ্যে। হে বীর! তত্র সুতলে সদা সন্নিহিতং দ্বারি অবস্থিতং মাং ভবান্ দ্রক্ষ্যতে দ্রক্ষ্যতি ॥৩৫

এই বলি সম্প্রতি ধনহীন, স্থানভ্রষ্ট, শত্রুগণকর্ত্তৃক তিরস্কৃত ও বন্ধনে আবদ্ধ হইয়াছে, জ্ঞাতিগণও ইহাকে পরিত্যাগ করিয়াছে এবং নানাভাবে যাতনাভোগ করাইয়াছে।২৯

এইরূপ গুরু শুক্রাচার্য্য এই বলিকে ভৎর্সনাপূর্বক অভিশাপ প্রদান করিয়াছেন, তথাপি এই সুব্রত সত্য পরিত্যাগ করে নাই এবং আমি ছলপূর্বক যে ধর্ম্মের কথা বলিয়াছি, সত্যবাদী বলি সেই ধর্ম্মকেও লঙ্ঘন করে নাই।৩০

অতএব আমি ইহাকে দেবতাগণেরও দুর্লভ স্থান দান করিয়াছি, সাবর্ণি মন্বন্তরে এই বলি ইন্দ্র হইবে এবং আমি তাহার পালকরূপে বিরাজ করিব।৩১

উক্ত মন্বন্তর লাভের পূর্ব পর্য্যন্ত বলি বিশ্বকর্ম্মার রচিত সুতলপুরে বাস করিবে। আমার দৃষ্টির প্রভাবে সুতলের অধিবাসিগণের মনঃপীড়া, ব্যাধি, ক্লান্তি, তন্দ্রা, পরাভব ও অন্যান্য উপদ্রবসমূহ জন্মিতে পারে না।৩২

হে মহারাজ ইন্দ্রসেন! তোমার মঙ্গল হউক। সম্প্রতি তুমি জ্ঞাতিগণকর্ত্তৃক পরিবৃত হইয়া দেবগণেরও বাঞ্ছিত সুতলপুরে গমন কর।৩৩

লোকপালগণও তোমাকে পরাভূত করিতে পারিবে না, অপরের আর কথা কি? যে সকল দৈত্য তোমার আদেশ লঙ্ঘন করিবে, আমার সুদর্শন চক্র তাহাদিগকে বধ করিবে।৩৪

হে বীর! আমি অনুচরবর্গ ও পরিচ্ছদসহ সর্বত্র তোমায় রক্ষা করিব এবং তুমি সেই সুতলপুরে সর্বদাই আমাকে নিকটে উপস্থিত দেখিবে।৩৫

তত্র দানবদৈত্যানাং সঙ্গাৎ তে ভাব আসুরঃ।
দৃষ্ট্বা মদনুভাবং বৈ সদ্যঃ কুণ্ঠো বিনঙ্ক্ষ্যতি ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে
দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২

দানব-দৈত্যানাং সঙ্গাৎ যঃ তব আসুরঃ ভাবঃ, তত্র সঃ এব ॥৩৬
মদনুভাবং স্বরূপং দৃষ্ট্বা কুণ্ঠঃ প্রতিহতঃ সন্ সদ্যঃ বিনঙ্ক্ষ্যতি
শ্রীধরস্বামিকৃতায়াং ভাবার্থদীপিকায়াং অষ্টমে স্কন্ধে দ্বাবিংশোঽধ্যায়ঃ।

সেখানে দৈত্যদানবগণের সঙ্গহেতু তোমার তৎক্ষণাৎ উহা সঙ্কোচগ্রস্ত হইয়া বিনষ্ট আসুরভাব উৎপন্ন হইলেও আমার প্রভাবদর্শনে হইবে।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োবিংশঃ অধ্যায়ঃ

[বলেঃ সুতললোকগমনম্, উপেন্দ্রপদে বামনস্যাভিষেকশ্চ।]

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তবন্তং পুরুষং পুরাতনং
মহানুভাবোঽখিলসাধুসম্মতঃ।
বদ্ধাঞ্জলির্ব্যাপকলাকুলেক্ষণো
ভক্ত্যুদ্গলো গদ্গদয়া গিরাব্রবীৎ ॥১

বলিরুবাচ।

অহো প্রণামায় কৃতঃ সমুদ্যমঃ
প্রপন্নভক্তার্থবিধৌ সমাহিতঃ।
যল্লোকপালৈস্ত্বদনুগ্রহোঽমরৈ-
রলব্ধপূর্ব্বোঽপসদেঽসুরেঽর্পিতঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ উক্তবন্তং পুরুষং শ্রীবামনং বদ্ধাঞ্জলিঃ বদ্ধঃ ভক্ত্যা বাষ্পস্য কলাভিঃ আকুলে ঈক্ষণে যস্য সঃ ভক্ত্যুদ্গলঃ (ভক্ত্যা উদ্গলঃ উৎ উদ্গতঃ বাষ্পঃ গলে যস্য সঃ) অখিলেষু সাধুতয়া সম্মতঃ মহানুভাবঃ জ্ঞানভক্তিমান্ বলিঃ গদ্গদয়া স্খলিতাক্ষরয়া গিরা অব্রবীৎ ॥১

অন্বয়ঃ

বলিঃ উবাচ। অহো। ত্বদ্ব্যে প্রণামায় ময়া কৃতঃ সমুদ্যমঃ এব প্রপন্নানাং ভক্তানাং যঃ অর্থঃ বাঞ্ছিতপূরণং তস্য বিধৌ সম্পাদনে সমাহিতঃ অগ্রসরঃ এব স্থিতঃ। (যতঃ) যৎ যেন ত্বয়েন লোকপালৈঃ অমরৈঃ অপি অলব্ধপূর্ব্বঃ ত্বদনুগ্রহঃ অপসদে নীচে অসুরে অর্পিতঃ। (প্রণামস্য ত্বয়মাত্রে কৃতে

ত্রয়োবিংশ অধ্যায়

[বলির সুতললোকগমন এবং উপেন্দ্রপদে বামনের অভিষেক।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! পুরাণ-পুরুষ বামনরূপী ভগবান্ শ্রীহরি এরূপ বলিলে, সকল সাধুগণের আদর-ভাজন, মহানুভব বলি কৃতাঞ্জলি হইয়া ভক্তিভরে উৎকণ্ঠার সহিত গদ্‌গদ বাক্যে ভগবান্‌কে এরূপ বলিয়াছিলেন। তৎকালে বাষ্প-বিন্দুসমূহদ্বারা তাঁহার নয়নযুগল সমাচ্ছন্ন হইয়াছিল।১

শ্রীবলি বলিলেন—হে ভগবন্! আপনার প্রণামের কি অদ্ভুত মহিমা! আমি আপনার উদ্দেশ্যে প্রণাম না করিয়া তাহার উপক্রমমাত্রই

শ্রীশুক উবাচ।

ইত্যুক্ত্বা হরিমানত্য ব্রহ্মাণং সভবং ততঃ।
বিবেশ সুতলং প্রীতো বলির্মুক্তঃ সহাসুরৈঃ ॥৩

এবমিন্দ্রায় ভগবান্ প্রত্যানীয় ত্রিবিষ্টপম্।
পূরয়িত্বাদিতেঃ কামমশাসৎ সকলং জগৎ ॥৪

লব্ধপ্রসাদং নির্মুক্তং পৌত্রং বংশধরং বলিম্।
নিশাম্য ভক্তিপ্রবণঃ প্রহ্লাদ ইদমব্রবীৎ ॥৫

প্রহ্লাদ উবাচ।

নেমং বিরিঞ্চো লভতে প্রসাদং
ন শ্রীর্ন শর্ব্বঃ কিমুতাপরেঽন্যে।
যন্নোঽসুরাণামসি দুর্গপালো
বিশ্বাভিবন্দ্যৈরভিবন্দিতাঙ্ঘ্রিঃ ॥৬

যৎপাদপদ্মমকরন্দনিসেবণেন
ব্রহ্মাদয়ঃ শরণদাশ্নুবতে বিভূতীঃ।
কস্মাদ্ বয়ং কুসুতয়ং খলযোনয়স্তে
দাক্ষিণ্যদৃষ্টিপদবীং ভবতঃ প্রণীতাঃ ॥৭

ময়া এতাদৃশঃ অনুগ্রহঃ লব্ধঃ) ॥২

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ উক্ত্বা বারণপাশাৎ মুক্তঃ বলিঃ হরিং বামনং সভবং ব্রহ্মাণম্ আনম্য প্রণম্য ততঃ অসুরৈঃ সহ প্রীতঃ এব সুতলং বিবেশ ॥৩

এবং বলেঃ সকাশাৎ গৃহীতং ত্রিবিষ্টপং স্বর্গম্ ইন্দ্রায় প্রত্যানীয় সমর্প্য অদিতেঃ কামং পূরয়িত্বা ভগবান্ সকলং জগৎ অশাসৎ পালয়ামাস ॥৪

লব্ধপ্রসাদং, প্রাপ্তাৎ নির্মুক্তং, বংশধরং বংশবর্দ্ধনং, পৌত্রং বলিং নিশাম্য দৃষ্ট্বা ভক্তিপ্রবণঃ ভক্তিতৎপরঃ প্রহ্লাদঃ ইদম্ অব্রবীৎ ॥৫

বিশ্বাভিবন্দ্যৈঃ সকল-জগৎপূজ্যৈঃ ব্রহ্মাদিভিঃ অপি অভিবন্দিতৌ অঙ্ঘ্রী যস্য সঃ ত্বং নঃ অস্মাকম্ অসুরাণাং দুর্গপালঃ লাভঃ অসি ইতি যৎ যঃ প্রসাদঃ তং ঈদৃশং প্রসাদং বিরিঞ্চঃ ব্রহ্মা, শ্রীঃ লক্ষ্মীঃ, শর্ব্বঃ রুদ্রঃ চ ন লভতে ন লোভে, অপরে অন্যে ইন্দ্রাদয়ঃ ন লেভিরে ইতি কিম্ বক্তব্যম্ ॥৬

হে শরণপ্রদ! ব্রহ্মাদয়ঃ যস্য তব পাদপদ্ময়োঃ যঃ মকরন্দঃ তস্য নিষেবণেন আরাধনেন সাধনেন বিভূতীঃ ঐশ্বর্য্যাদি অশ্নুবতে প্রাপ্নুবন্তি, তস্য ভগবতঃ যে বয়ং কুসুতয়ঃ দুষ্টজাতয়ঃ, খলযোনয়ঃ উগ্রজাতয়ঃ তে দাক্ষিণ্য-দৃষ্টিপদবীং কৃপাদৃষ্টিবিষয়তাং কস্মাৎ হেতোঃ প্রণীতাঃ? ॥৭

করিয়াছিলাম, তথাপি সেই উপক্রমই যাদৃশ অভক্তের সম্বন্ধেও শরণাগত ভক্তগণের প্রাপ্য বিষয় সম্পাদন করিতে সদা তৎপর রহিয়াছে। যেহেতু সেই প্রণামের উপক্রমই—লোকপাল দেবতাগণও পূর্বে যাহা লাভ করেন নাই আপনার তাদৃশ অনুগ্রহ এই অধম অসুরের প্রতি অর্পণ করিয়াছে ।২

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! বন্ধনমুক্ত বলি এইরূপ বলিয়া শ্রীহরি, ব্রহ্মা ও শঙ্করকে প্রণাম করিয়া সন্তুষ্টচিত্তে অসুরগণের সহিত পাতালপুরে প্রবেশ করিয়াছিলেন ।৩

ভগবান্ শ্রীহরি এইরূপে ইন্দ্রকে স্বর্গলোক প্রত্যর্পণপূর্বক অদিতির মনোবাসনা পূরণ করিয়া স্বয়ং উপেন্দ্ররূপে ত্রিলোক পরিপালন করিয়াছিলেন ।৪

এদিকে ভক্তিপরায়ণ শ্রীপ্রহ্লাদমহারাজ বংশধর পৌত্র বলিকে বন্ধনমুক্ত ও ভগবানের অনুগ্রহপ্রাপ্ত হইতে দেখিয়া ভগবান্‌কে এরূপ বলিয়াছিলেন ।৫

শ্রীপ্রহ্লাদ বলিলেন—হে ভগবন্! বিশ্বপূজ্য পুরুষগণও যাঁহার পাদপদ্মের বন্দনা করেন, সেই আপনি যে আমাদের অসুরগণের দুর্গরক্ষক হইলেন, এরূপ অনুগ্রহ ব্রহ্মা, লক্ষ্মী বা শঙ্করও লাভ করেন নাই, অপর লোকের কথা আর কি বলিব ?৬

হে শরণপ্রদ! ব্রহ্মাদি দেবগণ যাঁহার পাদপদ্ম-যুগলের মধুপান করায় বিবিধ ঐশ্বর্য্য ভোগ করিতেছেন, আমাদের ন্যায় দুর্বৃত্ত উগ্রজাতি অসুরগণ কিরূপে সেই আপনার উদার দৃষ্টিমার্গে উপনীত হইল ?৭

চিত্রং তবেহিতমহোঽমিতযোগমায়া-
লীলাবিসৃষ্টভুবনস্য বিশারদস্য।
সর্ব্বাত্মনঃ সমদৃশো বিষমঃ স্বভাবো
ভক্তপ্রিয়ো যদসি কল্পতরুস্বভাবঃ ॥৮

শ্রীভগবানুবাচ।

বৎস প্রহ্লাদ ভদ্রং তে প্রযাহি সুতলালয়ম্।
মোদমানঃ স্বপৌত্রেণ জ্ঞাতীনাং সুখমাবহ ॥৯
নিত্যং দ্রষ্টাসি মাং তত্র গদাপাণিমবস্থিতম্।
মদ্দর্শনমহাহ্লাদধ্বস্তকর্ম্মনিবন্ধনঃ ॥১০

শ্রীশুক উবাচ।

আজ্ঞাং ভগবতো রাজন্ প্রহ্লাদো বলিনা সহ।
বাঢ়মিত্যমলপ্রজ্ঞো মূর্দ্ধ্ন্যাধায় কৃতাঞ্জলিঃ ॥১১
পরিক্রম্যাদিপুরুষং সর্ব্বাসুরচমূপতিঃ।
প্রণতস্তদনুজ্ঞাতঃ প্রবিবেশ মহাবিলম্ ॥১২
অথাহোশনসং রাজন্ হরির্নারায়ণোঽন্তিকে।
আসীনমৃত্বিজাং মধ্যে সদসি ব্রহ্মবাদিনাম্ ॥১৩
ব্রহ্মন্ সন্তনু শিষ্যস্য কর্ম্ম ছিদ্রং বিতন্বতঃ।
যত্তৎ কর্ম্মসু বৈষম্যং ব্রহ্মদৃষ্টং সমং ভবেৎ ॥১৪

আহা! সমদৃশঃ সর্ব্বাত্মনঃ সর্ব্বোপাদানভূতস্য অমিতা অচিন্ত্যা যোগমায়া সংকল্পরূপা তয়া যা লীলা তয়া বিসৃষ্টানি বিচিত্রাণি ভুবনানি যেন তস্য বিশারদস্য সর্ব্বথা সর্ব্বং কর্ত্তুং সমর্থস্য যৎ যস্মাৎ কল্পতরুবৎ স্বভাবঃ যদ্য তথাভূতঃ সন্ এব ভক্তাঃ প্রিয়াঃ যস্য তথাভূতঃ অসি ইতি বিষমঃ স্বভাবঃ; অহো তব ঈহিতং চেষ্টিতং চিত্রম্ অত্যাশ্চর্য্যম্! ॥৮

শ্রীভগবান্ উবাচ। হে বৎস প্রহ্লাদ! তে ভদ্রং তবতু। সুতলালয়ং প্রযাহি। স্বপৌত্রেণ সহ মোদমানঃ জ্ঞাতীনাং সুখম্ আবহ প্রাপয় ॥৯

তত্র সুতলে যাবি অবস্থিতং গদাপাণিং মাং নিত্যং দ্রষ্টা অসি ভবিষ্যসি। তথা মদ্দর্শনেন যঃ মহান্ আহ্লাদঃ আনন্দঃ তেন ধ্বস্তং কর্ম্মবন্ধং নিবন্ধনং যস্য তাদৃশঃ ত্বং ভবিষ্যসি ॥১০

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সর্ব্বাসুর-চমূপতিঃ অমলপ্রজ্ঞঃ প্রহ্লাদঃ বাঢ়ম্ ইতি উক্ত্বা ভগবতঃ আজ্ঞাং মূর্দ্ধ্নি আধায় কৃতাঞ্জলিঃ এষ বলিনা সহ আদিপুরুষং পরিক্রম্য তং প্রণতঃ তথা যেন অনুজ্ঞাতঃ মহাবিলং সুতলং প্রবিবেশ ॥ ১১-১২

অথ হে রাজন্! ব্রহ্মবাদিনাং সদসি ঋত্বিজাং মধ্যে যত্র ঋত্বিজে সদীপে আসীনম্ উশনসং শুক্রাচার্য্যং নারায়ণঃ হরিঃ আহ ॥১৩

হে ব্রহ্মন্! কর্ম্ম বিতন্বতঃ যজ্ঞং প্রকুর্ব্বতঃ যশিষ্যস্য যৎ ছিদ্রং তত্র ন্যূনং, তৎ সন্তনু পূরয়। যতঃ কর্ম্মসু যৎ বৈষম্যং, তৎ ব্রহ্মদৃষ্টং (ব্রাহ্মণৈঃ দৃষ্টম্ এব) সমং সম্পূর্ণং সম্পূর্ণবিধং

হে ভগবন্! আপনার চরিত্র বস্তুতই অতি-বিচিত্র। যেহেতু স্বয়ং অচিন্তনীয়া যোগমায়ার লীলাদ্বারা ত্রিভুবন সৃষ্টি করিয়াছেন বলিয়া আপনিই সর্বাত্মা এবং আপনি সর্বজ্ঞ বলিয়া সমদর্শী, অথচ আপনার স্বভাব এরূপ বৈষম্যযুক্ত যে, ভক্তগণই আপনার প্রিয় বলিয়া আপনি কল্পতরুর ন্যায় কেবলমাত্র তাঁহাদেরই কামনা পূরণ করেন ॥৮

শ্রীভগবান্ বলিলেন—হে বৎস প্রহ্লাদ! তোমার মঙ্গল হউক। তুমি সুতলরূপ বাসস্থানে গমন কর এবং নিজ পৌত্রের সহিত হৃষ্টচিত্তে জ্ঞাতিগণের সুখবর্ধন কর ॥৯

তুমি আমাকে সর্বদা সেই সুতললোকে গদাহস্তে অবস্থান করিতে দেখিবে এবং আমার দর্শনজনিত পরমানন্দের উপলব্ধিদ্বারা তোমার অজ্ঞান বিনষ্ট হইবে ॥১০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর বিশুদ্ধবুদ্ধি ও সকল অসুরসেনার অধিপতি শ্রীপ্রহ্লাদ বলির সহিত 'তথাস্তু' বলিয়া ভগবানের আদেশবাক্য মস্তকে ধারণ করিলেন এবং কৃতাঞ্জলি হইয়া আদি-পুরুষ শ্রীহরিকে পরিক্রমা করিয়া প্রণামপূর্বক তাঁহার অনুমতি অনুসারে সুতললোকে প্রবেশ করিয়া-ছিলেন ॥১১-১২

হে মহারাজ! অনন্তর ভগবান্ নারায়ণ শ্রীহরি ব্রহ্মবাদী ঋত্বিগ্‌গণের সভায় মধ্যস্থলে উপবিষ্ট অদূরবর্তী শুক্রাচার্য্যকে এরূপ বলিলেন ॥১৩

হে ব্রহ্মন্! যজ্ঞকর্মের অনুষ্ঠানকারী আপনার

শুক্র উবাচ।

কুতস্তৎ কর্ম্মবৈষম্যং যস্য কর্ম্মেশ্বরো ভবান্।
যজ্ঞেশো যজ্ঞপুরুষঃ সর্ব্বভাবেন পূজিতঃ ॥১৫

মন্ত্রতস্তন্ত্রতশ্ছিদ্রং দেশকালার্হবস্তুতঃ।
সর্ব্বং করোতি নিশ্ছিদ্রমনুসংকীর্ত্তনং তব ॥১৬

তথাপি বদতো ভূমন্ করিষ্যাম্যনুশাসনম্।
এতচ্ছ্রেয়ঃ পরং পুংসাং যত্তবাজ্ঞানুপালনম্ ॥১৭

শ্রীশুক উবাচ।

প্রতিনন্দ্য হরেরাজ্ঞামুশনা ভগবানিতি।
সদ্রচ্ছিদ্রং সমাধত্ত বলের্বিপ্রর্ষিভিঃ সহ ॥১৮

এবং বলের্মহীং রাজন্ ভিক্ষিত্বা বামনো হরিঃ।
দদৌ ভ্রাত্রে মহেন্দ্রায় ত্রিদিবং যৎ পরৈর্হৃতম্ ॥১৯

প্রজাপতিপতির্ব্রহ্মা দেবর্ষিপিতৃভূমিপৈঃ।
দক্ষভৃগ্বঙ্গিরোমুখ্যৈঃ কুমারেণ ভবেন চ ॥২০

ভবেৎ ॥১৪

শুক্রঃ উবাচ। তৎ তস্য বলেঃ কর্ম্মবৈষম্যং কর্ম্মণঃ বৈগুণ্যং কুতঃ যস্য যেন বলিনা সর্ব্বভাবেন সর্ব্বার্পণেন কর্ম্মেশ্বরঃ কর্ম্মপ্রবর্ত্তকঃ, যজ্ঞেশঃ যজ্ঞফলদাতা, যজ্ঞপুরুষঃ যজ্ঞরূপেণ উপাত্তঃ ভগবান্ পূজিতঃ ॥১৫

যতঃ মন্ত্রতঃ (স্বরাদিবৈগুণ্যেন), তন্ত্রতঃ (অনুষ্ঠানব্যুৎক্রমাদিনা), দেশতঃ, কালতঃ তত্তদুচ্চারণেন, অর্হতঃ পাত্রতঃ, যথোক্ত-সম্প্রদানাভাবেন, বস্তুতঃ দক্ষিণাদি-বৈষম্যেণ কর্ম্মসু যৎ ছিদ্রং বৈগুণ্যং সম্ভবতি, তৎ সর্ব্বং তব নামসংকীর্ত্তনমাত্রেণৈব নিশ্ছিদ্রং সম্পূর্ণং করোতি ॥১৬

তথাপি যতঃ তব অনুশাসনম্ আজ্ঞাং করিষ্যামি। যতঃ

হে ভূমন্! যৎ তব আজ্ঞানুপালনং, তৎ এতৎ পুংসাং পরং শ্রেয়ঃ পরমপুরুষার্থসাধনম্ এব ॥১৭

ইতি এবং হরেঃ আজ্ঞাং প্রতিনন্দ্য অঙ্গীকৃত্য ভগবান্ শাস্ত্রজ্ঞঃ উশনাঃ শুক্রঃ বলেঃ যজ্ঞস্য ছিদ্রম্ অবশিষ্টং বিপ্রর্ষিভিঃ সহ সমাধত্ত অনুষ্ঠিতবান্ ॥১৮

হে রাজন্! বামনরূপঃ হরিঃ এবং মহীং বলেঃ সকাশাৎ ভিক্ষিত্বা পরৈঃ শত্রুভিঃ অসুরৈঃ যৎ হৃতং, তৎ ত্রিদিবং স্বর্গং ভ্রাত্রে মহেন্দ্রায় দদৌ ॥১৯

ততঃ প্রজাপতিপতিঃ ব্রহ্মা দেবৈঃ ঋষিভিঃ পিতৃভিঃ মনুভৃৎপুত্রৈঃ দক্ষাদিভিঃ চ সহ তত্রাগত আদিতঃ চ প্রীত্যৈ সর্ব্বেষাং ভূতানাং ভগায় বামনং লোকানাং লোকপালানাং চ

শিষ্য বলির কর্ম্মে যে ন্যূনতা ঘটিয়াছে, সম্প্রতি আপনি তাহা পূরণ করুন। (যজমান উপস্থিত না থাকিলেও) ব্রাহ্মণের দর্শনমাত্রেই কর্ম্মসমূহের বৈষম্য সমতাপ্রাপ্ত হয় ॥১৪

শ্রীশুক্রাচার্য্য বলিলেন—হে ভগবন্! সকল কর্ম্মের প্রবর্ত্তক, যজ্ঞফলদাতা ও যজ্ঞময় পরমপুরুষ আপনি যৎকর্ত্তৃক সর্ব্বতোভাবে পূজিত হইয়াছেন, তাহার কর্ম্মসমূহে কিরূপে বৈষম্য ঘটিতে পারে? ॥১৫

হে ভগবন্! যে কোন কর্ম্মে মন্ত্র, বিধি (অনুষ্ঠান প্রণালী), দেশ, কাল, পাত্র বা দ্রব্যগত যে কোন ত্রুটি ঘটিলে আপনার নামসংকীর্ত্তনদ্বারাই উহার পূরণ হইয়া থাকে ॥১৬

হে ভূমন্! তথাপি আপনি আদেশ করায় আমি তাহা পালন করিব। আপনার আজ্ঞাপালনই পুরুষগণের পরম মঙ্গলজনক ॥১৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মহাপ্রভাবশালী শুক্রাচার্য্য এইরূপে শ্রীহরির আদেশবাক্যে সমাদর প্রদর্শন করিয়া ব্রহ্মর্ষিগণের সহিত বলির যজ্ঞের ত্রুটি পূরণ করিয়াছিলেন ॥১৮

হে মহারাজ! বামনরূপী ভগবান্ শ্রীহরি এইরূপে বলির নিকট হইতে ভূমি ভিক্ষা করিয়া শত্রুগণকর্ত্তৃক হৃত স্বর্গলোক ভ্রাতা ইন্দ্রকে দান করিয়াছেন ॥১৯

অনন্তর প্রজাপতিগণের অধিপতি ব্রহ্মা—দেবতাগণ, ঋষিগণ, পিতৃগণ, মনুগণ, দক্ষ, ভৃগু ও অঙ্গিরাপ্রভৃতি এবং সনৎকুমার ও শঙ্করের সহিত মিলিত

কশ্যপস্যাদিতেঃ প্রীত্যৈ সর্ব্বভূতভবায় চ।
লোকানাং লোকপালানামকরোদ্ বামনং পতিম্ ॥২১

বেদানাং সর্ব্বদেবানাং ধর্ম্মস্য যশসঃ শ্রিয়ঃ।
মঙ্গলানাং ব্রতানাঞ্চ কল্পং স্বর্গাপবর্গয়োঃ ॥২২

উপেন্দ্রং কল্পয়াঞ্চক্রে পতিং সর্ব্ববিভূতয়ে।
তদা সর্ব্বাণি ভূতানি ভৃশং মুমুদিরে নৃপ ॥২৩

ততস্ত্বিন্দ্রঃ পুরস্কৃত্য দেবযানেন বামনম্।
লোকপালৈর্দিবং নিন্যে ব্রহ্মণা চানুমোদিতঃ ॥২৪

প্রাপ্য ত্রিভুবনং চেন্দ্র উপেন্দ্রভুজপালিতঃ।
শ্রিয়া পরময়া জুষ্টো মুমুদে গতসাধ্বসঃ ॥২৫

ব্রহ্ম শর্ব্বঃ কুমারশ্চ ভৃগ্বাদ্যা মুনয়ো নৃপ।
পিতরঃ সর্ব্বভূতানি সিদ্ধা বৈমানিকাশ্চ যে ॥২৬

সুমহৎ কর্ম্ম তদ্বিক্রোর্গায়ন্তঃ পরমদ্ভুতম্।
স্বিষ্ণ্যানি স্বানি তে জগ্মুরদিতিঞ্চ শশংসিরে ॥২৭

সর্ব্বমেতন্ময়াখ্যাতং ভবতঃ কুলনন্দন।
উরুক্রমস্য চরিতং শ্রোতৃণামঘমোচনম্ ॥২৮

পতিম্ অকরোৎ ॥২০-২১

বেদানীনাং কল্পং পালনে দক্ষং, মঙ্গলানাং পুরুষস্যাভ্যুৎসবানাং, ব্রতানাং সদাচারাণাং তথা সর্ব্বেষাং বিভূতয়ে ॥ চ বামনম্ উপেন্দ্রশক্তিং কল্পয়াঞ্চক্রে বৌধরাজ্যে স্থাপয়ামাস। তদা হে নৃপ! সর্ব্বাণি ভূতানি ভৃশং মুমুদিরে ॥২২-২৩

ততঃ তু ব্রহ্মণা অনুমোদিতঃ লোকপালৈঃ সহিতঃ ইন্দ্রঃ দেবযানেন দেবযানেন যানেন বামনং পুরস্কৃত্য দিবং স্বর্গং নিন্যে প্রাপয়ামাস ॥২৪

উপেন্দ্র-ভুজাভ্যাং পালিতঃ ইন্দ্রঃ চ ত্রিভুবনং প্রাপ্য

গতসাধ্বসঃ নির্ভয়ঃ পরময়া শ্রিয়া জুষ্টঃ সম্পন্নঃ মুমুদে ॥২৫

উক্তঃ চ হে নৃপ। ব্রহ্মা, শর্ব্বঃ, কুমারঃ, ভৃগ্বাদ্যাঃ মুনয়ঃ, পিতরঃ, সর্ব্বভূতানি, যে চ বৈমানিকাঃ বিমানারূঢ়াঃ সিদ্ধাঃ চ তে ॥২৬

বিক্রোঃ তৎ পরমদ্ভুতং সুমহৎ কর্ম্ম গায়ন্তঃ তে স্বানি স্বিষ্ণ্যানি জগ্মুঃ, তদা অদিতিঞ্চ শশংসিরে তুষ্টুবুঃ ॥২৭

হে কুলনন্দন! শ্রোতৃণাং অঘমোচনং পাপবিমর্দ্দকম্ উরুক্রমস্য এতৎ সর্ব্বং চরিতং ময়া ভবতঃ সমীপে আখ্যাতম্ ॥২৮

হইয়া, কশ্যপ ও অদিতির প্রীতির জন্য এবং সকল লোকের মঙ্গলের জন্য ভগবান্ বামনদেবকে লোকসমূহ ও লোকপালগণের অধিপতি করিয়াছিলেন ॥২০-২১

(লোকপ্রভৃতির পতিরূপে ইন্দ্র বিদ্যমান থাকিলেও) ব্রহ্মা সর্বলোকের সর্বপ্রকার ঐশ্বর্য্য সম্পাদনের জন্য—বেদসমূহ, সকল দেবতা, ধর্ম, যশ, শ্রী, মঙ্গলময় ব্রতসমূহ এবং স্বর্গ ও মোক্ষ—এই সকলের যথাযথ পরিপালনে সুদক্ষ উপেন্দ্রকে সকলের অধিপতি করিয়াছিলেন। হে মহারাজ! তৎকালে সকল প্রাণিগণই অতিশয় হৃষ্ট হইয়াছিল ॥২২-২৩

অনন্তর ব্রহ্মার অনুমোদনক্রমে লোকপালগণের সহিত দেবরাজ ইন্দ্র বামনদেবকে বিমানযোগে অগ্রে করিয়া স্বর্গলোকে লইয়া গেলেন ॥২৪

এইরূপে উপেন্দ্রের ভুজবলে রক্ষিত ইন্দ্র ত্রিভুবন লাভ করিয়া পরম ঐশ্বর্যশালী ও নির্ভয় হইয়া আনন্দ উপভোগ করিতে লাগিলেন ॥২৫

হে মহারাজ! অনন্তর, ব্রহ্মা, শঙ্কর, সনৎকুমার, ভৃগুপ্রভৃতি মুনিগণ, পিতৃগণ, নিখিল ভূতবর্গ, সিদ্ধগণ ও আকাশচারিগণ সকলেই বামনরূপী ভগবান্ বিষ্ণুর সেই পরম অদ্ভুত সুমহৎ কর্মের কথা কীর্তন করিতে নিজ নিজ স্থানে প্রস্থান করিলেন এবং তৎকালে তাঁহারা অদিতিদেবীরও প্রশংসা করিয়াছিলেন ॥২৬-২৭

হে কুরুকুলনন্দন! আমি তোমার নিকট ভগবান্ উরুক্রম শ্রীহরির এই চরিতটি সম্পূর্ণরূপে বর্ণন করিলাম। ইহা শ্রোতৃমণ্ডলীর পাপ বিনাশ করে ॥২৮

পারং মহিম্ন উরুবিক্রমতো গৃণানো
　　যঃ পার্থিবানি বিমমে স রজাংসি মর্ত্যঃ।
কিং জায়মান উত জাত উপৈতি মর্ত্য
　　ইত্যাহ মন্ত্রদৃগৃষিঃ পুরুষস্য যস্য ॥২৯

য ইদং দেবদেবস্য হরেরদ্ভুতকর্ম্মণঃ।
অবতারানুচরিতং শৃণ্বন্ যাতি পরাং গতিম্ ॥৩০

ক্রিয়মাণে কর্ম্মণীদং দৈবে পিত্র্যেঽথ মানুষে।
যত্র যত্রানুকীর্ত্যেত তৎ তেষাং সুকৃতং বিদুঃ ॥৩১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে
ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩

উরুধা বহুধা বিক্রমতঃ মহিম্নঃ পারং নিঃশেষং যঃ গৃণানঃ স্তুবাণঃ ভবতি, সঃ মর্ত্যঃ পার্থিবানি অপি রজাংসি বিমমে গণিতবান্। উত ইতি বা জায়মানঃ জাতঃ বা মর্ত্যঃ মনুষ্যঃ যস্য পুরুষস্য পূর্ণস্য ভগবতঃ মহিম্নঃ পারং কিম্ উপৈতি প্রাপ্নোতি ? নৈব প্রাপ্নোতি ইতি মন্ত্রদৃক্ ঋষিঃ বশিষ্ঠঃ আহ ॥২৯

যঃ পুমান্ ইদম্ অদ্ভুতকর্ম্মণঃ দেবদেবস্য হরেঃ বাদরায়ণাদি-

চরিতং শৃণ্বন্ কীর্ত্তয়ন্ স্মরন্ বা ভবতি, সঃ পরাম্ উৎকৃষ্টাং গতিং যাতি ॥৩০

দৈবে পিত্র্যে বা মানুষে বা কর্ম্মণি ক্রিয়মাণে যত্র যত্র ইদং বাদরায়ণ-চরিতং কীর্ত্যেত, তেষাং সুকৃতং যথাবৎ কৃতম্ ইতি শাস্ত্র-বহুজ্ঞাঃ বিদুঃ ॥৩১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ অষ্টমস্কন্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥

যিনি অদ্ভুতকর্ম্মা দেবদেব শ্রীহরির এই অবতার চরিত শ্রবণ করেন, তিনি পরমগতি লাভ করেন।৩০

দৈব, পিত্র্য অথবা মনুষ্যসম্বন্ধী যে কোন কর্ম্মের আচরণকালে যে যে কর্ম্মে ভগবানের এই চরিত কীর্ত্তিত হয়, পণ্ডিতগণ কর্ম্মিগণের সেই সেই কর্ম্মকেই যথাযথ অনুষ্ঠিত হইয়াছে মনে করেন।৩১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ঘটতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত।

চতুর্বিংশঃ অধ্যায়ঃ

[মৎস্যাবতারকথনম্ ।]

রাজোবাচ ।

ভগবন্ শ্রোতুমিচ্ছামি হরেরদ্ভুতকর্ম্মণঃ ।
অবতারকথামাদ্যাং মায়ামৎস্যবিড়ম্বনম্ ॥১
যদর্থমদধাদ্ রূপং মাৎস্যং লোকজুগুপ্সিতম্ ।
তমঃপ্রকৃতি দুর্ম্মর্ষং কর্ম্মগ্রস্ত ইবেশ্বরঃ ॥২
এতন্নো ভগবন্ সর্ব্বং যথাবদ্ বক্তুমর্হসি ।
উত্তমঃশ্লোক-চরিতং সর্ব্বলোকসুখাবহম্ ॥৩

সূত উবাচ ।

ইত্যুক্তো বিষ্ণুরাতেন ভগবান্ বাদরায়ণিঃ ।
উবাচ চরিতং বিষ্ণোর্মৎস্যরূপেণ যৎ কৃতম্ ॥৪

শ্রীশুক উবাচ ।

গো-বিপ্র-সুর-সাধূনাং ছন্দসামপি চেশ্বরঃ ।
রক্ষামিচ্ছংস্তনূর্ধত্তে ধর্ম্মস্যার্থস্য চৈব হি ॥৫
উচ্চাবচেষু ভূতেষু চরন্ বায়ুরিবেশ্বরঃ ।
নোচ্চাবচত্বং ভজতে নির্গুণত্বাদ্ধিয়ো গুণৈঃ ॥৬

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ । হে ভগবন্ ! মায়য়া যৎ মৎস্য-বিড়ম্বনং মৎস্যরূপানুকরণম্, তৎ যতঃ বিরূপ্যতে, তাম্ আদ্যাম্ অদ্ভুতকর্ম্মণঃ হরেঃ অবতারকথাং শ্রোতুম্ ইচ্ছামি ॥১

যদ্ ঈশ্বরঃ কাল-কর্ম্মাদি-নিয়ন্তা অপি কর্ম্মগ্রস্তঃ ইব যদর্থং লোকে জুগুপ্সিতং নিন্দিতং, তমঃপ্রকৃতি দুর্ম্মর্ষং দুঃসহং মাৎস্যং রূপম্ অধাৎ ॥২

হে ভগবন্ ! এতৎ সর্ব্বলোক-সুখাবহম্ উত্তমঃশ্লোকচরিতং সর্ব্বং নঃ অস্মাকং যথাবৎ বক্তুম্ অর্হসি ॥৩

অন্বয়ঃ

সূতঃ উবাচ । বিষ্ণুরাতেন পরীক্ষিতা ইতি এবম্ উক্তঃ পৃষ্টঃ ভগবান্ বাদরায়ণিঃ শুকঃ মৎস্যরূপেণ যৎ কৃতং বিষ্ণোঃ চরিতম্ উবাচ ॥৪

শ্রীশুকঃ উবাচ । ঈশ্বরঃ স্বয়ং অপি গো-বিপ্র-সুর-সাধূনাং, ছন্দসাং বেদানাং, যজ্ঞস্য, অর্থস্য চ রক্ষাম্ ইচ্ছন্ তনূঃ ধত্তে মূর্ত্তিং বিভর্ত্তি ॥৫

উচ্চাবচেষু উৎকৃষ্টাপকৃষ্টেষু দেব-মনুষ্য-তির্য্যগাদিষু ভূতেষু বায়ুঃ ইব চরন্ যঃ ঈশ্বরঃ নির্গুণত্বাৎ গুণৈঃ ন উচ্চাবচত্বং

চতুর্বিংশ অধ্যায়।

[মৎস্যাবতার কথন।]

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্ মুনিবর! যাহাতে বিচিত্রচরিত ভগবান্ শ্রীহরির মায়াদ্বারা মৎস্যরূপের অনুকরণ নির্ণীত হইয়াছে, আমি সম্প্রতি সেই আদি অবতার কথা শুনিতে ইচ্ছা করি।১

হে ভগবন্! পরমেশ্বর যে জন্য কর্মাধীন জীবের ন্যায় লোকনিন্দিত, তমঃপ্রকৃতি ও দুঃসহ মৎস্যরূপ ধারণ করিয়াছিলেন, আপনি এ বিষয়ে আমাদের নিকট যথাযথ সকল কথা বর্ণন করুন। উত্তমঃশ্লোক শ্রীহরির চরিত সকল লোকেরই আনন্দদায়ক হইয়া থাকে।২-৩

শ্রীসূত বলিলেন—মহারাজ পরীক্ষিৎ এরূপ প্রার্থনা করিলে ভগবান্ শ্রীশুকদেব মৎস্যরূপে ভগবান্ বিষ্ণু যাহা করিয়াছিলেন, সেই চরিতকথা বর্ণনে প্রবৃত্ত হইলেন।৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! জগদীশ্বর ভগবান্ শ্রীহরি গো, ব্রাহ্মণ, দেবতা, সাধুগণ, বেদ-সমূহ এবং ধর্ম ও অর্থের রক্ষা করিতে ইচ্ছুক হইয়া (কালবিশেষে) অবতার মূর্তি ধারণ করেন।৫

ঈশ্বর স্বয়ং নির্গুণ বলিয়া, মায়িক গুণযোগে বিভিন্নরূপে কল্পিত বিভিন্ন প্রাণিগণের মধ্যে অন্তর্যামিরূপে বায়ুর ন্যায় বিচরণ করিয়াও বিভিন্ন

আসীদতীতকল্পান্তে ব্রাহ্মো নৈমিত্তিকো লয়ঃ।
সমুদ্রোপপ্লুতাস্তত্র লোকা ভূরাদয়ো নৃপ ॥৭
কালেনাগতনিদ্রস্য ধাতুঃ শিশয়িষোর্বলী।
মুখতো নিঃসৃতান্ বেদান্ হয়গ্রীবোঽন্তিকেঽহরৎ ॥৮
জ্ঞাত্বা তদ্দানবেন্দ্রস্য হয়গ্রীবস্য চেষ্টিতম্।
দধার শফরীরূপং ভগবান্ হরিরীশ্বরঃ ॥৯
তত্র রাজর্ষিঃ কশ্চিন্নাম্না সত্যব্রতো মহান্।
নারায়ণপরোঽতপ্যৎ তপঃ স সলিলাশনঃ ॥১০

ভবতে ॥৬

অতীতস্য অতিক্রান্তস্য কল্পস্য অন্তে ব্রাহ্মঃ (ব্রহ্মণঃ নিদ্রায়াং ভবঃ) [তেনৈব নিমিত্তেন জাতঃ] নৈমিত্তিকঃ লয়ঃ আসীৎ। হে নৃপ! ভূরাদয়ঃ লোকাঃ সমুদ্রোপপ্লুতাঃ সমুদ্রজলনিমগ্নাঃ আসন্ ॥৭

কালেন দিনাবসান-কালেন আগতা নিদ্রা যস্য তস্য অতএব শিশয়িষোঃ শয়নং কর্তুম্ ইচ্ছোঃ ধাতুঃ ব্রহ্মণঃ মুখতঃ নিঃসৃতান্ (আলস্যেন আবর্ত্যমানান্) বেদান্ অন্তিকে তৎসমীপে আসীনো বলী হয়গ্রীবাখ্যঃ দানবঃ অহরৎ ॥৮

তদা দানবেন্দ্রস্য হয়গ্রীবস্য তৎ বেদাপহরণরূপং চেষ্টিতং জ্ঞাত্বা ভগবান্ ঈশ্বরঃ হরিঃ শফরীরূপং দধার ॥৯

তত্র কল্পে নাম্না সত্যব্রতঃ কশ্চিৎ রাজর্ষিঃ আসীৎ;

ভাব প্রাপ্ত হন না।৬

হে মহারাজ! অতীত কল্পের অবসানে ব্রহ্মার নিদ্রাকাল উপস্থিত হইলে যে নৈমিত্তিক প্রলয় ঘটিয়াছিল, তাহাতে ভূমণ্ডলাদি লোকসমুদয় সমুদ্রজলে নিমগ্ন হইয়াছিল।৭

সে সময়ে কালবশে নিদ্রার আবেশহেতু ব্রহ্মা শয়নের ইচ্ছা করিলে বলবান্ হয়গ্রীব তাঁহার মুখ-নির্গত বেদসমূহকে নিকট হইতে হরণ করিয়াছিল।৮

ভগবান্ জগদীশ্বর শ্রীহরি দানবপ্রবর হয়গ্রীবের এই কর্ম জানিতে পারিয়া স্বয়ং শফরী মৎস্যের রূপ ধারণ করিয়াছিলেন।৯

তৎকালে ভগবান্ নারায়ণের ভক্ত সত্যব্রতনামক কোন এক শ্রেষ্ঠ রাজর্ষি জলে বসিয়া তপস্যা

যোঽসাবস্মিন্ মহাকল্পে তনয়ঃ স বিবস্বতঃ।
শ্রাদ্ধদেব ইতি খ্যাতো মনুত্বে হরিণার্পিতঃ ॥১১
একদা কৃতমালায়াং কুর্বতো জলতর্পণম্।
তস্যাঞ্জল্যুদকে কাচিচ্ছফর্যেকাভ্যপদ্যত ॥১২
সত্যব্রতোঽঞ্জলিগতাং সহ তোয়েন ভারত।
উৎসসর্জ্জ নদীতোয়ে শফরীং দ্রবিড়েশ্বরঃ ॥১৩
তমাহ সাতিকরুণং মহাকারুণিকং নৃপম্
নাদোভ্যো ভ্রাতিনাভিভ্যো দীনাং মাং দীনবৎসল।
কথং বিসৃজসে রাজন্ ভীতামস্মিন্ সরিজ্জলে ॥১৪

নারায়ণপরঃ ভক্তঃ সঃ চ সলিলম্ এব আশনং যস্য তথাভূতঃ সন্ তপঃ অতপ্যৎ ॥১০

যঃ অতীতে কল্পে সত্যব্রতাখ্যঃ তপঃ অতপৎ, সঃ এব অস্মিন্ মহাকল্পে বিবস্বতঃ সূর্যস্য তনয়ঃ শ্রাদ্ধদেবঃ ইতি খ্যাতঃ প্রসিদ্ধঃ হরিণা মনুত্বে অর্পিতঃ স্থাপিতঃ ॥১১

তস্য সত্যব্রতস্য একদা পূর্বস্মিন্ এব কল্পে কদাচিৎ কৃতমালায়াং নদ্যাং জলতর্পণং কুর্বতঃ অঞ্জল্যুদকে কাচিৎ একা শফরী অভ্যপদ্যত প্রাপ্তা অভূত ॥১২

ততঃ চ হে ভারত! দ্রবিড়েশ্বরঃ দ্রবিড়দেশাধিপতিঃ সত্যব্রতঃ তাং অঞ্জলিগতাং শফরীম্ অঞ্জলিগততোয়েন সহ নদীতোয়ে উৎসসর্জ ত্যক্তুম্ উদ্যতঃ ॥১৩

আত্মানং ত্যজন্তং মহাকারুণিকং তং নৃপং সা শফরী তদা করিতেছিলেন।১০

সেই রাজর্ষি সত্যব্রতই বর্তমান মহাকল্পে সূর্যের পুত্র এবং শ্রাদ্ধদেব নামে বিখ্যাত হইয়া শ্রীহরিকর্তৃক মনুপদে সংস্থাপিত হইয়াছেন।১১

একদিন সেই সত্যব্রত কৃতমালা নদীতে জলধারা তর্পণ করিতেছেন এ অবস্থায় তাঁহার অঞ্জলিস্থিত জলের মধ্যে একটি শফরী (পুঁটি মাছ) দৃষ্টিগোচর হইল।১২

হে মহারাজ! দ্রবিড়দেশের অধিপতি সত্যব্রত তৎকালে জলের সহিত অঞ্জলিমধ্যে প্রাপ্ত সেই শফরীটিকে নদীর জলেই নিক্ষেপ করিতে উদ্যত হইলেন।১৩

তখন সেই শফরী পরমদয়ালু নরপতিকে অতি

তমাত্মনোঽনুগ্রহার্থং প্রীত্যা মৎস্যবপুর্ধরম্।
অজানন্ রক্ষণার্থায় শফর্য্যাঃ স মনো দধে ॥১৫

তস্যা দীনতরং বাক্যমাশ্রুত্য স মহীপতিঃ।
কলসাপ্সু নিধায়ৈনাং দয়ালুর্নিন্য আশ্রমম্ ॥১৬

সা তু তত্রৈকরাত্রেণ বর্দ্ধমানা কমণ্ডলৌ।
অলব্ধাত্মাবকাশং বা ইদমাহ মহীপতিম্ ॥১৭

আহ যথা:—হে রাজন্! হে দীনবৎসল। যাদোভ্যঃ জলচরেভ্যঃ জাতিজাতিভ্যঃ ভীতাং দীনাং যদ্ অস্মিন্ সরিজ্জলে কথং বিসৃজসে ত্যজসি। আত্মনঃ অনুগ্রহার্থং প্রীত্যা মৎস্যবপুর্ধরং তং ভগবন্তম্ অজানন্ সঃ সত্যব্রতঃ শফর্য্যাঃ রক্ষণার্থায় মনঃ দধে চিন্তিতবান্। ততঃ শফর্য্যাঃ দীনতরং বাক্যম্ আশ্রুত্য সঃ দয়ালুঃ মহীপতিঃ এনাং শফরীং কলসাপ্সু কমণ্ডলুজলে নিধায় স্বাশ্রমং নিন্যে। সা তু শফরী একরাত্রেণ তত্র কমণ্ডলৌ অলব্ধাত্মাবকাশং যথা ভবতি তথা বর্দ্ধমানা সতী মহীপতিং সত্যব্রতম্ আহ ॥১৪-১৭

নাহং কমণ্ডলাবস্মিন্ কৃচ্ছ্রং বস্তুমধোৎসহে।
কল্পয়ৌকঃ সুবিপুলং যত্রাহং নিবসে সুখম্ ॥১৮

স এনাং তত আদায় স্বধাদোদঞ্চনোদকে।
তত্র ক্ষিপ্তা মুহূর্ত্তেন হস্তত্রয়মবর্দ্ধত ॥১৯

ন ম এতদলং রাজন্ সুখং বস্তুমুদঞ্চনম্।
পৃথু দেহি পদং মহ্যং যৎ ত্বাহং শরণং গতা ॥২০

অস্মিন্ কমণ্ডলৌ অহং ক্লচ্ছ্রং কষ্টেনাপি বস্তুং বাসং কর্ত্তুং ন উৎসহে; অতঃ তত্র অহং সুখং নিবসে তাদৃশং সুবিপুলং ওকঃ স্থানং কল্পয় ॥১৮

সত্যব্রতঃ ততঃ কমণ্ডলোঃ সকাশাৎ এনাং শফরীম্ আদায় ঔদঞ্চনোদকে বিপুলকটাহোদকে স্বধাং নিক্ষিপ্তবান্, তত্র ক্ষিপ্তা সা মুহূর্ত্তেন হস্তত্রয়ম্ অবর্দ্ধত ॥১৯

(ততশ্চ পুনরাহ যথা) হে রাজন্। মে মম সুখং বস্তুম্ এতৎ উদঞ্চনম্ অলং পর্য্যাপ্তং ন ভবতি। অতঃ পৃথু বিপুলং পদং স্থানং মহ্যং দেহি। যস্মাৎ অহং ত্বাং শরণং গতা ॥২০

কাতরবাক্যে বলিল—হে দীনজনবৎসল মহারাজ! আমি জ্ঞাতিহিংসাপরায়ণ জলজন্তুগণ হইতে ভীতা ও অতি দীনা, অতএব আপনি কিরূপে আমাকে এই নদীর জলে ত্যাগ করিতে পারেন ?১৪

ভগবান্ শ্রীহরিই যে প্রীতিবশতঃ নিজের অনুগ্রহ প্রকাশের জন্য মৎস্যরূপ ধারণ করিয়াছেন ইহা না জানিয়া মহারাজ সত্যব্রত সেই শফরীটিকে রক্ষা করিতে কৃতসঙ্কল্প হইলেন।১৫

অতএব দয়ালু রাজর্ষি সত্যব্রত সেই শফরীর অতিকাতর বাক্য শ্রবণ করিয়া কলসীর জলমধ্যে স্থাপনপূর্বক তাহাকে নিজ আশ্রমে লইয়া আসিলেন।১৬

সেই শফরীটি একরাত্রেই এরূপ বৃদ্ধি পাইল যে, সেই জলপাত্রে স্থান না পাইয়া রাজাকে এরূপ বলিয়াছিল।১৭

হে মহারাজ! আমি আর এই কমণ্ডলুর মধ্যে কষ্টে বাস করিতে আগ্রহ করি না, অতএব আপনি একটা সুবৃহৎ স্থান কল্পনা করুন—যেখানে আমি সুখে থাকিতে পারি।১৮

তখন রাজা তাহাকে লইয়া একটি সুবৃহৎ জালার জলে রাখিয়া দিলেন, কিন্তু সেখানেও সে মুহূর্তকাল মধ্যে তিন হাত বৃদ্ধি পাইয়াছিল।১৯

(তখন শফরী আবার বলিল) হে মহারাজ! এই জালাটিও আমার সুখে বাস করার উপযুক্ত নহে, অতএব আমাকে আরও বৃহৎ স্থান দান করুন—যেহেতু আমি আপনারই আশ্রয় লইয়াছি।২০

ততঃ আদায় সা রাজ্ঞা ক্ষিপ্তা রাজন্ সরোবরে।
তদাবৃত্যাত্মনা সোঽয়ং মহামীনোঽন্বর্ধত ॥২১

নৈতন্মে স্বস্তয়ে রাজন্নুদকং সলিলৌকসঃ।
নিধেহি রক্ষাযোগেন হ্রদে মামবিদাসিনি ॥২২

ইত্যুক্তঃ সোঽনয়ন্মৎস্যং তত্র তত্রাবিদাসিনি।
জলাশয়ে সম্মিতং তং সমুদ্রে প্রাক্ষিপজ্ঝষম্ ॥২৩

ক্ষিপ্যমাণস্তমাহেদমিহ মাং মকরাদয়ঃ।
অদন্ত্যতিবলা বীর মাং নেহোৎসৃষ্টুমর্হসি ॥২৪

এবং বিমোহিতস্তেন বদতা বল্গু ভারতীম্।
তমাহ কো ভবানস্মান্ মৎস্যরূপেণ মোহয়ন্ ॥২৫

নৈবংবীর্য্যো জলচরো দৃষ্টোঽস্মাভিঃ শ্রুতোঽপি বা।
যো ভবান্ যোজনশতমন্বাভিব্যানশে সরঃ ॥২৬

হে রাজন্! ততঃ উদকমাং আদায় সা শফরী রাজা সরোবরে ক্ষিপ্তা। তদা অপি সঃ অয়ং মহামীনঃ সন্ আত্মনা স্বদেহেন তৎ সরোবরম্ আবৃত্য অভিব্যাপ্য অবর্দ্ধত ॥২১

পুনঃ চ আহ। হে রাজন্! সলিলৌকসঃ (সলিলম্ ওকঃ বিহারস্থানং যস্য তস্য) মে এতৎ উদকং স্বস্তয়ে সুখায় ন ভবতি। অতঃ রক্ষাযোগেন রক্ষোপায়েন অন্যে অবিদাসিনি অপক্ষয়শূন্যে মহাহ্রদে মাং নিধেহি ॥২২

ইতি উক্তঃ সঃ সত্যব্রতঃ তং মৎস্যম্ অবিদাসিনি তত্র তত্র উত্তরোত্তর-বিপুলে জলাশয়ে অনয়ৎ। ততশ্চ তং জলাশয়েন সম্মিতং তং ঋষং মৎস্যং সমুদ্রে প্রাক্ষিপৎ ॥২৩

সমুদ্রে ক্ষিপ্যমাণঃ ঋষঃ তং সত্যব্রতম্ ইদম্ আহ যথা; হে বীর। ইহ সমুদ্রে প্রক্ষিপ্তং মাম্ অতিবলাঃ মকরাদয়ঃ অদন্তি খাদন্তি। অতঃ মাম্ ইহ উৎসৃষ্টুং ন অর্হসি ॥২৪

এবং মধুরভাষিতয়া মধুরভাষিণা তেন মৎস্যরূপেণ ভগবতা বিমোহিতঃ সত্যব্রতঃ তম্ আহ যথা—মৎস্যরূপেণ অস্মান্ মোহয়ন্ অবস্থিতঃ ভবান্ কঃ? ॥২৫

এবংবীর্য্যঃ এবংপ্রভাববান্ কশ্চিৎ অপি জলচরঃ অস্মাভিঃ ন দৃষ্টঃ নাপি শ্রুতঃ। যঃ ভবান্ অহো একদিবস-মাত্র-কালেন যোজনশতং সরঃ অভিব্যানশে অভিতঃ ব্যাপ্তবান্ ॥২৬

হে মহারাজ! অনন্তর সত্যব্রত তাহাকে এক সরোবরে নিক্ষেপ করিলেন, পরন্তু সেখানেও সে নিজ দেহদ্বারা সরোবরটি ব্যাপ্ত করিয়া বৃদ্ধি পাইয়াছিল ।২১

(তখন সে পুনরায় বলিল) হে মহারাজ! এই সরোবরের জলও জলবাসী আমার পক্ষে সুখকর হইতেছে না; অতএব আমার রক্ষার উপায় যাহাতে হয়, সেরূপভাবে কোন হ্রদে নিক্ষেপ করুন—যাহার জল কখনও ক্ষয়প্রাপ্ত হয় না ।২২

শফরী এরূপ বলিলে সত্যব্রত তাহাকে জলক্ষয়-শূন্য অনেক হ্রদে লইয়া গেলেন, কিন্তু সকল জলাশয়েই তাহার দেহ তদনুরূপ বর্ধিত হইলে অবশেষে তাহাকে সমুদ্রের জলে নিক্ষেপ করিতে উদ্যত হইলেন ।২৩

এরূপ অবস্থায় সেই মৎস্য রাজাকে বলিল—হে বীর! আপনি আমাকে এই সমুদ্রজলে ত্যাগ করিবেন না। এখানে অতিবলবান্ মকরাদি জলজন্তুগণ আমাকে খাইয়া ফেলিবে ।২৪

অনন্তর এরূপ মধুরভাষী মৎস্যকর্তৃক বিমোহিত হইয়া রাজা সত্যব্রত তাহাকে বলিলেন—আপনি আমাকে মৎস্যরূপে মোহিত করিতেছেন, আপনি কে ।২৫

আপনি একদিনেই শতযোজনপরিমিত সরোবরকে নিজ দেহদ্বারা ব্যাপ্ত করিয়াছেন, আমরা এরূপ প্রভাবশালী জলচর দেখি নাই বা তাহার কথা কখনও শুনিতেও পাই নাই ।২৬

নূনং ত্বং ভগবান্ সাক্ষাদ্ধরির্নারায়ণোঽব্যয়ঃ।
অনুগ্রহায় ভূতানাং ধৎসে রূপং জলৌকসাম্ ॥২৭
নমস্তে পুরুষশ্রেষ্ঠ স্থিত্যুৎপত্ত্যপ্যয়েশ্বর।
ভক্তানাং নঃ প্রপন্নানাং মুখ্যো হ্যাত্মগতির্বিভো ॥২৮
সর্ব্বে লীলাবতারাস্তে ভূতানাং ভূতিহেতবঃ।
জ্ঞাতুমিচ্ছাম্যদো রূপং যদর্থং ভবতা ধৃতম্ ॥২৯
ন তেঽরবিন্দাক্ষ পদোপসর্পণং
মৃষা ভবেৎ সর্ব্বসুহৃৎপ্রিয়াত্মনঃ।
যথেতরেষাং পৃথগাত্মনাং সতা-
মদীদৃশো যদ্বপুরদ্ভুতং হি নঃ ॥৩০

শ্রীশুক উবাচ

ইতি ব্রুবাণং নৃপতিং জগৎপতিঃ
সত্যব্রতং মৎস্যবপুর্যুগক্ষয়ে।
বিহর্ত্তুকামঃ প্রলয়ার্ণবেঽব্রবী-
চ্চিকীর্ষুরেকান্তজনপ্রিয়ঃ প্রিয়ম্ ॥৩১

নূনং নিশ্চিতম্ এব এতৎ সাক্ষাৎ হরিঃ ভগবান্ অব্যয়ঃ নারায়ণঃ এব ত্বম্। ভূতানাম্ অনুগ্রহায় জলৌকসাং জলচরাণাং রূপং ধৎসে ॥২৭

হে প্রভো পুরুষশ্রেষ্ঠ! তে তুভ্যং নমঃ অস্মাকং ভক্তানাং স্থিত্যুৎপত্ত্যপ্যয়ানাম্ (স্থিতেঃ, উৎপত্তেঃ, অপ্যয়স্য লয়স্য চ) ঈশ্বরঃ কর্ত্তা মুখ্যঃ আত্মগতিঃ ভবান্ এব ॥২৮

ভূতানাং ভূতিহেতবঃ এব তে সর্ব্বে লীলাবতারাঃ। যদর্থং ভবতা অদো রূপং মৎস্যকলেবরং ধৃতং তৎপ্রয়োজনবিশেষং জ্ঞাতুম্ ইচ্ছামি ॥২৯

হে অরবিন্দাক্ষ! পৃথগাত্মনাং দেহাদ্যাত্মাভিমানবতাং ততঃ ইতরেষাং যথা ব্যর্থং, তথা সর্ব্বসুহৃৎপ্রিয়াত্মনঃ তে তব পাদোপসর্পণং মৃষা ব্যর্থং ন ভবেৎ। যৎ যস্মাৎ হি নঃ অস্মাকম্ এতৎ অদ্ভুতং তব বপুঃ অদীদৃশঃ দর্শিতবান্ অসি ॥৩০

ইতি এবং ব্রুবাণং নৃপতিং সত্যব্রতং প্রতি যুগক্ষয়ে ব্রহ্মরাত্রে প্রলয়ার্ণবে প্রলয়-সমুদ্রে বিহর্ত্তুকামঃ মৎস্যবপুঃ লীলাদেহধারী একান্তাঃ ঐকান্ত্যাঃ জনাঃ প্রিয়াঃ যস্য সঃ জগৎপতিঃ প্রভুঃ ভগবান্ প্রিয়ং চিকীর্ষুঃ কর্ত্তুম্ ইচ্ছুঃ অব্রবীৎ ॥৩১

নিশ্চয়ই আপনি অব্যয় পুরুষ সাক্ষাৎ নারায়ণ শ্রীহরি হইবেন, কেবলমাত্র লোকসমূদয়ের প্রতি অনুগ্রহ বিস্তারের জন্যই এই মৎস্যমূর্ত্তি ধারণ করিয়াছেন।২৭

হে সৃষ্টি-স্থিতি-প্রলয়ের অধীশ্বর পুরুষশ্রেষ্ঠ! হে বিভো! আপনাকে প্রণাম করি। আপনি আমাদের ন্যায় শরণাগত ভক্তগণের বাস্তব আত্মা ও আশ্রয়।২৮

আপনার সকল লীলাবতারই প্রাণিসমূদয়ের মঙ্গলের কারণ হইয়া থাকে, অতএব আপনি যে প্রয়োজন সাধনের জন্য এই মৎস্যমূর্ত্তি ধারণ করিয়াছেন, তাহা জানিতে ইচ্ছা করি।২৯

হে কমললোচন! দেহাদিতে আত্মাভিমানশালী অপর শ্রেষ্ঠ পুরুষগণের পদাশ্রয় গ্রহণ যেরূপ ব্যর্থ হয়, সকল প্রাণীর সুহৃদ্ ও প্রিয় আত্মরূপী আপনার পাদপদ্মের শরণাগতি সেরূপ বিফল হয় না। যেহেতু আমরা আপনার পাদপদ্মের শরণাগত বলিয়াই আপনি আমাদিগকে এই অদ্ভুত মূর্ত্তি দর্শন করাইয়াছেন।৩০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজর্ষি সত্যব্রত এরূপ বলিলে যুগাবসানে মৎস্যমূর্ত্তিধারী ও একান্ত ভক্তগণের প্রতি প্রীতিমান্ এবং প্রলয়সলিলে বিহার করিতে ইচ্ছুক জগৎপতি ভগবান্ শ্রীহরি জগতের প্রিয়কার্য সম্পাদনের ইচ্ছাহেতু সত্যব্রতকে এরূপ বলিয়াছিলেন।৩১

শ্রীভগবানুবাচ।

সপ্তমেঽহন্যতনাদূর্দ্ধমহন্যেতদরিন্দম।
নিমঙ্ক্ষ্যত্যপ্যয়াম্ভোধৌ ত্রৈলোক্যং ভূর্ভুবাদিকম্ ॥৩২
ত্রৈলোক্যং লীয়মানায়াং সংবর্ত্তাম্ভসি বৈ তদা।
উপস্থাস্যতি নৌঃ কাচিদ্ বিশালা তাং মযেরিতা ॥৩৩
ত্বং তাবদোষধীঃ সর্ব্বা বীজান্যুচ্চাবচানি চ।
সপ্তর্ষিভিঃ পরিবৃতঃ সর্ব্বসত্ত্বোপবৃংহিতঃ ॥৩৪
আরুহ্য বৃহতীং নাবং বিচরিষ্যস্যবিক্লবঃ।
একার্ণবে নিরালোকে ঋষীণামেব বর্চ্চসা ॥৩৫

শ্রীভগবান্ উবাচ। হে অরিন্দম! অদ্যতনাৎ অহঃ আরভ্য সপ্তমে অহনি এতৎ ভূর্ভুবাদিকং ত্রৈলোক্যম্ অপ্যয়াম্ভোধৌ প্রলয়-সমুদ্রে নিমঙ্ক্ষ্যতি নিমগ্নং করিষ্যতি ॥৩২

সংবর্ত্তাম্ভসি প্রলয়োদকে ত্রিলোক্যাং লীয়মানায়াং সত্যাং তদা এব কাচিৎ নৌঃ ময়া ঈরিতা প্রেরিতা বিশালা নৌঃ নৌকা ত্বাং প্রতি উপস্থাস্যতি ॥৩৩

তদা সপ্তর্ষিভিঃ পরিবৃতঃ তথা সর্ব্বৈঃ সত্ত্বৈঃ জন্তুভিঃ চ উপবৃংহিতঃ মিলিতঃ ত্বং তাবৎ সর্ব্বাঃ ওষধীঃ উচ্চাবচানি বিবিধানি বীজানি চ আদায় ॥৩৪

বৃহতীং বিপুলাং নাবম্ আরুহ্য নিরালোকে সূর্য্যাদ্যালোকরহিতে একার্ণবে ঋষীণাম্ এব বর্চ্চসা প্রকাশেনৈব অবিক্লবঃ ধৈর্য্যরহিতঃ ত্বং বিচরিষ্যসি ॥৩৫

শ্রীভগবান্ বলিলেন—হে রিপুদমন! অদ্য হইতে সপ্তম দিবসে ভূঃ, ভুবঃ ও স্বর্গ এই তিনলোক প্রলয়-সমুদ্রে নিমগ্ন হইবে।৩২

তৎকালে ত্রিলোক প্রলয়সমূহে লীন হইবার উপক্রম হইলে আমার প্রেরিত একটি বিশাল নৌকা তোমার নিকট উপস্থিত হইবে।৩৩

তুমি সপ্তর্ষিগণকর্ত্তৃক পরিবেষ্টিত এবং সকল প্রাণিবর্গের সহিত মিলিত হইয়া সকলপ্রকার ওষধি (ধান্যাদি) সঙ্গে লইয়া সেই বিশাল নৌকায় আরোহণপূর্ব্বক আলোকশূন্য সেই প্রলয়সমুদ্রে সপ্তর্ষিগণের দেহের আলোকের সাহায্যেই অকাতরে বিচরণ করিবে।৩৪-৩৫

দোধূয়মানাং তাং নাবং সমীরেণ বলীয়সা।
উপস্থিতস্য মে শৃঙ্গে নিবধ্নীহি মহাহিনা ॥৩৬
অহং ত্বামভিতঃ সার্দ্ধং সহনাবমুদন্বতি।
বিকর্ষন্ বিচরিষ্যামি যাবদ্ ব্রাহ্মী নিশা প্রভো ॥৩৭
মদীয়ং মহিমানঞ্চ পরব্রহ্মেতি শব্দিতম্।
বেৎস্যস্যনুগৃহীতং মে সম্প্রশ্নৈর্বিবৃতং হৃদি ॥৩৮
ইত্থমাদিশ্য রাজানং হরিরন্তরধীয়ত।
সোঽন্ববৈক্ষত তং কালং যং হৃষীকেশ আদিশৎ ॥৩৯

বলীয়সা প্রচণ্ডেন সমীরেণ বায়ুনা দোধূয়মানাম্ অতিশয়েন কম্পমানাং তাং নাবম্ উপস্থিতস্য সন্নিহিতস্য মে মম শৃঙ্গে মহাহিনা বাসুকিনা নিবধ্নীহি ॥৩৬

হে প্রভো! অহম্ ঋষিভিঃ সার্দ্ধং সহ নাবং নৌসহিতং ত্বাম্ উদন্বতি প্রলয়ার্ণবে বিকর্ষন্ যাবৎ ব্রাহ্মী ব্রহ্মসম্বন্ধিনী নিশা তাবৎ বিচরিষ্যামি ॥৩৭

পরব্রহ্ম ইতি শব্দিতা কথিতং মদীয়ং মহিমানং স্বরূপং কৃপয়া তুষ্টঃ সংপ্রশ্নৈঃ যে ময়া হৃদি বিবৃতম্ উপদেশেন প্রকাশিতম্ অনুগ্রহেণ দত্তম্ ইব বেৎস্যসি ॥৩৮

রাজানং সত্যব্রতম্ ইত্থম্ আদিশ্য হরিঃ অন্তরধীয়ত। সঃ সত্যব্রতঃ চ যং কালং হৃষীকেশঃ আদিশৎ, তং কালম্ অন্ববৈক্ষত প্রতীক্ষিতবান্ ॥৩৯

প্রলয়কালীন প্রবল বায়ুবেগে সেই নৌকা যখন অতিশয় বিচলিত হইবে, তখন আমি নিকটে আসিলে রজ্জুতুল্য মহাসর্প বাসুকির দেহদ্বারা নৌকাটিকে আমার শৃঙ্গে আবদ্ধ করিবে।৩৬

হে রাজন্! যতকাল ব্রহ্মার রাত্রি থাকিবে, আমি ততকাল সপ্তর্ষিগণের সহিত নৌকাসহ তোমাকে আকর্ষণ করিয়া প্রলয়সমুদ্রে বিচরণ করিব।৩৭

আমি তৎকালে তোমার প্রশ্নানুসারে 'পরব্রহ্ম' শব্দবাচ্য নিজ যে মহিমা তোমার নিকট বর্ণন করিব, তুমি আমার অনুগ্রহরূপে লব্ধ সেই মহিমা প্রত্যক্ষভাবে নিজের হৃদয়ে অনুভব করিবে।৩৮

ভগবান্ শ্রীহরি রাজাকে এরূপ আদেশ করিয়া

আস্তীর্য্য দর্ভান্ প্রাঙ্মুখান্ রাজর্ষিঃ প্রাগুদগ্মুখঃ।
নিষসাদ হরেঃ পাদৌ চিন্তয়ন্ মৎস্যরূপিণঃ ॥৪০

ততঃ সমুদ্র উদ্বেলঃ সর্ব্বতঃ প্লাবয়ন্মহীম্।
বর্দ্ধমানো মহামেঘৈর্ব্বর্ষদ্ভিঃ সমদৃশ্যত ॥৪১

ধ্যায়ন্ ভগবদাদেশং দদৃশে নাবমাগতাম্।
তামারুরোহ বিপ্রৈস্ত্রৈরাদায়ৌষধিবীরুধঃ ॥৪২

তমূচুর্মুনয়ঃ প্রীতা রাজন্ ধ্যায়স্ব কেশবম্।
স বৈ নঃ সঙ্কটাদস্মাদবিতা শং বিধাস্যতি ॥৪৩

সোঽনুধ্যাতস্ততো রাজ্ঞা প্রাদুরাসীন্মহার্ণবে।
একশৃঙ্গধরো মৎস্যো হৈমো নিযুতযোজনঃ ॥৪৪

নিবধ্য নাবং তচ্ছৃঙ্গে যথোক্তো হরিণা পুরা।
বরত্রেণাহিনা তুষ্টস্তুষ্টাব মধুসূদনম্ ॥৪৫

প্রাক্ স্বাগ্রভাগে ঘৃতম্ অগ্রভাগঃ যেষাং তথা ভূতান্ কুশান আস্তীর্য্য তেষু প্রাগুদগ্মুখঃ ঈশানদিগভিমুখঃ রাজর্ষিঃ মৎস্যরূপিণঃ হরেঃ পাদৌ চিন্তয়ন্ নিষসাদ উপবিষ্টবান্ ॥৪০

ততশ্চ বর্ষদ্ভিঃ মহামেঘৈঃ বর্দ্ধমানঃ অতঃ উদ্বেলঃ উল্লঙ্ঘিত-মর্য্যাদঃ সর্ব্বতঃ মহীং প্লাবয়ন্ নিমজ্জয়ন্ সমুদ্রঃ সমদৃশ্যত ॥৪১

ততঃ সত্যব্রতঃ ভগবদাদেশং ধ্যায়ন্ আগতাং নাবং দদৃশে দৃষ্টবান্; ততঃ ওষধীঃ বীরুধঃ বীজানি চ আদায় বিপ্রৈস্ত্রৈঃ সপ্তর্ষিভিঃ সহিতাং তাং নাবম্ আরুরোহ ॥৪২

তমূচুঃ মুনয়ঃ প্রীতাঃ রাজন্ তং সত্যব্রতম্ ঊচুঃ যথা—হে রাজন্! কেশবং ধ্যায়স্ব। সঃ বৈ নঃ অস্মান্ অস্মাৎ সঙ্কটাৎ অবিতা রক্ষিষ্যতি। শং সুখং চ বিধাস্যতি ॥৪৩

এবমুক্তেন রাজ্ঞা অনুধ্যাতঃ একশৃঙ্গধরঃ হৈমঃ স্বর্ণাভঃ নিযুতযোজনঃ লক্ষযোজনপরিমিতকায়ঃ মৎস্যরূপঃ স ভগবান্ তত্র মহার্ণবে প্রাদুরাসীৎ ॥৪৪

হরিণা পুরা পূর্ব্বং যথা উক্তঃ তথৈব বরত্রেণ ডোরকরূপেণ অহিনা বাসুকিনা নাবং তস্য মৎস্যস্য শৃঙ্গে নিবধ্য সন্তুষ্টঃ সত্যব্রতঃ ভগবন্তং তুষ্টাব ॥৪৫

অন্তর্হিত হইলেন, অনন্তর মৎস্যমূর্ত্তি ভগবান্ যে কালের নির্দ্দেশ করিয়াছিলেন, অনন্তর তাহারই প্রতীক্ষা করিতে লাগিলেন।৩৯

অনন্তর রাজর্ষি সত্যব্রত মৎস্যরূপী শ্রীহরির পদযুগল ধ্যান করিতে করিতে পূর্ব্বাভিমুখে কুশসমূহ বিস্তৃত করিয়া পূর্ব্বোত্তরমুখ হইয়া তাহার উপর উপবেশন করিলেন।৪০

অনন্তর দেখা গেল—সমুদ্র বেলাভূমি অতিক্রম করিয়া চারিদিকে পৃথিবীকে প্লাবিত করিতে আরম্ভ করিয়াছে এবং মহামেঘরাশির জলবর্ষণে উহা ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে।৪১

রাজা সত্যব্রত ভগবানের আদেশের কথা চিন্তা করিতেছিলেন, এরূপ সময়ে দেখিলেন ভগবানের কথিত সেই নৌকাটি নিকটে আসিয়াছে; তখন তিনি ওষধি ও লতাসমূহ সঙ্গে লইয়া সপ্তর্ষিগণের সহিত সেই নৌকায় আরোহণ করিলেন।৪২

তখন সপ্তর্ষিগণ সন্তুষ্ট হইয়া সত্যব্রতকে বলিলেন—হে রাজন্! ভগবান্ শ্রীহরির ধ্যান কর, তিনিই আমাদিগকে এই সঙ্কট হইতে উদ্ধার করিয়া মঙ্গলসাধন করিবেন।৪৩

অনন্তর রাজা সত্যব্রত ভগবানের ধ্যান করিলে তিনি একশৃঙ্গবিশিষ্ট ও নিযুতযোজন পরিমিত সুবর্ণময় মৎস্যরূপে তথায় আবির্ভূত হইয়াছিলেন।৪৪

তখন সত্যব্রত শ্রীহরির পূর্ব্বনির্দ্দেশানুসারে নৌকাটিকে রজ্জুরূপী বাসুকির দেহদ্বারা উক্ত মৎস্যমূর্ত্তির শৃঙ্গে আবদ্ধ করিয়া সন্তুষ্টচিত্তে ভগবান্ মধুসূদনের স্তুতি করিতে লাগিলেন।৪৫

রাজোবাচ।

অনাদ্যবিদ্যোপহৃতাত্মসংবিদ-
স্তন্মূলসংসারপরিশ্রমাতুরাঃ।
যদৃচ্ছয়েহোপসৃতা যমাপ্নুয়ু-
র্বিমুক্তিদো নঃ পরমো গুরুর্ভবান্ ॥৪৬

জনোঽবুধোঽয়ং নিজকর্মবন্ধনঃ
সুখেচ্ছয়া কর্ম্ম সমীহতেঽসুখম্।
যৎসেবয়া তাং বিধুনোত্যসন্মতিং
গ্রন্থিং স ভিন্দ্যাদ্হৃদয়ং স নো গুরুঃ ॥৪৭

যৎসেবয়াগ্নেরিব রুদ্ররোদনং
পুমান্ বিজহ্যান্মলমাত্মনস্তমঃ।
ভজেত বর্ণং নিজমেষ সোঽব্যয়ো
ভূয়াৎ স ঈশঃ পরমো গুরোর্গুরুঃ ॥৪৮

ন যৎপ্রসাদায়ুতভাগলেশ-
মন্যে চ দেবা গুরবো জনাঃ স্বয়ম্।
কর্তুং সমেতাঃ প্রভবন্তি পুংস-
স্তমীশ্বরং ত্বাং শরণং প্রপদ্যে ॥৪৯

রাজা সত্যব্রতঃ উবাচ। অনাদ্যবিদ্যয়া উপহৃতা আত্মসংবিৎ স্বতত্ত্বজ্ঞানং যেষাং তে, অতঃ তন্মূলেন অনাদ্যবিদ্যয়া আত্ম-জ্ঞান-বিনাশ-নিমিত্তেন সংসার-পরিশ্রমেণ তাপত্রয়েণ আতুরাঃ ব্যাকুলাঃ জনাঃ ইহ সংসারে যদৃচ্ছয়া (আকস্মিকয়া যৎকৃপয়া) উপসৃতাঃ, যম্ আশ্রিত্য সন্তোষম্ এব আপ্নুয়ুঃ, সঃ মুক্তিদঃ ভবান্ এব নঃ অস্মাকং পরমঃ গুরুঃ ভূয়াৎ ॥৪৬

অয়ম্ অবুধঃ নিজকর্মবন্ধনঃ জনঃ অসুখং দুঃখং যথা ভবতি তথা সুখেচ্ছয়া কর্ম লৌকিকং বৈদিকং চ সমীহতে করোতি। যস্য তব সেবয়া তৎপ্রসাদেন (আত্মজ্ঞানেন) তাম্ অসন্মতিং দেহাত্মাধ্যাসরূপাং বিধুনোতি বিগময়তি, সঃ ভগবান্ গুরুঃ

রাজা সত্যব্রত বলিলেন—হে দেব! অনাদি অবিদ্যাদ্বারা আত্মজ্ঞান আবৃত থাকায় যাহারা তন্মূলক সংসার ক্লেশে নিরন্তর কাতর সেই সকল ব্যক্তি যাঁহার ইচ্ছাক্রমেই শরণাগত হইয়া যাঁহাকে লাভ করে, আপনি আমাদের সেই মুক্তিদাতা পরমগুরু ॥৪৬

এ সংসারে নিজ কর্মবন্ধনে আবদ্ধ অজ্ঞ লোক সুখের ইচ্ছায় দুঃখজনক কর্মের আচরণ করে। পরন্তু যাঁহার সেবাদ্বারা সেই সুখের ইচ্ছা পরিহার করা সম্ভবপর হয়, তিনিই আমাদের হৃদয়রূপ গ্রন্থি ভেদ করুন, যেহেতু তিনিই আমাদের গুরু ॥৪৭

অগ্নির সংস্পর্শে রৌপ্য যেরূপ নির্মল হইয়া স্বাভাবিক বর্ণ প্রাপ্ত হয়, সেরূপ যাঁহার সেবাদ্বারা জীব নিজ মলস্বরূপ তামসভাব পরিত্যাগপূর্বক নিজ স্বরূপ লাভ করে, সেই অব্যয় জগদীশ্বর আমাদের গুরু হউন, যেহেতু তিনি গুরুরও পরমগুরু ॥৪৮

হে প্রভো! অপর দেবতাগণ, গুরুগণ এবং মহাজন-গণ সকলে মিলিত হইয়াও স্বতন্ত্রভাবে যাঁহার অনুগ্রহের অমৃতভাগের লেশমাত্রও সম্পাদন করিতে সমর্থ হন না, আমি জীবের ঈশ্বর সেই আপনাকেই আশ্রয় করিতেছি ॥৪৯

নঃ অস্মাকং হৃদয়ং দেহাত্মাধ্যাসলক্ষণং গ্রন্থিং বন্ধনং ভিন্দ্যাৎ ॥৪৭

অগ্নেঃ সম্পর্কাৎ রুদ্ররোদনম্ (রজতং হিরণ্যং চ) ইব যথা মলং বিজহ্যাৎ পরিত্যজেৎ, তথা নিজং বর্ণং চ ভজেত, তথা যস্য ভগবতঃ সেবয়া পুমান্ ভবঃ মলং বিজহ্যাৎ স্বরূপং চ প্রাপ্নোতি, সঃ এষঃ গুরোঃ অপি পরমঃ পূজ্যঃ নঃ অস্মাকং গুরুঃ ভূয়াৎ। যতঃ সঃ এব অব্যয়ঃ ঈশঃ ॥৪৮

পুংসঃ অন্যোপাদকস্য দেবাঃ গুরবঃ অন্যে চ জনাঃ সমেতাঃ সর্বে মিলিতাঃ অপি স্বয়ং তন্নিরপেক্ষাঃ সন্তঃ যস্য তব প্রসাদস্য অমৃত-সংখ্যকানাং ভাগানাং মধ্যে একভাগস্য লেশমাত্রমপি কর্তুং প্রভবন্তি, তম্ ঈশ্বরং ত্বাম্ অহং শরণং প্রপদ্যে ॥৪৯

অচক্ষুরন্ধস্য যথাগ্রণীঃ কৃত-
স্তথা জনস্যাবিদুষোঽবুধো গুরুঃ।
ত্বমর্কদৃক্ সর্ব্বদৃশাং সমীক্ষণো
বৃতো গুরুর্নঃ স্বগতিং বুভুৎসতাম্ ॥৫০

জনো জনস্যাদিশতেঽসতীং গতিং
যয়া প্রপদ্যেত দুরত্যয়ং তমঃ।
ত্বং ত্বব্যয়ং জ্ঞানমমোঘমঞ্জসা
প্রপদ্যেত যেন জনো নিজং পদম্ ॥৫১

ত্বং সর্ব্বলোকস্য সুহৃৎ প্রিয়েশ্বরো
হ্যাত্মা গুরুর্জ্ঞানমভীষ্টসিদ্ধিঃ।
তথাপি লোকো ন ভবন্তমন্ধধী-
র্জানাতি সন্তং হৃদি বদ্ধকামঃ ॥৫২

তং ত্বামহং দেববরং বরেণ্যং
প্রপন্ন ঈশং প্রতিবোধনায়।
ছিন্ধ্যর্থদীপৈর্ভগবন্ বচোভি-
র্গ্রন্থীন্ হৃদয্যান্ বিবৃণু স্বমোকঃ ॥৫৩

যথা অচক্ষুঃ চক্ষুর্হীনঃ অন্ধঃ অন্যস্য পূর্ব্ববাস্তস্য অগ্রণীঃ মার্গপ্রদর্শনেন নেতা ভবন্ সর্ব্বে উভৌ পততঃ, তথা অবিদুষঃ অজ্ঞস্য জনস্য অবুধঃ গুরুঃ ভবতি। যং তু সর্ব্বদৃশাং সার্ব্বেন্দ্রিয়াণাং সমীক্ষণঃ প্রকাশকঃ সর্ব্বজ্ঞঃ অর্কদৃক্ অর্কাদি-প্রকাশকঃ এব; অতএব স্বগতিম্ আত্মতত্ত্ব বুভুৎসতাং নঃ অস্মাভিঃ ত্বং গুরুত্বেন বৃতঃ ॥৫০

(গুরুত্বাভিমানবান্ অন্ধঃ) জনঃ (অজস্য সংসারিণঃ) জনস্য অসতীম্ অর্থকামাদ্যপায়বিষয়াং মতিম্ আদিশতে উপদিশতি; যয়া মত্যা দুরত্যয়ম্ অনতিক্রমণীয়ং তমঃ মহদাদি সংসারং প্রপদ্যেত প্রাপ্নোতি। ত্বং তু অব্যয়ম্ অবিনাশি অমোঘং মোক্ষাবিনাভূতং জ্ঞানম্ আত্মতত্ত্বম্ উপদিশসি; যেন জ্ঞানেন অঞ্জসা অনায়াসেন জনো নিজং স্বকীয়ং পদং স্বরূপং স্থানং বা প্রপদ্যতে ॥৫১

ত্বং সর্ব্বলোকস্য সুহৃদ্ হিতকর্ত্তা, প্রিয়েশ্বরঃ (প্রিয়ঃ চাসৌ ঈশ্বরশ্চেতি) অভীষ্টসিদ্ধিঃ হি যস্মাৎ আত্মা জ্ঞানং চৈতন্যস্বরূপং গুরুঃ জ্ঞানপ্রদঃ চ তথাপি হৃদি সন্তম্ অপি ভবন্তম্ অয়ং হৃদি বদ্ধকামঃ বিষয়াসক্তঃ অতএবাঃ অবিবেকী লোকঃ ন জানাতি ॥৫২

তম্ উক্তবিধং দেববরং, বরেণ্যং, সূক্ষ্ম্যম্ ঈশং সর্ব্বনিয়ন্তারং ত্বাং প্রতিবোধনায় তত্ত্বোপদেশায় প্রপন্নে শরণং ব্রজামি। অতঃ হে ভগবন্! অর্থদীপৈঃ স্বরূপপ্রকাশকৈঃ বচোভিঃ হৃদয্যান্ হৃদয়স্থান্ গ্রন্থীন্ দেহাত্মাভিমানাদীন্ ছিন্ধি অপাকুরু। ত্বং স্বকীয়ম্ ওকঃ স্বরূপং বিবৃণু প্রকাশয় ॥৫৩

অন্ধের অগ্রণী অর্থাৎ পথপ্রদর্শক অন্ধ যেরূপ, অজ্ঞজনের পক্ষে অবুধ গুরুও সেরূপই হয়। পরন্তু আপনার জ্ঞান-সূর্য্যের প্রকাশের ন্যায় স্বতঃস্ফূর্ত্ত বলিয়া আপনি জীবগণের সকল ইন্দ্রিয়ের প্রকাশক। অতএব আমরা নিজগতি জানিতে ইচ্ছুক হইয়া আপনাকেই গুরুরূপে বরণ করিয়াছি ।৫০

প্রাকৃত গুরু লোককে অসদ্‌গতি অর্থাৎ অর্থকামাদি-বিষয়ক জ্ঞান উপদেশ করে, ঐ জ্ঞানদ্বারা লোক দুর্লঙ্ঘ্য সংসার দশা প্রাপ্ত হয়। আর আপনি অক্ষয় অব্যর্থ জ্ঞানেরই উপদেশ করেন—যাহাদ্বারা লোক যথার্থরূপে সত্বর নিজপদ লাভ করিতে পারে ।৫১

আপনি সকল লোকের সুহৃদ্, প্রিয়, ঈশ্বর, আত্মা, গুরু, জ্ঞান ও অভীষ্ট সিদ্ধিস্বরূপ। তথাপি কামনা-গ্রস্ত জীব বাহ্যবিষয়ে চিত্তের আসক্তিহেতু হৃদয়স্থিত আপনাকে জানিতে পারে না ।৫২

হে প্রভো! আমি সম্প্রতি তত্ত্বজ্ঞান উপদেশের জন্য বরেণ্য, ঈশ্বর ও দেবশ্রেষ্ঠ আপনারই শরণাগত হইতেছি। হে ভগবন্! আপনি পরমার্থপ্রকাশক বাক্যসমূহদ্বারা আমাদের অহঙ্কারাদি হৃদয়গ্রন্থি ছেদন করিয়া নিজ রূপ প্রকাশ করুন ।৫৩

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তবন্তং নৃপতিং ভগবানাদিপূরুষঃ।
মৎস্যরূপী মহাম্ভোধৌ বিহরংস্তত্ত্বমব্রবীৎ ॥৫৪

পুরাণসংহিতাং দিব্যাং সাংখ্যযোগক্রিয়াবতীম্।
সত্যব্রতস্য রাজর্ষেরাত্মগুহ্যমশেষতঃ ॥৫৫

অশ্রৌষীদৃষিভিঃ সাকমাত্মতত্ত্বমসংশয়ম্।
নাব্যাসীনো ভগবতা প্রোক্তং ব্রহ্ম সনাতনম্ ॥৫৬

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ উক্তবন্তং প্রার্থয়মানং নৃপতিং সত্যব্রতং প্রতি মহাম্ভোধৌ বিহরন্ মৎস্যরূপী আদিপুরুষঃ ভগবান্ তত্ত্বম্ অব্রবীৎ ॥৫৪

দিব্যাং দেবেন যেন প্রণীতাং সাংখ্যযোগক্রিয়াবতীং পুরাণসংহিতাং মৎস্যপুরাণং তথা অশেষতঃ আত্মগুহ্যং চ রাজর্ষেঃ সত্যব্রতস্য অব্রবীৎ ॥৫৫

তদেতৎ ভগবতা প্রোক্তম্ আত্মনঃ তত্ত্বং পরমার্থভূতং সনাতনং ব্রহ্ম ঋষিভিঃ সাকং নাবি আসীনঃ সত্যব্রতঃ অসংশয়ম্ অশ্রৌষীৎ শুশ্রাব ॥৫৬

সঃ হরিঃ মৎস্যমূর্ত্তিঃ প্রলয়ম্ এব হয়গ্রীবম্ অসুরং হত্বা ততঃ তস্মাৎ বেদান্ আদায় অতীতঃ পূর্ব্বঃ যঃ প্রলয়ঃ তস্য অপায়ে অবসানে উত্থিতায় (সতি) বেধসে ব্রহ্মণে বেদান্ প্রত্যাহরৎ সমর্পয়ামাস ॥৫৭

সঃ তু সত্যব্রতাখ্যঃ রাজা বিষ্ণোঃ প্রসাদাৎ জ্ঞানবিজ্ঞানসংযুক্তঃ (শাস্ত্রোক্তং জ্ঞানম্ অপরোক্ষং বিজ্ঞানং তাভ্যাং সংযুক্তঃ) অস্মিন্ কল্পে বৈবস্বতঃ সূর্য্যপুত্রঃ শ্রাদ্ধদেবাখ্যঃ মনুঃ আসীৎ ॥৫৮

সত্যব্রতস্য রাজর্ষেঃ মায়ামৎস্যস্য শার্ঙ্গিণঃ মহদাখ্যানং সংবাদং শ্রুত্বা কিল্বিষাৎ মুচ্যেত ॥৫৯

অয়ং হরেঃ অবতারঃ যঃ নরঃ অবহন্ অবরহঃ কীর্ত্তয়েৎ, তস্য ইহলোকে সংকল্পাঃ সিধ্যন্তি, অন্তে সঃ পরমাং গতিং যাতি প্রাপ্নোতি ॥৬০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা সত্যব্রত এরূপ বলিলে আদিপুরুষ মৎস্যরূপী ভগবান্ প্রলয় সমুদ্রে বিহার করিতে করিতে রাজাকে তত্ত্ব উপদেশ করিয়াছিলেন ।৫৪

তৎকালে সেই ভগবান্ সত্যব্রতকে সাংখ্য ও যোগক্রিয়ার উপদেশযুক্ত দিব্য মৎস্যপুরাণ এবং গোপনীয় আত্মতত্ত্বের উপদেশ করিয়াছিলেন ।৫৫

রাজা সত্যব্রত নৌকায় উপবিষ্ট থাকিয়া সপ্তর্ষিগণের সহিত, ভগবানের উপদিষ্ট সনাতন ব্রহ্মস্বরূপ নিঃসংশয় সেই আত্মতত্ত্ব শ্রবণ করিয়াছিলেন ।৫৬

অনন্তর মৎস্যমূর্ত্তি ভগবান্ শ্রীহরি হয়গ্রীব অসুরকে নিহত করিয়া অতীত প্রলয়ের অবসানে ব্রহ্মা উত্থিত হইলে তাঁহাকে পুনরায় বেদসমূহ প্রত্যর্পণ করিয়াছিলেন ।৫৭

বিষ্ণুর অনুগ্রহে জ্ঞানবিজ্ঞানসম্পন্ন হইয়া সেই রাজর্ষি সত্যব্রত বর্ত্তমান কল্পে বৈবস্বত মনু হইয়াছেন ।৫৮

হে মহারাজ! যে কোন লোক রাজর্ষি সত্যব্রত এবং মৎস্যরূপী ভগবান্ শ্রীহরির সংবাদরূপ এই উত্তম আখ্যান শ্রবণ করিলে পাপমুক্ত হয় ।৫৯

যে মানব প্রত্যহ ভগবান্ শ্রীহরির এই মৎস্যাবতারের কথা কীর্ত্তন করেন, তাঁহার সকল মনোরথ সার্থক হয় এবং তিনি পরমগতি লাভ করেন ।৬০

প্রলয়পয়সি ধাতুঃ সুপ্তশক্তের্মুখেভ্যঃ
শ্রুতিগণমপনীতং প্রত্যুপাদায় হত্বা।
দিতিজমকথয়দ্ যো ব্রহ্ম সত্যব্রতানাং
তমহমখিলহেতুং জিহ্মমীনং নতোঽস্মি ॥৬১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে মৎস্যাবতার-চরিতং চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥২৪

ইতি অষ্টমঃ স্কন্ধঃ।

প্রলয়পয়সি বিহরন্ সুপ্তা যা নিজা শক্তিঃ সৃষ্টিসামর্থ্যং তস্যা নিদ্রাভিভূতস্য ধাতুঃ ব্রহ্মণঃ মুখেভ্যঃ অপনীতং নিঃসৃতং হয়গ্রীবেণ হৃতং শ্রুতিগণং যঃ তং দিতিজং দৈত্যং হত্বা প্রত্যুপাদায় ব্রহ্মণে দত্ত্বা; তথা সত্যব্রতানাং (সত্যব্রতস্য তৃতীয়াং চ) ব্রহ্ম-ব্রহ্মপ্রতিপাদকং পুরাণম্ অকথয়ৎ, তৎ অখিলহেতুং সর্গকারণভূতং জিহ্মমীনং কপটেন মীনরূপং ভগবন্তম্ অহং নতঃ অস্মি ॥৬১

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীধরস্বামিপাদ-কৃতায়াং চতুর্বিংশোঽধ্যায়ঃ।

যিনি হয়গ্রীবনামক দৈত্যকে সংহারপূর্বক তৎকর্তৃক প্রলয়সমুদ্রে নিদ্রাবশ সুপ্তশক্তি ব্রহ্মার মুখসকল হইতে অপহৃত বেদরাশি উদ্ধার করিয়া সত্যব্রত এবং সপ্তর্ষিগণকে সনাতন ব্রহ্মতত্ত্ব উপদেশ করিয়াছিলেন, আমি মায়া মৎস্যরূপী সর্বলোককারণ সেই ভগবান্‌কে প্রণাম করি ।৬১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্রবটুতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্বিংশঃ অধ্যায় সমাপ্ত।
॥ অষ্টম স্কন্ধ সমাপ্ত ॥



আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

গঙ্গার সমান তীর্থ নাই, মাতার ন্যায় গুরু নাই, বিষ্ণুর তুল্য দেবতা নাই, রামায়ণ হইতে শ্রেষ্ঠ কিছু নাই।

বেদের সমান শাস্ত্র নাই, শান্তির তুল্য সুখ নাই, সূর্য্যের সদৃশ জ্যোতি নাই, রামায়ণ হইতে অধিকতর আর কিছু নাই।

ক্ষমার সমান সার উৎকৃষ্ট গুণ নাই, কীর্ত্তির তুল্য ধন নাই, জ্ঞানের সদৃশ লাভ নাই, রামায়ণ হইতে অতিশোভন আর কিছু নাই।

যাহারা নিত্য গঙ্গাস্নান-রত, রামায়ণ-পরায়ণ এবং ধর্ম্মমার্গোপদেশক, তাহারা মুক্তই—ইহাতে কোন সংশয় নাই।

রাম সর্ব্বদেবময়, তাহাকে স্মরণ করিলে আধি-ব্যাধি প্রনষ্ট হয়, সদ্ভক্তগণের প্রতি স্নেহযুক্ত দেব রঘুনাথ ভক্তির দ্বারা তুষ্ট হ'ন, অন্য প্রকারে হ'ন না।

অবশেনাপি যন্নাম্না কীর্ত্তিতো বা স্মৃতোঽপি বা।
বিমুক্তপাতকঃ সোঽপি পরমং পদমশ্নুতে॥
সংসার-ঘোর-কান্তারদাবাগ্নির্মধুসূদনঃ।
স্মর্ত্তৃণাং সর্ব্বপাপানি নাশয়ত্যাশু সত্তমঃ॥
রামায়ণপরা যে তু রামনাম-পরায়ণাঃ।
ত এব কৃতকৃত্যাশ্চ ঘোরে কলিযুগে দ্বিজাঃ।
রামনামৈব নামৈব নামৈব মম জীবনম্।
সংসারবিষয়ান্ধানাং নরাণাং পাপকর্ম্মণাম্॥
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥

যদি কেহ অবশভাবে নাম কীর্ত্তন অথবা স্মরণ করে, তাহা হইলে সে ব্যক্তিও পাতক হইতে বিশেষরূপে মুক্ত হইয়া পরমপদ লাভ করে।

পরমপাবন সর্ব্বোত্তম মধুসূদন ঘোরসংসারকান্তারের দাবাগ্নি; স্মরণকারিগণের অশেষ পাপ আশু বিনাশ করেন।

হে দ্বিজগণ! যাঁহারা রামায়ণে রত, রামনামে অত্যাসক্ত, ঘোর কলিযুগে তাঁহারাই কৃতার্থ।

আর্য্যশাস্ত্র কার্য্যালয়
৫৮সি, বিধান সরণী
কলিকাতা-৬

নিবেদন

'আর্য্যশাস্ত্র' পত্রিকা আগামী ১লা আষাঢ় ১৩৭৪ সালে ষষ্ঠ বর্ষে পদার্পণ করিল।

সহৃদয় গ্রাহক-গ্রাহিকাদের ব্যক্তিগত প্রচেষ্টায় আজ 'আর্য্যশাস্ত্রে'র বহুল প্রচার সম্ভব হইয়াছে। তজ্জন্য আমরা সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি, এবং আশা রাখি আগামী বর্ষেও অনুরূপ সাহায্য তাঁহাদের নিকট হইতে নিশ্চিতই পাইব।

এই সাথে অনুরোধ জানাইতেছি, যাঁহাদের ষষ্ঠ বর্ষের গ্রাহকমূল্য পাঠাইবার সময় হইয়াছে, তাঁহারা গ্রাহক নম্বর উল্লেখ করিয়া অনুগ্রহ করিয়া সত্বর গ্রাহকমূল্য উপরোক্ত কার্য্যালয়ে পাঠাইবেন।

বিনীত
কর্ম-কিঙ্কর

[পঞ্চম বর্ষ, জ্যৈষ্ঠ, ১৩৭৪] [দ্বাদশ সংখ্যা—স্নানযাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

• • •

যুগ্ম-সম্পাদক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা] [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পূজকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুদ্রণ-কর্ম্মনিয়ন্ত্রক :—
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ দে, এম্. বি., ডি. ও. এম্. এস.,
ডি. পি. এইচ., ডি. টি. এম্. এণ্ড
এইচ (লণ্ডন)।

কিঙ্কর বিমলানন্দ।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্ত্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ৯এ, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত। ১৫ই জ্যৈষ্ঠ, ১৩৭৪।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৫০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

৺৺শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুঞ্জ
গৌহাটি
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিত আর্য্যশাস্ত্রে

শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

নবমঃ স্কন্ধঃ

পণ্ডিতকুলতিলক-শ্রীখগেন্দ্রনাথশর্ম্মণা-কৃতাম্বয়সমলঙ্কৃতঃ।

পণ্ডিতপ্রবর-শ্রীমচ্চন্দ্রচন্দ্রঘট্টতীর্থ-কৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

নবমঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ।

[সূর্য্যবংশবর্ণনম্, বৈবস্বতমনোঃ পুত্রস্য স্ত্রীভাবাপত্তিশ্চ।]

রাজোবাচ।

মন্বন্তরাণি সর্ব্বাণি ময়োক্তানি শ্রুতানি মে।
বীর্য্যাণ্যনন্তবীর্য্যস্য হরেস্তত্র কৃতানি চ ॥১
যোঽসৌ সত্যব্রতো নাম রাজর্ষির্দ্রবিড়েশ্বরঃ।
জ্ঞানং যোঽতীতকল্পান্তে লেভে পুরুষসেবয়া ॥২
স বৈ বিবস্বতঃ পুত্রো মনুরাসীদিতি শ্রুতম্।
ইক্ষ্বাকুপ্রমুখা স্তস্য সুতাঃ প্রোক্তা নৃপাঃ ॥৩
তেষাং বংশং পৃথগ্ ব্রহ্মন্ বংশানুচরিতানি চ।
কীর্ত্তয়স্ব মহাভাগ নিত্যং শুশ্রূষতাং হি নঃ ॥৪
যে ভূতা যে ভবিষ্যাশ্চ ভবন্ত্যদ্যতনাশ্চ যে।
তেষাং নঃ পুণ্যকীর্ত্তীনাং সর্ব্বেষাং বদ বিক্রমান্ ॥৫

সূত উবাচ।

এবং পরীক্ষিতা রাজ্ঞা সদসি ব্রহ্মবাদিনাম্।
পৃষ্টঃ প্রোবাচ ভগবান্ শুকঃ পরমধর্ম্মবিৎ ॥৬

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। সর্ব্বাণি চতুর্দ্দশ-মন্বন্তরাণি মন্বন্তরাণি ময়া তথা তত্র মন্বন্তরেষু কৃতানি অনন্তবীর্য্যস্য হরেঃ বীর্য্যাণি ময়া উক্তানি, তথা যে ময়া তানি শ্রুতানি চ ॥১

যঃ অসৌ দ্রবিড়েশ্বরঃ দ্রবিড়-দেশাধিপতিঃ সত্যব্রতঃ নাম রাজর্ষিঃ পুরুষস্য যজ্ঞরূপিণঃ ভগবতঃ সেবয়া অতীত-কল্পান্তে জ্ঞানং লেভে ॥২

সঃ বৈ এষ অস্মিন্ কল্পে বিবস্বতঃ পুত্রঃ সন্ মনুঃ আসীৎ ইতি তস্যঃ ময়া শ্রুতম্। অথ তস্য মনোঃ ইক্ষ্বাকু-প্রমুখাঃ নৃপাঃ যে

তস্যাঃ সুতাঃ ময়া প্রোক্তাঃ ॥৩

হে ব্রহ্মন্ হে মহাভাগ! তেষাং বংশং বংশানাং বংশজানাম্ অনুচরিতানি চ নিত্যং শ্রোতুম্ ইচ্ছতাং নঃ অস্মাকং কীর্ত্তয়স্ব ॥৪

তস্য মনোঃ বংশে যে ভূতাঃ অতীতাঃ, যে চ ভবিষ্যাঃ ভাবিনঃ, যে চ অদ্যতনাঃ বর্ত্তমানাঃ ভবন্তি, তেষাং সর্ব্বেষাং পুণ্যকীর্ত্তীনাং বিক্রমান্ বদ ॥৫

সূতঃ উবাচ। ব্রহ্মবাদিনাং সদসি রাজ্ঞা পরীক্ষিতা এবং পৃষ্টঃ পরম-ধর্ম্মবিৎ ভগবান্ শুকঃ প্রোবাচ ॥৬

প্রথম অধ্যায়।

[সূর্য্যবংশবর্ণন এবং বৈবস্বতমনুর পুত্রের স্ত্রীভাবাপত্তি।]

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! আমি আপনার বর্ণিত সকল মন্বন্তর এবং সেইসকল মন্বন্তরে অনুষ্ঠিত অনন্তবীর্য্য ভগবান্ শ্রীহরির বীর্য্যময় চরিতসমূহের কথা শ্রবণ করিয়াছি।১

দ্রবিড়দেশের অধিপতি সত্যব্রতনামক যে রাজর্ষি অতীতকল্পের অবসানে ভগবান্ শ্রীহরির সেবাদ্বারা আত্মজ্ঞান লাভ করিয়াছিলেন, তিনিই বিবস্বানের পুত্র মনু হইয়াছেন, ইহাও আপনার নিকট শুনিয়াছি। ইক্ষ্বাকুপ্রভৃতি নরপতিগণ সেই বৈবস্বত মনুরই সন্তানরূপে প্রসিদ্ধ।২-৩

হে মহাভাগ ব্রহ্মন্! সম্প্রতি আপনি সেই নৃপতিগণের বংশ এবং বংশজাত ব্যক্তিগণের চরিতকথা পৃথক্ পৃথক্ বর্ণন করুন, আমরা সর্বদা ইহা শ্রবণ করিতে ইচ্ছুক।৪

ঐসকল নরপতির বংশে পূর্বে যাঁহারা জন্মিয়াছিলেন, ভবিষ্যতে যাঁহারা জন্মিবেন এবং সম্প্রতি যাঁহারা বর্ত্তমান রহিয়াছেন, আপনি সেই পুণ্যকীর্তি পুরুষগণের সকলেরই বিক্রমের কথা আমাদের নিকট বর্ণন করুন।৫

শ্রীসূত বলিলেন—হে মুনিগণ! মহারাজ

CALCUTTA CENTRAL LIBRARY

শ্রীশুক উবাচ।

শ্রূয়তাং মানবো বংশঃ প্রাচুর্য্যেণ পরন্তপ।
ন শক্যতে বিস্তরতো বক্তুং বর্ষশতৈরপি ॥৭

পরাবরেষাং ভূতানামাত্মা যঃ পুরুষঃ পরঃ।
স এবাসীদিদং বিশ্বং কল্পান্তেঽন্যন্ন কিঞ্চন ॥৮

তস্য নাভেঃ সমভবৎ পদ্মকোষো হিরণ্ময়ঃ।
তস্মিন্ জজ্ঞে মহারাজ স্বয়ম্ভূশ্চতুরাননঃ ॥৯

হে পরন্তপ। মানবঃ বৈবস্বতমনোঃ বংশঃ প্রাচুর্য্যেণ প্রাধান্যেন শ্রূয়তাম্। যতঃ বিস্তরতঃ সাকল্যেন বক্তুং বর্ষশতৈঃ অপি ন শক্যতে ॥৭

যঃ পরাবরেষাম্ উচ্চাবচানাং ভূতানাম্ আত্মা উপাদানভূতঃ পরঃ পুরুষঃ নারায়ণঃ, সঃ এব কল্পান্তে প্রলয়দশায়াম্ ইদং বিশ্বং আসীৎ (অত্র এব ইদং সর্ব্বং লীনম্ আসীৎ); অন্য অন্যৎ কিঞ্চন ন আসীৎ ॥৮

তস্য নারায়ণস্য নাভেঃ সকাশাৎ হিরণ্ময়ঃ প্রকাশবহুলঃ পদ্মকোষঃ সমভবৎ; তস্মিন্ পদ্মকোষে চতুরাননঃ স্বয়ম্ভূঃ ব্রহ্মা জজ্ঞে ॥৯

শ্রীপরীক্ষিৎ ব্রহ্মবাদী ঋষিগণের সভায় এরূপ জিজ্ঞাসা করিলে পরমধর্ম্মজ্ঞ ভগবান্ শ্রীশুকদেব বলিতে লাগিলেন।৬

শ্রীশুকদেব বলিলেন—হে রিপুদমন। শতবর্ষেও মনুর বংশ বিস্তৃতরূপে বর্ণনা করা যায় না, অতএব আপনি তাহার অনেক অংশ শ্রবণ করুন (অর্থাৎ আমার পক্ষে সম্পূর্ণ বর্ণন অসম্ভব হইলেও বিশিষ্ট অংশসমূহ যাহা বর্ণন করিব, তাহাই শ্রবণ করুন)।৭

উৎকৃষ্ট ও নিকৃষ্ট সকল প্রাণীর যিনি আত্মা, প্রলয়কালে এই বিশ্ব একমাত্র সেই পরমপুরুষরূপেই বিদ্যমান ছিল, দ্বিতীয় কোন পদার্থই ছিল না।৮

হে মহারাজ! তখন সেই পরমপুরুষের নাভি হইতে একটি সুবর্ণময় পদ্মকোষ উৎপন্ন হইলে তন্মধ্যে চতুর্ম্মুখ ব্রহ্মা আপনা হইতেই প্রকট হইয়াছিলেন।৯

মরীচির্মনসস্তস্য জজ্ঞে তস্যাপি কশ্যপঃ।
দাক্ষায়ণ্যাং ততোঽদিত্যাং বিবস্বানভবৎ সুতঃ ॥১০
ততো মনুঃ শ্রাদ্ধদেবঃ সংজ্ঞায়ামাস ভারত।
শ্রদ্ধায়াং জনয়ামাস দশ পুত্রান্ স আত্মবান্ ॥১১
ইক্ষ্বাকুনৃগশর্য্যাতিদিষ্টধৃষ্টকরূষবান্।
নরিষ্যন্তং পৃষধ্রঞ্চ নভগঞ্চ কবিং বিভুঃ ॥১২
অপ্রজস্য মনোঃ পূর্ব্বং বশিষ্ঠো ভগবান্ কিল।
মিত্রাবরুণয়োরিষ্টিং প্রজার্থমকরোদ্বিভুঃ ॥১৩

তস্য ব্রহ্মণঃ মনসঃ সকাশাৎ মরীচিঃ জজ্ঞে, তস্যাপি মরীচেঃ কশ্যপঃ পুত্রঃ জাতঃ; ততঃ কশ্যপাৎ দাক্ষায়ণ্যাম্ অদিত্যাং বিবস্বান্ সুতঃ অভবৎ ॥১০

হে ভারত! ততঃ বিবস্বতঃ সংজ্ঞায়াং ভার্য্যায়াং শ্রাদ্ধদেবঃ নাম মনুঃ আস অজায়ত। সঃ আত্মবান্ বিভুঃ শ্রাদ্ধদেবঃ শ্রদ্ধায়াং ভার্য্যায়াং দশ পুত্রান্ জনয়ামাস তান্ প্রদর্শয়তি ॥১১

যথা ইক্ষ্বাকুঃ, নৃগঃ, শর্য্যাতিঃ, দিষ্টঃ, ধৃষ্টঃ, করূষকঃ, নরিষ্যন্তঃ, পৃষধ্রঃ, নভগঃ তথা কবিঃ ইতি ॥১২

(এষাং প্রজানাম্ উৎপত্তেঃ প্রাক্) অপ্রজস মনোঃ প্রজার্থং বিভুঃ ভগবান্ বশিষ্ঠঃ কিল মিত্রাবরুণয়োঃ ইষ্টিম্ অকরোৎ

সেই ব্রহ্মার মন হইতে মরীচির এবং মরীচি হইতে কশ্যপের জন্ম হয়। সেই কশ্যপের ঔরসে দক্ষকন্যা অদিতির গর্ভে বিবস্বান্ (সূর্য্য) নামক পুত্রের উৎপত্তি হইয়াছিল।১০

হে ভরতকুলনন্দন। বিবস্বান্ হইতে পত্নী সংজ্ঞার গর্ভে শ্রাদ্ধদেবনামক মনু জন্মগ্রহণ করেন। সংযতাত্মা মনু শ্রদ্ধার গর্ভে দশটি পুত্র উৎপাদন করিয়াছিলেন।১১

ঐ দশটি পুত্রের নাম ইক্ষ্বাকু, নৃগ, শর্য্যাতি, দিষ্ট, ধৃষ্ট, করূষ, নরিষ্যন্ত, পৃষধ্র, নভগ ও কবি।১২

এই মনু পূর্ব্বে যখন নিঃসন্তান ছিলেন, তৎকালে প্রভাবশালী ভগবান্ বশিষ্ঠ তাঁহার সন্তানলাভের জন্য মিত্র ও বরুণদেবের যাগ করিয়াছিলেন।১৩

তত্র শ্রদ্ধা মনোঃ পত্নী হোতারং সমযাচত।
দুহিত্রর্থমুপাগম্য প্রণিপত্য পয়োব্রতা ॥১৪

প্রেষিতোঽধ্বর্য্যুণা হোতা যদ্যচরৎ তৎসমাহিতঃ।
গৃহীতে হবিষি যাচা বষট্‌কারং গৃণন্ দ্বিজঃ ॥১৫

হোতুস্তদ্ব্যভিচারেণ কন্যেলা নাম সাভবৎ।
তাং বিলোক্য মনুঃ প্রাহ নাতিতুষ্টমনা গুরুম্ ॥১৬

ভগবন্ কিমিদং জাতং কর্ম্ম বো ব্রহ্মবাদিনাম্।
বিপর্য্যয়মহো কষ্টং মৈবং স্যাদ্ ব্রহ্মবিক্রিয়া ॥১৭

যূয়ং ব্রহ্মবিদো যুক্তাস্তপসা দগ্ধকিল্বিষাঃ।
কুতঃ সঙ্কল্পবৈষম্যমনৃতং বিবুধেষ্বিব ॥১৮

নিশম্য তদ্বচস্তস্য ভগবান্ প্রপিতামহঃ।
হোতুর্ব্যতিক্রমং জ্ঞাত্বা বভাষে রবিনন্দনম্ ॥১৯

অধ্বরম্ ॥১৩

তত্র তস্মিন্ যজ্ঞে ক্রিয়মাণে সতি মনোঃ পত্নী পয়োব্রতা (পয়ঃ এব ব্রতং নিয়তঃ আহারো যস্যাঃ) তথাভূতা শ্রদ্ধা উপাগম্য হোতারং প্রণিপত্য দুহিত্রর্থং তং সমযাচত প্রার্থিতবতী ॥১৪

ততঃ অধ্বর্য্যুণা প্রেষিতঃ (হে হোতঃ যজ ইতি উক্তঃ) হোতা দ্বিজঃ হবিষি গৃহীতে সতি সমাহিতঃ এবং তৎ তথা প্রার্থিতং ধ্যায়ন্ যাচা চ বষট্‌কারং গৃণন্ বষট্ ইতি উচ্চরন্ তেন হবিষা যদ্যচরৎ অযজৎ ॥১৫

তৎ তেন হোতুঃ ব্যভিচারেণ (যজমান-সংকল্পাৎ বিপরীত-সংকল্পরূপেণ) ইলা নাম সা কন্যা অভবৎ। তাং কন্যাং বিলোক্য মনুঃ নাতিতুষ্টমনাঃ তদ্গুরুং বসিষ্ঠং প্রাহ ॥১৬

হে ভগবন্। ইদং কিং জাতম্? ব্রহ্মবাদিনাং বঃ যুষ্মাকং যুষ্মাভিঃ অনুষ্ঠিতং কর্ম্ম বিপর্য্যয়ং বিপরীত-ফলপ্রাপকং জাতম্। ব্রহ্মবিক্রিয়া যজ্ঞবিপর্য্যাসঃ এবং মা স্যাৎ। (অন্যথা বৈদিক-কর্ম্ম-মন্ত্রাদি-বিন্যাসলোপাৎ সন্মার্গো বিনশ্যতি তথা) অহো কষ্টম্ ইতি ॥১৭

যূয়ং ব্রহ্মবিদঃ বেদমন্ত্র-স্বরূপ-বিদঃ, যুক্তাঃ বশীকৃতান্তঃকরণাঃ, তথা তপসা দগ্ধং কিল্বিষং পাপং যেষাং তে, অতঃ বিবুধেষু (অসত্যাবিষ্টেষু) অনৃতম্ ইব যুষ্মাকং সংকল্পবৈষম্যং কুতঃ জাতম্ ॥১৮

তস্য মনোঃ বচঃ নিশম্য শ্রুত্বা প্রপিতামহঃ ভগবান্ বসিষ্ঠঃ হোতুঃ ব্যভিক্রমং সংকল্পবিপর্য্যয়ং জ্ঞাত্বা রবিনন্দনং শ্রাদ্ধদেবং প্রতি বভাষে উক্তবান্ ॥১৯

সেই যজ্ঞকালে পয়োব্রতা (কেবলমাত্র দুগ্ধপান-ব্রতা) মনুপত্নী শ্রদ্ধা হোতার নিকটে আসিয়া প্রণাম-পূর্বক কন্যাসন্তানের প্রার্থনা জানাইলেন ।১৪

অনন্তর অধ্বর্যু হোতাকে 'যাগ কর' এরূপ নির্দেশ দিলে তিনি আহুতিদানের জন্য হবিঃ গ্রহণপূর্বক তাহা ত্যাগ করার পূর্বে একাগ্রচিত্তে শ্রদ্ধার প্রার্থনার অনুরূপ ধ্যান করিতে করিতে 'বষট্' উচ্চারণসহকারে আহুতি দান করিয়াছিলেন ।১৫

হোতার এরূপ ব্যভিচারহেতু ইলানাম্নী এক কন্যার জন্ম হইল। তাহাকে দেখিয়া মনু চিত্তে অতিসন্তুষ্ট না হইয়া গুরু বশিষ্ঠদেবকে এরূপ বলিলেন ।১৬

হে ভগবন্! আপনাদের ন্যায় ব্রহ্মজ্ঞগণের কর্মের যে এরূপ বিপর্য্যয় ঘটিল, ইহা কি? হায় কি কষ্ট! মন্ত্রের ত কখনও অন্যথা ঘটিতে পারে না ।১৭

আপনারা ব্রহ্মজ্ঞ যোগী পুরুষ, তপস্যাদ্বারা আপনাদের সকল পাপ দগ্ধ হইয়াছে, অতএব দেবগণের মধ্যে মিথ্যার আবির্ভাবের ন্যায় কিরূপে আপনাদের মন্ত্রের বৈষম্য ঘটিতে পারে? ।১৮

আমার প্রপিতামহ ভগবান্ বশিষ্ঠদেব সেই বাক্য শ্রবণ করিয়া হোতার ব্যতিক্রম জানিতে পারিয়া মনুকে এরূপ বলিয়াছিলেন ।১৯

এতৎ সঙ্কল্পবৈষম্যং হোতুস্তে ব্যভিচারতঃ।
তথাপি সাধয়িষ্যে তে সুপ্রজস্ত্বং স্বতেজসা ॥২০

এবং ব্যবসিতো রাজন্ ভগবান্ স মহাযশাঃ।
অস্তৌষীদাদিপুরুষমিলায়াঃ পুংস্ত্বকাম্যয়া ॥২১

তস্মৈ কামবরং তুষ্টো ভগবান্ হরিরীশ্বরঃ।
দদাবিলাঽভবৎ তেন সুদ্যুম্নঃ পুরুষর্ষভঃ ॥২২

স একদা মহারাজ বিচরন্ মৃগয়াং বনে।
বৃতঃ কতিপয়ামাত্যৈরশ্বমারুহ্য সৈন্ধবম্ ॥২৩

প্রগৃহ্য রুচিরং চাপং শরাংশ্চ পরমাদ্ভুতান্।
দংশিতোঽনুমৃগং বীরো জগাম দিশমুত্তরাম্ ॥২৪

সুকুমারবনং মেরোরধস্তাৎ প্রবিবেশ হ।
যত্রাস্তে ভগবান্ শর্ব্বো রমমাণঃ সহোময়া ॥২৫

তস্মিন্ প্রবিষ্ট এবাসৌ সুদ্যুম্নঃ পরবীরহা।
অপশ্যৎ ত্রিয়মাত্মানমশ্বঞ্চ বড়বাং নৃপ ॥২৬

তথা তদনুগাঃ সর্ব্বে আত্মলিঙ্গবিপর্য্যয়ম্।
দৃষ্ট্বা বিমনসোঽভূবন্ বীক্ষমাণাঃ পরস্পরম্ ॥২৭

হোতুঃ ব্যভিচারতঃ তে তব সঙ্কল্পবৈষম্যম্ এতৎ যদ্যপি ভাতম্, তথাপি স্বতেজসা তে সুপ্রজস্ত্বং সাধয়িষ্যে (কন্যায়াঃ এষ পুত্রস্ত্বম্ ইতি) ॥২০

হে রাজন্! এবং ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ সঃ মহাযশাঃ বশিষ্ঠঃ ইলায়াঃ কন্যায়াঃ পুংস্ত্বকাম্যয়া আদিপুরুষং ভগবন্তম্ অস্তৌষীৎ ॥২১

ততঃ ঈশ্বরঃ ভগবান্ হরিঃ তুষ্টঃ সন্ তস্মৈ বশিষ্ঠায় কামবরং দদৌ; তেন কামবরেণ সা ইলা পুরুষর্ষভঃ সুদ্যুম্নঃ অভবৎ ॥২২

হে মহারাজ! একদা সঃ বীরঃ সুদ্যুম্নঃ দংশিতঃ বদ্ধকবচঃ রুচিরং চাপং পরমাদ্ভুতান্ শরান্ চ প্রগৃহ্য সৈন্ধবম্ অশ্বম্ আরুহ্য কতিপয়ৈঃ অমাত্যৈঃ বৃতঃ এব বনে মৃগান্ মৃগয়াং বিচরন্ উত্তরাং দিশং জগাম ॥২৩-২৪

তথা উময়া সহ রমমাণঃ ভগবান্ শর্বঃ যত্র আস্তে, মেরোঃ অধস্তাৎ তৎ সুকুমারবনং প্রবিবেশ হ ॥২৫

হে নৃপ! পরবীরহা (পরান্ শত্রূন্ বীরান্ হন্তীতি) অসৌ সুদ্যুম্নঃ তস্মিন্ বনে প্রবিষ্টঃ এব আত্মানং স্ত্রিয়ং তথা অশ্বং চ বড়বাম্ অপশ্যৎ ॥২৬

তথা তস্য অনুগাঃ সর্ব্বে আত্মলিঙ্গস্য বিপর্য্যয়ং স্ত্রীত্বং দৃষ্ট্বা পরস্পরং বীক্ষমাণাঃ তে বিমনসঃ খিন্নচিত্তাঃ অভূবন্ ॥২৭

হে মহাভাগ! আপনার হোতার ব্যভিচার-দোষেই সঙ্কল্পের এরূপ বৈষম্য ঘটিয়াছে, তথাপি আমি নিজ ব্রহ্মতেজের প্রভাবে আপনাকে সুপুত্রযুক্ত করিব ।২০

হে মহারাজ! মহাযশাঃ ভগবান্ বশিষ্ঠদেব এরূপ নিশ্চয়পূর্বক ইলার পুরুষত্ব কামনায় আদিপুরুষ ভগবানের স্তুতি করিয়াছিলেন ।২১

ভগবান্ ঈশ্বর শ্রীহরি সন্তুষ্ট হইয়া তাঁহার কামনার অনুরূপ বর দান করিলেন এবং তাহাতে ইলা সুদ্যুম্ন-নামক শ্রেষ্ঠ পুরুষরূপে পরিণত হইয়াছিলেন ।২২

হে মহারাজ! কতিপয় অমাত্যে পরিবৃত মহাবীর সুদ্যুম্ন মনোজ্ঞ ধনুঃ, বিচিত্র বাণসমূহ ও বর্মধারণপূর্বক সিন্ধুদেশীয় অশ্বে আরোহণ করিয়া বনমধ্যে মৃগয়া করিতে করিতে মৃগের অনুসরণক্রমে উত্তরদিকে গমন করিয়াছিলেন ।২৩-২৪

এইরূপে তিনি সুমেরু পর্বতের নিম্নভাগে যেস্থানে ভগবান্ শঙ্কর পার্বতীদেবীর সহিত বিহাররত রহিয়াছেন, সেই সুরম্য বনমধ্যে প্রবেশ করিলেন ।২৫

হে মহারাজ! শত্রুবীরনাশক সুদ্যুম্ন সেই বনে প্রবেশ করা মাত্রই নিজকে স্ত্রীরূপে এবং অশ্বকে বড়বারূপে লক্ষ্য করিলেন। এইরূপ তাঁহার অনুচরগণও সকলেই নিজ নিজ আকৃতির বিপর্যয় দর্শন করিয়া পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে করিতে চিত্তে দুঃখবোধ করিতে লাগিলেন ।২৬-২৭

রাজোবাচ।

কথমেবংগুণো দেশঃ কেন বা ভগবন্ কৃতঃ।
প্রশ্নমেনং সমাচক্ষ্ব পরং কৌতূহলং হি নঃ ॥২৮

শ্রীশুক উবাচ।

একদা গিরিশং দ্রষ্টুমৃষয়স্তত্র সুব্রতাঃ।
দিশো বিতিমিরাভাসাঃ কুর্ব্বন্তঃ সমুপাগমন্ ॥২৯
তান্ বিলোক্যাম্বিকা দেবী বিবাসা ব্রীড়িতা ভৃশম্।
ভর্ত্তুরঙ্কাৎ সমুত্থায় নীবীমাশ্বথ পর্য্যধাৎ ॥৩০

ঋষয়োঽপি তয়োর্বীক্ষ্য প্রসঙ্গং রমমাণয়োঃ।
নিবৃত্তাঃ প্রযযুস্তস্মাৎ নরনারায়ণাশ্রমম্ ॥৩১
তদিদং ভগবানাহ প্রিয়ায়াঃ প্রিয়কাম্যয়া।
স্থানং যঃ প্রবিশেদেতৎ স বৈ যোষিদ্ভবেদিতি ॥৩২
ততঃ ঊর্দ্ধং বনং তদ্ বৈ পুরুষা বর্জ্জয়ন্তি হি।
সা চানুচরসংযুক্তা বিচচার বনাদ্ বনম্ ॥৩৩
অথ তামাশ্রমাভ্যাশে চরন্তীং প্রমদোত্তমাম্।
স্ত্রীভিঃ পরিবৃতাং বীক্ষ্য চকমে ভগবান্ বুধঃ ॥৩৪

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! এবং গুণঃ (এবম্বিধঃ প্রবেশমাত্রেণ স্ত্রীলম্পাদকত্বলক্ষণঃ গুণঃ স্বভাবঃ যস্য তথাবিধঃ) দেশঃ কথং সম্ভবতি? কেন বা তথাবিধঃ কৃতঃ? এবং মহা কৃতং প্রশ্নং সমাচক্ষ্ব, সমাবৎস্ব। হি যস্মাৎ এতদ্রূপে নঃ অস্মাকং পরং কৌতূহলম্ উৎসাহঃ বর্ত্ততে ॥২৮

শ্রীশুকঃ উবাচ। একদা স্বধীশ্যা দিশঃ বিতিমিরাভাসঃ (বিগতং তিমিরম্ আভাসঃ অন্ধকারঃ যাসু তথাভূতাঃ) কুর্ব্বন্তঃ সুব্রতাঃ তপস্বিনঃ ঋষয়ঃ গিরিশং দ্রষ্টুং তত্র ইলাবৃতবনে সমুপাগমন্ জগ্মুঃ ॥২৯

তান্ আগতান্ ঋষীন্ বিলোক্য বিবাসা বস্ত্ররহিতা দেবী অম্বিকা ভৃশং ব্রীড়িতা সতী ভর্ত্তুঃ অঙ্কাৎ সমুত্থায় আশু নীবীং বস্ত্রং পর্য্যধাৎ পরিহিতবতী ॥৩০

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্! ঐ বনপ্রদেশ কিহেতু এরূপ গুণযুক্ত হইল? আর কোন্ ব্যক্তই বা উহাকে এরূপ করিল? আমাদের এ বিষয়ে মহা কৌতূহল জন্মিয়াছে, আপনি আমাদের প্রশ্নের উত্তর দান করুন।২৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! একদিন উর্দ্ধমন্থপরায়ণ ঋষিগণ ভগবান্ শ্রীশঙ্করকে দর্শন করিবার জন্য সেই বনে আগমন করিয়াছিলেন। তৎকালে তাঁহাদের দীপ্তিদ্বারা দিঙ্মণ্ডলের অন্ধকার এবং অন্য সকলের দীপ্তি নিরস্ত হইয়াছিল।২৯

অনন্তর তৎকালে বিবস্ত্রা পার্ব্বতীদেবী তাঁহাদিগকে দেখিয়াই অতিশয় লজ্জিতা হইয়া স্বামীর ক্রোড়দেশ হইতে উত্থানপূর্ব্বক সত্বর নীবী (কটিবস্ত্রের বন্ধন) পরিধান করিয়াছিলেন।৩০

এদিকে ঋষিগণও তাঁহাদের উভয়ের বিহারপ্রসঙ্গ লক্ষ্য করিয়াই তথা হইতে প্রতিনিবৃত্ত হইয়া নরনারায়ণাশ্রমে গমন করিলেন।৩১

তখন ভগবান্ শঙ্কর প্রিয়ার প্রীতিকামনায় এরূপ বলিয়াছিলেন যে—অতঃপর যে পুরুষ এখানে প্রবেশ করিবে, সে নিশ্চয়ই স্ত্রী হইবে।৩২

ইহার পর হইতেই পুরুষগণ সেই বন পরিত্যাগ করিয়াছে। এ অবস্থায় স্ত্রীমূর্ত্তিধারী সুদ্যুম্ন স্ত্রীমূর্ত্তিধারী অনুচরগণের সহিত এক বন হইতে ক্রমশঃ অন্য বনে বিচরণ করিতে লাগিলেন।৩৩

একসময়ে ভগবান্ বুধ রমণীগণকর্ত্তৃক পরিবৃতা সেই পরমরমণীয়া রমণীকে নিজ আশ্রমের নিকট

সাপি তং চকমে সুভ্রূঃ সোমরাজসুতং পতিম্।
স তস্যাং জনয়ামাস পুরূরবসমাত্মজম্ ॥৩৫

এবং স্ত্রীত্বমনুপ্রাপ্তঃ সুদ্যুম্নো মানবো নৃপঃ।
সস্মার স কুলাচার্য্যং বশিষ্ঠমিতি শুশ্রুম ॥৩৬

স তস্য তাং দশাং দৃষ্ট্বা কৃপয়া ভৃশপীড়িতঃ।
সুদ্যুম্নস্যাশয়ন্ পুংস্ত্বমুপাধাবত শঙ্করম্ ॥৩৭

তুষ্টস্তস্মৈ স ভগবানৃষয়ে প্রিয়মাবহন্।
স্বাঞ্চ বাচমৃতাং কুর্ব্বন্নিদমাহ বিশাম্পতে ॥৩৮

মাসং পুমান্ স ভবিতা মাসং স্ত্রী তব গোত্রজঃ।
ইত্থং ব্যবস্থয়া কামং সুদ্যুম্নোঽবতু মেদিনীম্ ॥৩৯

আচার্য্যানুগ্রহাৎ কামং লব্ধ্বা পুংস্ত্বং ব্যবস্থয়া।
পালয়ামাস জগতীং নাভ্যনন্দন্ স্ম তং প্রজাঃ ॥৪০

সা সুভ্রূঃ অপি সোমরাজসুতং তং পুরূং পতিং চকমে। সঃ চ পুরূঃ তস্যাং পুরূরবসং তৎসংজ্ঞকম্ আত্মজং জনয়ামাস ॥৩৫

হে নৃপ! মানবঃ মনুপুত্রঃ সুদ্যুম্নঃ এবং স্ত্রীত্বম্ অনুপ্রাপ্তঃ সন্ স্বকুলাচার্য্যং বশিষ্ঠং সস্মার ইতি বয়ং শুশ্রুম ॥৩৬

তস্য তাং দশাং দৃষ্ট্বা কৃপয়া ভৃশপীড়িতঃ সঃ বশিষ্ঠঃ সুদ্যুম্নস্য পুংস্ত্বম্ আশয়ন্ ইচ্ছন্ শঙ্করম্ উপাধাবত আরাধয়ামাস ॥৩৭

হে বিশাম্পতে! তুষ্টঃ সঃ ভগবান্ শঙ্করঃ তস্মৈ ঋষয়ে প্রিয়ম্ আবহন্ প্রীতিং দদানঃ তথা স্বাং বাচম্ ঋতাং সত্যাং কুর্ব্বন্ ইদম্ আহ ॥৩৮

যথা সঃ তব গোত্রজঃ সুদ্যুম্নঃ মাসং পুমান্ মাসং স্ত্রী ভবিতা ভবিষ্যতি, ইত্থং ব্যবস্থয়া সঃ মেদিনীং কামম্ অবতু পালয়তু ॥৩৯

এবম্ আচার্য্যস্য বশিষ্ঠস্য অনুগ্রহাৎ কামম্ ইষ্টং পুংস্ত্বম্ ব্যবস্থয়া লব্ধ্বা সুদ্যুম্নঃ জগতীং পালয়ামাস। তথাপি প্রজাঃ তং ন অভ্যনন্দন্ স্ম ॥৪০

বিচরণ করিতে দেখিয়া তাহাকে লাভ করিতে ইচ্ছুক হইলেন।৩৪

আর সুন্দরী সেই রমণীমূর্ত্তিও চন্দ্রের পুত্র সেই বুধকে পতিরূপে কামনা করিলেন। অনন্তর বুধ তাঁহার গর্ভে পুরূরবাকে পুত্ররূপে উৎপাদন করিয়াছিলেন।৩৫

আমরা শুনিয়াছি—মনুপুত্র রাজা সুদ্যুম্ন এইরূপে স্ত্রীভাব প্রাপ্ত হইয়া পশ্চাৎ কুলগুরু বশিষ্ঠকে স্মরণ করিয়াছিলেন।৩৬

তখন বশিষ্ঠদেব সুদ্যুম্নের এরূপ অবস্থা লক্ষ্য করিয়া অতিশয় পীড়া বোধ করিলেন এবং কৃপাবশতঃ তাঁহার পুরুষত্ব কামনা করিয়া ভগবান্ শঙ্করের নিকট যাইয়া তাঁহার স্তুতি করিয়াছিলেন।৩৭

হে মহারাজ! তৎকালে ভগবান্ শঙ্কর বশিষ্ঠদেবের প্রীতিসাধন এবং নিজবাক্যেরও সত্যতা রক্ষা করিয়া এরূপ বলিলেন।৩৮

হে ঋষিপ্রবর! তোমার গোত্রজাত এই সুদ্যুম্ন একমাস পুরুষ এবং একমাস স্ত্রী হইবে। আর এরূপ ব্যবস্থাক্রমেই সে ইচ্ছানুসারে এই পৃথিবী পরিপালন করুক।৩৯

এইরূপে কুলগুরু বশিষ্ঠদেবের অনুগ্রহে তিনি ব্যবস্থানুরূপ পুরুষত্ব লাভ করিয়া ইচ্ছানুসারে পৃথিবী পালন করিয়াছিলেন, কিন্তু যখন তিনি স্ত্রীভাব প্রাপ্ত হইতেন তখন লজ্জায় লুক্কায়িত থাকিতেন বলিয়া প্রজাগণ তাঁহার অভিনন্দন করিতে পারিত না।৪০

তস্যোৎকলো গয়ো রাজন্ বিমলশ্চ ত্রয়ঃ সুতাঃ।
দক্ষিণাপথরাজানো বভূবুর্ধর্মবৎসলাঃ ॥৪১
ততঃ পরিণতে কালে প্রতিষ্ঠানপতিঃ প্রভুঃ।
পুরূরবস উৎসৃজ্য গাং পুত্রায় গতো বনম্ ॥৪২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
প্রথমোঽধ্যায়ঃ ॥১

হে রাজন্! তস্য সুদ্যুম্নস্য উৎকলঃ গয়ঃ বিমলঃ চ ইতি ত্রয়ঃ সুতাঃ বভূবুঃ, তে চ দক্ষিণাপথ-রাজানঃ দক্ষিণ-দেশাধিপতয়ঃ ধর্মপরাঃ ধর্মবৎসলাঃ বভূবুঃ ॥৪১

ততঃ কালে পরিণতে ব্যতীতে সতি (কালবশাৎ অবায়াং প্রাপ্তায়াং সত্যাং) প্রতিষ্ঠান-পতিঃ (প্রতিতিষ্ঠন্তি অস্মিন্ ইতি প্রতিষ্ঠানং ভূমণ্ডলং তস্য পতিঃ) প্রভুঃ সুদ্যুম্নঃ পুরূরবসে স্বপুত্রায় গাম্ উৎসৃজ্য দত্ত্বা স্বয়ং তপসে বনং গতঃ ॥৪২

ইতি নবমে স্কন্ধে শ্রীধরস্বামিনাথশাস্ত্রি-কৃতায়াং প্রথমোঽধ্যায়ঃ ॥

হে মহারাজ! সুদ্যুম্নের ধর্মপরায়ণ তিন পুত্র—উৎকল, গয় ও বিমল—ইঁহারা দক্ষিণাপথের রাজা হইয়াছিলেন ।৪১

অনন্তর বৃদ্ধবয়সে প্রতিষ্ঠানপুরের অধিপতি রাজা সুদ্যুম্ন পুত্র পুরূরবাকে রাজ্য প্রদান করিয়া বনে গমন করিয়াছিলেন ।৪২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
প্রথম অধ্যায় সমাপ্ত

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[পৃষধ্র-কবিপ্রভৃতীনাং বংশবিস্তার-কথনম্।]

শ্রীশুক উবাচ।
এবং গতেঽথ সুদ্যুম্নে মনুর্বৈবস্বতঃ সুতে।
পুত্রকামস্তপস্তেপে যমুনায়াং শতং সমাঃ ॥১
ততোঽযজন্মনুর্দেবমপত্যার্থং হরিং প্রভুম্।
ইক্ষ্বাকুপূর্ব্বজান্ পুত্রান্ লেভে স্বসদৃশান্ দশ ॥২

অন্বয়ঃ
এবম্ উক্তপ্রকারেণ সুদ্যুম্নে সুতে বনং গতে সতি বৈবস্বতঃ মনুঃ পুত্রকামঃ সন্ যমুনায়াং শতং সমাঃ বৎসরশতং তপঃ তেপে ॥১

অন্বয়ঃ
ততঃ তদা মনুঃ অপত্যার্থং প্রভুং হরিম্ অযজৎ আরাধিতবান্ ততঃ তৎপ্রসাদাৎ স্বসদৃশান্ আত্মতুল্যান্ ইক্ষ্বাকু-পূর্ব্বজান্ দশ পুত্রান্ লেভে ॥২

দ্বিতীয় অধ্যায়।

[পৃষধ্র-কবিপ্রভৃতির বংশবিস্তার কথন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! নিজ পুত্র সুদ্যুম্ন এইরূপে বনগমন করিলে বৈবস্বত মনু পুত্রলাভের জন্য যমুনায় শত বৎসর তপস্যা করিয়াছিলেন ।১

অনন্তর মনু পুত্রলাভের জন্য প্রভু শ্রীহরির উপাসনা করিয়া নিজের তুল্য ইক্ষ্বাকু প্রভৃতি দশটি পুত্র লাভ করেন ।২

পৃষধ্রস্তু মনোঃ পুত্রো গোপালো গুরুণা কৃতঃ।
পালয়ামাস গা যত্তো রাত্র্যাং বীরাসনব্রতঃ ॥৩

একদা প্রাবিশদ্ গোষ্ঠং শার্দ্দূলো নিশি বর্ষতি।
শয়ানা গাব উত্থায় ভীতাস্তা বভ্রমুর্ব্রজে ॥৪

একাং জগ্রাহ বলবান্ সা চুক্রোশ ভয়াতুরা।
তস্যাস্তু ক্রন্দিতং শ্রুত্বা পৃষধ্রোঽনুসসার হ ॥৫

খড়্গামাদায় তরসা প্রলীনোড়ুগণে নিশি।
অজানন্নচ্ছিনদ্ বভ্রোঃ শিরঃ শার্দ্দূলশঙ্কয়া ॥৬

ব্যাঘ্রোঽপি বৃক্ষশ্রবণো নিস্ত্রিংশাগ্রাহতস্ততঃ।
নিশ্চক্রাম ভৃশং ভীতো রক্তং পথি সমুৎসৃজন্ ॥৭

মন্যমানো হতং ব্যাঘ্রং পৃষধ্রঃ পরবীরহা।
অদ্রাক্ষীৎ স্বহতাং বভ্রুং ব্যুষ্টায়াং নিশি দুঃখিতঃ ॥৮

তত্র মনোঃ পুত্রঃ পৃষধ্রস্তু গুরুণা পিত্রা বশিষ্ঠেন গোপালঃ কৃতঃ; অতঃ রাত্র্যাং যত্তঃ সাবধানঃ, বীরাসন-ব্রতঃ (বীরাসনং আসনবন্ধে তদ্ভেদে ব্রতং নিয়মঃ যস্য সঃ) গাঃ (ব্যাঘ্রাদিভ্যঃ) পালয়ামাস ॥৩

একদা নিশি রাত্র্যাং পর্জন্যে বর্ষতি সতি শার্দ্দূলঃ ব্যাঘ্রঃ গোষ্ঠং গবাম্ উপবেশনস্থানং প্রাবিশৎ। তদা তং দৃষ্ট্বা শয়ানাঃ উপবিষ্টাঃ তাঃ গাবঃ ভীতাঃ উত্থায় ব্রজে গোষ্ঠে বভ্রমুঃ ॥৪

তত্র বলবান্ ব্যাঘ্রঃ একাং গাং জগ্রাহ; সা চ ভয়াতুরা সতী চুক্রোশ আক্রন্দিতবতী। তস্যাঃ তৎক্রন্দিতং শব্দং শ্রুত্বা পৃষধ্রঃ অনুসসার তৎসন্নীপং জগাম ॥৫

তথা খড়্গম্ আদায় বেগেন সমাসাদ্য প্রলীনোড়ুগণে (প্রলীনাঃ উড়ুগণাঃ যস্যাং তাদৃশ্যাং) নিশি শার্দ্দূল-শঙ্কয়া অজানন্ বভ্রোঃ কপিলায়াঃ গোঃ শিরঃ অচ্ছিনৎ চিচ্ছেদ ॥৬

নিস্ত্রিংশাগ্রাহতঃ (নিস্ত্রিংশস্য অগ্রেণ আহতঃ) ব্যাঘ্রঃ অপি বৃক্ষশ্রবণঃ ছিন্নকর্ণঃ সন্ ভৃশং ভীতঃ পথি মার্গে রক্তং রুধিরং সমুৎসৃজন্ ত্যজন্ ততঃ গোষ্ঠাৎ নিশ্চক্রাম নির্গতঃ ॥৭

পরবীরহা শত্রুতাপনঃ পৃষধ্রঃ ব্যাঘ্রং হতং মন্যমানঃ অপি নিশি ব্যুষ্টায়াম্ অতীতায়াং স গাং প্রভাতে যেন হতাং বভ্রুম্ অদ্রাক্ষীৎ, ততশ্চ দুঃখিতঃ বভূব ॥৮

মনুর পুত্র পৃষধ্রকে তাঁহার গুরু গোরক্ষায় নিযুক্ত করিলে তিনি সংযতচিত্তে খড়্গ-হস্ত হইয়া রাত্রিকালে জাগরণপূর্বক গোরক্ষা করিতেন ॥৩

একদিন রাত্রিকালে বৃষ্টিপাত হইতেছে এরূপ সময়ে একটি বাঘ আসিয়া গোষ্ঠে প্রবেশ করিলে শয়নরত গোসমূহ ভয়হেতু উঠিয়া গোষ্ঠের মধ্যে ইতস্ততঃ বিচরণ করিতে লাগিল ॥৪

তৎকালে বলবান্ ব্যাঘ্র একটি গাভীকে ধরিয়া লইলে সেই গাভী ভয়ে কাতর হইয়া চীৎকার করিয়াছিল এবং পৃষধ্র সেই চীৎকার শুনিয়া তাহার অনুসরণ করিয়াছিলেন ॥৫

রাত্রিতে সে সময়ে আকাশে তারাগণও মেঘে আচ্ছন্ন থাকায় খড়্গ হস্তে দ্রুতগামী পৃষধ্র না জানিয়া ব্যাঘ্র মনে করিয়া একটি কপিলা গাভীর মস্তক ছেদন করিয়াছিলেন ॥৬

তৎকালে খড়্গের অগ্রভাগের আঘাতে সেই ব্যাঘ্রেরও একটি কর্ণ ছিন্ন হইলে সে অতিশয় ভীত এবং তথা হইতে নির্গত হইয়া পথে পথে রক্তপাত করিতে করিতে পলায়ন করিল ॥৭

শত্রুবীরনাশক পৃষধ্র বাঘ নিহত হইয়াছে মনে করিলেও রাত্রি প্রভাত হইলে নিজ কর্তৃক নিহতা সেই কপিলাকে দেখিতে পাইলেন এবং তজ্জন্য দুঃখিত হইয়াছিলেন ॥৮

তং শশাপ কুলাচার্য্যঃ কৃতাগসমকামতঃ।
ন ক্ষত্রবন্ধুঃ শূদ্রত্বং কর্ম্মণা ভবিতাঽনুনা ॥৯
এবং শপ্তস্তু গুরুণা প্রত্যগৃহ্লাৎ কৃতাঞ্জলিঃ।
অধারয়দ্ব্রতং বীর ঊর্দ্ধরেতা মুনিপ্রিয়ম্ ॥১০
বাসুদেবে ভগবতি সর্ব্বাত্মনি পরেঽমলে।
একান্তিত্বং গতো ভক্ত্যা সর্ব্বভূতসুহৃৎসমঃ ॥১১
বিমুক্তসঙ্গঃ শান্তাত্মা সংযতাক্ষোঽপরিগ্রহঃ।
যদৃচ্ছয়োপপন্নেন কল্পয়ন্ বৃত্তিমাত্মনঃ ॥১২
আত্মন্যাত্মানমাধায় জ্ঞানতৃপ্তঃ সমাহিতঃ।
বিচচার মহীমেতাং জড়ান্ধবধিরাকৃতিঃ ॥১৩
এবংবৃত্তো বনং গত্বা দৃষ্ট্বা দাবাগ্নিমুত্থিতম্।
তেনোপযুক্তকরণো ব্রহ্ম প্রাপ পরং মুনিঃ ॥১৪
কবিঃ কনীয়ান্ বিষয়েষু নিস্পৃহো
বিসৃজ্য রাজ্যং সহ বন্ধুভির্বনম্।
নিবেশ্য চিত্তে পুরুষং স্বরোচিষং
বিবেশ কৈশোরবয়াঃ পরং গতঃ ॥১৫

অকামতঃ অজ্ঞানতঃ কৃতং আগঃ গোবধরূপং পাপং যেন তং পৃষধ্রং কুলাচার্য্যঃ বশিষ্ঠঃ শশাপ, যথা ত্বং ক্ষত্রবন্ধুঃ ক্ষত্রিয়াধমঃ অপি ন ভবিতা, কিন্তু অনুনা পাপ-কর্ম্মণা শূদ্রঃ এব ভবিতা ভবিষ্যতি ॥৯

এবং শপ্তঃ পৃষধ্রঃ কৃতাঞ্জলিঃ সন্ তৎ শাপং প্রত্যগৃহ্লাৎ; ততশ্চ সঃ ধীরঃ ঊর্দ্ধরেতাঃ জিতেন্দ্রিয়ঃ সন্ মুনিপ্রিয়ং ভগবদ্ভজনাত্মিকং ব্রতম্ অধারয়ৎ ॥১০

সর্ব্বভূতেষু সুহৃৎ দয়াবান্ সমঃ সমদর্শী পৃষধ্রঃ ভক্ত্যা সর্ব্বাত্মনি সর্ব্বোপাদানভূতে অমলে নির্ব্বিকারে পরে পরমেশ্বরে ভগবতি বাসুদেবে সাক্ষিভূতে চিদানন্দময়ে একান্তিত্বং অনন্যশরণং গতঃ প্রাপ্তঃ ॥১১

বিমুক্তসঙ্গঃ আসক্তিশূন্যঃ, শান্তাত্মা (শান্তঃ লোভাদিরহিতঃ আত্মা অন্তঃকরণং যস্য সঃ) সংযতাক্ষঃ (সংযতানি অক্ষাণি ইন্দ্রিয়াণি যেন সঃ), অপরিগ্রহঃ (ন বিদ্যতে পরিগ্রহঃ ভোগসম্বন্ধঃ যস্য সঃ), যদৃচ্ছয়া উপপন্নেন প্রারব্ধ-প্রাপ্তেন অন্নাদিনা আত্মনঃ বৃত্তিং কল্পয়ন্ জীবিকাং নির্ব্বাহয়ন্ ॥১২

আত্মনি পরমাত্মনি আত্মানং মনঃ আধায় স্থিরীকৃত্য জ্ঞানেন পরমানন্দ-স্বরূপাভেদজ্ঞানেন তৃপ্তঃ সমাহিতঃ সন্ জড়ান্ধবধিরাকৃতিঃ এব এতাং মহীং বিচচার ॥১৩

এবংবৃত্তঃ সঃ কদাচিৎ বনং গত্বা তত্র উত্থিতং দাবাগ্নিং দৃষ্ট্বা তেন উপযুক্তানি বিষয়ানি করণানি করচরণাদীনি ইন্দ্রিয়াণি যস্য সঃ তাদৃশঃ মুনিঃ মৌনী পৃষধ্রঃ পরং ব্রহ্ম প্রাপ ॥১৪

কনীয়ান্ কনিষ্ঠঃ কবিঃ কৈশোরবয়াঃ এব বিষয়েষু নিস্পৃহঃ, অতঃ বন্ধুভিঃ সহ রাজ্যং বিসৃজ্য ত্যক্ত্বা স্বরোচিষং স্বপ্রকাশং পুরুষং ভগবন্তং স্বচিত্তে নিবেশ্য ধ্যানেন বনং গতঃ; ততঃ তম্

তিনি অজ্ঞানতঃ অপরাধ করিলেও কুলগুরু তাঁহাকে এরূপ অভিশাপ দান করিলেন—রে পাপিষ্ঠ! এই দুষ্কর্মহেতু তুমি তখন হইতে নিকৃষ্ট ক্ষত্রিয়রূপেও গণ্য না হইয়া শূদ্ররূপেই পরিচিত হইবে।৯

বীর পৃষধ্র গুরুকর্তৃক এরূপ অভিশপ্ত হইয়া যোড়হাতে তাহা স্বীকার করিয়া লইলেন এবং তখন হইতেই ঊর্দ্ধরেতা হইয়া ব্রত অবলম্বন করিয়াছিলেন।১০

অনন্তর তিনি সর্বাত্মা বিশুদ্ধস্বরূপ পরমপুরুষ ভগবান্ বাসুদেবের একনিষ্ঠ ভক্তিযোগ লাভ করিয়া সর্ব প্রাণীর সুহৃদ ও সমভাবাপন্ন হইলেন।১১

এইরূপে তিনি লোকসঙ্গ হইতে বিমুক্ত, শান্তচিত্ত, সংযতেন্দ্রিয়, দানগ্রহণশূন্য, জ্ঞানতৃপ্ত ও একাগ্রমনা হইয়া ভাগ্যক্রমে উপস্থিত দ্রব্যদ্বারাই নিজের জীবন ধারণপূর্বক পরমাত্মায় চিত্ত সমর্পণ করিয়া জড়, অন্ধ ও বধিরের ন্যায় পৃথিবী পর্য্যটন করিতে লাগিলেন।১২-১৩

এরূপ আচরণসম্পন্ন মুনিব্রতাবলম্বী পৃষধ্র একসময় বনে যাইয়া প্রজ্বলিত দাবানল দেখিতে পাইলেন এবং তাহার দ্বারা নিজ দেহ দগ্ধ হইলে পরম ব্রহ্মপদ লাভ করিয়াছিলেন।১৪

মনুর কনিষ্ঠপুত্র কবি বিষয়ে নিঃস্পৃহ হইয়া কৈশোরেই আত্মীয় বান্ধব ও রাজত্ব পরিত্যাগপূর্বক

করূষান্মানবাদাসন্ কারূষাঃ ক্ষত্রজাতয়ঃ।
উত্তরাপথগোপ্তারো ব্রহ্মণ্যা ধর্ম্মবৎসলাঃ ॥১৬
ধৃষ্টাদ্ধার্ষ্টমভূৎ ক্ষত্রং ব্রহ্মভূয়ং গতং ক্ষিতৌ।
নৃগস্য বংশঃ সুমতির্ভূতজ্যোতিস্ততো বসুঃ ॥১৭
বসোঃ প্রতীকস্তৎপুত্র ওঘবানোঘবৎপিতা।
কন্যা চোঘবতী নাম সুদর্শন উবাহ তাম্ ॥১৮
চিত্রসেনো নরিষ্যন্তাদৃক্ষস্তস্য সুতোঽভবৎ।
তস্য মীঢ্বাংস্ততঃ পূর্ণ ইন্দ্রসেনস্তু তৎসুতঃ ॥১৯

বীতিহোত্রস্ত্বিন্দ্রসেনাৎ তস্য সত্যশ্রবা অভূৎ।
উরুশ্রবাঃ সুতস্তস্য দেবদত্তস্ততোঽভবৎ ॥২০
ততোঽগ্নিবেশ্যো ভগবানগ্নিঃ স্বয়মভূৎ সুতঃ।
কানীন ইতি বিখ্যাতো জাতূকর্ণো মহানৃষিঃ ॥২১
ততো ব্রহ্মকুলং জাতমাগ্নিবেশ্যায়নং নৃপঃ।
নরিষ্যন্তান্বয়ঃ প্রোক্তো দিষ্টবংশমতঃ শৃণু ॥২২
নাভাগো দিষ্টপুত্রোঽন্যঃ কর্ম্মণা বৈশ্যতাং গতঃ।
ভলন্দনঃ সুতস্তস্য বৎসপ্রীতির্ভলন্দনাৎ ॥২৩

এষ পুরুষং বিবেশ ॥১৫

মানবাৎ মনুপুত্রাৎ করূষাৎ উত্তরাপথগোপ্তারঃ উত্তরাদেশাধিপতয়ঃ ব্রহ্মণ্যাঃ ব্রাহ্মণভক্তাঃ ধর্ম্মবৎসলাঃ ক্ষত্রজাতয়ঃ আসন্ ॥১৬

ধৃষ্টাৎ মনুপুত্রাৎ ধার্ষ্টসংজ্ঞং ক্ষত্রম্ অভূৎ, তৎ চ ক্ষত্রং ক্ষিতৌ ব্রহ্মভূয়ং ব্রাহ্মণত্বং গতং প্রাপ্তম্ অভূৎ। নৃগস্য মনুপুত্রস্য বংশঃ পুত্রঃ সুমতিঃ অভূৎ, ততঃ ভূতজ্যোতিঃ, ততঃ চ বসুঃ অভবৎ ॥১৭

বসোঃ পুত্রঃ প্রতীকঃ, তস্য পুত্রঃ ওঘবান্, ওঘবতী কন্যা চ। তাং কন্যাং সুদর্শনঃ উবাহ। ওঘবতঃ পুত্রঃ ওঘবান্ ॥১৮

মনুপুত্রাৎ নরিষ্যন্তাৎ চিত্রসেনঃ সুতঃ অভবৎ। তস্য মীঢ্বান্, ততঃ মীঢুষঃ তস্য পূর্ণঃ (পূর্ণঃ), তস্য সুতঃ ইন্দ্রসেনঃ ॥১৯

ইন্দ্রসেনাৎ বীতিহোত্রঃ, তস্য সত্যশ্রবাঃ পুত্রঃ অভূৎ। তস্য উরুশ্রবাঃ সুতঃ, ততশ্চ দেবদত্তঃ অভবৎ ॥২০

ততঃ ভগবান্ অগ্নিঃ স্বয়ম্ এব অগ্নিবেশ্যাখ্যঃ সুতঃ অভবৎ। সঃ এব মহান্ ঋষিঃ কানীন ইতি জাতূকর্ণঃ ইতি চ বিখ্যাতঃ ॥২১

ততঃ আগ্নিবেশ্যাৎ অগ্নিবেশ্যায়নাখ্যং ব্রাহ্মণকুলং ব্রাহ্মণগোত্রং জাতম্। নরিষ্যন্তান্বয়ঃ প্রোক্তঃ। অতঃপরং দিষ্টবংশং শৃণু ॥২২

দিষ্টস্য মনুপুত্রস্য নাভাগঃ অন্যঃ পুত্রঃ জাতঃ, সঃ চ কর্ম্মণা

বনে গমন করেন এবং স্বপ্রকাশ পরম পুরুষকে হৃদয়ে ধারণ করিয়া অর্থাৎ তাঁহার ধ্যানরত হইয়া পরম পদ লাভ করিয়াছিলেন ।১৫

মনুর পুত্র করূষ হইতে কারূষ নামে বিখ্যাত ক্ষত্রিয়গণের উৎপত্তি হইয়াছিল, তাঁহারা উত্তরাপথের রক্ষক, ব্রাহ্মণগণের হিতকারী ও ধর্ম্মানুরাগী ছিলেন ।১৬

মনুর পুত্র ধৃষ্ট হইতে ধার্ষ্টনামক ক্ষত্রিয়কুলের সৃষ্টি হয়। ধার্ষ্টগণ পরে পৃথিবীতে ব্রাহ্মণত্ব লাভ করেন। মনুর পুত্র নৃগের বংশে নৃগের পুত্র সুমতি, সুমতির পুত্র ভূতজ্যোতিঃ এবং ভূতজ্যোতির পুত্র বসু জন্মগ্রহণ করিয়াছিলেন ।১৭

বসুর পুত্রের নাম প্রতীক, প্রতীকের পুত্র ওঘবান্, ওঘবান্ হইতে ওঘবান্নামক পুত্র ও ওঘবতী নামে এক কন্যা জন্মগ্রহণ করেন। সুদর্শন সেই কন্যাকে বিবাহ করিয়াছিলেন ।১৮

মনুর পুত্র নরিষ্যন্ত হইতে চিত্রসেনের জন্ম হয়। চিত্রসেনের পুত্র ঋক্ষ, ঋক্ষের পুত্র মীঢ্বান্, মীঢ্বানের পুত্র পূর্ণ এবং পূর্ণের পুত্র ইন্দ্রসেন ।১৯

ইন্দ্রসেন হইতে বীতিহোত্র, বীতিহোত্র হইতে সত্যশ্রবা, সত্যশ্রবা হইতে উরুশ্রবা এবং উরুশ্রবা হইতে দেবদত্ত, দেবদত্ত হইতে ভগবান্ অগ্নি স্বয়ং অগ্নিবেশ্যনামক পুত্ররূপে উৎপন্ন হন। এই অগ্নিবেশ্যই কানীন এবং মহান্ ঋষি জাতূকর্ণ নামে বিখ্যাত হইয়াছিলেন ।২০-২১

হে মহারাজ! এই অগ্নিবেশ্য হইতেই আগ্নিবেশ্যায়ন নামে বিখ্যাত ব্রাহ্মণবংশের সৃষ্টি হইয়াছিল। এইরূপে নরিষ্যন্তের বংশ বর্ণিত হইল। সম্প্রতি দিষ্টের বংশবিবৃতি শ্রবণ করুন ।২২

বৎসপ্রীতেঃ সুতঃ প্রাংশুস্তৎসুতং প্রমতিং বিদুঃ।
খনিত্রঃ প্রমতেস্তস্মাচ্চাক্ষুষোঽথ বিবিংশতিঃ ॥২৪
বিবিংশতেঃ সুতো রম্ভঃ খনীনেত্রোঽস্য ধার্ম্মিকঃ।
করন্ধমো মহারাজ তস্যাসীদাত্মজো নৃপ ॥২৫
তস্যাবিক্ষিৎ সুতো যস্য মরুত্তশ্চক্রবর্ত্ত্যভূৎ।
সংবর্ত্তোঽযাজয়দ্ যং বৈ মহাযোগ্যঙ্গিরঃসুতঃ ॥২৬
মরুত্তস্য যথা যজ্ঞো ন তথান্যোঽস্তি কশ্চন।
সর্ব্বং হিরণ্ময়ং ত্বাসীদ্ যৎকিঞ্চাস্যাস্য শোভনম্ ॥২৭
অমান্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্বিজাতয়ঃ।
মরুতঃ পরিবেষ্টারো বিশ্বেদেবাঃ সভাসদঃ ॥২৮
মরুত্তস্য দমঃ পুত্রস্তস্যাসীদ্ রাজবর্দ্ধনঃ।
সুধৃতিস্তৎসুতো জজ্ঞে নৌধৃতেয়ো নরঃ সুতঃ ॥২৯
তৎসুতঃ কেবলস্তস্মাৎ ধুন্ধুমান্ বেগবাংস্ততঃ।
বুধস্তস্মাভবদ্ যস্য তৃণবিন্দুর্মহীপতিঃ ॥৩০
তং ভেজেঽলম্বুষা দেবী ভজনীয়গুণালয়ম্।
যয়াপ্সরা যতঃ পুত্রাঃ কন্যা চেলবিলাভবৎ ॥৩১

বৈশ্যতাং গতঃ। তস্য সুতঃ তৃণধনঃ। তৃণধনধনাৎ বৎসপ্রীতিঃ সুতঃ জাতঃ ॥২৩

তস্মাৎ প্রাংশুঃ, তস্মাৎ প্রমতিঃ, তস্মাৎ খনিত্রঃ। তস্মাৎ চাক্ষুষঃ; তস্মাৎ বিবিংশতিঃ ॥২৪

হে নৃপ। তস্যঃ রম্ভঃ, তস্য খনীনেত্রঃ, তস্য করন্ধমঃ পুত্রঃ আসীৎ ॥২৫

তস্য অবিক্ষিৎ, তস্য পুত্র মরুত্তঃ চক্রবর্ত্তী অভূৎ। অঙ্গিরসঃ সুতঃ মহাযোগী সংবর্ত্তঃ যং মরুত্তম্ অযাজয়ৎ ॥২৬

মরুত্তস্য যথা যাদৃশঃ যজ্ঞঃ অভূৎ, তাদৃশঃ কশ্চনাপি ন অভূৎ। অস্য যৎকিঞ্চিৎ যজ্ঞোপকরণ-পাত্রাদিকং তৎ সর্ব্বং তু শোভনং হিরণ্ময়ম্ এব আসীৎ ॥২৭

শ্রীব্রহ্মা বলিলেন—হে ভবে ! দুই পরার্দ্ধ সংবৎসর কাল পরে ক্রীড়ার অবসান ঘটিলে অর্থাৎ বিশ্বের পালনলীলা সমাপ্ত হইলে যিনি (যে বিষ্ণু) যে সময়ে কালরূপে এই নিখিল ব্রহ্মাণ্ড-দাহের ইচ্ছা করিবেন, তখন তাঁহার ভ্রূভঙ্গীমাত্রেই বিশ্বের সহিত আমার এই ব্রহ্মলোক অন্তর্হিত হইবে ॥৫৩

আমি, শঙ্কর, দক্ষ ও ভৃগুপ্রভৃতি, প্রজাপতিগণ, ভূতপতিগণ এবং দেবেন্দ্র-প্রমুখ আমরা সকলে যাঁহার আজ্ঞা লাভ করিয়া যাহাতে লোক সমুদয়ের হিত হয় সেইরূপেই মস্তকে অর্পিত সেই আজ্ঞা বহন করিতেছি, (তুমি তাঁহারই ভক্তদ্রোহী বলিয়া আমি তোমাকে রক্ষা করিতে সমর্থ নহি) ॥৫৪

ব্রহ্মার নিকট এরূপে প্রত্যাখ্যাত হইয়া সুদর্শনচক্র দ্বারা পরিপীড়িত ঋষি দুর্বাসা কৈলাসবাসী ভগবান্ শঙ্করের শরণাপন্ন হইলেন ॥৫৫

শ্রীশঙ্কর উবাচ।

বয়ং ন তাত প্রভবাম ভূম্নি
যস্মিন্ পরেঽন্যেঽপ্যজজীবকোশাঃ।
ভবন্তি কালে ন ভবন্তি হীদৃশাঃ
সহস্রশো যত্র বয়ং ভ্রমামঃ ॥৫৬

অহং সনৎকুমারশ্চ নারদো ভগবানজঃ।
কপিলোঽপান্তরতমো দেবলো ধর্ম্ম আসুরিঃ ॥৫৭

মরীচিপ্রমুখাশ্চান্যে সিদ্ধেশাঃ পারদর্শিনঃ।
বিদাম ন বয়ং সর্ব্বে যন্মায়াং মায়য়াবৃতাঃ ॥৫৮

শ্রীশঙ্করঃ উবাচ। হে তাত বৎস! যত্র যেষু ব্রহ্মাণ্ডেষু বয়ং লোকেশাভিমানিনঃ ব্রহ্মাদ্যঃ, তে ঈদৃশাঃ দৃশ্যমান-ব্রহ্মাণ্ড-সদৃশাঃ সহস্রশঃ অন্যে অপি অজাঃ ব্রহ্মাণঃ জীবাঃ চ যেষাং কোশাঃ নিবাসভূতাঃ ব্রহ্মাণ্ডবিগ্রহাঃ যস্মিন্ ভূম্নি পরে পরমেশ্বরে কালে সিসৃক্ষাকালে ভবন্তি উৎপদ্যন্তে, পুনঃ চ সংহিতীর্ষাকালে ন ভবন্তি, তস্মিন্ এব পীয়ন্তে, তস্মিন্ যত্র বয়ং ন প্রভবাম (তচ্চক্রাৎ ত্রাতুং ন শক্নুম ইতি) ॥৫৬

অহং রুদ্রঃ, সনৎকুমারঃ, নারদঃ, অজঃ ব্রহ্মা, অপান্তরতমঃ অজ্ঞানরহিতঃ কপিলঃ, দেবলঃ, ধর্ম্মঃ আসুরিঃ তথা মরীচি-প্রমুখাঃ অন্যে পারদর্শিনঃ সিদ্ধেশাঃ সর্ব্বজ্ঞাঃ অপি বয়ং সর্ব্বে যস্য মায়য়া বৃতাঃ মুগ্ধাঃ সন্তঃ যস্য মায়াং ন বিদামঃ

তস্য বিশ্বেশ্বরস্যেদং শস্ত্রং দুর্বিসহং হি নঃ।
তমেব শরণং যাহি হরিস্তে শং বিধাস্যতি ॥৫৯

ততো নিরাশো দুর্ব্বাসাঃ পদং ভগবতো যযৌ।
বৈকুণ্ঠাখ্যং যদধ্যাস্তে শ্রীনিবাসঃ শ্রিয়া সহ ॥৬০

সন্দহ্যমানোঽজিতশস্ত্রবহ্নিনা
তৎপাদমূলে পতিতঃ সবেপথুঃ।
আহাচ্যুতানন্ত সদীপ্সিত প্রভো
কৃতাগসং মাব হি বিশ্বভাবন ॥৬১

ন জানীমঃ ॥৫৬-৫৮

তস্য বিশ্বেশ্বরস্য ইদং নঃ অস্মাকম্ অপি দুর্ব্বিষহম্ অসহ্যম্; অতঃ তম্ এব শরণং যাহি। হরিঃ তে শং কল্যাণং বিধাস্যতি করিষ্যতি ॥৫৯

ততঃ শঙ্করাৎ নিরাশঃ রক্ষণাশারহিতঃ দুর্ব্বাসাঃ ভগবতঃ বৈকুণ্ঠাখ্যং পদং স্থানং যযৌ; যৎ যত্র শ্রীনিবাসঃ বিষ্ণুঃ শ্রিয়া সহ অধ্যাস্তে ॥৬০

অজিতস্য শস্ত্রবহ্নিণা চক্রজ্বালয়া সংদহ্যমানঃ, অতঃ স-বেপথুঃ কম্পমানদেহঃ দুর্ব্বাসাঃ তস্য ভগবতঃ পাদমূলে পতিতঃ সন্ আহ, যথা—হে সতাম্ ঈপ্সিত প্রভো বিশ্বভাবন অনন্ত অচ্যুত। কৃতাগসম্ অপরাধিনং মা মাম্ অব পাহি ॥৬১

শ্রীশঙ্কর বলিলেন—হে বৎস! আমরা লোক-পালকত্বের অভিমানী হইয়া যে সকল ব্রহ্মাণ্ডে বিচরণ করি, জীবরূপী ব্রহ্মার উপাধিস্বরূপ এরূপ আরও অসংখ্য ব্রহ্মাণ্ডবিগ্রহ যাঁহার মধ্যে যথাকালে উৎপন্ন ও বিলীন হয়, সেই ভূমা পুরুষ পরমেশ্বরের উপর আমাদের কোনরূপ প্রভুত্ব নাই ।৫৬

আমি, সনৎকুমার, নারদ, ভগবান্ ব্রহ্মা, কপিল, ব্যাসদেব, দেবল, ধর্ম, আসুরি এবং মরীচি প্রভৃতি অন্যান্য সিদ্ধেশ্বরগণ—আমরা সকলে সর্বজ্ঞ হইয়াও যাঁহার মায়া অবগত হইতে পারি না, পরন্তু তাঁহার মায়ায় অভিভূত হইয়া রহিয়াছি, সেই বিশ্বেশ্বর শ্রীহরির অস্ত্র এই সুদর্শন আমাদের নিকট অতি দুঃসহ। অতএব তুমি তাঁহারই শরণাগত হও, সেই শ্রীহরিই তোমার মঙ্গল করিবেন ।৫৭-৫৯

শ্রীশঙ্করের নিকট হইতে নিরাশ হইয়া দুর্বাসা—যেস্থানে লক্ষ্মীদেবীর সহিত শ্রীহরি বিরাজ করেন, ভগবানের সেই বৈকুণ্ঠ ধামে গমন করিলেন ।৬০

তিনি সুদর্শন অস্ত্রের তেজে অতিশয় সন্তপ্ত হইয়া কম্পমান অবস্থায় ভগবানের পদমূলে পতিত হইলেন এবং কাতরকণ্ঠে বলিলেন—হে অচ্যুত। হে অনন্ত। হে সজ্জন-বান্ধব। হে বিশ্বপালক। আমি অপরাধী, আপনি আমাকে রক্ষা করুন ।৬১

অজানতা তে পরমানুভাবং
কৃতং ময়াঘং ভবতঃ প্রিয়াণাম্।
বিধেহি তস্যাপচিতিং বিধাত-
র্মুচ্যেত যন্নাম্নুদিতে নারকোঽপি ॥৬২

শ্রীভগবানুবাচ।

অহং ভক্তপরাধীনো হ্যস্বতন্ত্র ইব দ্বিজ।
সাধুভির্গ্রস্তহৃদয়ো ভক্তৈর্ভক্তজনপ্রিয়ঃ ॥৬৩

নাহমাত্মানমাশাসে মদ্ভক্তৈঃ সাধুভির্বিনা।
শ্রিয়ঞ্চাত্যন্তিকীং ব্রহ্মন্ যেষাং গতিরহং পরা ॥৬৪
যে দারাগারপুত্রাপ্ত-প্রাণান্ বিত্তমিমং পরম্।
হিত্বা মাং শরণং যাতাঃ কথং তাংস্ত্যক্তুমুৎসহে ॥৬৫
ময়ি নির্ব্বদ্ধহৃদয়াঃ সাধবঃ সমদর্শনাঃ।
বশে কুর্ব্বন্তি মাং ভক্ত্যা সৎস্ত্রিয়ঃ সৎপতিং যথা ॥৬৬
মৎসেবয়া প্রতীতং তে সালোক্যাদিচতুষ্টয়ম্।
নেচ্ছন্তি সেবয়াপূর্ণাঃ কুতোঽন্যৎ কালবিপ্লুতম্ ॥৬৭

তে ভব পরমানুভাবম্ অজানতা ময়া ভবতঃ প্রিয়াণাং ভক্তানাম্ অঘ অনিষ্টং কৃতম্। হে বিধাতঃ! অত অপরাধস্য অপচিতিং নিষ্কৃতিং বিধেহি কুরু। যতঃ যস্য তব নামি উদিতে উচ্চারিতে সতি নারকঃ নরকস্থঃ জীবঃ অপি মুচ্যেত ॥৬২

শ্রীভগবান্ উবাচ। হে দ্বিজ! অহং স্বতন্ত্রোঽপি অস্বতন্ত্রঃ, যতঃ ভক্তপরাধীনঃ ইব; যতঃ ভক্তজনাঃ প্রিয়াঃ যস্য (তাদৃশঃ অহম্) অতঃ ভক্তৈঃ সাধুভিঃ গ্রস্তং গ্রহং বশীকৃতং হৃদয়ং যস্য সঃ ॥৬৩

হে ব্রহ্মন্! যেষাম্ অহং পরা গতিঃ পরমাশ্রয়ঃ তৈঃ সাধুভিঃ ভক্তৈঃ বিনা আত্মানং সচ্চিদানন্দাত্মকং স্ববিগ্রহং তথা আত্যন্তিকীম্ অব্যভিচারিণীং শ্রিয়ং লক্ষ্মীঞ্চাপি ন আশাসে ন স্পৃহয়ামি ॥৬৪

যে দারাগার-পুত্রাপ্ত-প্রাণান্, বিত্তং ধনম্, ইমং লোকং, পরং চ পরলোকং হিত্বা মাং শরণং যাতাঃ, তান্ কথং ত্যক্তুম্ উৎসাহে সংকোচামি ॥৬৫

সৎস্ত্রিয়ঃ সত্যঃ পতিব্রতাঃ স্ত্রিয়ঃ যথা সৎপতিং বশীকুর্ব্বন্তি, তথা ময়ি নির্ব্বদ্ধ-হৃদয়াঃ (নির্ব্বদ্ধং স্থিরীকৃতং হৃদয়ং যৈঃ) অতঃ সমদর্শনাঃ সাধবঃ ভক্ত্যা মাং বশে কুর্ব্বন্তি ॥৬৬

মৎসেবয়া প্রতীতং উপস্থিতং সালোক্যম্ আদি যত্র তৎ সালোক্য-সার্ষ্টি-সামীপ্য-সারূপ্য-সার্ষ্টিরূপং পুরুষার্থ-চতুষ্টয়ম্ অপি ন ইচ্ছন্তি, অতঃ কালেন বিপ্লুতং বিনশ্বরম্ অন্যৎ ইন্দ্রাদিপদং ন ইচ্ছন্তি, ইতি কুতঃ কিং বক্তব্যম্? যতঃ মৎসেবয়া এব তে পূর্ণাঃ পূর্ণমনোরথাঃ ॥৬৭

হে বিধাতঃ! আমি আপনার প্রিয় ভক্তগণের অতুলনীয় প্রভাব জানিতে না পারিয়াই দুঃখকর কার্য করিয়াছি। আপনি উহার নিষ্কৃতি বিধান করুন। যে আপনার নাম উচ্চারণ করিলে নরকস্থ প্রাণীও মুক্তিলাভ করে, (সেই আপনার পক্ষে কোন কার্যই অসাধ্য নহে) ॥৬২

শ্রীভগবান্ বলিলেন—হে দ্বিজ! আমি ভক্তের অধীন বলিয়া স্বয়ং অস্বতন্ত্রের তুল্য; ভক্তগণ আমার প্রিয়; অতএব সাধু ভক্তগণ আমার চিত্তকে সম্পূর্ণরূপে অধিকার করিয়াছে ॥৬৩

হে ব্রহ্মন্! আমিই যাঁহাদের পরম গতি, আমার সেই ভক্ত সাধুগণ ব্যতীত আমি নিজকে এবং চিরকালীন ঐশ্বর্যসম্পদ্‌কেও আকাঙ্ক্ষা করি না ॥৬৪

যাঁহারা স্ত্রী, গৃহ, পুত্র, স্বজন, প্রাণ, ধন, ইহলোক ও পরলোকের বাসনা ত্যাগ করিয়া আমার শরণাগত হন, আমি কিরূপে তাঁহাদিগকে পরিত্যাগ করিতে উৎসাহী হইব ॥৬৫

সতী রমণীগণ যেরূপ সৎপতিকে বশীভূত করে, আমার প্রতি আবদ্ধচিত্ত সমদর্শী সাধুগণও সেরূপ ভক্তিদ্বারা আমাকে বশীভূত করেন ॥৬৬

আমার সেবাদ্বারা যাঁহারা পরিপূর্ণ অর্থাৎ পরিতৃপ্ত, আমার সেই ভক্তগণ আমার সেবারই ফলে সালোক্যাদি মুক্তি চতুষ্টয় প্রাপ্ত হইলেও তাহা গ্রহণ করিতে ইচ্ছা করেন না, এ অবস্থায় যাহা কাল-বশতঃ বিনশ্বর, সেরূপ স্বর্গাদি বিষয় কিরূপে ইচ্ছা করিতে পারেন ॥৬৭

সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহম্।
মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি ॥৬৮
উপায়ং কথয়িষ্যামি তব বিপ্র শৃণুষ্ব তৎ।
অয়ং হ্যাত্মাভিচারস্তে যতস্তং যাহি মা চিরম্।
সাধুষু প্রহিতং তেজঃ প্রহর্তুঃ কুরুতেঽশিবম্ ॥৬৯
তপো বিদ্যা চ বিপ্রাণাং নিঃশ্রেয়সকরে উভে।
তে এব দুর্বিনীতস্য কল্পেতে কর্তুরন্যথা ॥৭০

ব্রহ্মংস্তদাশ্চ ভদ্রং তে নাভাগতনয়ং নৃপম্।
ক্ষমাপয় মহাভাগং ততঃ শান্তির্ভবিষ্যতি ॥৭১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
চতুর্থোঽধ্যায়ঃ ॥৪

সাধবঃ মদ্ভক্তাঃ মহ্যং মম হৃদয়ং হৃদয়বাঃ; সাধূনাং তু হৃদয়ং হৃদয্যঃ অহম্ এব। তে সাধবঃ মদ্ভক্তাঃ মদন্যৎ প্রিয়ং বস্তু কিমপি ন জানন্তি; তথা অহমপি তেভ্যঃ অন্যৎ মনাক্ ঈষৎ অপি কিঞ্চিৎ প্রিয়ং ন জানামি ॥৬৮

হে বিপ্র! তব উপায়ং কথয়িষ্যামি, তৎ শৃণুষ্ব— হি নিশ্চিতং তে তব অয়ম্ আত্মাভিচারঃ স্বোৎপাদিত-পীড়াত্মক উপদ্রবঃ যতঃ অভূৎ, তং অম্বরীষম্ এব ত্বং শরণং যাহি। সাধুষু মদ্ভক্তেষু প্রহিতং প্রযুক্তং তেজঃ সামর্থ্যং প্রহর্তুঃ এব অশিবম্ অনর্থং কুরুতে ॥৬৯

তপঃ অনশনাদি, বিদ্যা উপাসনা চ এতে উভে বিপ্রাণাং বিনয়াদি-গুণযুক্তানাং নিঃশ্রেয়সকরে নিরতিশয়-পুরুষার্থ-সাধনে অপি তে তব দুর্বিনীতস্য দুষ্টস্য তু বিপ্রস্য তু অন্যথা কল্পেতে অনর্থায় এব ভবতঃ ॥৭০

হে ব্রহ্মন্! তৎ তস্মাৎ ময়া অপি তব রক্ষাং কর্তুম্ অশক্যত্বাৎ নাভাগতনয়ম্ অম্বরীষং প্রতিগচ্ছ! তথা চ তং মহাভাগং নৃপং ক্ষমাপয়। ততঃ শান্তিঃ ভবিষ্যতি ॥৭১

ইতি নবমে স্কন্ধে শ্রীযুতেন্দ্রনাথ শাস্ত্রি-কৃতানুবাদে চতুর্থোঽধ্যায়ঃ ॥

সাধুগণই আমার হৃদয় এবং আমিও সাধুগণের হৃদয়স্বরূপ, অতএব তাঁহারা আমা ভিন্ন কিছুই জানেন না এবং আমিও সাধুগণ ব্যতীত অপর কিছুই কিঞ্চিন্মাত্রও জানিনা ।৬৮

হে বিপ্র! আমি তোমার উপায় বলিতেছি, শ্রবণ কর। যাঁহার নিকট হইতে তোমার সম্বন্ধে এই হিংসার আবির্ভাব হইয়াছে, তুমি সত্বর তাঁহারই শরণাগত হও। সাধুগণের প্রতি কোন তেজ প্রয়োগ করিলে উহা প্রয়োগকারীরই অমঙ্গল সাধন করে ।৬৯

ব্রাহ্মণগণের তপস্যা ও বিদ্যা (জ্ঞান) এই উভয়ই মুক্তিজনক বটে, কিন্তু দুর্বিনীত কর্তার পক্ষে এ দুইটিই বিপরীত ফল দান করে ।৭০

হে ব্রহ্মন্! তুমি নাভাগনন্দন রাজা অম্বরীষের নিকট গমন কর, তোমার মঙ্গল হউক। সেই মহাভাগ্যবান্ যাহাতে ক্ষমা করেন, তুমি তাহাই করিবে এবং তাহা হইলেই তোমার শান্তিলাভ হইবে ।৭১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্থ অধ্যায় সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ।

[অম্বরীষস্যানুগ্রহেণ ঋষের্দুর্ব্বাসসো দুঃখনিবৃত্তিঃ, দুর্ব্বাসসা অম্বরীষপ্রশংসা চ]

শ্রীশুক উবাচ।

এবং ভগবতাদিষ্টো দুর্ব্বাসাশ্চক্রতাপিতঃ।
অম্বরীষমুপাবৃত্য তৎপাদৌ দুঃখিতোঽগ্রহীৎ ॥১
তস্য সোদ্যমমাবীক্ষ্য পাদস্পর্শবিলজ্জিতঃ।
অস্তাবীৎ তদ্ধরেরস্ত্রং কৃপয়া পীড়িতো ভৃশম্ ॥২

অম্বরীষ উবাচ।

ত্বমগ্নির্ভগবান্ সূর্য্যস্ত্বং সোমো জ্যোতিষাং পতিঃ।
ত্বমাপস্ত্বং ক্ষিতির্ব্যোম বায়ুর্মাত্রেন্দ্রিয়াণি চ ॥৩
সুদর্শন নমস্তভ্যং সহস্রারাচ্যুতপ্রিয়।
সর্ব্বাস্ত্রঘাতিন্ বিপ্রায় স্বস্তি ভূয়া ইড়স্পতে ॥৪
ত্বং ধর্ম্মস্ত্বমৃতং সত্যং ত্বং যজ্ঞোঽখিলযজ্ঞভুক্।
ত্বং লোকপালঃ সর্ব্বাত্মা ত্বং তেজঃ পৌরুষং পরম্ ॥৫
নমঃ সুনাভাখিলধর্ম্মসেতবে
অধর্ম্মশীলাসুরধূমকেতবে।
ত্রৈলোক্যগোপায় বিশুদ্ধবর্চ্চসে
মনোজবায়াদ্ভুতকর্ম্মণে গৃণে ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। চক্রতাপিতঃ দুর্ব্বাসাঃ ভগবতা এবম্ আদিষ্টঃ সন্ দুঃখিতঃ এবং অম্বরীষম্ উপাবৃত্য আগত্য তৎপাদৌ অগ্রহীৎ ॥১

সঃ অম্বরীষঃ তস্য দুর্ব্বাসসঃ উদ্যমং পাদ-গ্রহণাদি-ক্ষমাপণোদ্যমম্ আবীক্ষ্য দৃষ্ট্বা তথা পাদস্পর্শেন বিলজ্জিতঃ তথা কৃপয়া কৃপং পীড়িতঃ তদ্ধরেঃ অস্ত্রং সুদর্শনম্ অস্তাবীৎ। সোদ্যমম্ ইতি সন্ধিরার্ষঃ ॥২

ত্বম্ অগ্নিঃ, ভগবান্ সূর্য্যঃ, ত্বং জ্যোতিষাং নক্ষত্রাণাং পতিঃ সোমঃ, ত্বম্ আপঃ জলানি, ক্ষিতিঃ, ব্যোম, বায়ুঃ, মাত্রাণি

অন্বয়ঃ

শব্দাদীনি, ইন্দ্রিয়াণি চ ॥৩

হে সহস্রার সহস্রধার! সর্ব্বাস্ত্রঘাতিন্ অচ্যুতপ্রিয় সুদর্শন! তুভ্যং নমঃ; ইড়স্পতে! পৃথ্বীপতে! বিপ্রায় বিপ্রস্য স্বস্তি ভূয়াঃ মঙ্গলম্ভবঃ রক্ষকঃ ভব ॥৪

যতঃ হি সুনৃতা বাণী, সত্যং চ সমদর্শনা, ধর্ম্মঃ, যজ্ঞঃ যজ্ঞাত্মতয়া উপলক্ষিতঃ, অখিলযজ্ঞভুক্ সকলযজ্ঞৈঃ আরাধনীয়ঃ, তৎফল-প্রদশ্চ, পৌরুষং পরং তেজঃ ত্বম্ এব তথা সর্ব্বাত্মা লোকপালঃ ত্বম্ এব ॥৫

হে সুনাভ (শোভনা নাভির্যস্য তৎ সম্বোধনে)। অখিল-

পঞ্চম অধ্যায়।

[অম্বরীষের অনুগ্রহে ঋষি দুর্ব্বাসার দুঃখনিবৃত্তি ও দুর্বাসা কর্তৃক অম্বরীষের প্রশংসা]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ শ্রীহরি এরূপ আদেশ করিলে সুদর্শনাস্ত্রতাপিত মহর্ষি দুর্বাসা অম্বরীষের নিকটে আসিয়া দুঃখিতচিত্তে তাঁহার পদযুগল ধারণ করিলেন।১

দুর্বাসাকর্তৃক পাদস্পর্শহেতু অতিলজ্জিত মহারাজ অম্বরীষ তাঁহার ঐরূপ উদ্যম লক্ষ্য করিয়া স্বয়ং অতিশয় কৃপাতুর হইয়া শ্রীহরির অস্ত্র সুদর্শনের স্তুতি করিতে লাগিলেন।২

শ্রীঅম্বরীষ বলিলেন—হে সুদর্শন! আপনিই অগ্নি, ভগবান্ সূর্য্য, নক্ষত্রাধিপতি চন্দ্র, জল, পৃথিবী, আকাশ, বায়ু, পঞ্চতন্মাত্র এবং ইন্দ্রিয়বর্গস্বরূপ। অর্থাৎ আপনার শক্তিবলেই অগ্নি প্রভৃতি সকলে নিজ নিজ কার্য সম্পাদন করিতেছে।৩

হে সুদর্শন! হে সহস্রার! হে অচ্যুতপ্রিয়! হে সর্বাস্ত্রবিনাশক! হে পৃথিবীপালক! আপনাকে প্রণাম করি। আপনি এই ব্রাহ্মণ দুর্বাসার রক্ষক হউন।৪

আপনিই ধর্ম, সত্য, যজ্ঞ, সর্বযজ্ঞভোক্তা, লোকপাল, সর্বাত্মা এবং আপনিই মহাপুরুষ বিষ্ণুর পরম সামর্থ্যস্বরূপ।৫

হে সুনাভ! আপনার কর্ম অদ্ভুত, যেহেতু

ত্বত্তেজসা ধর্ম্মময়েন সংহৃতং
তমঃ প্রকাশশ্চ দৃশো মহাত্মনাম্।
দুরত্যয়স্তে মহিমা গিরাং পতে
ত্বদ্রূপমেতৎ সদসৎ পরাবরম্ ॥৭
যদা বিসৃষ্টস্ত্বমনঞ্জনেন বৈ
বলং প্রবিষ্টোঽজিত-দৈত্যদানবম্।
বাহূদরোর্ব্বঙ্ঘ্রি-শিরোধরাণি
বৃশ্চন্নভ্রং প্রধনে বিরাজসে ॥৮

ধর্ম্মসেতবে (অখিলানাং ধর্ম্মাণাং সেতবে মর্য্যাদারক্ষণায়), অন্তঃ অধর্ম্মশীলানাম্ অসুরাণাং ধ্বংসেতবে সাহসায়, ত্রৈলোক্য-গোপায় তথা বিশুদ্ধবর্চ্চসে (বিশুদ্ধম্ উজ্জ্বলং বর্চ্চঃ তেজঃ যস্য তস্মৈ) মনোজবায় অত্যুৎকর্ষেণ তুভ্যং কেবলং নমঃ গৃণে করোমি ॥৬

হে শিতিকণ্ঠাত্মজ! ধর্ম্মময়েন ত্বত্তেজসা মহাত্মনাং ভগবদুপাসকানাং দৃশঃ স্বরূপজ্ঞানস্য আবরকং তমঃ অজ্ঞানং সংহৃতম্; কিঞ্চ সদসৎ কার্য্যকারণাত্মকং, পরাবরম্ উৎকৃষ্টাপকৃষ্টম্ এতৎ জগৎ ত্বদ্রূপং ত্বয়া এব ব্যাপ্তে সূর্য্যাদিদ্বারা প্রকাশ্যতে। এবম্ভূতস্য তে তব মহিমা দুরত্যয়ঃ অপারঃ ইতি ॥৭

হে অজিত! অনঞ্জনেন অবিদ্যাদি-দোষ-রহিতেন, ভগবতা যদা ত্বং বিসৃষ্টঃ নির্ম্মুক্তঃ, তদা এব দৈত্যদানবং বলং সেনাং

আপনি সকল ধর্ম্মের মর্য্যাদারক্ষকরূপে বিরাজ করিয়া অধর্ম্মশীল অসুরগণকে সংহার করিতেছেন। আপনি ত্রিলোকের রক্ষক, আপনার তেজ অত্যুজ্জ্বল এবং আপনি মনের ন্যায় দ্রুতগামী। (আপনার স্তুতি করিতে কেহই সমর্থ নহে, অতএব) আমি আপনাকে কেবলমাত্র প্রণাম করিতেছি।৬

হে শিতিকণ্ঠাত্মজ! আপনার ধর্ম্মময় তেজদ্বারা জগতের তমঃ (অন্ধকার বা অজ্ঞান) দূরীভূত এবং মহাত্মা-দিগের জ্ঞানদৃষ্টি প্রকাশিত হইয়াছে। আপনার মহিমা দুর্লঙ্ঘ্য। এই সৎ, অসৎ, পর ও অবর সর্ব্ববস্তু আপনারই স্বরূপ।৭

হে অজিত! যে সময় ভগবান্ শ্রীহরি আপনাকে নিক্ষেপ করেন, তখন আপনি দৈত্য ও দানবগণের

স ত্বং জগত্ত্রাণ খলপ্রহাণয়ে
নিরূপিতঃ সর্ব্বসহো গদাভৃতা।
বিপ্রস্য চাস্মৎকুলদৈবহেতবে
বিধেহি ভদ্রং তদনুগ্রহো হি নঃ ॥৯
যদ্যস্তি দত্তমিষ্টং বা স্বধর্ম্মো বা স্বনুষ্ঠিতঃ।
কুলং নো বিপ্রদৈবঞ্চেৎ দ্বিজো ভবতু বিজ্বরঃ ॥১০
যদি নো ভগবান্ প্রীত একঃ সর্ব্বগুণাশ্রয়ঃ।
সর্ব্বভূতাত্মভাবেন দ্বিজো ভবতু বিজ্বরঃ ॥১১

প্রবিষ্টঃ সন্ অজস্রং নিরন্তরং তেষাং বাহূদরোর্ব্বঙ্ঘ্রি-শিরোধরাণি বৃশ্চন্ ছিন্দন্ প্রধনে যুদ্ধে ত্বং বিশেষেণ রাজসে ॥৮

হে ভগবন্! ত্রাহি সঃ সর্ব্বসহঃ ত্বং তথা খলানাং প্রহাণিঃ বিনাশঃ তদর্থমেব গদাভৃতা ভগবতা নিরূপিতঃ নিযুক্তঃ। তস্মাৎ অস্মৎকুলস্য দৈবহেতবে ভাগ্যলাভায় অস্য বিপ্রস্য ভদ্রং মঙ্গলং বিধেহি। হি যস্মাৎ তৎ বিপ্রবচনম্ এব নঃ অস্মাকং তৎকৃতঃ অনুগ্রহঃ এব (অন্যথা ব্রাহ্মণ-হিংসনাৎ লোকে অস্মাকম্ অমঙ্গলং কুলবিনাশঃ নরকাদি-পাতশ্চ স্যাৎ) ইতি ॥৯

নঃ অস্মাকং যদি দত্তম্ ইষ্টং বা স্বনুষ্ঠিতঃ, স্বধর্ম্মঃ বা অস্তি, কুলং চ বিপ্রদৈবং চেৎ, তর্হি বিপ্রঃ বিজ্বরঃ ভবতু ॥১০

সর্ব্বভূতাত্ম-ভাবেন (সর্ব্বেষু ভূতেষু আত্মনঃ তস্যৈব যঃ ভাবঃ ভাবনা তেন) যদি সর্ব্বগুণাশ্রয়ঃ (সর্ব্বেষাং গুণানাং ভগ-

সৈন্যমধ্যে প্রবেশ করিয়া নিরন্তর তাহাদের বাহু, উদর, উরু, পদ ও গ্রীবাদেশ ছেদন করিতে করিতে যুদ্ধক্ষেত্রে বিরাজ করেন।৮

হে জগতের রক্ষক! আপনি সর্ব্বসহ। ভগবান্ গদাধর আপনাকে দুষ্টগণের প্রহারের জন্যই নিযুক্ত করিয়াছেন। অতএব আপনি আমাদের বংশের সৌভাগ্যলাভের জন্য এই ব্রাহ্মণের মঙ্গল করুন। ইহাতেই আমাদের প্রতি অনুগ্রহ করা হইবে।৯

যদি আমার দান বা যজ্ঞরূপ কোন সুকৃত থাকে, আমি যদি সুষ্ঠুভাবে স্বধর্ম্মের আচরণ করিয়া থাকি এবং আমার বংশ যদি ব্রাহ্মণকে দেবতারূপে স্বীকার করিয়া থাকে, তাহা হইলে এই ব্রাহ্মণ সন্তাপমুক্ত হউন।১০

শ্রীশুক উবাচ।

ইতি সংস্তবতো রাজ্ঞো বিষ্ণুচক্রং সুদর্শনম্।
অশাম্যৎ সর্ব্বতো বিপ্রং প্রদহদ্ রাজযাচ্ঞয়া ॥১২
স মুক্তোঽস্ত্রাগ্নিতাপেন দুর্ব্বাসাঃ স্বস্তিমাংস্ততঃ।
প্রশশংস তমুর্ব্বীশং যুঞ্জানঃ পরমাশিষঃ ॥১৩

দুর্ব্বাসা উবাচ।

অহো অনন্তদাসানাং মহত্বং দৃষ্টমদ্য মে।
কৃতাগসোঽপি যদ্ রাজন্ মঙ্গলানি সমীহসে ॥১৪

কার্য্যাণাং দেহেন্দ্রিয়াদি সঙ্ঘতানাম্ আত্মঃ অন্তর্যামী) একঃ অদ্বিতীয়ঃ ভগবান্ নঃ অস্মাকং প্রীতঃ অস্তি, তদা দ্বিজঃ বিপ্রঃ অয়ং ॥১১

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং সংস্তবতঃ রাজ্ঞঃ অম্বরীষস্য সর্ব্বতঃ বিপ্রং প্রদহৎ স্থিতং বিষ্ণুচক্রং সুদর্শনং রাজ্ঞঃ যাচ্ঞয়া অশাম্যৎ শান্তম্ অভূৎ ॥১২

ততঃ অস্ত্রাগ্নেঃ সুদর্শনাগ্নেঃ তাপেন মুক্তঃ সঃ দুর্ব্বাসাঃ স্বস্তিমান্ সন্তাপরহিতঃ সন্ তম্ উর্ব্বীশং রাজানং পরমাশিষঃ যুঞ্জানঃ প্রশশংস তুষ্টাব ॥১৩

দুর্ব্বাসাঃ উবাচ। হে রাজন্! অনন্তস্য ভগবতঃ দাসানাং যুষ্মাকং মহত্বম্ অহো। যে বয়ং অদ্য দৃষ্টম্। যতঃ কৃতাগসঃ

সকল ভূতগণের প্রতি আমাদের আত্মবৎ জ্ঞান থাকায় সর্বগুণাধার অদ্বিতীয় ভগবান্ যদি প্রীত হইয়া থাকেন, তাহা হইলে এই ব্রাহ্মণ সন্তাপমুক্ত হউন ।১১

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা অম্বরীষ এরূপ স্তুতি করিলে, দুর্বাসার প্রতি সর্বতোভাবে সন্তাপজনক বিষ্ণুচক্র সেই সুদর্শন রাজার প্রার্থনানুসারে শান্ত হইলেন ।১২

অনন্তর দুর্বাসা ঋষি অস্ত্রাগ্নির সন্তাপ হইতে মুক্ত হইয়া স্বস্তিলাভ করিলেন এবং মহারাজ অম্বরীষকে উত্তম আশীর্বাদ প্রদান করিয়া তাঁহার প্রশংসা করিয়াছিলেন ।১৩

দুর্বাসা বলিলেন—হে মহারাজ! আমি অপরাধ করিলেও তুমি যে আমার মঙ্গলের চেষ্টা করিতেছ,

দুষ্করঃ কো নু সাধূনাং দুস্ত্যজো বা মহাত্মনাম্।
যৈঃ সংগৃহীতো ভগবান্ সাত্বতামৃষভো হরিঃ ॥১৫
যন্নামশ্রুতিমাত্রেণ পুমান্ ভবতি নির্ম্মলঃ।
তস্য তীর্থপদঃ কিং বা দাসানামবশিষ্যতে ॥১৬
রাজন্যনুগৃহীতোঽহং ত্বয়াতিকরুণাত্মনা।
মদঘং পৃষ্ঠতঃ কৃত্বা প্রাণা যন্মেঽভিরক্ষিতাঃ ॥১৭
রাজা তমকৃতাহারঃ প্রত্যাগমনকাঙ্ক্ষয়া।
চরণাবুপসংগৃহ্য প্রসাদ্য সমভোজয়ৎ ॥১৮

কৃতাপরাধস্য অপি মম ত্বং মঙ্গলানি সমীহসে ইচ্ছসি ॥১৪

যৈঃ সাত্বতাং ভক্তানাম্ ঋষভঃ পালকঃ ভগবান্ হরিঃ সংগৃহীতঃ সম্যক্ প্রেম্না হৃদি স্থাপিতঃ, তাদৃশানাং সাধূনাং মহাত্মনাং কঃ নু দুষ্করঃ দুস্ত্যজঃ বা অস্তি ॥১৫

যস্য ভগবতঃ নামশ্রুতিমাত্রেণ পুমান্ নির্ম্মলঃ ভবতি, তীর্থপদঃ গঙ্গাদি-সর্বতীর্থাশ্রয়-পাদারবিন্দস্য তস্য দাসানাং কিং বা অবশিষ্যতে দুর্লভং ভবতি ॥১৬

হে রাজন্! অতিকরুণাত্মনা ত্বয়া অহম্ অনুগৃহীতঃ। যতঃ মদঘং মম অপরাধং পৃষ্ঠতঃ কৃত্বা অগণয্য যে প্রাণা ত্বয়া অভিরক্ষিতাঃ ॥১৭

বিজস্য প্রত্যাগমন-কাঙ্ক্ষয়া অকৃতাহারঃ অম্বরীষঃ দুর্বাসসঃ

ইহাতেই অদ্য আমি ভগবদ্ভক্তগণের বিচিত্র মহত্ত্ব দর্শন করিলাম ।১৪

যাঁহারা সাত্বতকুলের শ্রেষ্ঠ পুরুষরূপী শ্রীহরিকে বশীভূত করিয়াছেন, সেই সাধু মহাত্মাদিগের পক্ষে দুষ্কর বা দুস্ত্যজ কিছুই নাই ।১৫

যাঁহার নাম শ্রবণমাত্রেই লোক নির্মল অর্থাৎ সর্বপাপমুক্ত হয়, তীর্থপদ (যাঁহার পদে গঙ্গাতীর্থ বিরাজ করেন) সেই শ্রীহরির দাসগণের কোন প্রয়োজনই বা অবশিষ্ট থাকে ।১৬

হে মহারাজ! তুমি যে আমার অপরাধ গ্রহণ না করিয়া আমার প্রাণ রক্ষা করিয়াছ, ইহাতেই অতি দয়ালু তোমা কর্তৃক অনুগৃহীত হইয়াছি ।১৭

মহারাজ অম্বরীষ দুর্বাসার প্রত্যাগমন আকাঙ্ক্ষা করিয়া এতকাল অনাহারেই ছিলেন, সম্প্রতি

সোঽশিষ্বাদৃতমানীতমাতিথ্যং সার্ব্বকামিকম্ ।
তৃপ্তাত্মা নৃপতিং প্রাহ ভুজ্যতামিতি সাদরম্ ॥১৯
প্রীতোঽস্ম্যনুগৃহীতোঽস্মি তব ভাগবতস্য বৈ ।
দর্শনস্পর্শনালাপৈরাতিথ্যেনাত্মমেধসা ॥২০
কর্ম্মাবদাতমেতৎ তে গায়ন্ত্যঃ স্বঃস্ত্রিয়ো মুহুঃ ।
কীর্ত্তিং পরমপুণ্যাঞ্চ কীর্ত্তয়িষ্যতি ভূরিয়ম্ ॥২১

শ্রীশুক উবাচ ।

এবং সংকীর্ত্য রাজানং দুর্ব্বাসাঃ পরিতোষিতঃ ।
যযৌ বিহায়সামন্ত্র্য ব্রহ্মলোকমহৈতুকম্ ॥২২

সংবৎসরোঽত্যগাৎ তাবদ্ যাবতা নাগতো গতঃ ।
মুনিস্তদ্দর্শনাকাঙ্ক্ষী রাজাব্‌ভক্ষো বভূব হ ॥২৩

গতেঽথ দুর্ব্বাসসি সোঽম্বরীষো
দ্বিজোপযোগাতিপবিত্রমাহরৎ ।
যাসেষু মোক্ষং ব্যসনঞ্চ বীক্ষ্য
মেনে স্ববীর্য্যঞ্চ পরানুভাবম্ ॥২৪

চরণৌ উপসংগৃহ্য তৎ প্রসাদ্য প্রসন্নং কৃত্বা সম্যক্ প্রীত্যা অভোজয়ৎ ॥১৮

আদৃতং যথা স্যাৎ তথা আনীতং সার্ব্বকামিকম্ আতিথ্যম্ অন্নাদিকম্ অশিত্বা তৃপ্তাত্মা সঃ দুর্ব্বাসাঃ ভুজ্যতাম্ ইতি রাজানং সাদরং প্রাহ ॥১৯

হে রাজন্ ! আত্মমেধসা (আত্মনি ভগবতি মেধা বুদ্ধিঃ যস্য তেন) ত্বয়া অহম্ অনুগৃহীতঃ অস্মি, তথা ভাগবতস্য তব দর্শনস্পর্শনালাপৈঃ আতিথ্যেন চ অহং প্রীতঃ অস্মি ॥২০

এতৎ যৎপ্রাপয়কর্ম্মঃ তে তব অবদাতং শুদ্ধং কর্ম্ম, স্বঃ স্বর্গে স্ত্রিয়ঃ মুহুঃ গায়ন্তি গাস্যন্তি ; তথা এষা পরমপুণ্যাং কীর্ত্তিম্ ইয়ং ভূঃ কীর্ত্তয়িষ্যতি ॥২১

শ্রীশুকঃ উবাচ । রাজা পরিতোষিতঃ দুর্ব্বাসাঃ এবং রাজানং সংকীর্ত্য প্রশস্য তম্ আমন্ত্র্য পৃষ্ট্বা বিহায়সা মার্গেণ অহৈতুকং শুষ্কতর্কাদিশূন্যং ব্রহ্মলোকং যযৌ ॥২২

মুনিঃ (আনন্দেন) গতঃ সন্ যাবৎকালেন ন আগতঃ, তাবৎ সংবৎসরাত্মকঃ কালঃ অত্যগাৎ ব্যতীয়ায় । রাজা তু তস্য দর্শনম্ আকাঙ্ক্ষমাণঃ তাবৎ কালপর্য্যন্তম্ অভুক্তঃ বভূব ॥২৩

দুর্ব্বাসসি গতে সতি সঃ অম্বরীষঃ দ্বিজস্য উপযোগেন ভোজনেন হেতুনা শুদ্ধশিষ্টম্ অতি পবিত্রম্ অন্নম্ আহরৎ বুভুজে । যাসেষু দুর্ব্বাসসঃ ব্যসনং সঙ্কটং তস্মাৎ বিমোক্ষং চ স্ববীর্য্যং ঐশ্বর্য্যাদিকং বীক্ষ্য এতৎ সর্ব্বং পরানুভাবং পরস্য ভগবতঃ অনুভাবম্ এব মেনে ॥২৪

তাঁহার চরণযুগল ধারণপূর্ব্বক তাঁহাকে প্রসন্ন করিয়া আহার করাইলেন ।১৮

তৎকালে দুর্বাসা ঋষি অতিথির যোগ্য ও সাদরে আনীত, সর্বাভিলাষপূরণকারী অন্নাদি ভোজন করিয়া পরিতৃপ্ত হইলেন এবং অম্বরীষকে সাদরে বলিলেন—এখন তুমি ভোজন কর ।১৯

হে মহারাজ ! আমি ভগবদ্ভক্ত তোমার দর্শন, স্পর্শ, আলাপ এবং আত্মবুদ্ধিজনক অতিথি সৎকার দ্বারা সন্তুষ্ট ও অনুগৃহীত হইয়াছি ।২০

স্বর্গরমণীগণ নিরন্তর তোমার এই বিশুদ্ধ কর্ম্মের গান করিবেন এবং এই পৃথিবীও তোমার পরম পবিত্রা কীর্ত্তিকথা সর্বদা কীর্তন করিবে ।২১

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ ! মহর্ষি দুর্বাসা পরিতুষ্টচিত্তে এইরূপে রাজার গুণকীর্তন করিয়া যথোচিত সম্ভাষণপূর্বক আকাশমার্গে ব্রহ্মার নিত্যলোকে গমন করিয়াছিলেন ।২২

দুর্বাসা ঋষি সুদর্শনাস্ত্রের তাড়নায় পলায়ন করিয়া যে পর্যন্ত ফিরিয়া আসেন নাই, সেই অবসর মধ্যে একবৎসর অতীত হইয়াছিল এবং রাজাও তাঁহার দর্শনাকাঙ্ক্ষায় জলমাত্র পান করিয়াই ততকাল অতিবাহিত করিয়াছিলেন ।২৩

দুর্বাসা ঋষি প্রস্থান করিলে মহারাজ অম্বরীষ ব্রাহ্মণের আহার হেতু অতি পবিত্র উচ্ছিষ্ট অন্ন ভোজন করিলেন এবং দুর্বাসার বিপদ্ ও বিপন্মুক্তি

এবংবিধানেকগুণঃ স রাজা
পরাত্মনি ব্রহ্মণি বাসুদেবে।
ক্রিয়াকলাপৈঃ সমুবাহ ভক্তিং
যয়াবিরিঞ্চ্যাদিরয়াংশ্চকার ॥২৫

শ্রীশুক উবাচ।

অথাম্বরীষস্তনয়েষু রাজ্যং
সমানশীলেষু বিসৃজ্য বীরঃ।
বনং বিবেশাত্মনি বাসুদেবে
মনো দধদ্ধ্বস্তগুণপ্রবাহঃ ॥২৬

ইত্যেতৎ পুণ্যমাখ্যানমম্বরীষস্য ভূপতেঃ।
সংকীর্ত্তয়ন্নমুধ্যায়ন্ ভক্তো ভগবতো ভবেৎ ॥২৭

অম্বরীষস্য চরিতং যে শৃণ্বন্তি মহাত্মনঃ।
মুক্তিং প্রয়ান্তি তে সর্ব্বে ভক্ত্যা বিষ্ণোঃ প্রসাদতঃ ॥২৮

ইতি শ্রীমৎভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫

এবম্ উক্তবিধানেকগুণঃ যত্র সঃ রাজা অম্বরীষঃ পরাত্মনি ব্রহ্মণি বাসুদেবে ভগবতি ক্রিয়াকলাপৈঃ সমর্পিতৈঃ স্বধর্মাচরণ-ধর্ম-নমস্কারৈঃ সহ শ্রবণাদি-ভক্তিং সমুবাহ চকার। যয়া ভক্ত্যা তাদৃশেন বৈরাগ্যেণ আবিরিঞ্চ্যান্ ভোগান্ নিরয়াংশ্চকার নরকতুল্যান্ অমন্যত ॥২৫

শ্রীশুকঃ উবাচ। অথ ধীরঃ নির্জ্জিতেন্দ্রিয়াত্মস্বরূপঃ আত্মনি বাসুদেবে মনঃ দধৎ ধ্বস্তগুণ-প্রবাহঃ (ধ্বস্তঃ নিরস্তঃ গুণপ্রবাহঃ সংসারঃ যস্য তথাভূতঃ) অম্বরীষঃ সমানশীলেষু স্বতনয়েষু রাজ্যং বিসৃজ্য সমর্প্য বনং বিবেশ ॥২৬

ইতি এবম্ভূতম্ এতৎ ভূপতেঃ অম্বরীষস্য আখ্যানং সংকীর্ত্তয়ন্ অনুধ্যায়ন্ চ পুমান্ ভগবতঃ ভক্তঃ ভবেৎ ॥২৭

যে মহাত্মনঃ ভক্ত্যা অম্বরীষস্য চরিতং শৃণ্বন্তি, তে সর্ব্বে বিষ্ণোঃ প্রসাদতঃ মুক্তিং প্রযান্তি ॥২৮

ইতি নবমে স্কন্ধে শ্রীযুতেশ্বরনাথশাস্ত্রি-কৃতায়াং পঞ্চমোঽধ্যায়ঃ।

লক্ষ্য করিয়া নিজের তৎকালীন ভক্তিকে পরমপুরুষের প্রভাব বলিয়াই জ্ঞান করিয়াছিলেন।২৪

এরূপ বহুগুণ বিশিষ্ট মহারাজ অম্বরীষ বিবিধ ক্রিয়কলাপদ্বারা পরমাত্মা সাক্ষাৎ ব্রহ্মরূপী ভগবান্ বাসুদেবের প্রতিই ভক্তি ভাব ধারণ করিয়াছিলেন—যাঁহার প্রভাবে তিনি ব্রহ্মপদ হইতে আরম্ভ করিয়া জাগতিক সকল ভোগকেই নরকতুল্য জ্ঞান করিতেন।২৫

অনন্তর মহাপ্রাজ্ঞ অম্বরীষমহারাজ নিজের ন্যায় স্বভাববিশিষ্ট পুত্রগণকে রাজ্যভার দান করিয়া বন গমন করিলেন। তৎকালে তিনি পরমাত্মা বাসুদেবের প্রতি চিত্ত সমর্পণ করিয়াছিলেন এবং সেজন্য তাঁহার গুণত্রয়ের প্রবাহ বিনষ্ট হইয়া গিয়াছিল।২৬

যে কোন ব্যক্তি মহারাজ অম্বরীষের এই পবিত্র আখ্যান কীর্ত্তন ও সর্বদা স্মরণ করিলে ভগবানের ভক্ত হইয়া থাকেন।২৭

যাঁহারা মহাত্মা অম্বরীষের চরিত শ্রবণ করেন, তাঁহারা ভগবানের অনুগ্রহে ভক্তিযোগের সাহায্যে মুক্তিপদ লাভ করিয়া থাকেন।২৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীলটীন্দ্রচন্দ্রঘটকতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চম অধ্যায় সমাপ্ত

ষষ্ঠঃ অধ্যায়ঃ

[ইক্ষ্বাকুবংশবর্ণনম্, তত্র মান্ধাতুশ্চরিত্রকথনম্, সৌভর্য্যুপাখ্যানঞ্চ।]

শ্রীশুক উবাচ।

বিরূপঃ কেতুমান্ শম্ভুরম্বরীষসুতাত্রয়ঃ।
বিরূপাৎ পৃষদশ্বোঽভূৎ তৎপুত্রস্তু রথীতরঃ ॥১
রথীতরস্যাপ্রজস্য ভার্য্যায়াং তন্তবেঽর্থিতঃ।
অঙ্গিরা জনয়ামাস ব্রহ্মবর্চ্চস্বিনঃ সুতান্ ॥২
এতে ক্ষেত্রপ্রসূতা বৈ পুনস্ত্বাঙ্গিরসাঃ স্মৃতাঃ।
রথীতরাণাং প্রবরাঃ ক্ষেত্রোপেতা দ্বিজাতয়ঃ ॥৩
ক্ষুবতস্তু মনোর্জজ্ঞে ইক্ষ্বাকুর্ঘ্রাণতঃ সুতঃ।
তস্য পুত্রশতজ্যেষ্ঠা বিকুক্ষি-নিমি-দণ্ডকাঃ ॥৪
তেষাং পুরস্তাদভবন্নার্য্যাবর্ত্তে নৃপা নৃপ।
পঞ্চবিংশতিঃ পশ্চাচ্চ ত্রয়ো মধ্যেঽপরেঽন্যতঃ ॥৫
স একদাষ্টকাশ্রাদ্ধে ইক্ষ্বাকুঃ সুতমাদিশৎ।
মাংসমানীয়তাং মেধ্যং বিকুক্ষে গচ্ছ মা চিরম্ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। বিরূপঃ কেতুমান্ শম্ভুঃ ইতি ত্রয়ঃ অম্বরীষসুতাঃ আসন্। তেষু বিরূপাৎ পৃষদশ্বঃ অভূৎ, তৎপুত্রঃ তু রথীতরঃ ॥১

অপ্রজস্য সন্তাননহীনস্য রথীতরস্য ভার্য্যায়াং তন্তবে সন্তানার্থম্ অর্থিতঃ প্রার্থিতঃ অঙ্গিরাঃ ঋষিঃ ব্রহ্মবর্চ্চস্বিনঃ সুতান্ জনয়ামাস ॥২

এতে রথীতরস্য ক্ষেত্রপ্রসূতাঃ পুত্রাঃ পুনঃ তু আঙ্গিরসাঃ স্মৃতাঃ। রথীতরাণাম্ ইতরভার্য্যায়াং জাতানাং রথীতর-পুত্রাণাং তৎ-সন্তান-প্রসূতানাং প্রবরাঃ ক্ষেত্রোপেতাঃ ক্ষত্রমুক্তাঃ দ্বিজাতয়ঃ ব্রাহ্মণাঃ আসন্ ॥৩

ক্ষুবতঃ ছিন্নাং কুর্ব্বতঃ মনোঃ বৈবস্বতস্য ঘ্রাণতঃ ইক্ষ্বাকুঃ জজ্ঞে। তস্য ইক্ষ্বাকোঃ পুত্রশতং বভূব; অত্র বিকুক্ষি-নিমি-দণ্ডকাঃ এব ত্রয়ঃ জ্যেষ্ঠাঃ ॥৪

হে নৃপ! তেষাং শতপুত্রাণাং মধ্যে পঞ্চবিংশতিঃ আর্য্যাবর্ত্তস্য পুরস্তাৎ পূর্ব্বভাগে দিশি সমুদ্র-পর্য্যন্তং পঞ্চবিংশতিঃ নৃপাঃ অভবন্। তথা ত্রয়ো জ্যেষ্ঠাঃ বিকুক্ষ্যাদয়ঃ আর্য্যাবর্ত্তস্য মধ্যে নৃপাঃ অভবন্; অপরে অবশিষ্টাঃ তু অন্যতঃ ততঃ দক্ষিণোত্তরাদিদেশেষু নৃপাঃ অভবন্; ॥৫

কদাচিৎ ইক্ষ্বাকুঃ অষ্টকাশ্রাদ্ধে নিমিত্তে হে বিকুক্ষে পুত্র! শীঘ্রং গচ্ছ। মেধ্যং শ্রাদ্ধার্হং মাংসম্ আনীয়তাম্! চিরং বিলম্বং

ষষ্ঠ অধ্যায়।

[ইক্ষ্বাকুবংশবর্ণন, মান্ধাতার চরিত্রকথন এবং সৌভরির উপাখ্যান]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অম্বরীষের তিন পুত্র—বিরূপ, কেতুমান্ ও শম্ভু। বিরূপের পুত্র পৃষদশ্ব এবং পৃষদশ্বের পুত্র রথীতর।১

রথীতরের সন্তান না হওয়ায় তিনি মহর্ষি অঙ্গিরার নিকট সন্তান প্রার্থনা করিলে অঙ্গিরা রথীতরের পত্নীর গর্ভে ব্রহ্মতেজঃসম্পন্ন কয়েকটি পুত্র উৎপাদন করিয়াছিলেন।২

অঙ্গিরাকর্ত্তৃক উৎপাদিত এই পুত্রগণ রথীতরের ক্ষেত্রে জন্ম গ্রহণহেতু রথীতরগোত্র হইলেও অঙ্গিরার বীর্য্যে উৎপন্ন বলিয়া আঙ্গিরস সংজ্ঞাদ্বারাও পরিচিত হইয়াছিলেন এবং তাঁহারা ক্ষত্রিয়গোত্র ব্রাহ্মণ বলিয়া রথীতরের অপর সন্তানগণের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন।৩

মনু হাঁচিবার সময়ে তাঁহার নাসিকা হইতে এক পুত্রের জন্ম হয়—তাঁহার নাম ইক্ষ্বাকু। ইক্ষ্বাকুর একশত পুত্রের মধ্যে বিকুক্ষি, নিমি ও দণ্ডক এই তিনজন জ্যেষ্ঠ।৪

হে মহারাজ! ইক্ষ্বাকুর পুত্রগণের মধ্যে পঁচিশ জন আর্য্যাবর্ত্তের পূর্ব্বভাগে, পঁচিশজন পশ্চিমভাগে, তিনজন মধ্যভাগে এবং অপর পুত্রগণ আর্য্যাবর্ত্তেরই দক্ষিণ ও উত্তরাদি নানা স্থানে রাজা হইয়াছিলেন।৫

একদিন ইক্ষ্বাকু অষ্টকা শ্রাদ্ধ উপলক্ষ্যে পুত্র বিকুক্ষিকে আদেশ করিলেন—হে বিকুক্ষে। শ্রাদ্ধের

তথেতি স বনং গত্বা মৃগান্ হত্বা ক্রিয়ার্হণান্।
শ্রান্তো বুভুক্ষিতো বীরঃ শশকাদদপস্মৃতিঃ ॥৭

শেষং নিবেদয়ামাস পিত্রে তেন চ তদ্গুরুঃ।
চোদিতঃ প্রোক্ষণায়াহ দুষ্টমেতদকর্ম্মকম্ ॥৮

জ্ঞাত্বা পুত্রস্য তৎ কর্ম্ম গুরুণাভিহিতং নৃপঃ।
দেশান্নিঃসারয়ামাস সুতং ত্যক্তবিধিং রুষা ॥৯

স তু বিপ্রেণ সংবাদং জ্ঞাপকেন সমাচরন্।
তক্ত্বা কলেবরং যোগী স তেনাবাপ যৎপরম্ ॥১০

পিতর্য্যুপরতেঽভ্যেত্য বিকুক্ষিঃ পৃথিবীমিমাম্।
শাসদীজে হরিং যজ্ঞৈঃ শশাদ ইতিবিশ্রুতঃ ॥১১

পুরঞ্জয়স্তস্য সুত ইন্দ্রবাহ ইতীরিতঃ।
ককুৎস্থ ইতি চাপ্যুক্তঃ শৃণু নামানি কর্ম্মভিঃ ॥১২

যা ভার্য্যা ইতি সুব্রহ্ম আদিশৎ আজ্ঞাপয়ামাস ॥৬

ততঃ সঃ বীরঃ বিকুক্ষিঃ তথা ইতি উক্ত্বা বনং গত্বা ক্রিয়ার্হণান্ শ্রাদ্ধযোগ্যান্ মৃগান্ হত্বা শ্রান্তঃ বুভুক্ষিতঃ, অতএব অপগতা স্মৃতিঃ যস্য সঃ বীরঃ ভক্ষয়ন্নঃ শশং মৃগ বিশেষম্ আদৎ অভক্ষয়ৎ ॥৭

শেষং মাংসং পিত্রে নিবেদয়ামাস; তেন ইক্ষ্বাকুণা প্রোক্ষণায় চোদিতঃ গুরুঃ বশিষ্ঠঃ এতৎ মাংসং দুষ্টম্ অকর্ম্মকম্ ইতি আহ ॥৮

ততঃ নৃপঃ ইক্ষ্বাকুঃ গুরুণা অভিহিতং পুত্রস্য তৎ কর্ম্ম জ্ঞাত্বা রুষা ত্যক্তবিধিঃ (ত্যক্তঃ বিধিঃ শাস্ত্রীয়নিয়মঃ যেন তৎ) সুতং বিকুক্ষিং দেশাৎ নিঃসারয়ামাস ॥৯

সঃ তু ইক্ষ্বাকুঃ জ্ঞাপকেন গুরুণা বিপ্রেণ বশিষ্ঠেন সহ সংবাদং তত্ত্ববিচারং সমাচরন্ অকরোৎ। ততঃ তেন বিচারেণ সঃ ইক্ষ্বাকুঃ যোগী জ্ঞানযোগনিষ্ঠঃ সন্ কলেবরং ত্যক্ত্বা যৎ পরং ব্রহ্ম তৎ অবাপ ॥১০

এবং পিতরি ইক্ষ্বাকৌ উপরতে মৃতে সতি বিকুক্ষিঃ আভ্যেত্য গৃহম্ আগত্য ইমাং পৃথিবীং শাসৎ পালয়ৎ তথা যজ্ঞৈঃ হরিম্ ঈজেঃ আরাধিতবান্। সঃ চ শশাদানেন কর্ম্মণা শশাদঃ ইতি বিশ্রুতঃ ॥১১

ততঃ বিকুক্ষেঃ সুতঃ পুরঞ্জয়ঃ; সঃ এব ইন্দ্রবাহঃ ইতি ককুৎস্থঃ ইতি চ ঈরিতঃ উক্তঃ। কর্ম্মভিঃ এতানি নামানি যানি তানি তানি, তানি শৃণু ॥১২

উপযোগী পবিত্র মাংস আনয়ন কর, সত্বর যাও, বিলম্ব করিও না ।৬

অনন্তর বিকুক্ষি পিতার আদেশ স্বীকার করিয়া বনে যাইয়া ক্রিয়ার যোগ্য অনেক পশু বধ করিলেন। পরে তিনি শ্রান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া ভ্রমবশতঃ ঐসকল পশুর মধ্য হইতে একটি শশকের মাংস খাইয়া ফেলিলেন ।৭

তিনি অবশিষ্ট মাংস পিতার নিকট অর্পণ করিলে পিতা পুরোহিত বশিষ্ঠ দেবকে ঐ মাংস প্রোক্ষণ অর্থাৎ শ্রাদ্ধের উপযোগী সংস্কার করিবার জন্য নিয়োগ করিলেন। তখন বশিষ্ঠ বলিলেন—এই মাংস দূষিত হইয়াছে, অতএব ক্রিয়ার অযোগ্য ।৮

অনন্তর ইক্ষ্বাকু বশিষ্ঠ দেবকর্ত্তৃক কথিত পুত্রের কর্ম্ম জানিতে পারিয়া ক্রোধবশতঃ সদাচারত্যাগী সেই পুত্রকে দেশ হইতে বাহির করিয়াছিলেন ।৯

এই ইক্ষ্বাকু পরে তত্ত্বোপদেশক বশিষ্ঠদেবের সহিত তত্ত্ববিষয়ক আলোচনায় রত ও রাজ্য ভোগে বিরক্ত হইয়া যোগী হইলেন এবং যোগে দেহত্যাগ করিয়া ব্রহ্মপদ লাভ করিয়াছিলেন ।১০

পিতার দেহত্যাগের পর বিকুক্ষি দেশে প্রত্যাবর্ত্তন-পূর্ব্বক এই পৃথিবীর শাসন কার্য্য পরিচালনা করিয়া বহুযজ্ঞদ্বারা শ্রীহরির আরাধনা করেন। তিনি শশাদ নামে খ্যাত হন ।১১

হে মহারাজ! বিকুক্ষির পুত্রের নাম পুরঞ্জয়, তাঁহাকে ইন্দ্রবাহ এবং ককুৎস্থ নামেও উল্লেখ করা হয়। যে সকল কর্ম্মহেতু এই সকল নাম হইয়াছিল, তাহা শ্রবণ কর ।১২

কৃতান্ত আসীৎ সমরো দেবানাং সহ দানবৈঃ।
পার্ষ্ণিগ্রাহো বৃতো বীরো দেবৈর্দৈত্যপরাজিতৈঃ॥১৩

তেজসাপ্যায়িতো বিষ্ণোঃ পুরুষস্য মহাত্মনঃ।
প্রতীচ্যাং দিশি দৈত্যানাং ন্যরুণৎ ত্রিদশৈঃ পুরম্॥১৬

বচনাদ্দেবদেবস্য বিষ্ণোর্বিশ্বাত্মনঃ প্রভোঃ।
বাহনত্বে বৃতস্তস্য বভূবেন্দ্রো মহাবৃষঃ॥১৪

তৈস্তস্য চাভূৎ প্রধনং তুমুলং লোমহর্ষণম্।
যমায় ভল্লৈরনয়দ্দৈত্যানভিযযুর্মৃধে॥১৭

স সন্নদ্ধো ধনুর্দিব্যমাদায় বিশিখান্ শিতান্।
ত্বরমানস্তমারুহ্য যুযুৎসুঃ ককুদি স্থিতঃ॥১৫

তস্যেষূপাতাভিমুখং যুগান্তাগ্নিমিবোল্বণম্।
বিসৃজ্য দুদ্রুবুর্দৈত্যা হন্যমানাঃ স্বমালয়ম্॥১৮

দানবৈঃ সহ দেবানাং কৃতান্তঃ (কৃতং বিশ্বম্ অন্তয়তি বিনাশয়তীতি কৃতান্তঃ প্রলয়রুদ্রঃ) সমরঃ আসীৎ। তদা দৈত্যপরাজিতৈঃ দেবৈঃ সঃ বীরঃ পুরঞ্জয়ঃ পার্ষ্ণিগ্রাহঃ বৃতঃ সহায়ত্বেন প্রার্থিতঃ॥১৩

দেব-দেবস্য বিশ্বাত্মনঃ প্রভোঃ বিষ্ণোঃ বচনাৎ তস্য বাহনত্বে বৃতঃ ইন্দ্রঃ মহাবৃষঃ বভূব॥১৪

ততঃ যুযুৎসুঃ সঃ পুরঞ্জয়ঃ সন্নদ্ধঃ বদ্ধকবচঃ দিব্যং ধনুঃ, বিশিতান্ বিশিখান্ বাণান্ আদায় ত্বং বৃষভম্ আরুহ্য তস্য ককুদি কন্ধসদৃশ-মাংস-পিণ্ডে স্থিতঃ॥১৫

ঘৃষ্টিভিঃ ত্বরমানঃ মহাত্মনঃ পুরুষস্য বিষ্ণোঃ তেজসা আপ্যায়িতঃ উপবৃংহিতঃ ত্রিদশৈঃ দেবৈঃ সহ সঃ প্রতীচ্যাং দিশি দৈত্যানাং পুরং ন্যরুণৎ নিরুদ্ধবান্॥১৬

তৈঃ দৈত্যৈঃ সহ তস্য পুরঞ্জয়স্য তুমুলং লোমহর্ষণং প্রধনং যুদ্ধম্ অভূৎ। তত্র যে দৈত্যাঃ মৃধে অভিমুখং যযুঃ, তান্ দৈত্যান্ যমায় যমং দর্শয়িতুং সাদেহান্ এব ভল্লৈঃ বাণৈঃ অনয়ৎ॥১৭

উদ্যন্ তুলয়ন্ যুগান্তাগ্নিম্ ইব তস্য ইষূপাতাভিমুখং বাণাগ্নিং বিসৃজ্য হন্যমানাঃ দৈত্যাঃ স্বম্ আলয়ং পাতালং দুদ্রুবুঃ॥১৮

সত্যযুগের অবসানকালে দানবগণের সহিত দেবতাগণের সংগ্রাম ঘটিয়াছিল। ঐ যুদ্ধে দেবতাগণ দৈত্যগণকর্তৃক পরাজিত হইয়া মহাবীর পুরঞ্জয়কে নিজেদের সাহায্যার্থ বরণ করিয়াছিলেন।১৩

তখন তিনি দেবরাজ ইন্দ্রকে নিজের বাহন হইবার জন্য প্রার্থনা করিলে (ইন্দ্র প্রথমতঃ লজ্জিত হইয়াও পশ্চাৎ) বিশ্বাত্মা দেবদেব প্রভু বিষ্ণুর আদেশবাক্যানুসারে মহাবৃষরূপে পুরঞ্জয়ের বাহন হইয়াছিলেন।১৪

অনন্তর তিনি যুদ্ধের উপযোগী বর্ম, দিব্য ধনু ও সুতীক্ষ্ণ বাণসমূহ ধারণপূর্বক যুদ্ধের ইচ্ছায় মহাবৃষরূপী ইন্দ্রের উপর আরোহণ করিয়া তাঁহার ককুদে (স্কন্ধের উপরিস্থিত উন্নত স্থানে) অবস্থান করিয়াছিলেন।১৫

এইরূপে রাজা পুরঞ্জয় পরমপুরুষ মহাত্মা বিষ্ণুর তেজে বলবান্ হইয়া দেবতাগণের সহিত দৈত্যপুরীকে পশ্চিম দিকে অবরুদ্ধ করিলেন।১৬

তৎকালে দৈত্যগণের সহিত তাঁহার রোমাঞ্চকর প্রচণ্ড সংগ্রাম ঘটিয়াছিল। যুদ্ধক্ষেত্রে যে সকল দৈত্য তাঁহার অভিমুখে অগ্রসর হইয়াছিল, তিনি ভল্লদ্বারা আঘাত করিয়া তাহাদের সকলকেই যমের নিকট পাঠাইয়াছিলেন।১৭

তখন দৈত্যগণ যুদ্ধে আহত হইয়া প্রচণ্ড প্রলয়াগ্নিতুল্য তদীয় বাণপতনের সম্মুখভাগ পরিত্যাগপূর্বক সত্বর নিজ পাতালপুরে পলায়ন করিয়াছিল।১৮

জিত্বা পুরং ধনং সর্ব্বং সস্ত্রীকং বজ্রপাণয়ে।
প্রত্যযচ্ছৎ স রাজর্ষিরিতি নামভিরাহৃতঃ ॥১৯
পুরঞ্জয়স্য পুত্রোঽভূদনেনাস্তৎসুতঃ পৃথুঃ।
বিশ্বগন্ধিস্ততশ্চন্দ্রো যুবনাশ্বস্তু তৎসুতঃ ॥২০
শ্রাবস্তস্তৎসুতো যেন শ্রাবস্তী নির্ম্মমে পুরী।
বৃহদশ্বস্য শ্রাবস্তিস্ততঃ কুবলয়াশ্বকঃ ॥২১
যঃ প্রিয়ার্থমুতঙ্কস্য ধুন্ধুনামাসুরং বলী।
সুতানামেকবিংশত্যা সহস্রৈরহনদ্ বৃতঃ ॥২২

ধুন্ধুমার ইতি খ্যাতস্তৎসুতাস্তে চ জজ্বলুঃ।
ধুন্ধোর্মুখাগ্নিনা সর্ব্বে ত্রয় এবাবশেষিতাঃ ॥২৩
দৃঢ়াশ্বঃ কপিলাশ্বশ্চ ভদ্রাশ্ব ইতি ভারত।
দৃঢ়াশ্বপুত্রো হর্য্যশ্বো নিকুম্ভস্তৎসুতঃ স্মৃতঃ ॥২৪
বহুলাশ্বো নিকুম্ভস্য কৃশাশ্বোঽথাস্য সেনজিৎ।
যুবনাশ্বোঽভবৎ তস্য সোঽনপত্যো বনং গতঃ ॥২৫
ভার্য্যাশতেন নির্ব্বিণ্ণ ঋদয়োঽস্য কৃপালবঃ।
ইষ্টিং স্ম বর্ত্তয়াঞ্চক্রুরৈন্দ্রীং তে সুসমাহিতাঃ ॥২৬

ইতি এবং দৈত্যান্ জিত্বা সঃ রাজর্ষিঃ তেভ্যঃ সস্ত্রীকং পুরং ধনং সর্ব্বং বজ্রপাণয়ে ইন্দ্রায় প্রত্যযচ্ছৎ প্রদদৌ। অতঃ দৈত্যপুরজয়াৎ পুরঞ্জয়ঃ তথা ইন্দ্রং বাহনত্বেন পরিগৃহীতত্বাৎ ইন্দ্রবাহঃ ইতি তথা তস্য ককুদি স্থিতত্বাৎ ককুৎস্থঃ ইতি ত্রিভিঃ নামভিঃ সঃ আহূতঃ আহূতঃ ॥১৯

পুরঞ্জয়স্য পুত্রঃ অনেনাঃ, তস্য সুতঃ পৃথুঃ, তস্য বিশ্বগন্ধিঃ, তস্য পুত্রঃ যুবনাশ্বঃ অভূৎ ॥২০

তস্য যুবনাশ্বস্য সুতঃ শ্রাবস্তঃ, যেন শ্রাবস্তেন শ্রাবস্তী পুরী নির্ম্মমে নির্ম্মিতা; শ্রাবস্তস্য সুতঃ বৃহদশ্বঃ, ততঃ চ কুবলয়াশ্বকঃ ॥২১

যঃ বলী কুবলয়াশ্বকঃ উতঙ্কস্য ঋষেঃ প্রিয়ার্থং ধুন্ধুনামানম্ একবিংশত্যা সহস্রৈঃ বৃতঃ সন্ ধুন্ধে ধুন্ধুনামাসুরম্ অহনৎ ॥২২

অতঃ সঃ ধুন্ধুমারঃ আখ্যাতঃ। ধুন্ধোঃ মুখাগ্নিনা সর্ব্বে তে তৎসুতাঃ জজ্বলুঃ দগ্ধাঃ বভূবুঃ; তেষাং মধ্যে ত্রয়ঃ এব যে সুতাঃ অবশেষিতাঃ। তে ভারত। তে দৃঢ়াশ্বঃ কপিলাশ্বঃ ভদ্রাশ্বঃ চ ইতি। দৃঢ়াশ্ব-পুত্রঃ হর্য্যশ্বঃ; তস্য সুতঃ নিকুম্ভঃ স্মৃতঃ ॥২৩-২৪

নিকুম্ভস্য পুত্রঃ বহুলাশ্বঃ, তস্য সুতঃ কৃশাশ্বঃ, তস্য সুতঃ সেনজিৎ, তস্য যুবনাশ্বঃ সুতঃ অভবৎ। তস্য ভার্য্যাশতম্ আসীৎ, তথাপি অনপত্যঃ নির্ব্বিণ্ণঃ সঃ ভার্য্যা-শতেন সহ বনং গতঃ। তে চ কৃপালবঃ ঋষয়ঃ সুসমাহিতাঃ অস্য পুত্রলাভায় ঐন্দ্রীম্

রাজর্ষি পুরঞ্জয় এইরূপে দৈত্যপুর জয় করিয়া রমণীগণসহ সমস্ত ধন দেবরাজ ইন্দ্রকে প্রদান করিয়াছিলেন। এই সকল কর্ম্মহেতুই তিনি বিভিন্ন নামে কথিত হন (অর্থাৎ দৈত্যপুর জয় করায় পুরঞ্জয়, ইন্দ্রকে বাহন করায় ইন্দ্রবাহন এবং বৃষরূপী ইন্দ্রের ককুদে অবস্থান করায় ককুৎস্থ নামে পরিচিত হইয়াছিলেন)।১৯

পুরঞ্জয়ের পুত্র অনেনাঃ, তাঁহার পুত্র পৃথু, পৃথুর পুত্র বিশ্বগন্ধি, তাঁহার পুত্র চন্দ্র এবং চন্দ্রের পুত্র যুবনাশ্ব নামে পরিচিত।২০

যুবনাশ্বের পুত্রের নাম শ্রাবস্ত, ইনি শ্রাবস্তী পুরী নির্ম্মাণ করেন। শ্রাবস্তের পুত্র বৃহদশ্ব এবং বৃহদশ্বের পুত্র কুবলয়াশ্ব।২১

ইনি উতঙ্ক ঋষির প্রীতিসাধনের জন্য নিজ একবিংশতি সহস্র পুত্রের সহিত মিলিত হইয়া ধুন্ধুনামক অসুরকে বিনাশ করিলে ধুন্ধুমার নামে বিখ্যাত হন। কিন্তু ধুন্ধুর মুখাগ্নিদ্বারা তাঁহার পুত্রগণ ভস্মীভূত হন, তন্মধ্যে কেবলমাত্র তিনটি পুত্র অবশিষ্ট ছিলেন।২২-২৩

হে মহারাজ! সেই তিন পুত্র দৃঢ়াশ্ব, কপিলাশ্ব ও ভদ্রাশ্ব নামে প্রসিদ্ধ। দৃঢ়াশ্বের পুত্র হর্য্যশ্ব এবং হর্য্যশ্বের পুত্র নিকুম্ভ।২৪

নিকুম্ভের পুত্র বহুলাশ্ব এবং কৃশাশ্ব, কৃশাশ্বের পুত্র সেনজিৎ এবং সেনজিতের পুত্র যুবনাশ্ব। এই যুবনাশ্ব নিঃসন্তান হইয়া পরে বনগমন করেন।২৫

ইনি একশত ভার্য্যার সহিত বনেও বিষণ্ণচিত্তে কালযাপন করিতেছিলেন, এ অবস্থায় ঋষিগণ সকলে তাঁহার প্রতি দয়াপরবশ হইয়া সুসংযতচিত্তে

রাজা তদ্যজ্ঞসদনং প্রবিষ্টো নিশি তর্ষিতঃ।
দৃষ্ট্বা শয়ানান্ বিপ্রাংস্তান্ পপৌ মন্ত্রজলং স্বয়ম্ ॥২৭

উত্থিতাস্তে নিশম্যাথ ব্যাদকং কলসং প্রভো।
প্রপচ্ছুঃ কস্য কর্মেদং পীতং পুংসবনং জলম্ ॥২৮

রাজ্ঞা পীতং বিদিত্বা বৈ ঈশ্বরপ্রহিতেন তে।
ঈশ্বরায় নমশ্চক্রুরহো দৈববলং বলম্ ॥২৯

ততঃ কাল উপাবৃত্তে কুক্ষিং নির্ভিদ্য দক্ষিণম্।
যুবনাশ্বস্য তনয়শ্চক্রবর্ত্তী জজান হ ॥৩০

কং ধাস্যতি কুমারোঽয়ং স্তন্যে রোরূয়তে ভৃশম্।
মান্ধাতা বৎস মা রোদীরিতীন্দ্রো দেশিনীমদাৎ ॥৩১

ন মমার পিতা তস্য বিপ্র-দেবপ্রসাদতঃ।
যুবনাশ্বোঽথ তত্রৈব তপসা সিদ্ধিমন্বগাৎ ॥৩২

ইতি শ্রীবৈষ্ণবতোষণ্যাং ষষ্ঠস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥

ইতি শ্রীবৈষ্ণবতোষণ্যাং ষষ্ঠস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥

ইন্দ্রযজ্ঞের অনুষ্ঠান করিতে আরম্ভ করিলেন।২৬

একদিন রাত্রিকালে রাজা যুবনাশ্ব তৃষ্ণার্ত্ত হইয়া যজ্ঞশালায় প্রবেশ করিলেন এবং যাজ্ঞিক ব্রাহ্মণগণকে নিদ্রিত দেখিয়া নিজেই কলসী হইতে মন্ত্রজল (যে জল মন্ত্রদ্বারা সংস্কার করিয়া পুত্রলাভের জন্য তাঁহার ভার্য্যাগণের জন্য রাখা হইয়াছিল) পান করিয়াছিলেন।২৭

হে মহারাজ! অনন্তর যাজ্ঞিক ব্রাহ্মণগণ জাগ্রত হইয়া কলসটি জলশূন্য দেখিয়া জিজ্ঞাসা করিলেন—ইহা কাহার কর্ম? এই পুত্রসন্তানজনক জল কে পান করিয়াছে?২৮

অনন্তর, ঈশ্বরের প্রেরণায় রাজাই এই জল পান করিয়াছেন জানিয়া সেই ব্রাহ্মণগণ—'অহো! দৈববলই প্রধান বল, লোকবল কিছুই নহে' এই বলিয়া ঈশ্বরের উদ্দেশ্যে সকলে নমস্কার করিলেন।২৯

অনন্তর যথাকালে যুবনাশ্বের উদরের দক্ষিণ ভাগ ভেদ করিয়া রাজচক্রবর্ত্তীর লক্ষণযুক্ত এক পুত্র ভূমিষ্ঠ হইলেন।৩০

তখন ব্রাহ্মণগণ বলিলেন—এই কুমার স্তন্য পানের জন্য অতিশয় রোদন করিতেছে, এ অবস্থায় কি পান করিবে? যজ্ঞে আরাধিত ইন্দ্র ইহা শুনিয়া বলিলেন—এই শিশু আমাকে পান করিবে। অনন্তর ইন্দ্র—'হে বৎস! রোদন করিও না' এই বলিয়া শিশুকে নিজ তর্জ্জনীটি পান করিতে দিয়াছিলেন (এই বালকেরই নাম মান্ধাতা হয়)।৩১

এই বালকের পিতার উদর বিদীর্ণ হইলেও ব্রাহ্মণ ও দেবতাগণের অনুগ্রহে তিনি মৃত্যুমুখে

ইতি শ্রীবৈষ্ণবতোষণ্যাং ষষ্ঠস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥২৫-২৬

রাজা যুবনাশ্বঃ তর্ষিতঃ তৃষিতঃ সন্ নিশি (জলার্থং) তৎ যজ্ঞসদনং প্রবিষ্টঃ তত্র তান্ বিপ্রান্ শয়ানান্ দৃষ্ট্বা মন্ত্রজলং (মন্ত্রাভিমন্ত্রিতং পত্ন্যৈ দেয়ং) জলং স্বয়ং পপৌ ॥২৭

অথ উত্থিতাঃ তে ব্রাহ্মণাঃ কলসং ব্যাদকং নিরুদকং নিশম্য দৃষ্ট্বা পুংসবনং পুত্রোৎপত্তিকারণং জলং কেন পীতম্? ইদং কস্য কর্ম্ম ইতি পপ্রচ্ছুঃ ॥২৮

ঈশ্বর-প্রহিতেন দৈব-প্রেরিতেন রাজ্ঞা বৈ এব পীতম্ ইতি বিদিত্বা তে ব্রাহ্মণাঃ "অহো দৈব-বলম্ এব বলং মুখ্যম্" ইতি মত্বা সন্তঃ ঈশ্বরায় নমশ্চক্রুঃ ॥২৯

অতঃ কালে উপাবৃত্তে উপস্থিতে সতি যুবনাশ্বস্য দক্ষিণং কুক্ষিং নির্ভিদ্য চক্রবর্ত্তী তল্লক্ষণাক্রান্তঃ তনয়ঃ হ জজ্ঞান জাতঃ ॥৩০

তং স্তন্যার্থং রুদন্তং অভ্যাত্ত্য রোরূয়তে অতং মুহুর্মুহুঃ রোদিতি কুমারঃ কং ধাস্যতি পাস্যতি ইতি বিপ্রৈঃ উক্তে সতি মাং ধাতা মাং পাস্যতি; হে বৎস! মা রোদীঃ ইতি ব্রুবন্ ইন্দ্রঃ দেশিনীম্ অমৃতস্রাবিণীং স্বতর্জ্জনীম্ অদাৎ কুমারস্য মুখে নিহিতবান্ ॥৩১

তস্য মান্ধাতুঃ পিতা যুবনাশ্বঃ ভিন্নকুক্ষিঃ অপি বিপ্রাণাং দেবানাং চ প্রসাদতঃ ন মমার; অথ তত্র এব তপসা সিদ্ধিম্ অনু পশ্চাৎ অন্বাৎ প্রাপ ॥৩২

ত্রসদ্দস্যুরিতীন্দ্রোঽঙ্গ বিদধে নাম যস্য বৈ।
যস্মাৎ ত্রসন্তি হ্যদ্যাপি দস্যবো রাবণাদয়ঃ ॥৩৩

যৌবনাশ্বোঽথ মান্ধাতা চক্রবর্ত্তিনাং প্রভুঃ।
সপ্তদ্বীপবতীমেকঃ শশাসাচ্যুততেজসা ॥৩৪

ঈজে চ যজ্ঞং ক্রতুভিরাত্মবিদ্ভূরিদক্ষিণৈঃ।
সর্ব্বদেবময়ং দেবং সর্ব্বাত্মকমতীন্দ্রিয়ম্ ॥৩৫

দ্রব্যং মন্ত্রো বিধির্যজ্ঞো যজমানস্তথর্ত্বিজঃ।
ধর্ম্মো দেশশ্চ কালশ্চ সর্ব্বমেতদ্যদাত্মকম্ ॥৩৬

যাবৎ সূর্য্য উদেতি স্ম যাবচ্চ প্রতিতিষ্ঠতি।
তৎ সর্ব্বং যৌবনাশ্বস্য মান্ধাতুঃ ক্ষেত্রমুচ্যতে ॥৩৭

শশবিন্দোর্দুহিতরি বিন্দুমত্যামধাত্ নৃপঃ।
পুরুকুৎসমম্বরীষং মুচুকুন্দঞ্চ যোগিনম্।
তেষাং স্বসারঃ পঞ্চাশৎ সৌভরিং বব্রিরে পতিম্ ॥৩৮

হে অঙ্গ। ইন্দ্রঃ তস্য কুমারস্য ত্রসদ্দস্যুঃ ইতি নাম বিদধে চকার। হি যস্মাৎ মান্ধাতুঃ সকাশাৎ উদ্বিগ্নাঃ দস্যবঃ রাবণাদয়ঃ ত্রসন্তি বিভ্যতি স্ম ॥৩৩

সঃ চ যৌবনাশ্বঃ যুবনাশ্বস্য পুত্রঃ চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ প্রভুঃ মান্ধাতা অচ্যুততেজসা একঃ এব সপ্তদ্বীপবতীম্ অবনীং শশাস ॥৩৪

ভূরি দক্ষিণা যেষু তৈঃ ভূরিদক্ষিণৈঃ ক্রতুভিঃ যজ্ঞৈঃ আত্মবিৎ মান্ধাতা সর্ব্বদেবময়ং সর্ব্বাত্মকম্ অতীন্দ্রিয়ং দেবং যজ্ঞং বিষ্ণুম্ ঈজে আরাধয়ামাস ॥৩৫

দ্রব্যং চরুপুরোডাশাদিকম্, মন্ত্রঃ দ্রব্যদেবতা-প্রকাশকো বেদভাগঃ, বিধিঃ চোদনাত্মকো বেদভাগঃ, যজ্ঞঃ বিষ্ণুঃ, যজমানঃ কর্ত্তা, ঋত্বিজঃ ব্রাহ্মণাঃ, ধর্ম্মঃ অপূর্ব্বাখ্যঃ, দেশঃ কুরুজাঙ্গলঃ, কালঃ বসন্তাদিঃ সর্ব্বম্ এব এতৎ বিশ্বং যদাত্মকং তম্ ঈজে ॥৩৬

যাবৎ যত্র সূর্য্যঃ উদেতি, যাবৎ যত্র চ প্রতিতিষ্ঠতি অস্তম্ এতি, তৎ সর্ব্বং যৌবনাশ্বস্য মান্ধাতুঃ ক্ষেত্রং পালিতং স্থানম্ উচ্যতে ॥৩৭

সঃ নৃপঃ মান্ধাতা শশবিন্দোঃ দুহিতরি বিন্দুমত্যাং পত্ন্যাম্ পুরুকুৎসম্, অম্বরীষং, তথা যোগিনং মুচুকুন্দং চ ইতি ত্রীন্ পুত্রান্ অধাৎ উৎপাদয়ামাস। তেষাং পুরুকুৎসাদীনাং পঞ্চাশৎসংখ্যাকাঃ স্বসারঃ ভগিন্যঃ সৌভরিম্ ঋষিং পতিং বব্রিরে পরিজগৃহুঃ ॥৩৮

পতিত হন নাই। অনন্তর যুবনাশ্ব সেখানেই তপস্যা-দ্বারা সিদ্ধিলাভ করিয়াছিলেন ।৩২

হে মহারাজ! রাবণাদি দস্যুগণ এই মান্ধাতার ভয়ে সর্বদাই ত্রস্ত থাকিত বলিয়া ইন্দ্র তাঁহার নাম করিয়াছিলেন—ত্রসদ্দস্যু ।৩৩

অনন্তর যুবনাশ্বের পুত্র সেই মান্ধাতা রাজ-চক্রবর্ত্তী হইয়া ভগবান্ শ্রীহরির প্রভাবে সপ্তদ্বীপা বসুন্ধরার একচ্ছত্র আধিপত্য লাভ করিয়াছিলেন ।৩৪

তিনি আত্মতত্ত্বজ্ঞ হইয়াও প্রভূতদক্ষিণাযুক্ত যাগসমূহদ্বারা সর্বাত্মক, অতীন্দ্রিয়, সর্বদেবময় দেবতা বিষ্ণুর আরাধনা করিয়াছিলেন—যে দেবতা স্বয়ং (যজ্ঞের) দ্রব্য, মন্ত্র, বিধি, যজ্ঞ, যজমান, ঋত্বিক্-সমূহ, যজ্ঞফল ধর্ম, যজ্ঞের দেশ ও কাল—এই সর্বরূপে বিরাজ করেন ।৩৫-৩৬

যে স্থান হইতে সূর্য উদিত হন এবং যে স্থানে তিনি অস্তগত হন, তৎপরিমিত সম্পূর্ণ ভূমিভাগই মান্ধাতার ক্ষেত্র বলিয়া পরিচিত ।৩৭

মান্ধাতা শশবিন্দুর কন্যা বিন্দুমতীর গর্ভে পুত্ররূপে পুরুকুৎস, অম্বরীষ ও যোগী মুচুকুন্দকে জন্মদান করেন। তাঁহাদের পঞ্চাশটি ভগিনী সৌভরি ঋষিকে পতিরূপে বরণ করিয়াছিলেন ।৩৮

যমুনাস্তর্জলে মগ্নস্তপ্যমানঃ পরং তপঃ।
নির্বৃতিং মীনরাজস্য দৃষ্ট্বা মৈথুনধর্ষিণঃ ॥৩৯

জাতস্পৃহো নৃপং বিপ্রঃ কন্যামেকামযাচত।
সোঽপ্যাহ গৃহ্যতাং ব্রহ্মন্ কামং কন্যা স্বয়ংবরে ॥৪০

স বিচিন্ত্যাপ্রিয়ং স্ত্রীণাং জরঠোঽহমসম্মতঃ।
বলীপলিত এজৎক ইত্যহং প্রত্যুদাহৃতঃ ॥৪১

সাধয়িষ্যে তথাত্মানং সুরস্ত্রীণামভীপ্সিতম্।
কিং পুনর্মনুজেন্দ্রাণামিতি ব্যবসিতঃ প্রভুঃ ॥৪২

মুনিঃ প্রবেশিতঃ ক্ষত্রা কন্যান্তঃপুরমৃদ্ধিমৎ।
বৃতঃ স রাজকন্যাভিরেকঃ পঞ্চাশতা বরঃ ॥৪৩

তাসাং কলিরভূদ্ভূয়াংস্তদর্থেঽপোহ্য সৌহৃদম্।
মমানুরূপো নায়ং ব ইতি তদ্গতচেতসাম্ ॥৪৪

যমুনায়াম্ অন্তর্জলে জলমধ্যে মগ্নঃ স্থিতঃ পরম্ উৎকৃষ্টং তপঃ তপ্যমানঃ বিপ্রঃ সৌভরিঃ মৈথুনধর্ষিণঃ মীনরাজস্য নির্বৃতিং মৈথুনসুখং বীক্ষ্য দৃষ্ট্বা ॥৩৯

তস্মিন্ ব্যাপারে জাতস্পৃহঃ নৃপং মান্ধাতারং প্রতি আগত্য একাং কন্যাম্ অযাচত। সোঽপি মান্ধাতা হে ব্রহ্মন্! কামং কন্যেচ্ছানুরোধেন স্বয়ংবরে কন্যাঃ গৃহ্যতাম্ ইতি উবাচ ॥৪০

সঃ সৌভরিঃ স্ত্রীণাম্ অপ্রিয়ং মাং বিচিন্ত্য অনেন জরঠঃ বৃদ্ধঃ বলিভিঃ যুক্তঃ চ এজৎকঃ কম্পমানশিরাঃ অয়ং স্ত্রীণাম্ অসম্মতঃ ইতি অপ্রিয়ং বিচিন্ত্য অহং প্রত্যুদাহৃতঃ স্বয়ম্বরবিষয়ে প্রত্যুক্তঃ ॥৪১

সৌভরি ঋষি এক সময়ে যমুনার জলে মগ্ন হইয়া পরম তপস্যার অনুষ্ঠান করিতে করিতে মৈথুনরত একটি মৎস্যরাজের সুখ দেখিয়া তদ্‌বিষয়ে স্পৃহা জন্মিলে রাজা মান্ধাতার নিকট একটি কন্যা প্রার্থনা করিলেন। রাজা বলিলেন—হে ব্রহ্মন্! আপনি স্বয়ংবরে ইচ্ছানুরূপ কন্যা গ্রহণ করুন ।৩৯-৪০

তখন সৌভরি স্থির করিলেন—আমি বৃদ্ধ, লোলচর্ম, পলিতকেশ এবং আমার মস্তক কম্পিত হয়, এ সকল কারণে রাজা আমাকে রমণীগণের অপ্রিয় মনে করিয়া এবং তাপসত্বপ্রভৃতি কারণেও আমি মনোমত নহি বলিয়াই আমাকে প্রত্যাখ্যান করিয়াছেন। অতএব আমি নিজ দেহটিকে এরূপ সুন্দর করিব যাহাতে দেবরমণীগণও আমাকে কামনা করেন, রাজরমণীগণের সম্বন্ধে ত কোন কথাই নাই ।৪১-৪২

প্রভুঃ সমর্থঃ সৌভরিঃ সুরস্ত্রীণাম্ অভীপ্সিতম্ ইতি তু কিং পুনঃ মনুজেন্দ্রাণাং বক্তব্যম্ ইতি আত্মানং সাধয়িষ্যে এবং ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ ॥৪২

সঃ মুনিঃ ক্ষত্রা প্রতিহারেণ ঋদ্ধিমৎ কন্যান্তঃপুরং প্রবেশিতঃ সন্ পঞ্চাশতা পঞ্চাশৎসংখ্যকাভিঃ একঃ এব বরঃ কৃতঃ অঙ্গীকৃতঃ ॥৪৩

তদা তদর্থে বরনিমিত্তং সৌহৃদং সৌদার্য্য-প্রযুক্ত-স্নেহম্ অপোহ্য ত্যক্ত্বা তদ্গতচেতসাং (তস্মিন্ এব অভিমুখ্যেন গতম্ আসক্তং চেতো যাসাং তাসাং) কন্যানাং ভূয়ান্ মহান্ কলিঃ কলহঃ পরস্পরম্ অভূৎ, যথা অয়ং মমৈব অনুরূপঃ যোগ্যঃ বরঃ, ন তু যুষ্মাকং ন ইতি ॥৪৪

অনন্তর প্রতীহার সৌভরি ঋষিকে সমৃদ্ধিশালী কন্যান্তঃপুরে প্রবেশ করাইলে পঞ্চাশটি রাজকন্যাই সেই একজনকে পতিরূপে বরণ করিয়াছিলেন ।৪৩

তৎকালে রাজকন্যাগণের সকলেরই চিত্ত তাঁহার প্রতি আকৃষ্ট হওয়ায় তাঁহাকে পাইবার জন্য পরস্পর সৌহার্দ ত্যাগ করিয়া সকলেই—'ইনি আমারই যোগ্য বর—তোমাদের নহেন' এরূপ বিবাদ আরম্ভ করিয়াছিলেন ।৪৪

স বহ্বৃচস্তাভিরপারণীয়ং—
তপঃশ্রিয়ানর্ঘ্যপরিচ্ছদেষু।
গৃহেষু নানোপবনামলাম্ভঃ—
সরঃসু সৌগন্ধিককাননেষু ৪৫
মহার্হশয্যাসনবস্ত্রভূষণ-
স্নানানুলেপাদ্যবহারমাল্যকৈঃ।
স্বলঙ্কৃতস্ত্রীপুরুষেষু নিত্যদা
রেমেঽনুগায়দ্দ্বিজভৃঙ্গবন্দিষু ৪৬
যদগার্হস্থ্যস্য সংবীক্ষ্য সপ্তদ্বীপবতীপতিঃ।
বিস্মিতঃ স্তম্ভমজহাৎ সার্ব্বভৌমশ্রিয়ান্বিতম্ ৪৭

তাভিঃ স্ত্রীভিঃ সহ অপারণীয়ং দুস্তরং তপঃ শ্রিয়া সমৃদ্ধ্যা হেতুভূতয়া অনর্ঘ্যাঃ অমূল্যাঃ পরিচ্ছদাঃ উপকরণানি যেষু তেষু গৃহেষু তথা নানাবিধেষু মনোজ্ঞেষু তথা অমলানি অস্বাদূনি যেষু তথাবিধানি সরাংসি তেষু চ সৌগন্ধিকানাং কল্হারাদীনাং কাননানি যেষু তেষু সঃ বহ্বৃচঃ রেমে ৪৫

স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ পুরুষাশ্চ যেষু তেষু, অনুগায়ন্তঃ দ্বিজাঃ পক্ষিণঃ মৃদাঃ চ ষট্পদাঃ চ যেষু তেষু গৃহেষু মহার্হশয্যাসন-বস্ত্র-ভূষণ-স্নানানুলেপাদ্যবহারমাল্যকৈঃ নিত্যদা রেমে ৪৬

সপ্তদ্বীপবতীপতিঃ সার্ব্বভৌম-শ্রিয়ান্বিতঃ মান্ধাতা অপি যত্র সৌভরেঃ গার্হস্থ্যং সংবীক্ষ্য বিস্মিতঃ সন্ স্তম্ভং সর্ব্বং অজহাৎ ৪৭

এবং গৃহেষ্বভিরতো বিষয়ান্ বিবিধৈঃ সুখৈঃ।
সেবমানো ন চাতুষ্যদাজ্যস্তোকৈরিবানলঃ ৪৮

স কদাচিদুপাসীন আস্নাপহ্নবমাত্মনঃ।
দদর্শ বহ্বৃচাচার্য্যো মীনসঙ্গসমুত্থিতম্ ৪৯

অহো ইমং পশ্যত মে বিনাশং
তপস্বিনঃ সচ্চরিতব্রতস্য।
অন্তর্জলে বারিচরপ্রসঙ্গাৎ
প্রচ্যাবিতং ব্রহ্ম চিরং ধৃতং যৎ ৫০

এবং গৃহেষু অভিরতঃ আসক্তঃ সৌভরিঃ সুখৈঃ বিষয়ান্ শব্দাদীন্ সেবমানঃ অপি আজ্যস্তোকৈঃ ঘৃতবিপ্রুড়ি্ভঃ অনলঃ হুতাশনঃ ইব ন চ অতুষ্যৎ অলমিতি ন অমন্যত ৪৮

কদাচিৎ উপাসীনঃ উপবিষ্টঃ সঃ বহ্বৃচাচার্য্যঃ সৌভরিঃ মীনস্য সঙ্গাৎ সমুত্থিতং বিবাহাদি আত্মনঃ অপহ্নবং তপো-হানিং দদর্শ ৪৯

অহো! তপস্বিনঃ সচ্চরিতব্রতস্য মে মম ইমং বিনাশং যে লোকাঃ পশ্যত। যতঃ অন্তর্জলে বারিচরঃ মীনঃ তৎপ্রসঙ্গাৎ তস্য মৈথুন-দর্শনেন বিবাহাদি-প্রপঞ্চাৎ হেতোঃ যৎ চিরং ধৃতং বহুকালাভ্যাসেন ধ্যানবিষয়ীকৃতং ব্রহ্ম তৎ প্রচ্যাবিতং বিস্মৃতম্ ইতি ৫০

অনন্তর মন্ত্রপ্রভাবশালী সৌভরি ঋষি মহামূল্য শয্যা, আসন, বস্ত্র, অলঙ্কার, স্নান, অনুলেপন, আহার ও মাল্যসম্ভারে সমৃদ্ধিশালী হইয়া, সেই রাজকন্যাগণের সহিত সর্বদা অপার তপঃশক্তিবলে লব্ধ বহুমূল্য পরিচ্ছদযুক্ত গৃহসমূহ, বিবিধ উপবন এবং স্বচ্ছসলিলপূর্ণ ও সুগন্ধশালী কহ্লারবনশোভিত সরোবরসমূদয়ে বিহার করিতে লাগিলেন। সেই সকল গৃহ, উপবন ও সরোবরসমূহ সুন্দর অলঙ্কার-শোভিত স্ত্রী-পুরুষগণ এবং অনুক্ষণ গীতমত্ত পক্ষী, ভ্রমরকুল ও স্তুতিপাঠকগণ বিরাজ করিতেছিল ৪৫-৪৬

এই সৌভরি ঋষির এ জাতীয় সুসমৃদ্ধ গার্হস্থ্য দর্শন করিয়া সপ্তদ্বীপা ধরিত্রীর অধিপতি মহারাজ মান্ধাতাও বিস্মিত হইয়া নিজ একচ্ছত্র রাজসম্পদের গর্ব পরিত্যাগ করিয়াছিলেন ৪৭

এইরূপে গৃহধর্মে আসক্ত সৌভরিঋষি নানারূপ সুখসহকারে বিষয়সমূহ ভোগ করিয়াও অগ্নি যেরূপ প্রভূত ঘৃতধারাও তৃপ্ত হয় না, স্বয়ংও সেরূপ পরিতৃপ্ত হইতে পারিলেন না ৪৮

একদা মন্ত্রজ্ঞগণের আচার্য সেই ঋষি উপাসনা করিতে প্রবৃত্ত হইয়া, মনের দোষে মৎস্যের সঙ্গহেতু নিজের যে তপস্যাহানি ঘটিয়াছে তাহা অনুভব করিতে পারিলেন ৪৯

(তৎকালে তিনি অনুতপ্ত হইয়া এরূপ উক্তি করিয়াছিলেন) হায়! ব্রতনিষ্ঠ, সাধু তপস্বী আমার এই সর্বনাশ দর্শন কর। আমি জলমধ্যে থাকিয়া

সঙ্গং ত্যজেত মিথুনব্রতিনাং মুমুক্ষুঃ
সর্ব্বাত্মনা ন বিসৃজেদ্ বহিরিন্দ্রিয়াণি।
একশ্চরন্ রহসি চিত্তমনন্ত ঈশে
যুঞ্জীত তদ্ব্রতিষু সাধুষু চেৎ প্রসঙ্গঃ ॥৫১

একস্তপস্যহমথাব্ধিসি মৎস্যসঙ্গাৎ
পঞ্চাশদাসমুত পঞ্চসহস্রসর্গঃ।
নান্তং ব্রজাম্যুভয়কৃত্যমনোরথানাং
মায়াগুণৈর্হৃতমতির্বিষয়েঽর্থভাবঃ ॥৫২

এবং বসন্ গৃহে কালং বিরক্তো ন্যাসমাস্থিতঃ।
বনং জগামানুমৃতং পত্ন্যঃ পতিদেবতাঃ ॥৫৩

তত্র তপ্ত্বা তপস্তীব্রমাত্মদর্শনমাত্মবিৎ।
সহৈবাগ্নিভিরাত্মানং যুযোজ পরমাত্মনি ॥৫৪

মুমুক্ষুঃ সর্ব্বাত্মনা নিষ্পিতেন মনসা মিথুনব্রতিনাং দাম্পত্যধর্মবতাং সঙ্গং ত্যজেত। তথা ইন্দ্রিয়াণি চ বহিঃশব্দাদিবিষয়েষু ন বিসৃজেৎ ন প্রবর্তয়েৎ। একঃ অসহায়ঃ এব চরন্ রহসি একান্তে স্থিতঃ সন্ অনন্তে সর্ব্ব-পরিচ্ছেদ-শূন্যে ঈশে ভগবতি চিত্তং যুঞ্জীত ভগবদ্বং ধ্যায়েৎ। তত্র ভগবতঃ ব্রতম্ অস্তি যেষাং তেষু সাধুষু এব প্রসঙ্গঃ চেৎ কুর্য্যাৎ এব ॥৫১

প্রথমম্ একঃ অসহায়ঃ তপস্বী তাপাধিষ্ঠঃ এব আসম্; অথ অনন্তরম্ অব্ধিসি যঃ যৎকৃত শব্দঃ মৈথুনাদি-ক্রীড়াদর্শন-প্রসঙ্গঃ তস্মাৎ পঞ্চাশৎ আসং, পঞ্চাশৎ ভার্য্যা-বিবাহিতাভিঃ সহ একদা সম্বন্ধায় তাবৎ শরীর-বিশিষ্টঃ তথা দৃষ্টৈঃ পঞ্চসহস্রসর্গঃ অভবম্। অতঃ মায়াগুণৈঃ রমণাদিগুণৈঃ হৃতা হৃতিঃ বুদ্ধিঃ যস্য তাদৃশঃ, বিষয়ে অর্থভাবঃ পুরুষার্থবুদ্ধিঃ, অহম্ উত্তরকৃত্যমনোরথানাম্ (উত্তরকৃত্যানি স্ত্রীপুংসকর্মাণি তদ্বিষয়াণাং মনোরথানাম্) অন্তং ন ব্রজামি ॥৫২

এবং যদৃচ্ছালং গৃহে বসন্ তত্র বিরক্তঃ সন্ জ্ঞানম্ আশ্রিতঃ কামকর্ম্মাদিত্যাগং কৃত্বা তপঃ কর্ত্তুং বনং জগাম। তথা পতিদেবতাঃ পতিব্রতাঃ তস্য পত্ন্যঃ অপি তং পতিম্ অনুমৃতং অনুজগ্মুঃ ॥৫৩

তত্র বনে সঃ আত্মবান্ সৌভরিঃ তীব্রং তীব্রম্ অতএব আত্মকর্ষকং শরীর-কার্শ্যকরং তপঃ তপ্ত্বা কৃত্বা আহবনীয়াদিভিঃ অগ্নিভিঃ সহ প্রত্যগাত্মানং পরমাত্মনি যুযোজ লীনং কৃতবান্; মুক্তিম্ অবাপ ॥৫৪

মৈথুনরত মৎস্যের সঙ্গহেতু চিরকালের সঞ্চিত তপস্যা বিসর্জন দিয়াছি।৫০

মুক্তিকামী পুরুষ সর্বতোভাবে মৈথুনাসক্তগণের সঙ্গ ত্যাগ করিবেন, ইন্দ্রিয়সমূহকে বাহ্যবিষয়ে লিপ্ত করিবেন না, সর্বদা একাকী নির্জনে বিচরণ করিয়া মনকে অনন্ত পরমেশ্বরে নিযুক্ত করিবেন, আর যদি সঙ্গ করিতে হয়, তাহা হইলে যাঁহারা ভগবানের প্রীতির জন্যই ধর্মাচরণ করেন, সেরূপ সাধুগণেরই সঙ্গ করিবেন।৫১

তখন ব্রাহ্মণী গর্ভাধানকর্ত্তা নিজ পতিকে রাক্ষসে ভক্ষণ করিয়াছে দেখিয়া নিজের জন্য শোক করিতে করিতে ক্রোধে রাজাকে এরূপ অভিশাপ দিয়াছিলেন।৩৫

হে পাপিষ্ঠ! হে নির্বোধ! যেহেতু তুমি কামপীড়িতা আমার স্বামীকে ভক্ষণ করিয়াছ, সেই-হেতু আমি বলিতেছি—তোমারও মৈথুননিমিত্ত মৃত্যু হইবে।৩৬

পতিলোকপরায়ণা ব্রাহ্মণী মিত্রসহকে এরূপ অভিশাপ দিয়া ব্রাহ্মণের অস্থিসমূহ প্রজ্বলিত অগ্নিতে নিক্ষেপপূর্বক স্বয়ংও দেহত্যাগ করিয়াছিলেন (অথবা স্বয়ংও অগ্নিতে প্রবেশ করিয়া স্বামীর অনুগমন করিয়াছিলেন)।৩৭

বিশাপো দ্বাদশাব্দান্তে মৈথুনায় সমুদ্যতঃ।
বিজ্ঞাপ্য ব্রাহ্মণীশাপং মহিষ্যা স নিবারিতঃ ॥৩৮

অত ঊর্দ্ধং স তত্যাজ স্ত্রীসুখং কর্ম্মণাপ্রজাঃ।
বসিষ্ঠস্তদনুজ্ঞাতো মদয়ন্ত্যাং প্রজামধাৎ ॥৩৯

সা বৈ সপ্ত সমা গর্ভমবিভ্রদ্ব্যজায়ত।
জঘ্নেঽশ্মনোদরং তস্যাং সোঽশ্মকস্তেন কথ্যতে ॥৪০

অশ্মকাদ্ বালিকো জজ্ঞে যঃ স্ত্রীভিঃ পরিরক্ষিতঃ।
নারীকবচ ইত্যুক্তো নিঃক্ষত্রে মূলকোঽভবৎ ॥৪১

ততো দশরথস্তস্মাৎ পুত্র ঐড়বিড়িস্ততঃ।
রাজা বিশ্বসহো যস্য খট্বাঙ্গশ্চক্রবর্ত্যভূৎ ॥৪২

যো দেবৈরর্থিতো দৈত্যানবধীদ্ যুধি দুর্জ্জয়ঃ।
মুহূর্ত্তমায়ুর্জ্ঞাত্বেত্য স্বপুরং সন্দধে মনঃ ॥৪৩

ততঃ দ্বাদশান্তে অন্তে বিগতশাপঃ সৌদাসঃ মৈথুনায় উদ্যতঃ। তদা মহিষ্যা মদয়ন্ত্যা ব্রাহ্মণীশাপং বিজ্ঞাপ্য নিবারিতঃ ॥৩৮

ততঃ ঊর্দ্ধং অনন্তরং সঃ সৌদাসঃ স্ত্রীসম্ভোগসুখং ত্যক্তবান্। এবং ব্রাহ্মণ-তক্ষকেন কর্ম্মণা শাপেন সঃ অপ্রজাঃ অভূৎ। তদা তেন অনুজ্ঞাতঃ প্রজোৎপাদনায় প্রার্থিতঃ বশিষ্ঠঃ মদয়ন্ত্যাং প্রজাম্ অর্থাৎ গর্ভাধানম্ অকরোৎ ॥৩৯

ততঃ সা বৈ মদয়ন্তী সপ্ত সমাঃ বৎসরান্ গর্ভম্ অবিভ্রৎ, তথাপি তস্যাঃ পুত্রঃ ন ব্যজায়ত, তদা বশিষ্ঠঃ তস্যাঃ উদরম্ অশ্মনা পাষাণেন জঘ্নে, তেন নিমিত্তেন ততঃ জাতঃ পুত্রঃ অশ্মকঃ ইতি কথ্যতে ॥৪০

অশ্মকাৎ বালিকঃ জজ্ঞে; স চ পরশুরামেণ নিঃক্ষত্রে ক্ষত্রোৎপাটনে ক্রিয়মাণে স্ত্রীভিঃ কবচবৎ ততঃ পরিরক্ষিতঃ, অথ সঃ নারীকবচঃ ইতি উক্তঃ। ততঃ এব পুনঃ ক্ষত্রকুলস্য মূলত্বাৎ মূলকাখ্যঃ অভবৎ ॥৪১

ততঃ দশরথঃ জাতঃ, তস্মাৎ ঐলবিলঃ পুত্রঃ জাতঃ, ততঃ রাজা বিশ্বসহঃ, ততশ্চ চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ খট্বাঙ্গঃ অভূৎ। যুধি দুর্জ্জয়ঃ যঃ দেবৈঃ অর্থিতঃ প্রার্থিতঃ সন্ দৈত্যান অবধীৎ। (ততঃ প্রণতৈঃ দেবৈঃ বরং বৃণীষ ইতি উক্তে খট্বাঙ্গেন উক্তং, প্রথমং জ্ঞাতং মম আয়ুঃ কিয়ৎতাম্? ততস্তদ-নুরূপং বরং গ্রহীষ্যামি। দেবৈশ্চ উক্তং মুহূর্ত্তং মাত্রম্ আয়ুঃ ইতি) তৎ জ্ঞাত্বা (দেবদত্তেন বিমানেন) স্বকীয়ং স্বপুরম্ এত্য পরমেশ্বরে মনঃ সন্দধে ॥৪২-৪৩

সৌদাস দ্বাদশবর্ষ অন্ত হইলে শাপমুক্ত হইয়া মৈথুনকর্ম্মে উদ্যত হইলে মহিষী মদয়ন্তী ব্রাহ্মণীর অভিশাপ জানাইয়া স্বামীকে বারণ করিয়াছিলেন।৩৮

নিজ কর্ম্মদোষে নিঃসন্তান রাজা সৌদাস ইহার পর হইতেই স্ত্রীসম্ভোগ সুখ ত্যাগ করিলেন এবং বশিষ্ঠদেব তাঁহারই নিয়োগক্রমে মদয়ন্তীর গর্ভাধান করিয়াছিলেন।৩৯

মদয়ন্তী সাত বৎসর সেই গর্ভ ধারণ করিলেন, কিন্তু কোন সন্তান ভূমিষ্ঠ হইল না। অনন্তর বশিষ্ঠই অশ্ম অর্থাৎ প্রস্তরদ্বারা মদয়ন্তীর উদরে আঘাত করিলে সন্তান ভূমিষ্ঠ হয়। অশ্মদ্বারা আঘাতের ফলে জন্মহেতুই তাঁহার 'অশ্মক' এই নাম হইয়াছিল।৪০

অশ্মক হইতে বালিকের জন্ম হয়। নারীগণ চারিদিক্ হইতে তাঁহাকে বেষ্টন করিয়া পরশুরামের নিকট হইতে রক্ষা করায় তাঁহাকে নারীকবচ বলা হয়। আবার পৃথিবী ক্ষত্রহীন হইলে ইনিই ক্ষত্রিয়কুলের মূল হওয়ায় মূলক নামেও পরিচিত হইয়াছিলেন।৪১

মূলকের পুত্রের নাম দশরথ, তাঁহার পুত্র ঐড়বিড়ি, তাঁহার পুত্র রাজা বিশ্বসহ এবং তাঁহারই পুত্র রাজচক্রবর্ত্তী খট্বাঙ্গ।৪২

দুর্জ্জয় মহাবীর রাজা খট্বাঙ্গ দেবগণের প্রার্থনায় যুদ্ধে দৈত্যগণকে সংহার করেন। অনন্তর মুহূর্ত্তকাল মাত্র আয়ুর অবশেষ জানিতে পারিয়া নিজ পুরীতে প্রত্যাগমন করিয়া মনে মনে এরূপ নিশ্চয় করিয়াছিলেন।৪৩

ন মে ব্রহ্মকুলাৎ প্রাণাঃ কুলদৈবান্ন চাত্মজাঃ।
ন শ্রিয়ো ন মহী রাজ্যং ন দারাশ্চাতিবল্লভাঃ ॥৪৪
ন চাল্পেঽপি মতির্মহ্যমধর্ম্মে রমতে ক্বচিৎ।
নাপশ্যমুত্তমঃশ্লোকাদন্যৎ কিঞ্চন বস্তুহম্ ॥৪৫
দেবৈঃ কামবরো দত্তো মহ্যং ত্রিভুবনেশ্বরৈঃ।
ন বৃণে তমহং কামং ভূতভাবনভাবনঃ ॥৪৬
যে বিক্ষিপ্তেন্দ্রিয়ধিয়ো দেবাস্তে স্বহৃদি স্থিতম্।
ন বিদন্তি প্রিয়ং শশ্বদাত্মানং কিমুতাপরে ॥৪৭

অথেশমায়ারচিতেষু সঙ্গং
গুণেষু গন্ধর্ব্বপুরোপমেষু।
রূঢ়ং প্রকৃত্যাত্মনি বিশ্বকর্ত্তু-
র্ভাবেন হিত্বা তমহং প্রপদ্যে ॥৪৮

ইতি ব্যবসিতো বুদ্ধ্যা নারায়ণগৃহীতয়া।
হিত্বান্যভাবমজ্ঞানং তত: স্বং ভাবমাস্থিতঃ ॥৪৯

কুলদৈবাৎ কুলপূজ্যাৎ ব্রহ্মকুলাৎ সকাশাৎ যে মম প্রাণাঃ আত্মানঃ প্রিয়ঃ মহী রাজ্যং তথা দারাঃ চ ন অতিবল্লভাঃ অতিপ্রিয়াঃ ন ভবন্তি ॥৪৪

মহ্যং মম ক্বচিৎ আপদি অপি অধর্ম্মে ন রমতে। উত্তমঃশ্লোকাৎ ভগবতঃ সকাশাৎ অন্যৎ বস্তু পরমার্থকৃতং কিঞ্চিৎ অহং ন অপশ্যম্ ন দৃষ্টবান্ অস্মি ॥৪৫

যদপি ত্রিভুবনেশ্বরৈঃ দেবৈঃ মহ্যং কামবরঃ ইচ্ছানুরূপঃ বরঃ দত্তঃ, তথাপি ভূতভাবনভাবনঃ (ভূতানি দেবাদীনি ভাবয়ন্তি পালয়ন্তি যঃ সঃ ভূতভাবনঃ ভগবান্ তস্মিন্ এব ভাবনা যস্য তথাভূতঃ) অহং তং কামবরং ন বৃণে ॥৪৬

যে দেবাঃ বিক্ষিপ্তেন্দ্রিয়ধিয়ঃ (বিক্ষিপ্তানি ইন্দ্রিয়াণি ধীঃ চ যেষাং তে) তে স্বহৃদি স্থিতং শশ্বৎ নিরন্তরং প্রিয়ম্ আত্মানং যতঃ ন বিদন্তি, তদা অপরে ন জানন্তি ইতি কিমু বক্তব্যম্ ॥৪৭

অথ তস্মাৎ গন্ধর্ব্ব-পুরোপমেষু আততবিনাশিত্বেন গন্ধর্ব্বনগর-তুল্যেষু ঈশস্য ভগবতঃ মায়ারচিতেষু গুণেষু শব্দাদি-বিষয়েষু প্রকৃত্যা স্বভাবেন প্রাপ্তং সঙ্গম্ আসক্তিং হিত্বা বিশ্বকর্ত্তুঃ ভগবতঃ ভাবেন ভক্ত্যা আত্মনি স্বস্মিন্ এব রূঢ়ং স্থিতং তং ভগবন্তম্ এব অহং প্রপদ্যে শরণং ব্রজামি ॥৪৮

নারায়ণেন গৃহীতয়া আত্মানং প্রতি আকৃষ্টয়া বুদ্ধ্যা ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ সন্ অজ্ঞানং তথা তৎকার্য্যম্ অন্যভাবং দেহাদৌ আত্মভাবং হিত্বা ততঃ ভগবন্তম্ এব স্বং ভাবং পরমার্থরূপং ভগবন্তম্ এব আস্থিতঃ অবাপ ॥৪৯

কুলদেবতা ব্রাহ্মণ অপেক্ষা প্রাণ, পুত্র, ধন-সম্পত্তি, পৃথিবী, রাজত্ব এবং ভার্য্যাও আমার অধিক প্রিয় নহে ॥৪৪

আমার মতি কখনও অল্পমাত্র অধর্ম্মেও রত হয় নাই এবং আমি উত্তমঃশ্লোক শ্রীহরি ভিন্ন জগতে অন্য কোন বস্তুই দেখিতে পাই নাই ॥৪৫

ত্রিলোকের অধিপতি দেবতাগণ আমাকে অভীষ্ট বরদানে ইচ্ছুক হইলেও আমি ভূতপালক ভগবানের চিন্তায় রত বলিয়া ঐ বর প্রার্থনা করি নাই ॥৪৬

যাঁহাদের বুদ্ধি ও ইন্দ্রিয়বর্গ বিক্ষিপ্ত, সেই দেবতাগণও নিরন্তর নিজ হৃদয়ে অবস্থিত পরমপ্রিয় সেই আত্মাকে (ভগবান্‌কে) অবগত হইতে পারে না; অপরের আর কথা কি ?৪৭

যাহা ভগবানেরই মায়ারচিত এবং গন্ধর্ব্বনগরীর ন্যায় বাস্তবসত্তাহীন, তাদৃশ ত্রিগুণময় জাগতিক বিষয়সমূহের সম্বন্ধে স্বভাবতই চিত্তে যে আসক্তি বদ্ধমূল রহিয়াছে, অতঃপর আমি বিশ্বকর্ত্তা শ্রীহরির ভাবনাবলে তাহা ছিন্ন করিয়া সেই ভগবানেরই শরণাগত হইব ॥৪৮

অনন্তর রাজা খট্‌বাঙ্গ শ্রীনারায়ণাশ্রিতা বুদ্ধি-দ্বারা এরূপ নিশ্চয় করিয়া, দেহাদিবিষয়ে আত্মাভি-মানরূপ অজ্ঞান পরিহারপূর্ব্বক স্বীয়ভাবে অর্থাৎ নিজ স্বরূপে অবস্থান করিয়াছিলেন ॥৪৯

যত্তদ্ ব্রহ্ম পরং সূক্ষ্মমশূন্যং শূন্যকল্পিতম্।
ভগবান্ বাসুদেবেতি যং গৃণন্তি হি সাত্বতাঃ ॥৫০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে নবমোঽধ্যায়ঃ।

(যৎ তদ্ ব্রহ্ম পরং) পরং ব্রহ্ম ইতি বেদান্তেষু যৎ প্রসিদ্ধম্, অতঃ (প্রমাণ-সিদ্ধত্বাৎ) অশূন্যং তুচ্ছং ন ভবতি তথাপি বাগাদ্যবিষয়ত্বাৎ শূন্যবৎ কল্পিতং যতঃ অবিষয়ত্বেন স্ফুরং; যৎ চ সাত্বতাঃ সর্বপ্রধানাঃ, ভাগবতাঃ ভগবতা অনুগৃহীতাঃ জনাঃ ভগবান্ ইতি বাসুদেবঃ ইতি হি গৃণন্তি ॥৫০

ইতি নবমে স্কন্ধে শ্রীধরস্বামি-পাদবিরচিতায়াং নবমোঽধ্যায়ঃ।

ভক্তগণ যাঁহাকে ভগবান্ বাসুদেব বলিয়া থাকেন এবং যিনি বাক্যাদির অবিষয় বলিয়া শূন্যরূপে কল্পিত হন, পরন্তু বস্তুতঃ শূন্য না হইয়া পরিপূর্ণরূপেই বিরাজমান, সেই সূক্ষ্ম (নির্লেপ) পরব্রহ্মই জীবের স্বীয়ভাব অর্থাৎ নিজস্বরূপ (রাজা খট্বাঙ্গ তাহাই প্রাপ্ত হইয়াছিলেন)।৫০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
নবম অধ্যায় সমাপ্ত।

দশমঃ অধ্যায়ঃ

[শ্রীরামচরিতবর্ণনম্।]

শ্রীশুক উবাচ

খট্বাঙ্গাদ্দীর্ঘবাহুশ্চ রঘুস্তস্মাৎ পৃথুশ্রবাঃ।
অজস্ততো মহারাজস্তস্মাদ্দশরথোঽভবৎ ॥১

তস্যাপি ভগবানেষ সাক্ষাদ্ ব্রহ্মময়ো হরিঃ।
অংশাংশেন চতুর্ধাগাৎ পুত্রত্বং প্রার্থিতঃ সুরৈঃ।
রাম-লক্ষ্মণ-ভরত-শত্রুঘ্না ইতি সংজ্ঞয়া ॥২

তস্যানুচরিতং রাজন্ ঋষিভিস্তত্ত্বদর্শিভিঃ।
শ্রুতং হি বর্ণিতং ভূরি ত্বয়া সীতাপতের্মুহুঃ ॥৩

গুর্ব্বর্থে ত্যক্তরাজ্যো ব্যচরদনুবনং
পদ্মপাদ্যাং প্রিয়ায়াঃ,
পাণিস্পর্শাক্ষমাভ্যাং মৃজিতপথরুজো
যো হরীন্দ্রানুজাভ্যাম্।

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। খট্বাঙ্গাৎ চ দীর্ঘবাহুঃ, তস্মাৎ পৃথুশ্রবাঃ বিপুলকীর্তিঃ রঘুঃ, ততঃ মহারাজঃ অজঃ, তস্মাৎ দশরথঃ অভূৎ। তস্য দশরথস্য সুরৈঃ দেবৈঃ প্রার্থিতঃ সন্ এষ সাক্ষাৎ ব্রহ্মময়ঃ ভগবান্ হরিঃ স্বস্য অংশাংশেন রাম-লক্ষ্মণ-ভরত-শত্রুঘ্না ইতি সংজ্ঞয়া চতুর্ধা পুত্রত্বম্ অগাৎ প্রাপবান্ ॥২

তস্য চ দশরথস্য ভগবতঃ ঋষিভিঃ তত্ত্বদর্শিভিঃ পরমার্থজ্ঞৈঃ বাল্মীক্যাদিভিঃ ঋষিভিঃ ভূরি যথেষ্টং বর্ণিতং ত্বয়া চ মুহুঃ শ্রুতম্ এব, তথাপি হে রাজন্! সংগ্রহেণ অহং কথয়ামি ॥৩

যঃ গুর্ব্বর্থে (গুরোঃ পিতুঃ দশরথস্য তস্য বচঃ সত্যপালনার্থে)

দশম অধ্যায়।

[শ্রীরামচরিত বর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! খট্বাঙ্গের ঔরসে দীর্ঘবাহুর জন্ম হয়। মহাযশস্বী রঘু দীর্ঘবাহুর পুত্র, রঘু হইতে মহারাজ অজ এবং অজ হইতে রাজা দশরথ জন্মগ্রহণ করেন।১

সাক্ষাৎ ব্রহ্মময় ভগবান্ শ্রীহরি দেবগণের প্রার্থনায় রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন—এই সকল চতুর্ভাগে বিভক্ত নিজ অংশাংশদ্বারা রাজা দশরথের পুত্রত্ব প্রাপ্ত হইয়াছিলেন।

বৈরূপ্যাৎ সূর্পণখ্যাঃ প্রিয়বিরহরুষা
রোপিতভ্রূবিজৃম্ভ-
ত্রস্তাব্ধির্বদ্ধসেতুঃ খলদবদহনঃ
কোশলেন্দ্রোঽবতান্নঃ ॥৪

বিশ্বামিত্রাধ্বরে যেন মারীচাদ্যা নিশাচরাঃ।
পশ্যতো লক্ষ্মণস্যৈব হতা নৈর্ঋতপুঙ্গবাঃ ॥৫

যো লোকবীরসমিতৌ ধনুরৈশমুগ্রং
সীতাস্বয়ংবরগৃহে ত্রিশতোপনীতম্।
আদায় বালগজলীল ইবেক্ষুযষ্টিং
সজ্যীকৃতং নৃপ বিকৃষ্য বভঞ্জ মধ্যে ॥৬

জিত্বানুরূপগুণশীলবয়োঽঙ্গরূপাং
সীতাভিধাং শ্রিয়মুরস্যভিলব্ধমানাম্।
মার্গে ব্রজন্ ভৃগুপতের্ব্যনয়ং প্রমৃজ্য
দর্পং মহীমকৃত ক্ষত্ররাজবীজাম্ ॥৭

ত্যক্তং রাজ্যং যেন তথাকৃতঃ সন্ প্রিয়ায়াঃ সীতায়াঃ পাণিনা স্পর্শে অপি বাঢ়ি ক্ষমা সহিষ্ণুতা বয়োঃ তাভ্যাং পল্লবাভ্যাম্ অনুবনং বনে বনে বাচরৎ। তথা হরীণাং বানরাণাম্ ঈশ্বরঃ সুগ্রীবঃ তথা অনুজঃ লক্ষ্মণঃ তাভ্যাং মুদিতা অপসারিতা মার্গরজা পথরেণবঃ যত্র সঃ। সূর্পণখ্যাঃ রাক্ষস্যাঃ বৈরূপ্যাৎ কর্ণনাসিকা-ছেদাৎ (প্রলোভিতেন রাবণেন অপহারাৎ) জনত্রেণ যঃ বিরহঃ তেন যা রুট্ তয়া আরোপিতয়োঃ কুটীকৃতয়োঃ ভ্রুবোঃ বিজৃম্ভণেন এব ত্রস্তঃ ভীতঃ অব্ধিঃ সমুদ্রঃ যস্মাৎ সঃ (ভয়-প্রদর্শনেন) বদ্ধঃ সমুদ্রে সেতুঃ যেন সঃ, খলাঃ দুরাত্মানঃ রাবণাদয়ঃ এব দবঃ বনং তস্য দহনং যেন সঃ কোশলেন্দ্রঃ শ্রীরামঃ নঃ অস্মান্ অবতাৎ পাতু ॥৪

বিশ্বামিত্রস্য অধ্বরে যজ্ঞে যেন লক্ষ্মণস্য পশ্যতঃ এব নিশায়াম্ আচরন্তি ইতি নিশাচরা মারীচাদ্যাঃ নৈর্ঋতপুঙ্গবাঃ রাক্ষস-শ্রেষ্ঠাঃ হতাঃ ॥৫

হে নৃপ। যঃ শ্রীরামঃ সীতায়াঃ স্বয়ংবর-গৃহে লোকবীর-সমিতৌ লোকে যে বীরাঃ তেষাং সমিতৌ সমাজে উগ্রং কঠিনং গরিষ্ঠং চ অতএব ত্রিশতা বাহকানাং শতত্রয়েণ

হে মহারাজ। সীতাপতি সেই ভগবান্ শ্রীরামচন্দ্রের চরিতকথা তত্ত্বদর্শী ঋষিগণ সুবিস্তৃতরূপে বর্ণন করিয়াছেন এবং আপনি তাহা বারবার শ্রবণ করিয়াছেন (তথাপি সংক্ষেপে বলিতেছি, শ্রবণ করুন) ।৩

যিনি পিতৃসত্য পালনের জন্য রাজ্যত্যাগী হইয়া প্রিয়তমার করস্পর্শসহনেও অসমর্থ সুকোমল পদ-যুগলদ্বারা বনে বনে বিচরণ করিলে কপিবর (হনুমান্ বা সুগ্রীব) ও অনুজ লক্ষ্মণ তাঁহার পথশ্রম দূর করিয়াছিলেন এবং শূর্পণখার নাসাকর্ণ ছেদন-হেতু (রাবণ সীতাহরণ করিলে) যিনি প্রিয়তমার বিরহজনিত ক্রোধবশে ভ্রূ-ভঙ্গী করায় সমুদ্র ভীত হইলে তিনি তাহার উপর সেতুবন্ধন করিয়া রাবণাদি খলগণকে সংহার করিয়াছিলেন, সেই কোশলরাজ শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন ।৪

যিনি বিশ্বামিত্র ঋষির যজ্ঞক্ষেত্রে লক্ষ্মণের দৃষ্টির সম্মুখে মারীচপ্রভৃতি শ্রেষ্ঠ রাক্ষসগণকে বধ করিয়াছিলেন, সেই কোশলরাজ শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন ।৫

হে মহারাজ। যিনি সীতার স্বয়ংবর গৃহে লোকপ্রসিদ্ধ বীরগণের সভামধ্যে তিনশত বাহক-কর্তৃক আনীত ভয়ঙ্কর শিবধনুকটিকে তরুণ হস্তি-শাবকের ন্যায় লীলাসহকারে অনায়াসে গ্রহণপূর্বক গুণযুক্ত করিয়া ইক্ষুদণ্ডের ন্যায় আকর্ষণপূর্বক মধ্যস্থলে দ্বিখণ্ডিত করিয়াছিলেন, সেই কোশলরাজ শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন ।৬

যঃ সত্যপাশপরিবীতপিতুর্নিদেশং
ত্রৈণস্য চাপি শিরসা জগৃহে সভার্য্যঃ।
রাজ্যং শ্রিয়ং প্রণয়িনঃ সুহৃদো নিবাসং
ত্যক্ত্বা যযৌ বনমসূনিব মুক্তসঙ্গঃ ॥৮

রক্ষঃস্বসুর্ব্যকৃত রূপমশুদ্ধবুদ্ধে—
স্তস্যাঃ খরত্রিশিরদূষণমুখ্যবন্ধূন্।
জঘ্নে চতুর্দ্দশসহস্রমপারণীয়—
কোদণ্ডপাণিরটমান উবাস কৃচ্ছ্রম্ ॥৯

সীতাকথাশ্রবণদীপিতহৃচ্ছয়েন
সূষ্টং বিলোক্য নৃপতে দশকন্ধরেণ।
জহ্রেঽহুতৈণবপুষাশ্রমতোঽপকৃষ্টো
মারীচমাশু বিশিখেন যথা কমুগ্রঃ ॥১০

উপনীতম্ ঐশং শ্রীকরগতমপি ধনুঃ আদায় গৃহীত্বা, সভ্যীকৃতম্ আরোপিতজ্যং বিকৃষ্য ইক্ষুদণ্ডমিব বালগজলীলঃ বালগজস্য লীলা ইব লীলা যস্য সঃ শ্রীরামঃ মধ্যে যন্ত্রস্য তন্ত্রম্ অকরোৎ ॥৬

অনুরূপাণি গুণশীল-বয়োঙ্গরূপাণি যস্যাঃ তাং সীতাভিধাং সীতাসংজ্ঞাং ত্রিবা ধনুর্ভঞ্জনেন স্বাধীনাং কৃত্বা ব্রজন্ উদয়ি যক্ষসি সমুদ্র-মথনাৎ প্রাদুর্ভাব-সময়ে এব অভিলক্ষঃ যানঃ সংকারঃ যয়া তাং শ্রিয়ং লক্ষ্মীরূপাং সীতাসংজ্ঞাং ত্রিবা যঃ পরশুরামঃ ত্রিঃসপ্তকৃত্বঃ মহীম্ অরাজবীজাং রাজবীজমুক্তাম্ অকৃত অকরোৎ, (ধনুর্ভঙ্গ-মহানাদ-শ্রবণ-ক্ষুভিতস্য মার্গে আগতস্য) কৃতান্তেঃ ভার্গবমুখ্যস্য পরশুরামস্য প্রবৃদ্ধম্ অভিবৃদ্ধং দর্পং গর্বং যঃ শ্রীরামঃ ধ্বনয়ং অপনীতবান্ ॥৭

যঃ ত্রৈণস্য স্ত্রীবশস্য অতঃ সত্যপাশ-পরিবীত-পিতুঃ (কদাচিৎ কৈকেয্যাস্তাস্যৈ বরদানেন তয়াপক্ষিপ্তং বরদয়ং রাজ্যাদীতি প্রতিশ্রুতং তত্র শ্রীরামস্য যৌবরাজ্যাভিষেককালে

যে সীতাদেবী পূর্বে লক্ষ্মীরূপে বক্ষঃস্থলে থাকিয়া আদর লাভ করিতেন, নিজ অনুরূপ গুণ, শীল বয়স ও অঙ্গকান্তিসম্পন্না সেই সীতাদেবীকে স্বয়ংবরক্ষেত্রে জয় করিয়া লইয়া যাইবার সময় যিনি একবিংশতিবার পৃথিবীর ক্ষত্রকুলসংহারকারী পরশুরামের দর্প সংহার করিয়াছিলেন, সেই কোশলরাজ শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন।৭

যিনি সত্যপাশে আবদ্ধ স্ত্রৈণ পিতার আদেশকেও অবনত মস্তকে স্বীকারপূর্বক যোগী পুরুষের প্রাণত্যাগের ন্যায় অনায়াসে রাজ্য, সম্পদ্, অনুরাগী সুহৃদ্গণ ও গৃহ পরিত্যাগ করিয়া বনে গমন করিয়াছিলেন, সেই কোশলরাজ শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন।৮

তয়া ভরতস্য রাজ্যং রামস্য বনবাসশ্চ ইতি বরদয়ং প্রার্থিতং তয়া) সত্যস্যপাশেন পাশেন পরিবীতস্য পিতুঃ নিদেশং বরদান-রাজ্যং শিরসা জগৃহে মহারানপুরঃসরম্ অঙ্গীকৃতবান্, তত্তশ্চ সভার্য্যঃ সীতাসহিতঃ এব মুক্তসঙ্গঃ বিরক্তঃ যোগী যথা অসূন্ প্রাণান্ ত্যজতি, তথা রাজ্যং রাজ্যাধিকারং শ্রিয়ং রাজসম্পদং প্রণয়িনঃ মন্ত্রোদীন, সুহৃদঃ মিত্রাদি, নিবাসম্ অযোধ্যানগরং চ ত্যক্ত্বা বনং যযৌ ॥৮

রক্ষসঃ যাবণস্য স্বসুঃ ভগিন্যাঃ অশুদ্ধবুদ্ধেঃ কামাতুরতয়া সীতায়াঃ ভিরস্কারে প্রবৃত্তায়াঃ শূর্পণখায়াঃ রূপং যঃ ব্যরূপ নাসাদি-ছেদনেন বিরূপম্ অকরোৎ; (ততঃ তয়া প্রেরিতান্) তস্যাঃ শূর্পণখায়াঃ খর-ত্রিশির-দূষণ-মুখ্যাঃ বন্ধবঃ যেষু তান্ চতুর্দ্দশসহস্র রাক্ষসান্ জঘ্নে জঘান। সঃ অপারণীয়ম্ অসহং কোদণ্ডং ধনুঃ পাণৌ যস্য সঃ রামঃ অটমানঃ ইতস্ততঃ বনে সঞ্চরন্ জনশিক্ষার্থং কৃচ্ছ্রং কষ্টং যথা ভবতি তথা উবাস ॥৯

যিনি পাপমতি শূর্পণখার রূপ বিকৃত করিয়া নিজ হস্তে অসহনীয় ধনুর্ধারণপূর্বক তাহারই আত্মীয় খরদূষণ প্রভৃতি চতুর্দশসহস্র রাক্ষস বধ করিয়াছিলেন এবং বনমধ্যে ভ্রমণরত হইয়া কষ্টে বাস করিয়াছিলেন, সেই কোশলরাজ শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন।৯

হে মহারাজ! সীতাদেবীর সৌন্দর্য্যাদির কথা শ্রবণ করিয়া কামাতুর রাবণ সীতাহরণের অভিপ্রায়ে শ্রীরামচন্দ্রকে পূর্বে আশ্রম হইতে দূরে লইয়া গিয়াছিল। অনন্তর ভগবান্ রুদ্র যেরূপ দক্ষকে বধ করিয়াছিলেন, সেরূপ শ্রীরামচন্দ্রও তীক্ষ্ণ বাণদ্বারা সত্বর মারীচকে নিহত করিয়াছিলেন।১০

রক্ষোঽধমেন রুকবদ্‌বিপিনেঽসমক্ষং
বৈদেহরাজদুহিতর্য্যপযাপিতায়াম্ ।
ভ্রাত্রা বনে কৃপণবৎ প্রিয়য়া বিযুক্তঃ
স্ত্রীসঙ্গিনাং গতিমিতি প্রথয়ংশ্চচার ॥১১

ব্রহ্মাত্মকৃত্যহতকৃত্যমহন্ কবন্ধং
সখ্যং বিধায় কপিভির্দয়িতাগতিং তৈঃ ।
বুদ্ধ্বাথ বালিনি হতে প্লবগেন্দ্র সৈন্যৈ-
র্বেলামগাৎ স মনুজোঽজভবার্চ্চিতাঙ্ঘ্রিঃ ॥১২

যদ্‌রোষবিভ্রমবিবৃত্তকটাক্ষপাত-
সম্ভ্রান্তনক্রমকরো ভয়গীর্ণঘোষঃ ।
সিন্ধুঃ শিরস্যর্হণং পরিগৃহ্য রূপী
পাদারবিন্দমুপগম্য বভাষ এতৎ ॥১৩

যে নৃপতে ! ততঃ চ শূর্পণখামুখাৎ সীতায়াঃ কথা-প্রবণেন দীপিতঃ প্রজ্বলিতঃ কামঃ যস্য তেন দশকন্ধরেণ রাবণেন সীতাং জিহৃক্ষুণা স্বয়ং তত্র গন্তুং ভীতেন স্বীয়ং প্রেষিতং মারীচং বিশেষেণ অদ্ভুত-বর্ণময়ং এনং হরিণং ইব বপুঃ যস্য তেন সীতায়াঃ ক্রীড়ার্থম্ অপেক্ষিতেন মারীচেন আশ্রবতঃ অপসৃতঃ সন্ বিষিদ্ধেন বাণেন তং মারীচং, কং ন্যক্কং যথা ভবতি তথা শ্রীরঙ্গঃ বীরভদ্রঃ জঘান, তথা আর্য্যং হতবান্ ॥১০

বিপিনে রক্ষকহীনং বেশং যথা রুকঃ হরতি, তদ্বৎ যঙ্কোঽধমেন রাবণেন অসমক্ষং পরোক্ষতঃ এব বৈদেহ-রাজ-দুহিতরি সীতায়াম্ অপযাপিতায়াম্ অপহৃত্য লঙ্কায়াং প্রতি প্রাপিতায়াং সত্যাং তয়া প্রিয়য়া ভার্য্যয়া বিযুক্তঃ ভ্রাত্রা লক্ষ্মণেন সহ স্ত্রীসঙ্গিনাং দুঃখোদর্কাং গতিং প্রথয়ন্ প্রখ্যাপয়ন্ কৃপণবৎ দুঃখিতবৎ বনে চচার ॥১১

অজভবার্চ্চিতাঙ্ঘ্রিঃ (অজ-ভবাভ্যাং ব্রহ্ম-রুদ্রাভ্যাম্ অর্চ্চিতৌ অঙ্ঘ্রী যস্য সঃ) মনুজঃ মনুষ্যশীলঃ সঃ শ্রীরামঃ আত্মকৃত্যহতকৃত্যং আত্মনঃ যস্য কৃত্যং প্রয়োজনং সীতানি-র্শোচনরূপং তদর্থং রাবণেন সহ যুদ্ধে হতং কৃত্যং পৌরুষং যস্য তং গৃধ্রং জটায়ুষং দগ্ধ্বা পারলৌকিকীং ক্রিয়াদিক্রিয়াং কৃত্বা কবন্ধং সংগ্রহণায় প্রেরিতবান্তং রাক্ষসম্ অহন্ । ততঃ কপিভিঃ সহ সখ্যং বিধায় অথ বালিনি হতে তৈঃ কপিভিঃ দয়িতায়াঃ সীতায়াঃ গতিং বুদ্ধা সঃ শ্রীরামঃ প্লবগেন্দ্রাণাং বানর-শ্রেষ্ঠানাং সৈন্যৈঃ সহ বেলাং সমুদ্রস্য তীরম্ অগাৎ ॥১২

অনন্তর রাক্ষসাধম রাবণ রামচন্দ্রের অনুপস্থিতি-কালে বনমধ্যে বৃকের (নেকড়ে বাঘের) ন্যায় জনকনন্দিনীকে অপহরণ করিলে, প্রিয়তমার বিচ্ছেদ-যুক্ত হইয়া শ্রীরামচন্দ্র লোকমধ্যে স্ত্রীসঙ্গিগণের এজাতীয় দুর্গতি প্রচারের জন্যই স্বয়ং ভ্রাতা লক্ষ্মণের সহিত দীনের ন্যায় বনমধ্যে ভ্রমণ করিতেছিলেন ।১১

ব্রহ্মা ও শঙ্কর যাঁহার চরণ পূজা করেন, সেই মানবাকার ভগবান্ শ্রীরামচন্দ্র, সীতাকে উদ্ধার করিতে যাইয়া রাবণের হস্তে নিহত ও শাস্ত্রবিধানে অকৃতদাহ জটায়ু পক্ষীকে যথোচিত দাহ করিয়া, কবন্ধের নিধনপূর্বক বানরগণের সহিত মিত্রতা করিয়া বালীকে সংহার করেন এবং তাহার পর বানরগণের সাহায্যে প্রিয়তমা সীতাদেবীর লঙ্কায় অবস্থানের কথা জানিতে পারিয়া বানর সৈন্যগণের সহিত সমুদ্রতীরে গমন করিয়াছিলেন ।১২

(সমুদ্রতীরে ত্রিরাত্র উপবাসী থাকিয়া সমুদ্রের সাক্ষাৎকারের অপেক্ষা করিলেও সমুদ্র উপস্থিত না হওয়ায়) শ্রীরামচন্দ্র ক্রোধলীলার অভিনয় করিয়া বিস্তৃত কটাক্ষপাত করিলে সমুদ্রমধ্যগত কুম্ভীর ও মকরগণ বিচলিত হইতেছিল এবং ভয়ে সমুদ্রেরও গর্জ্জন স্তব্ধ হইয়াছিল। তখন সমুদ্র মূর্তিমান্ হইয়া মস্তকে পূজার উপহার লইয়া নিকটে আসিয়া তাঁহার পাদপদ্মযুগলে প্রণামপূর্বক এরূপ বলিয়াছিল ।১৩

ন ত্বাং বয়ং জড়ধিয়ো নু বিদাম ভূমন্
কূটস্থমাদিপুরুষং জগতামধীশম্।
যৎ সত্ত্বতঃ সুরগণা রজসঃ প্রজেশা
মন্যোশ্চ ভূতপতয়ঃ স ভবান্ গুণেশঃ ॥১৪

কামং প্রযাহি জহি বিশ্রবসোঽবমেহং
ত্রৈলোক্যরাবণমবাপ্নুহি বীর পত্নীম্।
বধ্নীহি সেতুমিহ তে যশসো বিতত্যৈ
গায়ন্তি দিগ্বিজয়িনো যমুপেত্য ভূপাঃ ॥১৫

(তত্র ত্রিরাত্রম্ উপবাসপূর্ব্বকং প্রতীক্ষিতঃ অপি সিন্ধুঃ যদা আত্মানম্ অবজ্ঞায় রোষন্বিতঃ,) তদা তস্য রোষ-বিস্ফুরণেন ক্ষোভোদ্গীর্ণয়া বিদ্রুতঃ যঃ কটাক্ষঃ তস্য পাতেন সন্ত্রাস্তাঃ নক্রাঃ মকরাঃ চ যস্মিন্ সঃ অতঃ ভয়সীর্ণঘোষঃ (ভয়েন সীর্ণঃ ত্রস্তিতঃ ঘোষঃ যেন সঃ) সিন্ধুঃ রূপী মূর্ত্তিমান্ সন্ অর্হণম্ অর্ঘ্যাদিপূজোপহারং গৃহীত্বা পরিগৃহ্য বিধায় তৎ-পাদারবিন্দম্ উপসৃত্য শরণম্ আপদ্য এতৎ বক্ষ্যমাণং বভাষে ॥১৩

হে ভূমন্। জড়া মোহিতা ধীঃ যেষাং তে বয়ম্ এতাবৎ-কালপর্য্যন্তং জগতাম্ অধীশং নিরন্তরম্ আদিপুরুষং সর্ব্বকারণং কূটস্থং নির্ব্বিকারং ত্বাং ন অনুবিদাম। যৎ যস্ত তব সত্ত্বতঃ সত্ত্বগুণাৎ সুরগণাঃ জাতাঃ; রজসঃ গুণাৎ প্রজেশাঃ প্রজাপতয়ঃ জাতাঃ; মন্যোঃ তমোগুণাৎ ভূতপতয়ঃ রুদ্রাদয়ঃ

বব্ধোদধৌ রঘুপতির্বিবিধাদ্রিকূটৈঃ
সেতুং কপীন্দ্রকরকম্পিতভূরুহাঙ্গৈঃ।
সুগ্রীবনীল-হনুমৎপ্রমুখৈরনীকৈ-
র্লঙ্কাং বিভীষণদৃশাবিশদগ্রদগ্ধাম্ ॥১৬

স বানরেন্দ্রবলরুদ্ধবিহারকোষ্ঠ
শ্রীদ্বারগোপুরসদোবলভীবিটঙ্কাঃ।
নির্ভজ্যমানধিষণধ্বজহেমকুম্ভ-
শৃঙ্গাটকা গজকুলৈর্ব্যদিনীব ঘূর্ণা ॥১৭

জাতাঃ, সঃ গুণেশঃ সত্ত্বাদিগুণানাম্ ঈশঃ নিয়ন্তা ভবান্ এব ॥১৪

হে বীর! কামং যথেষ্টং জলম্ আক্রম্য অপি প্রযাহি গচ্ছ। বিশ্রবসঃ প্রজাপতেঃ অবমেহং পুরীষতুল্যং ত্রৈলোক্যে রাবয়তি আক্রন্দয়তি ইতি তথা তং দশকন্ধরং জহি। পত্নীং সীতাম্ অবাপ্নুহি। হে দেব! তে তব যশসঃ বিততৈ্য বিস্তারায় ইহ জলে সেতুং বধ্নীহি। যং সেতুম্ উপেত্য দিগ্-বিজয়িনঃ ভূপাঃ তব যশঃ গায়ন্তি গাস্যন্তি ॥১৫

কপীন্দ্রাণাং করৈঃ কম্পিতানি ভূরুহাণাম্ অঙ্গানি শাখাদীনি যেষু তৈঃ বিবিধাদ্রীণাং কূটৈঃ শিখরৈঃ উদধৌ সেতুং বদ্ধা রঘুপতিঃ শ্রীরামঃ সুগ্রীবাদয়ঃ প্রমুখাঃ মুখ্যাঃ যেষু তৈঃ অনীকৈঃ সৈন্যৈঃ সহ অগ্রে নৌকাবেষণ-সময়ে হনুমতা এব দগ্ধাং লঙ্কাং বিভীষণদৃশং তং প্রদর্শিত-মার্গেণ আবিশৎ প্রবিবেশ ॥১৬

হে ভূমন্! যাঁহার সত্ত্বগুণ হইতে দেবগণ, রজোগুণ হইতে প্রজাপতিগণ এবং তমোগুণ হইতে ভূতপতিগণ উৎপন্ন হইয়াছেন, আপনি গুণসমূহের সেই অধীশ্বর। আমরা জড়বুদ্ধিগণ জগতের অধিপতি, নির্বিকার ও আদিপুরুষস্বরূপ আপনাকে অবগত নহি ।১৪

হে বীর! আপনি স্বচ্ছন্দে যাত্রা করুন, বিশ্রবামুনির পুরীষতুল্য ও ত্রিলোকের পীড়াদায়ক রাবণকে সংহার করিয়া নিজ পত্নীকে লাভ করুন, (যদিও আমার জল আপনার যাত্রায় বাধা সৃষ্টি করিতে সমর্থ নহে, তথাপি) জগতে কীর্ত্তিবিস্তারের জন্য আমার জলের উপর সেতু রচনা করুন, ভবিষ্যতে দিগ্‌বিজয়ী নরপতিগণ যে সেতুর নিকটে আসিয়া আপনার যশোগান করিবেন ।১৫

অনন্তর শ্রীরামচন্দ্র বিবিধ পর্ব্বতশৃঙ্গরাজি দ্বারা সমুদ্রের উপর সেতু রচনা করিয়াছিলেন—ঐ সকল পর্ব্বতশৃঙ্গস্থিত বৃক্ষসমূহের শাখাপ্রভৃতি অবয়বসমূহ বানর বীরগণের হস্তদ্বারা কম্পিত হইতেছিল। ইহার পর তিনি সুগ্রীব, নীল ও হনুমান্ প্রভৃতি সৈন্যগণের সহিত, বিভীষণের বুদ্ধি অনুসারে লঙ্কায় প্রবেশ করিলেন—যে লঙ্কা হনুমৎকর্ত্তৃক পূর্ব্বেই দগ্ধ হইয়াছিল ।১৬

হস্তিযূথদ্বারা নদীর যেরূপ আলোড়ন সৃষ্টি হয়, তৎকালে শ্রীরামচন্দ্রের প্রবেশহেতু লঙ্কারও সেরূপ

রক্ষ:পতিস্তদবলোক্য নিকুম্ভকুম্ভ-
ধূম্রাক্ষদুর্ম্মুখসুরান্তনরান্তকাদীন্।
পুত্রং প্রহস্তমতিকায়বিকম্পনাদীন্
সর্ব্বানুগান্ সমহিনোদথ কুম্ভকর্ণম্ ॥১৮
তাং যাতুধানপৃতনামসিশূলচাপ-
প্রাসর্ষ্টিশক্তিশর-তোমর-খড়্গদুর্গাম্।
সুগ্রীবলক্ষ্মণ-মরুৎসুতগন্ধমাদ-
নীলাঙ্গদর্ক্ষপনসাদিভিরন্বিতোঽগাৎ ॥১৯

তেঽনীকপা রঘুপতেরভিপত্য সর্ব্বে
দ্বন্দ্বং বরূথমিভপত্তিরথাশ্বযোধৈঃ।
জম্বূর্ক্ষমৈগিরিগদেষুভিরঙ্গদাদ্যাঃ
সীতাভিমর্ষহতমঙ্গলরাবণেশান্ ॥২০
রক্ষ:পতিঃ স্ববলনষ্টিমবেক্ষ্য রুষ্ট
আরুহ্য যানকমথাভিসসার রামম্।
স্য:স্যন্দনে দ্যুমতি মাতলিনোপনীতে
বিভ্রাজমানমহরিশ্বিতৈঃ ক্ষুরপ্রৈঃ ॥২১

(সসৈন্যেন শ্রীরামচন্দ্রেণ প্রবিষ্টা) সা লঙ্কা যানযোধাগারং ধনৈঃ সৈন্যৈঃ সম্ভাঃ বিহারঃ ক্রীড়াস্থানং সৌধং ধান্যাগারাদি, শ্রীঃ কোষঃ, দ্বারং গোপুরং পুরদ্বারং, সদঃ সভাঃ, বলভী প্রাসাদাদি-পুরোভাগাচ্ছাদনী, বিটঙ্কাঃ কপোত-পালিকাশ্রয়ঃ বস্ত্রাংসাঃ তথা নির্ভজ্যমানাঃ বিবরাদয়ঃ (বিবরং বেদিকাদি, শূন্যাটকঃ চতুষ্পথঃ) যস্যাং সা লঙ্কা গজকুলৈঃ হ্রদিনীব ঘূর্ণা বিলোড়িতা ব্যাকুলা জাতা ॥১৭

রক্ষ:পতিঃ রাবণঃ তৎ যানৈঃ সভাবিনাশম্ অবলোক্য নিকুম্ভ-কুম্ভ- ধূম্রাক্ষ-দুর্ম্মুখ-সুরান্ত-নরান্তকাদীন্ পুত্রম্ ইন্দ্রজিতং তথা প্রহস্তম্, অতিকায়-বিকম্পনাদীন্ সর্ব্বান্ অনুগান্ কুম্ভ্যান্ সমহিনোৎ প্রাযুঙ্ক্ত। অথ জেতুং নরযানস্থং কুম্ভকর্ণং চ

সমহিনোৎ ॥১৮

তাম্ অসিশূল-চাপ-প্রাসর্ষ্টি-শক্তি-শর-তোমর-খড়্গৈঃ দুর্গাং যাতুধানানাং পৃতনাং সেনাং সুগ্রীব-লক্ষ্মণ-মরুৎসুত-গন্ধমাদন-নীলাঙ্গদর্ক্ষ-পনসাদিভিঃ অন্বিতঃ শ্রীরামঃ অভ্যাগাৎ ॥১৯

তে সর্ব্বে রঘুপতেঃ অনীকপাঃ সেনাপতয়ঃ অঙ্গদাদ্যাঃ, ইত্যাদিভিঃ যৎ বরূথং রাবণসৈন্যং তৎ দ্বন্দ্বং যথা ভবতি তথা অভিপত্য সংগত্য সীতায়াঃ যঃ অভিমর্ষঃ স্পর্শঃ তেন হতং মঙ্গলং যস্য সঃ রাবণঃ ঈশঃ যেষাং তান্ রাক্ষসান্ দ্রুমৈঃ গিরিভিঃ গদাভিঃ ইষুভিঃ চ অন্বয়ঃ ॥২০

আলোড়ন সৃষ্টি হইয়াছিল। কারণ—তৎকালে বানররাজগণের সৈন্যগণ লঙ্কাপুরীর ক্রীড়াক্ষেত্র, ধান্যাগার প্রভৃতি ভাণ্ডারসমূহ, কোষ, গৃহাদির দ্বার, পুরদ্বার, সভাগৃহ, প্রাসাদের উপরিস্থিত আচ্ছাদন ভাগ (ছাদ) ও কপোতসমূহের আশ্রয়স্থান সকল অবরুদ্ধ করিয়াছিল এবং বেদীপ্রভৃতিক্ষেত্র, পতাকা, স্বর্ণকুম্ভ ও চতুষ্পথসমূহ তাহাদের দ্বারা বিধ্বস্ত হইয়াছিল ।১৭

রাক্ষসরাজ রাবণ উহা লক্ষ্য করিয়া, নিকুম্ভ, কুম্ভ, ধূম্রলোচন, দুর্ম্মুখ, সুরান্তক, নরান্তক প্রভৃতি বীরগণ এবং ইন্দ্রজিৎ, প্রহস্ত, অতিকায় ও বিকম্পন প্রভৃতি সকল অনুচরগণকে ও পশ্চাৎ কুম্ভকর্ণকে যুদ্ধার্থে প্রেরণ করিয়াছিল ।১৮

অনন্তর শ্রীরামচন্দ্র সুগ্রীব, লক্ষ্মণ, হনুমান্, গন্ধমাদন, নীল, অঙ্গদ, জাম্ববান্ ও পনসপ্রভৃতির সহিত মিলিত হইয়া—অসি, শূল, ধনুঃ, প্রাস, ঋষ্টি, শক্তি, বাণ, তোমর ও খড়্গধারী দুর্দ্ধর্ষ শত্রুসৈন্যের নিকট গমন করিয়াছিলেন ।১৯

অনন্তর শ্রীরামচন্দ্রের সেনাধ্যক্ষ অঙ্গদ প্রভৃতি বীরগণ দ্বন্দ্বযুদ্ধের জন্য হস্তী, পদাতিক, রথ ও অশ্বসমন্বিত চতুরঙ্গ শত্রুসৈন্যগণের মধ্যে পতিত হইয়া, সীতাদেবীর দেহস্পর্শহেতু ক্ষীণমঙ্গল রাবণের অধীন সেই রাক্ষসগণকে বৃক্ষ, পর্ব্বত, গদা ও বাণদ্বারা নিহত করিয়াছিল ।২০

এ সময়ে রাক্ষসরাজ রাবণ নিজ সৈন্যগণের বিনাশ দর্শনে ক্রুদ্ধ হইয়া নিজ রথে আরোহণপূর্ব্বক শ্রীরামচন্দ্রের অভিমুখে অগ্রসর হইল এবং শ্রীরামচন্দ্র মাতলিকর্ত্তৃক আনীত উত্তমরথে বিরাজ করিলে সে

রামস্তমাহ পুরুষাদপুরীষ যন্নঃ
কান্তাধমক্ষমসতাপহৃতা স্বয়ং তে।
ত্যক্তত্রপস্য ফলমদ্য সুগুপ্সিতস্য
গচ্ছামি কাল ইব কর্তুরলঙ্ঘ্যবীর্য্যঃ ॥২২

এবং ক্ষিপন্ ধনুষি সন্ধিতমুৎসসর্জ্জ
বাণং স বজ্রমিব তদ্ধৃদয়ং বিভেদ।
সোঽসৃগ্ বমন্ দশমুখৈর্ন্যপতদ্ বিমানা-
দ্ধাহেতি জল্পতি জনে সুকৃতীব রিক্তঃ ॥২৩

ততো নিষ্ক্রম্য লঙ্কায়া যাতুধান্যঃ সহস্রশঃ।
মন্দোদর্য্যা সমং তত্র প্ররুদন্ত্য উপাদ্রবন্ ॥২৪

স্বান্ স্বান্ বন্ধূন্ পরিষ্বজ্য লক্ষ্মণেষুভিরর্দ্দিতান্।
রুরুদুঃ সুস্বরং দীনা ঘ্নন্ত্য আত্মানমাত্মনা ॥২৫

হা হতাঃ স্ম বয়ং নাথ লোকরাবণ রাবণ।
কং যাচ্ঞাচ্ছরণং লঙ্কা ত্বদ্বিহীনা পরার্দ্দিতা ॥২৬

স্বয়ননষ্টান্ (স্বয়মস্ত নষ্টং নাশম্) আবেক্ষ্য) কষ্টঃ রক্ষঃপতিঃ রাবণঃ যানকং পুষ্পকাখ্যং বিমানম্ আরুহ্য রামম্ অভিসসার যোদ্ধুম্ আজগাম. তথা ব্যাত্তলিনা ইন্দ্রসারথিনা উপনীতে গ্রামণি দীপ্তিমতে স্বঃস্যন্দনে ইন্দ্ররথে বিরাজমানং শ্রীরামং ক্রূরৈঃ ক্রূরগাত্রুল্যাস্যৈঃ নিশিতৈঃ শরৈঃ অহনৎ অহন্ ॥২১

তম্ এবং তাড়য়ন্তং রাবণং শ্রীরামঃ আহ; যথা—হে পুরুষাদপুরীষ। পুরুষাদাঃ রাক্ষসাঃ তেষাং পুরীষতুল্য! নঃ অস্মাকম্ অনমক্ষং বা কুরুঃ যথা তথা অসতা ছলেনৈব ত্বয়া যৎ কান্তা হৃতা তত্ত সুগুপ্সিতস্য কর্মণঃ ফলম্ অদ্যৈব ত্যক্তত্রপস্য নির্লজ্জস্য কর্তুঃ তব অলঙ্ঘ্যবীর্য্যঃ কালঃ ইব অহং গচ্ছামি দদামি ॥২২

এবম্ অধিক্ষিপন্ ধনুষি সন্ধিতং বাণম্ উৎসসর্জ্জ প্রাহু-ঙ্কৃত. সঃ বাণঃ বজ্রমিব তস্য রাবণস্য হৃদয়ং বিভেদ। ততঃ সঃ রাবণঃ সুকৃতী যথা রিক্তঃ ক্ষীণপুণ্যঃ সন্ স্বর্লোকাৎ পতন্তি তথা দশভিঃ মুখৈঃ অসৃক্ বমন্ তত্রস্তে জনে হাহেতি জল্পতি সতি বিমানাৎ পুষ্পকাৎ অপতৎ ॥২৩

অতঃ অনন্তরং মন্দোদর্য্যা রাবণ-ভার্য্যয়া সমং সহ প্রক-রন্ত্যঃ সহস্রশঃ যাতুধান্যঃ লঙ্কায়াঃ নিষ্ক্রম্য যত্র রাবণঃ পতিতঃ, তত্র উপাদ্রবন্ আজগ্মুঃ ॥২৪

তত্র লক্ষ্মণস্য ইষুভিঃ অর্দ্দিতান্ হতান্ স্বান্ স্বান্ বন্ধূন্ নৃপতীন্ পরিষ্বজ্য আত্মনা স্বেনৈব আত্মানং দেহং ঘ্নন্ত্যঃ দীনাঃ দুঃখিতাঃ যথা তথা রুরুদুঃ ॥২৫

তীক্ষ্ণ ক্ষুরপ্র অস্ত্রসমূহদ্বারা আঘাত করিয়াছিল।২১

তৎকালে শ্রীরামচন্দ্র রাবণকে বলিলেন—হে রাবণ। তুমি রাক্ষসগণের মধ্যে বিষ্ঠাতুল্য। তুমি আমার অগোচরে যেহেতু কুকুরের ন্যায় আমার ভার্য্যাকে হরণ করিয়াছ, সেইহেতু অলঙ্ঘ্যপ্রভাব কাল যেরূপ অধর্মকারী ব্যক্তিকে যথোচিত ফলদান করেন, সেরূপ আমিও অদ্য লজ্জাশূন্য তোমার নিষিদ্ধ কর্মের সমুচিত ফল দান করিব।২২

শ্রীরামচন্দ্র রাবণকে এরূপ ভর্ৎসনা করিয়া ধনুকে বাণ যোজনাপূর্বক তাহার দিকে নিক্ষেপ করিলেন এবং ঐ বাণ বজ্রের ন্যায় তাহার হৃদয় ভেদ করিয়াছিল। অনন্তর পুণ্যক্ষয় হইলে সুকৃতী ব্যক্তি যেরূপ অধোলোকে পতিত হয়, রাবণও সেরূপ দশমুখে রক্ত বমন করিতে করিতে পুষ্পকরথ হইতে ভূপতিত হইল। তৎকালে রাক্ষসগণ সকলে হাহাকার করিতেছিল।২৩

রাবণের মৃত্যুর পর মন্দোদরীর সহিত সহস্র সহস্র রাক্ষসী লঙ্কা হইতে বাহির হইয়া রোদন করিতে করিতে সত্বর সেখানে উপস্থিত হইয়াছিল।২৪

তৎকালে তাহারা লক্ষ্মণের বাণদ্বারা নিহত নিজ নিজ বন্ধুগণকে আলিঙ্গন করিয়া হস্তদ্বারা বক্ষঃ প্রভৃতি স্থানে আঘাত করিতে করিতে কাতরভাবে করুণস্বরে ক্রন্দন করিয়াছিল।২৫

(তাহারা বলিতে লাগিল) হে নাথ। হে লোকভয়ঙ্কর রাবণ। আমরা হত হইলাম, তোমার অভাবে শত্রুপীড়িতা এই লঙ্কাপুরী কাহাকে আশ্রয়

ন বৈ বেদ মহাভাগ ভবান্ কামবশং গতঃ।
তেজোঽনুভাবং সীতায়া যেন নীতো দশামিমাম্ ॥২৭
কৃত্বৈধা বিধবা লঙ্কা বয়ঞ্চ কুলনন্দন।
দেহঃ কৃতোঽঞ্জঃ গৃধ্রাণামাত্মা নরকহেতবে ॥২৮

শ্রীশুক উবাচ।

স্বানাং বিভীষণশ্চক্রে কোশলেন্দ্রানুমোদিতঃ।
পিতৃমেধবিধানেন যদ্যুক্তং সাম্পরায়িকম্ ॥২৯

হে লোকরাবণ (লোকান্ জনান্ রাবয়তীতি) নাথ রাবণ। বয়ং লঙ্কাবাসিনঃ সর্ব্বে হতাঃ স্ম। যতঃ পরৈঃ শত্রুভিঃ অক্ষিতা পীড়িতা যদ্বিহীনা ত্বয়া রহিতা লঙ্কা লঙ্কাস্থঃ জনঃ বং শরণং যায়াৎ ॥২৬

হে মহাভাগ! কামবশং গতঃ ভবান্ সীতায়াঃ তেজসঃ প্রভাবং নৈব বৈ বেদ ন জানবান্। যেন ইমাং দশাং মরণাবস্থাং নীতঃ প্রাপ্তোঽসি ॥২৭

হে কুলনন্দন! বয়ম্ এবা লঙ্কা চ ত্বয়া সীতাপহরণ-পূর্ব্বক-প্রাণ-ত্যাগেন বিধবা কৃতা তথা বদেহঃ গৃধ্রাণাম্ অন্নং ভক্ষ্যঃ কৃতঃ, তথা আত্মা জীবশ্চ নরকহেতবে নরক-ভোগায় কৃতঃ ॥২৮

শ্রীশুকঃ উবাচ। ততঃ চ কোশলেন্দ্রেণ শ্রীরামেণ অনু-

করিবে ॥২৬

হে মহাভাগ! তুমি কামপরবশ হইয়া সীতার তেজঃপ্রভাব জানিতে পার নাই—যে তেজের প্রভাবে সম্প্রতি এই মৃত্যুদশায় উপনীত হইয়াছ ॥২৭

হে কুলনন্দন! তুমি এই লঙ্কাসহ আমাদিগকে বিধবা, নিজ দেহকে গৃধ্রগণের ভক্ষ্য এবং আত্মাকে নরকগামী করিয়াছ ॥২৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর বিভীষণ শ্রীরামচন্দ্রের অনুমোদনানুসারে মৃত জ্ঞাতিগণের সম্বন্ধে পারলৌকিক বিধানবর্ণিত ঔর্দ্ধ-দেহিক কার্য্য সম্পাদন করিয়াছিলেন ॥২৯

ততো দদর্শ ভগবানশোকবনিকাশ্রমে।
ক্ষামাং স্ববিরহব্যাধিং শিংশপামূলমাশ্রিতাম্ ॥৩০
রামঃ প্রিয়তমাং ভার্য্যাং দীনাং বীক্ষ্যাত্মকন্দত।
আত্মসন্দর্শনাহ্লাদ-বিকসন্মুখপঙ্কজাম্ ॥৩১
আরোপ্যারুরুহে যানং ভ্রাতৃভ্যাং হনুমদ্যুতঃ।
বিভীষণায় ভগবান্ দত্ত্বা রক্ষোগণেশতাম্।
লঙ্কামায়ুশ্চ কল্পান্তং যযৌ চীর্ণব্রতঃ পুরীম্ ॥৩২

মোদিতঃ আজ্ঞপ্তঃ বিভীষণঃ স্বানাং মৃতানাং রাবণাদীনাং পিতৃমেধ-বিধানেন যৎ সাম্পরায়িকম্ ঔর্দ্ধদেহিকং কর্ম্ম তৎকং তৎ চক্রে ॥২৯

ততঃ তদনন্তরং ভগবান্ শ্রীরামঃ অশোকবনে যঃ আশ্রমঃ তস্মিন্ শিংশপাবৃক্ষস্য মূলম্ আশ্রিতাং স্বস্য বিরহেণ বিয়োগেন ব্যাধিঃ যস্যাঃ তাম্ অতএব ক্ষামাং কৃশাং সীতাং দদর্শ ॥৩০

রামঃ (পরমাত্মন) দীনাম্ আত্মনঃ যস্য সন্দর্শনেন যঃ আহ্লাদঃ তেন বিকসৎ মুখং পঙ্কজম্ ইব যস্যাঃ তাং প্রিয়তমাং ভার্য্যাং সীতাং বীক্ষ্য অবকম্পত কৃপাং কৃতবান্ ॥৩১

ততঃ চ তাং সীতাং যানং পুষ্পকম্ আরোপ্য ভ্রাতৃভ্যাং লক্ষ্মণ-সুগ্রীবাভ্যাং সহ হনুমতা চ যুক্তঃ স্বয়ং স্বয়ম্ আরুরুহে। ততঃ চ রক্ষোগণেশতাম্, আকল্পান্তম্ আয়ুঃ, লঙ্কাং চ বিভী-

সীতাদেবীকে দর্শন করিলেন ॥৩০

তৎকালে শ্রীরামচন্দ্রের দর্শনজনিত আনন্দে সীতাদেবীর মুখপদ্ম উৎফুল্ল হইলে ভগবান্ শ্রীরামচন্দ্র দৈন্যগ্রস্তা প্রিয়তমা ভার্য্যাকে দেখিয়া তাঁহার প্রতি কৃপা প্রকাশ করিলেন ॥৩১

অনন্তর ভগবান্ শ্রীরামচন্দ্র বিভীষণকে রাক্ষস-গণের আধিপত্য, লঙ্কাপুরী এবং কল্পকাল পর্য্যন্ত স্থায়ী আয়ুঃ প্রদানপূর্ব্বক সীতাকে রথে আরোহণ করাইয়া হনুমান্, লক্ষ্মণ ও সুগ্রীবের সহিত স্বয়ং পুষ্পক রথে আরোহণ করিলেন এবং নিজ বনবাস ব্রত সমাপ্ত হওয়ায় অযোধ্যাভিমুখে যাত্রা করিয়া-ছিলেন (তৎকালে বিভীষণও তাঁহার সহযাত্রী হইয়াছিলেন) ॥৩২

অবকীর্য্যমাণঃ কুসুমৈর্লোকপালার্পিতৈঃ পথি।
উপগীয়মানচরিতঃ শতধৃত্যাদিভির্মুদা ॥৩৩
গোমূত্রযাবকং প্রাশ্য ভ্রাতরং বল্কলাম্বরম্।
মহাকারুণিকোঽতপ্যজ্জটিলং স্থণ্ডিলেশয়ম্ ॥৩৪
ভরতঃ প্রাপ্তমাকর্ণ্য পৌরামাত্যপুরোহিতৈঃ।
পাদুকে শিরসি ন্যস্য রামং প্রত্যুদ্যযৌঽগ্রজম্ ॥৩৫
নন্দিগ্রামাৎ স্বশিবিরাৎ গীতবাদিত্রনিস্বনৈঃ।
ব্রহ্মঘোষেণ চ মুহুঃ পঠদ্ভির্ব্রহ্মবাদিভিঃ ॥৩৬

স্বর্ণকক্ষপতাকাভির্হৈমৈশ্চিত্রধ্বজৈ রথৈঃ।
সদশ্বৈরুত্তমগুণৈর্ভটৈঃ পুরটবর্ম্মভিঃ ॥৩৭
শ্রেণীভির্বারমুখ্যাভির্ভৃত্যৈশ্চৈব পদানুগৈঃ।
পারমেষ্ঠ্যানুপাদায় পণ্যান্যুচ্চাবচানি চ।
পদয়োর্ন্যপতৎ প্রেম্না বিক্লিন্নহৃদয়েক্ষণঃ ॥ ৩৮
পাদুকে ন্যস্য পুরতঃ প্রাঞ্জলির্বাষ্পলোচনঃ।
তমাশ্লিষ্য চিরং দোর্ভ্যাং স্নাপয়ন্নেত্রজৈর্জলৈঃ ॥৩৯
রামো লক্ষ্মণ-সীতাভ্যাং বিপ্রেভ্যো যে অর্হত্তমাঃ।
তেভ্যঃ স্বয়ং নমশ্চক্রে প্রজাভিশ্চ নমস্কৃতঃ ॥৪০

ন্যায় ধৃত্বা চীর্ণম্ অস্থিচর্ম ব্রতং পিতুরাদেশরূপং যেন সঃ ভগবান্ রামঃ পুরীম্ অযোধ্যাং যযৌ প্রস্থায়। পথি লোকপালৈঃ ইন্দ্রাদিভিঃ অর্পিতৈঃ কুসুমৈঃ অবকীর্য্যমাণঃ আচ্ছাদ্যমানঃ তথা শতধৃত্যাদিভিঃ ব্রহ্মাদিভিঃ মুদা হর্ষেণ উপগীয়মানঃ চরিতং যস্য তথাভূতঃ রামঃ যযৌ। গোমূত্রযাবকং গোমূত্র-পক্ক-যবান্নভোজিনং, বল্কলম্ এব অম্বরং যস্য তং, জটিলং জটাধরং, তথা স্থণ্ডিলে ভূমৌ শয়ানার্থে ভূতলে কৃশপ্রদেশে শেতে ইতি তথাভূতং ভ্রাতরং ভরতং দৃষ্ট্বা মহাকারুণিকঃ রামঃ অতপ্যৎ পরিতস্তাপ। ভরতঃ অগ্রজং জ্যেষ্ঠং ভ্রাতরং শ্রীরামং প্রাপ্তং পুরীম্ আগচ্ছন্তম্ আকর্ণ্য শ্রুত্বা, তস্য পাদুকে শিরসি নিধায় পৌরামাত্যপুরোহিতৈঃ সহিতৈঃ গীতবাদিত্র-নিস্বনৈঃ স্বশি-

বিরাৎ প্রত্যুদ্যযৌ অভিমুখং যযৌ।

ব্রহ্ম বেদং ঘোষেণ উচ্চৈঃ স্বরেণ মুহুঃ পঠদ্ভিঃ ব্রহ্মবাদিভিঃ স্বর্ণখচিতাঃ কক্ষাঃ প্রান্তাঃ যাসাং তাভিঃ পতাকাভিঃ, হৈমৈঃ স্বর্ণ-খচিতৈঃ চিত্রাঃ ধ্বজাঃ যেষু তৈঃ, সন্তঃ অশ্বাঃ যেষু তৈঃ কক্ষনির্মিতাঃ সন্নাহাঃ যেষু তৈঃ রথৈঃ পুরটবর্ম্মভিঃ স্বর্ণ-কবচ-ধারিভিঃ ভটৈঃ সহ শ্রেণীভিঃ ভানুলিকাদিভিঃ বারমুখ্যাভিঃ বেশ্যাভিঃ পদানুগৈঃ পাদচারিভিঃ ভৃত্যৈঃ চ সহ পারমেষ্ঠ্যানি মহারাজার্হাণি ছত্র-চামরাদীনি উচ্চাবচানি পণ্যানি উপাদায় প্রেম্ণা প্রক্লিন্নম্ আর্দ্রীভূতং হৃদয়ম্ ঈক্ষণে নেত্রে চ যস্য সঃ ভরতঃ প্রাঞ্জলিঃ বাষ্পলোচনঃ ভরতঃ পাদুকে ভূমৌ নিধায় পালয়োঃ চরণয়োঃ ভরতঃ তস্য শ্রীরামঃ ভুজং ভরতং চিরং ভূমৌ আশ্লিষ্য আলিঙ্গ্য নেত্রজৈঃ

তৎকালে যাত্রাপথে লোকপালগণ তাঁহার উপর পুষ্পবর্ষণ এবং ব্রহ্মাদি দেবগণ প্রীতিভরে তাঁহার চরিত কীর্তন করিতেছিলেন।৩৩

এ সময়ে পরমকারুণিক শ্রীরামচন্দ্র গোমূত্রপক্ক যবান্নমাত্র ভক্ষণকারী, জটাবল্কলধারী ও স্থণ্ডিল শয্যাশ্রয়ী ভরতের কথা শুনিয়া সন্তাপবোধ করিয়াছিলেন।৩৪

এদিকে ভরত তাঁহার উপস্থিতির কথা শুনিতে পাইয়া তদীয় পাদুকাযুগল মস্তকে ধারণপূর্বক পৌরজন, অমাত্যবর্গ ও পুরোহিতগণের সহিত অগ্রজ শ্রীরামচন্দ্রের অভিমুখে অগ্রসর হইলেন।৩৫

তৎকালে ভরত নন্দিগ্রামস্থিত নিজ শিবির হইতে গীতবাদ্যধ্বনি সহকারে, নিরন্তর উচ্চস্বরে মন্ত্র পাঠরত বেদজ্ঞ ব্রাহ্মণগণের সহিত শ্রীরামচন্দ্রের প্রত্যুদ্-

স্বর্ণকক্ষপতাকাভির্হৈমৈশ্চিত্রধ্বজৈ রথৈঃ।
সদশ্বৈরুত্তমগুণৈর্ভটৈঃ পুরটবর্ম্মভিঃ ॥৩৭
শ্রেণীভির্বারমুখ্যাভির্ভৃত্যৈশ্চৈব পদানুগৈঃ।
পারমেষ্ঠ্যানুপাদায় পণ্যান্যুচ্চাবচানি চ।
পদয়োর্ন্যপতৎ প্রেম্না বিক্লিন্নহৃদয়েক্ষণঃ ॥ ৩৮
পাদুকে ন্যস্য পুরতঃ প্রাঞ্জলির্বাষ্পলোচনঃ।
তমাশ্লিষ্য চিরং দোর্ভ্যাং স্নাপয়ন্নেত্রজৈর্জলৈঃ ॥৩৯
রামো লক্ষ্মণ-সীতাভ্যাং বিপ্রেভ্যো যে অর্হত্তমাঃ।
তেভ্যঃ স্বয়ং নমশ্চক্রে প্রজাভিশ্চ নমস্কৃতঃ ॥৪০

গমনের জন্য অগ্রসর হইয়াছিলেন।৩৬

তিনি প্রান্তভাগে সুবর্ণ রসে রঞ্জিত পতাকারাজি এবং বিচিত্র ধ্বজশোভিত, উত্তম অশ্বযুক্ত, সুবর্ণময় পরিচ্ছদমণ্ডিত স্বর্ণময় রথসমূহ, স্বর্ণবর্মাবৃত সৈন্য-সমুদয়, বেশ্যাশ্রেণী ও পদচারী ভৃত্যগণের সহিত রাজোচিত ছত্রচামরাদি ও বিবিধ পণ্যদ্রব্য লইয়া শ্রীরামচন্দ্রের নিকট যাইয়া তাঁহার পদযুগলে পতিত হইয়াছিলেন।৩৭-৩৮

তৎকালে তাঁহার নয়নযুগল ও বক্ষঃস্থল প্রেমাবেগে অশ্রুসিক্ত হইয়াছিল। ভরত পাদুকা-যুগল সম্মুখে রাখিয়া বাষ্পাকুল-নেত্রে কৃতাঞ্জলি হইয়া অবস্থান করিলে, শ্রীরামচন্দ্র বাহুযুগলদ্বারা দীর্ঘকাল পর্য্যন্ত তাঁহাকে আলিঙ্গন করিয়া নয়নজলে স্নান করাইয়া পশ্চাৎ তিনি, সীতা

ধৃতস্তু উত্তরাদঙ্গান্ পতিং বীক্ষ্য চিরাগতম্।
উত্তরাঃ কোশলা মাল্যৈঃ কিরন্তো ননৃতুর্মুদা ॥৪১

পাদুকে ভরতোঽগৃহ্লাচ্ছাময়ব্যজনোত্তমে।
বিভীষণঃ সুগ্রীবঃ শ্বেতচ্ছত্রং মরুৎসুতঃ ॥৪২

ধনুর্নিষঙ্গাঞ্জগ্রাহ সীতা তীর্থকমণ্ডলুম্।
অবিভ্রদঙ্গদঃ খড়্গং হৈমং চর্ম্মর্ক্ষরাড়্ নৃপ ॥৪৩

পুষ্পকস্থো স্তুতঃ স্ত্রীভিঃ স্তূয়মানশ্চ বন্দিভিঃ।
বিরেজে ভগবান্ রাজন্ গ্রহৈশ্চন্দ্র ইবোদিতঃ ॥৪৪

ভ্রাত্রাভিনন্দিতঃ সোঽথ সোৎসবাং প্রাবিশৎ পুরীম্।
প্রবিশ্য রাজভবনং গুরুপত্নীঃ স্বমাতরম্ ॥৪৫

গুরূন্ বয়স্যাবরজান্ পূজিতঃ প্রত্যপূজয়ৎ।
বৈদেহী লক্ষ্মণশ্চৈব যথাবৎ সমুপেয়তুঃ ॥৪৬

আনন্দবিপ্লুতিঃ রাঘবস্য লক্ষ্মণ-সীতাভ্যাং সহ দ্বিজেভ্যঃ যে চ অর্হেভ্যঃ তেভ্যঃ চ স্বয়ং নমস্কারঃ তথা প্রজাভিঃ চ স্বয়ং নমস্কৃতঃ বভূব ॥৩২-৪০

উত্তরাঃ কোশলাঃ উত্তরকোশলস্থাঃ প্রজাঃ চিরাৎ আগতং পতিং শ্রীরামম্ অবলোক্য মুদা হর্ষেণ মাল্যৈঃ পুষ্পৈঃ কিরন্তঃ, উত্তরাসঙ্গান্ উত্তরীয়ান্ বিধুন্বন্তঃ চালয়ন্তঃ ননৃতুঃ ॥৪১

ভরতঃ পাদুকে অগৃহ্লাৎ, বিভীষণঃ সুগ্রীবশ্চ চামর-ব্যজনোত্তমে অগৃহ্লীতাম্, মরুৎসুতঃ হনুমানঃ শ্বেতচ্ছত্রম্ অগৃহ্লাৎ ॥৪২

হে নৃপ! ধনুর্নিষঙ্গৌ চ তান্ শত্রুঃ অগৃহ্লাৎ, তীর্থজলপূতং ভরণ্ডলুং সীতা অবিভ্রৎ, খড়্গম্ অঙ্গদঃ, হৈমং স্বর্ণ-খচিতং চর্ম ঋক্ষরাট্ জাম্ববান্ অবিভ্রৎ ॥৪৩

হে রাজন্! স্ত্রীভিঃ বারমুখ্যাভিঃ স্তুতঃ, বন্দিভিঃ চ স্তূয়মানঃ, পুষ্পকস্থঃ ভগবান্ রামঃ গ্রহৈঃ গুরুশুক্রাদিভিঃ বৃতঃ উদিতঃ চন্দ্রঃ ইব বিরেজে ॥৪৪

ভ্রাতৃভিঃ ভরতাদিভিঃ নন্দিতঃ অভিনন্দিতঃ শ্রীরামঃ সোৎসবাম্ অলঙ্কৃতাং পুরীম্ অযোধ্যাং প্রাবিশৎ। ততঃ রাজভবনং প্রবিশ্য গুরুপত্নীঃ কৈকেয্যাদ্যাঃ স্বমাতরং কৌশল্যাং তথা বশিষ্ঠান্ বয়স্যান্ অবরজান্ চ যথোচিতং তৈঃ পূজিতঃ সন্ প্রত্যপূজয়ৎ মানিতবান্। তথা বৈদেহী লক্ষ্মণঃ চ যথাবৎ যথাযোগ্যং পূজিতৌ তান্ পূজিতবন্তৌ সমুপেয়তুঃ রাজভবনং বিবিশতুঃ ॥৪৫-৪৬

ও লক্ষ্মণ ব্রাহ্মণগণকে ও পূজনীয় কুলবৃদ্ধগণকে প্রণাম করিলেন এবং প্রজাগণও তাঁহাকে নমস্কার করিয়াছিল ।৩৯-৪০

তখন উত্তর-কোশল-নিবাসী প্রজাগণ দীর্ঘকাল পরে নিজ অধিপতিকে প্রত্যাগত দেখিয়া হর্ষভরে উত্তরীয় বস্ত্র সঞ্চালন, তাঁহার প্রতি পুষ্পমাল্য বর্ষণ ও নৃত্য করিয়াছিল ।৪১

হে মহারাজ! তৎকালে ভরত তাঁহার পাদুকা-যুগল, সুগ্রীব ও বিভীষণ চামরযুগল, হনুমান্ শ্বেতচ্ছত্র, শত্রুঘ্ন ধনুঃ ও তূণ, সীতাদেবী তীর্থজল-পূর্ণ কমণ্ডলু, অঙ্গদ খড়্গ এবং জাম্ববান্ সুবর্ণময় চর্ম (ঢাল) গ্রহণ করিয়াছিলেন ।৪২-৪৩

হে মহারাজ! তৎকালে পুষ্পকরথস্থিত শ্রীরামচন্দ্রকে রমণীগণ স্তুতি ও বন্দিগণ বন্দনা করিলে তিনি গ্রহগণসহ উদিত চন্দ্রের ন্যায় বিরাজ করিয়াছিলেন ।৪৪

অনন্তর শ্রীরামচন্দ্র ভ্রাতা ভরতকর্তৃক অভিনন্দিত হইয়া উৎসবযুক্ত পুরী মধ্যে প্রবেশ করিলেন এবং রাজভবনে প্রবেশ করিয়া নিজ মাতা কৌশল্যা, কৈকেয়ী প্রভৃতি গুরুপত্নীগণ ও গুরুজনগণকে পূজা করিয়াছিলেন। ইহার পর বয়স্য ও কনিষ্ঠগণ তাঁহার যথোচিত পূজা করিলে তিনি তাঁহাদের প্রতি যথাযোগ্য সম্মান প্রদর্শন করিলেন। ইহার পর সীতাদেবী এবং লক্ষ্মণও যথাযথভাবে গুরুজন প্রমুখ সকলের নিকট গমন করিয়াছিলেন ।৪৫-৪৬

পুত্রান্ স্বমাতরস্তাস্তু প্রাণাংস্তন্ব ইবোত্থিতাঃ।
আরোপ্যাঙ্কেঽভিষিঞ্চন্ত্যো বাষ্পৌঘৈর্বিজহুঃ শুচঃ॥৪৭
জটা নির্মুচ্য বিধিবৎ কুলবৃদ্ধৈঃ সমং গুরুঃ।
অভ্যষিঞ্চদ্ যথৈবেন্দ্রং চতুঃসিন্ধুজলাদিভিঃ॥৪৮
এবং কৃতশিরঃস্নানঃ সুবাসাঃ স্রগ্বিভূষিতঃ।
স্বলঙ্কৃতৈঃ সুবাসোভির্ভ্রাতৃভির্ভার্য্যয়া বভৌ॥৪৯
অগ্রহীদাসনং ভ্রাত্রা প্রণিপত্য প্রসাদিতঃ।
প্রজাঃ স্বধর্ম্মনিরতা বর্ণাশ্রমগুণান্বিতাঃ।
জুগোপ পিতৃবদ্ রামো মেনিরে পিতরঞ্চ তম্॥৫০

ত্রেতায়াং বর্ত্তমানায়াং কালঃ কৃতসমোঽভবৎ।
রামে রাজনি ধর্ম্মজ্ঞে সর্ব্বভূতসুখাবহে॥৫১
বনানি নদ্যো গিরয়ো বর্ষাণি দ্বীপসিন্ধবঃ।
সর্ব্বে কামদুঘা আসন্ প্রজানাং ভরতর্ষভ॥৫২
নাধিব্যাধিজরাগ্লানি-দুঃখশোকভয়ক্ষমাঃ।
মৃত্যুশ্চানিচ্ছতাং নাসীদ্ রামে রাজন্যধোক্ষজে॥৫৩
একপত্নীব্রতধরো রাজর্ষিচরিতঃ শুচিঃ।
স্বধর্ম্মং গৃহমেধীয়ং শিক্ষয়ন্ স্বয়মাচরৎ॥৫৪

স্বমাতরঃ কৌশল্যাদ্যাঃ পুত্রান্ নবীক্ষ্য প্রাণান্ ভ্যঃ (প্রাণ-রহিতাদেহাঃ) ইব উত্থিতাঃ সত্যঃ অঙ্কে আরোপ্য বাষ্পৌঘৈঃ অভিষিঞ্চত্যঃ শুচঃ বিরহশোকান্ বিজহুঃ॥৪৭

ততঃ গুরুঃ বশিষ্ঠঃ কুলবৃদ্ধৈঃ সহ সহ রামস্য জটাঃ নির্মুচ্য চতুঃসিন্ধুজলাদিভিঃ বিধিবৎ ইন্দ্রং যথা তথা রামম্ অভ্যষিঞ্চৎ রাজ্যে অভিষিক্তবান্॥৪৮

এবং কৃতঃ শিরঃ স্নানং যেন সঃ, শোভনে বাসসী যস্য সঃ, স্রগ্বী মাল্যধারী, অলঙ্কৃতঃ রামঃ স্বলঙ্কৃতৈঃ সুবাসোভিঃ অলঙ্কৃতয়া ভার্য্যয়া সীতয়া চ সহ বভৌ অশোভত॥৪৯

ততঃ ভ্রাত্রা ভরতেন প্রণিপত্য প্রসাদিতঃ প্রার্থিতঃ সন্ রাজাসনম্ অগ্রহীৎ। স্বধর্ম্মনিরতাঃ বর্ণাশ্রমগুণান্বিতাঃ প্রজাঃ পিতৃবৎ পিতা ইব রামঃ জুগোপ। তাঃ প্রজাঃ চ তং রামং পিতরং মেনিরে॥৫০

ধর্ম্মজ্ঞে সর্ব্বভূত-সুখাবহে রামে রাজনি সতি ত্রেতায়াং বর্ত্তমানায়াং ত্রিপাদধর্ম্মযুক্তে অপি চতুষ্পাদধর্ম্মযুতঃ কৃতযুগসমঃ কালঃ অভবৎ॥৫১

হে ভরতর্ষভ! তদা বনানি, নদ্যঃ, গিরয়ঃ পর্ব্বতাঃ, বর্ষাণি, দ্বীপাঃ, সিন্ধবঃ চ সর্ব্বে প্রজানাং কামদুঘাঃ আসন্॥৫২

অধোক্ষজে রামে রাজনি সতি আধি-ব্যাধি-জরা-গ্লানি-দুঃখ-শোক-ভয়-ক্ষমাঃ ন আসন্, তথা অনিচ্ছতাং মৃত্যুঃ চ ন আসীৎ॥৫৩

একপত্নীব্রতধরঃ রাজর্ষীণাং মধ্যস্থাম্ এব চরিত্রং যস্য সঃ,

অনন্তর ভ্রাতা ভরত তাঁহাকে প্রণামপূর্বক প্রসন্ন করিলে তিনি রাজসিংহাসন গ্রহণ করিয়া বর্ণাশ্রম-মোচিত গুণসম্পন্ন স্বধর্মনিষ্ঠ প্রজাগণকে পিতার ন্যায় প্রতিপালন করিয়াছিলেন এবং প্রজাগণও তাঁহাকে পিতা বলিয়া মনে করিয়াছিল।৫০

সকল লোকের সুখজনক ধর্মজ্ঞ শ্রীরামচন্দ্র রাজা হইলে ত্রেতাযুগ বিদ্যমান থাকিলেও বস্তুতঃ সেই কাল সত্যযুগেরই তুল্য হইয়াছিল।৫১

হে ভরতকুলশ্রেষ্ঠ মহারাজ! তৎকালে বন, নদী, পর্বত, বর্ষ, দ্বীপ ও সাগরসমূহ সকলই প্রজাগণের অভীষ্ট পূরণ করিতেছিল।৫২

ভগবান্ শ্রীরামচন্দ্রের রাজত্বকালে প্রজাগণের মনঃপীড়া, দৈহিক রোগ, জরা, গ্লানি, দুঃখ, শোক,

প্রেম্নানুবৃত্ত্যা শীলেন প্রশ্রয়াবনতা সতী।
ভিয়া হ্রিয়া চ ভাবজ্ঞা ভর্তুঃ সীতাহরন্মনঃ ॥৫৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে দশমোঽধ্যায়ঃ।

শুচিঃ রাগাদিমুক্তঃ রামঃ গৃহমেধীয়ং স্বধর্মং লোকঞ্চ শিক্ষয়ন্ স্বয়ম্ আচরৎ অনুষ্ঠিতবান্ ॥৫৪

প্রশ্রয়েণ বিনয়েন অবনতা নম্রা সীতা প্রেম্না অনুবৃত্ত্যা শীলেন ভিয়া হ্রিয়া চ ভর্তুঃ শ্রীরামস্য মনঃ অহরৎ বশীকৃতবতী ॥৫৫

ইতি নবমে স্কন্ধে শ্রীধরস্বামিনাথ-পারিকৃতায়াং দশমোঽধ্যায়ঃ ॥

ভয়, ক্লান্তি, এমন কি তাহাদের অনিচ্ছাসত্ত্বে মৃত্যুও ছিল না ॥৫৩

একপত্নীব্রতধারী ও রাজর্ষির আচরণযুক্ত ভগবান্ শ্রীরামচন্দ্র সর্বদা শুদ্ধভাবে থাকিয়া প্রজাগণকে গৃহস্থোচিত ধর্ম শিক্ষাদানের জন্যই স্বয়ং উহার আচরণ করিতেন ॥৫৪

তৎকালে স্বামীর অভিপ্রেত বিষয়ে অভিজ্ঞা সীতাদেবী সর্বদা বিনয়াবনতা হইয়া প্রেম, আনুগত্য, শীল, বুদ্ধি ও লজ্জাদ্বারা শ্রীরামচন্দ্রের চিত্ত আকর্ষণ করিয়াছিলেন ॥৫৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ঘটক তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দশম অধ্যায় সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ

[শ্রীরামাদীনাং বংশবর্ণনম্, ভক্তবৃন্দৈঃ সহ তস্য স্বপদারোহণঞ্চ।]

শ্রীশুক উবাচ।
ভগবানাত্মনাত্মানং রাম উত্তমকল্পকৈঃ।
সর্বদেবময়ং দেবমীজেঽধাচার্যবান্ মখৈঃ ॥১

হোত্রেঽদদাদ্দিশং প্রাচীং ব্রহ্মণে দক্ষিণাং প্রভুঃ।
অধ্বর্যবে প্রতীচীং বা উত্তরাং সামগায় সঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ভগবান্ রামঃ আচার্যবান্ সন্ উত্তমকল্পকৈঃ উত্তম-সাধনৈঃ মখৈঃ যজ্ঞৈঃ সর্বদেবময়ং দেবম্ আত্মানম্ এব স্বয়মেব ঈজে ॥১

অন্বয়ঃ

হোত্রে প্রাচীং দিশং, ব্রহ্মণে দক্ষিণাম্, অধ্বর্যবে প্রতীচীং, তথা সামগায় উত্তরাং দিশং সঃ প্রভুঃ রামঃ দক্ষিণাম্ অদদাৎ ॥২

একাদশ অধ্যায়

[শ্রীরামাদির বংশবর্ণন এবং ভক্তগণের সহিত তাঁহার স্ব-পদারোহণ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর ভগবান্ শ্রীরামচন্দ্র আচার্য বশিষ্ঠদেবের উপদেশানুসারে যথাযথ উত্তম উপকরণাদিযুক্ত সর্বাঙ্গসম্পন্ন যজ্ঞসমূহদ্বারা সর্বদেবময় বিষ্ণুরূপী নিজকেই নিজে অর্চনা করিয়াছিলেন ॥১

তিনি যজ্ঞান্তে হোতাকে পূর্ব দিক্, ব্রহ্মাকে দক্ষিণ দিক্, অধ্বর্যুকে পশ্চিম দিক্ এবং সামগায়ককে উত্তর দিক্ দান করিয়াছিলেন ॥২

আচার্য্যায় দদৌ শেষং যাবতী ভূস্তদন্তরা।
মন্যমান ইদং কৃৎস্নং ব্রাহ্মণোঽর্হতি নিঃস্পৃহঃ ॥৩

ইত্যুক্তঃ তদলঙ্কারবাসোভ্যামবশেষিতঃ।
তথা রাজ্ঞ্যপি বৈদেহ্যা সৌমঙ্গল্যাবশেষিতা ॥৪

তে তু ব্রাহ্মণদেবস্য বাৎসল্যং বীক্ষ্য সংস্তুতম্।
প্রীতাঃ ক্লিন্নধিয়স্তস্মৈ প্রত্যর্প্যেদং বভাষিরে ॥৫

ইদং কৃৎস্নং ভূমণ্ডলং নিঃস্পৃহঃ ব্রাহ্মণঃ এব অর্হতি ইতি মন্যমানঃ তদন্তরা তাসাং দিশাং মধ্যে যাবতীঃ ভূঃ তাং শেষ-ভূতাম্ আচার্য্যায় দদৌ ॥৩

ইতি এবং দানেন অন্তে শ্রীরামঃ তদা পরাবর্ত্ত অলঙ্কার-বাসোভ্যাম্ এব অবশেষিতঃ তদতিরিক্তং সর্বং দদৌ। তথা রাজ্ঞী বৈদেহী সীতাপি দেহাৎ অলঙ্কারান্ উত্তার্য্য প্রদায় কেবলং সৌমঙ্গল্যমাত্রেণ বাসোভরণ-বস্ত্রাদ্যাবস্তকেন অবশেষিতা বভূব ॥৪

তে স্নেহার্দ্রাঃ ব্রাহ্মণাঃ ব্রাহ্মণ-দেবস্য (ব্রাহ্মণাঃ দেবাঃ আরাধ্যাঃ যস্য) তস্য শ্রীরামস্য সংস্তুং সদাচারমিশ্রেষু তৎ যদ্বাক্যমুক্তং বাৎসল্যং বীক্ষ্য প্রীতাঃ ক্লিন্নধিয়ঃ স্নেহার্দ্রচিত্তাঃ সন্তঃ তস্মৈ রামায় দত্তং সর্বং প্রত্যর্প্য ইদং বক্ষ্যমাণং বভাষিরে ॥৫

ঐ সকল দিকের মধ্যবর্তী যে সমুদয় ভূমি ছিল, তাহা কোন নিঃস্পৃহ ব্রাহ্মণই পাইতে পারেন—এরূপ বিচার করিয়া তিনি ঐ সকল ভূমিভাগ আচার্যকে দান করিলেন ॥৩

এইরূপ দানের পর শ্রীরামচন্দ্রের কেবলমাত্র বস্ত্র ও অলঙ্কার এবং সীতাদেবীর কেবলমাত্র মাঙ্গলিক অলঙ্কারই অবশিষ্ট রহিল ॥৪

তৎকালে দানপ্রাপ্ত ব্রাহ্মণগণ ব্রাহ্মণবৎসল ভগবান্ শ্রীরামচন্দ্রের প্রশংসাযোগ্য তাদৃশ বাৎসল্য-দর্শনে প্রীত ও স্নেহার্দ্রচিত্ত হইয়া ঐসকল লব্ধ দ্রব্য তাঁহাকে প্রত্যর্পণ পূর্বক এরূপ বলিয়াছিলেন ॥৫

হে ভগবন্! হে ভুবনেশ্বর! যেহেতু আপনি আমাদের হৃদয়ের অভ্যন্তরে প্রবেশ করিয়া নিজ

অপ্রস্তং নস্ত্বয়া কিং নু ভগবন্ ভুবনেশ্বর।
যন্নোঽন্তর্হৃদয়ং বিশ্য তমো হংসি স্বরোচিষা ॥৬

নমো ব্রহ্মণ্যদেবায় রামায়াকুণ্ঠমেধসে।
উত্তমঃশ্লোকধুর্য্যায় হৃত্তদণ্ডার্পিতাঙ্ঘ্রয়ে ॥৭

কদাচিল্লোকজিজ্ঞাসুর্গূঢ়ো রাত্র্যামলক্ষিতঃ।
চরন্ বচোঽশৃণোদ্ রামো ভার্য্যামুদ্দিশ্য কস্যচিৎ ॥৮

হে ভুবনেশ্বর ভগবন্! ত্বয়া নঃ অস্মাকং কিং নু অপ্রস্তং কিং ন দত্তম্? যৎ যস্মাৎ নঃ অস্মাকম্ অন্তর্হৃদয়ং প্রবিশ্য স্বরোচিষা স্বপ্রকাশেন তমঃ অজ্ঞানং হংসি ॥৬

ব্রহ্মণ্যদেবায় (ব্রহ্মণি ব্রহ্মকুলে সাধবঃ ব্রহ্মণ্যাঃ তেষু দেবঃ দীপ্যমানঃ তস্মৈ), অকুণ্ঠমেধসে (অকুণ্ঠা মেধা জ্ঞানং যস্য তস্মৈ), উত্তমঃশ্লোকধুর্য্যায় (উত্তমঃ শ্লোকঃ যশঃ যেষাং তেষাং ধুর্য্যায় মুখ্যায়), হৃত্তদণ্ডার্পিতাঙ্ঘ্রয়ে (হৃত্তদণ্ডৈঃ দুষ্টদ্রোহ-রহিতৈঃ অর্পিতৌ চিত্তে নিহিতৌ অঙ্ঘ্রী যস্য তস্মৈ) রামায় নমঃ ॥৭

কদাচিৎ লোকজিজ্ঞাসুঃ লোকঃ কিং বদতীতি জ্ঞাতুমিচ্ছুঃ, অতঃ গূঢ়ঃ প্রচ্ছন্নবেশঃ অলক্ষিতঃ রাত্র্যাং তত্র পুর্য্যাং চরন্ শ্রীরামঃ ভার্য্যাম্ উদ্দিশ্য কস্যচিৎ বচঃ অশৃণোৎ ॥৮

দীপ্তি দ্বারা অজ্ঞানময় অন্ধকার বিনাশ করিতেছেন, অতএব আপনি আমাদিগকে কোন্ বস্তু দান না করিয়াছেন? ॥৬

যিনি অহিংসাপরায়ণ মুনিগণের চিত্তে নিজ পাদপদ্ম অর্পণ করিয়াছেন, উত্তমঃ-শ্লোকগণের অগ্রগণ্য, অকুণ্ঠ-বুদ্ধি, ব্রহ্মণ্যদেব সেই শ্রীরামচন্দ্রকে প্রণাম করি ॥৭

এক সময়ে শ্রীরামচন্দ্র নিজের সম্বন্ধে প্রজাগণের অন্তরের ভাব জানিতে ইচ্ছা করিয়া রাত্রিকালে অপরের অলক্ষ্যে গূঢ়ভাবে ভ্রমণ করিতে করিতে কোন এক ব্যক্তির নিজ স্ত্রীর বিষয়ে উচ্চারিত এরূপ বাক্য শ্রবণ করিয়াছিলেন ॥৮

নাহং বিভর্ম্মি ত্বাং দুষ্টামসতীং পরবেশ্মগাম্।
ত্রৈণো হি বিভৃয়াৎ সীতাং রামো নাহং ভজে পুনঃ॥৯
ইতি লোকাদ্ বহুমুখাদ্দুরারাধ্যাদসংবিদঃ।
পত্যা ভীতেন সা ত্যক্তা প্রাপ্তা প্রাচেতসাশ্রমম্॥১০
অন্তর্ব্বত্ন্যাগতে কালে যমৌ সা সুষুবে সুতৌ।
কুশো লব ইতি খ্যাতৌ তয়োশ্চক্রে ক্রিয়া মুনিঃ॥১১
অঙ্গদশ্চিত্রকেতুশ্চ লক্ষ্মণস্যাত্মজৌ স্মৃতৌ।
তক্ষঃ পুষ্কল ইত্যাস্তাং ভরতস্য মহীপতে॥১২

সুবাহুঃ শ্রুতসেনশ্চ শত্রুঘ্নস্য বভূবতুঃ।
গন্ধর্ব্বান্ কোটিশো জঘ্নে ভরতো দিগ্বিজয়ে বিশাম্॥১৩
তদীয়ং ধনমানীয় সর্ব্বং রাজ্ঞে ন্যবেদয়ৎ।
শত্রুঘ্নশ্চ মধোঃ পুত্রং লবণং নাম রাক্ষসম্॥
হত্বা মধুবনে চক্রে মথুরাং নাম বৈ পুরীম্॥১৪
মুনৌ নিক্ষিপ্য তনয়ৌ সীতা ভর্ত্রা বিবাসিতা।
ধ্যায়ন্তী রামচরণৌ বিবরং প্রবিবেশ হ॥১৫

পরবেশ্মগাং পরগৃহগতাম্ অসতীং ব্যভিচারিণীং দুষ্টাং ত্বাম্ অহং ন বিভর্মি ন পালয়ামি। হি নিশ্চিতং রামঃ ত্রৈণঃ স্ত্রীলোভী, অতঃ রাবণ-গৃহগতাং সীতাং বিভৃয়াৎ; অহং তু পুনঃ ত্বাং ন ভজে ন অঙ্গীকুর্য্যাম্॥৯

ইতি এবং বহুমুখাৎ নানাবিধ-বাদিনঃ দুরারাধ্যাৎ প্রবোধয়িতুম্ অশক্যাৎ, অসংবিদঃ অতত্ত্বজ্ঞাৎ লোকাৎ জনাৎ ভীতেন পত্যা শ্রীরামেণ ত্যক্তা সীতা প্রাচেতসস্য বাল্মীকেঃ আশ্রমং প্রাপ্তা॥১০

অন্তর্বত্নী গর্ভিণী সা সীতা প্রসবকালে আগতে সতি যমৌ সহজৌ যৌ কুশঃ লবঃ ইতি আখ্যাতৌ সুতৌ সুষুবে।

তুমি পরগৃহগামী দুষ্টা অসতী বলিয়া আমি আর তোমার ভরণ পোষণ করিব না। ত্রৈণ রামচন্দ্র পরগৃহীতা সীতাকে ভরণ পোষণ করিতে পারেন, কিন্তু আমি তোমাকে আর গ্রহণ করিতে পারি না॥৯

অজ্ঞ লোক না বুঝিয়া নানারূপ অপপ্রচার করে, তাহারা দুরারাধ্য অর্থাৎ কোনরূপেই তাহাদিগকে নিবৃত্ত করা যায় না। এ অবস্থায় পতি শ্রীরামচন্দ্র লোকভয়ে সীতাদেবীকে পরিত্যাগ করিলে তিনি বাল্মীকিমুনির আশ্রমে আশ্রয় লইয়াছিলেন॥১০

সীতাদেবী তৎকালে গর্ভবতী ছিলেন এবং যথাকালে কুশ ও লব নামে খ্যাত যমজ পুত্র প্রসব করিলে মহর্ষি বাল্মীকিই তাঁহাদের জাতকর্মাদি ক্রিয়াসমূহ সম্পাদন করিয়াছিলেন॥১১

তয়োঃ সুতয়োঃ জাতকর্মাদিক্রিয়াঃ মুনিঃ বাল্মীকিঃ চক্রে॥১১

অঙ্গদঃ চিত্রকেতুঃ চ লক্ষ্মণস্য আত্মজৌ স্মৃতৌ। তক্ষঃ পুষ্কলঃ চ ইতি ভরতস্য আস্তাম্, তথা সুবাহুঃ শ্রুতসেনঃ চ পুত্রৌ শত্রুঘ্নস্য বভূবতুঃ। দিশাং বিজয়ে ভরতঃ কোটিশঃ গন্ধর্ব্বান্ জঘ্নে হতবান্; তথা তদীয়ং ধনম্ আনীয় সর্ব্বং রাজ্ঞে শ্রীরামায় ন্যবেদয়ৎ। তথা শত্রুঘ্নঃ মধোঃ পুত্রং লবণং নাম রাক্ষসং হত্বা মথুরাং নাম পুরীং চক্রে নির্ম্মমে॥১২-১৪

ভর্ত্রা শ্রীরামেণ বিবাসিতা, অতঃ প্রসব পর্য্যন্তম্ অবস্থিতা সীতা-তনয়ৌ লব-কুশৌ মুনৌ বাল্মীকৌ নিক্ষিপ্য তদধীনৌ কৃত্বা রামচরণৌ ধ্যায়ন্তী এব ভূয়ঃ বিবরং প্রবিবেশ॥১৫

